বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান

বাংলাদেশের

আঞ্চলিক ভাষার অভিধান

ব্যঞ্জনবর্ণ অংশ

[ত—হ্যা]

প্রধান সম্পাদক

ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্

বাংলা একাডেমী : বর্ধমান হাউস : ঢাকা

বাংলাদেশের আদর্শ অভিধান
[প্রথম খণ্ড : দ্বিতীয় অংশ]

আঞ্চলিক ভাষার অভিধান
উপদেষ্টা উপসংঘ

সৈয়দ আলী আহসান	সভাপতি
ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্	সদস্য
ডক্টর মুহম্মদ এনামুল হক	,,
অধ্যাপক মুহম্মদ আবদুল হাই	,,
অধ্যাপক মুনীর চৌধুরী	,,
ডক্টর কাজী দীন মুহম্মদ	,,

মূল্য : পঞ্চান্ন টাকা মাত্র।

বাংলা একাডেমীর প্রকাশন-মুদ্রণ-বিক্রয় পরিদপ্তরের পরিচালক ফজলে রাব্বি কর্তৃক প্রকাশিত
এবং ইন্সটিটিউট অব গ্রাফিক আর্টস, সাতমসজিদ রোড,
ঢাকা (বাংলাদেশ) থেকে অফসেট মেশিনে মুদ্রিত।

বাএ. ৫৯৬

দ্বিতীয় মুদ্রণ
জ্যৈষ্ঠ | ১৩৮১, জুন | ১৯৭৪
প্রথম প্রকাশ : ১৩৭২ : ১৯৬৫

BANGLADESHER ANCHALIK BHASHAR ABHIDHAN
(A Lexicon of Bangladeshi Dialects)
Published by Bangla Academy, Dacca, Bangladesh. Tk. 55.00
First Print : 1965. Second Print : 1974.

সংকেত

অ.—অসমীয়া
অনুঃ—অনুশব্দ
অনু.—অনুকারক শব্দ
অব্য.—অব্যয়
অর্থপ্র.—অর্থের প্রসার
অস. ক্রি.—অসমাপিকা ক্রিয়া
আং—আরবী
ইং—ইংরেজী
কু—কুষ্টিয়া জেলা
কুম—কুমিল্লা
ক্রি.—ক্রিয়া
ক্রি. বি.—ক্রিয়াবাচক বিশেষ্য
ক্রি. বিণ.—ক্রিয়াবাচক বিশেষণ
খু—খুলনা জেলা
চট—চটগ্রাম জেলা
ঢা—ঢাকা জেলা
তু.—তুর্কী
তুং—তুলনীয়
দি—দিনাজপুর জেলা
ধ্বন্যা.—ধ্বন্যাত্মক শব্দ
নো—নোয়াখালী জেলা
পা—পাবনা জেলা
পাং—পালি
পোর্তু—পোর্তুগীজ
প্র.—প্রত্যয়
প্রাং—প্রাকৃত
প্রা. বাং—প্রাচীন বাংলা
ফ—ফরিদপুর জেলা
ফা.—ফারসী
ফ্রে.—ফরাসী
ব—বগুড়া জেলা
বহু ব.—বহুবচন
বা—বাকেরগঞ্জ জেলা
বাং—বাংলা
বি.—বিশেষ্য
বিণ.—বিশেষণ
বিণ. বিণ.—বিশেষণীয় বিশেষণ
বিপ.—বিপরীত শব্দ
বিঃ রূঃ—বিভিন্ন রূপ
ম—ময়মনসিংহ জেলা
ম. বাং—মধ্যযুগীয় বাংলা
য—যশোহর জেলা
রা—রাজশাহী জেলা
রং—রংপুর জেলা
সং—সংস্কৃত
সর্ব.—সর্বনাম
স. রূ.—সংক্ষিপ্তরূপ
সি—সিলেট জেলা
স্ত্রী—স্ত্রীলিঙ্গ
হিং—হিন্দী
<—ইহা পরবর্তী শব্দ হইতে ব্যুৎপন্ন
>—ইহা পূর্ববর্তী শব্দ হইতে ব্যুৎপন্ন
√—ধাতু

ত

ত=[কুম]—অব্য. তবে, তাহা হইলে ।। তুমি যুদি বালা করি পর ত বালা কাপর্ কিন্যা দিমু। [<তবে]।

২=[কুম]—বি. সমাপ্তি ।। আইয্ থাইক্যা তার্ শাতে মিলামিশায় ত দিলাম্। [<তয়্য طی আং]।

৩=[ঢা]—অব্য. তবুও ।। চে'র্ বালা ত আম্মক্ বালা না। [<তো< তবু]।

তঅমান্=[চট্ট] —বি. পরিধেয় বস্ত্র বিশেষ ।। [<তহ্বন্দ تهبند ফা.]।

তঅশ্=[চট্ট]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ।। তঅশ্ করি আয়্।

তঐলে=[চট্ট]—অব্য. তজ্জন্য, সে জন্য ।। তঐলে আই যাইয়ুম্গৈ। [< তা হইলে<তাহা হইলে]।

তও=[চট্ট]—বি. মাটির ছোট পাত্র ।। [<তবা হিং]।

২=[চট্ট]—অব্য. তবুও, সত্ত্বেও ।। এ্যাত কৈলাম্ তও ন আইল্। [<তবুও]।

৩=[ম]—বি. কঞ্চির ছিদ্রে দেওয়ার মাটির ছোট ঢেলা ।। [দেখ তও]।

৪=[খু]—বিণ. গরম ।। [<তাপ সং]।

৫=[পা]—বি. ভাঁজ ।। কাপড় তও কর‍্যা রাখ্। [তহ্ ته ফা.]।

তও খোলায় পা দেওয়া=[য]—ক্রি. খুব ব্যস্ত হওয়া ।। [দেখ তও$_{৪}$+ খোলায় পা দেওয়া ; অর্থপ্র.]।

তওত্=[রং]—অব্য. তাবৎ ।। হেদিন্ তওত্ মুঁই জাউ না। [<তাবৎ< তদবৎ সং]।

তওফ্=[ম]—বি. ফাঁসি, শাস্তি ।। গুনার্ তওফ্ ঠিকৈ গলায় লাগ্বো। [<তওক طوق আং; অর্থ প্র.]।

তওবাক্=[রং]—বি. বড় থালা ।। [<তবক্ طبق আং অথবা তবাক طباق আং]।

তওয়া=[সি]—বি. অনুশোচনা ।। অখনও তওয়া কর, কোন্ দিন্ মরি যাইবায়্। [<তওবঃ توبه আং]।

২=[চট্ট]—বি. মাথার টুপী ।।

তওয়াংগার্=[ম]—বিণ. ধনী, বিত্তশালী ।। [<তবানগর্ توانگر ফা.]।

তওয়ানা=[ম]—বিণ. শক্তিশালী ।। [তবানা توانا ফা.]।

তওরা=[ব, রা]—বিণ. ধারালো ।। তওরা চ'াকু (ব)।

২=[র]—বিণ. সূচ্যগ্র, তীক্ষ্ন ।।

তওরি=[ঢা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ।। তওরি কাম্ডা কর্। [<ত্বরা সং]।

তওলানো=[কুম]—ক্রি. ওজন করিয়া দেখা ।। [<তৌল্ হিং+আনো ক্রিয়ায়]।

তওল্=[কুম]—বি. ওজন, দাঁড়ি-পাল্লা ।। [দেখ তওলানো]।

তঁয়র্=[চট্ট]—সর্ব. তোমার ।। তঁয়র্ কথা ভুল্তাম্ ন পারি। [<তোমার]।

তকম্=[ঢা, ফ]—বি. লুংগি ।। [দেখ তঅমান্]।

তকাই=[রং]—বি. তরকারী ।। তকাইত্ নুন্ দেয়্ নাই। [তরকারি]।

তকাব্বরি=[পা]—বি. অহংকার ।। বরে তকাব্বরি দেহাইত্যাস। [< তক্ববুর تكبر আং+ই প্র.]।

তকি=[সি]—বি. টুপী ।। [<তাকী طاقی ফা.]।

তকিত্=[সি]—বি. সন্ধানী দৃষ্টি ।। লোক্টা শব্ কিসু তকিত্ করি চ'ায়্। [<তা'কীদ تاكيد আং]।

২=[রা]—বি. আদর যত্ন ।। বাচ্চাটার্ তকিত্ কর। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

তকেয়া=[রং]—বি. আস্তানা, আশ্রম ।। [<তকয়হ্ تكيه ফা.=বিশ্রামের স্থান ; অর্থ প্র.]।

তক্যা=[চট্ট]—বি. টুপী ।। [দেখ তকি]।

তকোব্বরি=[খু]—বি. বাহাদুরী ।। [দেখ তকব্বরি]।

তকোম্=[ফ]—বি. লুংগি ।। [দেখ তকম্]।

তক্=[নো]—অব্য. পর্যন্ত, অবধি ।। কোন্ তক্ যাইবা ? [হিং]।

২=[কুম]—বিণ. সুন্দর ।। ম্যায়াডার্ তক্ চে'হারা।

৩=[রা]—বি. ধক, ঝাঁজ ।। [= ধক ; অর্থ প্র.]।

তক্কা=[চট্ট]—বি. টুপি ।। [দেখ তক্যা]।

২=[নো]—বি. টাকা ।। [<তঙ্কা সং]।

৩=[কুম]—বি. ভর, নির্ভর ।। বাইয়ের্ উপুর্ তক্কা দিয়্যা আর্ কতদিন্ চ'লে ? [তবক্কু' توقع আং]।

৪=[পা]—বি. সমীহ, পরোয়া ।। আমি কারো তক্কা করি না। [অর্থ প্র.]।

তক্খ=[সি]—বিণ. প্রবল ।। লোক্টা তক্খ যোয়ান্। [<তিক্খ(< তীক্ষ্ন সং) ; তুং তুখড়]।

তক্খিত্=[রা]—বিণ. বদমেজাজী, উগ্র রাগী ।। এক্টুতেই শে তক্খিত্ হয়ে ওঠে। [দেখ তক্খ+ত প্র.]।

তক্ত্=[রা]—বিণ. গরম ।। তক্ত দুধ্। [<তপ্ত]।

তক্তপোশ্=[খু]—বি. তক্তপোষ ।। [<তক্তপোশ<তখ্ত্পোশ تخت پوش ফা.]।

তক্তা=[খু]—বি. গাছ বিশেষ ।। [<তখ্তহ্ تخته ফা. ; অর্থপ্র.]।

তক্ত মাস্=[বা]—বি. মাছ বিশেষ। [দেখ তক্তা+মাছ]।

তক্তি=[রা]—বি. জমাট গুড় ।। [< তখ্তী হিং=চারকোনা তখতার আকারের মিষ্টান্ন]।

২ =[পা]—বি. মাদুলি ।। সাওয়ালের্‌ গলায়্‌ তক্‌তি আসে। [অর্থ প্র.]।

তক্‌তি মিডাই=[কুম]—বি. গুড়ের বরফি ।। [দেখ তক্‌তি+মিঠাই< মিষ্ট সং+আই প্র.]।

তক্‌তোশ্‌=[খু]—বি. তক্তপোষ ।। [দেখ তক্‌তগোশ্‌]।

তক্‌মা=[সি]—বিণ. টুকরা ।। এ্যাক্‌ তক্‌মা রুটি ।।

তক্‌রাল্‌=[রা]—বি. তর্ক ।। [< তক্‌রার تکرار আং]।

তক্‌লপা=[খু]—বিণ. বৃথা ।। তক্‌লপা কথা বলিও না। [<তকল্লুফ تکلف আং]।

তক্‌শিম্‌=[চট্ট]—বি. বণ্টন ।। মিঠাই গুলি তক্‌শিম্‌ কৈর‍্যা দ্যাও। [< তক্‌সীম تقسیم আং]।

তক্‌শির্‌=[ঢা, কুম]—বি. অন্যায়, কসুর ।। [<তক্‌সীর تقصیر আং]।

তখিত্‌=[রা]—বি. সেবা যত্ন ।। তোর্‌ তখিতেই বাঁচি গেলাম্‌। [তকবীয়ত تقویت আং]।

তখোল্‌=[রা, দি]—বি. ঝড় তুফান, ব্যস্ততা ।। কাজের্‌ তখোল্‌ লাগি গেছে।

তখ্‌তা=[ম, ঢা]—বি. প্রশস্ত চেরা কাঠ ।। [<তক্তা (<তখতহ. تخته ফা.)]।

তখ্‌তি=[সি]—বি. লেখার শ্লেট ।। [<তখ্‌তী হিং]।

তগ, তগো=[ঢা, ম]—সর্ব. তোমাদের ।। তগ বাইত্‌ যামু। [<ত(তোমা)+গো=দের]।

তগ্‌গি=[রা]—বি. সুতার তৈরী মাছ ধরার সরঞ্জাম বিশেষ ।। [<তাগা (<তগ্‌গ প্রাং)+ই প্র.]।

তগ্‌নগত্‌=[ঢা]—ক্রি. বিণ. সঠিক, তাড়াতাড়ি ।। তগ্‌নগত্‌ কাম্‌ করন্‌ বালা।

তগ্‌বুগ্‌=[খু]—বি. যত্ন ।। কাপড়্‌ চোপড়ের্‌ তগ্‌বুগ্‌ কৈর।

তচ্‌বিহ্‌ করা=[চট্ট]—ক্রি. ডাকা, জিকির করা ।। [তস্‌বীহ تسبیح আং +করা]।

তচ্‌লা=[সি]—বি. হাঁড়ি, পাতিল ।। [<তসলহ্‌ হিং]।

তছল্‌লা=[রং]—বি. কড়াই ।। [দেখ তচ্‌লা]।

২=[রং]—বি. সন্তুষ্ট ।। [<তসল্লী تسلی আং]।

তছ্‌তি=[দি, রা]—বি. চিলুমচি ।। [<তশত طشت ফা.+ই প্র.]।

২=[রং]—বি. চাউল ধোয়ার মাটির পাত্র ।। [অর্থ প্র.]।

তযল্‌লা=[সি]—বি. উত্তেজনা ।। তুমার্‌ তযল্‌লায়্‌ যান্‌ গেল্‌। [< তজল্লী تجلی আং]।

তযল্‌লি=[চট্ট]—বি. বি. মাহাত্ম্য ।। খুদার্‌ তযল্‌লিত্‌ হগ্‌গলৈ ঐতে পারে। [দেখ তযল্‌লা]।

তযোন্‌ত=[খু]—বি. তদন্ত ।। [< তদন্ত(<তদ্‌+অন্ত) সং]।

তয্‌যা=[কুম]—বি. ফালি করা বাঁশ ।। তয্‌যার্‌ বেরা।

২=[সি]—বিণ. পৃথক ।।

তড়ম্‌=[কু]—বি. লাফ। তড়ম্‌ দিয়া খাল্‌টা পার্‌ হও। [ধ্বন্যা.]।

তড়া=[রা]—বিণ. প্রায় শুষ্ক, থই পাওয়া যায় এমন ।। নদি তড়া হয়ে গেছে।

তড়্‌খানো=[রা]—ক্রি. চমকাইয়া দেওয়া ।।

তড়্‌খাল্‌=[রা]—বিণ. যে একটুতেই চমকিয়া ওঠে ।। [দেখ তড়্‌খানো ; তড়খ +আল প্র.]।

তড়্‌নিক্‌=[কু]—ক্রি. বিণ. পর্যন্ত ।। বেলা দুটো তড়্‌নিক্‌ কাম্‌ কর্‌।

তড়্‌গা=[য]—বি. আগুন রাখার খড়ের তৈরী বেনী ।।

তড়্‌পা=[রা]—বি. বিড়ি, সিগারেট ।।

২=[খু]—বি. নারিকেলের আঁশের দড়ি ।।

৩=[রা]—বি. ২৪টা বস্তুর বাঁধা আঁটি ।। এ্যাক্‌ তড়্‌পা মরিচের্‌ চারা।

ততা=[কুম]—বিণ. উত্তপ্ত, গরম ।। ততা পানি। [<তত্ত প্রাং<তপ্ত সং+আ প্র.]।

ততার্‌=[ঢা]—বিণ. উত্তপ্ত ।। [দেখ ততা+র প্র.]।

ততে=[চট্ট]—ক্রি. বিণ. সম্প্রতি, আপাততঃ ।। ততে আঁর্‌ ঘরত্‌ থাক্‌।

তত্‌তরি=[নো]—ক্রি. বিণ. তাড়া হুড়া ।। এত তত্‌তরি কৈল্যে কায্‌ অয়্‌ ন। [<তাড়াতাড়ি]।

তত্‌তো=[খু]—বিণ. গরম ।। [দেখ ততা]।

তত্‌তো বাত্‌তা=[য]—বি. খোঁজ খবর ।। [<তত্ত্ব বার্তা]।

তত্‌তোরাইন্যা=[নো]—বিণ. ব্যস্ত বাগীশ ।। মানুশ্‌ডা বর্‌ তত্‌তোরাইন্যা। [<তরতর(অনু.)+আন+ইয়া প্র.]।

তথ্‌তাথি=[কুম]—বি. প্রাচুর্য ।। [অনু.]।

তদিল্‌=[কুম]—বি. অবসর ।। তদিল্‌ মত বেরাইবার্‌ আইও। [<তা'তীল تعطیل আং]]।

তদ্‌=[কুম]—অব্য. তবু ।। আমি আইতে চা'ই নাই, তদ্‌ আমারে পাডাইসে। [<তবু+ত]।

তদ্‌ঘরি=[রং]—অব্য. তখনই ।। তদ্‌ঘরি শে শুনেছে। [<তৎ+ঘড়ি (<ঘটিকা সং)]।

তদ্‌ঝ'ট্‌=[ব]—ক্রি. বিণ. দ্রুত ।। তদ্‌ঝ'ট্‌ শর‍্যা পড়্‌। [<তৎ+ঝাট (<ঝটিতি সং)]।

তনাই=[সি]—বি. শরীর ।। [<তন (<তনু সং)+আই প্র.]।

তনাই নিপাত্‌=[সি]—বি. শরীর নষ্ট ।। তুই খাডি তনাই নিপাত্‌ করস্‌ কেন্‌? [দেখ তনাই+নিপাত]।

তনুই=[ম]—ক্রি. বিণ. সেখানেই ।। যেহানে ইশ্‌কুল্‌ গর্‌, তনুই খেলার্‌ মাঠ্‌। [<ত<তৎ+আন<খান+ই]।

তনে=[দি]—অব্য. জন্য ।। তোমার্‌ তনে বশি থাকি। [< তরে কিংবা <জন্যে ; দেখ তনুনে]।

তনেমনে=[সি]—ক্রি.বিণ.মনে প্রাণে ।। আমিত তনেমনে দোয়া করি। [<তন <(তনু সং)+এ বিভক্তি ; মন+এ বিভক্তি]।

তন্=[রা]—অব্য. কাছে, নিকটে ।। তার্ তন্ ট্যাকা নিছি । [<স্থান সং] ।

২=[কুম]—বি. <স্তন ।।

৩=[নো]—অব্য. তখন ।। তন্ তুই কৈ গেসিলি ? [<তখন<তখন] ।

৪=[ফ]—অব্য. হইতে ।। হাটের্‌তন্ মাস্ আন্‌সে । [দেখ তন্] ।

তন্চ'কতা=[য]—বি. বিপদ ।। এই কাম্ কর্‌লে তন্চ'কতায় পড়্‌বে । [<তঞ্চকতা] ।

তন্চ'কত্=[চা]—বি. ফাঁকিবাজী ।। [দেখ তন্চ'কতা] ।

তন্চ'ক্=[য]—বি. ফেসাদ, গোলমাল ।। [<তঞ্চক ; অর্থ প্র.] ।

২=[ব]—বি. বিশেষ লক্ষ্য ।। তনচ'ক্ করিয়া দেখ্ । [টান (<√ তন সং+অ)+চোখ (<চক্ষু সং)] ।

তন্চো'ক্=[য]—বি. ঝগড়া ।। তন্চো'ক্ করিস্ না । [দেখ তন্চ'ক্] ।

তন্তনিয়া=[বা]—বিণ. সতেজ, তাজা ।। কুমরা গাস্‌টা খুব্ তন্তনিয়া । [<তন্তন্ (অনু.)+ইয়া প্র.] ।

তন্তুশারা=[চা]—বিণ. সারহীন, দুর্বল ।। [<তন্তু+সারা] ।

তন্তৈন্না=[কুম]—বিণ. কাঁচা, সতেজ ।। তন্তৈন্না শাক্ ।। দেখ তন্তনিয়া] ।

তন্দুর্=[রা]—বি. রেশম কীট সিদ্ধ করার চুল্লী ।। [<তন্দুর উর্দু <তন্নূর تنور আং] ।

তন্দুল্=[চট]—বি. রুটি সেঁকিবার চুল্লী ।। [দেখ তন্দুর] ।

তন্ দেওয়া=[সি]—ক্রি. মনোযোগ দেওয়া ।। আমিত তন্ দিসি না । [দেখ তনাই+দেওয়া] ।

তন্নর্‌তন্নর্=[চট]—ক্রি. বিণ. গর্বভরে ।। টাকার্ গরমে খুব্ তন্নর্ তন্নর্ করি চ'লে । [অনু.] ।

তন্না=[কুম]—বি. খোঁটা ।। [< তা'ন : طعنة আং] ।

তন্নে=[রা]—অব্য. <জন্য ।। তোর্ তন্নেই তো আমার্ এত কশ্‌ট ।

তন্শক্=[কুম]—বি. নড়চড় ।। কথার্ যেন্ তন্শক্ না অয়্ [দেখ তন্চ'ক্ ; অর্থ প্র.] ।

তন্হি=[ম]—বি. তত্ত্বাবধান, খোঁজ ।। সেরাডার্ তন্হি কৈর । [<তন্‌বীহ্ تنبيه আং ; দেখ তম্বি করা] ।

তপন্=[পা]—বি. লুঙ্গি ।। [দেখ তঅমান্] ।

তপা=[ম]—বি. জ্ঞান ।। মানুশ্‌ডার্ তপা নাই । [দেখ তবাবওল্] ।

তপানো=[রং]—ক্রি. তাপ লাগা ।। মোক জার্ লাগোচে আগুন্ তপাও । [<তাপ সং+আনো ; নামধাতু] ।

তপাশি=[পা]—বি. রান্নার সময় জিনিস নাড়াচাড়া বা ধরার বড় কাঠি ।। [<তরা+হিং+চি প্র.] ।

তপিল্=[পা]—বি. তহবিল, খুঁতি ।। ট্যাহার্ তপিল্ । [<তহ্‌বীল تحويل আং] ।

২ =[ব]—বি. বাঁশ বা ধাতুর তৈরী সূতা রাখার আধার বিশেষ ।। তপিল্ দিয়া যাল্ বুনা হয়্ । [অর্থ প্র.] ।

তপ্তপা=[প]—বিণ. গরম ।। তপ্তপা বাত্ । [<তপ্ (<তপ্ত) +তপা (অনু:)] ।

তপ্তা=[সি]—বিণ. গরম ।। 'তপ্তা বাতে বিলাই বেযার্' । [দেখ তত্তা] ।

২=[সি]—বিণ. ত্রস্ত ।। এত তপ্তা কেনে বা ? [অর্থ প্র.] ।

তপ্পিন্=[রং]—বি. আম ।। তপ্পিনের্ শ কত ?

তফন্=[নো,কুম]—বি. লুঙ্গি ।। গায়ের্ মান্‌শে তফন্ পিন্‌দে । [দেখ তঅমান্] ।

তফর্‌খানা=[চা]—বি, পরিশ্রম, ছোট ছেলেমেয়েদের জ্বালাযন্ত্রণা ।। তার্ এত তফর্‌খানা উঠ্‌সে ক্যান্ ? [<তড়বড়+খানা] ।

২ =[কুম]—বি. তাড়াহুড়া ।। বারি যাবার্ যন্য এত তফর্‌খানা ক্যান্ ?

তফাই করা=[সি]—ক্রি. অন্যায়ভাবে আত্মসাৎ করা ।। আমার্ বৈটা শে তফাই কর্‌সে । [<তবাই<তবাহী تباهی ফা. +করা ; দেখ তাবাই] ।

তফাল্=[কুম]—বি. বিপন্ন অবস্থা ।। পর্‌সি তফালে যা আসে কপালে ।

তফিল্=[নো, কুম, য]—বি. জাল তৈরী করিবার যন্ত্র বিশেষ ।। তফিল্‌ডায়্ শুতা বরি আন্ । [দেখ তপিল্] ।

২=[চা]—বি. তহবিল ।। তফিল্ মিলায়্যা দোহান্ বন্দ্ কর । [অর্থ প্র.] ।

তবক্=[চট]—বি. স্তর ।। শাত্ তবক্ আশ্‌মানের্ উপর্ খোদার্ আরশ্ । [<তবক طبق আং] ।

২ =[ম]—বি. তাক ।। বৈগুলি তবকের্ উপ্‌রে থও । [অর্থ প্র.] ।

তবন্=[চা]—বি. লুঙ্গি ।। তবন্ পিন্‌দা আয়্ । [দেখ তঅমান্] ।

২=[খু]—বি. খাটো ও পুরু তাঁতের শাড়ী বিশেষ ।। [অর্থ প্র.] ।

তবর্‌খান্=[কুম]—বিণ. অস্থির, ব্যতিব্যস্ত ।। [দেখ তফর্‌খানা] ।

তবল্=[চট]—বিণ. বড় দা ।। তবল্ দি হাড্‌ডি কাড্ । [দেখ তবল্$_2$] ।

২=[সি, পা]—বি. মোটা ও পুরু কুঠার ।। [<তবর تبر ফা.] ।

তবশ্শি=[চা]—বি. <তপস্বী ।।

তবা=[সি]—ক্রি. বিণ. শেষ, নিঃশেষ ।। যালিমর্ দন্ তবা ঐ যাইবো । [< তবাহ্ تباه ফা.] ।

২=[কুম]—বি. কল্কির ছিদ্রে দেয় মাটির চিলা ।। [<তরা হিং] ।

তবাক্=[কু, পা, রা,ম]—বি. থালা, শানকি ।। ডাকাই তবাক্ খুব্ মযবুত্ (পা) । [দেখ তবক্] ।

তবাগ্=[পা]—বি. মাটির থালা ।। এ্যাক্ তবাগ্ পান্‌তা খায়্যা যাও । [দেখ তবাক্] ।

তবাত্=[রা]—বি. দূর ।। [< তফারুত تفاوت আং] ।

তবানা=[পা]—বি. মাটির থালা ॥ গরিবেরা তবানাত্ বাত্ খায়্। [<তবা হিং+না প্র.]।

তবানি=[পা]—বি. বাঁশের তৈরী বৃহৎ চামচ ॥ [দেখ তপাশি ; নি প্র.]।

তবাবওল্=[পা]—বি. হুঁশজ্ঞান ॥ বুড়ালোকের্ তবাবওল্ থাকে না। [< তবআ' طبع আং+বহাল بحال আং ; দেখ বহল্ তোবা]

তবাশি=[পা]—বি. পাক করিবার জন্য ব্যবহৃত বাঁশের বড় কাঠি বিশেষ ॥ [দেখ তপাশি]।

তবিল্=[রা]—বি. পুরুষাঙ্গ বা স্ত্রীজননেন্দ্রিয় ॥ [দেখ তপিল্ ; অর্থ প্র.]।

তবিশ্শ্যা=[রা]—বি. শাস্তি, কষ্ট ॥ [<তপস্যা সং ; অর্থ বিকৃতি]।

তবু=[সি]—বিণ. কাবু, অসহায় ॥ তুফানে তবু ঐ গেলাম্। [দেখ তবা ; অর্থ প্র.]।

তবুনি=[রং]—অব্য. তবেই ॥ তুই আলে তবুনি মুঁই জাইম্। [<তবু+নি]।

তবুনিয়া=[রং]—অব্য. তবেই ॥ মুঁই গেলে তবুনিয়া অঁয় আশিবে। [দেখ তবুনি+আ]।

তবুয়াগযাল্=[খু]—বি. গোসাপ ॥

তবেনি=[রং]—অব্য. তবেই ॥ তবেনি মুই জাম্। [দেখ তবুনি]।

তবোত্=[ব,রা,]—ক্রি. বিণ. ততক্ষণ ॥ তুমি ভাত্ খাও তবোত্ আমি কাম্গান্ শারি লৈ। [<তাবৎ (<তদ+বৎ সং)]।

তবোদ্=[খু]—বি. অনুভূতি ॥ হাত্ অবশ্ হয়ে এখন্ তবোদ্ নাই। [তাকত طاقت আং=শক্তি ; কিংবা< তা<তাপ সং+বোধ]।

তব্কা=[ম]—বি. শ্রেণী, তল, স্তর ॥ উপরের্ তব্কার্ লোক্। [<তব্কঃ طبقه আং]।

তব্তে=[রং]—ক্রি. বিণ. তাবৎ ॥ জব্তে অঁয় ভাল না হবু, তব্তে মুঁই অক ছাড়ো না। [দেখ তবোত্+এ বিভক্তি]।

তব্দ খাওয়া=[চা]—ক্রি. সাড়া পাইয়া চুপ হওয়া, ভয় পাওয়া ॥ উরশ্টা তব্দ খাইয়া রৈসে। [<স্তব্ধ খাওয়া]।

তব্দা=[ম]—বিণ. বোকা ॥ শহরে বন্দরে যাও, তব্দা ঐয়া আর্ কয়্দিন্ থাক্বা ? [দেখ তব্দ খাওয়া]।

তব্দিল্=[ম]-বি. পরিবর্তন, বদল ॥ এইবার্ ইশ্কুলের্ বৈ তব্দিল্ অয় নাই [<তব্দীল تبديل আং]।

তব্দুল্=[সি]—বিণ. অবাক ॥ ই দেখি আমি তব্দুল্। [দেখ তব্দা+উল প্র.]।

তব্নি=[রং]—অব্য. তবেই ॥ তুমি গেলে তব্নি মুঁই জাইম্। [দেখ তবুনি]।

তব্নিশে=[রং]—অব্য. তবেতো ॥ অঁয় আশিলে তব্নিশে মুই জাইম্। [দেখ তবুনি+সে]।

তব্বো মারা=[পা]—ক্রি. স্তব্ধ হওয়া, নিশ্চুপ থাকা ॥ সাওয়াটা মর্যা যাওয়ায় বাপ্ তব্বো মার্যা গেল্। [দেখ তব্দ খাওয়া]।

তব্লা=[য]—বিণ. গম্ভীর, স্তব্ধ, বিষণ্ন ॥ তোমার্ মুখ্টা যান্ তব্লা। [<তবলঃ طبله আং]।

তব্লা ফুলানো=[ফ]—ক্রি. মুখভার করা, বেজার হওয়া ॥ তব্লা ফুলাইয়া বৈয়া রৈস ক্যান্। [দেখ তব্লা+ফুলানো ; অর্থ প্র.]।

তব্স=[কুম]—বিণ. < স্তব্ধ ॥ দুশ্কে তব্স ঐ গেসে।

তমত=[চা]—অব্য. তবুও ॥ তমত তুই যাস্ দেহি। [তবু+ত]।

তমত্=[সি, নো]—বি. অপবাদ ॥ আমার্ উপর্ মিসা তমত্ দিও না। [<তুহমত تهمت আং]।

তমস্ত=[চা]—বিণ. <সমস্ত ॥ তমস্ত কাম্ ঐ নশ্ট কৈরা দিসে।

তমাইত্=[বা]—অব্য. পর্যন্ত ॥ আইয়্ কোন্ তমাইত্ পরা ? [দেখ তবাত্, তাফাত্ ; মূল অর্থ দূর ; কত দূর =কোন্ পর্যন্ত]।

তমাতি=[বা]—অব্য. পর্যন্ত ॥ আইয়্ কোন্ তমাতি পরা ? [দেখ তমাইত্]।

তমান্=[চট]—বি. পরিধেয় বস্ত্র বিশেষ ॥ [দেখ তঅমান্]।

তমিশিল্=[ম]—বি. দৃষ্টান্ত, উপমা ॥ হে কথায় কথায় তমিশিল্ দেয়্। <তম্সীল تمثيل আং ; দেখ তম্শিল্]।

তমুক্=[চা]—অব্য. উহা ॥ অমুক্ কস্ তমুক্ কস্ কোন্ডা ঠিক্ ? [<তমুক (অনুঃ)=অমুক তমুক]।

তমো=[ফ]—অব্য. <তবু, তথাপি ॥ এত কৈলাম্ তমো হুনল্যা না।

তম্=[বা]—অব্য. <তবুও ॥ মাপ্ চাইলাম্ তম্ মার ?

২ =[নো]—বি. অনশন, বর্জন ॥

তম্কে=[রা]—সর্ব. তোমার ॥ তম্কে বাড়ি কুঠে ? [<তোমা+কে =দের]।

তম্তমা=[সি]—বিণ. নিস্তব্ধ, গম্ভীর, ফুলাফুলা ॥ মুখ্ ফুলিয়া তম্তমা ঐ রৈসে। [=থমথমে]।

তম্তমি=[সি, কুম, ম]—বি. সমৃদ্ধি ॥ তান্ অহন তম্তমি। [<থমথম (অনু.)+ই প্র.]।

তম্ না থাকা=[কুম]—ক্রি. মাটি শুকাইয়া যাওয়া ॥

তম্বি করা=[সি]—ক্রি. উপদেশ দেওয়া, হেদায়েত করা ॥ [দেখ তন্হি +করা]।

তম্বি হাম্বি=[রা]—বি. রাগারাগি, উচ্চবাচ্য ॥ মোর্ উপর্ এত তম্বি হাম্বি কর কেন্ ? [দেখ তন্হি+হামবি (অনুঃ)]।

তম্বুরে=[সি]—বি. ঢিবি ॥ দেখ তমবুর্]।

তম্বুর্=[ল]—বি. স্তূপ ॥ যন্যালের্ তমুবুর্। [<টৈ টুম্বুর্]।

তম্মৈ=[সি]—বি. হুড়াহুড়ি ॥ এত তম্মৈ করস্ কেন্ ? [থৈ মৈ (অনু.)]।

তম্‌শিল্‌=[ম]—বি. উদাহরণ, উপমা ॥ তম্‌শিল্‌ দিয়া বুঝাও। [দেখ তমিশিল্‌]।

২=[কুম]—বি. কায়দা ॥ বেবাক্‌ কামেরৈ এ্যাক্‌টা তম্‌শিল্‌ আসে। [অর্থ প্র.]।

তম্‌হারা=[দি]—সর্ব. তোমরা, আপনারা ॥ [<তোমারা ম. বাং]।

তয়ন্‌=[নো]—অব্য. <তখন ॥

তয়ার্‌=[পা]—বি. তৈরী ॥ পিঠা তয়ার্‌ কর। [<তয়্যার تيار আং]।

তয়াশ্‌ সারা=[ঢা]—ক্রি. শ্বাস ছাড়া ॥ [<তপাশ <তপ্তশ্বাস+ছাড়া]।

তয়ের্‌=[পা]—বি. তৈরী ॥ [দেখ তয়ার্‌]।

তয়েস্‌ করা=[ফ]—ক্রি. খুব খেয়াল করা ॥ তয়েস্‌ করে পথ্‌ চ'ল।

তঁয়্‌=[চট্ট]—বি. তামাক ॥ [< তমঅ< তামাক (<ট্যাবাকু tabaco স্পেনীশ)]।

তঁয়শা=[চট্ট]- বি. তামাশা ॥ [< তমাশা تماشا আং]।

তয়্‌=[ম]—সর্ব.<তুই ॥ তয়্‌ যাবি না ক্যান্‌ ?

২=[রা]—অব্য. তাহা হইলে, তবে ॥ তুই আয়্‌, তয়্‌ জাম্‌। [<তবে]।

তয়্‌কা=[ম]—বি. বার্ষিক ওরস ॥ পিরের্‌ তয়্‌কাত্‌ যাইবাম্‌। [<তক্‌য়হ্‌ تكيه ফা. =পীরের আস্তানা ; অর্থ প্র.]।

২=[ম]—বি. শিয়রের বড় গোল বালিশ ॥ [পূর্বে দেখ]।

তয়্‌কা ঘর্‌=[রা]—বি. খানকা ঘর, বৈঠক খানা ॥ [দেখ তয়্‌কা+ঘর]।

তয়্‌ঘিন্‌=[পা]—অব্য. তবে তো, তবে যেন ॥ [দেখ তয়্‌২+যেন]।

তয়্‌তমা=[কুম]—বি. ভালো অবস্থা ॥ [দেখ তম্‌তমি]।

তয়্‌ তদারক্‌=[ব]—বি. দেখা শোনা ॥ [<তয় (অনুঃ)+তদারুক تدارك আং]।

তয়্‌ তয়্‌=[খু]—ক্রি. বিণ. আস্তে আস্তে ॥ [অনু.]।

তয়্‌ তালাশ্‌=[ফ]—বি. খোঁজ খবর ॥ [<তয় (অনুঃ)+তলাশ تلاش তু.]।

তয়্‌য়া=[চট্ট]—বি. টুপী ॥

তয়্‌লে=[ম]—অস. ক্রি. ডুবিয়া ॥ পানিতে তয়্‌লে গেসে। [<তলাইয়া]।

তয়্‌শে=[ঢা]—অব্য. তবে তো ॥ [তবে+সে]।

তরবর=[ম]—বি. নকশা, নমুনা ॥ তরবর দেইখাই মানুশ্‌ চি'নন্‌ যায়্‌। [অনু.]।

তরক্‌=[কুম]—বি. পথ ॥ এই তরকে আইট্যা যাও। [<তরীক طريق আং]।

২=[ঢা, ম]—বি. ত্যাগ ॥ [<তরক ترك আং]।

তরয্‌=[চট্ট]—বি. নিয়ম ॥ হেতে কামের্‌ তরয্‌ ন যানে। [<তর্‌য طرز আং]।

তরপ্‌=[রা]—বি. শরীক, ভাগীদার। [<তরফ طرف আং]।

তরপ্‌দারি=[চট্ট]—বি. বাহাদুরী ॥ [দেখ তরপ্‌+দার دار ফা. প্র. ; অর্থ প্র.]।

তরশ্‌=[সি]—বি. ভয়, ত্রাস ॥ [< তরস ترس ফা ; তুং ; ত্রাস সং]।

তরা=[রা]—বি. একপ্রকার ক্ষেপ জাল ॥

২=[ম]—সর্ব. তোমাদের ॥ তরা বারিত্‌ যাইতাম্‌ না। [<তোমারা]।

তরাই=[রং]—বি. ঝিঙা জাতীয় সব্জি ॥ [<তুরই হিং]।

২=[ম]—বি. বাঁশ বিশেষ ॥

তরাই উঠা=[সি]—ক্রি. শিহরিয়া উঠা ॥ [দেখ তরশ্‌+ইয়া প্র.+উঠা]।

তরাই যাওয়া=[সি]—ক্রি. শিহরিয়া উঠা ॥ [দেখ তরাই উঠা]।

তরাই বরাই=[নো]—বি. মান অভিমান ॥ তার্‌ তরাই বরাই নাই। [< তরাই (অনুঃ)+বড়াই হিং]।

২=[ঢা]—বি. তর্কবিতর্ক ॥ [অর্থ প্র.]।

তরাইয়া=[ঢা]—বি. ব্যস্ততা, তাড়াহুড়া ॥ বেশি তরাইয়া কর্‌লে খারাপ্‌ ঐব। [<ত্বরা (নামধাতু)+ইয়া অস. ক্রি. বিভক্তি]।

তরাইয়া অওয়া=[ঢা]—ক্রি. ভয়ে চিৎকার করিয়া উঠা ॥ [দেখ তরশ্‌+ইয়া প্র.+হওয়া]।

তরাইশা=[ম]—বিণ. চমকিত ॥ হে শয়্‌তান্‌ দেইখ্যা তরাইশা ঐসে। [দেখ তরশ্‌+ইয়া প্র.]।

তরাইশা লাগা=[পা]—ক্রি. ভয় পাওয়া ॥ আন্‌দারে তরাইশা লাগ্‌চে'রে। [দেখ তরাইশা+লাগা]।

তরাইশ্যা=[পা]—বি. ভয় ॥ রাতে একা চ'ল্‌তে তরাইশ্যা আসে। [দেখ তরাইশা]।

তরাজু=[রং]—বি. তুলাদণ্ড ॥ তরাজুত্‌ মাপ্যা দেঅক্‌। [<তরাযূ ترازو ফা.]।

তরাতরি=[চট্ট]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ তরাতরি উডি যাও। [<ত্বরাত্বরি কিংবা তাড়াতাড়ি]।

তরাশা=[ব, পা, ম]—বি. ভয় ॥ সাওয়াটা তরাশা পাইসে। [দেখ তরাইশা]।

তরাশে=[খু]—বিণ. ব্যস্ত ॥ আমি বড় তরাশে ভাই, অনেক্‌ কাম্‌ আসে ॥ [<তরস্‌ (ত্রাস সং)+এ প্র.]।

তরাশে অওয়া=[পা]—ক্রি. ভয় পাওয়া ॥ শিয়ালের্‌ ডাকে সাওয়াটা তরাশে ঐল্‌। [দেখ তরাইয়া অওয়া]।

তরি=[রা]—ক্রি.বিণ. মধ্যে ॥ করিম্‌ তিন্‌ দিনের্‌ তরি বাড়ি আশবে। [<তরে<অন্তরে]।

তরিক্‌=[পা]—অব্য. পর্যন্ত ॥ আইয়্‌ তরিক্‌ চি'ঠি পাইলাম্‌ না। [<তলক হিং]।

তরিগরি=[ম]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ তরিগরি কৈর‍্যা ক। [<তর(<ত্বরা সং)+ই প্র.+ঘড়ি]।

তরিপত্‌=[রং]—বি. শায়েস্তা ॥ চ্যাংড়াঠাক আচ্ছামত তরিপত্‌ করা লাগ্‌বে। [<তর্‌বিয়ত تربيت আং]।

তরিপাত্=[রা]—বি. আদর ॥ মা বাপ্‌ছাড়াদের তরিপাত্ নাই। [দেখ তরিপত্]।

তরিবত্=[নো]—বি. শাস্তি ॥ কথা না হুন্‌লে তরিবত্ করি লাইয়ুম্। [দেখ তরিপত্]।

তরিমা=[সি]—বি. নামাযের সময় বুকে হাত বাঁধা ॥ নোমাযের্ তরিমা বান্‌দি নিমো। [<তহ্‌রীমঃ تحریمه আং]।

তরিয়াত্=[বা]—বি. স্বভাব, আদত ॥ সাওয়াটার্ তরিয়াত্ খুব্ খারাপ্। [দেখ তরিপত্]।

তরুত্ বুদ্‌দি=[কুম] — বি. উপস্থিত বুদ্ধি ॥ [<ত্বরিত বুদ্ধি]।

তরুনা=[বা]—বিণ. অকালপক্ক ॥ তরুনা আম্। [<তরুণ+আ প্র.]।

তরুন্‌যা=[ম]—বি. বাতাবি লেবু, জাম্বুরা ॥ তরুন্‌যা আমাশার্ অশুদ্। [<তুরন্‌জ ترنج ফা.+আ প্র.]।

তরুয়া=[চট]—বি. জামবুরা ॥ পাকা তরুয়া। [দেখ তরুন্‌যা]।

২=[বা]—বি. যাহা তীরে থাকে ॥ [তীর সং+উয়া প্র.]।

তরুয়া গযায়্=[খু]—বি. গোসাপ ॥ [দেখ তরুয়া$_{২}$+গজাল্]।

তরুয়া গযাল্=[বা]—বি. গজার মাছ ॥ তরুয়া গযালের্ মতন্ গুরুশ্ ক্যান্? [দেখ তরুয়া গযায়্; অর্থ প্র.]।

তরুল্=[চট, খু, চা]—বি. ধুন্দুল তরকারী ॥ বরিশাল্ তরুল্ পাওয়া যায়্।

তরুল্‌লা=[খু]—বি. ঘুগরা, পোকা বিশেষ ॥

তরে=[কুম]—সর্ব. <তোকে ॥ তরে দেখ্‌লে আমার্ গাও যলে।

২=[সি]—ক্রি. বিণ. পদব্রজে ॥ কিতা তরে আইলানি?

৩=[পা]—বি. মাছ ধরিবার ক্ষেপ জাল ॥

তরেক্=[সি]—ক্রি. বিণ. স্থগিত ॥ এহন্ তরেক্ কর্। [দেখ তরক্$_{১}$]।

তরে তরে=[ব]—বি. <স্তরে স্তরে ॥ তরে তরে মাল্ পত্‌তর্ শাযাও।

তরে যাওয়া=[ম]—ক্রি. কাপড় না ভিজাইয়া নদী পার হওয়া ॥ নাও নাপাওনে তরেই যাইবাম্। [দেখ তরে$_{২}$ + যাওয়া]।

তরৈ=[কুম]—বি. ঝিংগা জাতীয় তরকারী ॥ [দেখ তরাই]।

তরৈ ক্যালা=[চা]—বি. <তরকারি ॥

তরোমত্=[খু]—ক্রি. বিণ. পছন্দ-মত ॥ কাপড়্‌খানা তরোমত্ হয়েসে।

তর্=[বা, কুম, রা]—বি. তীর, ডাঙ্গা, শুকনা ॥ তরে উড্। [<তীর সং; অর্থ প্র.]।

২=[চা, ম]—সর্ব. <তোর ॥ তর্ নাম্ কি?

৩=[য]—বিণ. বিভোর ॥ [<তর تر ফা.]।

৪=[চা]—বি. রকম ॥ কেমন্ তর্ কতা কস্ তুই? [<তর্‌হ طرح আং]।

৫=[পা]—বি. দিক ॥ ঐ তরে খোয়্ নিস্। [দেখ তরপ্]।

তর্‌কন্=[নো]—বি. বিষ, যাতনা ॥ তাইন্ বড়্ তর্‌কনে আস্থুইন্।

তর্‌কা=[চট]—বি. উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তি ॥ [<তর্‌কঃ ترکه আং]।

২=[ম]—বি. গরুর গলার রশি ॥

৩=[কুম]—বি. ভাগ, অংশ ॥ আমি মামুগো বারির্ শম্‌পত্তির্ তর্‌কা পাইসি [দেখ তর্‌কা; অর্থ প্র.]।

তর্‌কি=[য]—বি. যৌবনের উদ্দামতা ॥ মানুশের্ তর্‌কি বেশি দিন্ থাকে না। [<তরক্‌কী ترقی আং]।

তর্‌কিব্=[ম]—বি. বিন্যাস, প্রণালী ॥ গোশ্‌তু পাকাইবার্ তর্‌কিব্ যানে না, হেয়্ আবার্ বাবুর্‌চি'! [<তর্‌কীব ترکیب আং]।

তর্ গাটা=[পা]—বি. অর্ধ শুষ্ক নদী দিয়া লোক চলাচলের রাস্তা ॥ [দেখ তর্+ঘাট+আ প্র.]।

তর্‌যমা=[বা]—বি. ইচ্ছা ॥ তর্‌যমা কর্‌লে আমি তারে নিয়া যাইতাম্ পারি। [<তর্‌জমঃ ترجمه আং]।

তর্‌যা=[সি]—বি. কেঁচানো বাঁশ ॥

তর্‌যি দেওয়া=[নো, কুম]—ক্রি. প্রাধান্য দেওয়া ॥ [<তর্‌জীহ ترجیح আং+দেওয়া]।

তর্‌যুত্=[চা]—বি. শাস্তি, সমুচিত শিক্ষা ॥ তরে তর্‌যুত্ কৈর‍্যা দিমু। [দেখ তরিবত্]।

তর্‌তরা=[সি]—বিণ. চালাক ॥ বর তর্‌তরা পুয়া। [<তর্‌তর্ (অনু.)+আ প্র.]।

২=[সি]—বিণ. যে খুব তাড়াতাড়ি কথা বলিতে পারে ॥ পুরিউগা খুব্ তর্‌তরা। [অর্থ প্র.]।

৩=[কুম]—বি. এক প্রকার তৈল বিহীন তরকারী ॥ এক্ চ'ামিচ্' তর্‌তরা আন্। [অর্থ প্র.]।

৪=[রং]—বিণ. খাড়া, সূচালো ॥ চাকুখানার্ মাথাটা খুব্ তর্‌তরা।

৫=[চা]—বি. পানির ধারা ॥ বিশের যাগাডায়্ গরম্ পানির্ তর্‌তরা দ্যাও।

তর্‌তরানো=[নো]—ক্রি. তাড়াহুড়া করা ॥ তর্‌তরাইলে কোনু কাম্ বালা অয়্ না। [<তরতর(অনু.)+আনো প্র.]।

তর্‌তরি=[চা]—ক্রি. বিণ. তাড়া-তাড়ি, দ্রুত ॥ তর্‌তরি বাইত্ যা। [<ত্বরাত্বরি কিংবা তাড়াতাড়ি]।

তর্‌তরে=[পা]—বিণ. তীক্ষ্ণ, সূক্ষ্ম, ধারাল ॥ ক্ষুরির্ আগাটা বড় তর্‌তরে। [দেখ তর্‌তরা$_{৪}$]।

তর্‌তর্=[ফ]—ক্রি. বিণ. তাড়া-তাড়ি ॥ পুলিশ্ দেইখ্যা চে'ার্‌ডায়্ তর্‌তর্ কৈরা গরে ডুক্‌লো। [অনু.]।

২=[রা]—বি. চালাকী ॥ হুদাহুদি তর্‌তর্ করিস্ না। [অর্থ প্র.]।

৩=[সি]—বিণ. ঘন ॥ সালম্‌খান্ তর্‌তর্ করি রান্‌দি লাও। [অর্থ প্র.]।

তর্‌তাযা=[পা]—বিণ. সজীব॥ তর্‌তাযা মাস্‌। [<তর্‌র তাযহ্‌ ترو تازه ফা.]।

তর্‌তিব্‌=[কুম]—বি. নিয়ম॥ শব্‌ কিস্সুই তর্‌তিব্‌ মত খাইতে অয়্‌। [< তর্‌তীব ترتیب আং]।

তর্‌দ্দু=[চট্ট]—বি. সিমেণ্ট করা মেঝে॥ তরদুর্‌ উত্‌তর্‌ ন শৈশ্‌।

তর্‌পা=[রং]—বি. চিড়া॥ এক্‌ পয়্‌শার্‌ তর্‌পা দে বাহে।

তর্‌পি=[ফ]—বি. আঁটি॥ এ্যাক্‌ তর্‌পি পাট্‌খড়ির্‌ দাম্‌ দুই আনা।

তর্‌পে তর্‌পে=[ব]—ক্রি.বিণ. স্তরে স্তরে॥ তর্‌পে তর্‌পে মাল্‌ রাখ্‌। [দেখ তরপ+এ (বিভক্তি)]।

তর্‌ফা=[সি]—বি. পক্ষ॥ ই মামলায়্‌ তুমি কোন্‌ তর্‌ফা? [দেখ তরপ্‌+আ প্র.]।

তর্‌ফি=[কুম]—বি. কাঁচা পাটের আঁটি॥ নাইল্‌লার্‌ তর্‌ফি সোট বর কৈর না।

তর্‌বর্‌ করা=[ঢা]—ক্রি. মাতব্বর করা॥ হগল্‌ কামেই তর্‌বর্‌ করা বালা না। [<তর্‌বর্‌ (অনু.)+ করা]।

তর্‌বুশ্‌=[সি]—বি. তরমুজ॥ বাংগালেনি বুযে তর্‌বুশের্‌ শাদ্‌। [দেখ তর্‌মুচ্‌']।

তর্‌মুচ্‌'=[চট্ট]—বি. তরমুজ॥ [<তর্‌বুয تربوز ফা.]।

তর্‌রুয়া=[ম]—বি. কলার মোচা॥ কলার্‌ তর্‌রুয়া কাইট্যা আন্‌। [< থোড়+আ প্র.]।

তর্‌লা=[দি]—বি. নরম ও হাল্কা বাঁশ বিশেষ॥ তর্‌লা বাশে ঘুন্‌ ধরে না। [দেখ তল্‌লা]।

তর্‌ শওয়া=[পা]—ক্রি. দেরী সওয়া, ধৈর্য্য ধরা॥ [<তর(ত্বরা) +সওয়া =সহা]।

তর্‌শাল্‌=[রা]—বি. ঢেঁকির কাঠি বিশেষ॥

তর্‌শুক্‌=[ঢা]—বি. উপদ্রব, ত্রুটি॥ এ্যাতবর তর্‌শুক্‌ কর্‌লে মশ্‌কিল্‌ ঐবো। [<তসরুপ<তসর্‌রুফ تصرف আং]।

তর্‌শুকা=[ঢা]—বি. আগামী তৃতীয় দিবস॥ তর্‌শুকা বৌ অন্‌বার্‌ যামু। [তরশু (<তিরঃশ্বঃ)+কা]।

তর্‌শুল্‌=[রা]—বি. জালবুনিবার যন্ত্র॥ [<ত্রিশূল ; অর্থ প্র.]।

তর্‌হুলা=[বা]—বিণ. একেবারে কচি॥ তর্‌হুলা আম্‌। [দেখ তরুনা]।

তর্‌হৈ=[রা]—বি. গঠন॥ ছুর্‌টির্‌ তর্‌হৈ খুব্‌ ভাল। [তরহ طرح আং]।

তলক্‌=[চট্ট]—বিণ. কড়া, উগ্র॥ থাঁউ এইন্‌ (=তামাক এগুলি) তলক্‌ নাই। [<তল্‌খ تلخ ফা.]।

তলগ্‌=[সি]—অব্য. পর্যন্ত॥ আমি বিহান্‌ তলগ্‌ বৈ থাকিমু। [তলক হিং]।

তলপ্‌=[বা]—বিণ. ঝাঁজ, ধক॥ তামুকে তলপ্‌ নাই। [দেখ তলক্‌]।

২=[ম]—বি. বেতন॥ আইয়্‌ তলপ্‌ পাইসি। [<তলব طلب আং]।

তলপ্‌ করা=[ঢা]—ক্রি. নেশা ধরা॥ তারে তামুকে তলপ্‌ কর্‌সে। [দেখ তলপ্‌+করা]।

তলপ্‌ চিঠি=[রং]—বি. পরোয়ানা॥ অর্‌নামে তলপ্‌ চিঠি আইছে। [দেখ তলপ্‌₂+চিঠি]।

তলব্‌=[ঢা]—বি. দাবী॥ তলব্‌ তাগাদা কৈরাও ট্যাহা পাই না। [দেখ তলপ্‌₂]।

২=[বা—বি. ঝাঁজ, ধক॥ তামুকে তলব্‌ নাই [দেখ তলপ্‌]।

তলা=[ঢা]—বি. পুকুর॥ তলাত্‌ গোসুল্‌ করমু। [<তালাব <তলাউ হিং]।

২=[পা, রা]—বি. মাটির বড় পাতিল॥ তলা বরা চাইল্‌ আসে (পা)। [দেখ তলাই]।

তলাই=[বা]—বি. ডেকচি॥ তলাই কয়্‌ডা লাগ্‌ব? [<তেলাঙ্গী হিং]।

তলাইচ্‌'শ্যা=[কুম]—বি. তল-বিছানা॥ তলাইচ্‌'শ্যা বিসাই হো। [<তল+আই প্র.+শয্যা]।

তলাইন্‌না=[কুম]—বি. নীচের জমা ময়লা॥ তলাইন্‌না ফালাইয়া দ্যাও। [<তল+আন+ইয়া প্র.]।

তলাইয়া যাওয়া=[ঢা]—ক্রি ঋণগ্রস্থ হওয়া॥ এই বসর্‌ আমি এক্‌কেরে তলাইয়া গেসি। [অর্থ প্র.]।

তলাইশ্‌=[খু]—বি. মাচা বিশেষ॥

তলাইশা=[কুম]—বি. ছোট কাঁথা॥ আবুদ্যারে তলাইশাত্‌ হতাও। [<তল +আইশা প্র.]।

তলা খোয়ানো=[ঢা]—ক্রি. ক্ষতি করা (মেয়েদের প্রয়োগ)॥ রাক্‌ তর্‌ তলাডা খোয়াইমু। [অর্থ প্র.]।

তলাগলা=[চট্ট]—বি. হুঁশ জ্ঞান॥ হিতারার্‌ তলাগলা নাই। [<তল+আ প্র.+গলা=উঁচুনীচু জ্ঞান]।

তলা দেওয়া=[ফ]—ক্রি. উল্টাইয়া দেওয়া (ধান মাড়াইবার সময়)॥ গরুগুলা আর্‌ এক্‌বার্‌ গুন্‌না দিয়া তলা দিবানি? [তল+আ প্র.+ দেওয়া]।

তলানি=[পা]—বি. বাঁশের তৈরী হাতা বিশেষ॥ [<তল+আনি প্র.]।

তলান্‌=[রং]—ক্রি. ঢুকা, বোঝা, কোন কিছু হৃদয়ঙ্গম করা॥ [< তলাইয়া দেখা=তলানো ; নামধাতু]।

তলাপট্‌পট্‌টি=[রা]—বি. একপ্রকার পাখি॥

তলামতি=[ঢা]—অব্য. পর্যন্ত॥ যেই তলামতি আমি না আমু তুই যাবি না।

তলাশি=[পা]—বি. ভাত নাড়ার কাঠি॥ [<তল+আ+শি প্র.]।

তলি=[রং]—বি. চাটাই॥ তলি বিছাইয়া দেও।

২=[নো]—বি. তলদেশ॥ নার্‌ তলি দি হানি উডে। [তল+ই প্র.]।

তল্‌য়া=[সি]—বিণ., বি. অধীনস্থ ব্যক্তি, ছোটলোক॥ [<তল+উয়া প্র. ; দেখ থল্‌লুয়া]।

তলে তক্‌তা না থাহা=[ম]—ক্রি. স্বাভাবিক জ্ঞানবুদ্ধিহীন হওয়া ।। কতা কওনের্ শুমে তলে তক্‌তা থাহে না ক্যান্ ? [<তল+এ (বিভক্তি)+ তকতা(<তখ্‌তহ্ تخته ফা.) না থাকা ; বাগ্‌ধারা] ।

তলেতলে=[সি]—ক্রি.বিণ. লুকাইয়া লুকাইয়া ।। [<তল+এ (বিভক্তি) +তলে] ।

তল্যা=[ফ]—বি. পাতিল ।। তল্যাডা বাংল কেডা ?

তলৈ=[বা]—বি. রৌদ্রে ধান শুকাইতে দেওয়ার পাত্র ।। তলৈ উঠাও ।

২ =[চট্ট, সি, নো ম]—বি. ধান শুকাইবার পাটি বিশেষ ।। তলৈর্ দান্ ছয়াই গেসে, বান্‌তে নে ।

তলৈন্=[চট্ট]—বি. তরকারীর পাতিল ।।

তলোবলো=[কুম]—বি. চৈতন্য, চেতনা ।। [অনু.] ।

তল্‌কাটা=[ঢা]—ক্রি. ভিতরে ভিতরে ক্ষতি করা ।। তলক্‌াইট্টা উপুর্ দিয়া পানি ডাল্‌লে কি ঐব ? [<তল+ কাটা ;বাগ্‌ধারা] ।

তল্‌কানি=[ঢা]—বি. তলানি, নিংড়ানি ।। দৈয়ের্ তল্‌কানি হালাইয়া দে । [<তল+ক+আনি <পানি =তলানি] ।

তল্‌কাসা=[কুম, য]—বি. স্ত্রীলোকের ঋতুকালীন ব্যবহৃত বস্ত্রখণ্ড ।। [<তল +কাছা(<কচ্ছ সং)] ।

তল্‌কিন্ অওয়া=[চট্ট]—ক্রি. শিষ্যত্ব গ্রহণ করা ।। আঁই পিরের্ তল্‌কিন্ ঐয়ুম্ । [তলকীন تلقین আং+হওয়া]।

তল্‌কুরা=[ফ]—বিণ. নীচের ।। তল্‌কুরা মানুশ্ কোনু কামের্ না । [<তল+কুড়ান] ।

তল্‌ঠাপানি=[বা]—বি. কুলা ।। তল্‌ঠাপানি দিয়া দান্ যারে । [দেখ তল্‌ঠাবা+নি প্র.] ।

তল্‌ঠাবা=[রা]—বি. কুলা ।। [< তল+থাবা] ।

তল্‌ঠাবানি=[ম]—বি. কুলা বিশেষ ।। [দেখ তল্‌ঠাপানি] ।

তল্‌ঠেপানি=[সি]—বি. কুলা ।। তারার্ তল্‌ঠেপানিটা দেলাও, তারা দান্ যার্‌তো । [দেখ তল্‌ঠাপানি] ।

তল্‌তানো=[রং]—ক্রি. উত্তোলন করা ।। এই ধানের বস্‌তাটা তুঁই তল্‌তাবার্ পাবু ? [<তোলা+টানা] ।

২=[রং]—ক্রি. সাহায্য করা ।। এই অভাবে হামাক্ কে তল্‌তিবে ? [অর্থ প্র.] ।

তল্‌তি ধরা=[রং]—ক্রি. অসময়ে সাহায্য দেওয়া ।। এখন্ আর্ তল্‌তি ধরে কি হবে ? [<তল+তি প্র.+ধরা] ।

তল্‌থাবানি=[চট্ট]—বি. কুলা ।। [দেখ তল্‌ঠাবানি] ।

তল্‌পা=[রা]—বি. গাছ বিশেষ ।।

তল্‌পাটোল্=[রং]—ক্রি. বিণ. ওলটপালট ।। কাপড়্ তল্‌পাটল্ না করিশ্ । [<উত্তাল (<উত্তাল)+ পাতাল ; উ লোপ] ।

তল্‌পাট্‌নি=[সি]—বি. কাপড়ের তোষক ।। যারের্ দিন্ তল্‌পাট্‌নি তলে দিলাও । [<তল+পাট(< পট্ট সং)+নি প্র.] ।

তল্‌পান্‌নি=[সি]—বি. বিছানার চাদর ।। তল্‌পান্‌নি বিসাই লাও । [দেখ তল্‌পাট্‌নি] ।

তল্‌পোড়া=[ফ]—বি. একপ্রকার গালি ।। ই তল্‌পোড়ায় মানুশে না । [<তল+পোড়া] ।

তল্‌ফাকে=[ম]—ক্রি. বিণ. তলে ও নীচে ।। চ'হির্ তল্‌ফাকে ইগিলা কি ? [<তল+ফাঁক+এ(বিভক্তি)] ।

তল্‌বল্=[খু]—ক্রি. বিণ. খুব নরম ।। ভিয়া বালিত্ হাট্‌তে তল্‌বল্ লাগে । [অনু.] ।

তল্‌বাইলা=[ম]—বিণ. ধূর্ত ।। এ্যাঠা তল্‌বাইলা । [<তলবল(অনু.) +ইয়া প্র.] ।

তল্‌বিসানা=[কুম]—বি. বিছানা ।। আমার্ তল্‌বিসানা কৈ ? [<তল+ বিছানা(<বিচ্ছাদন সং)] ।

তল্‌বিসানি=[ঢা]—বি. বিছানায় বিছানোর কাঁথা ।। এক্‌ঠা তল্‌বিসানি নাগ্‌বো । [দেখ তল্‌বিসানা+ইপ্র.] ।

তল্‌বিস্‌না=[ম]—বি. চাদর, মাদুর বিশেষ ।। তল্‌বিস্‌নাহান্ হাতি দে । [দেখ তল্‌বিসানা] ।

তল্‌ল=[কুম]—বি. দিশা ।। বুরা ঐলে আর্ তল্‌ল থাহে না ।

তল্‌লা=[ঢা]—বি. পুকুর ।। তল্‌লায় গোস্‌ল্ কর্ । [দেখ তলা] ।

২=[নো]—বিণ. নীচ, হেয় ।। ইবেডা তল্‌লার্ কতা হুনিস্ না । [< তল+উয়া প্র.] ।

৩=[কুম]—বিণ. হালকা ।। খাট্‌টানা খুব্ তল্‌লা ।

৪=[পা, বা]—বি. একশ্রেণীর বাঁশ ।। তল্‌লা বাঁশ দি বেরা অয়্ । [দেখ তর্‌লা] ।

তল্‌লাই নেওয়া=[য]—ক্রি. খোঁজ করা ।। তার্ তল্‌লাই নেওয়ার্ লোক্ নাই । [<তল্লাশ (<তলাশ تلاش তু.)+ই প্র.] ।

তল্‌লি গাছ্=[রং]—বি. কড়িগাছ।।

তল্‌শা=[ফ]—বিণ. অকেজো, পরিত্যাক্ত ।। উকুমের্ তল্‌শাগুলি হালাও । [<তল+শা প্র.] ।

তল্‌শাপোড়=[ব]—বি.ছল প্রবঞ্চনা । এত তল্‌শাপোড় কর কায় ? [দেখ তল্‌শা+পোড়া] ।

তল্‌শি=[ফ]—বি. পাত্রের নীচে দেওয়ার বাঁশের তৈরী উপকরণ ।। [দেখ তলাশা+ই প্র.] ।

তল্‌শি খ্যাতা=[কুম]—বি. যে কাঁথা নীচে বিছানো হয় ।। তল্‌শিখ্যাতা বিসাইয়া হোয় । [দেখ তল্‌শি+কাঁথা (<কন্থা সং)] ।

তল্‌হারি=[নো]—অস. ক্রি. অপচয়, করিয়া, নষ্ট করিয়া ।। হেইতে 'ব্যাক্ তল্‌হারি হালাইল্ । [<তল+করি <করিয়া] ।

তশর্=[রং]—বি. মোটা রেশমী কাপড়॥ [<তসর<ত্রসর সং]।

২=[রা]—বি. সূতা ভরিয়া জাল বুনাইবার বাঁশের কাঠি॥

৩=[রা]—বি. প্রজাপতি॥ তশর্ হৈতে রেশ্মি শুতা হয়্। [অর্থ প্র.]।

তশল্=[রা]—বি. জাল বুনিবার উপকরণ॥ [দেখ তশর্ ২]।

তশু=[ফ]—বি. পরশু দিনের পরের দিন॥ তোমার্ বাবা তশু দিন্ আশ্বে। [দেখ তর্শুকা]।

তশোক্=[খু]—বি. <তোষক॥

তশ্=[সি]—বি. সমতা রক্ষার জন্য পাল্লার উপরে বা চৌকি ইত্যাদির পায়ার নীচে দেওয়া হয় এমন ক্ষুদ্র কাষ্ঠ খণ্ড॥ চ'কির্ নিচে' তশ্ দেও চ'কিটা নরে।

২=[কুম]—বি. রস, মাটির আর্দ্রতা॥ মাটির্ তশ্ না ঐলে শৈশ্ বালা অয়্ না।

তশ্কারি করা=[রং]—ক্রি. মজা করা॥ তশ্কারি কর্বার্ বুজি জাগা নাই? [< তুছ (< তুচ্ছ সং)+কারি; মস্কারির সাদৃশ্যে]।

তশ্কে=[রা]—অব্য. জন্য॥ তোর্ তশ্কে আমার্ এত কশ্ট।

তশ্পিতালা=[রা]—বি. দফতর, পাততাড়ি॥

তশ্ফিল্=[পা]—বি. অন্যায়॥ আমি কি তশ্ফিল্ কর্লাম্? [<তক্সীর تقصیر আং; দেখ তস্কি]।

তশ্শা=[ঢা]—বি. কাপড়ের পট্টি দ্বারা সেলাই॥ এত মোডা বৈ শিলিত্ তশ্শা নাই।

তশ্শে মশ্শে=[ফ]—ক্রি. বিণ. তাড়াতাড়ি॥ তশশে মশ্শে দোড়াই যাও। [অনু.]।

তশ্শু=[ম]—বি. গত বা আগামী পরশুর পূর্ব বা পর দিন॥ আমি তশ্শু দিন্ যাইয়াম্। [দেখ তর্শুকা]।

তসল্লি=[সি]—বিণ. সার্থক, সন্তুষ্ট॥ [<তসল্লী تسلی আং]।

তসানসা=[ম]—বিণ. বিরক্ত॥ [অনু.]।

তস্যাল্=[য]—বি. ঢেঁকির অঙ্গ বিশেষ॥ তস্যাল্ ভেংগে গেসে।

তস্কির্=[য]—বি. ত্রুটি, ভুল॥ দেখিশ্ যেন্ তস্কির্ হয়্ না। [দেখ তশ্ফিল্]।

তস্ত=[পা]—বি. চিলুমচি॥ [< তশত্ طشت ফা.]।

তস্তরি=[কুম, ঢা]—বি. পিরিচ, ছোট বাসন॥ তস্তরিতে নাস্তা আইন্যা দাও। [তশতরী উর্দু]।

তস্তা=[ঢা]—বি. চিলুমচি॥ আত্ দুইতে তস্তাডা লৈয়া আয়্। [দেখ তস্ত+আ প্র.]।

তস্তিয়া=[সি]—বি. কষ্ট॥ রুগিডা বর তস্তিয়া পাইয়া মর্সে।

তস্লা=[ঢা]--বি. ডাবর, মাটির পাত্র বিশেষ॥ এই মাইয়াডারে এক্টা তস্লা দিয়ন্ চ'াই। [<তসলা হিং]।

২ =[ম]—বি. চিলুমচি॥ [অথ প্র.]।

তহংগারি=[রা]—বিণ. দেমাগ, অহংকারী॥ মাইয়াডা বড় তহংগারি। [<তরাংগর توانگر ফা.+ই প্র.]।

তহন্=[ম]—অব্য. <তখন, সেই সময়॥ তহন্ কৈ গেলা?

২=[কুম]—বি. লুঙ্গি॥ তহন্ যোরাডার্ দাম্ কত? [দেখ তঅমান্]।

তহন্তম্=[ঢা]—অব্য. ততক্ষণ পর্যন্ত॥ যহনতম্ আমি না আই তহন্তম্ তুই থাকপি। [<তখন তক]।

তহাত্=[নো]—বি. দূর॥ [দেখ তবাত্]।

তহিত্=[ঢা,ম,পা]—বি. খোঁজ খবর, যত্ন॥ পোলাপানের্ তহিত্ রাইখ্য। [<তরকীত توقیت আং]।

তহিদ্=[কুম]—বি. তত্ত্বতালাস॥ [দেখ তহিত্]।

তহিদ্ করা=[খু]—ক্রি. পরীক্ষা করা॥ কত যাগায়্ তহিদ্ কর্সি কিন্তু এমুন্ পাই নাই। [দেখ তহিদ্+করা]।

তহুর্=[নো]—বি. দুই ঋতুর মধ্যবর্তী সময়॥ তহুরের্ পন্র দিন্। [<তুহর طهر আং]।

তহোন্=[সি]—অব্য. <তখন॥

তহোম্=[ক]—বি. লুঙ্গি॥ [দেখ তঅমান্]।

তহ্নে=[ফ]—অব্য. <তখন॥ যহ্নে বাযানে বাড়ি থাহে না, তহ্নে আইও।

তহ্বন্=[ঢা,ম,নো,কুম]—বি. লুঙ্গি॥ [দেখ তঅমান্]।

তহ্মদ্=[চট্ট]—বি. লুঙ্গি কাপড়॥ [দেখ তহ্বন্]।

তহ্রি=[ঢা]—বি. কেরানীর মজুরী॥ খায়্নার্ লগে তহ্রি দিতে অয়্। [<তহ্রীর تحریر আং+ই]।

২=[ম]—বি. মাতব্বরী॥ শব্ যাগাত্ তহ্রি করিস্ না। [দেখ তকোব্বরি]।

তহ্রিমা বান্দা=[চট্ট]—ক্রি. নমাযের জন্য খাড়া হইয়া হাত বাঁধা॥ [দেখ তরিমা+বাঁধা]।

তা

তা=[সি]—অব্য. গুলি॥ আমার্ হগল্তাই গ্যাসে।

তাঅত্=[চট্ট]—অব্য. পর্যন্ত॥ অঁাই যাঅত্ ন আই, তাঅত্ তুই কোনু খাইত্ ন যাইস্। [<তাবৎ (<তদ্+বৎ)]।

তাঅরান্=[চট্ট]—ক্রি. বিশ্রাম করা, ঘাম দূর করা॥ কাযের্ ভিড়ে অঁাই তাঅরিত্ ন হারি। [<ঠহ্রান (তুং ঠহ্রানা হিং)]।

তাআনা=[চট্ট]—বি. টিটকারীমূলক তুলনা, খোটা ॥ তে অঁারে হিতার্ তাআনা কিল্লাই দিল্। [<ত'নঃ طعنة আং]।

তাই=[দি,রা]—বি. মাটির পাতিল ॥ তাইয়ে ছালোন্ আন্দে।

২=[সি]—সর্ব. সে (স্ত্রী) ॥ তাই কিতা করের্ ?

৩=[ব,রা]—সর্ব.তিনি ॥ তাই মানুশ্ খুব্ ভালো।

তাইগর্=[কুম]—সর্ব. তাহাদের ॥ তাইগর্ বারিত্ আর্ যাইতাম্ না। [<তাহা+গর=দের]।

তাইগে=[পা]—অব্য. সেইটি, ঐটি ॥ যা আন্তে কৈসি তাইগে আনো। [<তাহা+ই+গে]।

তাইগ্যা=[কুম]—বি. তাগা, সুতা ॥ কোঁঅরত্ তাইগ্যা বান্। [তাগা তুং তগ্গা হিং]।

তাইতা=[ম]—বি. রশি ॥ তাইতা দিয়া বেরা বান্দে। [<তাঁত (<তন্ত্রী সং)+ইয়া প্র.]।

তাইত্যা=[রা]—বি. রশি ॥ লোক্টা তাইত্যা পাকাইছে। [দেখ তাইতা]।

২=[কুম]—অস. ক্রি গরম হইয়া, রাগান্বিত হইয়া ॥ কতায়্ কতায়্ তাইন্ তাইত্যা উডেন্। [<তাত্ (<তপ্ত সং)+ইয়া প্র.]।

তাইত্তা=[ম]—বি. রশি ॥ তাইত্তা দিয়া বেরাত্ বান্ দ্যাও। [দেখ তাইত্যা]।

তাইদ্=[য]—বি. সাহায্য, প্রশ্রয় ॥ শে চে'ারের্ তাইদ্ দ্যায়্। [<তাঈ'দ تائيد আং]।

তাইন্=[সি]—সর্ব. তিনি (সাধারণতঃ স্ত্রী স্বামীকে এই বলিয়া সম্বোধন করে) ॥ তাইন্ আইয়্ বারিত্ নাই। [<তানি <তনি]।

২=[ঢা]—বি. আন্দাজ ॥ বাত্ খাও প্যাটের্ তাইন্ পাও না ? [<তা'য়ীন تعين আং]।

তাইন্ তাইন্=[সি]—সর্ব. তাঁহারা ॥ তাইন্ তাইন্ হামেশায়্ আম্রার্ খেতি করৈন্। [দেখ তাইন্]।

তাই পাইলা=[কুম]—বি. এক প্রকারের পাতিল ॥ তাই পাইলাডাত্ সালন্ডা রাহ। [দেখ তাই+পাতিল+আ]।

তাইবত্=[ম]—বিণ. সমস্ত ॥ তাইবত্ দান্ রৈদে দ্যাও। [<তাবৎ]।

তাইয়া=[বা]—সর্ব. উহার ॥ [দেখ তাই২+আ]।

২=[কুম]—বি. দরগা ॥ তাইয়াত্ যামু। [দেখ তাকিয়া]।

তাইরি=[ম]—বি. নাশতা ॥ চ'ল্ তাইরি খাইগ্যা।

তাইরে নাইরে কওয়া=[ম]—ক্রি. আবোলতাবোল বকা ॥ এত তাইরে নাইরে কও কিয়ারে ? [<তাইরে নাইরে (গানের গৎ)+কওয়া=কহা]'

তাইরো=[খু]—বি. সুন্দর বর্ণের পাখি বিশেষ ॥

তাইশা=[ম]—ক্রি. বিণ. তাড়াহুড়া, তম্বি ॥ পোলাপান্রে বেশি তাইশা করন্ বালা না। [দেখ তাইশানো]।

তাইশানো=[পা]—ক্রি. পিটুনি দেওয়া ॥ চে'ার্কে তাইশাও। [<ত্রাস+আনো প্র.]।

তাইশে=[য]—ক্রি. বিণ. স্বেচ্ছায় ॥ তাইশে দিলে আন্বি। [দেখ তাইশ্+এ (বিভক্তি)]।

তাইশ্=[ঢা]—বি. তৃষ্ণা, পিপাসা ॥ তাইশ্ না লাগ্লে পানি খাইস্ না। [<তিয়াশ (<তৃষ্ণা সং)]।

২=[সি,কুম]—বি. জ্বালা, অশান্তি, গরম ॥ তাইশ্ পর্দা ঐ গেসে। [অর্থ প্র.]।

তাইশ্কা=[ম]—সর্ব. অমুক ॥ তার্ বদ্নামি ফল্না তাইশ্কায়্ কয়্না কও খালি তুমি। [<তস্ (<তস্য সং)+কা প্র.]।

তাউ=[কু,ম,পা]—অব্য. <তবু ॥ বার্বার্ না কর্লাম্ তাউ গেলি।

২=[সি]—অব্য. তারপর ॥

তাউত্=[খু,সি]—বি. সেবা ॥ রোগির ভালভাবে তাউত্ করা উচি'ত্ (খু)। [<ত'আররুদ تعود আং]।

২=[ম]—বি. শান্তি, রোগমুক্তির পর স্বাস্থ্যলাভ ॥ এ্যাত ব্যারামের্ পরে তাউত্ ঐতে দেরি নাগ্বো। [<তাকত طاقت আং ; দেখ তাবুত্]।

তাউর্খা=[কুম]—বি. শালিকের মত পাখি বিশেষ ॥ তাউর্খা ডাইক্লে মেমান্ আইয়ে।

তাউল্যা=[ঢা]—বি. তালু, মাথার মধ্যবর্তী স্থান ॥ রৈদের্ ত্যায়ে তাউল্যা গরম্ ঐয়া যায়্। [<তালু সং+ইয়া]।

তাউল্কা=[কুম]—বি. মাথার তালু ॥ রৈদের্ চে'াটে মাথার্ তাউল্কাটা ফাইটা যাইত্যাসে। [দেখ তাউল্যা]।

তাউল্লা=[কুম,ঢা]—বি. চাঁদি, তালু ॥ মাথার্ তাউল্লাত্ এট্টু ত্যাল্ দে। [দেখ তাউল্যা]।

তাউল্লুয়া=[চট্ট]—বি. তালু ॥ ঠাংয়ের্ তাউল্লুয়াত্ কেঁড়া ফুট্টে। [দেখ তাউল্যা]।

তাউশি=[রং]—অব্য. পুনঃপুনঃ ॥ তাউশি এক্ কতা কবার্ নাগ্চিশ্। [<তবু সে]।

তাও=[ঢা]—অব্য. <তবুও ॥ কাপর্ আসে তাও কয়্ কাপর্ নাই।

২=[সি]—অব্য.<তাহা হইতে ॥ 'মার্ মত যি, তাও বারি নাতিন্ডি।'

৩=[কুম]—বি. ভাঁজ ॥ কাপর্ডা তাও কৈরা রাখ্। [<তও تو ফা.]।

৪=[ঢা]—বি. অগ্নিতাপ, অভিমান ॥ আগুন্ নাই তাও লাগ্ব কোইতে। [<তাপ]।

৫=[কুম, নো]—বি. বাতাস ॥ পাখা দিয়া তাও দ্যাও।

৬=[সি]—বি. সুবিধা ॥ তাওয়ে পাইয়া তারে মার্সো।

৭=[পা, কুম]—বি. গরুডার্ একদম্ তাও নাই। [দেখ তাও ; অর্থ প্র.]।

৮=[চট্ট]—বি. ছোট মেটে পাতিল ॥ তাওয়ে করি তর্কারি দ্যাও। [< তবা হিং]।

৯=[রা]—ক্রি. রসভর্তি কড়াই ॥ শাজের বেলা এই তাও নামতি পারে। [দেখ তাও]।

তাও উঠা=[ঢা]—ক্রি. গরম হওয়া ॥ তাওয়াডার্ তাও উঠ্সে। [দেখ তাও৪ +উঠা]।

তাও করা=[সি]—ক্রি. রাগ দেখানো ॥ অতো তাও করশ্ কিতা ? [দেখ তাও +করা]।

তাওত্তা=[ঢা]—বি. দড়ি ॥ তাও-ত্তা দিয়া বেরা বান্দ। [দেখ তাইতা]।

তাও দরা=[ঢা]—ক্রি. উড়িবার সময় পাখা নাড়াচাড়া না করা ॥ চি'ল্ডা তাও দৈর্যা রৈসে।

তাও দেওয়া=[বা]—ক্রি. গুটাইয়া রাখা ॥ বিসান্ডা তাও দিয়া রাক্। [দেখ তাও ৩+দেওয়া]।

তাওন=[কুম]—বি. তাঁতের সুতা ভিজাইবার মাড়ের পানি ॥

২=[চট্ট]—ক্রি. বি. মন্থন করিয়া চালুনির ছিদ্র দিয়া রস নিংড়াইয়া ফেলা ॥

তাওয়া=[পা]—বি. কাগজের তা ॥ দুই তাওয়া কাগয্ আন্। [দেখ তাও৩ +আ প্র.]।

২=[পা]—বি. ভাঁড় ॥ দুদের্ তাওয়া। [দেখ তাও ৮]।

৩=[পা]—বি. আগুন রাখার পাত্র ॥ আগুনের্ তাওয়াডা দ্যাও। [দেখ তাও ৮]।

৪=[কুম]—বি. শবে বরাত ॥ তাওয়ার্ দিন্ যামু।

৫=[খু]—বি. মাছ ধরার কুয়া ॥ চি'লে তাওয়ার্ মাস্ ধরি খায়্।

৬=[ঢা, কুম]—বি. পানিতে পরিষ্কার স্থান ॥ তাওয়ায়্ বরি হালাও।

৭=[ফ]—বি. নারিকেলের মালা ॥ তাওয়াদি হাতা বানায়্।

৮=[ব]—বি. ফাতেহা দোয়াদরুদের উৎসব ॥ তাওয়ায়্ রুটি মোহন্বোগ্ আইয়্ কাইল্ কেউ দেয়্ না।

তাওয়াই=[ম]—বি. ধ্বংস, বিনাশ ॥ তার্ শয়্শম্পত্তি বেবাক্ তাওয়াই ঐয়া গেল্। [<তবাহী تباهی ফা.]।

তাওয়ানো=[কুম]—ক্রি. অতি আগ্রহ-শীল হওয়া ॥ এত তাওয়াইলে কাম্ করা যায়্ না। [<তাও (তাপ সং)+ আনো প্র. ; নামধাতু ; অর্থ প্র.]।

২=[পা]—ক্রি. বি. রোদ বা আগুন পোহানো ॥ শিতের্ বিয়ানে আগুন্ তাওয়ানো আরাম্। [পূর্ব দেখ]।

৩=[ঢা]—ক্রি. সুযোগ খোজা ॥ অনেক্ দিন্ দৈর্যা তাওয়াইতাসি, কিন্তু কাম্ডা অয়্ না। [<তাকানো]।

তাওয়া পিডা=[ঢা]—বি. রুটির মত পাতলা পিঠা ॥ শবেবরাতের্ দিনে তাওয়া পিডা বানায়্। [দেখ তাওয়া৪ +পিঠা]।

তাওয়া পেচি'=[ঢা]—অব্য. আমতা আমতা ॥ তাওয়াপেচি' কৈর না, যা কওনের্ কৈয়া ফালাও। [<তোতলা +প্যাচ+ই প্র.]।

তাওয়াল=[রা]—বিণ. তেজী ॥ বলদ্ কুনা খুব্ তাওয়াল্। [<তাপ+আল প্র.]।

তাওঁরা=[রং]—সর্ব <তাহারা ॥ তাওঁরা শগল্ মোর্ শাতি।

তাওরানো=[কুম]—ক্রি. বি. মাথা ঘুরা ॥ যরের্ তাওয়ে মাতাড়া তাওরায়্।

তাওরাল=[ঢা]—বি. তলোয়ার ॥ [<তলবার সং ; তু ; তলবার تلوار ফা.]।

তাওলা=[ঢা]—বি. পুষ্করিণী ॥ আম্রা তাওলাত্ নাহাই। [< তালাব< تالاب ফা.]।

তাও লাগা=[পা]—ক্রি. ক্ষুধাবোধ করা ॥ প্যাটে তাও লাইগ্সে। [< তাপ লাগা ; অর্থ প্র.]।

তাওল=[রা]—বি. গরম রস ॥ আমাক এক্ হাতা তাওল্ দ্যাও। [তাও<তাপ+ল প্র.]।

তাওশি=[রা]—বি. ভাত নাড়িবার কাঠি বিশেষ ॥ [দেখ তপাশি]।

তাংকা=[রা]—বিণ. আশ্চর্য ॥ [< তাক<তর্ক সং+আ প্র.]।

তাংকু=[র]—বি. <তামাক ॥

তাংকুর=[ব]—বি. তামাক ॥ এক্ সিলিম্ তাংকুর্ খা। [<তামাক+র]।

তাংকে=[রা]—অব্য. জন্য ॥ কি তাংকে তোরা কথা কছ্ না ? [<তর্কে]।

তাংগরন, তাংগর=[কুম]— বি. অবসর ॥ আর্ তাংগরন্ নাই। [দেখ তাঅরান্]।

তাংগা=[র]—বি. পুল।

তাংগরন=[নো]—ক্রি. তাড়াতাড়ি করা ॥ তাংগুরি কোনু কাম্ করন্ বালা না।

তাংগর=[নো, কুম]—অব্য. তন্মুহূর্তে ॥

তাংরে=[ব]—অস. ক্রি. তুলিয়া ॥ কাপড়টা তাংরে রাখনি ক্যাঁয়্ ? [< টাঙ্গাইয়া]।

তাংশাং=[কুম]—বি. বাঁশের মাচা ॥ খলৈডা তাংশাং এর্ উপর্ রাক্।

তাঁই=[চট্ট]—সর্ব. তিনি ॥ তাঁই আরে পড়াইন্। [<তাইন(<তানি)]।

তাঁইত=[রা]—বি. ধনুকের গুণ ॥ চাম্ড়ার্ তাঁইত্ বেশি টিকে। [দেখ তাইতা]।

তাঁও=[চট্ট]—বি. তামাক ॥ এক্ কল্কি তাঁও পুরাও। [<তামাক]।

তাঁগ=[খু]—বি. ঘুনসি ॥ [<তাগা (<তগ্গু প্রাং)+ইপ্র.]।

তাঁতল=[রা]—বি. <তেঁতুল, টক-ফল ॥

তাঁতা=[নো]—বিণ. গরম ॥ তাঁতা-বাত্। [তত্ত প্রাং<তপ্ত সং]।

তাঁত্তুয়া=[চট্ট]—বি. বাচ্চা ॥ শিং মাসের্ তাঁত্তুয়া। [দেখ তাইতা ; অর্থ প্র.]।

তাঁয়ল=[রা]—বি. বাঁশের বাখারি ॥ তাঁয়লে হাত্ কাটে।

তাঁয়=[রং, দি]—সর্ব. তিনি, সে ॥ তাঁয় আমার শৌর্। [<তাইন(< তানি)]।

তাঁরাবাইন=[য]—বি. মাছ বিশেষ ॥ [<তারকা (দাগবিশিষ্ট)+বাইন]।

তাঁহা তাঁহা=[রা]—বিণ. অসহ্য তাপযুক্ত ॥ তাঁহাতাঁহা দিনেও ফকির্‌রা চুপ্ থাকে না। [<তাপ+আ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

তাঁহিশ=[রা]—বি. তাপ, জ্বালা ॥ তোর্ তাঁহিশে আর্ বাঁচি না। [< তপিশ্ تپش ফা.]।

তাঁহু=[দি]—অব্য. <তবুও ॥ হামি দেখে এনু, তাঁহু কও মিছা কথা ?

তাকর=[রং]—বি. বিষত প্রমাণ ॥ এক্ তাকর্ শুতা।

তাকা=[সি]—বি. <থাকা ॥ আমার্ আত লাঠি তাক্‌তে আমি তাক্‌মুনি ?

তাকাই=[সি, ফ]—বি. নিখোঁজ ॥ পুয়াডা তাকাই গেল্। [দেখ তাওয়াই]।

তাকাইত=[খু]—অব্য. পর্যন্ত ॥ [<তক হিং; লগায়েত (নাগাদ) শব্দের সাদৃশ্যে]।

তাকাতুকি=[সি]—ক্রি. বিণ. ইতস্তত: এদিক সেদিক ॥ পুয়াডা ডরে তাকাতুকি করের্। [<তাকা (< তাকানো)+তুকি (অনু:)]।

তাকাব্‌বরি=[কুম]—বি. বাহাদুরী ॥ ঐহানে বেশি তাকাব্‌বরি কৈর না। [দেখ তকোব্‌বরি]।

তাকারি=[চট্ট]—বি. <তরকারী ॥ তাকারি বালা ঐয়ে।

তাকাল=[ব]—বি. সতর্ক, তীক্ষ্ম দৃষ্টি সম্পন্ন ॥ লোক্‌টা বড় তাকাল্। [তাক্ (<তর্ক সং)+আল প্র.]।

তাকি=[ব]—অব্য. <থাকি, হইতে ॥ আমি বার্ তাকি আই।

তাকিদ=[ঢা, ম, কুম]—বিণ. তাড়না, বারবার বলা ॥ তারে এত তাকিদ্ কৈর‍্যাও কাম্‌ডা করান্ গেল্ না। [<তাকীদ تاکید আং]।

তাকিয়া=[চট্ট]—বি. বুজর্গ লোকের মাজার ॥ তাঁইন্ তাকিয়া যেয়ারত্ কর্‌তে গেসৈন্। [<তক্‌য়: تکیہ আং]।

তাকুত্তুকু=[সি]—ক্রি. বিণ. এদিক সেদিক, গড়িমসি ॥ শে তাকুতুকু কর্‌তাসে।

তাকো=[রং]—সর্ব. তাহা ॥ যাক চায়্, তাকো পায়্ না। [<তাহা+ক কর্ম বিভক্তি]।

তাক=[পা]—সর্ব. তাহা ॥ যাক্ চ'ায়্ তাক্ পায়্ না। [দেখ তাকো]।
২=[পা]—বি. প্রস্তুত প্রণালী ॥ শন্‌দেশ্ তৈরির্ তাক্ বালা যানা আসে। [<তাক (<তর্ক সং); অর্থ প্র.]।

তাক্‌কাল=[ঢা]—বি. খোঁজ, তীক্ষ্ন দৃষ্টি ॥ তাক্‌কালে থাইক্যা দেহিস্ হেয় কৈ যায়্। [দেখ তাকাল্]।

তাক্‌কাম=[চট্ট]—ক্রি. বিণ. অনর্গল ॥ ইট্ পোড়ার্ শময় তাক্‌কাম্ কয়লা মার্‌তে অয়্। [দেখ তাক্‌তামাদা]।

তাক্‌কি=[পা, কু]—অব্য. তাহা কি জানি ॥ তাক্‌কি ওরা বাড়ি যাবি কি না যাবি ? [দেখ তাক্‌কিন্]।

তাক্‌কেন=[রা, পা, কু]—অব্য. কি জানি, জানি না ॥ তাক্‌কেন্ গেল্ কোথায় ? [তা<তাহা+কি জানি]।

তাক্‌গনে=[পা]—সর্ব. তাহাকে ॥ শে তাক্‌গুনে পাঠায়্যা দিলো। [< (<তাহা)+ক+গণ+এ]।

তাক্‌তরম=[সি, ফ]—ক্রি. বিণ. শীঘ্র ॥ বিয়ার্ কাম্ তাক্‌তরম্ হওয়া উচি'ত্। [দেখ তাক্‌তামাদা]।

তাক্‌তামাদা=[য]—ক্রি. বিণ. শীঘ্র ॥ টাকা তাক্‌তামাদা দিয়া দ্যাও। [< তকদ্দুম: تقدم আং; তুং তকদ্দমহ্ উর্দু]।

তাক্‌দোম=[খু]—ক্রি. বিণ. সত্বর ॥ ব্যাব্‌শায়ে লোক্‌টা তাক্‌দোম্ উন্নতি কর্‌সে।

তাক্‌রা=[ব]—বি. নছিহত ॥ [< তক্‌রীর تقریر আং]।

তাক্‌শা=[সি]—বি. কোন কিছু রাখিবার কাঠের বা বাঁশের তৈরী আধার ॥

তাখ=[সি]—বিণ. বিস্মিত, অবাক ॥ তুমি তাখ্ লাগ্‌সো ক্যা। [<তাক্ (<তর্ক সং)]।

তাখ্‌রা তাখ্‌রা=[সি]—বিণ. খণ্ড খণ্ড ॥ কাপর্‌খান্ হাইর‍্যা তাখ্‌রা তাখ্‌রা করি লিসে। [<টুকরা টুকরা]।

তাগত=[প]—বি. শক্তি, বল ॥ [<তাকত্ طاقت আং]।

তাগদ=[খু, য]—বি. শক্তি, জোর ॥ তোমার্ উঠবার্ তাগদ্ নাই। [দেখ তাগত্]।

তাগরে=[কুম]—সর্ব. তাহাদিগকে। তাগরে বারি যাইতে ক। [তা (< তাহা)+গরে]।

তাগা=[ঢা, ম]—বি. সূতা, কালো সূতা ॥ কোমরে তাগা পিন্‌দে। [<তগ্‌গ প্রাং]।
২=[পা]—বি. তাবিজ, কবজ ॥ [অর্থপ্র.]।

তাগা করা=[খু]—ক্রি. দড়ি দ্বারা বাঁধা ॥ শাপে কামড়্ দিলে তাগা করা লাগে। [দেখ তাগা+করা]।

তাগাড়=[খু]—বি. পানি সেচার গর্ত ॥ [<তগার تغار ফা.]।

তাগাদা=[পা]—ক্রি. বিণ. খুব কাছা কাছি, পরপরই, শীঘ্রই ॥ আমি তাগাদাই তোমার্ ওখানে যামু। [< তকাযা تقاضا আং; অর্থ প্র.]।

তাগাদ=[কুম]—বি. শক্তি ॥ গায়ে তাগাদ্ নাই। [দেখ তাগত্]।

তাগান=[খু]—বি. খুনের লাশ ॥ রাস্‌তায় এ্যাক্‌টা তাগান্ পড়ে আসে।

তাগারা=[সি]—বি. বড় গামলা ॥ [দেখ তাগারি; বৃহদর্থে আ প্র.]।

তাগারি=[কুম]—বি. পিতলের গামলা ॥ বেয়ুন্‌ডা তাগারিত্ ডাইল্যা রাহ। [তগারী উর্দু<তগার تغار ফা.]।

২=[ম]—বি. বাসন ॥ তাগারিগুল্যা শাপ কৈরা হালাও। [অর্থ প্র.]।

তাগার্‌=[ঢা]—বি. বড় পাত্র বিশেষ ॥ তাগারে বাত্‌ নাই। [দেখ তাগারি]।

তাগি=[রা]—বি. মাছ মারার সরঞ্জাম বিশেষ ॥

২=[ম]—বি. ফিতা ॥ লাল্‌ তাগি। [দেখ তাগা+ই প্র.]।

তাগে=[খু]—সর্ব. তাহাদের ॥ [< তাহা+গো]।

তাগে তাগে=[ঢা]—ক্রি. বিণ. খোঁজে খোঁজে॥ তাগে তাগে থাইক্যা চে'র্‌ডা দরন্‌ লাগ্‌বো। [তাক (<তর্ক সং) +এ বিভক্তি+তাকে]।

তাগে বাগে থাকা=[য]—ক্রি. সন্ধানে থাকা ॥ তাগে বাগে থাকি দেখ্‌শে কি করে। [< তাকে+বাগে (অনুঃ) +থাকা]।

তাগেরা=[সি]—বি. বাসন পত্র ধৌত করিবার মাটির পাত্র ॥ তাগেরাডার্‌ দাম্‌ দুই টেহা। [দেখ তাগারা]।

তাগের্‌=[কুম, য]—সর্ব. তাহাদের ॥ তাগের্‌ বারিত্‌ যায়াম্‌। [<তাহা+গের বিভক্তি]।

তাগ্‌দা=[কুম]—বি. তাগাদা ॥ [দেখ তাগাদা]।

তাগ্‌রা=[ম]—বিণ. শক্তিশালী ॥ গুরাডা তাগ্‌রা। [<তগ্‌ড়া হিং]।

তাগ্‌রাই=[রং]—বিণ. তাজা, স্বাস্থ্যবান ॥ তাগ্‌রাই জোয়ান্‌। [দেখ তাগ্‌রা+আই প্র.]।

তাজিবা=[রং]—বি. আরব দেশীয় ঘোড়া ॥ [< তাযী تازی ফা.+আ প্র.]।

তাযল্‌লি=[নো]—বি. জ্যোতি, নূর ॥ [<তজল্‌লী تجلی আং]।

তাযামযা=[সি]—বিণ. সুস্বাদু ॥ মাস্‌গুইন্‌ তাযামযা না। [<তাযহ্‌ تازه মযহ্‌ مزه ফা.] ।

তাযিম্‌তয়ায্‌=[সি]—বি. ভদ্রতাসূচক ব্যবহার ॥ আম্‌রারে তারা খুব তাযিম্‌তয়ায্‌ কর্‌সে। [<তা'যীম تعظیم আং+তবায়ু' تواضع আং]।

তাযিয়া=[সি]—বি. শাস্তি ॥ এই দোশের্‌ লাই তা'যিয়া দেওন্‌ লাগ্‌ব। [<তা'যিয়ঃ تعزیه আং]।

তাযির্‌=[সি]—বি. শাস্তি ॥ [< তা'যীর تعزیر আং]।

তাযুদ্‌=[সি]—বি. তাহাজ্জুদের নামায ॥ [<তহজ্জুদ تهجد আং]।

তায়ুব্‌এনা=[নো]—অব্য. আশ্চর্যের বিষয় ॥ তায়ুব্‌এনা রহিম্‌ মাশে হাযার্‌ টেয়া বেতন্‌ পায়্‌। [< তঅ'জ্‌জুবানহ্‌ تعجبانه ফা.<আং]।

তায্‌কেরা=[নো, ঢা, কুম]—বি. আলোচনা ॥ [তযকির: تذکره আং]।

তায্‌য়ুক্‌=[চ]—ক্রি. বিণ. আশ্চর্য ॥ তর্‌ কতাডা হুইনা আমার্‌ তায্‌যুক লাগে। [দেখ তায্‌যুব্‌]।

তায্‌য়ুব্‌=[ঢা]—ক্রি. বিণ. আশ্চর্য ॥ [<তআ'জ্জুব্‌ تعجب আং]।

তায্‌রেবা=[সি]—বি. পরীক্ষা ॥ [< তজ্‌রবঃ تجربه আং]।

তাড়া=[য]—বি. ছোট মাদুর বিশেষ ॥ [<তাড় সং+আ প্র.]।

২=[কুম]—ক্রি. বি. (কাঁচা হাড়ি পাতিল) পিটান ॥ পাতিল্‌ তাড়া কম্‌ হলে টিকে না।

৩=[য, খু]—বি. লাঙ্গলের অংশ ॥ বিশেষ ॥ [অর্থ প্র.]।

তাড়ি=[খু]—বি. আঁটি ॥ শাকের্‌ তাড়ি। [তাড়+ই প্র.]

২=[রা]—বিণ. শিরোমণি ॥ বজ্‌জাতের্‌ তাড়ি। [অর্থ প্র.]।

তাঁড়ি পাতা=[য]—ক্রি. সুযোগ পাওয়া ॥ এই ব্যাপারে তারে তাড়ি পাত্‌তে দেব না।

তাড়িয়া=[দি]—বি. নিতম্ব, পাছা ॥

তাড়ে=[খু, য]—বি. এক প্রকার মাছ ॥

তাড়্‌=[রং]—বি. ঢেঁকির মুষলের অগ্রভাগের লৌহবলয় ॥

তাড়্‌কেল্‌=[খু য]—বি. গোসাপের শ্রেণী বিশেষ ॥

তাড়্‌যাল্‌=[খু, য]—বি. জাল বিশেষ ॥

তাতা=[রা]—বিণ. গরম ॥ তাতা ভাত্‌। [<তাত্‌ (<তপ্ত সং)+আ প্র.]।

তাতাইল্যা=[ঢা]—বিণ. বদমেজাজী, গরম ॥ তার্‌ বর তাতাইল্যা ম্যাযায্‌। [দেখ তাতা+ল+ইয়া প্র.]।

২=[কুম]—বিণ. যে হঠাৎ চটিয়া উঠে ॥ তুমি বর তাতাইল্যা মানুশ্‌।

তাতাল খোর্‌=[ঢা]—বিণ. রাগী ॥ তাতাল্‌খোর্‌পনা করিস্‌ না। [দেখ তাতা+ল প্র.+খোর خور ফা. প্র.]।

তাতি=[ব]—অব্য. <তাহাতে ॥ তাতি তাই এই কথা কৈল্‌।

তাতিল্‌=[সি.]—বি. ছুটি॥ মাদ্‌রাচা'র্‌ তাতিল্‌ ঐসেনি? [<তা'তীল تعطیل আং]।

তাতু=[ফ]—বি. দড়ি ॥ [<তন্তু সং]।

তাতুয়া=[রং]—বি. পাটের চিকণ রশি ॥ [দেখ তাতু ; তাত+উয়া প্র.]।

তাতো=[খু, য]—বি. পাটের সরু দড়ি ॥ বুড়ো তাতো কাট্‌তেসে। [দেখ তাতু]।

তাত্‌=[সি]—অব্য., ক্রি. বিণ. তখন ॥ তাত্‌ কৈলায়্‌ না কেন্‌? [<তা+ত]।

২=[সি]—অব্য. তাহাতে ॥ তাত্‌ কিতা? [দেখ তাতি]।

৩=[বা]—বিণ. শক্ত ॥ [<তাকত طاقت আং]।

৪=[খু]—বি.<তাপ ॥ তার্‌ হাতে তাত্‌ লাগিসে।

তাত্‌তা=[রং]—বি. এক প্রকার আগাছা ॥

তাত্‌তুন্‌=[চট্ট]—অব্য. তাহার চেয়ে ॥ ইবা তাত্‌তুন্‌ বালা। [< তাহার+তুন=হইতে]।

২=[চট্ট]—অব্য. তাহার নিকট ॥ আঁই তাত্‌তুন্‌ টেঁয়া পাইয়ুম্‌।

তাত্‌তে=[চট্ট]—অব্য. তাহার নিকট হইতে ॥ তাত্‌তে টঁ্যায়া লৈ যাবার যা । [<তাহার+তে=হইতে] ।
২=[চট্ট]—অব্য. তাহাদের মধ্যে ॥ তাত্‌তে গেয়ান্ বড় কম্ ।
৩=[চট্ট]—অব্য. তাহার কাছে ॥ তাত্‌তে যেকানে চ'ায় হিয়ান্ দি দে ।
তাত্‌ত্যা=[ফ]—বি. সূতা, রশি ॥ এ্যাক্ পোয়া তাত্‌ত্যায় গুরুনি উড়ান্ যায় না । [দেখ তাইত্যা] ।
তাত্‌রশ্=[খু]—বি. গরম রস ॥ তাত্‌রশ্ খাইলে পেট্ গরম্ হয় । [দেখ তাতা+রস] ।
তাত্‌রাংগি=[সি]—বি. প্রস্রাব সংক্রান্ত রোগ বিশেষ ॥
তাত্‌লাম্=[ম]—বি. মুখে মুখে তর্ক ॥ মুহে মুহে তাত্‌লাম্ করার্ শাস্তি পাস্ কৈথনে? [<তোতলা+ম প্র. ; অর্থ প্র.] ।
তাদাম্=[বা, ফ]—বিণ. তামাম, সমস্ত ॥ তাদাম্ লোক্ এ্যাক্ পক্‌কে । [<তমাম تمام আং] ।
তাদারুক্=[সি]—বি. তদন্ত ॥ দারোগা মামলা তাদারুক্ করত্যাসৈন্ । [<তদারুক تدارک আং] ।
তাদ্‌দি=[চট্ট]—অব্য. তাহাকে দিয়া ॥ তাদ্‌দি আর্ কন্ উব্‌গার্ ন ঐব । [< তাহা < তাহাকে+দিয়া] ।
তাদ্‌দুনা=[চট্ট]—ক্রি. বিণ. তাহার দ্বিগুণ ॥ তুই যে দুয়া পাইয়ে তে তাদ্‌দুনা পাই গেইয়ে । [<তাহার+দুনা] ।
তাদ্‌দুয়া=[চট্ট]—ক্রি. বিণ. তাহার দ্বিগুণ ॥ তুই যে দুয়া পাইঅস্ অঁাই তাদ্‌দুয়া পাই গেইয়ে । [দেখ তাদ্‌দুনা] ।
তানবর্=[রা]—বি., বিণ. মাতব্বর, ধনী ॥ [<তালি'ব্‌র طالع ور আং+ফা.] ।
তানা=[কুম]—বিণ. দৈর্ঘ্য ॥ এই শারিডা তানায় কোম্ । [হি ; অর্থ প্র.] ।
২=[ঢা, খু, য]—বি. কাপড় তৈরীর দৈর্ঘ্যের সূতা ॥ তানায় তারাতারি মাযন্ দে । [পূর্বে দেখ] ।
তানা নানা=[ম]—বিণ. ক্লান্ত ॥ রৈদে পোলাডা তানানানা ঐয়া গেসে । [অনু.] ।
তানারার্=[সি] সর্ব তাহাদের ॥ [<তা (তাহা)+না+রার=দের (সম্বন্ধে)] ।
তানি=[ম]—অব্য. তারপর ॥ তানি অয় উমাগে বাগ্ কৈর‍্যা দিলো ।
২=[নো]—বি., বিণ. জোড়া ॥
৩=[কুম]—সর্ব. <তিনি, সে ॥ তানির্ দয়ায় বাইচ'্যা আসি ।
তানে=[রং]—অব্য. জন্য ॥ কির্‌তানে আল্‌ছিশ্?
তানেউ=[সি]—সর্ব. তাহাকে ॥ এই কামর্ লাগিত তানেউ কৈসিলাম্ । [<তা <তাহা+ন+এ (বিভক্তি)+ও] ।
তান্=[সি]—সর্ব. তাহার ॥ তান্ নাম্ কিতা? [<তা(<তাহা)+ন] ।
২=[কুম]—সর্ব. <তিনি ॥ তান্ এই কতাডা কৈস্থইন্ ।
৩=[রা]—বি. খেয়াল ॥ তুই শুধু ঐ এক্ তানেই থাক্ । [মৌলিক অর্থ সুরের আলাপ ; অর্থ প্র.] ।
তান্‌কালি=[সি]—বি. স্তব্ধ ॥ চ'র্ মারি তান্‌কালি করি লাইসে ।
তান্‌কিন্=[রা]—বিণ. মজবুত ॥ এটা তান্‌কিন্ কাজ্ না । [<তম্‌কীন تمکین আং] ।
তান্‌ডব্=[ম]—বি. ঝঞ্ঝাট ॥ বর তান্‌ডবে আসি । [<তাণ্ডব] ।
তান্‌ডা=[নো]—বি. অভাব ॥ [দেখ তান্‌ডব্ ; তাণ্ড+আ প্র.] ।
২=[কুম]—সর্ব. তাহারা ॥ তান্‌ডা কৈ গেসে? [দেখ তান্২+রা] ।
তান্‌তা=[কুম]—সর্ব. তাহারা ॥ [দেখ তান্২+তা] ।
তান্‌তানর্=[সি]—সর্ব. তাঁহাদের ॥ [দেখ তান্‌তান্] ।
তান্‌তান্=[ম]—ক্রি. বিণ. তাহা হইলে ॥
তান্‌তালি=[ম]—ক্রি. বিণ. তাহা হইলে ॥ তান্‌তালি এই কতাডাই । মান্‌লাম্ । [দেখ তান্+তাহা হইলে] ।
তান্‌দা=[ঢা]—ক্রি. বিণ. ধাঁধা ॥ কথাডা হুইনা আমার্ তান্‌দা লাইগ্যা গেসে । [<ধান্দা (<দ্বন্দ্ব সং)] ।
২=[ঢা]—বি. ভাবনা, গভীর চিন্তা ॥ তুই কিয়ের্ তান্‌দায় থাকস্? [অর্থ প্র.] ।
তান্‌দারি=[পা]—বি. ফাতেহা খানি ॥ [<ত'আম طعام আং+দারী داری ফা. প্র.] ।
তান্‌দ্‌রা=[খু]—ক্রি. বিণ. অবাক ॥ এ কান্ড দেখি আমিত তান্‌দ্‌রা ঐলাম্ । [দেখ তান্‌দা+রা প্র.] ।
তান্‌দ্‌রি=[কুম]—ক্রি. বিণ. কান-তালা ॥ শিংহের্ ডাকে কানে তান্‌দ্‌রি লাগে নি? [দেখ তান্‌দা+রি প্র.] ।
তান্‌না=[ঢা, ফ]—বি. উপদ্রব, বিরক্ত ॥ সাওয়াল্‌ডা মায়েরে বর তান্‌না করে ॥ [<তাড়না] ।
তান্‌নি=[ম]—বি. চোটপাট, গর্ব ॥ কয় ট্যাহা কামাই কৈর‍্যা এ্যাত তান্‌নি কর্‌তাস? [দেখ তন্‌হি] ।
২=[সি]—বি. মাচান বাঁধার বাঁশ ॥ তান্‌নির্ লাইগ্যা বালা বাশ্ আইন । [ঠনি হিং] ।
তান্‌নিশ্=[সি]—বি. ঠাট্টা, বিদ্রূপ ॥ তাইন্ আমার্ এ ব্যাপারে তান্‌নিশ দিলাইন্ । [তা'ন্ তশ্‌নী' طعن تشنیع আং] ।
তান্‌বান্=[রা]—বি. আড়ম্বর ॥ জত্ কের্ বিয়ে তার্ আবার্ তান্‌বান্ দেখ । [< তন্‌তনা হিং<তন্‌তন: طنطنه আং] ।
তাপর্‌থৈ=[কু]—বি. ছুটাছুটি ॥ শারাদিন্ এত তাপর্‌থৈ কর ক্যা?
তাপা=[কুম]—বি. রুটি সেঁকার পাত্র ॥ [দেখ তাওয়া২] ।
২=[কুম]—বি. গরুর পায়ে ও মুখে ঘা হওয়া, রোগ বিশেষ ॥ গরুর্ তাপার্ ব্যামো ঐসে ।

তাপাতে=[চা]—ক্রি. বিণ. তারপর।। খাওয়া শ্যাশ্ ঐলে তাপাতে বারিত যামু। [< তা+বা'দ بعد আং+এ বিভক্তি দেখ তাবাদে]।

তাপাত্=[কুম]—ক্রি. বিণ. দূর।। লোক্টারে তাপাত্ কৈর‍্যা দ্যাও। [দেখ তবাত্]।

তাপানো=[কু]—ক্রি. পোহানো।। আগুন্ তাপাও। [তাপ+আনো প্র.]।

তাপাল্=[ফ]—বি. বিপদ, ঝাপটা।। তাপাল্ কাইট্যা গেলে খবর্ দিমু। [দেখ তফালে]।

২=[রা, কুম]—বি. টিনের বড় পাত্র।। তাপালত্ করি দান্ শিদ্দ করে (কুম)? [দেখ তাপা+ল প্র.]।

৩=[বা]—বি. চুলা, উনান।। তাপালে বশি যাল্ দ্যাও। [<তাপ+আল প্র.]।

তাপ্=[রং]—বি. জোর, প্রভাব।। তার্ তাপে শকল্ মাইন্শে কাপে। [অর্থ প্র.]।

তাপ্তা=[চা]—বিণ. গরম।। তাপ্তা বাত্। [<তপ্ত]।

তাপ্তিশ্=[খু]—বি. খোঁজ।। চো'র্টার্ তাপ্তিশ্ কৈরা দেখ। [< তফ্তীশ تفتیش আং]।

তাপ্ন্যা=[পা]—বি. আগুন রাখার মাটির গর্ত।। মঠে তামু খেতে হলে তপ্ন্যা খুর্তি অয়্। [<তাপ+আন+ইয়া প্র.]।

তাপ্পর্=[সি]—বি. চড়।। এক তাপ্পরে ওর দাত্ বাইংতাম্। [< থাপ্পড়]।

তাপ্পান্=[রং]—বি. আম।। মাল্দহের্ তাপ্পান্ খুব্ শরশ্।

তাফাই=[সি]—বি. নিখোঁজ।। যিনিশ্টা তাফাই ঐ গেল্ কৈ? [< তফার্ত تفاوت আং=দূরত্ব; অর্থ প্র.]।

তাফাই করিয়া=[খু]—অস. ক্রি. সরাইয়া, দূর করিয়া। খারাপ্ লোক্রে তাফাই করি দ্যাও। [দেখ তাফাই+করিয়া]

তাফাত্=[খু]—অব্য. পর্যন্ত।। এই তাফাত্ বৈয়ের্ পড়া দিলাম্। [দেখ তবাত্; তমাইত্]।

২=[কুম]—বি. দূর।। [দেখ তবাত্]।

তাফানো=[ম]—ক্রি. পোহানো।। যারের্ দিনের্ বিহানে আগুন্ তাফাই। [দেখ তাপানো]।

তাফাল্=[পা]—বি. ঝঞ্ঝাট, ঝামেলা।। [দেখ তাপাল্]।

২=[কুম]—বি. উঁচু ঢেউ।। [অর্থ প্র.]

৩=[চা, ফ,]—বি. ধান সিদ্ধ করার বা ইক্ষুরস জাল দেওয়ার বড় চুল্লী।। করাইডা তাফালে চ'পাইয়া দ্যাও। [দেখ তাপাল্ ২]।

৪=[চা, পা]—বি. ঝাঁজ, তাপ, গুমট।। গাও দিয়া হমানে তাফাল্ ছুট্সে। [দেখ তাপ্+আল প্র.]।

তাবদ্=[পা]—বিণ. সমস্ত।। তাবদ্ দিন্ খাইট্যা পাইলাম্ দ্যার্ ট্যাহা। [দেখ তাবত্]।

তাবা=[চট্ট]—বি. ধান সিদ্ধ করিবার চওড়া মুখওয়ালা টিনের আধার বিশেষ।। [দেখ তাপা]।

তাবাই=[বা]—বি. ধ্বংস।। যরিতে বারিগর্ তাবাই ঐল্। [দেখ তফাই করা]।

তাবাইল্যা=[চট্ট]—বিণ. বয়স্ক, যৌন প্রবৃত্তির তাড়নায় উদ্দাম।। তাবাইল্যা পোয়ারে বিয়া করাও। [দেখ তাফাল্৪ +ইয়া. প্র]।

তাবাদে=[পা, ম]—অব্য. তারপর।। তাবাদে কি ঐলো? [<তার+বা'দ بعد আং+এ (বিভক্তি); দেখ তাপাতে, তার্ বাআদে]।

তাবারুক্=[সি, ব]—বি. প্রসাদ।। আয়মির্ শরিফের্ তাবারুক্। [< তবারুক تبارک আং]।

তাবাল্=[চট্ট]—বি. যৌবনের উত্তেজনা।। [দেখ তাফাল্ ৪; অর্থ প্র.]।

২=[রা]—বি. তেজ।। গরুটার্ তাবাল্ আছে ভালো। [অর্থ প্র.]।

তাবিয্=[পা, নো]—বি. অলঙ্কার বিশেষ।। তাবিয্টায় বারো আনা শুনা লাগ্সে। [<তা'বীয تعویذ আং; অর্থ প্র.]।

তাবির্=[চট্ট, কুম]—বি. স্বপ্নের অর্থ।। তার্ খোয়াবের্ তাবির্ গরি দে। [< তা'বীর تعبیر আং]।

তাবিল্=[চট্ট]—বি. জাল বুনিবার যন্ত্র।। [দেখ তপিল্]।

তাবুত্=[পা]—বিণ. সমস্ত।। [দেখ তাবদ্]।

২=[বা]—বি. অনুভব শক্তি, বোধ শক্তি।। যারের লাইগ্যা আতে তাবুদ্ পাইনা। [<তাকত طاقت আং; অর্থ প্র.]।

তাবে=[কুম, নো]—ক্রি. বিণ. প্রভাবে, অধীন।। আমি শাবের্ তাবে শারা গাঁও কাপে। [<তাবি' تابع আং]।

তাবেদারি=[রা]—বি. ফাতেহাখানি বা তদুপলক্ষে মিলাদ।। দাদার্ তাবেদারিতে বহু ট্যাকা খরচ্ হয়্ছে। [দেখ তান্দারি]।

তাবোত্=[খু]—বিণ. সব, সকল।। 'তাবোত্ মশায়্ যুক্তি করে টেনে তোলে মশারি' (পাগলা কানাই)। [দেখ তাবদ্]।

তাবোদ্=[পা, কু]—বিণ. মোট, সব।। তাবোদ্ যিনিশ্ পচ'্যা নশ্ট হয়্যা গেল্। [দেখ তাবোত্]।

তাবোল্=[খু]—বি. মাছের গর্ত।।

তাব্গি=[সি]—বি. কচুরি পানা।।

তাব্বাশ্=[রা]—বি. ঝাঁঝরি, চামচ।। [দেখ তাম্বকুশা]।

তাব্রাতাব্রি=[নো]—বি. মারামারি, ঝগড়াঝাটি।। তোমরা তাব্রাতাব্রি কৈর না। [<থাবড়া (<থাপ্পড়) +থাবড়ি]।

তামা=[ফ]—বি. তামাশা ।। তুমরা তামা দেইখ্যা যাও । [<তামাশা ।। تماشا আং] ।

তামাইত্‌=[রা]—অব্য. পর্যন্ত ।। এই তামাইত্‌ কাম্‌ কর । [দেখ তমাইত্‌, তবাত্‌] ।

তামাও=[রং]—বি. বদনা ।। তামাও করে অজুর্‌ পানি দ্যাও । [<তামাত <তামাপত্ত<তাম্রপাত্র] ।

তামাকুর্‌=[রং]—বি. <তামাক ।।

তামাক্‌=[কুম]—বিণ. সকল ।। তুমিই কি তামাক্‌ বাত্‌ খাইব্যা ? [<তমাম تمام আং+ক] ।

২=[রং]—সর্ব. তাহাকে ।। তামাক্‌ এই কথা কৈশ্‌ । [< তায়াক< তাহাক] ।

তামাক্‌টি=[কুম]—বিণ. সবগুলি ।। [দেখ তামাক্‌+টি] ।

তামাচা=[রা]—বি. হাত দ্বারা আঘাত ।। এক্‌ তামাচা মার্‌বু । [< তমাচহ হিং <তমাঁচহ طمانچه ফা.] ।

তামাতি=[বা, খু]—অব্য. পর্যন্ত ।। আর্‌ কোন্‌ তামাতি পরা ? [দেখ তামাইত্‌] ।

তামাতোমা=[কুম]—বি. কাণ্ড কারখানা ।। তুমি কি তামাতোমা শুরু কর্‌লা ? [তুম্‌তরাক্‌ طمطراق ফা.; দেখ তাম্‌তরংগ] ।

তামাত্‌=[খু]—অব্য. পর্যন্ত ।। তুই কোন্‌ তামাত্‌ যাবি ? [দেখ তামাইত্‌ তামাতি] ।

তামাদারি=[কুম]—বি. সেবা শুশ্রূষা ।। বাপ্‌ মার্‌ তামাদারি কর্‌ । [দেখ তাবে +দারী داری ফা. প্র.] ।

তামানি=[কুম]—বি. এক প্রকার পিঠা ।।

তামান্‌=[রং]—সর্ব. তাহাদের ।। তামান্‌ বাড়িত্‌ মুই জাইম্‌ ।

২=[চা, দি]—বিণ. সমস্ত, সকল, পূর্ণ ।। তামান্‌ দিন্‌ কৈ গেসিলি ? [দেখ তামাক্‌] ।

তামান্‌ডি=[কুম, ম]—বিণ. সবগুলি ।। তামান্‌ডি বাত্‌ খাই ফালা । [দেখ তামান্‌+টি] ।

তামান্‌ত=[কুম]—ক্রি.বিণ. সমস্ত, শেষ পর্যন্ত ।। আম্‌নের্‌ লাই তামান্‌ত দিন্‌ দৈর্‌য়া বৈ রৈসি । [দেখ তামান্‌+ত] ।

তামান্‌তি=[কুম]—বিণ. সবগুলি ।। তামান্‌তি বাত্‌ এ্যাকুলাই খাইলি ? [দেখ তামান্‌ডি] ।

তামান্‌ নাজিত্‌=[রা]—বি. চারিদিক ।। তামান্‌ নাজিত্‌ খুইজাও পাইলাম্‌ না । [দেখ তামান্‌+নয্‌দীক نزدیک ফা.] ।

তামারি=[চা, সি]—বি. তামার তৈরী পাত্র বিশেষ ।। তামারিত্‌ বাত্‌ রান্‌দে । [<তামা (<তাম্র) +রি <হাঁড়ি ; দেখ তাম্‌হাড়ি] ।

তামার্‌=[রং]—সর্ব. তাহার ।। তামার্‌ ব্যাটা পাওয়া গেইছে । [<তাহার ; আমার, তোমার সাদৃশ্য] ।

তামার্‌চি'=[কুম]—বি. বাদ্য বিশেষ ।। তামার্‌চি'ডা হেতে যবর্‌ বালা বাযাই-তারে । [<তবল طبل আং+চি প্র.] ।

তামাল্‌=[রা]—বি. বাঁশের পাতলা বেত ।। তামাল্‌ দিয়ে চাটি বাধো ।

২=[সি]—বি. গাছ বিশেষ, তমাল ।।

তামাশ্‌গিরি=[ব]—বি. আলাপ ।। বেশি তামাশ্‌গিরি ভাল না । [<তামশ (দেখ তামা)+গীরী گیری ফা.] ।

তামিচ'া=[পা]—বি. চাপড় ।। এক্‌কু তামিচ'ায়্‌ শোযা কর্‌মু । [দেখ তামা] ।

তামিয়া=[রং]—বি. মাগুর মাছ ।। এই বিলে খুব্‌ তামিয়া পড়িচে ।

তামিশ্‌গিরি=[কুম]—বিণ. কথায় আছে কাজে নাই এমন, মিল দিয়া যে কথা বলে ।। বেশি তামিশ্‌গিরি অওন্‌ বালা না । [দেখ তামাশ্‌ গিরি] ।

তামিশ্‌গির্‌=[চা,কুম,ম]—বি. ভীড়, জনতার সমাবেশ ।। এ্যাহানে এত মাইন্‌-শের্‌ তামিশ্‌গির্‌ ক্যান্‌ ? [দেখ তামাশ্‌ গিরি] ।

তামিশ্‌দার্‌=[কুম]—বি. আপোষ-কারী, মিশুক ।। [দেখ তামা+দার دار ফা. প্র.] ।

তামুক্‌=[চা,রা,কু]—বি.<তামাক ।। এক্‌ সিলুম্‌ তামুক্‌ খাও (চা) ।

তামুচ'=[দি]—বি. <চামচ ।। তামুচ্‌ দিয়া চায়ে চিনি দ্যাও ।

তামেচ'া=[সি]—বি. চপেটাঘাত ।। [দেখ তামাচ'া] ।

তামেশ্‌গির্‌=[ম]-বি. যাহারা তামাশা দেখিতে জড় হইয়াছে ।। [দেখ তামিশ্‌ গির্‌] ।

তামোন্‌=[দি]—বিণ. সমস্ত ।। তামোন্‌ ছালোন্‌ খাঁলু কে ? [দেখ তামান্‌] ।

তাম্‌=[সি]—বি. খাদ্য ।। ইট্টু তাম্‌ খাইয়া লন্‌ । [<ত'আম طعام আং] ।

তাম্‌কু=[রা]—বি. <তামাক ।।

তাম্‌চ'া=[পা]—বি. চপেটাঘাত ।।

তাম্‌চ'াইয়া=[সি]—অস. ক্রি. চড় মারিয়া ।। তাম্‌চ'াইয়া গাল্‌ ফাডাইলাম্‌ । [দেখ তাম্‌চ'া + ইয়া অস. ক্রি. বিভক্তি] ।

তাম্‌তরংগ=[রা]—বি. পীড়াপীড়ি ।। বেশি তাম্‌তরংগ কৈর না । [দেখ তামা-তোমা, তাম্‌তরক্‌ ; অর্থ প্র.] ।

তাম্‌তরক্‌=[খু]—বি. তল্পিতল্পা ।। তাম্‌তরক্‌ লৈয়া যাও কৈ ? [দেখ তাম্‌তরংগ] ।

তাম্‌দারি=[ব,রা]—বি. মৃত ব্যক্তির কল্যাণার্থে ভোজ ।। অনেকে মা বাপের্‌ তাম্‌দারিতে অনেক্‌ টাকা খরচ্‌ করে (রা) । [দেখ তান্‌দারি] ।

২=[রা]—বি. বিরাট ভোজে যাহারা খাদ্য বিতরণ করে ।। [অর্থ প্র.] ।

তাম্‌বকশ্‌=[রং]—বি. চ্যাপ্টা বড় হাতা বিশেষ ।। তাম্‌বকশ্‌ দিয়া ভাত্‌ তুলে । [দেখ তাব্‌বাশ্‌] ।

তাম্‌বলি=[রং]—বি. দাসী, যাহারা পান সাজায় ও যোগায় ।। রানির্‌ বহুত্‌ তাম্‌বলি আছে । [<তাম্বূল সং+ ই প্র.] ।

তাম্‌বেশ্‌=[কুম]—বি. ছিদ্রযুক্ত চামচ ।। তাম্‌বশ্‌ দিয়া লার্‌ । [দেখ তাব্‌বাশ্‌] ।

তাম্‌বো=[সি]—বি. তামা ॥ তাম্‌বার্ ড্যাগ্ । [<তম্ব প্রাং<তাম্র সং] ।

তাম্‌বাগাশ্‌=[রং]—বি. বড় চামচ ॥ তাম্‌বাগাশ্ দিয়া ভাত্ খশাও । [দেখ তাব্‌বাশ্] ।

তাম্‌বাশ্‌=[পা, ম, ঢা]—বি. বড় চামচ ॥ [দেখ তাব্‌বাশ্] ।

তাম্‌বি=[ফ]—বি. দেখাশোনা ॥ তোমাগো তাম্‌বি করে কেডা ? [দেখ তন্‌হি] ।

২=[চট্ট, পা]—বি. শাসন, সতর্ক ॥ ছিতারে ইয়ার্ লাই বৌত্ তাম্‌বি কৈর্‌গে । [দেখ তন্‌হি] ।

তাম্‌বু=[কুম]—বি. সূর্য, সময় ॥ তাম্‌বু ডুব্‌সে নিরে ?

তাম্‌বুরা=[কুম]—বি. সূর্য ॥ তাম্‌বুরা না উঠ্‌তে আইচ' ।

তাম্‌বুশা=[ম]—বি. চামচ ॥ শাহেব্‌রা তাম্‌বুশা দিয়া বাত্ খায় । [দেখ তাব্‌বাশ্] ।

তাম্‌রি=[কুম]—বিণ., বি. তামাটে, তামার রং ॥ রৈদে যৈল্‌লা তাম্‌রি ঐসে । [তামা (তাম্র সং)+রি প্র.] ।

তাম্‌লি=[পা]—বি. স্বর্ণকার ॥ [<তাম (<তাম্র সং)+লি প্র,] ।

২=[নো]—বি. তাগাদা, পালন, মান্য ॥ তাম্‌লি ন কৈর্‌লে কাম্ ঐত ন । [দেখ তন্‌হি] ।

৩=[ব]—বি. সুদখোর, বখিল ॥ তাম্‌লি পাই পয়্‌শার্ ইশাব্ করে । [অর্থ প্র.] ।

তাম্‌শা=[ঢা, পা]—বি. তামাশা, কৌতুক ॥ খারাইয়া কি তাম্‌শা দেখশ্ ? [দেখ তামা] ।

তাম্‌হাড়ি=[রা]—বি বড় ডেকচি ॥ বিহার্ শময়্ তাম্‌হাড়ি লাগে । [দেখ তামারি] ।

তায়া=[নো]—বি. তালু ॥ তর্ আতের্ তায়াত্ কি লাইগ্‌সে । [<তালু+আ প্র.] ।

তায়ানত্ করা=[পা]—ক্রি. ঠিক করা ॥ কি করি কিস্সুই তায়ানত্ কর্‌তে পার্‌সিনা । [<তা'য়্যুনাৎ تعينات আং+করা] ।

তায়ারি=[কুম, সি, পা]—বি. খিচুড়ি ॥ ডাইলে চ'াইলে তায়ারি রান্দ । [দেখ তাইরি] ।

তায়ি=[বা]—সর্ব. সে ॥ তায়ি কথা কৈল্ । [<তায়িঁ<তানি=তিনি] ।

তায়েযাত্=[সি]—বি. শৃঙ্খলা ॥ যিনিশ্‌গুলা তায়েযাত্ করি লাও । [দেখ তায়্‌দাদ্] ।

তায়েন্=[ঢা]—বি. হিসাব, মনোযোগ ॥ তায়েন্ কৈরা দেখ্ কোনহানে বুল্ ঐল্ নাকি । [<তা'য়ুন تعين আং] ।

তায়্যান্=[রা]—বি. বিবেচনা ॥ তায়্যান্ করে কথা বলিশ্ । [দেখ তায়েন্] ।

তায়্‌গির্=[খু]—ক্রি. বিণ. তফাত, দূর ॥ এই মুর্‌তে এখান্ থাকে তায়্‌গির্ হও । [দেখ তবাত্+গির<গীর گير ফা.] ।

তায়্ তাম্‌শা=[ফ]—বি. রঙ্গরস, ভঙ্গি ॥ তর্ তায়্‌তাম্‌শা আমার্ বালা লাগে না । [তায়(অনুঃ)+দেখ তামা] ।

তায়্‌তায়্=[কু]—ক্রি. বিণ. অনতিবিলম্বে, গরম গরম ॥ তায়্ তায়্ এ কায্ না কর্‌লে আর্ হয়ে ওঠে না ।

তায়্‌দাদ্=[ম]—বি. নির্ণয়, আন্দাজ ॥ তায়্‌দাদ্ কৈর্‌যা দ্যাহ কতোডি অয় । [<তা'দাদ تعداد আং] ।

তায়্‌দের্=[দি]—সর্ব. <তাহাদের ॥ তায়্‌দের্ ছোট ছাওয়া বে করিল্ ।

তায়্‌য়ো=[রং]—বিণ. সেই, ঐ ॥ ত্যার আনা দিয়া মাছ্ আনুলু তায়্‌য়ো হৈল্ শড়া । [<তাই+ও] ।

তায়্‌রা=[পা, কু]—বি. হুঁশ, জ্ঞান, দক্ষতা ॥ বুড়া ব্যাটার্ তায়্‌রা নাই ।

তারপ্=[চট্ট]—বি. বড় চেরাগ ॥ তারপ্‌উয়া যালাই আন্ ।

তারা=[কু, চট্ট]—বি. বোঝা ॥ এই বিলত্ মোডে দশ্‌তারা দান্ ঐয়ে । [<তাড়া (<তার সং)] ।

২=[সি]—বি. ডাংগুলি খেলা ॥

৩=[সি]—ক্রি. বিণ. ঘন ॥ গাস্ অত তারা রুইও না । [<তাড়া(<ত্বরা সং)] ।

৪=[চট্ট]—বি. সুগন্ধযুক্ত বন্য গাছ বিশেষ ॥

৫=[বা]—বি. হাতের তালু ॥ হাতের্ তারায়্ লও ॥ [< তালা < তালু] ।

তারাগি=[বা]—বি. বড় পাত্র ॥ তারাগিতে কাচ'া রশ্ যাল্ দেয়্ ।

তারাগুলি=[সি]—বি. একপ্রকার খেলা ॥ [দেখ তারা২+গুলি] ।

তারাযু=[বা]—বি. দাঁড়িপাল্লা ॥ চ'াল্ মাপার্ তারাযুটা আন্ । [<তরাযু ترازو ফা.] ।

তারাত্‌তুন্=[চট্ট]—অব্য. তাহাদের হইতে ॥ তারাত্‌তুন্ কিস্সু ন পাইবা । [<তাহারা+তন=হইতে] ।

তারাত্‌তে=[চট্ট]—অব্য. তাহাদের মধ্যে ॥ তারাততে অকৃগুয়া কালা মানুশ্ নাই । [<তাহারা+র (সম্বন্ধে) +থেকে<থেকে<থাকিয়া] ।

তারাদ্‌দি=[চট্ট]—অব্য. <তাহাদের দিয়া ॥ তারাদ্‌দি কন্ কাম্ ঐব ।

তারানো=[রং]—ক্রি. ধার দেওয়া ॥ কাটারিটা তারিয়ে আন্ । [<ধারানো ; ধার+আনো প্র. ; নামধাতু] ।

তারাবন্=[খু]—বি. ঝোপ ঝাড় ॥ 'এই দেয়্‌লাম্ এই নাই, তারাবনে বাগ্ নাই ।'

তারা বাইং=[ঢা]—বি. ছোট বাইন মাছ ॥ [তারার ন্যায় দাগবিশিষ্ট বাইন মাছ] ।

তারা বাতি=[বা]—বি. ফুলঝুরি, তুবড়ি ॥ [<(<তারকা) +বাতি ॥ (<বর্তিকা)] ।

তারাভুরো=[খু]—বি. ব্যস্ততা । [=তাড়া হুড়া] ।

তারারে=[কুম, চট্ট]—সর্ব. তাহাদিগকে ॥ তারারে কৈও আইত । [< তাহাদের] ।

তারার=[কুম]—সর্ব. তাহাদের ॥ তারার্ দ্যাশে যায়াম্। [<তাহাদের]।

তারাশি=[খু]—বি. ধান সিদ্ধ করিবার বড় পাতিল ॥

২=[রা]=বি. খেজুরের রস জ্বাল দিবার জন্য বিশেষ ধরণের মাটির পাত্র ॥

তারাহার =[পা]—বি. কোমরে ব্যবহৃত রূপার অলঙ্কার বিশেষ ॥ [<তারক+হার]।

তারাহু=[বা]—ক্রি.বিণ. খুব জোরে ॥ চু'লায় তারাহু যাল্ লাগাও। [<তাড়া হুড়া]।

তারি=[পা,নো]—বি. পেটমোটা ও সরু মুখওয়ালা পত্র ॥

২ =[রং]—বি.মূল বা প্রধান ব্যাক্তি ॥ এনিই কামের্ তারি। [অর্থ প্র.]।

৩=[রা]—বি. খেযুরের বা তালের রস ॥ [<তাড়ি <তাড় (<তাল সং) +ই প্র.]।

৪ =[কুম]—বি. খিচুড়ি ॥ [দেখ তাইরি]।

তারিকির=[ব]—সর্ব. তাহাদের ॥ তারিকির্ হুকুম্ পাই বাচি' গেলু।

তারি দেওয়া=[কুম]—ক্রি.. খেজুর গাছে কলসি বাঁধা। [দেখ তারি+দেওয়া]।

তারু=[সি]—বি. ভাতের চামচ ॥

তারুর তারুর=[সি]—ক্রি. বিণ. বড় আরামের সহিত ॥ ঠাইশ্যা খাওনের্ পর্ তারুর্ তারুর্ হাট্তাসে। [অনু.]।

তারে=[চা]—অব্য. <তারপরে ॥ তারে কি ঐল্ ?

তারেনারে পদের=[রা]—বিণ. আলসে, অকেজো ॥ লোক্টা তারেনারে পদের্। [<তারেনারে (অনু.)+পদ (মর্যাদা)]।

তারো=[রা]—বি. পাখি বিশেষ ॥

তারোদিন=[কুম]—বি. গত পরশু বা আগামী পরশুর যথাক্রমে আগের বা পরের দিন ॥ শে তারোদিন্ আশ্বে। [দেখ তারে]।

তারোনাচ'া=[ব,খু]—বিণ. অস্থির ॥ লোক্টা তারোনাচ'া ঐসে। [<তারা +নাচা]।

তার=[স]—বি. আলকাতরা ॥ [tar ইং]।

২ =[চট্ট,কুম]—বি. বাহুতে ব্যবহার্য চাঁদির বাজুবন্দ ॥ হাততৃ তার্ ন দিলেও চ'লে। [<তার ; অর্থ প্র.]।

৩ =[সি]—বি. প্রতিযোগিতা ॥

তারকাতা=[ফ]—বি. ছোট লোহা, তারকাঁটা ॥ [<তার কাঁটা]।

তারকারি=[সি]—বি. <তরকারী, শাকসব্জী ॥

তারকানো=[খু]—বিণ. বাঁকা ॥ তক্তাখানা রৈদে রাখনে তার্কানো যারা গেসে। [<টেরা (<তির্যক সং)+কোন+আ প্র.]।

তারখুর=[চা]—বি. কচি তালের বীজের নরম শাঁস ॥ তার্খুর্ খাইতে মযা। [<তাল+কুড়(<কুড়ন)]।

তারগরে=[নো]—সর্ব. তাহাদিগকে ॥ তার্গরে শব্ মাল্মাত্তা বাগ্ করি দিয়ের্। [<তার (তাহার)+গরে (দিগকে)]।

তারগে=[য]—সর্ব. তাহাদের ॥ তার্গে মদ্দি সোট্যোন্ ভাল। [< তাহার<গে]।

তারগো=[রা]=সর্ব. তাহাদের ॥ তার্গো বাড়িত্ জাবু। [<তাহার+গো]।

তারঘোর বিচে=[রা]—অব্য. তাহাদের মধ্যে, তন্মধ্যে ॥ তার্ঘোর বিচে ছোট্কা ভাল। [তার+গোর=দের +বিচ হিং+এ (বিভক্তি)।

তারতনে=[চা]—অব্য. তাহার নিকট হইতে, তাহার চেয়ে ॥ তার্তনে তাই বর। [<তাহার+তণে=হইতে]।

তারতারি=[খু]—বি. ঢেঁকির মুষলে ব্যবহৃত লোহ বলয় ॥ ঢেকির্ মোনায় তার্তারি না হলি ধান্ বানা যায় না।

তারতার=[চা]—ক্রি.বিণ. তাড়াহুড়া ॥ তার্তার্ কৈর‍্যা কোনু কাম্ অয় না। [<তাড়াতাড়ি]।

তারতারি=[রং]—বি. কানের কুণ্ডলাকার অলঙ্কার বিশেষ।

তারনাত=[পা]—বি. আন্দাজ, অনুমান ॥ [দেখ তায়নত্ করা]।

তারবসতে=[চট্ট, কুম]—অব্য. তারপর ॥ তার্বস্তে আই আইয়ুম্। [<তাহার+পশ্চাতে]।

তারবাআদে=[চট্ট]—অব্য. তারপর ॥ তার্বাআদে কি ঐল্ ? [<তাহার+বা'দ بعد আং+এ (বিভক্তি) ; দেখ তাবাদে]।

তারমেল=[রা]—বি. অলঙ্কার বিশেষ ॥

তারহর=[নো]—অব্য. <তারপর ॥ তার্হর্ কৈ যাইবি ?

তারহাডা=[নো]—বি. <তারকাঁটা, ছোট লোহা ॥ [দেখ তার্কাডা]।

তালং=[খু]—বিণ. পাতলা ॥ তালং কাপড়্।

তালা=[দি,ব]—বি. মাটি ও বাঁশেরতৈর ঘরের ছাদ ॥ [<তল সং+আ প্র.]।

২=[বা]—বি. পরিধি, ব্যাস ॥ গাসটা তালায় পা'চ্ আত্।

তালাই=[পা, বা]—বি. চাটাই ॥ তালাই ট্যাহায় কয়ডা ?

তা লাগা=[রা]—ক্রি. উত্তেজিত হওয়া ॥ উচিত্ কথা বল্লে তা লাগে। [<তাপ+লাগা]।

তালাখালা=[কুম]—বি. কাজের উপর কাজ ॥ এ্যাত তালাখালা বালা লাগে না। [<তালা<তাল+আ প্র.+ জ্বালা]।

তালাতালি=[নো]-বি. প্রতিযোগিতা ॥ তালাতালি কৈর‍্যা কাম্ডা শ্যাশ্ কর। [<তাল+আ প্র.+তালি]।

২=[সি]— বি. বিবাদ বাধাইবার ষড়যন্ত্র ॥ চে'ারাগোর্ তালাতালি লাগানোই কাম্। [অর্থপ্র.]।

তালানালা=[ম]—বি. সাহায্য ॥ তারে কিসু তালানালা দ্যাও। [অনু.]।

তালাপি=[ম]—বি. সেবা ॥ ব্যারামিডার্ তালাপি কৈর। [<তলাফী تلافی আং]।

তালাপোত্=[পা]—ক্রি. তসবিহ পাঠ ॥ কয়শো তালাপোত্ করিচ'ও? [<তিলাব্ত تلاوت আঃ]।

তালাপ্=[ম, ঢা]—বি. পুকুর ॥ তালাপে অনেক্ মাস্ আসে। [< তালাব تالاب ফা.]।

তালাফি=[কুম]—বি. সেবা, যত্ন ॥ বালা কৈর্যা তালাফি কৈর। [দেখ তালাপি]।

তালা মারা=[খু]—ক্রি. চুপ করা ॥ চে'চা'শ্নে তালা মারি থাক্। [<তালা +মারা]।

তালাম্=[রা]—বিণ. সব ॥ [দেখ তামান্]।

তালায়্=[রা]—বি. দরমা, পাটি ॥ তারা তালায় দিয়ে ঘর্ বাধে ॥

তালাশি=[চট্ট]—বি. ডাল খুঁটনি ॥

তালি=[কুম]—বি. উস্কানি, কুপরামর্শ ॥ সেরাডার্ তালিতে সেরিডা নশ্ট ঐল্। [<তাল সং+ই প্র.]।

২=[চট্ট]—বি. গরু মহিষ প্রভৃতির লড়াই ॥ দুই গরুএ তালি লাগি গেল্ গৈ।

৩=[পা, ম]—অব্য. তবে ॥ তালি ওখানে যাবি? [<তাহা হইলে]।

তালি দেওয়া=[কুম]—ক্রি. একজনের কথা অন্যজনকে বলিয়া ঝগড়া বাঁধানো ॥ হেরা খালি তালি দিয়া দিয়া দরবারডা অতটুক্ গরাইসে [দেখ তালি+দেওয়া]।

তালিবালি=[ফ]—ক্রি. বিণ. ফাঁকি দিবার চেষ্টা ॥ তালিবালি কর্লে বাল ঐত না। [দেখ তালি+বালি (অনুঃ)]।

তালিমালি=[সি]—বি. মুরুব্বিয়ানা ॥ তুই আর্ তালিমালি করিস্ না বা। [দেখ তালি +মালি (অনুঃ)]।

২=[ম, চট্ট]—বি. ফাঁকিঝুকি ॥ তুমার্ তালিমালি আর্ শয্য অয়্ না। [অর্থ প্র.]।

তালিম্=[পা]—বিণ. চালাক, চতুর ॥ ঘোড়াটা খুব্ তালিম্। [দেখ তালিম আলিম; সংক্ষ.]।

তালিম্ আলিম্=[কুম]—বি. শিক্ষার্থী, মাদ্রাসার ছাত্র ॥ [<তালিব-উল-'ইল্ম طالب العلم আঃ]।

তালিম্খানা=[কুম]—বি. পাঠশালা ॥ চে'ংরারে তালিম্খানাত্ পাঠাও। [< তা'লীম تعليم আঃ+খানহ্ خانه ফা.]।

তালুক্ পাওয়া=[ম]—ক্রি. বড় লোক হওয়া ॥ তুমি কি তালুক্ পাইলা নাকি? [<তালুক (<তা'ল্লুক تعلق আঃ)+পাওয়া]।

তালেযালে=[কুম]—ক্রি. বিণ. মনোযোগ সহকারে ॥ তালেযালে কাম্টা শেশ্ কৈরা ফালাও। [<তাল+এ ঝাল+এ (বিভক্তি)]।

তালেবর্=[কুম, নো]—বি. ঐশ্বর্য-শালী ॥ [<তালি' طالع আঃ+ بر বর ফা.]।

তালেবা=[সি]—বি. ছাত্র ॥ আমার্ বারিত্ এ্যাক্ তালেবা থাহে। [দেখ তালিম্ আলিম্]।

তালেমান্=[খু]—বি. ধনাঢ্য ॥ লোক্টা খুব তালেমান্। [দেখ তালেবর্]।

তালের্ বারা=[কুম]—বি. তালের বিচি ॥ তালের্ বারা খুব্ শক্ত।

তালের্ লেপা=[নো]—বি. কাঁচা তালের শাঁশ ॥ তালের্ লেপা খাইতে মযা।

তাল্=[চট্ট]—বি. গোলমাল ॥ এত তাল্ হৈল্ কেনে? [অর্থ প্র.]।

২=[বা]—বি. সময় ॥ ঐ লোহের্ তাল্ দরা তোমার্ কাম্ না। [অর্থ প্র.; মূল অর্থ গানের তাল]।

৩=[কুম]—বি. উস্কানি ॥ মাইন্শের তালে নাচি'স্ না। [অর্থ প্র.]

৪=[র]—বি. বৃদ্ধাঙ্গুলি ও মধ্যমার মাঝের প্রসার পরিমাণ ॥ [তালু]।

তাল্ করা=[পা]—ক্রি. আবদার করা ॥ [দেখ তাল্+করা ॥

তাল্কা=[কুম]—বি. মাথার তালু ॥ ননিবাবুর্ তাল্কাতে চু'ল্ নাই। [< তালু+কা প্র.]।

তাল্কিন্=[খু, য]—বি. মুরীদ, দীক্ষা ॥ 'বেমুরিদ্ বেতাল্কিন্ দুনিয়ার্ ঝুটো'—গাযির গান। [<তলকীন تلقين আঃ]।

তাল্কুর্=[রা]—বি. তালের আঁটির শাঁস ॥ [দেখ তাল্খুর্]।

তাল্গুলা=[ব]—বি. কণ্ঠনালির ঘা ॥ লোক্টার্ তাল্গুলা হৈসে।

তাল্চে'চা'=[ফ]—বি. কুলি পাখি, এক প্রকার পাখি ॥

তাল্টুকা=[সি]—ক্রি. ঝগড়ার ইন্ধন জোগানো ॥ আল্গা থাকি তাল্ টুকাও কিতা? [দেখ তাল্৩+ঠুকা]।

তাল্ত=[চট্ট]—বি. তালৈতুত, ভাইয়ের শ্যালক বা ভগ্নীর দেবর ॥ হিতে আঁর্ তাল্ত ভাই। [দেখ তালৈ+তুত]।

তাল্ত বাই=[নো]—বি. তালৈর পুত্র ॥ তাল্ত বাই বেড়াইতে যাইবেন্-নি? [দেখ তাল্ত+ভাই]।

তাল্দম্ লাগা=[ঢা]—ক্রি. খুব আমোদ প্রমোদ হওয়া ॥ বিয়া বারি কেমুন্ তাল্দম্ লাগায়। [তলাতুম طلاطم আঃ=হৈ চৈ, শোরগোল+লাগা]।

তাল্ দরা=[কুম]—ক্রি. স্থির থাকা ॥ তুমি যে তাল্দরি রৈলা। [<তাল+ধরা]।

তাল্না=[সি]—বি. খোঁটা, কোন দোষ স্মরণ করাইয়া দেওয়া ॥ আর্ তাল্না দিবার্ কাম্ নাই। [<তাড়না]॥

তাল্পাচ'চা'=[ফ]—বি. একপ্রকার ঘাস ॥ তাল্পাচ'চা' গাশ্ বেশি বড় অয়্না।

তাল্ফেলা=[পা]—ক্রি. সশব্দে প্রহার করা ॥ [<তাল (সং)+ ফেলা]।

তাল্বাইগুন্=[নো]—বি. তাল-বেগুন ॥ [<তাল+বেগুন]।

তাল্বালিম্=[সি]—বি. মাদ্রাসার ছাত্র ॥ আমি তাল্বালিম্ পাইলে যাগা দিমু। [দেখ তালিম্ আলিম্]।

তাল্বাল্=[চা]—বি. নম্রতা, কোমলতা ॥ এর্ কতার্ কোনু তাল্বাল্ নাই। [<তাল সং+বাল (অনুঃ)]।

তাল্বিদ্দ্যা=[বা]—বি. ডিগবাজী॥

তাল্বিরি=[বা]—বি. মাথা মাটিতে রাখিয়া উল্টাইয়া পড়া॥ সেলেটা তালবিরি দিয়া ব্যাথা পাইসে।

তাল্বিলাম্=[ম]—বি ছাত্র, শিক্ষার্থী॥ তাল্বিলামের্ কদর্ শব্ যায়্গাই। [দেখ তালিম্ আলিম্]।

তাল্বিলিম্=[রা]—বি. মাদ্রাসার ছাত্র॥ তাল্বিলিম্টা আমাদের্ বাড়ি থাকে। [দেখ তালিম্ আলিম্]।

তাল্বেলেম্=[খু, য]—বি. বিদ্যার্থী, যে বিদ্যা বা এলেম অন্বেষণে রত॥ [দেখ তালিম্ আলিম্]।

তাল্বোম্=[চা]—বি. হুঁশ জ্ঞান॥ তর্ এক্কেলে তাল্বোম্ নাই। [<তাল সং+ফহম্ فهم আং]।

তাল্মাল্=[ম]—বি. হিসাব নিকাশ॥ তাল্মাল্ ঠিক্ কৈরা শংশার্ কৈর। [<তাল সং+মাল (অনুঃ)]।

তাল্মিতাই=[চা]—বি. তালদ্বারা প্রস্তুত গুড়॥ তাল্মিতাই চা'ল্ গুরা-দিয়া খাইতে খুব বালা। [<তাল+মিঠাই<মিঠ্ (<মিষ্ট)+আই প্র.]।

তাল্মুগর্=[খু, য]—বি. একপ্রকার ধান॥

তাল্লত্=[চট্ট]—অব্য. তাহার সঙ্গে॥ তাল্লত্ আঁই যাইঅম্ ক্যা? [<তাহার+লগ (<লগ্ন)+ত]।

তাল্লয়ে=[চট্ট]—অব্য. তাহার সঙ্গে॥ আঁই তাল্লয়ে ন যাইয়ুম্। [<তাহার লগে]।

তাল্লা—[নো]—বি. একপ্রকার মাছ। তাল্লা মাস্ খাইতে হোয়াদ্।

২=[নো]—বি. তালু॥ তোর্ আতের্ তাল্লা কি হাক্সে। [< তাল্ (<তালু)+উয়া প্র.]।

তাল্লাই=[চট্ট]—অব্য. তাহার লাগি॥ তাল্লাই আঁই বিয়া ঠিক্ কৈয্যি। [<তাহার লাগি]।

তাল্লাট্=[ব]—বি. অঞ্চল॥ ওকান্ এক্টি লোকৈ তাল্লাটের্ মদ্দে নাই। [<তল্লাট]।

তাশন্=[কুম]—ক্রি. ঘামা॥ হাত্টা তাইশা গেসে।

তাশানো=[পা]—ক্রি. জব্দ করা, শাস্তি দেওয়া॥ তাকে আস্সা কৈরা তাশেয়েসি। [<ঠাসানো]।

তাশির্=[রা]—বি. কোন জিনিসের হাবভাব, ঢং॥ বাচ্চা গরুর্ তাশির্ দেখে বুজা জায় ভবিশ্যতে কেমন্ হবে। [<তা'সীর تأثیر আং]।

তাশ্কা=[সি]—বি. কোন কিছু রাখিবার বাঁশের বা কাঠের তৈরী আধার॥

২=[পা]—বি. অপরের সাক্ষ্য॥ আমি ওশব্ ফলানা তাশ্কা মানি না॥

তাশ্কি=[রা]—সর্ব. অমুক॥ তোর্ তাশ্কির্ কাছে গিছিলি?

তাশ্বি=[চট্ট]—বি. তাগিদ॥ খায়্নার্ তাশ্বি দিয়ে।

তাশ্মার্=[রং]—সর্ব. তাহাদের॥ তাশ্মার্ বাড়ি জাও। [<তা সব্বার ম. বাং=তা সবার]।

তাশ্শি=[চট্ট]—বি. মেটে চিলুমচি॥ [<তশশি<তশত طشت ফা.]।

তাসারি=[কুম]—বি. চিলুমচি। [<তস্ (দেখ তশ্সি)+আরি প্র.]।

তাসির্=[য, সি]—বি. কৌশল॥ [দেখ তাশির্]।

২=[কুম, ঢা]—বি. গুণ, ফল॥ দেখি, এই অশুদ্ডার্ কি তাসির্ অয়্? [দেখ তাশির্]।

৩=[চা]—বি. ঢং, রকম॥ হের্ চ'লনের্ তাসির্ বালা না। [অর্থ প্র]।

তাসির্ অওয়া=[কুম]—ক্রি. শায়েস্তা হওয়া॥ লাডির্ বারি না খাইলে তাসির্ ঐত না। [দেখ তাশির্+হওয়া]।

তাসির্ করা=[চট্ট]—বি. প্রভাবাণ্বিত করা॥ আঁর্ কতায় হিতারে্ তাসির্ ন কৈর্গে। [দেখ তাশির্+করা]।

তাসিল্=[বা]—বি. পরিচর্যা, সেবা॥ রোগির্ তাসিল্ কর। [<তসল্লী تسلی আং]।

তাস্লিম্=[চা, কুম, নো]—বি. সমর্থন॥ [<তসলীম تسلیم আং]।

তাহাত্=[দি]—অব্য. <তাহাতে॥ তাহাত্ শে চলে গেল।

তাহাবাযি=[চা]—বি. অতিরিক্ত পরিশ্রম॥ এই দুর্দিনে তাহাবাযি না কর্লে বাচ'ন্ যায়্ না। [<জাঁবাযি <জানবাযী جانبازی ফা.]।

তাহালি মাহালি=[ম]-বি. ইতস্তত:, দ্বিধা॥ তাহালি মাহালি করলে কি ঐবো যা কওনের্ কৈয়া ফালা। [< তাহা হইলে+মাহালি (অনুঃ)]।

তাহি=[ম]—সর্ব. তাহাকে॥ ট্যাকাডা তাহি দে। [<তাহা+এ (বিভক্তি)]।

তাহিলে=[দি]—ক্রি. বিণ. <তাহা হইলে॥ তুই জদি জাইশ্ তাহিলে মুই জাম্।

তাহ্হত্=[চা,ফ]—বি. পরিশ্রম॥ বেশি তাহত্ কর্লে শৈল্ বাইংগা যায়্। [দেখ তাহেত্; অর্থপ্র.]।

তাহেরি=[ম]—বি. বাবুগিরি॥ এত তাহেরি বালা না। [দেখ তাকোব্বরি]।

তাহেত্=[রা]—বি. সেবা॥ অর্ তাহেত্ আমিই করেছি। [তওকীত توقیت আং]।

তাহোত্=[ম]—অব্য. <তাইতো॥ তাহোত্ শে কাইন্দা মরে।

তাহ্বন্দ্=[কু]—বি. লুঙ্গি॥ [দেখ তঅবান্]।

তি

তি=[চট্ট]—অব্য. নিকটে ॥ তুই আর্ তি থিঅ। [<ঠি=ঠাঁই]।

২=[চট্ট]—বি. <তিসি ॥ তির তেল্।

তিই=[চট্ট]—বি. <তিসি ॥ তিইর্ তাল্।

তিংকা=[ঢা]—বি. কাঠি ॥ দাত খিলানের্ তিংকা। [<তিন্(<তৃণ সং)+কা প্র. ; তুং তিন্কা হিং]।

তিকিশ্শা=[কুম]-বি. <চিকিৎসা ॥

তিকিল্=[কুম]—বিণ. ছোট, নগণ্য ॥ মুরগির বাচ্'চ'াটা খুব তিকিল্।

তিকির্শা=[কুম]--বি. <চিকিৎসা ॥

তিক্=[ঢা]—ক্রি. বিণ. শক্ত ॥ মন্ তিক্ বাইন্দা কাম্ কর। [< ঠিক]।

২=[সি]—বি. লবন ॥ তিক্ লাগাইয়া আদ্ খাও। [<তীক্ষ্ণ সং; অর্থ প্র.]।

তিক্ক=[বা]—বি. জেদ ॥ কথার্ তিকক্ বলি আমি হেখানে যাই না। [<তিতিক্ষা ; অর্থ প্র.]।

তিক্কা=[ব]—বি. লজ্জা, শরম ॥ তোর্ এক্দম্ তিক্কা নাই। [দেখ তিক্কা ; অর্থ প্র.]।

তিক্কে=[খু]—বি. প্রতিজ্ঞা ॥ তিক্কে করে যাই। [দেখ তিক্ক ; অর্থ প্র.]।

তিক্খিন্=[খু]—বি. চরম প্রতিজ্ঞা ॥ তার্ তিক্খিন্ শে রাখ্তে পারেনি। [দেখ তিক্ক+ইন প্র.]।

২=[খু]—বি. প্রতীক্ষা ॥ তুমি কার্ তিক্খিন্ করস। [দেখ তিক্কে+ইন প্র.]।

তিক্তান্=[রং]—ক্রি. বিরক্ত করা ॥ ছাওয়াটা বড় তিক্তায়্। [<ত্যক্ত+আন ; নামধাতু]।

তিখা=[সি]—বি. লবন ॥ তর্কারিতে তিখা দ্যাও। [দেখ তিক্ ২+আ প্র.]।

২=[ঢা]—বি. ঘৃনা ॥ সেলেটার্ বড় তিখা। [<তিতিক্ষা সং ; অর্থ প্র.]।

তিখারি=[রা]—বি. অবহেলা ॥ তুই হামক্ তিখারি করিশ্ ক্যান্। [দেখ তিখা ১+আরি প্র.]।

তিগিশ্শা=[ফ]—বি. <চিকিৎসা ॥ ট্যাহা না ঐলে কি দিয়া তিগিশ্শা করুম্।

তিগ্দা=[ম]—বিণ. একগুঁয়ে ॥ তুমি এক্যন্ তিগ্দা।

তিগ্রানো=[রা]—ক্রি. বার বার বলা ॥ তিগ্রাইলে কথা শুন্তে ভালা লাগে না। [তাগড়া+নো প্র. ; অথবা তেওড়ানো]।

তিচ'াইয়া=[সি]—বিণ. একাদি ক্রমে তিনবার চাষ করা হইয়াছে এমন ॥ এই যমিন্ডা তিচ'াইয়া [<তিন+চাষিয়া (চাষ+ইয়া)]।

তিচ'ালিয়া=[সি]—বিণ. প্রৌঢ় ॥ তানি তি চ'ালিয়া বয়শে মারা গেসৈন্। [তি<ত্রি সং+হাল+ইয়া প্র.]।

তিড়ি তিড়ি করা=[য]—ক্রি. প্রতিশোধ গ্রহণের সুযোগ খোঁজা ॥ [অনু.]।

তিতা—[ম]—বি. উচ্ছে ॥ তিতা বালা তর্কারি। [<তিতা+<তিক্ত +আ. প্র.]।

২=[পা]—বি. খয়ের ॥ তিতার্ শ্যার্ কত? [অর্থ প্র.]।

তিতাকরি=[ম]—বিণ. তিক্ত ॥ সালুন্ডা তিতাকরি লাগে। [দেখ তিতা +কড়ি<কলি]।

তিতা করলা=[চট্ট]—বি. উচ্ছে ॥ [দেখ তিতা+করলা]।

তিতা যহর্=[চট্ট]—বিণ. বেশী তিতা ॥ অশুদ্ডা তিতা যহর্। [দেখ তিতা+যহর زهر ফা.]।

তিতানি=[খু]—বি. চেলামাছ বিশেষ॥

তিতা মাহর্=[দি]—বিণ. অতিশয় তিক্ত ॥ করলাগুলা তিতা মাহর্। [দেখ তিতা+মাকার<মাকাল (ফল বিশেষ)]।

তিতাম্বা=[সি]—বি. অবাক ॥ আমি তিতাম্বা ঐ গেসি।

তিতারি=[বা]—বি. শ্বশুর প্রদত্ত নববধূর নূতন শাড়ি ॥

তি তি=[বা]—অব্য. মোরগ মুরগী ডাকার সঙ্কেত ॥ আয় তিতি আয় কুরা খাই যা। [ধ্বন্যা.]।

২=[চট্ট সি]—অব্য. গরু মহিষকে ফিরাইবার ডাক ॥

তিতিঅ=[চট্ট]—বি. <তৃতীয় ॥ হিডা ইতার্ তিতিঅ বিয়া।

তিতিযাম্=[ম]—বি. কালো জাম ॥ তিতিযামের্ দাগ্তো উঠে না। [< তিতি (দেখ তিতা)+জাম]।

তিতি ডোগা=[কুম, নো]—বি. এক-প্রকার শাক ॥ তাগ পুইর এই মোডা মোডা তিতি ডোগা ঐ রৈসে। [তিতি ডগা]।

তিতি পরা=[ম]—ক্রি. কাপড়ে কাল দাগ পড়া ॥ শাদা শাট্ তিতি পৈরা নাশ্। [তিতি, চিতি (<চিত্রক সং)]।

তিতিশ্গিরি=[য]—বি. বিরক্তি ॥ অভাবে আমার্ তিতিশ্গিরি দরেসে। [<তিতিক্ষা+গীর گیر ফা.+ ই প্র.]।

তিতুনি=[নো]—বি. ক্ষুদ্র মাছ বিশেষ ॥ তিতুনি খায়্ কে?

তিতে=[পা]—বিণ. বিস্বাদ, চুকা ॥ লবন্ বেশি পৈর‍্যা সালোন্ তিতে হয়ে গেসে। [<তিতা<তিক্ত+এ প্র.]।

তিতেগ্গিরে=[খু]—বিণ. অসহ্য ॥ আমি তিতেগ্গিরে হয়ে পড়েসি। [দেখ তিতিশ্গিরি]।

তিতে বেহায়া=[পা]--বিণ. নির্লজ্জ। লোক্টা বড় তিতে বেহায়া। [দেখ তিতে+বে بے ফা.+হয়া' حيا আং]।

তিতো=[রা]—বি. খয়ের ।। পান্ দিয়ে তিতো খায় । [দেখ তিতা$_2$] ।

তিত্=[চা]—বিণ. একেবারে ছোট ।। তিত্পুডি খাইতে তিতা লাগে । [<তিক্ত] ।

তিত্করা=[চা]—বিণ. একেবারে ছোট বা কচি ।। আম্গুলি এক্কেলে তিত্করা । [দেখ তিতাকরি] ।

তিত্ করোল্=[ফ]—বি. একপ্রকার তিক্ত অখাদ্য ফল ।। [দেখ তিতা করলা] ।

তিত্ কল্লা=[কুম]—বি. করলা ।। তিত্কল্লা রান্দ । [দেখ তিতা করলা] ।

তিত্কুটি=[নো]—ক্রি. বিণ. একটু একটু তিতা ।। খিরাটা তিত্কুটি লাগে । [দেখ তিত্+কুটি (দেখ তিতা করি)] ।

তিত্কোল্=[য]—বিণ. তিক্ত, তিতা ।। তিত্কোল্ অশুদ্ । [< তিতক<তিক্তক+ল প্র.] ।

তিত্খেলা=[চট্]—বি. খেজুরের বিচি দিয়া দ্বীপাঞ্চলের খেলা বিশেষ ।।

তিত্ পুটি=[চা]—বি. ছোট মাছ, একপ্রকার পুঁটিমাছ ।। [দেখ তিত্+পুঁটি (<প্রোষ্ঠি সং)] ।

তিত্ ফরিং=[ম]—বি. সামান্য পতঙ্গ ।। এমন্ তিত্ ফরিং এও এই কাম্ যানে । [দেখ তিত্পুটি ; তিত্ +ফড়িং (<পতঙ্গ সং)] ।

তিত্ফিনা=[সি]—বি. এক প্রকার ছোট গাছ ।।

তিত্ বাখর্=[পা]—বি. এক প্রকার গাছ ।। তিত্ বাখর্ গাস্ দেখ্তে বেগুন্ গাসের্ মত ।

তিত্ বেগুন্=[খু]—বি. ছোট তিক্ত বেগুন ।। তিত্বেগুন্ খাইলে খোয়্ শারে ।

তিনা=[কু]—বি. তিন (ডাণ্ডাগুলি খেলায়) ।।

তিন্কা=[সি]—বি. সামান্য অংশ ।। ই আমার্ এক্ তিন্কাও তোমারে দিতাম্ নায় । [<তিন্(<তৃণ সং)+ কা প্র. ; তিন্কা হিং] ।

তিন্ কাইড্গা=[কুম]—বি. তিনটি লোহার শলাকাবিশিষ্ট অস্ত্র ।। শাপ্টা তিনকাইড্গা দি মারা ঐসে । [< তিন+কাঠি+আ প্র.] ।

তিন্ চি'রি=[সি]—বি. তিন পুরুষ ।। ইডা আমার্ তিন্ চি'রির্ বশত্ বাড়ি । [<তিন+সিঁড়ি(< শ্রেঢ়ী সং)] ।

তিন্ ঠেলা=[চট্]—বিণ. বহুজনের উপর নির্ভরশীল ।।

তিন্তালে গোচ'চে=[চা]—ক্রি.বিণ. চুপে চুপে, আস্তে ।। পাইলা খাইয়া তিন্তালে গোচ্'চে উইঠ্যা গেল্ । [<তিন+তাল+এ (বিভক্তি)+ গুছাইয়া] ।

তিন্তির্ গাস্=[খু]—বি. তেঁতুল গাছ ।। [<তিন্তিড় (<তিন্তিড়ী সং) +গাছ] ।

তিন্দা দিন্দা=[সি]—বি. আবোল তাবোল ।। কি তিন্দা দিন্দা কৈতাসে । [অনু.] ।

তিন্নান্=[চট্]—বিণ. তিনখানা ।। তিন্নান্ টেয়া দাও । [<তিন+ খান(<খণ্ড সং)] ।

তিন্নি=[ম]—বি. কণামাত্র জিনিস ।। গরে আয় তিন্নিও নাই । [<তিন্ (<তৃণ সং)+ই প্র.] ।

তিন্নি তিন্নি=[রা]—বিণ. ছিন্ন ভিন্ন ।। [দেখ তিন্নি ; অতিশয্যে শব্দদ্বিত্ব] ।

তিন্নুয়া=[চট্]—বি. তিনটা ।। তিন্নুয়া গাই কিনন্ লাগ্ব । [<তিন +গো+আ প্র.] ।

তিন্নে=[বা]—অব্য. চেয়ে ।। খলিলের্ তিন্নে যলিল্ বর । [<তনে =হইতে] ।

তিন্ বেরেংগা=[সি]—বিণ. বক্র ও অসুন্দর ।। তিন্বেরেংগা শরিল্ । [< তিন+বে بے ফা.+রং+আ প্র.] ।

তিন্ শন্দা=[ম]—বি. সন্ধ্যা ।। [<তিন+সন্ধ্যা] ।

তিন্শয়্ আল্গোসে=[কুম]—ক্রি. বিণ. সহজেই ।। দমক্ দিসি দেইক্যা তিন্শয় আল্গোসে টেহাডি বার্ কৈরা দিল্ । [<তৃণসম+আলগোছে (< অলগ্ন সং)+এ] ।

তিন্হগ্দার্=[সি]—বিণ. সামান্য ।। তিন্হগ্দার্ বেটা ঐয়া কি কয় ? [তিন<তৃণ সং (দেখ তিন্ন)+হক্ حق আং+দার دار ফা.] ।

তিপাইয়া=[সি]—বিণ. কম ।। তি-পাইয়া আকল্ । [<তি<ত্রি সং+ পা (<পাদ সং)+ইয়া প্র.] ।

তিপায়া=[সি]—বি. তিন পা বিশিষ্ট পিঁড়ি ।। তিপায়াত্ বও । [দেখ তি-পাইয়া] ।

তিপ্তি=[ফ]—বি. <তৃপ্তি ।।

তিফিল্=[সি]—বি. শিশু ।। বুনির্ তিফিল্ এ কিডা বুযে । [<তিফ্ল طفل আঃ] ।

তিয়া=[নো]—বি. তীক্ষ্ণতা, রাগ ।। হগল্ কামে হেতার্ খুব তিয়া আসে । [তেহা হিং ; দেখ তিহা] ।

তিয়াই=[সি]—ক্রি. বিণ. দাঁড়াইয়া ।। তুই তিয়াই খতা খয় ।

তিয়াইত্=[য]—বি. তৃতীয় পক্ষ ।। তিয়াইতের্ মাগ্না কথা । [তিহায়ত হিং] ।

তিয়ার্=[সি]—ক্রি. বিণ. তৈয়ার, প্রস্তুত ।। যুদ্দের্ যন্য তিয়ার্ হও । [<তয়্যার تیار আঃ] ।

তিয়াশ্=[চা]—বি. নিঃশ্বাস ।। ষরের্ চো'ডে তিয়াশে তিয়াশে পানি খায় । [<তৃষা ; অর্থ প্র.] ।

তিরান্দাযি=[কুম]—বি. শৃঙ্খলা ।। কামে বুবুর্ তিরান্দাযি আসে । [< তীর আন্দাযী تیر اندازی ফা.= তীর নিক্ষেপ] ।

তিরাশি=[চট্]—বি. শালি ধান বিশেষ ।।

তিরাশ্=[কুম, চা]—বি. <তৃষ্ণা ।।

তিরি=[রা]—বি. খেলার একপ্রকার তৃতীয় চালের মার ।। তোর্ তিরি মারা বেশ্ ভাল। [<তির<ত্রি সং+ই প্র.] ।

২=[সি, চট্ট]—বি. <স্ত্রী ॥ তার্ তিরি খুব্ শুন্দরি ।

তিরিংবিরিং=[ঢা]—ক্রি. বিণ. লাফা লাফি ॥ বেশি তিরিংবিরিং করিস্ না । [অনু.] ।

তিরিক্কা=[পা]—বিণ. অল্প, ঘুষ ঘুষে ॥ তার্ তিরিক্কা যর্ হৈসে । [<ত্র্যাহিক সং] ।

তিরিক্খি=[বা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ এ্যাহা গফুর্ তিরিক্খি আয় । [<তড়াক্ সে হিং] ।

তিরিক্খ্যা যর্=[পা]—বি. দুই দিন পর পর যে জ্বর আসে ॥ কালু তিরিক্খ্যা যরে বুগ্সে । [দেখ তিরিক্কা+জ্বর]।

তিরিক্খ্যা ম্যাযায্=[পা]—বি. বদমেজাজ ॥ তোর্ ও তিরিক্খ্যা ম্যাযায্ আমাগোরে দেখাইস্ না [< তীক্ষ্ণ+মিযাজ مزاج আং] ।

তিরিচ্'মাত্=[সি]—বি. অলৌকিক ॥ কাণ্ড ॥ ইকি তিরিচ্'মাত্ দেইলাম্ । [<তিলস্মাত طلسمات আং ; তিলসম طلسم এর বহুব.] ।

তিরি তিরি গাস্=[সি]—বি. সুপারী নারিকেল ইত্যাদি গাছ ॥ [<তিরি তিরি (অনু.)+গাছ] ।

তিরিপ্তি=[ঢা]—বি. <তৃপ্তি ॥ এত খাইয়াও তার্ তিরিপ্তি মিঠ্ল না ।

তিরিস্সা=[বা]—বি. <চিকিৎসা ॥

তিরুটি=[সি]—বি. <ত্রুটি ॥ তার্ তিরুটি বেশি ।

তিরুট্=[সি]—বি. <ত্রুটি ॥ তার্ কোনু তিরুট্ নাই ।

তিরুডি=[ঢা]—বি. <ত্রুটি, অন্যথা ॥ আমার্ কথার্ তিরুডি ঐলে হেশুম্ কৈঅ ।

তির্=[রং]—বি. ঘরের চালের উপকরণ বিশেষ ॥ তির্ ছাড়া ঘরের্ চৌকাঠ্ আট্কান্ মশ্কিল্ । [<তীর تیر ফা. ; অর্থ প্র.]।

২=[ঢা]—বি. নৌকার পালে ব্যবহৃত বাঁশের লগি ॥ পালে তির্ দ্যাও । [পুর্বে দেখ ; অর্থ প্র.] ।

৩=[ব]—বি. বর্গ ॥ গরের তিরের্ উপ্রে বাৈয় বাশা কৈর্সে । [দেখ তির্] ।

৪=[কু]–বি. কপাটি খেলার লাইন ॥

তির্কান্টা=[ফ]—বি. ধনুক ॥ সেলেটা তির্কান্টায় যবর্ ওস্তাদ্ । [দেখ তির্১+কাণ্ড] ।

তির্কুট্=[রা]—বিণ. প্রচণ্ড ॥ [<ত্রিকটু সং ; অর্থ প্র.] ।

তির্তিরা=[কুম]—বিণ. সামান্য, অল্প ॥ তির্তিরা প্যানিত্ যোক্ আসে । [<তির্তির্ (অনু.)+আ প্র.] ।

তির্তিরাইয়া=[সি]—ক্রি. বিণ. ক্রমে ক্রমে ॥ পুয়াডা তির্তিরাইয়া আড়া হিক্সে । [দেখ তির্তিরা+ইয়া প্র.] ।

তির্তিরানি=[ম]—ক্রি. বিণ. ধীরে ধীরে ॥ তির্তিরানি পানি যায় । [দেখ তির্তিরা+নি প্র.] ।

তির্তিরানো=[নো]—ক্রি. একটু একটু নড়াচড়া করা ॥ ব্যাডা বেশি তিরতিরাইস্ না বিপদে হড়্বি । [দেখ তির্তিরা+নো প্র.] ।

তির্তিরে=[ঢা]—বিণ. অতি ধীরে প্রবাহিত ॥ তির্তিরে বাতাশে পাল্ খাটে না । [দেখ তির্তিরা] ।

২=[কুম]—অব্য. সঙ্কেত বিশেষ ॥ [ধন্যা.] ।

তির্পিত্=[ব]–ক্রি. বিণ. টিম্টিম, স্বল্প ॥ লম্পটা তির্পিত্ যলে। [অনু.]।

তির্পিন্=[ম]—বিণ. বিরাট ॥ তির্পিন্ বট্ গাস্ । [<প্রবীণ সং] ।

তির্পুন্ন=[ফ]—বি. < তৃষ্ণা ॥ খুব্ তির্পুন্ন লাগ্সে ।

তির্পুরি=[রা]—বি. গাছ বিশেষ ॥

তির্পোন্=[রা]—বি. হুকার নৈচা পরিষ্কার করার লোহার শিক ॥ কানে তির্পুন্ দিয়া কমু নাকি । [<তুরফান تُرفان ফা.] ।

তির্ফুং=[রা]—বিণ. দ্রুতগামী, চঞ্চল ॥ শব্ কাজেই ছেলেটি তির্ফুং। [দেখ তির্পোন্ ; অর্থ প্র.] ।

তির্ফুল্=[রা]—বি. একটি ধানের নাম

তির্বিরে=[খু]—বিণ. ছটফটে ॥ করিম্ বড়ে তির্বিরে লোক্ । [<তিড়্বিড় (অনু.)+এ প্র.] ।

তির্শা=[রং]—বি. পিপাসা ॥ জোর্ তির্শা লাগিচে । [<তৃষা] ।

তিলক্কচ'রি=[নো]—বি. একপ্রকার ধান ॥ তিলক্কচ'রির্ হশল্ বালা অয় না ।

তিলস্মত্=[নো]—বি. দুঃখ, কষ্ট ॥ অাঁরে তিলস্মত্ দিলে তঁর্ শুক্ ঐতো ন । [দেখ তিরিচ্মাত্] ।

তিলাইক্কাহান্=[কুম]—বি. তিন মুখী চুলা ॥ [<তিন+আখ (<আখা) +ইয়া প্র.+শান] ।

তিলাইন্=[খু]—বি. দুষ্টামি ॥ সাবালের্ তিলাইন্ দেখ। [<তেলানি]।

তিলাশ্=[ঢা]—বি. পিপাসা ॥ আমার্ পানির্ তিলাশ্ ঐসে । [দেখ তিরাশ্] ।

তিলি=[সি]—বি. যকৃত ॥ খাশির্ তিলি । [<তিল্লী হিং ; দেখ তিল্লি] ।

তিলিস্মাত্=[নো]—বি. আশ্চর্য কাণ্ড ॥ [দেখ তিরিচ্'মাত্] ।

২=[কুম]—বি. বিদ্যুৎ ॥ [অর্থপ্র.]।

৩=[ঢা]—বি. গোলমাল ॥ বেশি তিলিস্মাত্ কৈর না । [অর্থ প্র.] ।

তিলিস্মাতি=[চট্ট]—বি. ইন্দ্রজাল ॥ তে তিলিস্মাতি বেআগ্গিন্ বুঝি' ফেলাইল্ । [দেখ তিরিচ্'মাত্+ই প্র.] ।

তিলুয়া=[সি]—বি. তিলমিশ্রিত মিঠাই ॥ [<তিল+উয়া প্র.] ।

২=[রা]—বি. গুড়ের সন্দেশ ॥ শিত্কালে তিলুয়া হয় । [অর্থপ্র.] ।

তিলুয়া হাক্রাইত্=[সি]—বি. পৌষ সংক্রান্তি ॥ [দেখ তিলুয়া+সংক্রান্তি] ।

তিলে=[বা]—বি. ঘামে জামায় পড়া দাগ ॥ [<তিল+এ প্র. ; তিলের ন্যায়] ।

তিলের্ টাগা=[ঢা]—বি. তিলের খড়ি ॥ তিলের্ টাগাদা রান্দ । [< তিল+এর (সম্বন্ধে)+টাং (টঙ্গ সং) +আ প্র.] ।

তিল্যা=[ফ]—বি. দাগ, চিহ্ন ॥ মার্যা তোর্ পিঠে তিল্যা ফ্যালাবো । [দেখ তিলে+ইয়া প্র.] ।

তিল্কা=[ম]—বি. কোরান শরীফ পাঠ কালে যাহাতে ময়লা না লাগে তজ্জন্য আঙ্গুলের পরিবর্তে তীরের অগ্রভাগের ন্যায় কাগজের তৈরী উপকরণ ॥ যেই পাতায় পরা শেই পাতায় তিল্কাটি রাইখ্যা দ্যাও । [দেখ তিন্কা] ।

তিল্কা ফ্ুল, তিল্কা ফোঁর্= [রা]—বি. একটি ধানের নাম ।

তিল্কুন্=[ব]—বি. আমন ধান বিশেষ ॥

তিল্কুলি পিডা=[ঢা]—বি. যে পিঠার ভিতরে তিল ও গুড় থাকে ॥ [<তিল+ফুলি (পিঠার নাম বিশেষ) +পিঠা] ।

তিল্ চাপ্টি=[ঢা]—বি. পিঠ বিশেষ ॥ [<তিল+চাপাটি (<চর্পট সং)] ।

তিল্ বাওয়া=[ঢা]—বি. ধানে তিলে একত্রে বপন করা জমি ॥ এই বসর্ তিল বাওয়া বালা ঐসে ।

তিল্ বাযাল্=[ঢা, কুম]—বি. এক প্রকার ধান ॥

তিল্লি=[ব, রং]—বি. এতটুকুন ॥ কাঁদ্লে কি হবে তিল্লিও পাবি না । [<তিল+ই প্র.] ।

২ =[ঢা, চট্ট]—বি. জীবজন্তুর অন্ত্র ॥ গরুর্ তিল্লি অনেকে খায় । [দেখ তিলি] ।

তিল্লিক্=[পা]—বি. ক্ষুদ্র কালো দাগ ॥ শাদা মান্শের্ গায়ে তিল্তিক্ থাকে । [<তিলক (তিল সং)+ক] ।

তিল্লে বিল্লে=[খু]—ক্রি. বিণ. ছড়াছড়ি ॥ মোরগে ধান্ তিল্লে বিল্লে করে ফেল্সে । [অনু.] ।

তিল্শা=[খু]—বিণ. তৈলযুক্ত ॥ [<তেল<তৈল+শা প্র. ; তুঃ পানসা] ।

তিশা=[পা]—বি. <তৃষ্ণা ॥ আমার্ বড় তিশা লাগ্সে ।

২=[সি]—বি. হিন্দু সমাজে মৃত ব্যক্তির ত্রিশ দিনের সময় দেয় পিণ্ডি ॥ [<ত্রিশ+আ প্র.] ।

তিশি=[কু]—বি.<তৃষ্ণা, পিপাসা ॥

তিশিরে=[খু]—বি. তৃণ ॥

তিশ্যা=[ফ, ম]—বি.পিপাসা ॥ পানির্ তিশ্যা নাগ্সে । [<তৃষ্ণা] ।

তিশ্কারি=[সি]—বি. তিরস্কার, বিদ্রূপ ॥ অত তিশ্কারি করন্ উচিত্ না । [দেখ তশ্কারি করা] ।

তিশ্কিতে পারা=[ঢা]—ক্রি. সহ্য করা, বিলম্ব করা ॥ তর্ তার্নায় আমি তিশ্কিতে পার্লাম্ না । [< তিষ্টিতে পারা] ।

তিশ্টা=[য]—বি. পিপাসা ॥ আমার্ খুব তিশ্টা লাগ্সে । [<তেশ্টা< তৃষ্ণা] ।

তিশ্না=[ব, রা]—বি. <তৃষ্ণা ॥ তিশ্না পাইসে পানি খাবো ।

তিহা=[বা]—বি. ইস্পাত ॥ [দেখ তিয়া] ।

২ =[কুম]—বি. তেজ, শক্তি ॥ বুড়া মাইন্শের্ তিহা বেশি । [দেখ তিয়া] ।

তু

তুইতামারি=[খু]—ক্রি. বি. অকথ্য ব্যবহার ॥ গুরুযনকে তুইতামারি কর্তে নেই । [তুই+তুম+আরি প্র.] ।

তুইত্যা=[ঢা]—বি. তুঁতে ॥ লেইয়ে তুইত্যা দিও । [<তুতিয়া توتيا ফা. ; তুং তুথ সং] ।

তুইত্যানো=[চট্ট]—ক্রি. আদর করিয়া বুঝান, সান্তনা দেওয়া ॥ এত তুইত্যাই তারে খুশি গরার্ কি আসে ? [<তুত (অনু.)+আনো প্র.] ।

তুইতোংকার্=[পা]-বি. কুব্যবহার ॥ তুই তোংকার্ কৈরা কথা কও ক্যা ? [দেখ তুইতামারি ; তুই তুঙ্কার] ।

তুইত্তা=[কুম]—বি. তুঁতে ॥ বাইন্না দোয়ানে তুঁইত্তা আসে । [দেখ তুইত্যা] ।

তুইয়া মুইয়া=[ঢা,সি]—বিণ. যেমন তেমন, যেই সেই ॥ হেত আর্ তুইয়া মুইয়া বেটি নায় । [<তুই+আ প্র.+ মুই+আ প্র.] ।

তুইলাশ্=[ম]—বি. পিপাসা ॥ তুইলাশ্ লাগ্সে । [<তিরাশ (< তৃষা)] ।

তুইল্যা নেওয়া=[ঢা,ম]—ক্রি. মুখরিত করা, জাগরিত করা ॥ পোলাপাইনে হারাডা বারি তুইল্যা নৈসে । [<তুলিয়া +নেওয়া] ।

তুংকুর্=[বা]—বি. বইচি ॥ তুংকুর্ গাসে কাডা আসে ।

তুংকুর্পড়া=[রং]—বিণ. মৃগীরোগ গ্রস্ত ॥ তুংকুর্পড়া মান্শে পানি দেখ্যা ডরায় ।

তুংগর্=[ম]—সর্ব. তেমোদের ॥ তুংগর্ কথা কি কমু ? [তোমা+গ +র] ।

তুঁই=[চট্ট]-সর্ব. তুমি ॥ তুঁই ক্যাঅন্ আস ? [<তুমি]।

তুঁইশ্=[চট্ট]—বি. <তুষ ॥ তুঁইশর্ আউন্ গুশ্‌শাই যলে।

তুঁড়ি=[রা]—বি. গলাচিপা হাঁড়ি ॥

তুকাতুকি=[সি]—বি. অনুসন্ধান ॥ [<টোকা টুকি]।

তুকানি=[সি]—বি. অনুসন্ধান, খোঁজ ॥ [<টোকানি]।

তুকানি মুকানি করা=[পা]—ক্রি. ইতস্তত: করা, এদিক ওদিক চাওয়া, লজ্জাবোধ করা ॥ এতো তুকানি মুকানি কর কেন্ ? [অনু.]।

তুকানো=[সি]—ক্রি. খোঁজা ॥ তুমারে কত তুকাইলাম্। [<টোকানো < টোকা+নো প্র.]।

তুকাব্‌বরি=[ম]—বি. মাতব্বরী ॥ তুকাব্‌বরি কর্‌বার্ আর্ জাগা পাওনা ? [দেখ তকোব্‌বরি]।

তুকার্=[য]—বি. তেজ, নেশা ॥ তামাকের্ তুকার্। [<তুখড় (<তীক্ষ্ণ সং)]।

২=[সি,য]—বিণ. তেজী ॥ সেলে খুব্ তুকার। [পূর্বে দেখ]।

তুকুবুকু করা=[ঢা]-ক্রি. ঠিক করিতে না পারা, ইতস্তত: করা ॥ তুকুবুকু কৈর‍্যা শময়্ নশ্‌ট কৈর না। [<তুকু-বুকু (অনু.)+করা]।

তুকুম্ তাকুম্=[সি]—ক্রি. বিণ. ইতস্তত ॥ অত তুকুম্ তাকুম্ করি কাম্ করা যায়্ না। [অনু.]।

তুক্=[সি]—বি. রাগ ॥ আর্ তুক্ দেখাইও না। [দেখ তুকার্]।

২=[ঢা]—বি. <স্তূপ ॥ ট্যাহার্ তুক্ রে।

তুক্‌কা=[সি]—বি. খোঁচা ॥ কুচ্‌' দিয়া তুক্‌কা দেও। [< টোকা]।

২=[বা]—অব্য. অবজ্ঞাপ্রকাশক ॥ তুমি পার আমার্ তুক্‌কাডা।

৩=[সি]—ক্রি. লাঠি, ঠেঙ্গা ॥ মার্ তুক্‌কা।

তুক্‌কাল্=[চট্ট]—বিণ. জেদি, গোঁয়ার ॥ তে রাগে তুক্‌কাল্ ঐয়ে ॥ [দেখ তুকার্]।

তুক্‌কু দ্যাওয়া=[ঢা]—বি. নমস্কার বা সালাম করা ॥ বাবার্ বালা ঐলে খারাপ্ যিনিশ তুক্‌কু দিয়া লৈয়া যায়্। [<তুক্কা تکا ফা. (=তীর বিশেষ)=বাহাদুরী+দেওয়া]।

তুক্‌খার্=[ঢা,কুম]—বিণ. খুব পটু ॥ সেরাডা খুব্ তুক্‌খার্। [দেখ তুকার্]।

তুক্‌তুক্ করা=[ঢা]—ক্রি. এইটা সেইটা নাড়াচাড়া করা ॥ পোলাডা খালি তুক্‌তুক্ করে। [অনু.]।

২=[ঢা]—ক্রি. ধড়ফড় করা ॥ ডরে আমার্ আত্‌তাডা একেবারে তুক্‌তুক্ কর্‌তাসে।

তুক্ মারানো=[সি]—ক্রি. রাগ করা ॥ আমার্ লগে তুক্ মারাও কিতা ? [দেখ তুক্+মারা+নো প্র.]।

তুখুম্=[সি]—বি. অহংকার ॥ তুখুম্ করি কতা কৈয় না। [দেখ তুক্ +উম প্র.]।

তুখুম্ তাখুম্=[সি]—বি. রাগের ভাব ॥ যারে তারে তুখুম্ তাখুম্ দেখাইও না। [দেখ তুখুম্+তাখুম অনু:]।

তুগানো=[সি]—ক্রি. কুড়ানো ॥ পুয়াডা আম্ তুগাইতাসে। [দেখ তুকানো]।

তুগুবুগু=[ম]—বি. ইতস্তত: ॥ তুগুবুগু কর্‌তাস কেরে ? [অনু.]।

তুগুর্ তুগুর্=[নো]—ক্রি. বিণ. তালিবালি, ইতস্তত: ॥ তুমি এত তুগুর্ তুগুর্ কৈর না। [অনু.]।

তুগে=[খু]—সর্ব. তোদের ॥ তুগে বাড়ি কৈ ? [তু (ই),তো+গে=দের]।

তুচ্‌'তাচ্‌'=[সি]-বি. তুচ্ছতাচ্ছিল্য ॥ অতো তুচ্‌'তাচ্‌' করো কিতা ? [<তুছ (<তুচ্ছ সং)+তাচ্ছিল্য ; সহশব্দ]।

তুযুর্‌বা=[সি]—বি. প্রতাপ, রাগ ॥ ই তুযুর্‌বা কারে দেহাও ? [<তজ্‌রবঃ تجربه আং ; অর্থ প্র.]।

তুযোর্‌বা=[সি]—বি. অন্যায় জেদ ॥ তুযোর্‌বা কর ক্যা ? [দেখ তুযুর্‌বা ; অর্থ প্র.]।

তুয্=[চট্ট]—বি. <স্তূপ, প্রাচুর্য ॥ গাসের্ তলাত্ ফুলর্ তুয্।

তুডুক্=[সি]—বি.,বিণ. চক্ষুলজ্জাহীন, অপ্রিয়ভাষী ॥ হিতান্ তুডুক্ পুয়া। [<তুরুক ; অর্থ প্র.]।

তুড়া=[রা]—ক্রি. ছিন্ন করা ॥ [< তোড়া ; তুং তোড়না হিং, ত্রংট্ সং]।

তুড়ি=[রা]--বি. আড়ি, প্রতিযোগিতা ॥ মোক্ ছুইবা পার্‌বু ছোওতো দেখি, তোর্ নামে তুড়ি।

২=[দি]—বি. নিম্নশ্রেণীর তফসিলী জাতি ॥

৩=[দি]—বি. সরিষা ॥

৪=[রা]—বি. বোঝা ॥ কাটের্ তুড়ি।

তুড়ুদ্‌দুম্=[ব]—ক্রি. বিণ. তাড়াতাড়ি, সত্বর ॥ কায্‌টা তুড়ুদ্‌দুম্ কৈরা কর। [<তুড়ুম দুড়ুম (অনু.)]।

তুড়ুম্=[দি,রা]—বি. কাঠের বাক্স ॥ তুড়ুম্ ভরা কাপড়্। [<তোরং < তোরঙ্গ (<ট্রাঙ্ক trunk ইং)]।

তুড়েশেদে=[খু]—ক্রি. বিণ. যা তা ভাবে ॥ তুড়ে শেদে গালাগালি দাও কেন্ ? [<তুড়িয়া সাধিয়া]।

তুড়্‌কি লাফ্=[খু]—বি. ছোট লাফ ॥ তুড়্ কি লাফ্ দিলেই গর্‌তটা পার্ হওয়া যায়্। [<তুড়্ (<তোড়)+কি প্র.+লাফ (<লম্ফ সং)]।

তুড়্‌তুড়্=[রং]—অব্য. যাদুমন্ত্রের সংকেতধ্বনি ॥ [ধ্বন্যা.]।

তুড়্‌বুড়ে=[খু]—বি. বিণ. শশব্যস্ত ॥ এত তুড়বুড়ে হলে কেন্ ? [< তড়বুড় (অনু.)=তড়বড়+এ প্র]।

তুতক্=[খু]—বি. তুঁতে ॥ বর্‌শায় পায়ে তুতক্ লাগাইলে পা কাদায় খাইতে পারে না। [দেখ তুইত্যা +ক প্র. ; তুং তুত্থক সং]।

তুতি=[রা]—বি. সোরাহীর আকার বিশিষ্ট পাত্র ॥

তুতিয়া=[ফ]—বি. তুঁতে ।। [দেখ তুইত্যা] ।

তুতুল্বারি=[কুম]--বিণ. নাদুসনুদুস ।। বাচ্'চা'ডা তুতুল্বারি । [<তুলুতুলু (অনু.)+ভারী] ।

তুত্তুরি=[নো]--বি. তুচ্ছতাচ্ছিল্য ।। তুত্তুরি কি শব্ বাযে কথা কস্? [< তুইতুই+রি প্র.] ।

তুত্তুল্=[পা, কুম]—বি. একপ্রকার লম্বা লাল টক ফল ।।

তুত্রা=[য]—বি. বিছুটি ।। তুত্রা গায় লাগ্লে যালা করে । [<ছুতরা< ছুঁৎ+রা প্র.] ।

তুত্লানো=[সি]—ক্রি. অস্পষ্ট কথা বলা ।। লোক্টা কথা কৈতে তুত্লায় । [<তোতলা+নো প্র.] ।

তুত্=[বা]—অব্য. কুকুর ডাকার শব্দ ।। [অনু.] ।

তুনা=[কুম, নো]—ক্রি. রিপু করা ।। কাপর্আন্ তুনি হিন্দ । [<তোলা ; অর্থ প্র.] ।

তুনানো=[চট্ট]—ক্রি. নূতন অংশ জোড়া দেওয়া ।। ফাডা যাল্ তুনাইল্ । [দেখ তুনা+নো প্র.] ।

তুন্=[ফ]—অব্য. নিকট, হইতে ।। আমি মার্তুন্ পৈশা আনিগা । [< তন, থন=হইতে] ।

২ =[সি]—বি. তেজ, ঝাঁজ ।। এই তামাকের্ তুন্ নাই । [দেখ তুন্দ] ।

তুন্কি=[বা]—বি. থালা ।। এক্ তুন্কি বাত্ ।

তুন্যুর্=[সি]—বিণ. প্রচুর ।। তুন্যুর্ মানুশ্ । [দেখ তুন্দোল্ ; অর্থ প্র.] ।

তুন্তুনানো=[চট্ট]—ক্রি. পরিপূর্ণ হওয়া ।। টেবিলর্ উপ্রে পিঁপড়া তুন্তুনায়ের্ । [<তুন্তুন্ (অনু.) +আনো প্র.] ।

তুন্দ=[সি]—বি. তেজ ।। তামাক্ বেশি তুন্দ । [<তুন্দ تند ফা.] ।

তুন্দাতুন্দি=[সি]-বি. রাগারাগি ।। নয়া বৌডায় খালি তুন্দাতুন্দি করে । [দেখ তুন্দ+আ প্র. ; তুন্দ+ই প্র.] ।

তুন্দ্গার্=[রা]—বিণ বিরাট ।। তুন্দুগার্ ঠিকি দেখে ভয় পেয়েছ । [তুন্দ تند ফা.+গার گار ফা. প্র.] ।

২=[রা]—বিণ. বোঝাই ।। ঘরটা ধুলায় তুন্দুগার্ । [অর্থ প্র.] ।

তুন্দোল্=[রং]—বিণ. হৃষ্টপুষ্ট ।। তুমি এত শিগ্রি তুন্দোল্ হলু । [< তুন্দ সং+অল প্র.] ।

তুপা=[ম]—বি. <স্তূপ, টিলা ।।

তুপান্=[বা]—বি. ঢেউ ।। গাংগে তুপান্ উট্সে । [<তুফান طوفان আং] ।

তুপ্=[সি]—বি. কামান, গোলা ।। [<তোপ توپ তু.] ।

২=[নো, চট্ট]—বি. <স্তূপ ।। কঅরর্ তুপ্ ।

তুপ্পা=[চট্ট]—বি. < স্তূপ ।। ধানের্ তুপ্পা ।

তুবা=[নো, কুম]—বি. <স্তূপ ।। মাটির্ তুবা ।

তুবাতুবা=[ঢা]—বিণ. ফুলাফুলা ।। বিসা লাইগ্যা গাওডা তুবাতুবা ঐসে । [দেখ তুবা ; আতিশয্যে শব্দদ্বিত্ব] ।

তুবান্=[বা]—বি. ঢেউ ।। তুবানে নাও পর্সে । [দেখ তুপান্] ।

তুব্নাশ্=[রা]—বি. পয়মাল, বিনষ্ট ।। বদ্ছেলেটা শব্ তুব্নাশ্ কর্ছে ।

তুব্বা=[চট্ট]—বি. <স্তূপ ।। গোবর্ তুব্বা ।

তুমার্=[য]—সর্ব. তোমার ।। তুমার্ মা ভাল আসে তো ? [<তোমার] ।

২=[নো]—বি. তাবিজ ।। [<তূমার طومار আং ; অর্থ প্র.] ।

৩ =[ঢা]—বি. স্তূপ, ঢিবি ।। ইন্দুরে মাডি উডাইয়া কেমুন্ তুমার্ দিসে । [পূর্বে দেখ] ।

তুম্বা=[কুম]—বিণ. বেঁটে এবং মোটা ।। তুম্বা লাউ । [<তুম্ব সং ; অর্থ প্র.] ।

২ =[রা]—বি. শুষ্ক লাউয়ের তৈরী ভাণ্ড ।। বৈরাগি নাচ্লে শংগে শংগে তুম্বাও নাচে । [পূর্বে দেখ ; তুং তুম্বা হিং] ।

৩=[কুম]—বি. স্তূপ ।। হগল্ডি খ্যার্ তুম্বা দিয়া রাখ্ । [দেখ তুবা]।

তুম্বা ফুলানো=[ম]—ক্রি. রাগে গাল ফুলানো, বেজার হইয়া থাকা ।। তুম্বা ফুলাইয়া রৈলি ক্যা ? [দেখ তুম্বা+ফুলানো] ।

তুম্বি=[রং]—বি. শাসন ।। ছাওয়াল্-ক তুম্বি কর । [দেখ তন্হি] ।

তুম্বু=[খু]—বি. ঢিবি ।। এক তুম্বু মাটি থুইসে কোন্ গাদা ? [দেখ তুম্বুর্] ।

তুম্বুর্=[ম]—বি. স্তূপ ।। দানের্ তুম্বুর্ । [দেখ তুমার্ ৩] ।

তুম্রি=[বা]—বি. <তুবড়ি ।। কথার্ তুম্রি স্টুট্সে ।

তুয়া=[চট্ট]—বি. বি. ঢিবি, স্তূপ ।। উইর্ তুয়া । [দেখ তুবা] ।

২ =[নো]—বি. তালের জ্বাল দেওয়া রস ।। তুয়া দি চ'ার্গ্যা বাত্ খা ।

৩=[কুম]—বি. কলকির ছিদ্রে দেয় মাটির ছোট ঢেলা ।। কল্কিডাত্ এ্যাক্টা তুয়া দে । [<তবা হিং] ।

তুয়াক্কা=[সি]—বি. পরোয়া ।। আমি কার্ তুয়াক্কা করি । [< তরক্কু' توقع আং.] ।

তুয়াক্কুল্=[সি]—অব্য. অনিশ্চিত কোন কিছু অর্থে ।। তুয়াক্কুল্ বরশা । [<তবক্কুল توکل আং] ।

তুয়ারে=[পা]—সর্ব. তোদের ।। তুয়ারে বাড়ি আয় যামু । [<তোদের] ।

তুরং=[চট্ট]—বি. পাতার নতুন কুঁড়ি, কিশলয় ।। পাতাসাড়া গাস্টাত্ তুরং মেইল্সে ।।

তুরক্=[কুম, নো]—বিণ. চালাক ।। তুরক্ পোয়া । [<তুরুক=তুর্কী ; অর্থপ্র.] ।

তুরহ্=[কুম]—অব্য. অসম্মতি-বোধক ।। তুরহ্, তোর্ কথা হুন্তাম্ ন ।। [<দূর হ (<হও)] ।

তুরা=[পা]—ক্রি. বিণ. খুব জোরের সহিত ॥ শে আমাকে তুরা কথা বৈল্‌ল। [<তুড় (<তোড়া)+আ প্র.]।

২=[কুম]—বি. মার, প্রহার ॥ তুরার্‌ ডর্‌ নাই তার্‌। [<তোড়া]।

৩=[সি]—ক্রি. নষ্ট করা ॥ তুরতে আসে, যুরতে নাই। [তোড়া(<√তুড়্‌+আ) <ক্রট্‌ সং]।

৪=[ম]—বি. বাঁশের চটা বা কঞ্চি ॥ তুরা দিয়্যা বেরা দ্যাও।

তুরাতুরি=[নো]—বি. বাদপ্রতিবাদ ॥ শে তুরাতুরিতে উস্‌তাদ্‌। [<তুড়াতুড়ি]।

তুরা দেওয়া=[কুম]—ক্রি. মারা, প্রহার করা ॥ দুশ্‌টামি কৈর্‌লে তুরা দিমু। [দেখ তুরা₂ +দেওয়া]।

তুরি=[বা]—বি. গরু মহিষের মুখের আবরণ ॥

২=[রা]—সর্ব. তোমারই ॥ তুরি দোশ্‌ শব্‌। [< তোর (তোমার) +ই নিশ্চয়ার্থে]।

৩=[কুম]—বি. হাততালি ॥ এক্‌ আতে তুরি বাযে না। [<তুড়ি; অর্থপ্র.]।

৪=[ঢা]—বি. উৎসাহ ॥ তোর্‌ খেলা দেখ্যা শকলে তুরি দিলো। [দেখ তুরি; অর্থ প্র.]।

তুরিতারি=[ঢা]—বি. নগণ্য বস্তু ॥ তুরিতারি কি রান্‌স গো? [অনু.]।

তুরুক্‌=[কুম]—বিণ. খুব চালাক ॥ তোর্‌ খুব তুরুক্‌ বুদ্‌দি। [দেখ তুরক্‌]।

২=[ম]—বি. মিথ্যাবাদী ॥ তুই বর তুরুক্‌। [দেখ তুরক্‌; অর্থপ্র.]।

৩=[য]—বি. চুরি ॥ টাকা ওখানে রেখ না, তুরুক্‌ করে নেবে। [পূর্বে দেখ]।

৪=[পা]—বি. গালি বিশেষ ॥ বেটা তুরুক্‌ কোথাকার্‌। [দেখ তুরক্‌]।

তুরুক পাসা=[ঢা]—বি. পরিষ্কার, সোজা ॥ তুরুক্‌পাসা কতা হুন্যাইয়া দিসি। [তুরুক পাশা=তুর্কী রাজকর্মচারী; অর্থপ্র.]।

তুরুক পাসার্‌=[ঢা]—ক্রি. বিণ. অতি তাড়াতাড়ি ॥ তুরুক্‌পাসার্‌ আইবি। [তড়াক পসার হিং=সত্বর দোকান; অর্থ প্র.]।

তুরুক ফুরুক্‌=[পা]—ক্রি. বিণ. মুখের উপর, তাড়াতাড়ি ॥ শে তুরুক্‌ফুরুক্‌ যবাব্‌ দিল্‌। [দেখ তুরুত্‌; ফুরুত্‌ অনুঃ]।

তুরুত্‌=[রা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ তুরুত্‌ বাজার্‌ করে আয়্‌। [<তুরনত্‌ হিং]।

তুরুদ্‌দুম্‌=[ব]—ক্রি. বিণ. হঠাৎ ॥ তুরুদ্‌দুম্‌ যা তা করিস্‌ না। [দেখ তুড়্‌দুম্‌]।

তুরুন্‌যা=[চট্ট]—বি. বাতাবি লেবু ॥ [<তুরন্‌জ্‌ ترنج ফা.+আ প্র.]।

তুরুম্‌=[ঢা]—বি. জাম্বুরা, বাতাবি লেবু ॥ [দেখ তুরুন্‌যা]।

তুরুল্যা=[ম]—বিণ. ছোট মুখে বড় কথা বলে যে ॥ ই তুরুল্যার্‌ কতা হুন ক্যা। [দেখ তুরুল্‌লা]।

তুরুল্‌লা=[নো]—বি. ঝিঁঝিঁ পোকা ॥ রাইত্‌ ঐলে তুরুল্‌লায়্‌ ডাক্‌ দেয়্‌।

তুরৈ=[বা]—বি. ধুধুঁল, তরকারি বিশেষ ॥ [দেখ তরাই]।

তুরোকি=[রং]—বি. তুরস্ক দেশীয় ঘোড়া ॥ [<তুরক ترک ফা.+ই প্র.]।

তুর্‌=[সি]—বি. কামান, গোলা ॥

২=[সি]—বিণ. খরস্রোতা ॥ গাং বর তুর্‌ ঐ গেসে। [<তোড়]।

তুর্‌কুল্‌লা=[কুম]—বি. মাটির নীচের পোকা বিশেষ ॥ তুর্‌কুল্‌লা পোক্‌ উঠ্‌সে। [দেখ তুর্‌খুলা, তুর্‌ফুলা]।

তুর্‌কে=[ব, রা]—সর্ব. তোমাদের ॥ তুর্‌কে বাড়ির্‌ খবর্‌ কি? [<তোমাদের +কে]।

তুর্‌খুলা=[চট্ট]—বি. এক প্রকার পোকা ॥ সেলেরা তুর্‌খুলা দি দোইয়েল্‌ ধরের্‌। [দেখ তুর্‌কুল্‌লা]।

তুর্‌যা=[নো]—অব্য. বিরক্তিবোধক ॥ তুর্‌যা, ইডা কোনে যালায়্‌। [দূর,যা]।

২=[কুম]—ক্রি. বিণ. ভাঙ্গিয়া ॥ গেলাশ্‌ডা পৈর্‌যা তুর্‌যা ঐ গেসে।

তুর্‌তুইরা=[ঢা]—বিণ. যে বেশী নড়াচড়া করে ॥ মাইয়াডা বর তুর্‌তুইরা। [অনু.]।

তুর্‌তুরা=[রা]—বিণ. চঞ্চল ॥ ছেলেটা বড় তুর্‌তুরা। [তুর্‌তুর্‌(অনু.)+আপ্র.]।

২=[সি]—বিণ. খুব কচি ও তাজা ॥ এক্‌টা তুর্‌তুরা পাতা আন্‌। [অর্থপ্র.]।

তুর্‌তুরাইন্যা=[ঢা]—বিণ. চঞ্চল ॥ পোলাডা বর তুর্‌তুরাইন্যা। [দেখ তুর্‌তরা+আন+ইয়া প্র.]।

তুর্‌তুরানো=[সি]—ক্রি. জিহ্বা চুলকানো ॥ ওলের্‌ তর্‌কারি খাইলে যিব্‌বা তুর্‌তুরায়্‌। [দেখ তুর্‌তুরা; তুর্‌তুর্‌+আনো প্র.]।

তুর্‌তুরি=[ব]—বিণ. সহজে পতনশীল ॥ এই গাস্‌টার্‌ আম্‌ তুর্‌তুরি। [দেখ তুর্‌তুরা+ই প্র.]।

২=[কুম]—বি. কাজ করিবার অদম্য ইচ্ছা ॥ বুর্‌যার্‌ কামের্‌ তুর্‌তুরি কমে নাই। [অর্থপ্র.]।

তুর্‌তুর্‌=[ফ]—ক্রি. বিণ. তিড়িং তিড়িং ॥ তাল্‌পাতার্‌ শিপাই আবার্‌ তুর্‌তুর্‌ করে। [অনু.]।

তুর্‌পন্‌=[পা]—বি. ছিদ্র করার লৌহাস্ত্র ॥ [দেখ তির্‌পোন্‌]।

তুর্‌পা=[রা]—বি. রিফু ॥ জামাটার্‌ তুর্‌পা হচে? [তুঃ তুরপাঈ উর্দু]।

তুর্‌পাই=[রা]—বি. হাতের সেলাই। জামাটা তুর্‌পাই কর্‌যা দ্যাও। [দেখ তুর্‌পা]।

তুর্‌পানো=[রা]—ক্রি. ছেঁড়া কাপড় রিফু করা ॥ [দেখ তুর্‌পা+নো প্র.]।

তুর্‌পান্‌=[সি]—বি. শেষ ॥ গরুয়ে দান্‌ খাইয়া তুর্‌পান্‌ করি লাইসে। [< তূফান طوفان আং=প্রলয়; অর্থপ্র.]।

তুর্‌ফুন্‌দে=[রা]—বিণ. উদ্দাম গতি, স্ফূর্তিপূর্ণ কথা বা চলনের ভংগি ॥

তুর্‌ফুলা=[চট্ট]—বি. আরশুলা জাতীয় পোকা ॥ [দেখ তুর্‌কুল্‌লা]।

তুর্‌বান্‌=[চট্ট]—বি. একপ্রকার পাখি ॥

তুর্‌মা=[রং]—বি. শুষ্ক লাউয়ের খোল ॥ তুর্‌মাত্‌ টিক্‌কা রাখে। [দেখ তুম্‌বা১]।

তুর্‌মান্‌=[রং]—ক্রি. বিণ. সত্বর ॥ তুর্‌মান্‌ করি যা। [<ত্বরমাণ সং]।

তুর্‌মি=[পা]-বি. একপ্রকার ক্রীড়া ॥ তারা তুর্‌মি খেল্‌সে।

তুর্‌মুর্তি=[চা]—বি. বাজ পাখি ॥ একট্‌টা তুর্‌মুতিরে শিকারি বানান্‌ অনেক্‌ কশ্‌ট।

তুর্‌শাই=[রা]—বি., বিণ. টক ॥ [<তুরশ্‌ ترش ফা.+আই প্র.]।

তুর্‌শি=[রা]—বি. অম্বল ॥ গোস্‌তের্‌ শেশে তুর্‌শি খেতে হয়্‌। [দেখ তুর্‌শাই]।

তুর্‌সুক্‌=[চা]—বি. উপদ্রব ॥ এত তুরস্থুক্‌ কৈর্‌য্যা যমিন্‌ডারে খিল্‌ কর্‌ল? [<তস্‌রুফ<তসর্‌রুফ تصرف আং]।

তুলনা=[সি]—বি. আদর ॥ তুলনা কৈর্‌লে কিতা ঐব, কপাল শুখ্‌ নাই।

তুলা=[সি, ম]—বি. কর, খাজনা ॥ বাযারর্‌ তুলা দেঅন্‌ লাগে। [<তোলা(<√তুল্‌ সং+আ)]।

২=[কুম]—বি. বাঁশ বা বেতের তৈরী পাত্র বিশেষ ॥ মাস্‌গুন তুলাত্‌ থো।

তুলাকলা=[ম]—বি. বিচিপূর্ণ কলা ॥ শিতের্‌ শময়্‌ তুলা কলা মিডা লাগে না।

তুলাট্যাকা=[খু]—ক্রি. বিণ. বেদম প্রহার ॥ তারে তুলাট্যাকা করেসে। [<তোলা+ট্যাকা(<টিকা, টেকা)]।

তুলাদুনা=[পা]—ক্রি. বিণ. ছিন্ন-বিচ্ছিন্ন ॥ তোমারে তুলাদুনা কর্‌য্যা সাড়মু। [<তুলা(<তুল সং)+ধুনা]।

তুলাফুল্‌=[চট্ট]—বি. শিমুলফুল ॥ <তুলা+ফুল]।

তুলি=[কুম]—বি. ঘরের টুই ॥ গরের্‌ তুলি না দর্‌লে ম্যাগ্‌ মানে না।

তুলুপার্‌=[ম]—ক্রি. বিণ. ব্যস্ত-সমস্ত ॥ কাম্‌ডা তুলুপার্‌ কৈরা হেশ্‌ কৈর্‌সি। [<তোলপাড়]।

তুলুবুলু=[চা]—বি. তোয়াজ ॥ আর্‌ আমি তুলুবুলু কৈর্‌তে পারুম্‌ না। [অনু.]।

তুলে ধরি মুলে নাশ=[চট্ট]—বি. সর্বনাশ ॥ গরত্‌ চে'র্‌ চুহি অঁারে তুলে ধরি মুলে নাশ্‌ কৈর্‌গে। [<তুলিয়া ধরিয়া+মূল+এ (বিভক্তি)+নাশ]।

তুলোড়াকি=[কু]—বি. টুনি পঁখি।

তুলোটেপা=[খু]—বি. গাছ বিশেষ ॥ তুলোটেপার্‌ শিকড় অনেক্‌ কাযে লাগে।

তুলোফ্‌গর্দি=[রা]—বি. টুনি, পাখি বিশেষ ॥

তুল্‌কালামত্‌=[কুম, চা]-বি. এলাহি কাণ্ড, তুমুল কাণ্ড ॥ [<তওল্‌ কলাম طول کلام আং+ত প্র.]।

তুল্‌তবিল্‌=[সি]—বি. অশান্তি ॥ পোয়াডা তুল্‌তবিল্‌ কৈর্‌তাসে। [< তওল তবীল طول طويل আং]।

তুল্‌তুইল্‌লা=[কুম]—বিণ. পাকা, নরম ॥ আম্‌ডা তুল্‌তুইল্‌লা। [< তুল্‌তুল্‌(অনু.)+ইয়া প্র.]।

তুল্‌তুলি=[পা]—বি. শুকনা মলের মাটি ॥ [<তুল্‌তুল্‌ (অনু.)+ই প্র.]।

তুল্‌তুলিয়া=[বা]—বিণ. অতিনরম ॥ ফল্‌টা পাইক্যা তুল্‌তুলিয়া ঐসে। [দেখ তুল্‌তুইল্‌লা]।

তুল্‌তুল্‌=[পা]-ক্রি. বিণ. গিজগিজ ॥ ওখানে পোকা তুল্‌তুল্‌ করিচে'। [অনু.]।

তুল্‌তুল্‌ করা=[সি]—ক্রি. খুব আদর করা ॥ পোয়ারে বেশি তুল্‌তুল্‌ কৈর না। [অনু.]।

তুল্‌ল=[খু]—বিণ. অধীনস্থ ॥ তোমার্‌ কেউ তুল্‌ল না। [<তল+উয়া প্র.]।

তুল্‌লা=[কু, পা]—ক্রি. বিণ. উঁচু ॥ বল্‌টা তুল্‌লা কর্‌য্যা আমার্‌ কাসে দ্যাও। [<তুল (<তোলা)+আ প্র.]।

তুল্‌শি=[খু]—বিণ. খারাপ ॥ তুল্‌শি বেগুন্‌ সিদ্‌দ হয়্‌ না।

তুল্‌শি বোরা=[রা]—বি. একটি ধানের নাম ॥

তুল্‌শি মালা=[ম, চট্ট]—বি. এক প্রকার আমন ধান ॥

তুশা=[সি]—বি. মৃতব্যক্তিকে দাফন করিবার পরই বিতরণ করা হয় এমন ধান চাউল, হালুয়া, শিরনী ॥ বেটা হুইন্‌লাম্‌ দনি, এক্‌ মুট্‌ তুশ দিল্‌ না। [<তোশহ্‌ توشه ফা.]।

তুশাইয়া বুযাইয়া=[ম]—অস. ক্রি. বুঝাইয়া, খোশামোদ করিয়া ॥ তারে তুশাইয়া বুযাইয়া শিকার্‌ করাইলাম্‌। [<তোষা+ইয়া+বুঝাইয়া]।

তুশাগ্‌ মুশাগ্‌=[চট্ট]—ক্রি. বিণ. তছনচ, এদিক ওদিক ॥ [অনু.]।

তুশুক্‌=[পা]—বি. তোষক ॥ নুতুন্‌ অ্যারক্‌টা তুশুক্‌ বানাইতে খরচ্‌' কম্‌ না। [<তোশক توشک ফা.]।

তুস্‌তাস্‌=[সি]—বি. অবজ্ঞা, তুচ্ছ তাচ্ছিল্য ॥ মুরুব্‌বির লগে তুস্‌তাস্‌ বালা না। [দেখ তুচ্‌'তাচ্‌']।

তুস্‌সু=[চা]—বি. নিন্দা, অবহেলা। গরিব্‌ বৈল্যা এ্যাত তুস্‌সু কৈর না। [<তুচ্ছ সং]।

তুহন্‌=[কুম]—ক্রি. হাতড়ানো ॥ [< টোকন্‌ (টোকা)]।

তুহানি মুহানি=[পা]—ক্রি. বিণ. ইতস্তত: চক্ষুলজ্জা ॥ তুহানি মুহানি কর ক্যা? [অনু.]।

তুহার্‌=[খু]—বিণ. কটু ॥ তুহার্‌ কথা কেন্‌? [<তু (তুই)+কার]।

তে

তে=[খু]—অব্য.<হইতে ।। একানুতে যা ।

২=[পা]—অব্য. <তবে ।। তে কি কর্ব বলে দ্যাও ।

৩=[চট্ট]—সর্ব. সে ।। ইঁঅত্ তে কি করের্ ?

তেই=[চট্ট]—সর্ব. সে (স্ত্রী) ।। তেই বড় ভালা মাইয়া ।

২=[সি]—অব্য. তখন ।। যেত্ গন্-গোল্ তেই শে বারিতে আসিল্ না ।

তেইক্কা=[চট্ট]—বি. টুপি ।। আঁর্ তেইক্কা আন্ । [দেখ তক্যা] ।

তেইক্কা পাহাল্=[কুম]—বি. তিন মুখো উনুন ।। তেইক্কা পাহালে দান্ হিযান্ দ্যাও । [<তে (<ত্রি)+মুখ+ইয়া প্র.+পাক+আল প্র.] ।

তেইয্যা=[চট্ট]—ক্রি. বিণ. তেরছা, ট্যারা, উল্টা ।। আঁর্ লগে তেইয্যা ন চ'লিশ্ । [<তির্যক্ সং] ।

তেইয্ মারা=[ম]—ক্রি. খুব ক্ষতি করা ।। তুফানে তার্ তেইয্ মার্সে । [<তেজ <তেজঃ সং+মারা] ।

তেইতা=[কুম, নো]—বি. তিন পথের মোড় ।। আঁই তেইতায় খারাইঅম্ । [<তে (<ত্রি সং+পথ+ইয়া প্র.] ।

তেইত্যা=[নো]—অব্য. সেইজন্য, তবে-ইতো ।। তেইত্যা আমি হেই কথা কৈসি । [<তবে+ই+তো] ।

তেইতোল্=[রং]—বি. <তেতুঁল ।। তেইতোল্ বড় টক্ ।

তেইত্তা বার্=[কুম]—বি. গত তৃতীয় বছর ।। তেইত্তাবার্ দ্যাশে বর আকাল্ ঐসিল্ । [<তিহায়ত হিং =তৃতীয় ব্যক্তি+বার ; অর্থ প্র.] ।

তেইত্তা শন্=[চা]—বি. গত তৃতীয় বছর ।। হে তেইত্তা শন্ বিয়া কৈর্সে । [দেখ তেইত্তা বার্+সন (<সন্ سن আং)] ।

তেইন্=[কুম,চা]—সর্ব. <তিনি ।।

তেইরা=[চট্ট]—বি. ঘাসবিশেষ ।।

তেইর‍্যা=[চা, ম]—বিণ. বাঁকা ।। তর্ তেইর‍্যা কতা সার্ । [দেখ তেইয্যা] ।

তেইর্=[চট্ট]—সর্ব. তাহার (স্ত্রী) ।। তেইর্ কথাত্ কান্ ন দিঅ । [<তেই +র (সম্বন্ধে)] ।

তেইর্গা=[কুম]—বিণ. বাঁকা ।। লাইন্ডা তেইর্গা ঐসে । [দেখ তেইয্যা] ।

তেইর্চ'্যা=[চা]—বিণ. বিদঘুটে ।। তুই বর তেইর্চ'্যা মানুশ্রে । [< তেরচা<তির্যচ্ সং] ।

তেইল্যা=[চট্ট]—বি. তৈলের ব্যবসায়ী ।। [<তেল<তৈল(<তিল সং+অ)+ইয়া প্র.] ।

২=[খু]—বি. আরশুলা ।। [অর্থপ্র.] ।

তেইল্যা পোচ'া=[চট্ট]—বি. আর-শুলা ।। তেইল্যা পোচ'ারে পৈখ্ কয় কে ? [দেখ তেইল্যা$_{২}$ +পোকা] ।

তেইল্যা পোহা=[পা]—বি. তেলা-পোকা ।। শিশির্ মদ্দি তেইল্যা পোহা পড়িচে' । [দেখ তেইল্যা$_{২}$ +পোকা] ।

তেইল্=[ম]—বি. বাঁশের উপরের খোসা ।। তেইলের্ কাটা বর মারাত্তক্ ।

তেইল্কা=[রং]—বি. তেলাপোকা ।। [দেখ তেইল্যা পোহা] ।

তেইল্শা=[ফ]—বিণ. তেলতেলে ।। বালিশ্টা তেইল্শা হয়্যা গেসে । [< তেল (<তৈল)+শা প্র.] ।

তেইশে=[ম]—অব্য. তাহা হইলে ।। তুমি যদি আইও তেইশে আমি যাইবাম্ । [<তবে+ই+যে] ।

তেইশেনা=[ম]—অব্য. তবে তো ।। তুমি আগে খাইলে তেইশেনা আমি খাইবাম্ । [<তবে+ই+যে+না] ।

তেইশ্=[ম]—বি. সর্বনাশ ।। এই কাম্ কৈরা আমার্ তেইশ্ মর্চে' । [দেখ তেইয্ মারা] ।

তেইশ্কারি=[রং]—বি. ঠাট্টা-তামাশা ।। মোর্ শাথে তেইশ্কারি না করিছ্ । [দেখ তশ্কারি করা] ।

তেউ=[সি]—অব্য. তখন, তবে, তারপর ।। [তবে+ও] ।

তেউইন্যা=[ম]—বি. কৃপণ, স্বার্থপর ।। তুমিত বর তেউইন্যা ।

তেউড়ি=[রং]—বি. <দেউড়ি ।। তেউড়ি ছাপ্ করা ।

২=[ব, রা, ফ]—বি. খেসারি ।। তেউড়ি ডাইলে গন্ধ । [<তেওড় (<ত্রিপুট সং)+ই প্র.] ।

তেউনিয়া=[রং]—অব্য. তবেই ।। অঁয় আশিলে তেউনিয়া মুই জাইম্ । [দেখ তেউ+নি+আ] ।

তেউরা কলৈ=[কুম]—বি. খেসারি কলাই ।। তেউরা কলৈর্ ডাইল্ বালা না । [দেখ তেউড়ি$_{২}$ +কলায়] ।

তেউরান্=[ম]—বি. তিন স্থতার পাকানো দড়ি ।। তেউরান্টা দিয়া গরু বান্ । [<তেওড় (<ত্রিবৃৎ সং)+আন প্র.] ।

২=[রা]—বি. বলাবলি ।। এত তেউরান্ ভাল না । [অর্থপ্র.] ।

তেউর্=[রং]—বি. চড়ুই ।।

২=[রা]—বি. ছোট কলা গাছ ।। তেউর্টা অন্য জায়গায় লাগাও । [<তেউড়] ।

৩=[কুম, সি]—বি. বাঁশের তৈরী চিকন শলাকা বিশেষ ।। বর্যের্ তেউর্ । [<তেউড়<ত্রিবৃৎ সং] ।

তেউর্রা=[খু]—বি. স্থতার প্যাঁচ ।। শুতার্ পাকে তেউর্রা পড়ে গেসে । [দেখ তেউরান্] ।

তেঐন্যাপনা=[চা]—বি. একগুঁয়েমি ।। [দেখ তেঐরা+পনা] ।

তেঐরা=[চা]—বিণ. একগুঁয়ে ।। তুই বড় তেঐরা । [তেওড়া<ত্রিবৃৎ সং ; অর্থ প্র.] ।

তেঐরাপনা=[চা]—বি. ছুঁচোপনা, চুরি করিয়া খাওয়ার অভ্যাস ।। [দেখ তেঐন্যা পনা] ।

তেঁই=[চট্ট]—সর্ব. <তিনি ।। তেঁই আঁর হৌর্ ।

তেঁ'তি=[নো]—বি. তেঁতুল ।। তেঁতি বড় টক্ ।

তেঁ'তুল চ'্যাট্কা—[খু,য]—বি. পাকা তেঁতুল মাখা ।। [<চটকানো] ।

তেগি=[সি]—অব্য. তাহা হইলে ।। যদি শাদনা কর তেগি শিদ্দি লাব্ ঐবো । [<তবে+গিয়া] ।

তেয়্গি=[য]—বি. রাগ ।। নে আর্ তেয়্গি দেখাস্‌নে । [তেয تیز ফা. তেজঃ সং+গি প্র.] ।

তেড়ি=[রা]—বিণ. বাঁকা ।। চিক্‌ন ধুতি আর্ তেড়ি শেঁতি । [<তেওড়া +ই প্র.] ।

২=[কু]—বি. রাগ ।। তর্ এত তেড়ি ক্যা ? [অর্থ প্র.] ।

তেড়িমেড়ি=[নো]—বি. টালবাহানা, খাপছাড়া ভাব ।। তেড়িমেড়ি না করি টিঁয়া দ্যাও । [অনু.] ।

তেড়ুয়ি=[ম]—বি. খেসারি । [দেখ তেউড়ি] ।

তেতিয়া বসর=[ম]—বি. তিন বৎসর পূর্বে ।। তেতিয়া বসর্ বানে দ্যাশ্ বাশাইসিন্ । [<তৃতীয় বৎসর ; তুং তেইত্‌তা শন্] ।

তেতুই=[কুম]—বি. <তেঁতুল ।। তেতুই যবর্ চু'কা ।

তেতৈ=[চট, ম]—বি. <তেঁতুল ।।

তেত্=[খু]—অব্য. অবজ্ঞামিশ্রিত ধমক অর্থে ।। তেত্, ও কথা বলিস্ না । [<ধেৎ] ।

তেত্‌তুয়া=[ম]—বিণ. থেৎলা ।। লাডির্ বারিতে আতুটা তেত্‌তুয়া ঐয়া গেসে । [<থেঁত (<থূর্ত সং)+ উয়া প্র.] ।

তেদি=[রা]—অব্য. তবু যে ।। জানিশ্ জে অয়্ পার্‌বে না, তেদি দিলু ।

তেনি=[কুম]—সর্ব. <তিনি ।। তেনি কৈ গেসে ?

তেমুয়া=[নো]—বিণ. তেমাথা ।। [<তে (<ত্রি সং)+মুখ+আ প্র.] ।

তেমনি=[রা]—ক্রি. বিণ. সেই ঘড়ি ।। [<তেমন+ই] ।

তেমবুল=[কুম]—বি. বাঁশের বাকল ।। তেম্‌বুল্ বর দার্ ।

তেরি=[কুম]—বি. <স্ত্রী ।। তেরি বালা না ঐলে শান্‌তি নাই ।

২=[পা]—বি. একগুঁয়েমি ।। তোর্ তেরি দেখ্যা আর্ বাচি' না । [দেখ তেঐরা] ।

৩=[পা]—বিণ. একগুঁয়ে, বাঁকা, অসমান ।। লোক্‌টা বড় তেরি । [দেখ তেঐরা] ।

তেরিক=[কুম, নো,]—বি. বাদ ।। হিন্দু বিদবারা মাস্ মাংশ তেরিক্ দ্যায় । [তরক ترک আং] ।

তেরিক দেওয়া=[খু]—ক্রি. জানানো ।। [<তারীখ تاریخ আং] ।

তেরিয=[কুম]—বি. এক প্রকার গেঞ্জি ।।

তেরিবেরি=[চা,সি,ম]—বি. গণ্ডগোল, ঠ্যাঠামি । বেশি তেরিবেরি করিস্ না । [দেখ তেরিমেরি] ।

তেরিমেরি=[য]—ক্রি. বিণ. ক্রোধে উত্তেজিত ।। [অনু. ; পরে দেখ] ।

২=[চট,কুম,নো]—বি. টালবাহানা, তোমার আমার ।। তেরিমেরি করি শময় ন কাইট্‌ট । [অনু.] ।

তেরিয়া=[রা]—বিণ. চালাক, বুদ্ধিমান ।। মেয়েটি খুব্ তেরিয়া । [দেখ তেঐরা] ।

২=[রং]—বিণ. খারাপ ।। এত কতাতেও তুই তেরিয়া চলন্ ছাড়ছ্ না।। [অর্থ প্র.] ।

৩=[রং]—ক্রি. বিণ. অসমান ।। ইট্ তেরিয়া করি বশালু । [অর্থ প্র.] ।

৪=[রং]—বিণ. অযৌক্তিক ।। মুই কঁও ভাল কতা, তুই কশ্ তেরিয়া কতা । [অর্থ প্র.] ।

তেল্যানি=[নো]—বি. তেলাপোকা ।। [<তেল(<তৈল)+নি প্র.] ।

তেলি করা=[সি]—ক্রি. টেলিগ্রাম করা ।। ডাক্‌ঘরে গিয়া তেলি কর্ । [<টেলি(<টেলিগ্রাম telegram ইং)+করা] ।

তেলি চে'রা=[চা]—বি. আরশুলা । [<তৈল+চোর+আ প্র.] ।

তেলির বৌ=[চা]—বি. মাছ বিশেষ।।

তেলুই=[খু]—বি. তৈলাধার ।। তেলুইতি তেল্ নাই । [<তৈল+ ই প্র.] ।

তেলুইন=[চট]—বি. কড়াই ।।

তেলুনি=[কুম]—বি. মাছ বিশেষ ।।

তেলুয়া=[বা]—বি. মিঠাই বিশেষ ।। [<তিল+উয়া প্র.] ।

২=[বা]—বিণ. তৈলযুক্ত, তেল-তেলে ।। তেলুয়া মাথায়েই তেল্ । [<তৈল+উয়া প্র.] ।

তেলুশ=[বা]—বিণ. খুব মোটা-সোটা ।। খাইতে খাইতে তেলুশ্ ঐয়া গ্যাসে । [<তৈল+শ প্র.] ।

তেলৈ=[চা]—বি. গায়ে হলুদ, বিবাহের পূর্বে বর ও কনেকে তেল হলুদ মাখাইয়া গোসল করানোর উৎসব ।। [তেল+অই প্র.] ।

তেলৈন্যা=[চট]—বিণ. ঢালু, হেলানো ।। বোঝাডা তেলৈন্যা করি দিবালর্ লগে রাক্ । [তেওড়া+ নিয়া প্র.] ।

তেলৈন=[চট]—বি. তরকারির পাত্র বিশেষ ।।

তেল শিটকেনি=[খু]—বি. তৈলের গাদ বা ময়লা ।। বালিশের্ ওয়ার্-ডায় তেল্ শিট্‌কেনি লাগ্‌সে । [< তৈল + চিট + ক + আনি প্র.] ।

তেশি=[রা]—অব্য. তবেই ।। লেখ্‌নু, তেশি তুই আইলু । [<তবে+ই+ সে] ।

ত্যা

ত্যা=[ফ]—অব্য. থেকে ॥ আমি বাযার্‌ত্যা আলাম্‌। [<থাকিয়া=থেকে]।

ত্যাআইত্যা=[চট্ট]—বি. ত্রিকোণাকার কাঠ (যাহার উপরে ঠেশ দিয়া দা রাখা হয়) ॥ [<তে(<তিন)+হাত+ইয়া প্র.]।

ত্যাআইন্‌না=[কুম]—বিণ. যে ধীরে ধীরে কাজ করে ॥ ত্যা আইন্‌না লোকের্‌ বাত্‌ মিলে না। [<থাকিয়া+ইন্‌না প্র.]।

ত্যাআইয়া=[কুম]—অস.ক্রি. থামিয়া ॥ ত্যাআইয়া কাম্‌ কর ক্যান্‌? [<থাকিয়া]।

ত্যাই=[খু]—বিণ. তৃতীয়, অপর ॥ ত্যাই লোগ্‌ ডাকার্‌ কি গরয্‌? [তিহাই হিং]।

ত্যাঐর‍্যা=[ঢা]—বিণ. একগুঁয়ে ॥ তুই বর ত্যাঐর‍্যা। [দেখ তেঐরা]।

ত্যাঐর্‌=[সি]—বি. বাঁশের গোলাকার বেত ॥ [দেখ তেউর্‌]।

ত্যাঐর্‌রা=[ফ]—বি. যে কথা মানে না ॥ ত্যাঐর্‌রার্‌ লগে কি কও? [দেখ ত্যাঐরা]।

ত্যাও=[ম, রং]—অব্য. <তবুও ॥ এত মাইর্‌ খাইলি, তেও মিসা কতা কস্‌?

২=[খু]—বি. ধান বপন করিবার পূর্বে ভিজাইয়া রাখা ॥ ধানে ত্যাও দিসিশ্‌?

ত্যাওড়্‌=[খু]—বি. জট, প্যাঁচ ॥ গাসে গাসে ত্যাওড়্‌ লাগ্‌সে। [দেখ তেউরান্‌]।

ত্যাওড়্‌ব্যাওড়্‌=[রা]—ক্রি. বিণ. ভুল, উল্টাপাল্টা ॥ ত্যাওড়ব্যাওড়্‌ কর‍্যা কথা কৈও না। [তেওড়(=বাঁকা)+বেওড়(অনুঃ)]।

ত্যাও ত্যাও করা=[রা]—ক্রি. বি. অতিরিক্ত আদর দেওয়া ॥ হোলা-হাইন্‌ লৈয়া ত্যাওত্যাও করা বালা ন। [<ত্যাওত্যাও(অনু.)+করা]।

২=[পা]—ক্রি. উৎপাত করা, যাইবার জন্য তাড়াহুড়া করা ॥ [অর্থ প্র.]।

ত্যাওত=[ম]—অব্য. <তবুতো ॥ এত বুঝাইলাম ত্যাওত বুয্‌ মানে না।

ত্যাওরানো=[রা]—ক্রি. এক তারকে তিন তার করা, এক কথা বারবার বলা ॥ এক্‌ কথা এত ত্যাওরাও ক্যা? [দেখ তেউরান্‌]।

ত্যাওরি=[রা]—ক্রি. বিণ. দেরী ॥ শব্‌ কামেই তুমি ত্যাওরি কর। দেখ তেউরান্‌২ ; অর্থ প্র.]।

ত্যুহানি ম্যুহানি=[ম]—বিণ. ঘুর প্যাঁচ ॥ তোমার্‌ ত্যাওর্‌ব্যাওর্‌ কথা আমি বুঝি না। [দেখ ত্যাওড়্‌ ব্যাওড়্‌; অর্থ প্র.]।

ত্যাংত্যাংগানো=[ম]—ক্রি. অবহেলা করা, তুচ্ছজ্ঞান করা ॥ দনি মাইন্‌শে গরিবেরে বর ত্যাংতেংগায়্‌। [< ত্যাংত্যাং (অনু.) +আনো প্র.]।

ত্যাংপিসল্‌=[ম]—বি. যাহাকে বার বার বলিয়াও কোন কাজ করান যায়্‌ না ॥ [<তৈল+পিচ্ছল]।

ত্যাঁত্যা=[ব]—বি. পাটের সূতলি ॥ টাক্‌রাশ্‌ সাড়া তাঁত্যা পাকানো যায়্‌ না। [<তাঁত+ইয়া প্র.]।

ত্যাশ্‌=[রা]—বি. তৃষ্ণা। [<তিয়াশ (<তৃষ্ণা)]।

ত্যাকা=[রা]—অব্য. থাকিয়া, হইতে ॥ বহত্‌ বছর্‌ ত্যাকা হামি কাজ্‌ কর্‌ছি। [<থাকিয়া]।

ত্যাকাইট্‌টা=[বা]—বি. তিনটি কাঁটা যুক্ত আধার বিশেষ ॥ ত্যাকাইট্‌টার্‌ উপর্‌ রাইখ্‌খা দ্যাও। [<তে+কাঁটিয়া (<কাঁটা+ইয়া প্র.)]।

ত্যাকাজে=[রং]—ক্রি. বিণ. সেই কারণে ॥ ত্যাকাজে মুই আশিচোঁ। [<তে+কাজ+এ (বিভক্তি)]।

ত্যাকাটা=[রা]—বি. তিন কাঠির তৈয়ারী শিকা ॥ মাছের্‌ পাতিল্‌ ত্যাকাটায়্‌ তুলে রাখ্‌। [<তে+কাঠ+আ প্র.]।

ত্যাকাটিয়া=[ম]—বি. তেমাথা ॥ ত্যাকাটিয়ার্‌ মোরে দেখা ঐচে'। [দেখ ত্যাকাইট্‌টা]।

ত্যাকান্‌টা=[ব]—বিণ. দুষ্ট, চঞ্চল ॥ [<তে+কাণ্ড+আ প্র.]।

ত্যাকোচে=[রা]—বি. ছোট মাছ বিশেষ ॥

ত্যাকোনা=[ফ]—বি. তিন কোণা বিশিষ্ট ॥ ত্যাকোনা যমিন্‌। [<তে+কোণ+আ]।

ত্যাক্‌=[খু]-বি. তালাক, ছাড়া, ত্যাগ ॥ শে তার্‌ বৌরে ত্যাক্‌ করেসে। [<ত্যাগ]।

২=[চ]—ক্রি. বি. ভুলিয়া যাওয়া ॥ [অর্থ প্র.]।

ত্যাক্‌টা=[ব]—বিণ. দুষ্ট, চঞ্চল ॥ [দেখ ত্যাকান্‌টা]।

ত্যাক্‌ত=[সি]—বি. বিরক্ত, কষ্ট ॥ আর্‌ কত ত্যাক্‌ত কৈর্‌বা? [<ত্যাক্ত]।

ত্যাক্‌ তেকা=[ঢা,সি,ম]--বিণ. অতিশয় আর্দ্র, কর্দমাক্ত, নরম ॥ গর্‌ডা বিষ্যা ত্যাক্‌তেকা ঐয়া গেসে। [<ত্যাকত্যাক (অনু.)+আ প্র.]।

ত্যাক্‌ তেক্‌=[কুম]-ক্রি. বিণ. ভিজা ভিজা ॥ গরের্‌ মাডি ত্যাক্‌তেক্‌ করে। [দেখ ত্যাক্‌তেকা]।

ত্যাক্‌ত্যাক্‌ করা=[ব]—ক্রি. কোন কিছু খাইতে দেখিলে লোভ লাগা ॥ [দেখ ত্যাক্‌ তেকা]।

২=[পা]—ক্রি. বিণ. ভিজিয়া চুপ-শিয়া থাকা ॥ গরের্‌ মেঝে বিষে ত্যাক্‌ ত্যাক্‌ কর্‌সে।

ত্যাখন্‌=[দি]—ক্রি.বিণ. <তখন ॥ ত্যাখন্‌ শে বাড়িতে্‌ আছিল্‌ না।

ত্যাখন্‌কা=[রা]—ক্রি.বিণ. তখন ।। ত্যাখন্‌কা তোক টাকা দিয়াছোঁ। [<তখন+কা]।

ত্যাগড়্‌=[খু]—বি. অসুবিধা ।। কাম্‌টা কর্‌তে বড় ত্যাগড়্‌ বেঁধেসে।

ত্যাগাইট্‌=[কুম]—বি. তিন মাথা বিশিষ্ট ছুরি ।। ত্যাগাইট্‌টা কোমরে যুলাই লও। [দেখ ত্যাকাইট্‌টা]।

ত্যাগারন্‌=[রং]—ক্রি. বিণ. ত্যাগ, বাদ ।। মনেত্‌তে তেগারন্‌ দিচো। [<ত্যাগ+ছাড়া+ন]।

ত্যাগারু=[সি]—বিণ. বাঁকা, বিপথ-গামী ।। ত্যাগারু ব্যাটির্‌ লগে মাতিও না। [দেখ ত্যাগড়্‌+উ প্র.]।

ত্যাগ্‌গ=[ম]—বি. বিতৃষ্ণা ।। যিবনের্‌ লাই ত্যাগ্‌গ দৈর্‌সে। [<ত্যাগ+অ প্র.]।

ত্যাচ'া=[নো]—বি. তৃতীয় দফার চাষ ।। যমি ত্যাচ'া করন্‌ লাইগ্‌ব। [<তে+চাষ]।

ত্যাচা'মা=[সি]—ক্রি. বিণ. বৃষ্টি না হওয়ার ফলে শক্ত ।। যমি ত্যাচ'মা লাগি রৈসে, আল্‌ চ'লে্‌ না। [দেখ ত্যাচ'া+আ প্র. ; অথ প্র.]।

ত্যাচ'=[চট্ট]—বি. <তেজ ।। বৌডার্‌ ত্যাচ্‌' কত ?

ত্যাচ'পাতা=[পা, খু]—বিণ. তেজ-পাতা ।। ত্যাচ্‌'পাতার্‌ গোন্দ বালা।

ত্যাজ্‌=[রং]—বি. রক্ত ।। হাত কাইট্যা অনেক্‌ ত্যাজ্‌ পড়েছে। [<তেজ ; অর্থ প্র. ; তুং তেজ অ.]।

২=[রং]—বি. শক্তি বীর্য ।। তার্‌ ত্যাজে পাঁচ্‌ জন্‌ও কুলায়্‌ না। [অর্থ প্র.]।

৩ =[রং]—বি. ক্রোধ ।। উগ্‌লা ত্যাজ্‌ কাক দেখাইশ্‌ ? [অর্থ প্র.]।

ত্যাযল্‌=[ম]—বি.. তেজবিশিষ্ট ।। অশ্বুদ্‌টা বর ত্যাযল্‌। [<তেজ+ল প্র.]।

ত্যাযাতা=[পা]—বি., বিণ. জারজ, যাহার জন্মের কোন ঠিক নাই। [<তে+জাত+আ প্র.]।

ত্যাযাব্‌=[সি]—বি. বিষ, এসিড ।। ত্যাযাব খাইয়া হালার্‌ ব্যাটা মৈর্‌সে। [<তেযাব تیزاب ফা.]।

ত্যাযারত্‌=[চট্ট]-বি. ব্যবসা বাণিজ্য ।। [তেজারত تجارت আ]।

ত্যাযাল্‌=[চট্ট]—বি. ধারালো ।। ত্যাযাল্‌ ছুরি। [<তেজ+আল প্র.]।

ত্যাড়া=[খু, য]—বি. সিঁথি ।। সেলের্‌ ত্যাড়ার্‌ বাহার্‌ আসে। [<টেড়ি]।

ত্যাড়্‌=[য, খু]—বি. কলার চারা ।। [<তেউড়]।

ত্যাড়্‌ব্যাড়্‌=[খু]—ক্রি. বিণ. এদিক ওদিক ।। কথার্‌ মদ্‌ধে এক্‌টু ত্যাড়-ব্যাড় হয়ে গেসে। [দেখ ত্যাওর্‌ ব্যাওর্‌]।

ত্যাতাইলা বেতাইলা=[ম]—বিণ. আবোল তাবোল ।। অত ত্যাতাইলা বেতাইলা কথা কও ক্যা ? [<তে+তাল+ইয়া প্র. ; বে بے+ফা.+তাল+ইয়া প্র.]।

ত্যাতান্‌=[সি]—ক্রি. গরু তাড়ান ।। ডাইনের্‌ গরুটা ত্যাতা নাইলে বাউর্‌ বাকা ঐব। [অনু.]।

ত্যাতারা=[রা]—বি. গরুর গাড়ীতে ব্যবহৃত কাঠ বিশেষ ।। ত্যাতারা না হলে গরুর গাড়ি উঁচু হয়্‌ না।

ত্যাতেলা=[চট্ট]—ক্রি.বিণ. চ্যাপ্টা ।। হিতারে পিডি ত্যাতেলা বানাইয়ুম্‌। [<থেঁত্‌ (<থূর্ত সং)+লা প্র.]।

ত্যাতৈ=[পা]—বি. <তেঁতুল ।।

ত্যাদাওরা=[সি]—বিণ. যে কথায় কথায় অভিমান করে ।। [দেখ ত্যাদানো ; ত্যাদা+উরা প্র.]।

ত্যাদানো=[সি]—ক্রি. অভিমান করা ।। অত ত্যাদাও কিতা ? [<তাঁদ্‌ (<তাঁদড়)+আনো প্র.]।

ত্যাদায়া=[ম]—বি. বেড়া বাঁধিবার একপ্রকার বাঁধ বা গিঁটের নাম ।। ত্যাদায়ার বেরাটা বর শুন্দর্‌ ঐসে।

ত্যাদ্‌রানি=[সি]—বি. ইচ্ছা আছে অথচ বাহ্যত: না করার ভাব, দাম বাড়ানি ।। আলুর্‌ পোয়া ঠালু, তুমি আর্‌ ত্যাদ্‌রানি দেহাইও না। [দেখ ত্যাদানো ; তাঁদড়+আনি প্র.]।

ত্যাদ্‌রানো=[সি]—ক্রি. দাম বাড়ানো, মান বাড়ানো ।। [<তাঁদড়+আনো প্র. ; দেখ ত্যাদ্‌রানি]।

ত্যানা=[পা]—বি. তিন (গুলিবাড়ি খেলায়) ।। [<তিন+আ]।

২=[ফ, ম, ঢা, নো]—বি. ছেঁড়া কাপড় ।। ত্যানা দি খ্যাতা শেলাই করে। [<তেনা]।

৩=[সি]—অব্য. <তবে কিনা ।। আমি কৈ পরো, ত্যানা তাইন্‌ বুলে আর্‌ পরতো নায়্‌।

ত্যানাই যাওয়া=[চট্ট]—ক্রি. মিইয়া যাওয়া ।। বৈয়মের্‌ সিপি খোলা সিল্‌ ত্যাই মুড়ি ত্যানাই গেইয়ে। [<তেনা+ইয়া+যাওয়া]।

ত্যানাইন্‌না=[ঢা, নো]—বিণ. মিইয়ে যাওয়া ।। ত্যানাইন্‌না মুরি চাবাইতে বর কশ্‌ট। [<তেনা+ন+ইয়া প্র.]।

ত্যানাইয়া=[কুম]—অস. ক্রি. মিইয়া, ওদাইয়া ।। বাতাশ্‌ লাগ্‌লে মুরি ত্যানাইয়া যায়্‌। [দেখ ত্যানাই যাওয়া]।

ত্যানা কারানো=[ম]—ক্রি. কাপড় বুনিবার লম্বা সূতা বিস্তৃত করা ।। যোলার্‌ বৌয়ে্‌ ত্যানা কারাইতাসে। [<তানা করানো]।

ত্যানাচিপা=[রা]—বিণ. কৃপণ, যে খুব সঙ্কোচের সহিত খরচ করে ।। তোর্‌ মত ত্যানাচিপা দুনিয়াত্‌ নাই। [<তেনা+চিপা]।

ত্যানাছেড়া=[রা]—বিণ. কৃপণ ।। শে খুব ত্যানাছেড়া লোক্‌। [<তেনা+ছিঁড়া (<ছিন্ন সং)]।

ত্যানা ত্যানা=[ম]—বিণ. মলিন, অপরিচ্ছন্ন ।। এত পরিশ্‌কার্‌ কাপর্‌ডা দুইদিন্‌ পিন্‌দ্যাই ত্যানাত্যানা কৈরা ফেলাইসত্‌। [তেনা ; অতিশয্যে শব্দদ্বিত্ব] ।।

ত্যানানো=[ঢা, কুম, নো]—ক্রি. নরম হওয়া ॥ খোলা রাইখ্লে মুরি ত্যানাইয়া যায়্। [<তেনা+নো প্র ; অর্থ প্র.]।

ত্যানা পিচ'যাট্, ত্যানাপিশাচ্'=[পা] বিণ. অত্যধিক নোংরা ॥ [<তেনা +পিচাশ]।

ত্যানা পৈরানে না কুলানো=[ঢা]—ক্রি. সামর্থ্যে না কুলানো ॥ [<তানা পড়েন+এ (বিভিক্ত)+না কুলানো; বাগ্ধারা]।

ত্যানা ফারা=[সি]—ক্রি. বি. বকবক করা, বেশী কথা বলা ॥ তোমার ত্যানাফারা আমার্ বালা লাগে না। [<টানা+পাড়া ; বাগ্ ধারা]।

ত্যানেস্তি=[সি]—বি. গরীব ॥ লোক্টা একেবারে ত্যানেস্তি। [< তিহীদস্ত تهی‌دست ফা.+ই প্র.= শূন্যহাত]।

ত্যান্চ'াইল্যা=[চট্ট]—বিণ. তেজী (তুচ্ছার্থে) ॥ [<তিন+চাল ইয়া প্র.]।

ত্যান্দড়্=[রা]—বিণ. কৌতুককারী, ছলনাকারী ॥ জামাই আমার্ খুব্ ত্যান্দড়্ ॥ [<তঁ্যাদড়]।

ত্যান্দর্ ব্যান্দর্=[ম]—বি. খামখেয়ালীপনা ॥ তোমার্ শব্তাতেই ত্যান্দর্ ব্যান্দর্ চৈ'লব্ না। [দেখ ত্যান্দড়্+বান্দর<বাঁদর]।

ত্যান্দেরা=[সি]—বি. এক প্রকার ঘাস ॥ ত্যান্দেরা গাশ্ গরুতে কম্ খায়্।

ত্যান্দের্ ব্যান্দের্=[ঢা]—বি. টালবাহানা, ফাঁকিবাজি ॥ বেশি ত্যান্দের্ ব্যান্দের্ করিস্ না। [অনু.]।

ত্যান্দোর্=[খু, ফ]—বিণ. নাছোড় বান্দা, অতিচালাক ॥ লোক্টা বড় ত্যান্দোর্। [দেখ ত্যান্দড়্]।

ত্যান্নক্=[নো]-বি. সামান্য জিনিস ॥ তে ত্যান্নক্ হৈযন্ত লৈ গ্যাসে। [<তিন (<তৃণ সং)+ক প্র.]।

ত্যান্নক্ টুক্=[পা]—বিণ. সামান্যতম ॥ ত্যান্নক্টুক্ কামও শে করে না। [দেখ ত্যান্নক্+টুক]।

ত্যাপতি=[রং]—বি. তেমাথা রাস্তা, তিনটি রাস্তার মিলন স্থান ॥ [<তে+ পথ+ই প্র.]।

ত্যাপোর্=[রং]—বি. ত্রিপ্রহর ॥ দুপুরে ত্যাপোরে ডাকাডাকি ভাল নোয়ায়্। [<ত্রি+প্রহর]।

ত্যাপ্পহর্=[রা]—বি. তৃতীয় প্রহর ॥ আইত্ ত্যাপ্পহরে আশিবে। [দেখ ত্যাপোর্]।

ত্যাপ্পহার্=[রা]—বি. বিকাল বেলা ॥ [দেখ ত্যাপোর্]।

ত্যাবত্কে=[ঢা]—অব্য. তাবৎ ॥ য্যাবত্কে আমি না কৈ ত্যাবত্কে উডিস্ না। [<তাবৎ (<তদ+বৎ) +কে]।

ত্যাবাশ্=[ব]—অব্য. তারপর ॥ আমি বল্লাম্ ত্যাবাশ্ শে বল্ল। [< তা+বাদ]।

ত্যাবুদা=[ম]—বিণ. বোধশূন্য ॥ দুক্খে দুক্খে লোক্টা ত্যাবুদা ঐয়া গ্যাসে। [<স্তব্ধ]।

ত্যাবে=[খু]—অব্য. তবে, তাহা হইলে ॥ তুই যদি না আশিশ্ ত্যাবে আমি যাব না। [<তবে]।

ত্যাবো=[সি]—অব্য. তবু ॥ আমি তারে যাইতে না কর্লাম্ ত্যাবো হি যাইতয়্। [<তবু]।

ত্যামাইয়া=[কুম]—বিণ. তিন মাসের ॥ ত্যামাইয়া স্থইট্কায়্ লোতা খাইতে পারে না। [<তে+মাস+ইয়া প্র.]।

ত্যামাইল্লা=[কুম]—বিণ. তিনমুখ বিশিষ্ট ॥ ত্যামাইল্লা রাস্তাত্ হিন্দুরা বোগ্ দ্যায়্। [<তে+মুখ+ইলা. প্র]।

ত্যামাথা=[ম]—বি. বয়স্ক ব্যক্তি ॥ ত্যামাথার্ লগে বুয্ কর। [<তে+ মাথা ; অর্থ প্র.]।

ত্যামাল্লাই=[ঢা]—বি. তেতালা, তিনতালা ॥ ত্যামাল্লাই দালান্। [< তে+মাল্লা (<মহল محل আং+আ) +ই প্র, ; অর্থ প্র.]।

ত্যামারুয়া=[সি]—বিণ. একগুঁয়ে ॥ হে এ্যাক্ ত্যামারুয়া। [<তে+ মার +ওয়া প্র.]।

ত্যামুক্=[ঢা]—বি. গর্ব, অহংকার ॥ [<ঠমক]।

ত্যাম্বা=[কুম]—বিণ. তেমন, সেইরকম ॥ শখিনার্ হারিটা ত্যাম্বা বালা না। [<তেমন+বা]।

ত্যাম্বালা=[ম] —অব্য. <তবু ভালো ॥ ত্যাম্বালা আমি দর্গিলাম্ নয়্লে সেরাডা পৈরা মৈর্ত।

ত্যাম্লা=[ম]—বি. তিন মহলা, তেতালা ॥ [দেখ ত্যামাল্লাই]।

ত্যায়াইক্কা বালা=[কুম]-বি.তিনদিন অন্তর পালাজ্বর ॥ [<ত্র্যাহিক +বার কিংবা বলা' আং; بلا দেখ তিরিক্কা]।

ত্যায়াদারা=[নো]—বি. পাটি বোনার পদ্ধতি বিশেষ ॥ [দেখ ত্যায়াধারা]।

ত্যায়াধারা=[চট্ট]—বি. <ত্রি ধারা, একবারে তিন তিন বেত বা শলা দিয়া বোনার নিয়ম ॥

ত্যায়ারি=[বা]—বি. মাটির হাঁড়ীর কাঠামোর উপর তৈয়ারী আলগা চুলা ॥ নায়ে ত্যায়ারিত্ রান্দে।

ত্যায়ার্=[চট্ট]—ক্রি. <তৈয়ার ॥ দর্যি কাপড়্ ত্যায়ার্ গরে। <তয়্যার تیار আং]।

২=[কুম]—বি. পর্ব ॥ [<তেওহার হিং]।

৩=[য, খু]—বিণ. তিন চাষ দেওয়া ॥ [<তে+হাল]।

ত্যায়াল্লিশ্=[চট্ট]—বি. < তেতাল্লিশ ॥

ত্যায়্রা=[চট্ট]—ক্রি.বিণ. তিনগুণ, তিনপরত ॥ রশি ত্যায়্রা করি বান্দ। [<ত্রি+ধারা]।

ত্যায়্রাই=[নো]—ক্রি. বিণ. তৃতীয় বার ॥ ত্যায়্রাই তারে কৈলাম্। [দেখ তেউরান্]।

ত্যায়্রানো=[চট্ট]—ক্রি.কাকুতি মিনতি করা, বার বার তাগাদা করা ॥ তেঁইরে কত ত্যায়্রাই কৈলাম্। [দেখ তেউরান্]।

ত্যার=[ঢা, কুম]—বিণ. পূর্ব, গত ।। ত্যার দিন্ তার্ বাপ্ বারিত্ আইসিল্ ।

ত্যার ইন্‌চি'=[সি]—বি. দলিল লিখিবার ফুলস্কেপ কাগজ ।।

ত্যারক্=[কু]—বি. রাগ, গর্ব ।। শে ত্যারক্ করে বাড়ি হৈতে চ'লে গ্যাল্ । [<তড়াক ; অর্থপ্র.] ।

ত্যারযুরি=[সি]—বি. ট্রেজারী ।। ত্যারযুরির্ শব্ ট্যাহা যুদি আমার্ ঐত । [<ট্র্যাজারী Treasury ইং] ।

২=[ঢা]—ক্রি. বিণ. জোড়াতালি ।। তেরযুরি কৈর‍্যা পিরন্ডা হিলাইসি । [<তোড়+জোড়+ইপ্র.] ।

ত্যারা=[সি]—বি. একজাতীয় ছোট গাছ ।।

২=[রা]—বি. খেজুর রসের পায়স ।।

৩=[ঢা, কুম]—বিণ. একগুঁয়ে, অবাধ্য ।। স্যারাডা যবর্ ত্যারা । [দেখ তেঐরা] ।

ত্যারাই=[খু]—বিণ. অপর, অন্য ।। আমি সাড়া ত্যারাই লোক্ এ বাড়িতে ডুক্‌বে না । [<তিহাই হিং] ।

ত্যারাই দ্যাওয়া=[চট্ট]—ক্রি. সতর্ক করা, বার বার স্মরণ করাইয়া দেওয়া ।। [দেখ তেউরান্ ; তেউরাইয়া দেওয়া] ।

ত্যারাইয়া কওয়া=[ঢা]—ক্রি. বার বার স্মরণ করাইয়া দেওয়া ।। [দেখ তেউরান্ ; তেউরাইয়া+কওয়া] ।

ত্যারাইসা=[ম]—বিণ. বাঁকা ।। ত্যারাইসা কথা কও ক্যা ? [<তেরছা (<তির্যচ্ সং)] ।

ত্যারাং বেরাং=[ম]—ক্রি. বিণ. বাঁকা তেরা ।। ক্যামন্ দাগ্ কাইট্‌লা তেরাং বেরাং ঐয়া গেসে । [দেখ তেরাবেরা] ।

ত্যারাক্ করা=[পা]—ক্রি. রাগ করা, গোস্বা করা ।। ত্যারাক্ কৈর‍্লি ক্যা ? [<তড়াক (অনু.)+করা] ।

ত্যারাজাল্=[রা]—বি. গোলাকার জাল বিশেষ ।।

ত্যারাযবা=[সি]—বি. লাল পাতা বিশিষ্ট জবাফুল বিশেষ ।। ত্যারা যবার্ পাতাদি মা'চা বান্‌দি লও । [<তারা+জবা] ।

ত্যারাত্রি=[পা]—বি. প্রায়শ্চিত্ত ।। ত্যারাত্রি কৈরা যাতে উট্ । [<ত্রি+রাত্রি] ।

ত্যারানে=[কুম,নো]—বিণ. অলস ।। ত্যারানে গরু দি আল্ চ'ন্ বড় কশ্‌ট ।

ত্যারানো=[চট্ট]—ক্রি. বার বার সতর্ক করা ।। এত ত্যারাইলাম্ তবুও কতা হুনে না । [দেখ তেউরান্] ।

ত্যারা বেরা=[ম]—ক্রি বিণ. বাঁকা-তেরা ।। রৈদে তক্‌তা গুলি ত্যারাবেরা ঐয়া গেসে । [<তেরা(<তির্যক্)+বেরা (অনুঃ)] ।

ত্যারা ব্যাহা=[পা]—বিণ. উল্টা-পাল্টা ।। ত্যারাব্যাহা কতা কন্ ক্যা ? [দেখ ত্যারাবেরা ; ব্যাহা<বাঁকা] ।

ত্যারামি=[ঢা]—বি. একগুঁয়েমি ।। বেশি ত্যারামি করিস্ না । [<তেরা (<তির্যক্)+মি প্র.] ।

ত্যারাল্যাংগা=[ম]—বি. বিকলাঙ্গ ।। সেরাডা ত্যারাল্যাংগা । [দেখ ত্যারা, +লেংড়া (<লঙ্গ+ড়া)] ।

ত্যারাল্যারা=[ম]—বি. বিকলাঙ্গ ।। [দেখ ত্যারাল্যাংগা] ।

ত্যারাশিদা=[পা]—বি. বাঁকা সিঁথি, আড়াআড়ি চুলের ভাজ ।। 'ত্যারাশিদা আলপেট্ কাটা বাবরি নাচ'য় ক্যান্' । [দেখ ত্যারা ৹+সিঁথি (<সীমন্ত সং)] ।

ত্যারাশ্=[ম]—বি. আচমকা ভয় ।। আন্‌দারে ত্যারাশ্ লাইগ্‌গ্যা দৌর্ দিল্ । [<তরাস<ত্রাস সং] ।

ত্যারে=[ফ]—অব্য. <তারপরে ।। ত্যারে হে কি কৈল্ ?

ত্যারেং ত্যারেং=[সি]—বি. অসঙ্গতি ।। আর্ ত্যারেংত্যারেং চ'ল্‌তনার্ । [অনু.] ।

ত্যারেন্‌দায্=[পা]—বি. অতিরিক্ত রাগী ।। [<তীরান্দায تیرانداز ফা.] ।

ত্যারেশ্ বেরেশ্=[ঢা]—বি. তাল-বাহানা ।। ত্যারেশ্ বেরেশ্ কৈরা কয়দিন্ গুরাইল্ । [অনু.] ।

ত্যারেশ্ ফেরেশ্=[ঢা]—বি. তাল-বাহানা, বিশৃংখলা ।। কামে ক্যাবল্ ত্যারেশ্ ফেরেশ্ বাযে । [অনু.] ।

ত্যারোচে'=[পা]—বিণ. বাঁকা ।। ত্যারোচে' বাশ্ । [< তেরছা (<তির্যচ্)] ।

ত্যারোষ্=[পা]—বি. রাগ ।।

ত্যারোপাপ্=[খু]—বিণ. দুষ্ট ।। সেলেটি বড় ত্যারোপাপ্ । [<তের+পাপ ; অর্থপ্র.] ।

ত্যার্=[পা, রা]—বি. উৎসব ।। [< তেহার হিং] ।

২=[ঢা]—সর্ব. তাহা ।। এ্যার্ ত্যার্ বাইব্যা কাম্ কর । [<তা+র] ।

ত্যার্‌গা=[সি]—বিণ. দুষ্ট ।। বর ত্যার্‌গা পোলা । [< তে+রগ رگ ফা.+আ প্র.] ।

ত্যার্‌ঠে=[ঢা]—বি. তের ।। [<তের+টে=টা] ।

ত্যার্ তোলার্=[সি]—বিণ. পরম আদরের ।। পুতের্ বৌরে ত্যার্ তোলার্ শোনা করি রাখ্‌সি । [<তের তোলার সোনা ; অতিশয় দামী] ।

ত্যার্‌পরট্=[সি]—বিণ. ধূর্ত, চালাক । পুয়াটা বর ত্যার্‌পরট্ । [<তরবর (অনু.)+ট] ।

ত্যার্‌পাল্=[নো]—বি. পুরাতন ও ছেঁড়া ছালা ।। ইঁয়ানে হানি হড়্‌সে এক্‌টা ত্যার্‌পাল্ দ্যাও । [<তিরপাল । (<ট্যারপলিন tarpaulin ইং)] ।

ত্যার্‌শে=[খু]—ক্রি. বিণ. জড়ানো ।। [দেখ ত্যার্‌সা] ।

ত্যার্‌সা=[ঢা]—বিণ. বিরুদ্ধ, প্রতি-কূল ।। তর্ ত্যার্‌সা কতা হোন্‌তে ইস্‌সা করে না । [<তির্যঞ্চ] ।

ত্যারসাইল্যা=[ফ]—বিণ. বেহায়া ।। স্যাম্‌রাডা যবর্ ত্যার্‌সাইল্যা । [দেখ ত্যার্‌সা+ল+ইয়া প্র.] ।

ত্যার্‌সাইল্‌লা=[কুম]—বিণ. এক গুঁয়ে ।। এমুন্ ত্যার্‌সাইল্‌লা মানশের্ পাসে চ'লন্ যায়্ না । [দেখ ত্যার্ সাইল্যা] ।

ত্যার্‌সামি=[কুম]—বি. একগুঁয়েমি ॥ [দেখ ত্যার্সা+মি প্র.]।

ত্যালশ্‌মাত্‌=[ম, চা]—বি. যাদু ॥ লোক্‌টা কি ত্যালশ্‌মাত্‌ যানে? [দেখ তিরিচ্‌'মাত]।

ত্যালাঅত্‌=[চট্ট]—বি. পড়া ॥ [< তিলাৱত تلاوت আং]।

ত্যালাই=[চা]—বি. গায়ে হলুদ ॥ ত্যালাইর উত্‌শব। [দেখ তেলৈ]।

ত্যালাইং—[চা]—বি. মাটির বড় পাতিল ॥ ত্যালাইংএ কৈর‍্যা বাত্‌ রান্দ।

ত্যালাই করা=[কুম]—ক্রি. বিবাহের কন্যা সজ্জিত করা ॥ মনাকে তেলাই-কর্‌। [দেখ ত্যালাই+করা]।

ত্যালাই দেওয়া=[ম]—ক্রি. সাজগোজ দেওয়া ॥ এত ত্যালাই দিয়া কৈ যাও? [দেখ ত্যালাই+দেওয়া]।

ত্যালাইন্‌=[কুম]—বি. ব্যঞ্জন রাঁধার মৃৎপাত্র ॥

ত্যালাইন্যা=[কুম]—বি. মধ্যম শ্রেণীর পাতিল ॥ ত্যালাইন্যাডা কৈ?

ত্যালাইন্‌না=[চা]—বি. যে বেশী বাড়াবাড়ি করে ॥ তুই ত্যালাইন্‌নার্‌ গারে কয়্‌ডা পর্‌ব। [<তেরা (<তির্যক)+ন+ইয়া প্র.]।

ত্যালাওত্‌ করা=[রং, রা]—ক্রি. পড়া ॥ তিনি রোজ্‌ কোরান্‌ তেলাওত্‌ করেন্‌। [দেখ ত্যালাঅত্‌]।

ত্যালাংগা=[সি]—বি. যে গরু ছাগল খাসী করে ॥ লোক্‌টা ত্যালাংগা। [<তেলেঙ্গা; অর্থ প্র.]।

ত্যালাং ত্যালাং=[ম]—বি. আহ্লাদ ॥ এত ত্যালাংত্যালাং কর ক্যারে ॥ [অনু.]।

ত্যালাকচু'=[পা]—বি. এক প্রকার বন্যফল (পটলের মত লম্বা, পাকিলে লাল হয়; কাকের প্রিয় খাদ্য) ॥

ত্যালাকটা=[খু]—বি. আরশুলা ॥ [<তেল+আ প্র.+চাটা]।

ত্যালা কাঁটা=[ব]—বি. পেরেক ॥ কপাটে ত্যালাকাঁটা লাগাও। [<তেল+আ প্র.+কাঁটা (কণ্টক সং)]।

ত্যালাকানা=[য]—বি. এক প্রকার শক্ত ঘাস ॥

ত্যালা গর্‌ই=[খু, য]—বি. মাছ বিশেষ ॥

ত্যালা চ'্যাং=[খু, য]—বি. মাছ বিশেষ ॥

ত্যালা চো'রা=[চা]—বিণ. নিজের স্বরূপ লুকাইয়া রাখে যে, ফাঁকিবাজ ॥ তার্‌ মতন্‌ ত্যালাচো'রা আর্‌ নাই ॥ [<তেল+আ প্র; চোর+আ প্র.]।

ত্যালা তিতা করা=[কু]—ক্রি. দলিয়া বা আছড়াইয়া বিবর্ণ বা সজীবতাহীন করা ॥ শাক্‌শব্‌যি ত্যালাতিতা কর্‌লে বালা থাকে না। [<তেল+আ প্র.+তিতা (<তিক্ত)+করা]।

ত্যালা তেও=[পা,ব]—বি. বিরক্ত, জ্বালাতন ॥ পোলাডা ত্যালাতেও করে মার্‌ল। [দেখ ত্যালাতিতা করা]।

ত্যালাতেলি করা=[চা]—ক্রি. বিণ. জবরদস্তি করা ॥ বেশি ত্যালাতেলি করা বালা না। [দেখ ত্যালাত্যালা]।

ত্যালাত্যালা=[ম]—বি.শাস্তি, বিরক্তি ॥ পোলাপান্‌ নিয়া মাইয়াডার্‌ খুব্‌ ত্যালা-ত্যালা ঐতাসে। [অনু.]।

ত্যালানি=[রা]—বি. ফোঁড়ন ॥ তুই কি ত্যালানি দিবা আনু? [<তেল+আনি প্র.]।

২=[য,খু]—বি. শয়তানি ॥ এর্‌ ভিত্‌রে তোমার্‌ও ত্যালানি আসে। [অর্থ প্র.]।

৩=[খু]—বি. স্পর্দ্ধা, অহংকার ॥ করিমের্‌ ত্যালানি বেড়ে গেসে। [অর্থ প্র.]।

ত্যালানো=[খু য]—ক্রি. বি. খোসা-মোদ করা, বারবার অনুরোধ করা ॥ এত ত্যালাও ক্যান্‌? [<তেল+আনো প্র.]।

২=[চা]—ক্রি. বাড়াবাড়ি করা ॥ এ্যাক্‌বায়্‌ ত্যালাইস্‌ না। [অর্থ প্র.]।

ত্যালান্‌=[বা]—ক্রি.বি. বেশী আমোদ করণ ॥ বেশি ত্যালান্‌ বালা না। [দেখ ত্যালানো]।

ত্যালান্‌ত=[খু]—বি. তৈলাক্ত ॥ ত্যালান্‌ত মাস্‌ শহযে হযম্‌ হয় না। [<তেল+অন্ত প্র.]।

ত্যালাপড়া=[খু, য]—বিণ. যোগ্য অথচ অকর্মণ্য ॥ ত্যালাপড়া লোক্‌টা কোনু কায্‌ করে না। [<তেলা<তেল+আ প্র.+পড়া]।

ত্যালা পোয়া=[খু]—বি. বড় খলিশা মাছ ॥ [<তেলাপিয়া]।

ত্যালা মাহি=[চা]—বি. অনুরোধ, তোষামোদ ॥ তরে আর্‌ কত ত্যালামাহি কর্‌মু? [<তেল+আ প্র.+মাখি <মাখা]।

ত্যালাম্‌=[রং]—বি. এক শ্রেণীর কালো পিঁপড়া (এগুলি যেখানে থাকে সেখানে উই থাকে না) ॥

ত্যালাম্‌ করা=[রা]—ক্রি. তরকারী বা ডাইলে তেলের ফোড়ন দেওয়া ॥ ত্যালামু না কৈর্‌লে তর্‌কারি শাদ্‌ হয়্‌ না। [<তেল+আমো প্র.+করা; তুং ভাঁড়ামো, পাগলামো]।

ত্যালাম্‌=[খু]—বি. আরশুলা ॥ [<তেল+আ প্র.+মুখ]।

ত্যালাশি=[বা]—বি. তরকারী পাক করিবার পাতিল ॥

ত্যালুন্‌=[চট্ট]—বি. পাতিল ॥

ত্যালুয়া পিঠা=[রং]—বি. চাউলের আটা দিয়া তৈরী তেলে ভাজা এক প্রকার পিঠা ॥ [<তেল<উয়া প্র.+পিঠা]।

ত্যালেংগা=[কুম]—বি. আঞ্জুনি, চোখের পাতার কোণের ব্রণ ॥

২=[ম]—বি. চারকোনাওয়ালা কাগজের ঘুড়ি ॥ ত্যালেংগাটা কত উ'চায়্‌ উইট্টসে।

ত্যালেং তেলেং=[সি]—বি. লাফা-লাফি ॥ অত ত্যালেং তেলেং করিস্‌ না বা। [অনু.]।

ত্যালেকাটা=[কু]—বি. পেরেক ॥ [দেখ ত্যালাকাঁটা]।

ত্যালেচাটা=[রং]—বি. তেলাপোকা ॥ ডি ডি টিতে ত্যালেচাটা কমে। [<তেল+এ (বিভক্তি)+চাটা=চাটে যে]।

ত্যালেচ্‌মাত্‌=[বা]—বি ক্ষমতা ॥ তোমার্‌ ত্যালেচ্‌' মাত্‌ দেখ্‌ব কত? [দেখ তিরিচ'মাত্‌]।

ত্যালে দ্যায়া=[পা]—ক্রি. ফোড়ন দেওয়া ॥ ত্যালে না দিলে তর্‌কারি শাদ্‌ হয়্‌ না। [<তেল+দেওয়া]।

ত্যালে পদ্রা=[পা]—বি. চর্বিযুক্ত মাছ বিশেষ ॥ [<তেল+এ(বিভক্তি)+পুর (<পুর্ণ)+আ প্র.]।

ত্যালের্‌ গাস্‌=[ম]—বি. ঘানি ॥ [<তেল+এর (সম্বন্ধে)+গাছ]।

ত্যালের্‌ পলা=[য]—বি. তৈল তোলার পাত্র ॥ [< তেল + এর (সম্বন্ধে)+পাইলা (<পাতিল]।

ত্যালের্‌ পিডা=[চা]—বি. পিঠা বিশেষ ॥ [<তেল+এর (সম্বন্ধে)+পিঠা]।

ত্যালেশ্‌ মাকা=[রা]—বিণ. ধারালো ॥ ছুরিখানা ত্যালেশ্‌ মাকা। [<তেল+এশ প্র. +মাখা=তেল তেলা; কিংবা দেখ ত্যালেস্‌মাত্‌; অর্থ প্র.]।

ত্যালেস্‌মাত্‌=[ম]—বি. গোময়, ইন্দ্রজাল ॥ এইডার্‌ ত্যালেস্‌মাত্‌ বুইয্যা ফালাইসি। [দেখ তিরিচ্‌'মাত্‌]।

ত্যালো=[রা]—বি. জলচর পোকা বিশেষ ॥

ত্যালোগ্‌=[নো]—বি. তিন ॥ ত্যালোগ্‌ ট্যাহা।

ত্যালোটাকি=[য]—বি. মাছ বিশেষ ॥

ত্যাল্‌=[রা]—বি. মাছের পেট ॥ [<তেল (<তৈল); অর্থপ্র.]।

২=[রা]—বিণ. মসৃণ ॥ তোর্‌ শরিল্‌ডা খুব্‌ ত্যাল্‌। [অর্থপ্র.]।

৩=[পা]—বি. <তৈল ॥ ত্যালের্‌ শের্‌ কত?

৪=[রং]—বি. অহঙ্কার ॥ তোর্‌ খুব্‌ ত্যাল্‌ হৈছে। [<তৈল; অর্থপ্র.]।

ত্যাল্‌ উলচে'া=[য]—বি. ব্যাঙ্‌, মাছ বিশেষ ॥

ত্যাল্‌কা=[সি]—বিণ. ভিজা ভিজা ॥

২=[কুম]—বিণ. ঠাণ্ডা ॥ পুকুরের্‌ পানি ত্যাল্‌কা।

৩=[সি]—বিণ. তৈলাক্ত ॥ শিশিডা ত্যাল্‌কা। [<তেল+কা]।

ত্যাল্‌কাইশ্‌টা=[কুম]—বিণ. তৈলের ময়লাযুক্ত ॥ [<তেল্‌+কাইট্টা(<কিট্ট সং)]।

ত্যাল্‌কাঁক্‌ড়া=[রা]—বি. বৃশ্চিক ॥ ত্যাল্‌কাঁকুড়ার্‌ শাংগাতিক্‌ বিশ্‌ ॥ [<তেল+কাঁকড়া(<কর্কট সং)]।

ত্যাল্‌ কাটা=[বা]—ক্রি. কথার মধ্যে খোঁচা দিয়া কথা বলা ॥ [<তাল+কাটা]।

২=[কু, য]—বি. আরশুলা ॥ ত্যাল্‌-কাটার্‌ পাখা বেশ্‌ শুন্‌দর্‌। [দেখ ত্যালাকটা]।

ত্যাল্‌কাশ্‌টা=[পা]—বিণ. তেলচিট-চিটে ॥ পেরান্‌ডা ত্যাল্‌কাশ্‌টা ঐচে'। [দেখ ত্যাল্‌কাইশ্‌টা]।

ত্যাল্‌কু'জা=[রা]—বি. জংলী গাছ বিশেষ ॥

ত্যাল্‌কুয়া=[কুম]—বিণ. তৈলাক্ত বা তেল চিটচিটে ॥ টুপিডা ত্যাল্‌কুয়া ঐসে। [<তেল+ক+উয়া প্র.]।

ত্যাল্‌কোডা=[কুম]—বিণ. তৈল চিটচিটে ॥ [দেখ ত্যাল্‌ কাইশ্‌টা]।

ত্যাল্‌খাডি=[পা]—বি. বিয়ের পূর্বে দেয় শাড়ী (যে শাড়ী পরাইয়া কনের গায়ে হলুদ দেওয়া হয়) ॥ [<তেল+খাড়ি=শাড়ি]।

ত্যাল্‌গামট্‌=[ম]—বিণ. স্বেচ্ছায় আলস্য করে যে ॥

ত্যাল্‌চ'টা=[পা]—বি. আরশোলা ॥ ত্যাল্‌চ'টার্‌ উত্‌পাত্‌ খুব্‌ বেশি ॥ [দেখ ত্যালেচাটা]।

ত্যাল্‌চি'টে=[খু]—বি. আরশুলা ॥ বাক্‌শে ত্যাল্‌চি'টে বোঝা'ই। [দেখ ত্যাল্‌চ'টা]।

ত্যাল্‌চি'ট্‌কা=[সি]—বি. তেলের দাগ ॥ কাপরে ত্যাল্‌চি'ট্‌কা লাগ্নি গেসে। [<তেল্‌+চিট<চিত্র সং +কা]।

ত্যাল্‌চি'তে=[চা]—বি. এক প্রকার পিঠা ॥

ত্যাল্‌চু'য়ানো=[নো]—বি. শ্রীহীন ॥

ত্যাল্‌চ্‌'য়ানো=[চা]—ক্রি. হৃষ্টপুষ্ট হওয়া ॥ পরের্‌ বারি খায়্যা তার্‌ যেন্‌ ত্যাল্‌ চুয়ার্‌। [<তেল চুয়ানো]।

ত্যাল্‌চে'রাগ=[সি]—বি. দরগায় বাতি মানত ॥ [<তেল+চেরাগ چراغ ফা.+ই প্র]।

ত্যাল্‌চে'রা=[সি]—বি. আরশুলা ॥ ত্যালের্‌ শিশিত্‌ ত্যাল্‌চো'রা পৈর্‌সে। [<তেল+চোর+আ প্র.]।

ত্যাল্‌ত্যালা=[রা]—বিণ. তুলতুলে, নরম ॥ আম্‌টা পাকেনি আছাড় খাইয়া ত্যাল্‌তেলা হৈছে। [তল্‌তুল্‌ (অনু.)+আ প্র.]।

২=[ম]—ক্রি. বিণ. পালিশ, মসৃণ ॥ লাডিডা ত্যাল্‌তেলা কৈরা চ'াছ্‌'। [অর্থ প্র.]।

ত্যাল্‌তেলি=[সি]—বিণ. চকচকে, উজ্জল, হৃষ্টপুষ্ট ॥ মৈশ্‌টা খুব্‌ ত্যাল্‌-তেলি। [<তেলতেল+ই প্র.]।

ত্যাল্‌ত্যালা=[রং]—বিণ. নরম ॥ [দেখ ত্যালতেলা]।

২=[পা]—বি. বিরক্ত ॥ তুমি আমাক ত্যাল্‌ত্যালা করো না। [অর্থ প্র.]।

ত্যাল্‌ত্যালাইন্‌না=[চা]—বিণ. তৈলাক্ত ॥ ত্যাল্‌ত্যালাইন্‌না মুক্‌। [<তেল তেল (অনু.)+আন+ইয়া প্র.]।

ত্যালত্যালাইয়া=[চা]—ক্রি. বিণ. অতি মসৃণ ভাবে ॥ [দেখ ত্যাত্যাল্‌ইন্‌না]।

ত্যাল্‌ ধরা=[ব]—ক্রি. দেমাগ হওয়া ॥ মাগির্‌ ত্যাল্‌ ধর্‌সে। [<তেল+ধরা=হওয়া]।

ত্যাল্‌পিয়া=[রা]—বি. আরশুলা ॥ [<তেল্‌+পিয় (<প্রিয়)+আ প্র.; কিংবা পিয়া=যে পান করে]।

ত্যাল্‌পিস্‌লা=[পা]—বিণ অবাধ্য, ঠ্যাঁটা ॥ এমন্ ত্যাল্‌ষিস্‌লা মানুশ্ দেহি নাই। [<তেল্+পিছল+আ প্র]।

ত্যাল্‌পেঁচি'=[পা]—বি. মাছির তৈলাধার ॥ ত্যাল্‌পেচি'ডা বাইংলো ক্যাডারে ?

২=[পা]—ক্রি. বিণ. উলটা ॥ তোর্ লাটিম্ খালি ত্যাল্‌পেচি' গোরে।

ত্যাল্ বারা=[ম, চা]—ক্রি. বাড়াবাড়ি প্রকাশ পাওয়া ॥ তর্ দেহি খুব্ ত্যাল্ বার্‌সে। [<তেল+বাড়া]।

ত্যাল্‌লা=[চা, কু]—বি. খেলায় তৃতীয় স্থান অধিকার করে যে ॥ [< তিন+লা]।

ত্যাল্‌লাই=[কুম]—বি. গায়ে হলুদ ॥ আইয়্ ত্যাল্‌লাই কাইল্ বিয়া। [দেখ তেলৈ]।

ত্যাল্‌লেক্=[পা]—বি. সামান্য অংশ ॥ [<তিল+এক]।

ত্যাল্‌লো=[খু]—বিণ. পিচ্ছিল ॥ ত্যাল্‌লো পথ্। [<তেল+উ প্র.]।

ত্যাল্‌লোযাই=[চট]—বি. বিবাহের পূর্বে তিন দিন ধরিয়া বর বা কনের গায়ে হলুদ মাখার উৎসব ॥ [দেখ তেলৈ]।

ত্যাল্‌শা=[খু]—বিণ. পিচ্ছিল ॥ ত্যাল্‌শা পথ্। [<তেল+শা প্র.]।

ত্যাল্‌শা কথা=[খু]—বি. তোষামুদে কথা ॥ শে খুব্ ত্যাল্‌শা কথায়্ পটু। [দেখ ত্যাল্‌শা+কথা]।

ত্যাল্‌হায়্=[রা]—বি. বিশেষ দিনে গরু ধৌত করার উৎসব ॥

ত্যাশাল্‌লা=[ম]—বি. ময়লা ॥ গায়ে ত্যাশাল্‌লা বরা ॥

ত্যাশে=[ফ]—অব্য. তারপর ॥ ত্যাশে এই কথা কৈলা। [দেখ ত্যাশে না]।

ত্যাশে না=[ম]—অব্য. তবে তো ॥ তুমি চ'াইলে ত্যাশে না ট্যাহা দিবাম্। [দেই ত্যাশে+না]।

ত্যাশ্=[সি]—বি. কায়দা, গর্ব ॥ [< ঠেস]।

ত্যাশ্‌কো=[রা]—বি. সঙ্গম ॥

ত্যাশ্‌তুশ্=[সি]—বি. জাঁকজমক ॥ [অনু.]।

ত্যাশ্ মারা=[পা, রা]—ক্রি. সর্বনাশ করা ॥ ব্যাটার্ ত্যাশ্ মেরে দিসে (পা)। [দেখ ত্যাশ্+মারা]।

ত্যাশ্‌রা=[চট]—বি. তৃতীয় ॥ [< তেসরা হিং]।

ত্যাশ্‌লানো=[চা]—ক্রি. তোষামোদ করা ॥ তরে আর্ কত ত্যাশ্‌লাইমু ? [<তুষ+লা+নো প্র.]।

ত্যাশ্‌শাবাত্=[বা]—বি. সকালে বা বিকালের রান্না ভাতের উদ্বৃত্ত অংশ ॥ ত্যাশ্‌শা বাত্ খাই খেল্‌তি যা।

ত্যাসা=[বা, কুম]—ক্রি. বিণ. তদ্রূপ, তেমন ॥ ত্যাসা করি কায়্ কাম্ কৈর। [<তয়সা হিং]।

২=[কুম, বা, নো]—বি. তিন চাষ ॥ ত্যাসা দি খ্যাত্ বানাস্থ। [<তে+চাষ+আ. প্র.]।

ত্যাসাই=[কুম]—বি. জমির তৃতীয় চাষ ॥ [<তে+চাষিয়া]।

ত্যাসাইল্‌লা=[নো]—বিণ. মাঝারি বয়সের ॥ [<তে+সাল سال ফা. +ইয়া প্র.]।

ত্যাসাকোনি=[য]—বিণ. তেছরা, কোনাকুনি ॥ ত্যাসাকোনি কথা ভালা নায়্। [দেখ ত্যাস্‌রা+কোন+ই প্র.]।

ত্যাসাল্‌লা=[কুম]—বিণ. মধ্য-বয়সী ॥ [দেখ ত্যাসাইল্‌লা]।

ত্যাস্‌মা=[সি]—বিণ. দুষ্ট ॥ সেলেটা বর ত্যাস্‌মা।

ত্যাস্‌রা=[ম]—বিণ. বাঁকা ॥ এমুন্ ত্যাস্‌রা পাইলে গর্ বান্‌দ ক্যান্ ? [<তেরচা ; বর্ণ বিপর্যয়]।

ত্যাস্‌রা ত্যাস্‌রা=[চা]—ক্রি. বিণ. আড়াআড়ি ॥ [দেখ ত্যাস্‌রা ; আতিশয্যে শব্দদ্বিত্ব]

ত্যাস্‌সা=[চট]—বিণ. তেরছা, বাঁকা ॥ [দেখ ত্যাস্‌রা]।

২=[চট]—বি. বিদ্রূপ, ঠাট্টা, হাসি তামাশা ॥

ত্যাস্‌সালি=[নো]—ক্রি. বিণ. বাড়াবাড়ি ॥ পোলাপানে এমুন্ ত্যাস্-সালি করে।

ত্যাহাই=[খু]—বি. তৃতীয়, অন্য, অপর ॥ ত্যাহাই লোগ্ ডাকার্ কি দর্‌কার্ ? [<তিহাই হিং]।

ত্যাহাইত্=[সি]—বি. মধ্যস্থ বক্তি, তৃতীয় পক্ষ ॥ এইন্ এক্ ত্যাহাইত্। [<তিহায়ত হিং]।

ত্যাহা ত্যাহা=[ফ]—ক্রি. বিণ. খেলাচ্ছলে কথা বা কাজ ॥

ত্যাহারা=[বা]—বি. ভাতের মাড় ॥ ত্যাহারা খাইলে শরির্ বালা থাকে।

ত্যাহারি=[চা]—বি. মাংস পোলাও ॥ এক্ পেলেট্ ত্যাহারি আট্ আনা। [দেখ ত্যাহের্]।

ত্যাহের্=[কুম]-বি. উৎসব॥ পুযার্-ত্যাহেরে বারিত্ যামু। [<তেওহার হিং]।

তৈ

তৈ=[চা. নো]—অব্য. হাঁস ডাকার সঙ্কেত ॥ আয়্ তৈ। [ধ্বন্যা.]।

২=[নো]—অব্য. ক্রি. বিণ. তখন ॥ তৈ তে খুব্ টানাটানি হড়িল্। [<তবে]।

৩=[কুম]—অব্য. তজ্জন্য ॥ [< তাই]।

৪=[চট]—অব্য. তারপর ॥ তৈ তে চ'লি গেল্ গৈ। [দেখ তৈ ২]।

তৈক্যা=[সি]—বি. টুপী ॥ [দেখ তকি]।

তৈক্‌খোত্ করি=[রা]—অস. ক্রি. ভালভাবে খেয়াল রাখিয়া, যথার্থ

বুঝিয়া ॥ [<তহ্‌কীকাত تحقيقات আং + করিয়া]।

তৈক্‌খোত্‌ হওয়া=[রা]—ক্রি. হঠাৎ রাগ হওয়া ॥ হক্‌ কথা কৈলেই শে তৈক্‌খোত্‌ হৈ উঠে। [<ত্যক্ত+হওয়া]।

তৈত্‌ত=[চা]—ক্রি. বিণ সেই জন্য॥ তৈত্‌ত তুমি যাও না। [<তাই+তো]।

তৈত্‌ত তলাফি=[চা]—বি. খোঁজ খবর ॥ [<তত্ব+তলাফী تلافی আং]।

তৈত্‌তপাল্‌=[পা]—বি. উৎপাত, অত্যাচার ॥ [<তয়(অনু:)+তূফান طوفان আং]।

তৈনাত্‌=[চট]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ এত তৈনাত্‌ ন কৈর। [<তৎক্ষণাৎ]।

তৈন্‌=[ফ]—বি. লুংগী ॥ [দেখ তঅমান্‌]।

তৈবশ্‌কোনি=[কুম]—অব্য. তারপর ॥

তৈব্‌বত্‌=[সি]—বি. মেজাজ, মর্জি॥ তুমার্‌ তৈব্‌বত্‌ বালানি ? [<তব্‌'ইয়ত طبيعت আং]।

তৈয়া=[কুম]—বি. মাজার, দরগাহ্‌॥ [<তক্‌য়হ্‌ تكيه ফা.]।

তৈয়াইত্‌=[কুম]—বি. তৃতীয় ব্যক্তি॥ [দেখ ত্যাহাইত্‌]।

তৈয়েরে=[চট]—অব্য. তারপর ॥ তৈয়েরে আঁই গৈয়ে। [<তাহার পর +-এ(বিভক্তি)]।

তৈরা=[ম]—বি. ঝাঁকিজাল ॥ তৈরা দিয়া মাস্‌ দরে।

২ =[চা]—ক্রি.বিণ. পায়ে হাঁটিয়া ॥ [<তর(সং)+ইয়া প্র.]।

তৈলশ্‌=[নো]—বি. পুরাতন কাপড় দিয়া তৈরী তোষক ॥ মাডির্‌ উপ্‌রে তৈলশ্‌ বিসা।

তৈলা=[চট]—বি. দশ সের পরিমাণ মাংস ॥ [<তৌলা]।

২ =[চট]—বি. তোয়ালে॥ [< তোয়ালা toalha পোর্তু.]।

=[ম, পা,ফ]—বি. মাটির বড় হাঁড়ি, ধান সিদ্ধ করিবার হাঁড়ি॥ তৈলা বোঝাই কৈর্‌য়া বাত্‌ রাইন্‌সে।

তৈলাগালি=[পা]—বি. গালি বিশেষ।

তৈলিক্‌=[নো]—অব্য. হইতে॥ হেইদিন্‌ তৈলিক্‌ আঁর্‌ যর্‌। [<তলক হিং]।

তৈলেশ্‌=[খু]—বি. তোয়ালে॥ [দেখ তৈলা +শ]।

তৈল্‌চ'া=[কুম]—বি. বিছাইবার কাঁথা ॥ শিতের্‌ শময়্‌ তৈল্‌চ'া বিচ'ায়্‌। [<তল+বিছা<বিছানা]।

তৈল্‌ দেওয়া=[রা]—ক্রি. লম্বা লাফ দেওয়া ॥ ছাওয়াটা খুব্‌ ভাল্‌ তৈল্‌ দেয়্‌।

তৈল্‌ পাট্‌=[রা]—বিণ. সমান, সরু ॥ জায়্‌গাখান্‌ তৈল্‌পাট্‌ কৈরে রেখেছে।

তৈসল্‌ নৈসল্‌=[সি]—ক্রি. বিণ. হুড়াহুড়ি ॥ তৈসল্‌ নৈসল্‌ কর কিতা ? [অনু.]।

তৈস্‌তা=[ম]—বি. ছেলেমেয়ের উৎপাত ॥ আমার্‌ আর্‌ এ্যাত তৈস্‌তা শৈয্য অয়্‌ না।

=[সি]—বি. শাস্তি ॥ রুগে তার্‌ খুব্‌ তৈস্‌তা ঐসে।

তৈস্‌নাত্‌=[ম]—ক্রি. বিণ. ছটফট, গোলমাল ॥

তৈস্‌নৈস্‌=[ম]—বি. জ্বালাতন॥ গরিব্‌ মানুশ্‌টারে অত তৈস্‌নৈস্‌ কৈর না। [<তহস্‌ নহস্‌ হিং]।

তো

তো=[খু]—বি. ভাঁজ ॥ কাপড়্‌ডা তো কৈর্‌রা রাখ্‌। [দেখ তও৬]।

তোআ=[চট]—বি. তালাস, খোঁজ ॥ [টোকান]।

তোআইন্‌না=[চট]—বি. সংগ্রহকারী। আঁই বাংলা একাডেমির্‌ লেয়া তোআইন্‌না। [<টুকানিয়া (দেখ তোআ)]।

তোয়ারা=[চট]—বি. চেহারা ॥

তোংকে=[ব]—সর্ব. তোমাদের, তোদের ॥ [<তোমা+কে]।

তোংগ=[কুম]—সর্ব. তোমাদের ॥ আংগ গরুডা তোংগ বাগান গেসেনি ? [<তোমা+গ]।

তোংগা=[খু]—সর্ব. তোমাদের ॥ তোংগা বাড়ি কোথায়্‌ ? [দেখ তোংগ]।

তোংগে=[রা]—অব্য. তোমাদের নিমিত্ত ॥ [দেখ তোংগ+এ]।

তোঁআত্‌তুন্‌=[চট]—অব্য. তোমা হইতে॥ তোঁআত্‌তুন্‌ আঁই ডাঅর্‌ ন। [<তোমা+তন=হইতে]।

তোঁআত্‌তে=[চট]—অব্য. তোমার কাছে ॥ তোঁআত্‌তে টেয়া আসেনি ? [<তোমা+তে<থেকে<থাকিয়া]।

তোঁআদ্‌দি=[চট]—অব্য. তোমাকে দিয়া ॥ তোঁআদ্‌দি আঁই অগ্‌গুয়া কাম্‌ কৈর্‌যম্‌। [<তোমাকে+দিয়া]।

তোঁআরাত্‌তে=[চট]—অব্য. তোমাদের মধ্যে ॥ তোঁআরাত্‌তে অগ্‌গুয়া বালা পোয়া খুঁযি দ্যাও। [<তোমরা +তে<থেকে<থাকিয়া]।

তোঁআরাদ্‌দি=[চট]—অব্য. তোমাদের দিয়া ॥ তোঁআরাদ্‌দি কোনু কাম্‌ ন ঐব। [দেখ তোঁআদ্‌দি]।

তোঁয়্‌রা=[চট]—সর্ব. <তোমরা ॥ তোঁয়্‌রা কডে যাবি ?

তোকনে=[রং]—অব. জন্য ॥ তোর্‌ তোকনে মুঁই গাইন্‌ খামু। [<থাকন+এ]।

তোকন্‌=[খু]—ক্রি. খুঁৎ করা ॥ ইন্‌-

দুরে পেপেটার্ এক্ পাশ্তে তোক্সে। [<টোক+ন=টোকা]।

তো করা=[রা]—ক্রি. ছিদ্র করা ॥ তো করে পেরেক্টি বিধাও।

তোকামবরি=[য]—বি. গর্ব, জারিজুরি ॥ তোর্ তোকোমবরি দ্যাখে কে? [দেখ তকোব্বরি]।

তোকক=[চট্ট]—ক্রি. ত্যাগ ॥ তঁরার্ ই শব্ বদ্ কায্ তোক্ক দাওসে ॥ [< ত্যাগ]।

২=[চট্ট]—অব্য. খেলা স্থগিত রাখার সংকেত ॥ তোক্ক, তোর্ ভুল্ ঐয়ে। [ধ্বন্যা.]।

তোককা=[ম]—বি. অতিরিক্ত টক বা ঝাল ॥ তর্কারিটা তোক্কা ঐসে। [<তীকক <তীক্ষ্ম সং]।

তোকমা=[ঢা]—বি. এক প্রকার তিসি ॥ তোক্মার্ শর্বত্। [< তোক্মরি<তুখম-ই-রয়হান تخم ريحان ফা.]।

তোক নওয়া=[খু]—ক্রি.গোপনে খোঁজ করিয়া দেখা ॥ তোক্ নৈয়া দেখ্শে কোথায় পলাইয়া আসে। [<তাক্ (<তর্ক সং)+লওয়া]।

তোখন=[কু]—ক্রি. হাতড়ানো, খোঁজা ॥ তোখ্শ্ কি? [<টুকন=টোকা]।

তোখম=[রা]—বি. তেজ ॥ গরুটার তোখম্ আছে। [<তুখম تخم ফা.=বীজ কিংবা তীক্ষ্ম সং]।

তোখর=[ঢা]—বি. প্রতিভাবান্ ॥ সেলেটা খুব্ তোখর্। [<তোখড়]।

তোখার=[সি]—বি. তেজ, উত্তেজনা, মেধা ॥ লেহাপরায় পোয়াডার্ বেশ্ তোখার্ আসে। [দেখ তোখর্]।

তোখুম=[কুম]—বি. উত্তেজনা ॥ তোখুমের্ ঘোরে কি কাম্ অয়্? [< দেখ তোখম্]।

তোগন=[কুম]—ক্রি. খোঁজ করা ॥ কাপর্ কোনাই তুগি। [দেখ তোখন্]।

তোগা=[খু, য]—সর্ব তোমাদের ॥ তোগা বাড় কি হয়্ রে? [দেখ তোংগা]।

তোগাতুগি=[ফ]—ক্রি. বিণ. ইতস্ততঃ ॥ এত তোগাতুগি কর্তাস ক্যা, কৈয়া ফালাও। [<তকাতাকি]।

তোগানো=[ফ]—ক্রি. হাতড়ান, খোঁজা ॥ আন্দারের্ মৈদ্দে কি তোগাও? [<টোকা+নো প্র.]।

তোগারে=[পা]—সর্ব তোদের ॥ [< তো+গে+রে]।

তোগের=[য]—সর্ব. তোদের ॥ তোগের্ বাড়ির্ শব্ ভালত? [<তো +গর=দের]।

তোগোরি=[ফ]—অব্য. তোদের বাড়ি ॥ তোগোরি আমাগো গাইডা গেসেনিরে? [<তো+গো+বাড়ি]।

তোগ=[কুম]—সর্ব. তোমাদের ॥ [<তো+গ]।

তোযক=[খু]—ক্রি. চাঙ্গা হওয়া ॥ ভাল খাবার্ পেয়ে একটু তোযক্ হৈসে। [<তাযহ تازه ফা.+ক প্র.+ হওয়া]।

তোড়া=[রা]—বি. জাল ॥

২=[রা]—বি. অলঙ্কার বিশেষ ॥

তোড়ামাস=[খু]—বি. বান মাছ ॥ তোড়ামাস্ কাদার্ খোলে থাকে।

তোড়=[রা]—বি. ছোট কলা গাছ বা কলা গাছের ছোট চারা ॥ এক্টা ভাল কলার্ তোড়্ লাগাও। [<তেউড়]।

২=[পা]—বি. তেজ ॥ ব্যাটার্ তোড়্ আসে খুব্।

৩=[রং]—বি. ঝাল। তর্কারিত্ খুব্ তোড়্ হচে। [অর্থ প্র.]।

তোতা=[চট্ট]—বি. চুড়ি ॥

তোতাচোঁগা=[চট্ট]—বিণ. অকৃতজ্ঞ ॥ হিতে বর্ তোতাচোঁগা মানুশ্।

তোতানো=[চট্ট]—ক্রি, <তোতলানো ॥ তোতাইয়া কথা বালা ন।

তোতাপাখি=[কুম]—বি. নিমক হারাম, কৃতঘ্ন ॥ পরের্ সাইলা পাইল্যা লাব্ কি দুইদিন্ বাদেই তোতা পাখি। [<তোতা (<তুতী توتى ফা.)+পাখি]।

তোত্তি=[চট্ট]—অব্য. তোমার নিকট হইতে ॥ আঁই তোত্তি টিয়া দেলৈয়ুম্। [<তোমা+তে<থেকে <থাকিয়া]।

তোতত্তে=[চট্ট]—অব্য. তোমা হইতে ॥ তোত্তে টেঁয়া পাইয়ুম্। [দেখ তোত্তি]।

তোদদানে মোদদানে=[নো]—ক্রি. বিণ. কোন রকমে ॥ তোদ্দানে মোদ্দানে দিন্ যায়্। [<তোর ধানে মোর ধানে]।

তোন=[বা]—অব্য. হইতে ॥ কৈর্ তোন্ আইস?

২=[নো]—বি. তৃপ্তি ॥ বাতের্ হরে দুদ্ না খাইলে তোন্ মরে না।

তোনকে=[ব]—অব্য. জন্য ॥ হামার্ তোন্কে এ্যাক্ প্যাকেট্ বিড়ি আনিশ্।

তোননান=[চট্ট]—অব্য. তোমার মত ॥ তোন্নান্ উসাইদ্দা (অপব্যয়ী) আঁই নঅ দেই। [<তোমার+লাগান (<লগ্ন)]।

তোপিল=[পা]—বি. তহবিল, পকেট ॥ [দেখ তপিল্]।

তোফিল=[ফ]—বি. জালের সুতা রাখিবার বাঁশের তৈরী উপকরণ ॥ [দেখ তপিল্; অর্থ প্র.]।

তোফনা=[খু]—বি. মুখমণ্ডল ॥ তোর্ তোফ্না ভাংমু। [<থোবনা]।

তোফলা=[সি]—বিণ. অনায়াসলব্ধ ॥ তোফ্লা দনের মায়া কম্। [<তুফয়্লী طفيلى ফা. <তুফয়্ল আং+ই; অর্থ প্র.]।

তোবা=[কুম]—বি. কৃত পাপের জন্য অনুতাপ ॥ তোবা কর্ আর্ এই কাম্ কৈর্বি না। [<তওবঃ توبه আং]।

তোবাবহল=[ঢা]—বি. হুঁশ, জ্ঞান, আন্দাজ, খেয়াল ॥ বুড়া ঐলে মাইন্শের্ তোবাবহল্ কৈমা যায়্। [দেখ তবাবওল্]।

তোবড়ি=[খু]—বি. একপ্রকার মেটে পাত্র বা বাটি ॥ তোব্ড়িতে ঝোল্ আসে। [<তুব(<তুম্ব সং)+ড়ি প্র.]।

তোব্‌লা=[ম]—বিণ. বকাটে, মূর্খ ॥ কি তোব্‌লার্ মতন্ কথা কও? [তিফ্‌ল طفل আঃ]।

তোমাগ=[ম]—সর্ব. তোমাদের ॥ তোমাগ বারি যামু। [<তোমা+-গ]।

তোমাগরে=[রা]—অব্য. তোমাদের জন্য ॥ [তোমা+গরে]।

তোমাগে=[খু]—সর্ব. তোমাদের ॥ তোমাগে কয়্‌কানি যমি আসে? [দেখ তোমাগরে]।

তোমান্‌নেকের্=[ম]—সর্ব. তোমাদের ॥ তোমাননেকের্ লাইগ্যাই যালা। [<তোমান্নি+কের]।

তোমার্‌ঘের্=[রা]—সর্ব. তোমাদের ॥ [দেখ তোমাগের্]।

তোম্=[চট্ট]—বি. <স্তম্ভ ॥ মন্দিরর্ তোম্।

তোম্‌ডা=[কুম]—সর্ব. <তোমরা ॥ তোম্‌ডা যে পাচ্‌'বাই, তা যানি। [< তোম+রা]।

তোম্‌তোমা=[য]—বিণ. কিংকর্তব্য বিমূঢ় ॥ [অনু.; সাধু থমথমে]।

তোম্‌দারি=[খু]—বি. আদর যত্ন ॥ রোগি তোম্‌দারি অভাবেই মারা গেল্। [<তোম্ (দেখ তন্‌হি)+কিংবা তা'আম طعام আঃ দারী داری ফা. প্র.; অর্থ প্র.]।

তোম্‌সিল্=[য]—বি. উদাহরণ ॥ কথায়্ কথায়্ শে বড় তোম্‌সিল্ দেয়্। [দেখ তমিশিল্]।

তোয়া=[কুম,ফ]—বি. কল্কির ছিদ্রের গুলি ॥ তোয়াদি তামুক্ বর্। [দেখ তবা$_2$]।

২=[চট্ট]—বি. তালাশ, খোঁজ ॥ আঁর্ তোয়া কেঐ লয়্ না। [দেখ তোআ]।

তোয়াইয়া=[নো]—বি. টুপি ॥ তঁর্ তোয়াইয়া কিচ'স্?

তোয়াংগার্=[ছট্ট]—বি.; বিণ. ধনী, অর্থশালী ॥ [দেখ তওয়াংগার্]।

তোয়াক্=[বা]—বি. খেজুরের গরম রস ॥ নারিকেল্ কোরা আর্ তোয়াক্ বোত্ খাইসি।

২=[কুম]—বি. খেজুরের রসের পাতলা গুড় বিশেষ ॥ দুদের্ লগে তোয়াক্ লও।

তোয়াগ্=[কুম,খু]—বি. খেজুরের জাল দেওয়া গাঢ় রস ॥ মুরি দি তোয়াগ্ খাইতে খুব্ মযা।

তোয়ানো=[চট্ট]—ক্রি. তালাশ করা ॥ কাযির্ গরু গনাত্ তোয়াইলে পায়্ ন গোয়াইলত্। [দেখ তোখন্]।

২=[চা]—ক্রি. অনুরোধ করা ॥ তরে আর্ কত তোয়াইমু। [<তুষ+আনো প্র.]।

তোয়ান্‌ত=[কুম,নো]—বি. সেবা ॥ রোগির্ তোয়ান্‌ত কর। [< তদন্ত]।

তোয়াপ্=[কুম]---বি. খেজুরের রস ॥ তোয়াপ্ দি খাও।

তোয়ারে=[চা]—সর্ব. তোমাকে ॥ [<তোমা+রে বিভক্তি]।

তোয়াল্=[চা]—বি. বাসি গুড় ॥ তোয়াল্ দিয়া মুরি খাই।

২=[ম, কুম]—বি. বাঁশের পাত্‌লা বেত ॥ বেরার্ তোয়াল্।

তোয়াল্‌ল্যা=[ফ]—বি. তোয়ালে। [দেখ তৈলা$_2$]।

তোরন্‌য=[চা]—বি. বাতাবী লেবু ॥ [দেখ তুরুন্‌যা]।

তোরা=[চা]—বি. বিবাহ ভোজে নওশাকে দেয় পৃথক খাদ্য ॥ তোরায়্ তিরিশ্ পদের্ খানা আসে। [< তোড়া]।

২=[পা]—বিণ. রুষ্ট কথা, কটু কথা ॥ [<তোড়া (<√তুড়+আ)]।

৩=[কুম]—বি. ঝুলানোর জন্য ব্যবহৃত ফাঁস বা গিরা ॥ বতলে তোরা দ্যাও।

৪=[ম]—বি. পায়ের অলঙ্কার বিশেষ। [<তোড়া]।

৫=[সি]—বি. পাঁকাল মাছ।

তোর‍্যা=[পা]—বি. মাছ ধরিবার খেও জাল ॥

তোরৈ=[চা, পা]—বি. ঝিঙা জাতীয় সব্জি বিশেষ ॥ বাযার্ খাইকা তোরৈ আইন্‌ন। [দেখ তরাই]।

তোর্=[পা]—বি. দিকে ॥ চে'র্‌টা কোন্ তোরে পালাল।

২=[পা]—বি. ঝাঁজ, তেজ ॥ শিয়্যির্ মুখ্ খোলা রাখ্‌লে ওশুদের্ তোর্ নশ্‌ট হৈয়া যায়্। [<তোড়]।

৩=[বা]—বি. ভীষন স্রোত ॥ [< তোড়]

তোর্‌গো=[বা]—সর্ব. তোমাদের ॥ তোর্‌গো বারিত্ যামু না'। [তোর+-গ]।

তোর্‌পাই=[পা]--বি. হাতের সেলাই ॥ আমার্ যামাত্ তোর্‌পাই দিও। [দেখ তুর্‌পা]।

তোলা=[খু]—বি. ভিক্ষা, সাহায্য ॥ কিশের্ তোলা তুলিশ্। [অর্থ প্র.]।

২=[সি]—বি. বমি ॥ পোলাটার্ হাগা তোলা হৈসে। [অর্থ প্র.]।

৩=[খু]—বি. ভাত বাঁধিবার বড় হাঁড়ি ॥ [<তৌলা]।

৪=[ব]—বি. তারতম্য ॥ [< তুলনা]।

৫=[খু]—ক্রি. বি. কাটা, সাধারণত রস বাহির করিবার জন্য মাথা কাটা ॥ খেযুর্ গাস্ তোলা করে শেশ্ হবে? [অর্থ প্র.]

তোলাই=[কুম]—বি. ওজন বিশেষ ॥

২=[কুম]—বিণ. সামান্য বেশী ॥

তোলাকাপর্=[চা, খু, নো]—বি. কোন স্থানে পরিয়া যাওয়ার জন্য ঘরে তোলা অতিরিক্ত ভাল কাপড় ॥ আমার্ এক্‌কেরে তোলা কাপর্ নাই। [<তোলা+কাপড়]।

তোলা খাওয়ানো=[ম]—ক্রি. শিশুকে মাতৃদুগ্ধ ছাড়া অন্যকিছু খাওয়ানো ॥ পোলাডারে তোলা খাওয়াই।

তোলাগোলা=[খু]—বি. আপাদমস্তক, সর্বদেহ ॥ এর্ তোলাগোলা এক্‌রকম্। [<তল+আ প্র.+গলা; মূল অর্থ পদতল হইবে গলা পর্যন্ত]।

তোলা তোলন্=[কুম]—ক্রি. মাপিয়া দ্রব্য জমানো ॥ [তোলা<তৌল]।

তোলাতোলা=[ম]—বি. আদরের উপর আদর ॥ অত তোলাতোলা বালা না। [অর্থ প্র.]।

তোলাদ্‌দ্‌=[ঢা]—বি. মায়ের বুকের দুধ ছাড়া অন্য দুধ ॥ তোলা দুদে পোলা বাচে না। [<তোলা+দুধ]।

তোলা দেওয়া=[গি]—ক্রি. তারিফ করিয়া কোন কাজে উৎসাহ দেওয়া ॥ [অর্থ প্র.]।

২=[চট্ট]—ক্রি. বি. তোষামোদ করা, সন্তুষ্ট করা ॥ বেশি তোলা ন দিঅ।

তোলানি=[চট্ট]—বি. কাজের পাওনা ॥ যৈনর্ তোলানি। [< তোল+নি প্র.]।

২=[ঢা]—বি. হাটের দিন বিক্রেতার নিকট হইতে পাওনা আদায় করে যে লোক ॥

তোলানো=[কুম]—ক্রি. বাচ্চা ফুটানো॥ মুরগি সাও তোলাইসে। [<তোল+নো প্র.]।

২=[পা]—ক্রি. সেলাই করা ॥ সেড়া কাপড়্‌টা দর্‌যির্ কাস্ থাকি তোলাইয়া আন্। [অর্থ প্র.]।

৩=[ঢা, বা]—ক্রি. বেত ইত্যাদি চিরিয়া কাজের উপযোগী করা ॥ বেত্ তোলাও আগুইল্ বানামু।

তোলান্=[পা]—বি. চোখের অপারেশন ॥ [<তোলা+ন প্র]।

২=[খু, ফ]—ক্রি. গরু ছাগলের অণ্ডকোষ ফেলিয়া দেওয়া ॥ গরু না তোলাইলে চাঁশ্ করা যায় না। [অর্থ প্র.]।

৩=[কুম, নো]—ক্রি. কাটিয়া ব্যবহারোপযোগী করা, ঠিক করা ॥ কাট্‌পেন্‌শিল্‌ডা তোলাই দে। [অর্থ প্র.]।

তোলাভাত্=[রং]—বি. নির্জলা বাসি ভাত ॥ মুই আজ্ তোলাভাত্ খায়া আঁচো।

তোলে=[পা]—বি. মাটির তৈরী বড় পাতিল ॥ তোলেতে ধান্ শিদ্দ করা হয়্।

তোলৈন্যা=[চট্ট, নো]—বিণ. তুলিবার উপযুক্ত, যে তোলে ॥ হালাইন্যা মানুশ্ আসে তোলৈন্যা নাই। [<তোলা+ন+ইয়া. প্র.]।

তোলো=[য]—বি. হাঁড়ি ॥ ভাতের্ তোলো নামাও ?

তোল্‌উপার্=[পা]—ক্রি. বিণ. পীড়াপীড়ি ॥ এত তোল্‌উপার্ কর ক্যা। [<তোলা+উপাড়ন (<উৎপাটন)]।

তোল্‌তোলা=[ম]—বি. তোলপাড়, গভীর আলোচনা ॥ তার্ কথা নিয়া শারা গায়্ তোল্‌তোলা ঐসে। [<তোলা+তোলা]।

তোল্‌পাল্=[ঢা]—বি. রাগারাগি ॥ বৌয়ের্ লগে শে তোল্‌পাল্ শুরু কৈর্‌সে। [<তোল পাড়]।

তোল্‌বা=[চট্ট]—বি. ছাত্র ॥ [< তুলব: طلبه আং]।

তোল্‌লা=[কু]—বি. ধানসিদ্ধ করিবার বড় পাতিল।

তোশানো=নো—ক্রি. তোষামদ করা, অনুরোধ করা ॥ বেশি তোশাই লাব্ নাই। [<তোষানো]।

তোশেল্=[খু]—বি. মুদগর ॥ তোশেল্ না ভেঘিলে রহিম্ টাকা দিবে না।

তোশ্‌পি=[পা]—বি. তসবিহ্ ॥ [<তস্‌বীহ تسبيح আং]।

তোহব্‌বরি=[ঢা]—বি. আত্মপক্ষ সমর্থন করিয়া তর্ক ॥ বেশি তোহব্‌বরি করিস্ না। [দেখ তকোব্‌বরি]

তোহমের্ কতা=[ঢা]—বি. তেজের কথা, গর্বের কথা ॥ এত তোহমের্ কতা কস্ কেরে। [দেখ তোখম্+এর (সম্বন্ধে+কথা]।

তোহরে=[রা]—সর্ব. তোদের ॥ তোহরে কয়্‌ডা গরু আছে। [<তো <তোমা+গরে]।

তোহিত্=[ম]—বি. তালাস, খোঁজ ॥ পোলাডারে তোহিত্ কৈরা আন্। [<তাকীদ تاكيد আং ; অর্থ প্র.]।

তোহোম্=[কুম]—বি. প্রকোপ ॥ যরের্ তোহোম্ বেশি। [দেখ তোখম্]।

তোহ্‌মত্=[ঢা, নো]—বি. দোষারোপ ॥ [<তুহ্‌মত تهمت আং]।

তোহ্‌শিল্=[রা]—বি. উপদ্রব ॥ এত তোহ্‌শিল্ আর্ জানে শয্ না ॥ [<তহ্‌সীল تحصيل আং ; অর্থ প্র.]।

তৌ

তৌক্=[চট্ট]—বি. <তামাক ॥ কড়া তৌক্ খাইতাম্ ন পারি।

তৌড়া=[রা]—বি. ঝাঁকিজাল ॥

তৌয়া=[ম]—বি. শুকনা রাস্তা ॥

তৌর্=[য]—বি. মুঠা জাল ॥

২=[ম]—বি. কলার মোচা ॥ কলার তৌর্‌টা কাইট্টা আন্। [<থোড়]।

তৌলা=[ব]—বি. ধান সিদ্ধ করিবার পাত্র বিশেষ ॥ তৌলাডা হাশালের্ উপ্‌রে থাইক্‌কা নামা।

২=[রং]—বি. তোয়ালে ॥ [দেখ তৈলা১]।

তৌল্=[বা]—বি. বাঁশের তৈরী জাল বোনার যন্ত্র ॥

তৌল্‌লা=[কুম]—বিণ. অধীন ॥ আমি কার্ তৌল্‌লা ? [<তল+উয়া প্র.]।

তৌল্‌লানো=[ঢা]—ক্রি. অনুসন্ধান করা, তলানো ॥ বিশয়্‌ডা তৌল্‌নাইয়া দেখ্‌স ? [<তলানো ; অর্থ প্র.]।

থ

থঅরানো=[চট্ট]—ক্রি. চড় দেওয়া ॥ থঅরাই গালের্ দাঁত্ ভাংগি ফেলাইয়ুম্ । [<থাপ্পড়+আনো প্র. ; নামধাতু] ।
থআ=[চট্ট]—অব্য. তথাপি ॥ যাই-বার্ কৈলাম্ থআ ন গেইয়ে । [<তবু +বা] ।
থওয়া=[রা]—ক্রি. রাখা ॥ বৈটা থও । [<থোয়া<√থু+আ)] ।
থ'য়্=[চট্ট]—বি. তামাক ॥ অবা থঁয়ু খাই যাও । [<তামু<তামাক] ।
থ'শা=[চট্ট]—বি. তামাশা ॥ ইআন কিয়র্ থঁশা ? [<তমাশা < তামাশা (<তমাশা تماشا আং)] ।
থকর্ বকর্ করা=[ঢা]—ক্রি. জড়ো সড়ো হওয়া ॥ চে'র্‌ডা ডরে থকর্ বকর্ কর্তাসে । [অনু.] ।
থকিত্=[সি]—বিণ. <স্থগিত ॥ কাম্খান্ থকিত্ রাহ ।
থক্=[চট্ট]—বি. গিঁট ॥ ভালা কৈর্‌রা শমান্ কৈর, থক্ যেন্ ন অয় । [<থাক(<স্তবক সং)] ।
থক্কিত খাওয়া=[পা]—ক্রি. বিস্মিত হওয়া ॥ তার্ ব্যাব্হার্ দেখে আমি থক্কিত খালাম্ ।
থক্‌গৈ=[চট্ট]—অব্য. থাকুক ॥ থক্‌গৈ, আঁই ন যাইঅম্ । [<থাক্+গিয়া] ।
থক্থকা=[সি]—বিণ. গাঢ় ॥ থক্-থকা ডাইল্ । [<থক্ থক্ (অনু.)+আ প্র.] ।
থক্থকি=[সি]—বি. কাঁপুনি, টলমল অবস্থা ॥ বুইচা'লে যামিনে থক্থকি লাগাইসে । [দেখ থক্থকা+ই প্র.] ।
থক্থকে=[য, ফ]—বিণ. কচি ॥ থক্থকে কুমড়া । [দেখ থক্থকা+এ প্র.] ।
থক্থক্=[বা]—ক্রি. বিণ. তুলতুল ॥ মাংশ থক্থক্ করে । [অনু.] ।
২=[ঢা]—ক্রি. বিণ. কিলবিল, গিজগিজ ॥ মাসে এহানে থক্থক্ কর্তাসে । [অর্থ প্র.] ।
থক্থক্ করা=[পা]—ক্রি. তাজা বা সজীব দেখান ॥ কল্মি শাক্গুলা থক্ থক্ কর্সে ।
থক্থৈক্কা=[কুম]—বিণ. গাঢ়, ঘন ॥ থক্থৈক্কা ডাইল্ । [দেখ থক্ থকা ; +ইয়া প্র.] ।
থক্বক্ করা=[ঢা]—ক্রি. ভয়ে কাঁপা ॥ আমার্ শৈল্ডা হমানে থক্বক্ কর্তাসে । [থক্বক্ (অনু.)+করা] ।
থ খাওয়া=[ঢা]—বি. হতভম্ব হওয়া ॥ কতাডা হুইন্না হেইতে থ খাইয়া রৈসে । [<থ(<স্থ সং)+ খাওয়া] ।
থগর্ বগর্ করা=[পা]—ক্রি. খারাপ লাগা ॥ মন্টা থগর্ বগর্ কর্সে । [দেখ থকর্ বকর্ করা] ।
থড়্বড়্=[খু]—ক্রি. বিণ. ফোকল দাঁত যাহার ॥ থড়্বড়্ বুড়িটা বড়্বড়্ করয়া কথা কয় । [অনু.] ।
থতম্বর্যা=[রা]—বিণ. নিঃসহায়, সঙ্কটাপন্ন ॥ ভাইদের্ শাথে পির্থক্ হয়্যা থতম্বর্যা হয়্যা পড়্ছি । [<থ (দেখ থ খাওয়া)+স্তম্ভ+র+ইয়া প্র.] ।
থতর্মতর্=[কুম]—ক্রি. বিণ. ভ্যাবাচ্যাকা ॥ দমকের্ চে'ডে মাইয়্যা ডা থতর্মতর্ খাই গেসে । [অনু.] ।
থত্তর্=[কুম, নো]—ক্রি. বিণ. <থরথর ॥ ডরে থত্তর্ কৈরা কাপ্তাসে ।
থত্বত্=[কুম]—ক্রি. বিণ. ভ্যাবা-চ্যাকা, কিংকর্তব্যবিমূঢ় ॥ দাব্গি দেওনে সেরিডায় থত্বত্ খাইয়া গেসে । [<থতমত] ।
থত্মত্=[কুম]—ক্রি. বিণ. ধড়মড়, তাড়াতাড়ি ॥ গুমত্থনে থত্মত্ কৈর্যা উঠ্‌ল । [দেখ থত্বত্ ; অর্থ প্র.] ।
থত্মৈত্তা=[কুম]—বিণ. অস্থির, চঞ্চল ॥ চু'রি কৈর্‌লে মন্ থত্মৈত্তা অয় । [দেখ থত্মত্+ইয়া প্র.] ।
থত্রোয়া=[ম]—বিণ. অমসৃণ ॥ টেবিল্ডা থত্রোয়া কেরে ?
থত্লা=[পা]—বি. যাহার মুখের কথা অস্পষ্ট ॥ [<তোতলা] ।
থনা=[চট্ট]—বিণ. দীর্ঘ, প্রশস্ত ॥
থনাথনা=[নো, কুম]—বিণ. চাকা চাকা ॥ তার্ পেট থাকি থনাথনা রক্ত বাইর্ অয় ।
থনি=[সি]—বি. খুঁটি ॥ গরর্ থনি । [<স্থূনা সং] ।
থন্থনা=[ঢা]—বিণ. ঘন, পুরু ॥ দুদ থন্থনা শর্ পর্সে । [দেখ থম্থমা.] ।
থন্ থনিয়া=[ফ]—বিণ. মোটা-সোটা ॥ থন্ থনিয়া লাউ গাস্ । [দেখ থম্থম্যা] ।
থন্থন্যা=[পা]—বিণ. ঘন ॥ থন্থান্যা দুদ্ । [দেখ থম্থম্যা] ।
থব্দা=[পা]—বিণ. বোকা ॥ থব্দা মানুশ্ নিয়া বারি যালাতন্ । [<স্তব্ধ] ।
থব্‌রি=[কুম]—বিণ. জমাট ॥ কাপরের্ ছুতা গুলি এ্যাক্ যাগাত্ থব্রি ঐয়া রৈসে । [<থম (অনু.) +রি প্র.] ।
থম্থমা=[ঢা]—বিণ. প্রগাঢ়, আকর্ষ-ণীয় ॥ থম্থমা যৌবন্ । [<থম্-থম (অনু.)+আ. প্র.] ।
২ =[রং]—বিণ. জমাট ॥ থম্থমা দৈ । [অর্থ প্র.] ।
৩ =[খু]—বি. নড়াচড়া বিহীন অবস্থা, জোয়ার ভাটার মধ্য কালীন অবস্থা ॥ [অর্থ প্র.] ।
থম্থমাই=[নো]—ক্রি. বিণ. সক্রোধে ॥ শে থম্থমাই চ'লি গেল্ । [<থমথমাইয়া] ।
থম্থম্যা=[কু]—বিণ. শক্তিশালী, তাজা, হৃষ্টপুষ্ট ॥ গরুটা খুব থম্থম্যা । [<থম্থম্ (অনু.)+ইয়া প্র.] ।

থম্‌ দরা=[ম]—ক্রি. চুপ করিয়া থাকা ।। থম্ দৈরা বৈয়া রৈলা যে ? [<থম (অনু.)+ধরা] ।

থম্‌বা=[ম]—বি. থাম ।। থম্‌বার্ মতন্ দারাইয়া রৈলি ক্যান্ ? [<থম্ব প্রাং<স্তম্ভ সং] ।

থরর্‌ থরর্‌=[ঢা]—অব্য. ভাংগা জিনিসের শব্দ বিশেষ ।। বাংগা পাওট্টা খালি থরর্ থরর্ করে । [অনু.]

থরলে=[নো]—ক্রি. বিণ. অনবরত ।। শে থরলে কাপ্‌তাসে । [দেখ থরালে] ।

থরা=[বা]—বিণ. বাছুর ছাড়ানোর সময়কালীন ।। গাইর্ থরা দুদ্ খাইতে মিশ্‌টি ।

থরালে=[ঢা]—ক্রি. বিণ. থরথর করিয়া ।। ডর্ পাইয়া হেয়্ থরালে কাপ্‌তাসে । [<থর্ (অনু.)+আল প্র.+এ] ।

থরি=[খু]—বি. তৈল রাখিবার মাটির পাত্র ।।

থরুয়া=[সি]—বি. পায়ের গোছা ।। তার্ থরুরা দুইডা খুব্ মোডা ।

থরো=[খু]—ক্রি. বিণ. কিছুই না ।। আমার্ কাসে আসে থরো ।

থরোবরো=[সি]—বি. হৈচৈ, হাঁক ডাক ।। বেশি থরোবরো কৈর না । [অনু.] ।

থরোলে=[ফ]—ক্রি. বিণ. থরথর করিয়া ।। শিতের্ চে'ডে থরোলে কাপ্‌তেসে । [দেখ থরালে] ।

থর্‌=[খু]—বি. পানির কলস রাখার স্থান ।। থরের্ উপর্ ঠিলা আসে । [দেখ থর্ ৩] ।

২=[খু]—বি. খাঁজ ।। গাস্‌টাত্ থর্ কাটা হৈসে । [দেখ থর্‌,] ।

৩=[বা]—বি. সোপান ।। যিনিশ্ গুলা থরের্ উপ্‌রে শাযাও । [<স্তর সং] ।

থর্‌কোচ'া=[য]—বি.মাছ মারার কোচ বিশেষ ।।

থর্‌থরি=[রা]—বিণ. জীর্ণ শীর্ণ ।। [<থরথর (অনু.)+ই প্র.] ।

থর্‌থরিয়া=[বা]—বিণ. চঞ্চল ।। স্যারাডি বর থর্‌থরিয়া । [দেখ থর্‌থরি+ইয়া প্র.] ।

থর্‌থর্‌=[রা, ফ]—ক্রি. বিণ. তাড়াতাড়ি, অস্পষ্ট, ছটফট ।। সাওয়াটা থর্ থর্ কৈরা কথা কয় (ফ) । [অনু.] ।

থর্‌থৈরা ব্যাদর্‌=[ম]—বি. ঘন থকথকে কাদা ।। থর্‌থৈরা ব্যাদরে আট্‌ন যায় না । [দেখ থর্‌থরিয়া+ব্যাদর= নরম কাদা] ।

থর্‌পানি=[সি]-ক্রি. বিণ. প্রকম্পিত ।। দৈত্যের্ গর্‌যনে চ'াইর্ দিগ্ থর্‌পানি খাইল্ । [< থরপান্ (=তড়প্‌না উর্দু, হিং)+ই প্র.] ।

থলা=[ঢা]—বি. স্থল ।। কামের্ থলাত্ যাও । [+থল (<স্থল সং)+আ প্র.] ।

থলি=[খু]—বি. বোতল ।। [স্থলী সং] ।

থলিযারা=[ঢা]—বি., বিণ. সর্ব কনিষ্ঠ, সর্বশেষ ।। থলিযারা পোলার্ রাগ্ বেশি । [দেখ থলি+ঝাড়া] ।

থলিয়াল্‌দার্‌=[য]—বি. কর্তা, নেতা ।। তোমাদের্ থলিয়াল্‌দার্ কে ? [দেখ থলি+আল্+দার ﺩﺍﺭ ফা. প্র.] ।

থলেকুলে=[ঢা]—ক্রি.বিণ.সম্পূর্ণ, সব সহ ।। নাওডা থলেকুলে ডুইব্যা গেসে । [<স্থল+এ ; কূল+এ বিভক্তি] ।

থলেদার্‌=[য]—বি. কর্তা, নেতা ।। তোমাদের্ থলেদার্‌কে ? [দেখ থলিয়াল্ দার্] ।

থলৈ=[বা]—বি. মাছ রাখিবার বাঁশের তৈরী পাত্র বিশেষ ।। [দেখ থলি] ।

থলোত্‌চে'ার্‌=[য]—বিণ. যাহার কাছে চোরাই দ্রব্য থাকে ।। ওযে থলোত্‌চে'ার্, তা শবাই যানে । [দেখ থাইলত্+চোর] ।

থল্‌=[ঢা]—বি. বীজ ফেলিবার স্থান ।। মরিচে'র্ থলে বালা শার্ দেওয়া দর্‌কার্ । [<স্থল সং] ।

২=[রা]—বি. আখ মাড়াইবার স্থান ।। [অর্থ প্র.] ।

থল্‌কুল্‌=[রং]—বিণ. জলপূর্ণ ।। থল্‌কুল্ নদি ক্যাম্‌নে পার্ হবি ?

থল্‌গোস্‌ড়্যা=[নো]—বিণ. মোটাসোটা ।। পোলাডা থল্‌গোস্‌ড়্যা ।

থল্‌তুয়ানি=[কুম]—অব্য. ছটফট ।। থল্‌তুয়ানি কৈর না ।

থল্‌থলা=[রং]—বিণ. নরম, অস্থি বিহীন ।। হামাক অক্ শের্ থল্‌থলা মাংশ দে । [<থলথল (অনু.)+ আ প্র.] ।

২=[সি]—বিণ. বৃদ্ধাবস্থায় বা রোগে শরীরের চামড়া ঝুলিয়া গিয়াছে যাহার ।। থল্‌থলা বেটারে আস্‌তে তুলা দেও । [অর্থ প্র.] ।

থল্‌থলি=[সি]—ক্রি. বিণ. হৈচৈ, কলরব ।। অতো থল্‌থলি করো কিতা ? [দেখ থল্‌থলা+ই প্র.] ।

থল্‌থৈল্যা=[ম]—বিণ. নাদুসনুদুস ।। তার্ শৈল্‌ড্যা খুব্ থল্‌থৈল্যা । [দেখ থল্‌থলা ; +ইয়া প্র.] ।

থল্‌পট্‌=[রা]—বি. খুব গণ্ডগোল ।। কিশের্ থল্‌পট্ এখানে ?

থল্‌লুয়া=[ম]—বিণ. অধীন ।। আমি কি তোমার্ থল্‌লুয়া ? [দেখ তলুয়া] ।

থা

থা=[য, খু]—বিণ. দিশাহারা ।। তুই থা হয়ে গেলি ক্যা ? [দেখ থ খাওয়া] ।

২=[পা]—অব্য. হালচাষের সময় বলদের ঘুরিবার ইংগিত বোধক ।। থা বায় । [ধ্বন্য.] ।

থাঅন্‌=[চট]—ক্রি.বি. <থাকন ।। আউয়্‌গা থাঅন্ লাইগ্‌ব ।

থাঅরান্‌=[চট]—ক্রি. <থাবড়ান,

চড় মারা ॥ গাঁরাত্ পৈলে, চ'ম্‌চি'রলাঅ থাঅরায়্ ।

থাই=[য, খু]—বি. স্থান, জায়গা ॥ থাক্‌বার্ থাই নাই। [<স্থিতি]।

থাই পাওয়া=[পা]—ক্রি. বি. অনেকের মধ্যে নিজেকে সামিল করিয়া লওয়া ॥ এ্যাত লোকের্ মদ্দে থাই পাওয়া কি শুযা কথা? [দেখ থাই+পাওয়া]।

থাইক্যা=[চা]—অব্য. হইতে ॥ কৈ থাইক্যা আইলি? [<থাকিয়া]।

থাইক্‌কা=[কুম, চা]—অব্য. অপেক্ষা, হইতে॥ এইডা থাইক্‌কা ঐডা বালা। [দেখ থাইক্যা]।

২=[কুম, চা]—অস. ক্রি. <থাকিয়া॥ কয়্‌দিন্ ঐল্ ডাহা থাইক্‌কা আইলাম্ ।

থাইতানো=[ম]—ক্রি. চিন্তা করা ॥ নিযের্ কথা এক্‌টু থাইতাইয়া দ্যাহ। [<থিত(<স্থিতি)+আনো প্র. ; নাম ধাতু]।

থাইত্=[চট্ট]—অস. ক্রি.<থাকিতে। খুশিয়ে থাইত্ ন পারে।

২=[চা]—বিণ. স্থায়ী ॥ টেকাপয়্‌শা কিসুই থাইত্ থাকে না। [থা<স্থা সং+ইত প্র.]।

থাই থাই=[নো]—ক্রি. বিণ. মাঝে মাঝে॥ হ্যাতে থাইথাই বড় মযার্ কথা কয়্। [<থাকি থাকি<থাকিয়া থাকিয়া]।

থাইন্যা=[রা]—ক্রি. বিণ. নির্দিষ্ট করিয়া ॥ হামি তাক চোর্ মনে কৈরে থাইন্যা দিয়েছি। [<তা'য়ুন تعين আং+ইয়া প্র.]।

থাইব্=[চা]—বি.থলি ॥ চু'রি কর্‌তে কর্‌তে হেয়্ থাইব্‌ডা বর কর্‌সে। [দেখ থাইব্‌দার্]।

২=[চা]—বিণ. স্থাবর ॥ থাইব্ যমি থাক্‌লে শময়্‌তে কামে লাগে। [<স্থাপিত সং]।

থাইব্‌দার্=[চা]—বিণ. চোরের মাল যে গচ্ছিত রাখে ॥ হেয়্ ঐল্ চ'োরের থাইব্‌দার্। [দেখ থাইব্<স্থাপিত+দার دار ফা.]।

থাইব্‌বল্‌দার্=[কুম]—বি. চোরের মাল আমানত রাখে যে॥ [দেখ থাইব্‌দার্]।

থাইয়া=[সি]—বি. বেজায় ঠাণ্ডা ॥ বর থাইয়া পর্‌সে।

থাইর্=[কুম]—ক্রি.বি. গচ্ছিত॥ এক্ চি'য্ থাইর্ রাহ। [দেখ থাইব্ কিংবা <তাহবীল تحويل আং]।

থাইলত্=[য]-বি. চোরাই মাল গচ্ছিত রাখে যে॥ তুইতো চে'ারের্ থাইলত্। [থাইল (দেখ থাইব্)+ত প্র.]।

থাইলদ্‌দার্=[ম]—বি. চোরাই মাল যাহার কাছে জমা থাকে। [দেখ থাইলত্+দার دار ফা.]।

থাইল্যাত্=[ফ]—বি. প্রশ্রয়দাতা॥ শেইই চে'ারের্ থাইল্‌ল্যাত্। [দেখ থাইলদ্‌দার্]।

থাইশ্যা=[রা]—অস.ক্রি.পুণ করিয়া॥ শে পেট্ থাইশ্যা ভাত্ খাল। [<ঠাসিয়া]।

থাউকা=[কুম]—ক্রি.বি. পাইকারী ॥ থাউকা বেইচ্‌'চ'া যাও। [<থোক্ (<স্তবক সং)+আ প্র.]।

থাউকা কথা=[সি]—বি.কাণ্ডজ্ঞানহীন উক্তি ॥ থাউকা কথায়্ মাতা ঠিক্ নায়্। [দেখ থাউকা+কথা]।

থাউকা মূলা=[রং]—বি. কোন জিনিসের মোটামুটি দাম॥ মুর্‌গি পাঁচ্‌টার্ থাউকা মুলা কত? [দেখ থাউকা+মূল্য]।

থাউত্‌থা=[সি]—বিণ. যে পরের পয়সা লইয়া গোলমাল করে॥ মানুশ্ অত থাউত্‌থা অয়্ কিলা? [<থেঁত্ (<থুত্ সং)+উয়া প্র. ; অর্থ প্র.]।

থাউন্ দিয়া=[য]—ক্রি. বিণ. নাকে মুখেচাপিয়া ॥ পুলাডারে থাউন্ দিয়া দৈর্‌সে। [দেখ থাওনা]।

থাউব্‌বা=[ম]—ক্রি. বিণ. হিসাব ছাড়া ॥ 'চৈ'ত্‌লা লাউ থাউব্‌বা বিকি।' [দেখ থাউকা]।

থাউম্‌বা=[বা]—বিণ. স্তূপীকৃত ॥ শব্ যিনিশ্ থাউম্‌বা বাবে রাখা যায়্ না। [<থোব(=স্তূপ)+আ প্র.]।

থাউয়া=[নো]—ক্রি.বিণ. আন্দাজে॥ থাউয়া কতা কৈও না। [দেখ থাউব্‌বা]।

থাউল্যা=[ব, রং]—বিণ. খুব বড় (বেগুন) ॥ [<থাল+উয়া প্র.]।

থাঐ=[ম]—বি. ঘর বাঁধিবার' মজুর বা কারিগর॥ [স্থপতি সং]।

২=[ম]—বি. তালই ॥ তানি আমার্ থাঐ লাগে। [তাতগু সং]।

থাও=[পা]—বি. থৈ ॥ পুকুরে থাও পাওয়া যায়্ না। [<থাহ প্রাং<স্থাঘ আদিম প্রাকৃত]।

থাওনা=[ম]—বি. আছাড় ॥ থাওনা মাইরা কলশ্‌টা রাইখ্য না। [<থাব্ (<থাবা)+না প্র.]।

থাও পাওয়া=[ব, রা]—ক্রি. পানির নীচে কাদা পর্যন্ত যাওয়া ॥ [দেখ থাও+পাওয়া]।

থাংকো=[খু]—বি. স্তূপ ॥ বেগুনের্ থাংকো। [পরে দেখ]।

২=[খু, য]—ক্রি. বিণ. মোটামুটি, বিনা গণনায়, অনুমানে ॥ আম্‌গুলির্ দাম্ থাংকো কত চা'ও? [দেখ থাউকা]।

থাংগড়্=[কু]—বি. গাদা, স্তূপ ॥ [দেখ থাংকো+ড় প্র.]।

থাংথাং=[চট্ট]—বি. অস্থিরতা ॥ এ্যাত থাংথাং কৈর্‌লে কি কাম্ চ'লে? [অনু.]।

থাঁউ=[চট্ট]—বি. তামাক ॥ থাঁউ খাইবানি? [দেখ থঁয়ু]।

থাকারি=[রা]—বি. অহংকারী স্ত্রীলোক ॥ [<ঠেকার+ই প্র.]।

থাক্=[নো]—বি. গাছের কাণ্ডের উঁচু উঁচু গিঁট ॥ থাকে হাড়া দি গাসের্ উর্‌পে উডন্ যায়্। [<স্তবক সং ; অর্থপ্র.]।

২=[চা]—বি. তাক ॥ থাকের্ উপ্‌রে বৈগুনা থোও।

৩=[নো]—বি. চেরাগ রাখিবার পাত্র ॥

থাক্‌কুয়া=[সি]—অব্য. থাকুক ॥ আইয়্ যাইবার্ কায্ নাই, থাক্‌কুয়া। [থাক+গিয়া]।

থাক্‌চ'াক্=[ম]—বি. মীমাংসা ॥ কোর্ট্ কাচ'ারির্ কাম্ নাই, নিযেরাই থাকুচ'াক্ কৈরা ন্যাও। [অনু.]।

২=[পা]—বি. হাঁকডাক ॥ [অর্থ প্র.]।

থাক্‌বাড়ি দেওয়া=[রা]—ক্রি. বি. কোন কাজে বাধা দেওয়া ॥ ভালা কাজে থাক্‌বাড়ি দিতে নাই। [<থাক (থাকা)+বাড়ি+দেওয়া]।

থাক্‌শা=[চা]—বি. দোকান ঘরের আলমারী ॥ ম্যাচ্'গুলি থাক্‌শাত্ রাহ। [<থাক্ (<স্তবক সং)+চা প্র.]।

থাগ্‌ড়া=[খু]—বিণ. চাকাচাকা, জমাট ॥ গরম্ দুধে লেবুর্ রশ্ দিলে থাগ্‌ড়া হয়্।

থাড়া=[খু]—বিণ. শক্ত হওয়া ॥ [< স্তব্ধ সং ; অর্থপ্র.]।

থাড়ি=[কু]—বিণ. বদমাইশ, দুষ্ট, চঞ্চল ॥ থাড়ি মেয়ে। [<ধাড়ী< ধাত্রী সং]।

২=[পা]—বি. মাঠে গরু ঘাস খাইয়া যাইবার পর এঁটো ঘাস খাওয়ার রত অন্য গরুর দল ॥

থাড়ে=[খু]—বি. ছোট খুঁটি ॥ থাড়েটা পোত্। [<স্থাণু সং]।

থাতাবারি=[ম]—বি. ধমক ॥ পোলা-ডারে থাতাবারি না দিলে ঠিক্ ঐব না। [<থিত্(<স্থিত)+আ+বাড়ি]।

থাতায়্‌বারি দ্যাওয়া=[ম]—ক্রি. চুপ করিবার জন্য সংকেত করা ॥ [দেখ থাতাবারি+দেওয়া]।

থাতি=[খু, কু]—বি. ভেংচি, ধমক ॥ থাতি না দিলে শে ঠিক্ হবে না (কু)। [দেখ থাতাবারি ; থিত+ই]।

থাতেবাড়ি=[কু]—ক্রি. বিণ. হত-বুদ্ধি ॥ তার্ কথা শুনে থাতেবাড়ি লেগে যায়্। [দেখ থাতাবারি ; অর্থ প্র.]।

থাত্যা লাগা=[চা]—ক্রি. অতিরিক্ত রৌদ্রের জন্য ক্ষেতের ফসল জ্বলিয়া যাওয়া ॥ চৈত্ মাইয়া রৈদে দান্ খ্যাত্‌টা থাত্যা লাগ্‌সে। [<তাত্ (<তপ্ত সং)+ইয়া প্র.+লাগা]।

২=[পা]—ক্রি. ভীত হওয়া, অবাক হওয়া, কিংকর্তব্যবিমূঢ় হওয়া ॥ ব্যাপার্ দেখ্যা থাত্যা লাগ্যা গেল্। [দেখ থাতি+লাগা]।

থাত্=[ম]—বি. কলার কচি পাতায় সাজানো পূজার ফলমূলাদি ॥ হিন্দুগো পুযায়্ থাত্ লাগে।

থাতি মারা=[চট]—ক্রি. বকুনি দেওয়া ॥ আব্বায়্ থাতি মাইর্‌গে। [দেখ থাতি+মারা]।

থানা=[য]—বি. বীজবপন করিবার জায়গা ॥ শোশার্ যন্য থানা কাট্। [<থান (<স্থান সং)+আ প্র.]।

থান্=[চট]—বি. জাগরণ, চেতন ॥ খুব্ ভোরে থান্ পাইলা।

২=[কুম, সি]—বি. <স্থান, জায়গা। থান্ মারলে মান্ যায়্।

থান্‌কিলা=[সি]—বি. স্ববাস্তুতে বাশিন্দা ॥ তুমি বর থান্‌কিলা আর্ আমি ঐসি থুবুলি। [দেখ থান্২+কি +লা প্র.]।

থান্‌ডার্=[খু]—বি. পাহারাদার ॥ তুগের্ মাঠের থান্‌ডার্ কেডা? [< থানা+দার دار ফা.]।

থান্‌ডি=[ফ]—বি. সর্দি ॥ থান্‌ডি ধরে বুগ্‌তাসি। [ঠণ্ডী হিং]

থান্‌ডিব্‌র্‌ব্‌রি=[ফ]—বি. খেয়াল ॥ কথা বলার্ শময়্ তার্ থান্‌ডিবুর্‌বুরি থাকে না। [দেখ থান্‌ডি +ভুর ভুর (অনু.)+ই প্র.]।

থান্‌থান্=[সি]—ক্রি. বিণ. খণ্ড খণ্ড, পরত পরত ॥ মাংশ থান্‌থান্ করি দাও। [দেখ থান্১ ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

থান্‌থিত্=[চা]—বি. ব্যবস্থা, সুরাহা ॥ অহন্‌তরি আমার্ এ্যাক্‌টা থান্‌থিত্ ঐল্ না। [দেখ থান্২+স্থিত]।

থান্‌থিত্ মতন্=[চা]—ক্রি. বিণ. জায়গা মত, ঠিকমত ॥ থান্‌থিত্ মতন্ দোহান্ দিলে লাব্ অয়্। [দেখ থান্‌থিত্ +মতন]।

থান্‌দার্=[পা]—বি. বেদে ॥ থান্-দার্‌রা চুঁড়ি বিক্‌রি করে। [দেখ থান্‌ডার্ ; অর্থপ্র.]।

থান্‌দার্‌নি=[পা]—বি. বেদেনী ॥ থান্‌দার্‌নিরা চুঁড়ি বিক্‌রি করে। [দেখ থান্‌দার্+নি প্র.]।

থান্ পাওয়া=[রং]—ক্রি. জাগ্রত হওয়া ॥ দেশের্ লোক্ থান্ পাইছে, আর কি হাঁকিজুকির্ শময়্ আছে? [দেখ থান্+পাওয়া]।

থান্‌শির্=[ম]—বি. উপযুক্ত স্থান ॥ এখন্ থান্‌শিরে আসি। [<স্থান+স্থির]।

থান্‌শুক্=[রা]—বি. ক্ষেতের ধান সমান করিয়া কাটিবার লাঠি বা চোংগা ॥ আঁরার্ থান্‌শুক্ কনে?

দল্‌ পিস্‌তি=[সি]—বি. শ্বেত বা ধবল কুষ্ঠ রোগ ॥ [<ধল (<ধবল সং) + পোস্ত پوشت ফা. + ই]।

দল্‌পোতা=[ফ]—বি. উষা, ভোর ॥ [দেখ দল্‌পত্‌তর্‌]।

২=[সি]—বি. মাছ ধরিবার জন্য পানিতে রাখা ডালপালা ॥ [<ডাল পোতা]।

দল্‌পোয়া=[চা]—বি. রাত্রি ভোর হইবার আভাস ॥ দল্‌পোয়া দিসে ল খ্যাত্‌ কোবাইতে যাই। [দেখ দল্‌ পহর্‌ ; পোয়া<পোহা<প্রভাত সং]।

দল্‌ফর্‌=[চা, ম]—বি. রাত্রি শেষে পূর্বাকাশের অন্ধকার দূর হইবার সময় ॥ আশ্‌মান দল্‌ফর্‌ দেহা দিসে ল খেতে যাই (ম)।

দল্‌লা=[কুম]—বিণ. গোল্লা ॥ [< দল+আ প্র.]।

দশর=[চট্ট]—বিণ. দশম ॥ দশর তারিখে হাযির্‌ হওন্‌ পড়িব। [< দশের]।

দশরথ্‌=[খু]—বি. কাঁকড়া ॥ [< দশ+রথ (পা)]।

দশরা=[চা]—বি. হিন্দুদের দুর্গা পূজা উপলক্ষে মেলা ॥ দশরাত্‌ে বর আমোদ্‌ ঐব। [<দশ+হরা ; যে দিবসের গঙ্গাস্নান দশবিধ পাপ হরণ করে]।

দশহত্‌=[নো]—বি. আষাঢ় মাসের প্রথম তারিখ হইতে দশ তারিখ পর্যন্ত অবিরাম বৃষ্টি ॥ হরের্‌ শম্‌বার্‌ দরি দশহত্‌ লাইগ্‌ব।

দশা=[নো]—বি. অদৃষ্ট ॥ দশার্‌ কিল্‌ বাফে কিলায়্‌। [অর্থ প্র.]।

দশাইলা=[পা]—বিণ. তীব্র ॥ দশাইলা চি'ক্‌কুর্‌ হুইনা শক্‌কলে আইসিল্‌। [<দশাসই (< দশ+আশ (দিক্‌)+ই)+লা প্র.]।

দশা ও চ'াল্‌শ্যা=[পা]—বি. বিপদের উপর বিপদ ॥ [<দশা ও চল্লিশা]।

দশাচ'ল্‌=[চা]—ক্রি. বিণ. দশজনের মত, দেশের প্রচলন মত ॥ দশাচ'ল্‌ মতন্‌ দিমু ॥ [<দশ + আ + চল (<চলন)]।

দশাচ'ল্‌শে=[খু]—বি. মৃত্যুর পূর্ব ক্ষণ ॥ [<দশা চল্লিশা]।

দশানো=[ফ]—ক্রি. ঘাম দেওয়া ॥ গরমে শৈল্‌ দশায়্‌।

দশারম্‌=[চা]—বি. দশজনের মত ॥ দশারমের্‌ মত দিমু। [দেখ দশাচ'ল্‌ ; দশা+রকম رقم আং]।

দশি=[বা]—বি. দড়ি ॥ এক্‌গাদা দশি। [<দশা সং+ই প্র. ; অর্থপ্র.]।

২=[পা]—বি. মেয়েদের চুল বাঁধিবার ফিতা ॥ [অর্থ প্র.]।

৩=[কু]—বি. কাপড় বোনার পর সূতার অপ্রয়োজনীয় অংশ ॥

৪=[বা, ফ]—বি. সলিতা ॥ লম্‌পে দশি দ্যাও ? [অর্থ প্র.]।

দশে বিদেশে=[পা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি, বহুজনে মিলিয়া ॥ দশে বিদেশে কাম্‌টা কৈরা ফাল্যাও। [< দশ+এ (বিভক্তি)+বি+দশে]।

দশে বিশে=[ম]—ক্রি. বিণ. বেহিসেবী ভাবে ॥ হে ঠ্যাহগুলি দশে বিশে খরচ'া কৈরা ফালাইসে। [<দশ+এ বিভক্তি+বিশ+এ(বিভক্তি)]।

দশ্‌ আতি=[সি]—বি. মেয়েলোকের শাড়ি কাপড় ॥ বৌর্‌ লাইগা এক্‌টা দশ্‌আতি আইন্য। [<দশ+হাত+ই প্র.]।

দশ্‌কা মশ্‌কা=[সি]—বিণ. সরল, সোজা ॥ তাইন্‌ দশ্‌কা মশ্‌কা মানুশ্‌। [অনু.]।

দশ্‌গিরি=[রং]—বি. সকল গৃহস্থ ॥ দশ্‌গিরি শগলে জোট্‌ করি আইচে। [<দশ+গৃহী ; অর্থ প্র.]।

দশ্‌পদান্‌=[বা]—বি. বিবাহের পর শ্বশুরালয়ে দ্বিতীয় বার আগমন, ফিরানি ॥

দশ্‌তপানা=[চা]—বি. চিমটা ॥ দশ্‌তপানা দিয়্যা আগুন্‌ তুইল্য দ্যাও। [<দস্‌ত পনাহ্‌ دست پنا ফা.]।

দশ্‌ পান্‌যা=[সি]—বি. হাতের লাঠি ॥ পিরের্‌ দশ্‌পান্‌যাত্‌ গুন্‌ আসে। [<দস্‌ত পন্‌জহ্‌ دست پنجه ফা.]।

দশ্‌মান্‌=[খু]—বি. হাঁড়ি পাতিল মুছিবার ন্যাকড়া ॥ [দেখ দশ্‌মাল্‌]।

দশ্‌মাল্‌=[য]—বি. আঁশ বা ছেড়া কাপড়ের তৈরী ন্যাকড়া (যাহা দ্বারা রান্নার পর হাঁড়ি পাতিল পরিস্কার করা হয়) ॥ [দস্‌মাল উর্দু < দস্তমাল دستمال ফা. ; তুং রুমাল]।

দশ্‌লা=[রা]—বি. সাপ বিশেষ ॥ দশ্‌লা শাপের্‌ মুখ্‌ দেখ্‌ছিশ্‌ তো।

দশ্‌শান্‌=[চট্ট]—বিণ. দশখানা ॥ বিয়াত্‌ দশ্‌শান্‌ কাজর্‌ লাইগ্‌ব। [< দশ+খান(<খণ্ড সং)]।

দসাইয়া=[চা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ দসাইয়া আড্‌ তুফান আইতাসে।

দসোরা=[সি]—বি. দশহরা ॥ দসোরার্‌ শময়্‌ নৌকা দৌর্‌ অয়্‌। [দেখ দশরা]।

দস্‌=[সি]—বি. ডজন ॥

দস্‌তে বস্‌তে=[চা]—ক্রি. বিণ. হাতে নাতে, জাজ্বল্যমান ॥ এমন্‌ দস্‌ত বস্‌ত মিসা কথাটা ক্যামন্‌ কৈরা কৈলে ? [<দস্‌ত বস্‌তহ্‌ دست بسته ফা.]।

দস্‌তর্‌=[কুম]—বিণ. নিয়মমত, ভালভাবে ॥ দস্‌তর্‌ মত কাম্‌ কর। [<দসতুর دستور ফা.]।

দস্‌তার্‌ খা=[সি]—বি. খাওয়ার সময় ব্যবহৃত বাসনের নীচের কাপড় ॥ বর্‌তনর্‌ তলে দস্‌তার্‌খা দিলে না নিরে ? [<দস্‌তর খান دسترخوان ফা.]।

দস্‌পানা=[সি]—বি. লোহার লাঠি ॥ [দেখ দশ্‌তপানা]।

দস্‌মস্‌=[সি]—ক্রি. বিণ. ইতস্তত: ॥ [অনু.]।

দস্‌মাইল=[ফ.]—বি. হাঁড়ি পাতিল পরিস্কার করা ও ঘরে লেপ দেওয়ার ন্যাকড়া ॥ [দেখ দশ্‌মাল্‌]।

দহলা=[রং]—বি. অতিরিক্ত কাদা ॥ রাস্‌তায় খুব্‌ দহলা।

দহল্‌=[ফ]—বি. দখল ॥ চ'র্‌ডা দহল্‌ কর্‌সি। [<দখল دخل আং]।

দহাল্‌=[রা]—বিণ. কর্দমাক্ত ॥ দহাল্‌ রাস্‌তা।

২=[দি]—বি. দুধ দোহন করিবার ভাণ্ড ॥ [<দোহ+আল]।

দহাশোত্‌=[রা]—বিণ ধ্বংস ॥ ঝড়ে ঘর্‌ বাড়ি দহাশোত্‌ হয়েছে। [<দহ্‌শত دهشت ফা.]।

দহিন্‌মুক্‌=[চা]—বি. দক্ষিণ দিক ॥ দহিন্‌মুকে যাইস্‌না। [<দক্ষিণ মুখ]।

দহিয়াল্‌=[খু]—বি. <দোয়েল পাখী ॥

দহির্‌=[য]—বি. কাঠ ॥ দহির্‌ অভাবে কায চ'লে না।

দহির্‌কা=[চট্ট]—বি. এক প্রকার মাছ।

দহোল্‌=[খু]—বি. দখল ॥ বিপক্‌খে যমি দহোল্‌ কর্‌সে। [দেখ দহল্‌]।

দহ্‌লানো=[রা]—ক্রি. বি. মন নরম হওয়া ॥ এত কাঁদা কাটিতেও তার্‌ মন্‌ দহ্‌লে না।

দহ্‌সত্‌=[কুম]—বি. আচমকা ভয় ॥ দহ্‌সতে সেলেটা হটাত্‌ কাবু হৈ পর্‌সে। [দেখ দহাশোত্‌]।

দা

দাঅত্‌=[য,চা]—বি. নিমন্ত্রণ ॥ [দেখ দঅত্‌]।

দাঅল্‌=[রং,বা]—বি. পাচন, খুরপি ॥ [দাঅ <দাত্র সং+ল প্র.]।

দাই=[কুম]—অস. ক্রি. পলাইয়া ॥ হ্যাতে এ মুই দাই গেসে। [<ধাইয়া]।

২=[সি]—বি. হাজাম, নাপিত ॥ [< ধাই <ধাত্রী]।

দাইকান্‌=[সি]—বিণ. দায়ী ॥ দাই-কান্‌ অগলর্‌ পক্‌কে এক্‌যনে মকদ্‌দমা কর্‌সে। [<দায়িক+আন প্র. (বহু বচনে) ; মালীকান এর সাদৃশ্যে]।

দাইক্‌=[সি]—বিণ. দায়ী ॥ তুমিই ই কামর্‌ দাইক্‌। [দেখ দাইকান্‌]।

দাইড়িল্‌=[পা]—বিণ দাড়িওয়ালা ॥ দাইড়িল্‌ মানুশ্‌ও খারাপ্‌ আসে। [< দাড়ি (<দাঢ়িকা সং)+ৱালা হিং]।

দাইড়্‌=[রা]—বি. ছাগল ॥ [< ধাড়ী]।

দাইত্‌তা=[কুম]—বিণ. যাহার বড় বড় দাঁত আছে ॥ শে এ্যাক্‌যন্‌ দাইত্‌তার্‌ লগে কতা কয়্‌। [<দাঁত (<দন্ত সং) +ইয়া প্র.]।

দাইথা=[পা]-বি. বড় পুঁটি মাছ ॥ কাল্‌কে যালে এক্‌টা দাইথা দরা পড়েসিলো।

দাইদ্‌=[কম]—বি. দাবী ॥ তোমার উপ্‌রে দাইদ্‌ আসে। [<দাদ داد ফা.]।

দাইনা মিয়া=[ম]—বি. দুলামিঞা ॥ দাইনা মিয়া শন্‌দেশ্‌ আন্‌সৈন্‌ নাহি ? [<দামান্দা <দামাদ داماد ফা.+মিয়াঁ میاں ফা.]।

দাইন্‌=[চা, খু]—বি. বাজী, দান ॥ এ দাইন্‌ আমার্‌। [<দান (<√দা +অন সং)+ই প্র.]।

২=[ম]—বি. বরাত ॥ আমার্‌ দাইন্‌ বালা না। [অর্থ প্র.]।

দাইন্‌না=[সি]—বি. মাটির বড় চাকা ॥ দাইন্‌না আইন্‌না বান্‌ দ্যাও।

দাইম্‌লি=[য]—বিণ. চিরস্থায়ী ॥ টেকাত আর্‌ দাইমুলি দেলাইসি না। [<দা'ইমান্‌ دائما আং]।

দাইম্‌=[সি]—ক্রি. বিণ. নিজ, এক ঠাঁই ॥ অন্‌নদিগে যাও না এ বারিত্‌ দাইম্‌ ঐ রৈস কেরে ? [<দা'ইম دائم আং]।

দাইম্‌রা=[চ]—বি. <দামড়া, বলদ গরু ॥

দাইয়া=[সি]—বি. হাজাম, যাহারা খৎনার কাজ করে ॥ দাইয়া দেহি পুহার্‌ বয়্‌ পাইসে। [দেখ দাই,]।

২=[নো]—অস. ক্রি. দৌড়াইয়া ॥ দাইয়া হাডে যাইয়ুম্‌। [দেখ দাই]।

দাইয়া মুচ্‌'রাইয়া=[কুম]—অস. ক্রি. ছিঁড়িয়া ছিটাইয়া ॥ দাইয়া মুচ্‌'রাইয়া নাশ্‌ কৈর না। [দেখ দাইয়া ,+ মুচড়াইয়া]।

দাইয়ুশ্‌=[সি]—বি. স্ত্রীকে পর পুরুষের সঙ্গে ঘর করিতে দেয় যে, ব্যভিচারিণী স্ত্রীকে লইয়া ঘর করে যে ॥ [<দয়ুস دیوث আং]।

দাইঁরা=[ম]—বিণ. পেটুক, অতি ভোজনকারী ॥ 'কামে কুইরা বোযনে দাইরা কথায় মারে পুইরা পুইরা।' [<দেড়(<দ্ব্যর্ধ সং)+ইয়া প্র.]।

২=[সি]—বি. দাড়ি ওয়ালা ॥ চা'ইয়া দ্যাখ্‌ দাইরা বেডায়্‌ খালি দারি লারে। [<দাড়ি (<দাঢ়িকা সং)+ইয়া প্র.]।

দাইরা বান্‌দা=[ম]—বি. খেলা বিশেষ ॥ দাইরা বান্‌দার্‌ কোডা বানাও [<দাঁড়ি+বাঁধা]।

দাইরামি=[চা]—বি. বড়াই, গর্ব ॥ আমি কারও দাইরামির্‌ দার্‌ দারি না। [দেখ দাইরা+মি প্র.]।

দাইরাল্‌=[চা]—বিণ. দাড়িওয়ালা ॥ দাইরাল্‌ বেডায়্‌ যবর্‌ পাযি। [দেখ দাইড়িল্‌]।

দাইরে=[পা]—বি. মেথর ॥ [<ধাঙ্গর+এ]।

দাইর‍্যা=[ম]—বি. কাটা ধানগাছ ও খড় ছড়াইবার বংশদণ্ড বিশেষ ॥ [<দাঁড় (<দণ্ড সং)+ইয়া প্র.]।
২=[ম]—বি. একপ্রকার আউশ ধান ॥
৩=[ফ]—বি. ভোঁদড় ॥ তালাবের্ মাস্ শব দাইর‍্যায় খাইসে।

দাইর্=[ম]—বি. প্রতিবন্ধকতা, মলদাইর খেলার একটি প্রক্রিয়া ॥ শে দাইর্ ফিরাইতে ওস্তাদ্। [দেখ দাইরা বান্দা]।
২=[কুম, সি, ম]—বি. ভিটার চতুষ্পার্শ্বের সীমানা, বারান্দা, মাটির সিঁড়ি ॥ [<ধার+ই প্র.]।
৩=[চট্ট]—বি. <দাঁড়ী ॥ দাইর্ দাঁর টানের্।
৪=[নো]—বি. কষ্ট ॥ খুব্ দাইর্ অয়ের্।
৫=[ম]—বি. দাগ ॥ হাডু-ডু খেইলের্ দাইর্ দ্যাও। [দেখ দাইর্]।
৬=[রা]—বি. মাছ ধরার উপকরণ বিশেষ ॥ তোর্ দাইর্টা কত পড়্চে।
৭=[সি]—বি. গতি ॥ দাইর্ ফিরাও।
৮=[সি]—বি. পথ, নালা ॥ [<ধারা+ই]।

দাইর্কা দেওয়া=[সি]—ক্রি. ঘোড়ার সম্মুখের দুই পা একত্রে বাঁধিয়া ছাড়িয়া দেওয়া ॥ [<দিরগা (<দীর্ঘ সং) =লম্বা করিয়া ছাড়িয়া+দেওয়া]।

দাইর্গা=[কুম]—বিণ. দাড়িওয়ালা ॥ দাইর্গা মানুশ্। [<দাড়ি (<দাঢ়িকা সং)+গা]।

দাইর্গয়া=[চট্ট]—বি. খেলার অঙ্কিত কোঠার রেখা ॥

দাইর্ বান্দা=[নো]—বি. পল্লীর খেলা বিশেষ ॥ [দেখ দাইরা বান্দা]।

দাইলা=[ফ]—বি. খাজনা আদায়ের রসিদ ॥ দাইলা দিয়া লাও। [<দাখিল داخل আং+আ প্র.]।

দাইশা=[ফ]—অস. ক্রি. মাখিয়া ॥ তেতুই দিয়া দাইশা খাও।

দাইশুদি=[ম]—বি. বন্ধক ॥ খ্যাত্ দাইশুদি দিবা? [<দার+শোধ+ই প্র.]।

দাউইন্=[কুম]—বি. লম্বা রশি (যাহাতে গরু ইত্যাদি পর পর বাঁধা হয়) ॥

দাউখ্না লাগন্=[কুম]—ক্রি. গরমে শুকাইয়া যাওয়া ॥

দাউট্=[খু]—বি. গোয়াল ঘরের বেড়া ॥
২=[বা]—বি. বাঁশের মাচা ॥

দাউত্=[খু]—বি. নিমন্ত্রণ ॥ আমি দাউত্ কৈরাসি। [দেখ দঅত্]।

দাউদ্যা খাউদ্যা=[চা]-বিণ. খসখসে ॥ তোর্ হারা গাঅ দাউদ্যা খাউদ্যা ঐসে। [দাউদ (<দদ্রু সং)+ইয়া প্র. +খাউজ <খুজ (খজলী হিং)+ইয়া প্র. ; সহশব্দ]।

দাউনা=[চা]—বি. কাঁঠাল পাতার তৈরী ঠোঙ্গা ॥ এক্ দাউনা যিলাপি।

দাউনি=[নো]—বি. নিড়ানী ॥ [<দাও (<দাত্র সং)+নি প্র.]।

দাউন্=[চা, কুম]—বিণ., বি. একত্রে বাঁধা, শৃঙ্খলাকারে দড়িতে বাঁধা বড়শী ॥ খালের্ পানিতে দাউনে খুব্ মাস্ লাগে।
২ =[ম]—বি. গোয়ালে গরু বাঁধিবার লম্বা দড়ি ॥

দাউন্ হওয়া=[পা]—ক্রি. পুড়িয়া যাওয়া, অত্যন্ত উত্তপ্ত হওয়া, জ্বলুনি পুড়ানি হওয়া ॥ [<দাহন+হওয়া]।

দাউম্যা=[কুল]—বি. দুগ্ধসর্প, যে সাপে দুধ খায় ॥

দাউল্=[ব, রা]—ক্রি. নিড়ানি ॥ দাউল্ দিয়া খ্যাত্ নিড়ায়্। [দেখ দাউনি ; দাও+আল প্র.]।

দাউরা=[চা]—বি. লাকড়ি ॥ দাউরা দিয়া পাহালে যাল্ দ্যা। [<দারু+আ প্র.]।
২ =[চা]—বিণ.<ধাড়ি, চালাক ॥ বেডাডা এক্ নম্বরের্ দাউরা।

দাউরা করি=[চা]—বি. লাকড়ি, জ্বালানী কাঠ ॥ [দেখ দাউরা+খড়ি]।

দাউরামি=[চা, পা]—বি. দাগাবাজী, শয়তানি ॥ রাখ্ তর্ দাউরামি দেহাইমু। [দেখ দাউরা ২+মি প্র.]।

দাউরি=[রা, খু]—বি. নিড়ানী ॥ দাউরি দা বাগ্ডা নিড়াও।

দাউর্=[বা]—বি. লাকড়ি ॥ দাউর্ গরে আন্ বৈশ্যা আইবো। [<দারু সং]।
২=[ম]—বিণ. কৃপণ, স্বার্থপর ॥ বিশন্ দাউর্ সাওয়াল্। [দেখ দাউরা]।

দাউর্কা=[চা, ফ]—ক্রি. বিণ. উভয় পা বাঁধা ॥ বাস্থুর্টা দাউর্কা দিয়া থো, আট্লে রক্ত পড়্বো। [দেখ দাড়কা]।

দাউর্গা=[কুম]—বি. লাকড়ি ॥ দাউর্গা সারা রান্মু কি দ্যা? [দেখ দাউর্+গা]।

দাউনি=[কু রা]—বি. কাটারি, নিড়ানি, পাচন ॥ [দেখ দাউনি]।

দাউলে=[য, খু]—বি. যাহারা ধান কাটে ॥ [দেখ দাউলি+এ<ইয়া প্র.; কিংবা দাওয়া (=ধান কাটা)<দা সং +আলিয়া প্র.]।

দাউয়ল্=[রা]—বি. জমি নিড়াইবার কাঁচি ॥ ॥ [দেখ দাউল্]।

দাএ=[রং]—বি. ক্ষতি বৃদ্ধি ॥ মোর্ এতে কি দাএ হবে। [<দায় সং; অর্থ প্র.]।

দাঐ=[নো]—বি. ঔষধ ॥ দাঐ লাগাই দ্যা। [<দবা' دوا আং+ই]।
২=[খু]—বি. গাছ কাটিবার করাত ॥ দাঐ দিয়া গাস্ ফাঁড়ে।

দাঐন্=[চা]-বি. মাছ ধরিবার বড়শি ॥
৩=[ব,রা]—বি. রাত্রে গরু বাঁধিবার দড়ি ॥

দাও=[সি]—সি. বাজি, পালা ॥ আর্ এক দাও খেলা। [<দাঁও <দাহ প্রা. বাং]।

দাওআইল্যা=[কুম]—বি. দেউলিয়া ॥ শব্ আরাইয়া দাওআইল্যা বন্সি। [<দেউলিয়া (<দেবকুলিকা সং)]।

দাওনা=[ম]—বি. পাগল ।। খোদার্ লাইগ্যা দাওনা হৈয়া কান্দে। [< দীৱানহ دیوانه ফা.]।

২=[চা]—বি. কাঁঠাল পাতার ঠোঙ্গা ।। এক্ দাওনা যিলাপি।

দাওন্=[চা,ফ,খু]—বি. লম্বা দড়ি, ধান মলন দিবার সময় গরু জুড়িবার দড়ি ।। [দাম (<দামন্ সং)+প্র.]।

দাওয়া=[বা]—বি. বারান্দার ন্যায় আবরণ ।। দাওয়া না দিলে গর্ ঠিক্ থাহে না। [<দার্বট সং]।

২=[চা, সি, কুম]—ক্রি. বি. ধান কাটা ।। দাওয়ায় যাইবি না (নো)। [<দাও (<দাত্র সং)+আ প্র. ; নামধাতু]।

৩=[পা]—বি. পাল্কীর বাহক ।। দাওয়ারা পাল্কি বায়। [<ধাবক সং]।

৪=[রং]—বি. আকাশ ।। দাওয়ায় মেঘ্ করিছে।

৫=[ফ]—বি. জলপ্রপাত ।।

দাওয়াইল্যা=[চা]-বিণ. ছলনাকারী ।। এই ব্যাডা বর দাওয়াইল্যা। [<দেখ দাওআইল্যা]। [<দেব সং+আ প্র.]।

দাওয়াইল্লা=[কুম]—বি. ধান কাটা ।। দাওয়া$_2$+ল+ইয়া প্র.]।

দাওয়া উঠা=[চা]—ক্রি. ধান কাটা শেষ হওয়া ।। [দেখ দাওয়া$_2$+উঠা]।

দাওয়ানো=[চা,ম]—ক্রি. তাড়াইয়া দেওয়া ।। বেশি ফডর্ ফডর্ কৈর্লে তোরে এ্যাহান্ তনে দাওয়াইমু। [< ধাওয়া (<ধাবন)+নো প্র.]।

দাওয়াবারানো=[কুম]—বি. ধানকাটার শেষ দিনের উৎসব ।। [দেখ দাওয়া$_2$+ বাড়ানো ; সুভাষণে]।

দাওয়া মারা=[ম]—ক্রি. তাড়াতাড়ি নির্দিষ্ট কাজ সম্পূর্ণ করা ।। তুহানের্ ডরে দাওয়া মারিয়া কাম্ শার্লাম্। [< ধাওয়া+মারা]।

দাওয়ামারি=[ম]—ক্রি. বিণ. হুলুস্থুল ।। [দেখ দাওয়া$_2$+মাড় (<মাড়া)+ই প্র. ; অর্থ প্র.]।

দাওয়াল্=[কু,ফ,খু]—বি. কৃষাণ ।। খেতে চ'ইর্যন্ দাওয়াল্ পাঠা (কু)]। [দেখ দাউলে]।

দাওরা=[চট্ট]—বি. হাদিসের পাঠ ।। তাইন্ দাওরা শ্যাশ কৈর্সে। [<দওরহ دوره উর্দু <আং]।

২=[কুম]—বি. সুপারী নারিকেল গাছে উঠিবার জন্য রজ্জুর তৈরী গোলাকার উপকরণ ।। [<দওর دور আং]।

দাওর‍্যা=[ম]—বিণ. বেয়াড়া ।। সেরা-ডা দ্যাওর‍্যা ঐয়্যা গেসে। [দেখ দাংগর্ +ইয়া প্র.]।

দাওলি=[পা]—বি. খেজুর গাছ কাটার অস্ত্র। [দেখ দাউনি]।

দাংগর্=[কুম, ম]—বিণ. দুষ্ট, ডানপিটে, বলশালী ।। দাংগর্ডা কৈ তারে পডারন্ দ্যা (কুম)।

২=[সি]—বিণ. অপরিচ্ছন্ন, নোংরা ।। [অর্থ প্র.]।

দাংরান্=[সি]—ক্রি. খুঁটির গোড়ায় শক্ত করিয়া মাটি দেওয়া ।। খুটুডারে বালা কৈরা দাংরাও।

২=[সি]—বি. অপরিচ্ছন্ন, নোংরা ।। [<দেখ দাংগর্+আং প্র.]।

দাঁইর্গ্যাকানা=[চট্ট]—বি. এক প্রকার ক্ষুদ্র মাছের নাম ।।

দাঁইস্সা=[নো]—বি. কোন কিছুর বাড়তি অংশ ।।

দাঁড়ক্=[রা]—বি. মাঠে গরু বাঁধিবার দড়ি ।। [<দড়া+ক ; বৃহদার্থে]।

দাঁড়চ=[রা]—বি. বিষাক্ত সর্প বিশেষ ।।

দাঁড়া=[চট্ট]—বি. ষাঁড় ।। [<দামড়া]।

২=[রা]—বি. বকরী বাঁধিবার দড়ি ।। [<দড়া]।

৩=[নো, রা]—বি. নৌকা চলার পথ, ছোট খাল ।। কচ'রি হ্যানায় দাঁড়া বন্দ করি হালাইসে (নো)। [<ধারা সং]।

৪=[দি, ব]—বি. নালা, লাঙ্গলের দাগ ।। দাঁড়ার্ মদ্দে লাউয়ের্ বিজ্ লাগাতে হয় (দি)। [দেখ দাঁড়া$_3$+ ; অর্থ প্র.]।

দাঁড়াশ্=[কু]—বি. শক্ত ।। বাতুগুলা বড় দাঁড়াশ্। [<দড়<দৃঢ় সং+আশ]।

দাঁড়েল্=[খু]—বি. দাঁড়িপাল্লার কাজ করে যে ।। রামার্ মত দাঁড়েল্ খুব কম্ আসে। [<দাঁড়ি+আল প্র.]।

দাঁতল্=[রা]—বি. দাঁত পরিষ্কার করিবার কাঠি, দাঁতন ।। [<দাঁত+ল, ন প্র.]।

দাঁতানো=[রা]—ক্রি. পশুর দাঁত উঠা ।। মোর্ দাম্ড়িডা এখন্ও দাঁতেনি। [<দাঁত+আনো প্র. ; নামধাতু]।

দাঁতাল্=[কু]—বি. বুড়া শূকর ।। [<দাঁত+আল প্র. ; অর্থ প্র.]।

দাঁত্খান্=[য, খু]—বি. ধানের শ্রেণী বিশেষ ।। [<দাউদখান]।

দাঁত্ ঝাড়া=[কু]—ক্রি. বকাবকি করা, রাগ করা, গালি গা... ক.. ।। অনর্থক্ দাঁত্ ঝাড় কেন্? [<দাঁত +ঝাড়া]।

দাঁত্ খারি মারা=[ব]—ক্রি. দাঁত খিঁচুনি মারা ।। দাঁতখারি মার‍্যা কতা কশ্ ক্যান্। [< দাঁত+ ঝাড় (< ঝাড়া)+ই+মারা]।

দাঁত্লা=[রা]—বিণ. দেঁতো, বড় দাঁতযুক্ত ।। লোক্টা দাঁত্লা। [< দাঁত+বালা হিং]।

দাঁত্শালি=[য, খু]—বি. এক প্রকার ধান ।। [< দাউদ্ শালি]।

দাঁয়্=[রা]—বি. ধান মাড়াইবার জায়গা ।। [<দাওয়া ?]।

দাঁর্গা দেওয়া=[রা]—ক্রি. খুঁটিতে বাঁধিয়া গরুকে ঘাস খাওয়ানো ।। [< দেখ দাইর্কা দেওয়া]।

দাকিদ্দুকি=[কু]—বি. যাই যাই অবস্থা ।। তার্ বাপ্ এ্যাতদিন্ অশুকে বুগে এ্যাখন্ দাকিদুকিতে আসেন্। [অনু.]।

দাকিল্=[য]—বিণ. নষ্ট ।। অতগুলি চু'রি দাকিল্ করিস ?

দাক্=[ম]—বি. ঝাঁঝ, তেজ ।। [<ঝাঁক]।

২=[কু]—বি. মিথ্যা, ফাঁকি, প্রবঞ্চনা ॥ দাক্ দিয়ে তোর্ কি লাব্? [<দাগ داغ ফা.]।

দাক্‌কন্‌=[বা]—বি. ধাক্কা, চোট ॥ এবার্ দাক্‌কন্ শাম্‌লাও। [দেখ দাক্‌কল্]।

দাক্‌কল্‌=[বা]—বি. বড় আঘাত ॥ বর এ্যাকটা দাক্‌কল্ খাইলা। [< ধকল (<ধকিল হিং)]।

দাক্‌কা=[চা]—বি. ধাক্কা ॥ দাক্‌কা দিলা কেরে?

দাক্‌তোর্‌=[পা]—বি. ডাক্তার ॥ দাক্‌তোর্ ডাক্যা আন্। [<ডাক্তার <ডক্টর doctor ইং]।

দাক্‌দাকা=[সি]—বিণ. দগ্‌দগে, জলন্ত ॥ দাক্‌দাকা আগুন আত্ দিও না। [<দাকদাক=দগদগ (অনু.) +আ প্র.]।

দাক্‌দাকি করা=[সি]—ক্রি. জলজল করা ॥ আগুন্ দাক্‌দাকি কৈর্‌সে। [দেখ দাক্‌দাকা+ই]।

দাক্‌বায্‌=[পা]—বি. ঠক্, প্রবঞ্চক, মিথ্যাবাদী ॥ [দগাবায دغاباز ফা.]।

দাখিল্‌=[ম, নো]—বিণ. উপস্থিত ॥ হেতারে যমাতে দাখিল করি দিসি। [<দাখিল داخل আং]।

দাখ্‌না=[পা]—বি. ডানা ॥ পাখির দাখ্‌না। [<দাপনা]।

দাগল্‌=[ম]—বিণ. ডাগর ॥ মাইয়াডা দাগল্ আসে। [<ডাগর (<দীর্ঘ সং)]।

দাগল্‌ দিগল্‌=[ম]—বিণ. সুদীর্ঘ ॥ মাইয়ার্ মাতাত্ দাগল্‌দিগল্ ক্যাশ্। [দেখ ডাগল্+দিঘ(<দীর্ঘ সং)+ল; সহশব্দ]।

দাগা=[পা]—বি. জ্ঞান ॥ তোর্ কি দাগা নাই?

২=[চা, কুম]—বি. সূতা, তাগা ॥ সেরাডার্ কমর দাগা নাই (কুম)। [< তাগা(<তগ্গ প্রাং)]।

৩=[সি]—বি. একরকমের খেলা ॥ দাগা খেরিত্ যাইস্ না।

৪=[রা]—বি. ছিদ্র ॥ [<দাগ داغ ফা.+আ প্র.]।

৫=[পা]—বি. কুটা ॥ [দেখ দাগা$_{২}$ অর্থ প্র.]।

৬=[ম, কু]—বি. সেলাইয়ের বড় বড় ফোঁড়, টাক ॥ [দেখ দাগা$_{২}$; অর্থপ্র.]।

দাগানি=[চা]—ক্রি. বি. মাছ তরকারী রাঁধিবার জন্য তৈল দিয়া ভাজা ॥ দাগানি লাল্ ঐলে মশ্‌লা ও মাংশ সাইর। [দেখ দাগা$_{৪}$+নি প্র.]।

দাগানো=[পা]—ক্রি. অংশ কাটান ॥ [দেখ দাগা$_{৪}$+নো প্র.; নামধাতু]।

দাগাবাগা=[ব]—বি. আঁচড় ॥ উই হামাক দাগাবাগা করিচে'। [দেখ দাগা$_{৪}$+বাগা(অনুঃ)]।

দাগি=[রং]—বি. মিষ্টি ॥ দাগি আম্। [দেখ দাগা$_{৪}$+ই. প্র.]।

দাগি লাগা আম্‌=[রা]—বি. যে আম শক্ত হইয়া গিয়াছে ॥ কিগো তোমার্ দাগি লাগা আম্ কত কৈর্‌যা দিতেছ? [দেখ দাগি+লাগা+আম]।

দাগ্‌=[রং]—বি. টিকা ॥ দাগ্ দিলে বশন্‌ত হয় না। [দেখ দাগা$_{৪}$]।

দাগ্‌ড়া=[কু]—বি. আঁচড় ॥ বাগের্ দাগ্‌ড়া। [দেখ দাগা$_{৪}$+ড়া প্র.]।

দাগ্‌ড়াবগ্‌রা=[পা]—বি., বিণ. অসমান, উঁচুনীচু ॥ [অনু.]।

দাগ্‌লি=[সি, রং]—বি. কাঁথা, লেপ ॥ জাড়ের্ শময় দাগ্‌লি লাগে (রং)।

দাচ'=[সি]—বি. ধারা ॥ এ্যাখন্ আমি কামর্ দাচ' পাইসি। [ধাঁচ]।

দাথা=[খু]—বি. ধানের চারা ॥

দাথাল্‌=[সি]—বি. জাল ॥ যাল্‌লুয়ারা বিল দাথাল্ ঠ্যালের্।

দায্‌যি=[চা]—বি. দাবী, দাওয়া, অধিকার, আরজি ॥ আমার্ তোমাগ উপ্‌রে এক্‌টা দায্‌যি আসে। [<দাদ داد ফা.+'আরয عرض আং+ই প্র.]।

দাড়ক্‌=[রা]—ক্রি. বি. বাঁধা ॥ গরুটাকে দাড়ক্ দিয়া আশি। [দেখ দাঁড়ক্]।

দাড়া=[পা]—বি. প্রস্তুতি, ধারা ॥ কামের্ কোন দাড়া নাই। [< ধারা]।

২=[ব]—বি. কাঠের টুকরা ॥ এক্‌টা দাড়া দিয়া ময়্‌লাগুলি শরাও। [<দাঁড়(দণ্ড সং)+আ প্র.]।

৩=[খু]—বি. এলাকা ॥ ঐ দাড়ায় খুব্ বশন্‌ত দেখা দিয়েসে।

দাড়ামত=[পা]—ক্রি.বিণ. ঠিকভাবে ॥ কতাবার্‌তা দাড়ামত কও। [দেখ দাড়া+মত]।

দাড়ি=[রা]—বি. বিচিত্র রঙের মাছ বিশেষ ॥

২=[চট্ট, পা]—বি. বিছানা বিশেষ ॥

৩=[পা]—বি. বৃদ্ধা ছাগী ॥ [< ধাড়ী(<ধাত্রী সং)]।

দাড়িপাল্‌ডা=[খু]—বি. <দাঁড়ি পাল্লা ॥ দাড়ি পাল্‌ডায় মাপি দাও।

দাড়িয়া=[সি]—বি. নাড়িবার কাজে ব্যবহৃত বাঁশ বা কাষ্ঠখণ্ড ॥ [< দাঁড় (<দণ্ড সং)+ইয়া প্র.]।

দাড়ুকা=[রং]—বি. পায়ের বেড়ি ॥ [<দাঁড়<দণ্ড+উকা প্র.]।

দাড়ে=[খু]—বি. উদ্, ভোঁদড় ॥ দাড়ের্ গলায় মাসের্ কাঁটা ফুট্‌সে।

দাড়েল্‌=[পা]—বি. যে নৌকার দাঁড় টানে ॥ [<দাঁড় (<দণ্ড সং)+এল প্র.]।

দাড়েসিক্‌=[খু, বা]—বি. একপ্রকার খেলা ॥ কোট্ বালা ঐনেই তার্ দাড়েসিক্ খেল্‌ব কি?

দাড়্‌=[খু]—বি. জ্বালানী কাষ্ঠ ॥ [<দার (<দারু সং)]।

দাড়্‌কি=[পা, র]—বি. বাঁশের তৈরী মাছ ধরিবার ফাঁদ বিশেষ ॥

দাতলের্‌ মাস্‌=[নো]—বিণ. অধীনস্থ ॥ ব্যাডার্ কতায় দন্‌নে বুঝা যায় আঁই য্যান্ হ্যাতার্ দাতলের্ মাস্। [<দা (<দাত্র সং)+তল+এর (সম্বন্ধে)+মাছ]।

দাতানাহা=[ম]—বি. দন্তশূল ॥ [< দাঁত+আ+লাগা]।

দাতানি=[কু]—বি. ধমক, ভৎর্সনা ॥ অত দাতানি দিও না। [<ধাতানি]।

দাতানো=[ফ]—ক্রি. ভৎর্সনা করা ॥ তারে খুব্ কৈর‍্যা দাতাও। [<ধাতানো]।

২=[চা]—ক্রি. দাঁত উঠা ॥ গরুডা দাতাইসে। [<দাঁত+আনো প্র.; নামধাতু]।

দাতি=[ম, চা]—বি. দাঁত কপাটি ॥ দাতি লাগ্‌সে মুখে পানি সিটা দেও (চা)। [দাঁত+ই প্র.]।

দাতি লাগা=[রা]—ক্রি. মূর্চ্ছা যাওয়ার ফলে দুই পাটির দাঁত লাগিয়া থাকা ॥ [দেখ দাতি+লাগা]।

দাতুয়া<[রং]—বিণ. যাহার দাঁত উঁচু ॥ [<দাঁত+উয়া প্র.]।

দাতুর‌্বাযি=[কুম]—বিণ. পরিশ্রম সাধ্য ॥ শংশারি কত দাতুর‌্বাযি। [<দাঁত+উর প্র.+বাযী بازی ফা.]।

দাতে রশ্‌ লাগা=[খু]—ক্রি. কোন কিছুতে লোভ লাগা ॥ [<দাঁত+এ(বিভক্তি)+রস লাগা]।

দাতের বুদ্‌দি=[কুম]—বি. সাধারণ বুদ্ধি ॥ হের্ দাতের্ বুদ্‌দিও নাই। [<দাঁত+এর (সম্বন্ধে)+বুদ্ধি]।

দাত্যা=[পা]—বি., বিণ. কাজের গুরুত্ব না দিয়া যে ব্যক্তি দাঁত বাহির করিয়া হাসে ॥ [<দাঁত+ইয়া প্র.]।

দাত্‌নি=[বা]—বি., বিণ. আঁকাবাঁকা, দীর্ঘ দন্তযুক্ত ॥ শেই দাত্‌নি মেয়েটি যেন্ আর্ এদিকে না আহে। [দাঁত+নি প্র.]।

দাতম্যান্‌কা=[পা]—বিণ. কাজের গুরুত্ব না দিয়া যে দাঁত বাহির করিয়া হাসে ॥ [<দাঁত+মানিক+ইয়া]।

দাত্‌নে মাস্=[য, খু]—বি. সাদা লম্বা মাছ বিশেষ ॥

দাত্‌রা=[সি]—বিণ. বুদ্ধিমান্ ॥ ব্যাডা বর দাত্‌রা ঐসে। [<দাঁত+রা প্র.]।

দাত্‌রা গিরি=[সি]—বি. খারাপ কাজ ॥ [দেখ দাত্‌রা+গীরী گیری ফা.]।

দাত্‌রি=[সি]—বিণ. চালাক ॥ [<দাঁত+রি প্র.]।

দাত্‌লা=[সি]—বিণ. দেঁতো, দাঁতাল ॥ [দেখ দাঁতল্]।

দাথানি=[নো]—বি. অভিমত ॥ তোয়ার্ দাথানি খুলি কও। [<দাঁত+আনি প্র.; অর্থ প্র.]।

দাদরচি' করা=[সি]—ক্রি. অত্যাচার বা জ্বালাতন করা ॥ মেয়েটারে বর দাদরচি' করে। [<দাদ داد ফা. رسی রসী ফা.+করা; অর্থ বিকৃতি]।

দাদানি=[সি]—বি. বারংবার তিরস্কার ॥ আমারে আর দাদানি দিও না বা। [<ধাতানি]।

দাদাবি=[ব, নো]—বি. দাদী ॥ দাদাবি আঁরে এ্যাক্ বাড়ি হানি দ্যাও। [<দাদা+বি (<বীবী হিং)।]

দাদির মস্‌লা=[সি]—বি. পূর্ব পুরুষের প্রথা ॥ এ্যাই যুগে দাদির্ মস্‌লা অচ'ল্। [<দাদি+র (সম্বন্ধে)+মস্অলঃ مسئله আং]।

দাদুরা নাগা=[ম]—ক্রি. চামড়া কুঞ্চিত হওয়া ॥ যারে তার্ গালের্ চ'াম্‌রা দাদুরা নাগ্‌সে।

দাদ্‌ড়্যা খাদ্‌ড্যা=[পা]—বিণ. অসমান, উঁচুনীচু ॥ [অনু.]।

দাদ্‌দরা=[রা]—বিণ. সর্বনাশা. রাক্ষুসে ॥

দাদ্‌ফর্‌য়াদ্ না থাকা=[পা]—ক্রি. অভিযোগ না থাকা, প্রতিবাদ না করা ॥ [<দাদ داد ফা.+ফরয়াদ فریاد ফা.+না থাকা]।

দাদ্‌নি=[ম]—বি. প্রতিশোধ ॥ এর্ দাদ্‌নি আমি লৈয়াম্। [<দাদ داد ফা.+নি প্র.]।

দাদ্‌রা মাদ্‌রা=[পা]—বিণ. উঁচুনীচু, অসমান ॥ যাগাটা বড় দাদ্‌রা মাদ্‌রা। [অনু.]।

দাদ্‌রো খাদ্‌রো=[চা]—বিণ. অসমান ॥ যমিন্‌ডা বরৈ দাদ্‌রো খাদ্‌রো। [অনু.]।

দানক্=[কুম]—বি. <দানব ॥ লোক্‌টা দানকের্ মতন্ খায়্।

দানব্=[পা]—বি. পেটুক (ব্যাঙ্গার্থে)। দানবের্ মতন্ খাশ্ ক্যা? [অর্থ প্র.]।

দানা=[ব, চট্ট, সি]—বিণ. শিক্ষিত, বুদ্ধিমান, বিচারক্ষম ॥ বেদানা দোস্‌তুন্ দানা দোশ্‌পন্ বালা। [<দানা دانا ফা.]।

দানাই=[চা]—বি. পুরুষত্ব, মমতা ॥ তোমার্ মৈদ্দে দানাই নাই। [দেখ দানা+ই প্র.]।

২=[ ]—বি. বিবেচনা, জ্ঞান, বদান্যতা, আক্কেল পছন্দ ॥ [অর্থ প্র.]।

দানা চাচা=[রা]—বি. পাখি বিশেষ ॥

দানাদার্=[বা]—বিণ. জ্ঞানী ॥ তাঁর্ মতো দানাদার্ কয়্‌যন্ আসে। [<দানা+দার دار ফা.]।

দানাফানি=[চা]—বি. অন্নজল ॥ দানা ফানি ফুরাইলে দাওয়াই খাওয়াইয়া লাব্ নাই। [<দানহ্ دانه ফা.+পানি]।

দানাবিনা=[সি]—বি. মুরুব্বী ॥ লোক্‌টা বড় দানাবিনা। [দেখ দানা+বীনা بینا ফা. =দর্শক]।

দানা মুরব্‌বি=[সি]—বি. সম্মানিত ব্যক্তি, গুরুজন ॥ [দেখ দানা+মুরব্বী مربی আং]।

দানি=[কুম]—বি. <ধানি রং, এক প্রকার রং ॥

দানি উডা=[কুম]—ক্রি. ধান কাটা শেষ হওয়া ॥ আংগো দানি উড্‌সে। [দেখ দানা ফানি, দানা+উঠা]।

দানিকানি করা=[রা]—ক্রি. পক্ষপাতিত্ব করা ॥ শালিশ্ বিচারে দানি কানি কর্‌লে কি বিচার্ হয়্? [অনু.]।

দানিস্‌তা=[সি]—বিণ. মুরব্বী ॥ দানিস্‌তা মানুশ্। [<দানেস্‌তহ্ دانسته ফা.]।

দানিশ্=[সি]—বিণ. মন্দ ॥

দানুরি=[পা]—বি. হাতুড়ে কবিরাজ ॥ এই ব্যারামে দানুরি দরকার্। [দেখ দানা+রি প্র.]।

দানেরি=[ম]—বি. ওঝা, যাহারা ঝাড়-ফুঁক করে।। মাইয়াডারে বুতে দৈর্সে দানেরি ডাইক্কা আন্। [দেখ দানুরি]।

দান্=[কুম]—বিণ. সুযোগ।। এক্-দানে শে লাখি। [অর্থ প্র.]।

দান্চ'লা=[কুম]—বি. মাচা।। লাউ গাসের্ দান্চ'লা দ্যাও।

দান্চে'টি=[পা]—বি. চিঁড়া।। আমি দান্চে'টি খাম্। [<ধান+চেপটি (<চিপিটক সং)]।

দান্ডারা=[ম]—বি. ঢেঁড়া।। বাবারে ওয়াযের্ দান্ডারা দিসে। [<ঢণ্ডুরা হিং]।

দান্তাবিয=[পা]—বি. গালার অলঙ্কার বিশেষ।। [<ধান+তা'বীয تعويذ আং]।

দান্দরপ্=[নো]—বি. অধিকার, সম্মান, মান।। হেই কালে আর্ দাদার্ কত দান্দরপ্ আসিল্। [দান+দর্প সং]।

দান্দা=[ঢা,কুম]—বি. বিস্ময়, ধাঁধা।। তর্ কতা হুইন্যা আমার্ দান্দা লাগে। [<ধন্দা (<দ্বন্দ্ব সং)]।

২=[ফ]—বি. ঝামেলা।। এত দান্দা শবয্ত অয় না। [অর্থ প্র.]।

৩=[ফ]—ক্রি. বিণ. সামান্য বা অস্পষ্ট।। তুমি দান্দা দেখ্স। [অর্থ প্র.]।

দান্দা কান্দা=[সি]—বি. শঠতা, প্রবঞ্চনা।। বয়শ্ ঐসে দান্দা কান্দা আর্ কৈর না। [দেখ দান্দা+কানদা (<ক্রন্দন); সহশব্দ]।

দান্দা কুর্=[সি]—বিণ. ঠগ, শঠ।। এ্যামন্ দান্দাকুর্ কম্ আসে। [দেখ দান্দা+খোর خور ফা.]।

দান্দাখোর্=[সি]—বিণ. রোজগারের জন্য যে ফন্দি ফিকির করিয়া বেড়ায়।। মানুশ্টি বর দান্দাখোর্। [দেখ দান্দাকুর্]।

দান্দাবাযি=[ঢা]—ক্রি. বিণ. কোন কিছু পাইবার জন্য প্রবল চেষ্টা।। এ্যাত দান্দাবাযি কৈর্লে কি যান্ থাহে? [দেখ দান্দা+বাযী بازی ফা.]।

দান্দা মান্দা=[সি]—বি. ঠগাঠগি, ফাঁকিঝুঁকি।। লোক্ঠার্ ব্যাব্শাই দান্দামান্দা করা। [দেখ দান্দা+মানদা (অনু.)]।

দান্দারি=[বা]—বি. স্বার্থহীন ভাবে পরের কাজ করা।। [দেখ দানাদার্+ই প্র.]।

দান্দার্=[য]—বি. বুদ্ধিমান লোক।। [দেখ দানাদার্]।

দান্দাল্=[ঢা, কুম]—বি. প্রবঞ্চক, ধূর্ত।। তোর্ মতন্ দান্দাল্ দেহি নাই। [দেখ দান্দা+ল; অর্থ প্র.]।

২=[ফ]—বিণ. পেটুক, ডানপিটে।। দান্দাল্ পোলা। [অর্থ প্র.]।

দান্দি কান্দি=[ম]—বি. ফাঁকি-ঝুঁকি।। দান্দি কান্দি বেদুম্ খারাপ্। [দেখ দান্দা কান্দা]।

দান্দিয়ান্=[সি]-বি. দান খয়রাত।। [<দান+ধ্যান]।

দান্দোল্=[খু]—বি. বদমায়েশ।। এ কোথাকার্ দান্দোল্। [দেখ দানদাল্]।

দান্ বাপ্ দেওয়া=[ঢা]—ক্রি. ধান সিদ্ধ করা।। এক্ মোন্ দান্ বাপ্ দিতে হারা বিয়ান্ লাগ্চে'? [<ধান+ভাপ (<বাষ্প)+দেওয়া]।

দান্বাই=[ম, ফ]—বি. বড় ভগ্নী-পতি।। [<দামান (<দামাদ داماد ফা.)+ভাই]।

দান্ মিয়্যা=[ম]—বি. দুলা মিয়া।। [দেখ দান্বাই; দামাদ+মিয়াঁ میاں ফা.]।

দাপা=[পা, সি]—বি. গরম।। বাদর্ মাশেও দাপা পরে। [দেখ দাপ্$_{৩}$+আ প্র.]।

দাপাইড়্যা=[ফ]—বিণ. একগুঁয়ে।। সেরাডা বড়ৈ দাপাইড়্যা। [দেখ দাপ্$_{৪}$; দাপট+ইয়া প্র.]।

দাপাখাপা=[খু]—বিণ. কর্মঠ।। লোক্টা খুব্ দাপাখাপা।। [দেখ দাপা+খেপা]।

দাপা দেওয়া=[পা]—ক্রি. বি. আবরণ দ্বারা উষ্ণ করা।। আম্গুলি দাপা দিয়া রাখ। [দেখ দাপা+দেওয়া]।

দাপানো=[ঢা]—ক্রি. লাফান।। স্যারাডা যবর্ দাপায়্। [<দাপ (দর্প সং)+আনো প্র.]।

দাপুর্ দুপুর্=[নো]—অব্য. বিকট আওয়াজ।। দাপুর্ দুপুর্ করিস্ না। [ধ্বন্যা.]।

দাপেট্যা হালান্=[ঢা]—ক্রি. পদদলিত করা।। গরুয়ে হারাডা খ্যাত্ দাপেট্যা হালাইসে। [দেখ দাপাইড়্যা+ফেলানো]।

দাপ্=[স]—বি. দুইহাত দুইদিকে প্রসারিত করা পরিমাণ স্থান।। [দেখ দাপ্না$_{১}$]।

২=[ম]—বি. পদক্ষেপ।। এ্যাক্ দাপে তিন্ আত্ যায়্। [<ধাপ]।

৩=[ম]—বি. তাপ।। আইয্কা রৈদের্ বর দাপ্। [দেখ দাপ্$_{৪}$]।

৪=[সি]—বি. প্রভাব।। মানুশ্ডার্ বর দাপ্। [<দাপ(<দর্প সং)]।

দাপ্কি=[ফ,ঢা]—ক্রি. ভীতি প্রদর্শন।। দাপ্কি দিয়া ট্যাকা নিয়া গেল্ (ফ)। [দেখ দাপ্$_{২}$+কি প্র.]।

দাপ্ দরা=[সি]—ক্রি. অহঙ্কার করা, অভিমান করা। [দেখ দাপ্$_{২}$+ধরা]।

দাপ্না=[খু]—বি. উরু।। দাপ্নায় ফোড়া হয়েসে।

২=[সি]—বি. বাহু এবং কাঁধের জোড়।। তোমার্ দাপ্না বাইংগা ফালামু।

৩=[কুম]—বি কবি।।

দাপ্পুর্ দুপ্পুর্=[কুম]—অব্য. থরথর, ছটফট।। হিতে দাপ্পুর্ দুপ্পুর্ কৈর্তাসে। [অনু.]।

দাপ্পোঠ=[পা]—বি. পেছনের ছোট বারান্দা।। দাপ্পোঠে বয়্যা বাত্ খাও। [<দার্বট সং]।

দাপ্রফ্=[নো]—বি. অধিকার, প্রধান্য।। হ্যাতার্ দাপ্রফ্ কমি গ্যাসে। [দেখ দাপ্$_{৪}$+রফ (অনু.)]।

দাপরেশ=[নো]—বি. অধিকার ॥ বুড়া ঐলেও মামুর্ বাড়ির্ কি আর্ দপ্রশ্ যায়্নি ? [দেখ দাপ্রফ্]।

দাপরা=[পা]—বি. কুলা ॥

২=[য]—বিণ. বড়, বৃহৎ ॥

৩=[ফ, পা]—বি. চাপাটি, পিঠা বিশেষ ॥

দাফা=[চা]—বি. সূঁচের ছিদ্র ॥ শুইড্যার্ দাফা বাংগা। [<দফা(<দফ্'আ دفع আং)]।

দাফাদাফি=[চা, কুম]—ক্রি. বিণ. ছুটফটানি, লাফালাফি ॥ খোয়ারের্ বিতুরে মোরগ্ দাফাদাফি কৈর্তাসে। [<দাপাদাপি]।

দাফি=[কুম]—বি. ঝাঁক ॥ এক্ দাফি কেডি আইসে।

দাফকরি=[সি]—ক্রি. বিণ. হঠাৎ ॥ তাইন্ দাফ্করি বৈ গেলাইন্। [<দপ (ধ্বন্যা.)+করিয়া]।

দাফনা=[ব, বা, কুম]—বি. পাঁজর পেছনের পদদ্বয়ের উপরাংশ ॥ [দেখ দাপ্না]।

দাফনা বেরা=[চা]—বি. বাড়ীর পর্দার বেড়া ॥ দাফ্না বেরাটা নশ্ট ঐসে। [দেখ দাপ্না, +বেড়া]।

দাফরানো=[কুম]—ক্রি. ধড়ফড় করা, হাত পা ছোড়া, ছটফট করা ॥ ফাশ্ লাইগ্গা গরুডা দাফ্রাইতাসে। [<দাপরানো ; তুং দাপানো]।

দাবড়=[ব]—বি. তাড়া ॥ বিড়াল্টাকে দাবড়্ দাও। [<দাবাড়<দাবড়ান]।

দাবর=[চা, য]—বি. তাড়া, ধমক, বাধা ॥ তুমি এক্টা দাবর্ দিলেইত অবা হোনে। [দেখ দাবড়্]।

দাবা=কু]—বিণ. নীচু ॥ গাড়ি খুব দাবা হৈসে। [অর্থ প্র.]।

২=[কুম]—বি. হুক্কা ॥ দাবা যালাও। [ডাবা]।

৩=[সি]—বি. বকুনি ॥ বেতমিযুরে দাবা দেও। [দেখ দাবড়্]।

দাবাই=[চট]—বি. ঔষধ ॥ [দেখ [দাঐ]।

২=[চট]—ক্রি. বিণ. ধীরে ধীরে ॥ পাঅ দুখ্ পাঅনে দাবাই হাঁটের্। [< দাবাইয়া<দাবানো]।

দাবাইল্যা=[চট]—বি. দাবালিয়া, বিদেশগত এক শ্রেণীর চট্টগ্রাম বাসী ॥ [<দেউলিয়া (<দেবকুলিকা) ; অর্থ প্র.]।

দাবাড়=[খু]—বি. ধমক (সশব্দে) ॥ মানুশিরে এরম্ দাবাড়্ দিতনি ? [দেখ দাবড়্]।

দাবানো=[সি]—ক্রি. ধমকানো ॥ [দেখ দাবড়্+অনো প্র.]।

২=[পা, কু]—ক্রি. পুঁতিয়া ফেলা ॥ [<দাবা+আনো (নামধাতু)]।

৩=[কুম]—ক্রি. পাশ কাটানো ॥

৪=[চট]—ক্রি. <দাগানো ॥ মোশা মাইত্তে কামান্ দাবাও ক্যা।

দাবির=[পা]—বি. দীর্ঘদিন ব্যাপী ঝড়, ক্রমাগত বাতাস ॥ বর্শাকালে দাবার্ হয়ে থাকে। [দেখ দাবড়্]।

২=[সি]—বি. খড়ের বা খড়ির বেড়া ॥ দান্ খ্যাতুটার্ দাবার্ যেমন্ সিরা গেসেগা।

৩=[ম]—বি. দৌড় ॥ [দেখ দাবড়্]।

৪=[ম]—বি. পালা ॥ শ্যাশ্ দাবারে ঠেলাডা বুইয। [দেখ দাবড়্]।

দাবাল=[চা]—বি. অতিলোভী ॥ [দেখ দাবাল্, ; অর্থ প্র.]।

২=[নো]—বি. দেউলিয়া ॥ এত দাবাল্ ক্যাম্নে চৈ'ল্বো। [<দেউ-লিয়া (<দেবকুলিকা সং]।

দাবি=[সি]—বি. বকুনি ॥ দাবি মারো। [<দাবড়ি; দেখ দাবড়্]।

দাবিষ=[য]—বি. মজবুত, পুরু ॥ ই বাশন্গুলি দাবিষ্ আসে। [দেখ দবিষ্]।

দাবিদদেওয়া=[চা]—ক্রি. বাধা দেওয়া ॥ আমারে দাবিদ্দিয়া কিসু কৈর্তে পার্বে না। [দেখ দাবির্+দেওয়া]।

দাবির=[চা]—বি. বাধা, তাড়া ॥ পোলাপান্গুলি শয়্তানি করে, এক্টু দাবির্ দ্যাও। [দেখ দাবড়্]।

দাবোন=[কু]—বি. গরু জুড়িবার জন্য ব্যবহৃত মোটা দড়ি ॥ [দাম (দামন্ সং) +ন প্র.]।

দাব=[সি]—বি. হাঁক, ধমক, শাসন ॥ ই কাযত্ পুয়াইন্ দাব্ মানে না। [দেখ দাপ্,]।

দাবকি=[কুম]—বি. ধমক ॥ এত বর দাব্কি দিস্ না। [দেখ দাপ্কি]।

দাবগানি=[ম]—বি. ধমক ॥ বাবু খুব্ দাব্গানি দিতাসে। [দেখ দাবড়্; দাব+ক+আনি প্র.]।

দাবগি=[চা]—বি. ধমকি, শাসানী ॥ [দেখ দাপ্কি]।

দাবড়াদাবড়ি=[রা, ফ]—ক্রি. বিণ. দৌড়াদৌড়ি, ছুটাছুটি ॥ এত দাব্ড়া-দাব্ড়ি কর কেন্ ? [দেখ দাবড়ানো]।

দাবড়ানো=[ব]—ক্রি. দৌড়ানো ॥ লোক্টা ঘোড়া দাব্ড়ায়। [অর্থ প্র.]।

২=[পা, রা, কু]—ক্রি. তাড়ানো ॥ বাস্থুরটা দাব্ড়ায়া নিয়া যা (পা)।

দাবড়ি=[নো]—বি. অহঙ্কার ॥ বেশি দাব্ড়ি ন করিশ্। [দেখ দাবড়্+ই প্র. ; অর্থপ্র.]।

দাবরান=[কুম]—ক্রি. নাড়া দেওয়া ॥ পানি এত দাবরাইলে মাস্ দরন্ যাইত ন। [দেখ দাব্ড়ানো]।

দাবরি=[ব, রা, চা]—বি. ধমক ॥ তোমার্ দাব্রিতে বয়্ করে কে (চা) ? [দেখ দাব্ড়ি]।

দাবলা=[চা]—বিণ. পুরু, বেশী চওড়া ॥ তক্তাডা এক্কেলে দাব্লা দেহা যায়্।

দামর গর,=[বা]—বি. বক্না গরু ॥

দামা=[সি, ম]—বি. বলদ, ষাঁড়, দামড়া গরু ॥ দামায়্ ডাকে (ম)। [<দম্য সং]।

২=[নো]—বি. একপ্রকার ঘাস ॥

৩=[নো]—বি. বড় দা ॥ দামা দি বড় মাস্ কাডে।

৪=[পা]—বি. সুযোগ ॥ মিলিটারি উঠি গেল্, চো'রেরাও দামা পাইল্।

দামাইঠ্যা=[রা]—বিণ. শক্ত, সমর্থ, নির্ভীক, কষ্টসহিষ্ণু ॥ কুকুর্ বিড়াল্ দামাইঠ্যা জিব্। দেখ দাপাইড়্যা]।

দামাইল্=[ঢা]—বি. দেশীয় ফকিরদের মেলা ॥ ল যাই দামাইল্ দেখ্তে। [<ধামালী]।

২=[সি]—বি. কীর্তন, গণ্ডগোল ॥ কি ধামাইল্ লাগ্সে। [অর্থ প্র.]।

৩=[ফ]—বি. নৌকার মধ্যে তক্তাদ্বারা তৈরী খোপ ॥

দামা করা=[সি]—ক্রি. নাকে কানে ছিদ্র করা ॥ কান্ দামা না কৈর্লে দুল্ পিন্‌ব কৈ?

দামাটে=[পা, কু]—বি. অশিক্ষিত ক্ষমতাশালী ব্যক্তি ॥ [দেখ দামাইঠ্যা]।

দামাডুল্=[বা]—বি. ধ্বংসলীলা ॥ [<ডামাডোল]।

দামাদুমা=[নো]—বিণ. মোটাসোটা ॥ দামাদুমা মাইয়া খালি খাইতো যানে। [অনু.]।

দামানি পেটা=[পা]—ক্রি. কোন কিছুতে আঘাত করা, ঢেঁড়া পেটা ॥ সেলেটা চৌকির উপর্ পা দিয়ে দামানি পিট্‌সে। [<ধামালি+পেটা]।

দামানো=[ম, পা]—ক্রি. উৎকৃষ্ট হওয়া ॥ শার্ দেওয়ায় খ্যাত্ দামাই গ্যাসে (ম)। [<দাম (=মূল্য)+ আনো ; নামধাতু]।

দামান্=[ঢা]—বি. ননদের স্বামী ॥ [<দামাদ ১।৮।১ ফা.]।

দামন্দ্=[সি]—বি. মেয়ের জামাই ॥ আইয়ক দামন্দ আশার্ কথা। [দেখ দামান্]।

দামায়ে যাওয়া=[বা]—ক্রি. অতিরিক্ত গজানো বা বাড়িয়া যাওয়া ॥ [দেখ দামানো ; দামাইয়া যাওয়া]।

দামালি=[কুম]—ক্রি. বিণ. হুড়াহুড়ি ॥ [<ধামালী]।

দামালিয়া=[পা]—বি. নৌকার সরঞ্জাম বিশেষ ॥

দামাল্=[রং]—বি. বাঁশের তৈরী ছোট পুল ॥ দামাল্ ভাইংছে, হাঁটা বন্‌ধ।

দামিড়া=[রং]—বি. ঘরের দাওয়া ॥ দামিড়াত থাকেন্ বাহে। [দেখ দাপ্‌-পোঠ্]।

দামুয়া=[সি]—বিণ. বন্ধ্যা ॥ দামুয়া গাইয়ের্ গোস্ত মযা লাগে। [দেখ দামানো ; দাম+উয়া ; অর্থ প্র.]।

দামুর্=[রং]—ক্রি. বিণ. সোজা ॥ ধর্লে দামুর্ কর্যা দিম্। [<দামড়া]।

দামুশ্=[রা]—বি. জলা জায়গা বা বিল এলাকা ॥

দামো=[খু]—বিণ. বন্ধ্যা ॥ তার্ বৌ দামো। [দেখ দামুয়া]।

দাম্=[রং]—বিণ. দল, পাল ॥ এক্‌-দাম্ গরু।

দাম্কি=[ম, পা, ফ,]—বি. হুমকি, ধমক ॥ পোলাপানেরে দাম্‌কি দিলে ডরায় (ম)। [<ধমকি]।

দাম্ড়া=[খু]—বিণ. অতি মূর্খ ॥ তুমি এক্‌টা দাম্ড়া। [অর্থ প্র.]।

দাম্ড়া ডিঁয়া=[নো]—বি. এঁড়ে বাছুর। [<দামড়া+ডেকা]।

দাম্ড়ি=[ব]—বি. পোয়া পয়সা ॥ [<দমড়ী হিং]।

দাম্ড়ি ডিঁয়া=[নো]—বি. বকনা বাছুর ॥ আংগো গাই দাম্ড়ি ডিঁয়া বিয়াইসে। [দেখ দাম্ড়া ডিঁয়া]।

দাম্না=[কুম]—বি. বিষাক্ত সর্প বিশেষ ॥ দাম্না গরুর্ দুদ্ খায় ।

দাম্বা=[নো]—বি. ষাঁড় ॥ তঁর দাম্বা কয় টিঁয়া? [<দম্য সং ; সাধু দামড়া]।

দাম্বি=[নো]--বি. গাভী ॥ তঁর দাম্বি কয় টিঁয়া? [দেখ দাম্বা+ই স্ত্রী প্র.]।

দাম্বোল্ করা=[পা]—ক্রি. লাফা-লাফি করা ॥ পোলাপানে পানির্ মদ্দে দাম্বোল্ করে। [তুং ডামাডোল]।

দাম্মুর্ দুম্মুর্=[ফ]—অব্য. মারপিটের শব্দ ॥ স্যাম্রারে এম্বালে দাম্মুর্ দুম্মুর্ কিলাইতে আসোত্ ক্যা? [ধ্বন্যা.]।

দাম্রা দাম্রি=[পা]—বি. দুষ্টামি ॥ [অনু. ; তুং দাবড়া দাবড়ি]।

দাম্রাল্=[পা]—বি গালি বিশেষ ॥ ও ব্যাডা এক্‌টা দাম্রাল্। [দেখ দামড়া+ল]।

দাম্রি=[ঢা]—বি. বকনা বাছুর ॥ দাম্রিটা মোটা কত? [<দামড়া+ ই প্র.]।

দাম্লা=[ঢা]—বি. সাপ বিশেষ, যে সাপে দুধ খায় ॥ দাম্লায় আমাগ গাইয়ের্ দুদ্ খায়।

দাম্লানি=[সি]—ক্রি. পানিতে বড় মাছের লফালাফি ॥ [দেখ দামালি ; দামাল+আনি প্র.]।

দায়া=[কুম]—বি. মেরুদণ্ড ॥ তার্ দায়া ব্যাকা ঐ গেসে। [<দাঁড়া (< দণ্ড সং)]।

দায়াদি=[পা]—বি. আত্মীয় স্বজন ॥ [<দায়াদ+ই প্র.]।

দায়োদি=[খু]—বি. জ্ঞাতি ॥ [দেখ দায়োদি]।

দায়েন্=[কুম]—বি. ধান মাড়ানোর জন্য গরু জুড়িবার দড়ি ॥

দায়্=[ম]—অব্য. জন্য ॥ এইডা কিয়ের্ দায়্? [অর্থ প্র.]।

২=[রা]—বি. ঋণ ॥ 'দায়্ বড় না বেদাদ্ বড়' (প্রবাদ)। [<দায় সং]।

দায়্যায়্=[বা, ফ]—বি. অভাব অভিযোগ ॥ শবারৈ দায়্যায়্ আসে। [<দায়+যায় অনুঃ]।

দায়্ পায়্ পরা=[ঢা]—ক্রি. ঠেকিয়া যাওয়া, অভাবে পড়া ॥ দায়্পায়্ পৈরা তোমার্ কাসে আইসি। [<দায় +পায় (অনুঃ)+পড়া]।

দারা=[ফ]—বি. নৌকার দুই তক্তার মধ্যস্থান ॥ [<দাঁড়া (দণ্ড সং)]।

২=[কু]—বি. রীতি ॥ তোমার্ এই দারা আমার্ বালা লাগে না। [< ধারা]।

৩=[ঢা]—বি. মেরুদণ্ড ॥ কিল্ দিয়া পিডের্ দারা বাইংগা ফালামু। [দেখ দারা]।

৪=[পা]—বি. কুটা, বাঁশের ছোট টুকরা। [দেখ দারা]।

২= সি]—বি. জ্বালানী কাষ্ঠ ।। [অর্থ প্র.] ।

দার$_4$গা=[চট্ট]—বি. নারিকেল সুপারি প্রভৃতি শাখা প্রশাখাহীন গাছে উঠিবার জন্য দড়ি দিয়া তৈরী পায়ের বেড়ী বিশেষ ।। [<দেখ দাড়ুকা] ।

২=[চট্ট]—বি. শুকনা লাকড়ি ।। [দেখ দারু$_3$+গা] ।

দার$_4$ন্=[কুম]—বিণ. ভাল ।। তোমাট্টা থাইক্কা আমাট্টা দারুন্ । [অর্থ প্র.] ।

দার$_4$ম্ দ$_4$র$_4$ম্=[সি]—ক্রি. বিণ. তাড়াহুড়া ।। দারুম্দুরুম্ করয়া কাম্ বালা নায় । [অনু.] ।

দারে=[কুম, চা]—ক্রি. বিণ. নিকটে ।। আমার্ দারে আহ । [<ধারে + এ (বিভক্তি)] ।

দারে পারে=[চা]—ক্রি. বিণ. নিকটে, আশে পাশে ।। এই ম্যাগ্ড়া দারেঁ পারে না অনেক্ দুরে ঐতাসে । [দেখ ধারে+পার+এ (বিভক্তি)] ।

দারেগ্গিরি=[চা]—বি. অতিরিক্ত জোর দেখান ।। দারোগাগিরি করিস্ না । [<দারোগহ্ داروغه ফা. <তু. +গারীگری ফা.] ।

দার্=[ফ, খু]—বি. জ্বালানী কাষ্ঠ বা খড় কুটা ।। দার্ সাড়া কি রান্না যায় ? [দেখ দারু$_2$] ।

২=[রা]—বি. চিরুণীর কাঁটা ।। [<দাঁড় (<দণ্ড সং)] ।

৩ =[পা]—বি. রাগ ।। মাইয়ার্ দার্ দেইখ্যা বাচিঁ না । [<ধার] ।

৪=[চা, পা]—বি. বেগ, তীক্ষ্মতা, প্রবলতা, প্রখরতা ।। এই গাঙের্ পানির্ দার্ বেশি । [দেখ দার্$_3$] ।

৫=[বা]—বি. পর্দার জন্য বাড়ীর সম্মুখের বেড়া ।। তোমাদের্ দারে যাও । [<দীৱার دیوار ফা.] ।

দার্ অওয়া=[চা]—ক্রি. সারিয়া যাওয়া, ভাল হওয়া, দূর হওয়া ।। বিশ্ দারুনের্ পাতায় বিশ ব্যাতা দার্ অয় । [<ধার+হওয়া] ।

দার্কা দার্কা=[চা]—বি. ফুলা ফুলা এবং শক্ত শক্ত ।। পাওড়া ফুইলা দার্কা দার্কা হৈসে । [<দারুকা প্রাং বাং ; আতিশয্যে শব্দদ্বিত্ব] ।

দার্কি=[পা]—বি. মাছ ধরিবার হাতিয়ার বা ফাঁদ ।।

দার্কিনা মাস্=[পা]—বি. চেলা মাছ, একজাতীর মাছ ।। [<দারকিনা +মাছ] ।

দার্কুটো=[য]—বি. জ্বালানি কাষ্ঠ ।। রাঁধ্বো কি দিয়ে, দার্কুটো নেই যে । [<দারু+কটু+ওপ্র.] ।

দার্কোচ'া=[খু, য]—বি. একপ্রকার বৃক্ষ ।। দারকোচ'ার্ পাতা গায়ে লাগ্লে চু'ল্কায় ।

দার্খিলা=[চা, কুম]—একপ্রকার মাছ, তুচ্ছ লোক (ব্যঙ্গার্থে) ।।

২=[কুম,বা]-বি. ছেলেদের ডাংগুটি খেলায় ব্যবহৃত বাঁশের বা কাঠের দণ্ড, লাঠি ।। [দেখ দারা] ।

৩=[সি]—বি. ডাঁটা ।। দার্ দিয়া কিতা রান্তা । [দেখ দারা] ।

৪=[চা, সি]—বি. জলে ভরা ধান ক্ষেতের মধ্যে নৌকার রাস্তা, এক জমি হইতে অন্য জমিতে যাওয়ার রাস্তা ।। [দেখ দারা$_2$] ।

দারাই=[পা, ম]—বি. নলের তৈরী মাদুর ।। দারা বিসা (ম) ।

দারাইংগা=[নো]—বিণ. লম্বা ।। [< দীর্ঘ] ।

দারাইচ'া=[পা]--বিণ. যাহা বাড়ে না ।।

দারাইল্লা=[ফ]—বি. তিন জনে দাঁড়াইয়া তেরী লাইন ।।

দারাইশ্=[কুম, চা]—বি. বিষাক্ত সাপ বিশেষ ।। সাধু দাঁড়াশ ।

দারাক্=[পা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি।। দারাক্ কৈরা কাম্ডা শাইরা আয় ।

২=[ম]—বি. হিজল জাতীয় এক প্রকার জলীয় বৃক্ষ ।।

দারাখাড়া=[পা]—বি. ব্যবহার ।। তোর দারাখাড়া বড় শুবিদার্ নয় । [দেখ দারা$_2$ +খাড়া (অনুঃ)] ।

দারায্ মানা=[চা]—ক্রি দমন করা, বাধা মানা ।। অনেক্ কৈয়া দারায্ মান্সিন্ ।

দারাদিশা=[সি]—বি. পথ নির্দেশ ।। কাম্ডার্ দারাদিশার্ দর্কার । [দেখ দারা+দিশা] ।

দারি=[ম,পা,কুম]--বি. খলপা, দরমা, চাটাই ।।

২=[ম, পা, সি]—বি. বারান্দা ।। দারিত্ বৈলাম্ । [<ধার+ই প্র.] ।

৩=[ফ]—বি. পাল্লায় ব্যবহৃত কাঠ ।। পাললার্ দারি বাইংগা গ্যাসে । [< দাড়ি] ।

৪=[নো]—বি. মোরগের মাথার নীচের ঝুঁটা ।। [<দাড়ি] ।

দারিয়া=[কুম]—বি. জ্বালানী কাষ্ঠ ।। [<দারু+আ. প্র.] ।

দারিয়া হাইসালি=[কুম]—বি. বাজে কাজে মানোনিবেশ ।। [দেড় (দ্ব্যর্ধ সং) +ইয়া প্র. +কাউসালি (<কু+ প্যাচাল+ই)] ।

দার$_4$=[সি]—বি. ঔষধ ।। রোগির্ দারু কোহানে ? [অর্থ প্র.] ।

দার্গা=[কুম, নো]—বি. খড়ি, কাঠ ।। দার্গা দিয়া রান্দে । [দেখ দারুগা$_1$] ।

২=[চা]—বি. দারোগা ।। দার্গাটারে গুশ্ দিলে বাঁচ'া যাব । [দেখ দারোগ্গিরি] ।

দার্চ'ার্=[নো]—বি. পরিস্থিতি ।। হ্যাতে দার্চ'ার্ কিস্সু বোঝে না । [<ধার+চাড়(<চেষ্টা সং)] ।

দার্চি'ল$_4$=[কুম]—বি.<দারুচিনি ।। দার্চি'লুরে গরম্ মশল্লা কয় ।

২ =[কুম, নো]—বি. দায়ের বাঁট ।। দার্চি'লু বাংগি গেসে । [দা(<দাত্র সং)+র(সম্বন্ধে)+শিরা সং+উ] ।

দার্তালের্ মাস্=[নো]—বিণ. সম্পূর্ণরূপে অন্যের অধীন ।। আই কি তোর্ দার্তালের্ মাস্নি যে তোর্ কতা মত কাম্ করিয়ম্ । [<দার তলের মাছ] ।

দার.দের.=[ম]—বি., বিণ. হাভাতে॥ লোক্টা দার্দেরের্ মতন খায়্। [<দরিদ্র]।

দার.ফানো=[ম]—ক্রি. ছটফট করা॥ যবাই করা মুর্গিডা খুব্ দার্ফাইতাসে। [<ধড়ফড় (অনু.)+আনো প্র.]।

দার.বা=[নো]—বি. লাকড়ি॥ দার্বার্ টান্ হড়সে। [<দার্(<দারু)+উয়া প্র.]।

দার.বানো=[ম]—ক্রি. বি. দৌড়ানো॥ তারে দার্বানো ঠিক্ না। [দেখ দাব্ড়ানো]।

দার.বান.=[চা]—বি. ওলান ও বাট॥ দার্বান্ দেইখ্যা গাই পসন্দ কৈর। [<ধার+বান্দ(<বাঁধ)]।

দার. লওয়া=[চা]—ক্রি. সরাইয়া রাখা, নিজের গণ্ডির মধ্যে থাকা, স্থানান্তরিত করা॥ কড়াগুলি দার্ লওয়াইয়া রাক্। [<ধার+ লওয়া]।

দার.শি করা=[সি, কুম]—ক্রি. অত্যধিক পরিশ্রম করা॥ দার্শি কৈরা আমার্ যিবন্টা গেল্। [দেখ দাদরচি'করা]।

দালো=[ফ]—বিণ. দুষ্ট, শয়তান, অধার্মিক॥ বেডায় দালোর্ মত রাইত্ দুহরের্ কালে কৈতোন্ আইসে। [<দানো<দানব(<দনু সং+অ)]।

দাল.লো=[খু]—বি. দাখিলা পত্র॥ খায়্নার্ দাল্লো দ্যাও। [<দাখিল داخل আং+ও প্র.]।

দাল.লোগা=[রা]—বি. হাড়হাভাতে॥ দাল্লোগার্ মতন্ খাচ্ছ ক্যা?

দাশর.=[রং]—বি. কাপড়ের অঁাচল॥ শাড়ির দাশরত্ ধরি টানে কায়্?

দাশা=[সি]—বি. ছাতার শিক॥ সাতির্ দাশা দিয়া কুচ্' বানাইয়া মাস্ মার্তাম্। [ডাশা(<চাঁচ হিং+আ)]।

২=[খু]—বি. ঘরের খিল॥ শক্ত করে দাশা দিও।

৩=[চা]—বি. নৌকার এক প্রকার কাঠ॥ দাশা মাইরা ঠিক্ কর।

দাশ.=[ফ, চা]—বি. মাছি জাতীয় পোকা বিশেষ (যাঁহা গরুর গায়ের রক্ত চোষে)॥ [<ডাঁশ(<দংশ সং)]।

দাসা=[সি]—বি. পাগড়ী॥ মাতায় দাসা পরিস্ কিল্যা?

দাস. করা=[চা]—ক্রি. কোন কিছুর ছিদ্র পরিস্কার করা॥ ওক্কার্ হুলাক্ডা দাস্ করন্ লাগ্ব।

২=[চা]—ক্রি. ক্ষতি করা, বিনাশ করা (ব্যঙ্গার্থে)॥ মাইরা দাস্ করুম্। [<ধাস(<ধ্বংস)+করা]।

দাস.তি=[খু, চা,]—বিণ. অত্যধিক॥ [<দাস্তি (<যিয়াদতী زيادتى আং)]।

২=[ম]—ক্রি. বিণ. মজবুত॥ গরু দুইডা দাস্তি করি বান্দ। [অর্থ প্র.]।

দাস.তিমত=[ম]—ক্রি.বিণ. রীতিমত॥ হে দাস্তিমত এক্টা গর্ দিসে। [দাস্তি<দুরুস্তি درستى ফা. +মত]।

দাহা=[পা]—বি. দাগ, অংশ, ধাপ॥ তোমার্ ঐ বোরোদানের্ বেসনের্ দাহাই বেশ্ হৈসে।

দাহানি=[কুম]—বিণ. সাহসী॥ পোলাডা বর দাহানি। [দেখ দাহান্২]।

২=[কুম]—বি. কঠিন পরিশ্রম॥ এত দাহানি কৈর্লে মৈর্বা। [দেখ দাহাবাযি]।

দাহানো=[পা]—ক্রি. দগ্ধীভূত হওয়া॥ পুতের্ শুকে তার্ কৈল্যাডা দাহাইত্যাসে। [<দাহ (নামধাতু)+আনো প্র.]।

দাহান.=[বা]—বি. দা, কাটারী॥ দাহান্ দিয়া মাস্ কুডে। [<দা (<দাত্র সং)+খান]।

২=[চা]—বি. সাহস॥ তার্ কি দাহান্। [<জান جان ফা.]।

দাহা পারা=[পা]—ক্রি. ক্লান্তিতে মুহ্যমান হওয়া॥ গরু দুইড্যা রৈদের্ মৈদ্দে গুইর্যা দাহা পার্সে। [<ধোঁক+পারা]।

দাহাবাযি=[চা]—বি. কঠোর পরিশ্রম॥ দাহাবাযি কৈরা বাইচ'্যা আসি। [<জাঁবাযী جانبازى ফা.]।

দাহার.=[কুম]—বি. ঔষধের প্রভাব॥ [<যহর زهر ফা.=বিষ]।

দাহা হওয়া=[ফ]—ক্রি. জ্বলিয়া যাওয়া॥ [<দাহ+হওয়া]।

দাহিল.=[ম]—অব্য. যেন, মত॥

দাহিল দেওয়া=[য়]—ক্রি. রুজু করা॥ দলিল্ দাহিল দ্যাও। [<দাখিল داخل আং+দেওয়া]।

দাহু=[ম]—বি. দক্ষতা, কর্মকৌশল॥ তোর্ দাহু দেখ্সি।

দি

দি=[চট্ট]—অস. ক্রি. <দিয়া॥ টেয়াঁগুইন্ দি দ্যা।

দিউনি=[খু]—বি. পরিবেশনকারী॥ [<দেওয়া+নি প্র]।

দিওড়.=[রা]—বি. জলাভূমি বা নিম্নভূমি॥

দিওয়ার.=[সি]—বি. দেওয়াল॥ [<দীবার ديوار ফা.]।

দিংগিল্লা=[প]—বিণ. দীর্ঘ॥ [দেখ দিগাইল্লা]।

দিংড়েন.=[খু]—ক্রি. স্থানান্তর করিয়া বাঁধা॥ গরুডা দিংড়েয়া বাঁদ্। [<দিগ্+নাড়ান]।

দিকাল.=[সি]—বি. দৈর্ঘ॥ যমির্ দিকালে চ'াশ্ দ্যাও।

দিকির. নিকির.=[সি]—ক্রি. বিণ. এদিক সেদিক॥ কতা যানি দিকির্ নিকির্ না অয়্। [অনু.]।

দিকে ফারে=[সি]—ক্রি. বিণ. দৈর্ঘে প্রস্থে।। [দেখ দিকাল্; দিক+এ (বিভক্তি); ফার (প্রস্থ)+এ]।

দিক্‌কত্=[কুম]—বি. দোষত্রুটি।। তোর্ কামে দিক্‌কত্ নাই। [< দিক্কত دقت আং]।

দিক্‌দারি=[ম]—ক্রি.বি. আনন্দ করা।। [<দিক্‌ক دق আং+দার دار ফা. +ই]।

দিগর্=[চা]—অব্য. প্রভৃতি।। আম্ যাম্ দিগর আর্ কি আসে। [< দীগর دیگر ফা.]।

দিগলিয়া=[সি]—বিণ. লম্বালম্বি।। [দেখ দিকাল্+ইয়া প্র.]।

দিগল্=[চা,কুম,বা,ফ]—বিণ. লম্বা, সোজা।। দিগল্ লোক্। [দেখ দিকাল্]।

দিগাইল্লা=[কুম,নো]—ক্রি.বিণ. লম্বা লম্বি।। খ্যাতুটায় এক্‌টা দিগাইল্লা আচ্‌'রা দে। [দেখ দিগলিয়া]।

দিগালি=[নো]—ক্রি. বিণ. দৈর্ঘ্যে, লম্বায়।। চ'াইডা দিগালি কৈর‍্যা পাতৃ। [দেখ দিকাল্+ই প্র.]।

দিগালে=[চা]—বি. দৈর্ঘ্যে।। গরুডা দিগালে কয় আত্? [দেখ দিকাল্+এ প্র.]।

দিগাল্=[ম]—বি. দৈর্ঘ্য।। দিগালের্ মাফ্। [দেখ দিকাল্]।

দিগে=[পা, ফ]—বি. ধানের নাম।।

দিগোড়্=[য]—বি. মাঠে গরু বাঁধিবার লম্বা দড়ি।। [দেখ দিগ্‌দারা+ই]।

দিগেড়্=[খু, য]—ক্রি. বিণ. খুঁটি সরাইয়া গরু বাঁধা।। গরু দিগেড়্ দাও। [দেখ দিংড়েন্]।

দিগ্যান্=[সি]—বিণ. দীর্ঘ।। দিগ্যান্ নিশি পয়ায় না। [দেখ দিগাল্]।

দিগ্=[খু]—বি. <দীঘি, দীর্ঘিকা।। কুল্‌শার্ দিগ্‌ডা খুব্ বড়।

দিগ্‌দবারি=[চা]—বি. গোলমাল।। [দেখ দিক্‌দারি]।

দিগ্‌দারা=[সি]-ক্রি.বি. লম্বা দড়ি দিয়া বাঁধা।। গাইটা দিগ্‌দারা দিয়া দ্যাও। [<দিগ্ (<দীর্ঘ)+দড়া]।

দিগ্‌দিগি=[চা]—বি. মুমূর্ষু অবস্থা, কাতর অবস্থা।। মাইরের্ চে'াডে দিগ্‌দিগি স্থইট্টা গ্যাসে (চা)। [< দিগ্‌দিগ্ (অনু.)+ই প্র.]।

দিগ্‌রা=[সি,কুম]—বি. যে রশিতে গরু বাঁধিয়া ঘাস খইবার জন্য চরিতে দেওয়া হয়।। [দেখ দিগ্‌দারা]।

দিগ্‌লা=[কুম, ম]—বিণ. লম্বা।। দিগ্‌লা দোর্ দ্যাও। [<দিন্ (<দীর্ঘ) +লা প্র.]।

দিগ্ লাগা=[খু]—ক্রি. পথ ভুলিয়া যাওয়া।। [<দিগ্ (<দিক)+লাগা]।

দিগ্‌লি=[রা]—বি. 'গাদল' খেলায় দীর্ঘ পথের রক্ষী।।

দিঘা=[রা]--বি. এক শ্রেণীর ধান।।

দিডানো=[চট্ট]—ক্রি. পাঠাইয়া দেওয়া, ফেরৎ দেওয়া।। [<দিয়া পাঠানো]।

দিতার্‌লে=[চা]—অস. ক্রি. দিতে পারিলে।। এই কাম্‌ডা কৈরা দিতার্‌লে তরে পাচ্‌' ট্যাহা দিমু। [<দিতে পারিলে]।

দিতেই=[পা]—বিণ. বিকট।। তুমার্ এমুন্ দিতেই চ'্যাহারা ক্যান্? [< দৈত্য+ই]।

দিত্যা বিয়া=[বা]—বি. বিয়ের পর প্রথম ঋতুবতী হইলে তদুপলক্ষে অনুষ্ঠিত উৎসব।। দিত্যা বিয়ার্ বাদ্দ বাযে। [<দ্বিতীয়+বিবাহ]।

দিত্‌লে=[কু]—বিণ. লম্বা।। মেয়েটার্ বিয়ে হল না ওর্ দিত্‌লে শরিল্‌টার্ যন্‌ন। [দেখ দিগ্‌লা]।

দিদানো=[সি]—ক্রি. লেলানো।। চু'রের্ পাসে কুত্তা দিদাই দ্যাও। [<

দিদার্=[রা]—ক্রি বিণ. নিশ্চিন্তে।। তুমি দেখি দিদার্ বশে আছ? [< দীদার دیدار ফা.; অর্থ প্র.]।

২=[চা]--বিণ. প্রচুর।। আয়কাইল্ দিদার্ চি'নি পাওয়া যায়্। [অর্থ প্র.]।

দিদ্‌দারি=[চট্ট]—বি. বিরক্ত।। এত গাইন্ দিদ্দারি করি লাব্ কি? [দেখ দিক্‌দারি]।

দিনি=[রা]—অব্য. দেখি তো।। যা দিনি এখন্। [<দেখি+নি]।

দিনিমানে=[খ]—ক্রি. বিণ. দিনের বেলায়।। দিনিমানে চু'রি করিশ্? [<দিনমান+এ বিভক্তি]।

দিন্ আন্‌মানে=[চা]—ক্রি. বিণ. দিবাভাগে, দিনের মধ্যে।। আমারে দিন্ আন্‌মানে ফির‍্যা আইতে ঐব। [দেখ দিনিমানে]।

দিন্ আমলে=[চা]—ক্রি. বিণ. কালের পরিবর্তনে।। দিন্ আমলে বাপের্ হোমকে পোলায় তামোক্ খাইব। [<দিন+'আমল عمل আং+ এ বিভক্তি]।

দিন্ উঠা=[সি]—ক্রি. বৃষ্টির পর রৌদ্র উঠা।। আইয্ দিন্ উঠ্‌বো। [অর্থ প্র.]।

দিন্ করা=[সি]—ক্রি. গাভীর যৌন উত্তেজনা হওয়া।। গাইয়ে দিন্ কৈর্‌সে। [অর্থ প্র.]।

দিন্‌খুন্‌ন্যা=[ম]—বিণ. পূর্ণ।। গাইডা দিন্‌খুন্‌ন্যা গাবিন্। [<দিন +ক্ষণ+ইয়া প্র.]।

দিন্ গুদাস্‌তে=[কুম]—ক্রি. বিণ দিনের শেষে,সন্ধ্যায়।। আমি দিন্ গুদাস্‌তে বাইতে যামু। [<দিন+ গুযশ্‌ত گذشت ফা.+এ]।

দিন্ তোলা=[সি]—ক্রি. বৃষ্টির পর রোদ উঠা। আর্ চি'নতা নাই দিন্ তুলি গ্যাসে। [অর্থ প্র.]।

দিন্ পত্‌তি=[ম]—ক্রি. বিণ. প্রতিদিন।। আমি দিন্ পত্‌তি তারে পরাই। [<দিন প্রতি]।

দিন্ পর্‌তি=[পা]—ক্রি. বিণ. প্রতিদিন।। দিন্‌পর্‌তি শেখানে যাওয়ার্ কাম্ কি? [দেখ দিন্ পত্‌তি]।

দিন্‌পাওয়া=[বা]—ক্রি. মারা যাওয়া। করিম্ শায়েব্ দিন্ পাইসেন্। [অর্থ প্র.]।

দিন্ ভাও=[রা]—ক্রি. বিণ. দিন হিসাবে।। [<দিন+ভাউ হিং]।

দিন্‌মনি=[সি]—ক্রি. বিণ. সমস্ত দিনের পর ॥ অয়্ দিন্‌মনি আইসে। [দেখ দিনিমানে]।

দিবাল্‌লাই=[চট্ট]—অব্য. দিবার জন্য ॥ এই কাম্‌নান্ করি দিবাল্‌লাই তোঁয়ারে ডাক্‌কি। [<দিবার+লাগি]।

দিব্‌ব্‌$_4$=[ঢা]—বি. <দ্রব্য ॥ কি এক্‌টা আদেহিলা দিব্‌বু লৈয়া আইস ?

দিয়বতি=[খু]—বি. শবেবরাতের চাঁদ ॥

দিয়া=[য]—বি. বৃষ্টি ॥ [<দেয়া <দেবতা সং]।

দিয়াইর্‌=[রং]—বি. প্রদীপ ॥ কুমারেরা দিয়াইর্ তৈয়ার্ করে। [< দীপাধার কিংবা <দীপ + আইর স্বার্থে]।

২=[ম, বা]—বি. বাঁশের তৈরী মাছ ধরিবার ফাঁদ ॥

দিয়া ডাকা=[য]—ক্রি. মেঘের গর্জন করা ॥ দিয়া ডাকে। [দেখ দিয়া +ডাকা]।

দিয়াডানো=[কুম]—ক্রি. পাঠানো ॥ হেতারে আডে দিয়াডাইসি। [<দিয়া পাঠানো]।

দিয়াড়া=[চট্ট]—বি. পিলুসুজ ॥ দিয়াড়াত্ কুপ্‌পি রাখে। [দেখ দিয়াইর্]।

দিয়াড়্‌=[রা]—বি. নদীর কূল ॥ [দেখ দিওড়্]।

দিয়াদান্‌=[পা]—বি. আমন ধান বিশেষ ॥

দিয়ানত্‌=[সি]—বি. মনোভাব ॥ কারো উপ্‌রে দিয়ানত্ খারাপ্ রাখা উচি'ত্ না। [<দিয়ানত دیانت আং= ধার্মিকতা]।

দিয়ান্‌=[পা]—বি. স্বভাব, চরিত্র ॥ লোক্‌টার্ দিয়ান্ বালো। [< ধ্যান]।

দিয়াভুল্‌=[চট্ট]—বি. পথভ্রান্তি ॥ রাইতে হিতে দিয়াভুলত্ পড়ি গেল্ গৈ। [<দিশা (<দিশ সং)+ভুল]।

দিয়ারাই=[চট্ট]—বি. পথভ্রান্তি ॥ [<দিশা<হারান]।

দিয়ারো=[সি]—বি. এলাকা ॥ তার্ মত দুশ্‌ট এ দিয়ারোতে নাই। [দিয়ার دیار আং]।

দিয়ার্‌=[ব, রা]—বি. মাটির প্রদীপ বিশেষ ॥ [দেখ দিয়াইর্]।

২=[কু, পা, খু]—বি. উচ্চ স্থান, ডাঙ্গা, যে স্থান বর্ষায় ডুবে না ॥ [দেখ দিওড়্]।

৩=[ম]—বি. দরজা ॥ গরের্ দিয়ার্। [<দ্বার]।

দিয়ার্‌ পাওয়া=[পা]—ক্রি. অন্যের উপকারের কথা ভুলিয়া যাওয়া ॥

দিয়াল্‌=[য]—বি. দেওয়াল ॥ [< দীবার্ دیوار ফা.]।

২=[পা]—বি. বাঁশের তৈরী মাছ ধরিবার ফাঁদ বিশেষ ॥

দিয়েড়্‌=[য]—বি. জলচর পক্ষী বিশেষ ॥

দিয়েন্‌=[কু]—বি. মাছ ধরার ফাঁদ ॥

দিয়্যার‍্যা=[সি]—বি. গ্রামাঞ্চলের অধিবাসী ॥ [দেখ দিয়ার্$_2$+ইয়া প্র.]।

দিরং=[ম, সি]—বি. বিলম্ব ॥ আমার্ দিরং নাই। [দরংগ্ درنگ ফা.]।

দিরয্‌=[রা]—বি. দেরী ॥ বেশি দিরয্ করো না। [দেখ দিরং]।

দিরা=[কুম]—বিণ. বন্ধ্যা ॥ দিরা মাইয়া লোক্‌টার্ আক্‌লাক্ নাই।

দিরাক্‌=[য]—বি. বৃক্ষ ॥ [<দরখ্‌ত درخت ফা.]।

দিরি=[ম]—ক্রি. বিণ. দিকে ॥ কোন্ দিরি যাইবা ? [<ধার+ই অধিকরণ]।

দিরেহস্‌তে=[পা]—ক্রি. বিণ. <ধীরে সুস্থে, আস্তে ॥ দিরে হস্‌তে কাম্ কর্।

দির্‌কা=[কুম]—বি. দড়ি ॥ দির্‌কা দিয়া হেরে বানদ্। [দেখ দিগ্‌দারা]।

দির্‌গা=[সি, কুম]—বি. দড়ি ॥ দিরগা দিয়া গাইডা বানদ্। [দেখ দির্‌কা]।

দির্‌পিন্‌=[পা]—বি. <দূরবীক্ষণ যন্ত্র ॥ দির্‌পিন্ দিয়া যাহায়্‌টা দেখা যায়্। [<দূরবীন دوربین ফা.]।

দিল্‌ উঠা=[ঢা, সি]—ক্রি. বি. মায়া মমতা হারাইয়া ফেলা ॥ চ'লাচ'ল্‌তি দেখ্যা তর্ উপ্‌রেতন্ আমার্ দিল্ উঠ্যা গ্যাসে (ঢা)। [<দিল دل ফা. =হৃদয়+উঠা]।

দিল্‌কো=[খু]—বি. কাষ্ঠ নির্মিত প্রদীপাধার ॥ [<দীপরক্ষ]।

দিল্‌গির্‌=[সি]—বিণ. মুহ্যমান ॥ শে শোগে দিল্‌গির্ হৈসে। [<দিলগীর دلگیر ফা.]।

দিল্‌ ফিতার্‌ কথা=[কুম]—বি. নিজের মন গড়া কথা ॥ না যাইন্যা না হুইন্যা দিল্‌ফিতার্ কতা কৈও না। [<দিল্‌ফরেব دلفریب ফা.; অর্থ প্র.]।

দিল্‌ হাইয্‌যা=[নো]—বিণ. আন্তরিক ॥ এত দিল্‌হাইয্‌যা ঐলে দোআন্‌দারি করা যাইত না। [< দিল্ আবেয دلآویز ফা. ; অর্থ প্র.]।

দিশা=[ম]—বি. সমবেত কণ্ঠে গান ॥ [<দিশ্ সং+আ প্র.]।

২=[রা]—বি. অভ্যাস ॥ এটা তার্ অনেক্ দিনের্ দিশা। [অর্থ প্র.]।

৩=[বা]—বি. ঠিক ঠিকানা ॥ তোমার্ কতার্ দিশা নাই। [অর্থ প্র.]।

দিশা দুয়র্‌=[রং]—বি. ভবিষ্যতের সংস্থান ॥ আইজ্ হৈতে দিশা দুয়র্ তুমি দ্যাখ। [দেখ দিশা$_3$+দূর]।

দিশাদুশা=[পা]—বি. জ্ঞান ॥ তোর্ দিশা দুশা কোনু দিন্ হবে না ? [দেখ দিশা$_3$+দুশা (অনুঃ)]।

দিশা পৈঠা=[রা]—বি. উপায় ॥ চোর্‌টা দিশা পৈঠা না পাইয়ে পাঁচিলেই টপ্‌কে গেল্। [দেখ দিশা$_3$+পৈথা <পথ+ইয়া প্র.]।

দিশা মত=[ন]—বিণ. আচ্ছামত ॥ চো'র্‌ডারে দিশামত মাইর্ দিসে। [দেখ দিশা$_3$+মত]।

দিশ্‌=[সি]—বি. সুবিধা, অবসর ॥ এক্‌টু দিশ্ দ্যাও না ক্যানে ? [সং; অর্থ প্র.]।

দিশ্‌টান্‌=[কুম]—বি. উদাহরণ॥ এত দিশ্‌টান্ দিয়া কতা কস্ ক্যারে? দৃষ্টান্ত সং]।

দিশ্‌টি অওয়া বা পড়া=[নো, চট্ট]—ক্রি. নজর লাগা॥ তোর্ উর্‌পে বুতের্ দিশ্‌টি ঐসে (নো)। [<দৃষ্টি হওয়া বা পড়া]।

দিশ্‌টির্‌ মরা=[ঢা]—বিণ. কলেরায় মরা॥ সেরাডা দিশ্‌টির্ মরা। [< দৃষ্টির মরা; সুভাষণে]।

দিশ্‌টে=[কুম, বা]—ক্রি. বিণ. নির্দিষ্ট পথে সোজাসুজি, ॥ এই দিশ্‌টে গেলে বাযার্ পাইবি॥ [<দৃষ্টে< দৃষ্ট+এ]।

২=[কুম]—ক্রি. বিণ. মত॥ অব্‌শর্ দিশ্‌টে আইও। [অর্থ প্র.]।

৩=[বা]—ক্রি. বিণ. তুলনায়॥ তার্ দিশ্‌টে তুই অনেক্ ভাল। [অর্থ প্র.]।

দিশ্‌তা=[ম, ফ, বা, খু]—বি. লাঙ্গলের খিল বিশেষ॥ [<দস্‌তহ্ دستہ ফা.]।

দিশ্‌তানো=[ফ]—ক্রি. মেঘের গর্জন করা॥

দিশ্‌তান্‌=[চট্ট]—বি. উপমা॥ লোক্‌টা কতায় কতায় দিশ্‌তান্ দ্যায়। [দেখ দিশ্‌টান্]।

দিশ্‌না=[ঢা]—বি. হুঁশ, খেয়াল॥ আগে অর্ দিশ্‌না আসিল্ না। [< দিশ্ সং+না]।

দু

দু=[কুম]—অব্য. ত, যে॥ আইসত্ দু রে?

দুআল্‌=[ম]—বি. দুইটি আলের মধ্যস্থিত নীচু স্থান বা পথ॥ [< দুই+আলি]।

দুইআন্‌=[চট্ট]—বিণ. দুইখানা॥ দুইআন্ টিঁয়া দ্যাও। [<দুইখান]।

দুই আল্‌ডা=[ঢা]—বি. ধানের খোসা ছাড়ানোর অবস্থা॥ ধান্‌গুলি দুই আল্‌ডা কর্ কাল্ কারাইমু। [< দুই+<ফাল প্রাঃ বাং ফড়ি, ফাড়া+ টা]।

দুইকাল্‌=[ঢা]—বি. অসময়॥ [<দুঃ+কাল]।

দুইক্যা=[পা]—বিণ. হয়রান॥ [ধুঁকিয়া]।

দুইক্‌কা=[বা]—বিণ. হতভাগা॥ আমার্ মতন্ দুইক্‌কা আর্ নাই। [< দুঃখিয়া <দুঃখ+ইয়া প্র.]।

দুইচ'ত্‌=[ষ]—বি. ভীতি॥ যানর্ দুইচ'তে কবুল্ করি লিসি। [< দহশত دهشت ফা.]।

দুইচ'্যা=[কুম]—ক্রি. বিণ. তাড়াতাড়ি॥ দুইচ'্যা পর্। [<ধুচিয়া <ধোচা=আচড়ানো; তুঃ ধুচান]।

দুইযাইট্‌=[ঢা]—ক্রি. বিণ. দুই পশলা, দুইবার॥ দুইযাইট্ দান্ বুনাইসি।

দুইর্‌যা=[বা]—বি. সাগর, নদী, দরিয়া॥ [<দর্‌য়া دریا ফা.]।

দুইতে=[ঢা]—অস. ক্রি. ধৌত করিতে॥ পা দুইতে যাগা। [< ধুইতে]।

দুইত্‌তা=[কুম]—বিণ. দোজবর॥ দুইত্‌তা যামাইর্ কাসে বিয়া দিও না। [<দ্বিতীয়+আ প্র.]।

২=[কুম]—বি. <দ্বিতীয়া॥

দুইদা=[ম]—বিণ. দুইজন॥ দুইদা পোলা (ছেলে)। [<দুইডা<দুইটা]।

দুইনা ক্যালা=[চট্ট]—বি. কাচকলা॥ দুইনা ক্যালা দি তর্‌কারি অয়্।

দুইন্যা=[ঢা]—বি. পানি সেঁচার টিন বা বাঁশের আধার॥ কয়্‌ডা দুইন্যা চ'ল্‌সে কতযন্ লাগ্‌বো পানি দিতে?

দুইন্‌চ'া=[ঢা]—বি. পাট জাতীয় গাছ॥ আরাহলের্ টাইর্ দারে দুইন্'চা বুইন্‌ন। [<ধনিচা]।

দুইন্‌যা=[নো]—বিণ. সর্ব দোষে দোষী, যে এক জায়গার কথা অন্য জায়গায় বলে॥ দুইন্‌যা ব্যাডার্ বাযে কতা ন কন্ বালা। [<দোলাগা]।

দুইন্‌দা=[ম]—বি. বাটপার॥ দুইন্‌দার্ পাল্লায় পৈরা শব্ আরাইসি। [<দুঁদিয়া]।

দুইন্‌নদশা=[ঢা]—বি. খারাপ অবস্থা॥ আইয কাল্ আমার্ বর দুইন্‌নদশা। [<দৈন্য দশা]।

দুইন্‌নাই=[ঢা, কুম, বা, ফ]—বি. পৃথিবী॥ [<দুন্‌য়া دنیا আং+ই]।

দুইপারিবেলা=[সি]—ক্রি. বিণ. দুপুর বেলা॥ দুইপরিবেলা কৈ যাও? [<দুপুর (<দ্বিপ্রহর)+ই+বেলা]।

দুইপর, দুইফর্‌=[সি, ঢা]—দ্বিপ্রহর॥

দুইফ্‌লের্‌লতা=[ঢা]—বি. এক প্রকার লতা॥ পুলাপানের্ পেডের্ অশুক্ ঐলে দুই ফোলের্ লতা বাইন্‌দা দিলে শারে।

দুইমন্যা=[কুম]—বি. দুইজনে এক যোগে পানি সেচার উপকরণ বিশেষ॥ এক্‌টা দুইমন্যা আন্। [<দুই+মান্ (<মানুষ)+ইয়া প্র.]।

দুইয়া=[কুম]—বি. খেলার মার বা চাল বিশেষ॥ দুইয়া মার্‌তে শহ্।

দুইরা=[কুম]—বি. ছোট চিংড়ি॥ দুইরা দিয়া সালন্ রান্‌দ।

দুইরান্‌তর্‌=[ম]—ক্রি. বিণ. দূর॥ আমি অনেক্ দুইরান্‌তর্ গেসিলাম্। [<দূরান্তর]।

দুইর্‌যা=[চট্ট]—বি. নদী॥ [দেখ দুইর্‌যা]।

২=[চট্ট]—বি. জেলেদের মাছ রাখিবার জন্য বাঁশের তৈরী লম্বা পাত্র বিশেষ॥

দুইলা=[সি]—বিণ. দুইজন ।। দুইলা বেটা।। [<দুই+লা; একলার সাদৃশ্যে]।
২=[ম]—বি. অন্ন ।। দুইলা বাত্ খাইসি । [অর্থ প্র.]।

দুইলেচ'া=[ঢা]—বি. অর্ধশুষ্ক অবস্থা ।। দান্ দুইলেচ'া দিয়া আয়্‌থোও । [<দুই+লাছা প্রা. বাং (< লাস্য সং)] ।

দুইল্‌লা=[নো]—বিণ. পানির অভাবে শুষ্ক ।। [ধূলি+আ প্র.] ।

দুইস্‌সত্‌=[চট্ট]—বি. ভয় ।। আন্‌দারে কালা কুত্তাডা দেইখ্যা দুইস্‌সত্ খাইসি । [দেখ দুইচ'ত্] ।

দুইহিচ'াযমি=[সি]—বি. যে জমিতে অন্য এক জমি হইতে পানি সোঁচিয়া পুনরায় তাহা হইতে অন্য জমিতে সেঁচিয়া দেওয়া হয় ।। [<দুই+সেঁচা +জমি] ।

দুউরা=[চট্ট]—বি. প্রদীপের তাক ।। দুউরাত্ বাতি দ্যাও ।। [*দীউ রাখা <দীপরক্ষ সং; সাধু দের্‌কো, দেল্‌কো] ।

দুইস্‌সা=[ঢা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ।। এ্যাখন্ থে দুইস্‌সা পর্ । [দেখ দুইচ'্যা] ।

দুওর্‌=[খু]—বি. মাছ ধরিবার জাল বিশেষ ।।
২=[খু]—বি. দরজা ।। [<দুয়ার (<দ্বার সং)] ।
৩=[পা]—অব্য. ধেৎ, দূর ।।
৪=[খু]—বি. দ্বিপ্রহর।। দুওর্ বেলা কনে যাস্‌সিশ্ ? [<দুপর < দ্বিপ্রহর] ।

দুওলো=[খু]—বি. দুর্বাঘাস ।। মাটে খুব দুওলো ঘাশ্ হয়েসে । [<দুব্‌লা <দুব্‌রা (< দুর্বা সং)] ।

দুঁই=[নো]—বি. একপ্রকার পিঠা ।। দুঁই হিডা আম্‌রা খাই না ।

দুঁউইর্‌গ্যা=[চট্ট]—বিণ. দুপুর বেলার ।। দুঁউইর্‌গ্যা রৈদ্‌দি অাঁডা ন যাইবো । [<দুপর+গা] ।

দুঁউরান্‌=[চট্ট]—ক্রি. তাড়ানো, বিতাড়িত করা ।। কুড়া দুঁউরাই দ্যা । [<দৌড়ান] ।

দুঁউলা=[চট্ট]—বি. দুর্বাঘাস ।। [দেখ দুওলো] ।

দুঁকান্‌=[রা]—বি. <দোকান ।। আমার্ দুকান্ আছে ।। [<দুকান্ دکان ফা. <দুক্কান دوکان আং] ।

দুঁদা=[চট্ট]—বি. হুকা ।।

দুঁরন্‌=[চট্ট]—ক্রি. <দৌড়ান ।।

দুঁসা দুঁসি=[চট্ট]—ক্রি. বিণ. খুব ব্যস্ততা ।। দুঁসাদুঁসি গরি কাম্‌মান্ কৈর্‌গে । [<ঢুসাঢুসি]

দুকন্‌=[কুম, চট্ট]—ক্রি. কুটা ।। কায়েত্ বাইত্ পর্‌শিরা চি'রা দুকে (কুম) ।

দুকর্‌=[সি]—বি. বাজে জিনিস ।। [<ধোকড়<ধোকড়া হিং] ।
২=[ম]—বি. লাঙ্গলের অংশ বিশেষ ।।

দুকর্‌ মাকর্‌=[সি]—বি. নিত্য ব্যবহার্য কম মূল্যের পাত্র ।। [দেখ দুকর্+মাকড়(<মর্কট সং) ; সহশব্দ] ।

দুক্‌=[রং]—বি. <দুঃখ ।। মনোত্ দুক্ পাঁও ।

দুক্‌কা=[ঢা]—বি. সন্দেহ ।। আমার্ দুক্‌কা লাগে । [দেখ দুক্‌কা$_2$] ।
২=[সি]—বি. <ধোঁকা, ভুঁয়া কাজ ।। দুক্‌কায় শরম্ পাইতায় ।
৩=[পা]—বিণ. এতটুকু, সামান্য ।। আমাকে দুক্‌কা পেনের্ কালি দাও । [<দু+গা] ।

দুক্‌কিনি=[ঢা]—বি. <দুঃখিনী ।। 'আইলানা আইলা নারে বন্‌দু দুক্‌কিনির্ শময় কালেরে ।

দুক্‌খ ভানা=[রা]—ক্রি. ধান ভানা ।। কি আর্ কর্‌ব, দুক্‌খ ভানায় যাচ্ছি । [<দুঃখ+ভানা(<√ভনজ সং)] ।

দুক্‌দুহির্‌=[কুম]—বি. গলার অলংকার ।। দুক্‌দুহিরের্ আয়্‌কাল্ আর্ রেওয়ায্ নাই । [<ধুক্‌ধুকি+র] ।

দুক্‌না=[রা]—বিণ. দুইটা ।। মোর্ দুক্‌না ছাওয়ালি আছে । [<দু+খানা] ।

দুক্‌রা=[সি]—বি. দুর্বাঘাস ।। [দেখ দুওলো] ।

দুখ্‌রা=[ঢা]—বি. দুঃখের কাহিনী । আমার্ দুখ্‌রা শুনিবার্ কেও নাই । [<দুঃখ+রা<রব] ।
২=[ম]—বিণ. পৃথগন্ন ।। হে দুখ্‌রা ঐয়া গ্যাসে গা । [<দু< +ক+রা প্র.] ।

দুখ্‌লা=[সি]—বি. দুইজন ।। দুখ্‌লার্ কাম্ এখ্‌লা কাম্‌নে কর্‌মু । [<দুই +ক+লা ; একলার সাদৃশ্যে] ।

দুগা=[চট্ট]—বি. ; বিণ. দুইটি ।। [<দুই+গা] ।
২=[নো]—বিণ. দ্বিগুণ ।। 'হনা কতা দুগা মিসা' (প্রবাদ) । [অর্থপ্র.] ।

দুগাসি=[ঢা]—বিণ. সামান্য কিছু ।। দুগাসি মাটি লাগ্‌বো । [<দুই+গাছ +ইপ্র.] ।

দুগুল্‌টি=[পা]—বি. নৌকার বাদাম, দুই অংশবিশিষ্ট পাল ।।

দুগ্যা=[ফ]—বিণ. অল্প, কম ।। দুগ্যা বাত্ দ্যাও । [<দুই+গা] ।

দুগৈর্‌=[খু]—বি. মাছ ধরিবার ফাঁদ ।।
২=[ঢা]—বি. ঘরের ঝাপ বা দরজা ।। দুগৈর্ খুইল্যা চো'র্ আইলো তেও বুয্‌লা না ? [< দুয়ার (দ্বার সং)] ।

দুগ্‌গা=[কুম]—বিণ. অল্প ।। আর্ দুগ্‌গা বাত্ দ্যাও । [<দুই+গা] ।

দোম্‌প=[রা]—বি. গায়ের জোর ॥ শব্ কাজে দোম্‌প করো না। [<দম্ভ]।

দোম্ পারা=[রং]—ক্রি. তোল পাড় করা ॥ তুই এক্‌জাই দোম্ পাইর্‌বার্ নাগ্‌চিশ্ ক্যানে? [<ধুম+পাড়া]।

দোম্‌বল্‌=[কুম]—বিণ. বোকা ॥ লোক্‌টা আশলে দোম্‌বল্‌। [<দুম্‌মল دمل আং=স্ফোটক ; অর্থ প্র.]।

দোম্‌বল্‌ দেওয়া=[খু]—ক্রি. সম্পূর্ণ গোলাকার হওয়া ॥ চ'ান্দের্‌ দোম্‌-বল্‌ দিসে। [দেখ দোম্‌বল্‌ + দেওয়া]।

দোম্‌বায্‌=[কুম, ম]—বিণ. ধূর্ত, শঠ, ফাঁকিবাজ ॥ লোক্‌টা বর দোম্‌বায্‌ (কুম)। [দেখ দোম্‌₂+বায باز ফা. প্র.]।

২=[কুম]—বিণ. চুপ করিয়া থাকে যে ॥ সেলেটা খুব্‌ দোম্‌বায্‌। [অর্থ প্র.]।

দোম্‌রা=[ফ]—বিণ. বড় ও মোটা ॥ কনাডা সোটু, পাওরাডা দোম্‌রা।

দোম্‌রায্‌=[বা]—বিণ. ধূর্ত ॥ তর্‌ মত দোম্‌রায্‌ কম্‌ আসে। [দেখ দোম্‌বায্‌]।

দোম্‌রানো=[কুম]—ক্রি. <দৌড়ান ॥ হেইতে দোম্‌রাইয়া আইতাচে'।

দোম্‌লো=[পা]—বিণ. উভয় সঙ্কট, দুই দিকের চিন্তা ॥ [<দো+মন +আ প্র.]।

দোয়র্‌=[রা]—বি. গায়ের চাদর ॥

দোয়া=[খু]—বি. নদীর মোহনা ॥ [<ডোবা]।

২=[ঢা]—বিণ. পরিষ্কার ॥ দোয়া কাপর্‌ পরা বালা। [<ধোয়া]।

৩=[কু]—বি. জলাভূমি ॥ [দেখ দোয়া]।

দোয়াই=[কুম]—বি. কসম, শপথ ॥ [<দোহাই]।

দোয়াইত্‌=[কুম]—বি. প্রদীপ ॥ বাতাশে দোয়াইত্‌ নিবাইয়া লাইসে। [<দেয়াবাতি<দীপবর্তিকা সং কিংবা দেখ দোয়াত্‌]।

দোয়াইত্‌ মারা=[য]—ক্রি. ঘরের দুই চালের মধ্যের অংশ পূরণ করা ॥ চ'াল্‌ত হয়ে গেল্‌ এবার্‌ দোয়াইত্‌ মারো। [<দো+পাইট+ই+মারা]।

দোয়াই খাওয়াই=[ঢা]—ক্রি. বিণ. রাগারাগি, ধমকাধমকি ॥ খামাখা এত দোয়াই খাওয়াই পারস্‌ ক্যান্‌? [দেখ দোয়াই+খাওয়াই (অনু.)]।

দোয়াই পারা=[ঢা]—ক্রি. ডাকা, চিৎকার করা, রাগারাগি করা ॥ খামাখা এত দোয়াই পারস্‌ ক্যান্‌? [দেখ দোয়াই+পাড়া]।

দোয়াইয়্যা=[ঢা]—অস. ক্রি. দোহন করিয়া ॥ গাই দোয়াইয্যা আইমু ॥ [<দোয়াইয়া]।

দোয়াইরে পৈর‍্যা শলা গনা=[ম]—ক্রি. অত্যন্ত চিন্তা করা ॥ আমি এই ব্যাপারে দোয়াইরে পৈর‍্যা শলা গুন্‌সি। [<দো+সারি+তে+পড়িয়া+শলাকা+গণা]।

দোয়াইর্‌=[ম,ফ,ঢা]—বি. মাছ ধরিবার বাঁশের তৈরী ফাঁদ ॥

দোয়াইল্‌=[ম]—বি. খড়মের ফিতা ॥ দোয়াইল্‌টা সির‍্যা গেসে। [<দুআল دوال ফা. ; অর্থ প্র.]।

২=[ফ]—বি. বাঁশের তৈরী মাছ ধরিবার উপকরণ বিশেষ ॥ আইয়্‌গো আর্‌ এক্‌ যাগায়্‌ দোয়াইল্‌ পাতুম্‌।

দোয়াই সারা=[ম]—ক্রি. দোহাই দেওয়া ॥ দোয়াই সাইর‍্যা কৈ আমার্‌ লগে বেশি মাইত্‌ত না। [দেখ দোয়াই +ছাড়া]।

দোয়াযি=[য]—বি. মাছ ধরিবার উপকরণ বিশেষ ॥ দোয়াযির্‌ মুখে পাড়্‌ নাই তা মাস্‌ হবে ক্যা।

দোয়ায্‌=[খু]—বিণ. দুইবার যে প্রসব করিয়াছে ॥ দোয়ায্‌ গাই। [<দো +জিয়াই]।

দোয়াটি=[রা]—বি. দরজা ॥ শদর্‌ দোয়াটি বন্দ কর। [<দুয়ার (<দ্বার সং)+টি]।

দোয়াডি=[চট,নো]—বি. শীতের সময় পরিধেয় মোটা সুতার চাদর ॥ [<দো +পাট্টা]।

২=[নো]—বি. এক প্রকার মাছ ধরিবার উপকরণ ॥

দোয়াড়ে=[কু]—ক্রি. বিণ. বারবার ॥

দোয়াড়্‌=[নো, য, খু]—বি.<দুই হাল, দুই চাষ ॥ যদি ইখান্‌ দোয়াড়্‌ ঐসে (নো)।

দোয়াতা=[ম]—বি. হাতে পাকানো নরম দড়ি ॥

দোয়াতি মোল্‌লা=[সি]—বি. ভূত তাড়াইবার মোল্লা ॥ [<দেও دیو ফা. ; তুং দেব সং+আতি প্র.+মুল্লা ملا আং]।

দোয়াত্‌=[কুম,পা]—বি. চেরাগ, কুপি ॥ দোয়াতে ত্যাল্‌ নাই (কুম)। [দেখ দৈত্‌ ; অর্থ প্র. ; কিংবা<দীপ পাত্র]।

দোয়াদশি=[চট]—বি. <দ্বাদশী ॥ আয়্‌গুয়া চ'ান্দর্‌ দোয়াদশি।

দোয়া দশ্‌গরি=[ঢা]—বি. বেশ কিছু সময়, প্রায় দুই ঘণ্টা ॥ তর্‌ গোসুল্‌ কৈর্‌তে কি দোয়াদশ্‌ গরি লাগ্‌বো? [<দ্বাদশ ঘড়ি]।

দোয়াদারা=[চট]—বিণ. দুই বেত বা সুতা এক সঙ্গে তুলিয়া বোনা (কাপড় বা বেড়া) ॥ দোয়াদারা বেড়া বেশি টিঁহে। [<দো+ধারা]।

দোয়ানি=[কুম,ঢা]—বি. দুধ দোহাই-বার পাত্র বিশেষ ॥ এক্‌ দোয়ানি দুদ্‌ ঐসে। [<দোহনী]।

২=[য]—বি. ছোট খাল ॥

৩=[য]—বি. পলিমাটি ॥ [<ধোয়া +নি প্র.]।

দোয়ান্যা=[চট, ম]—বি. দুই ঘরের মধ্যবর্তী ফাঁকা জায়গা ॥ [<দো+কানি (<কর্ণ সং)+ইয়া প্র.]।

২=[চট]—বি. মোটা সুতার তাঁতে বোনা পাঁচহাতী কাপড় ॥ দোয়ান্যা গায়ে দি কাম্‌ গর্‌।

দোয়ানো=[ম]—ক্রি. শরীরে হাত বুলানো ॥ শৈল্‌ডা দোয়াইয়া দ্যাও। [<দাবানো]।

২=[দি]—ক্রি. পদ দলিত করা ॥ ধান্‌ দোয়াইয় না। [অর্থ প্র.]।

৩=[ম]—ক্রি. মাছ মারিবার জন্য জলে নামিয়া জাল ছড়াইয়া আগাইয়া যাওয়া ॥ শে যালি দোয়াইতাসে।

৪=[ম,ফ]—ক্রি. তোষামোদ করা ॥ তোমারে আর্ কত দোয়ামু ? [দেখ ধোয়ানো ; অর্থ প্র.]।

৫=[চা]—ক্রি. গালাগালি করা ॥ তরে দোয়াইয়া শ্যাশ্ কর্‌ল। [<ধোয়া +নো প্র.]।

৬=[ম, চা]—বি. গাভী দোহন করিবার পাত্র ॥ [<দোহন]।

দোয়ান্=[নো]—বি. দোকান॥ [< দুকান دکان ফা.]।

দোয়ান্দা=[কুম]—বি. দুই ঘরের মধ্যের রাস্তা ॥ [দেখ দোয়ান্যা]।

দোয়ামোয়া=[পা]—ক্রি. বিণ. ইতস্তত: ॥ দোয়ামোয়া না কৈর্যা চ'ল্যা যাও। [অনু.]।

দোয়া পাক্‌লি=[চা]—বি. ধোয়ার কাজ॥ দোয়াপাক্‌লি হাইর্যা বাযারে যাও। [<ধোয়া+পাকাল(<প্রক্ষালন) +ই]।

দোয়াবায়্=[ফ]—ক্রি. বিণ. সাহায্যে, অছিলায়। [<দু'আ' دعا আ:+ ভাবে]।

দোয়ারা=[রা]—ক্রি. বিণ. দুইবার॥ এক্‌কাম্ দোয়ারা কর কেন্? [<দো +বার+আ প্র.]।

দোয়ারি=[রং]—বি. যাত্রাদলের জোকার, সং॥ দোয়ারি ভালা খেলা দেখাইছে। [<দোহার (<ধ্রু৹বকার সং)+ই প্র.]।

২=[চট্ট]—বিণ. কুমারী॥ দোয়ারি মাইয়া।

৩=[ফ]—বি. মাছ ধরিবার সরঞ্জাম বিশেষ॥ [<দুয়ার (<দ্বার সং)+ ই প্র.]।

দোয়ারিয়া=[ম]— বি. ঘুড়ি বিশেষ॥ [<দুয়ার (দ্বার সং)+ইয়া প্র.]।

২=[রং, ম]—বি. দোহার ধরে যে॥ গানের্ দলে দোয়ারিয়া থাকে। [দেখ দোয়ারি ; দোহার+ইয়া প্র.]।

দোয়ারে=[পা]—ক্রি. বিণ. অবিরত॥ দোয়ারে বিশ্‌টি পড়্‌সে। [<ধারা+ এ]।

দোয়ার্=[কুম]—বি. স্ত্রী যোনি॥ [< দুয়ার ; অর্থ প্র.]।

২=[কু]—ক্রি. বিণ. দুইবার, পুনরায়॥ [<দো+বার]।

৩=[রা]—বি. মাছ ধরার উপকরণ বিশেষ॥ দোয়ার্ দিয়ে ঐ মাছ ধরেছি ভাই। [দেখ দোয়ারি৩]।

৪=[ফ] —বি. এক পায়াবিশিষ্ট বাঁশের তৈরী ছোট খাঁচা॥

দোয়ালা=[খু]—বি. ফিতা॥ মেয়ের্ মাথায় দোয়ালা লাগে। [<দূআল دوال ফা. ; অর্থ প্র.]।

দোয়াল্=[ম]—বি. দুইবাড়ীর মধ্যস্থিত নিম্নভূমি॥ দোয়ালে বালা তামুক্ অয়্। [দেখ দোয়াল্৩]।

২=[ম]—বি. বিল, ডোবা॥ দোয়ালে খুব্ মাস্ আসে। [<ডোবা+ ল]।

৩=[পা]—বি. অস্থায়ী আবাস স্থল॥ [<দরর دور আ: ; অর্থ প্র.]।

৪=[কুম]—বি. কোমরবন্ধনী, বেল্ট॥ প্যান্ট পিন্‌তে দোয়াল্ লাগে। [দূআল دوال ফা.]।

৫=[ম,রা]—বি. গাভী দোহনকারী॥ [<দোহ(<দোহন)+আল প্র.]।

৬=[চা]—ক্রি. বিণ. অনুনয় বিনয়, হত্যা॥ গিয়া দোয়াল্ দিয়া পর্। [<দোহাই+ল প্র.]।

দোয়াল্‌দরি=[চা]—বি. মসজিদ মাদ্রাসা প্রভৃতির চাঁদা॥ দোয়াল্‌দরি মাশ্ এক্ আনা।

দোয়াল্‌লা=[কুম]—বিণ. দুইবার ভানা॥ দান্ দোয়াল্‌লা ঐসে।

দোয়াশ্=[চা]—ক্রি. বিণ. বাচচা দেওয়া বাদ॥ গাইডা দোয়াশ্ গেল্।

দোয়াসোয়া=[বা]—ক্রি.বিণ. পরিষ্কার। পাতিল্‌হান্ দোয়াসোয়া কর। [< ধোয়া+সোয়া (অনু:)]।

দোরত্=[ফ, ম]—ক্রি. বিণ. দুই ভাঁজ॥ দরিডা দোরত্ কৈরা আন্। [<দো+পরত]।

দোরলি=[নো]—বি. গালাগালি॥ তর্ দোরলি বালা লাগে না।

দোরশা=[চা]—বিণ. শক্তও নয় নরমও নয়॥ দোরশা কাটল্। [<দো +রস+আ প্র.]।

২=[কুম]—বিণ. অল্প পঁচা॥ তর্‌কারিটা দোরশা হৈ গেসে। [অর্থ প্র.]।

দোরা=[চা, ম]—বি. এক প্রকার বিষহীন সাপ॥ [<ঢোঁড়া (<ডুণ্ডুভ সং)]।

২=[ম, রা]—বি. চারি কোণবিশিষ্ট মাছ ধরিবার জাল॥ [<দড়া]।

দোরাকাইয়া=[চট্ট]—বি. দাঁড়কাক॥ দোরাকাইয়া আইসে। [<দাঁড় কাক (<দণ্ডকাক)]।

দোরা কাউয়া=[কুম, ম, চা]—বি. দাঁড়কাক॥ [দেখ দোরা কাইয়া]।

দোরাকিত্ পাড়া=[রা]—ক্রি. সামান্য দোষ অন্যের কাছে বাড়াইয়া বলা॥ মাইয়াটা বড় দোরাকিত্ পাড়ে।

দোরাগি ফটা=[রা]—ক্রি. গাছের কচি ডালে নূতন পাতা বাহির হওয়া॥

দোরান্=[রং, ব]—ক্রি. বি. দ্বিতীয়বার জমি চাষ করা॥ [দেখ দোওরানো ; অর্থ প্র.]।

২=[ফ]—ক্রি. বাব বার বলা, পাল্টান॥ এক্ কতা বারে বারে দোরাইস্ না। [দেখ দোওরানো]।

৩=[খু]—ক্রি. জোরে চিৎকার করিয়া কাঁদা॥ স্যালেগা দোরাচ্'সে। [< ডুকরানো]।

দোরা শাপের্ মতো=[ম]—বিণ. বাহিরে গম্ভীর মেজাজী কিন্তু অন্তরে ভাল এইরূপ॥ দরায় খা দোরা শাপের্ মতো। [দেখ দোরা৪+সাপের মত]।

দোরেরায্=[য]—বিণ. খুব বড়, প্রকাণ্ড॥ দোরে রায্ গাস্। [দেখ দোরা৩+রাজ]।

দোর্‌য্যা=[রা]—অস. ক্রি. দৌড়াইয়া॥ দোর্‌য্যা আশ্যা তাক ধর্‌লে।

দোর্=[কুম, চা]—বি. গলা॥ দোর্ দৈর্‌য্যা চিঁপ্ দিমু কৈলাম্। [<ধড়]।

২=[ফ]—বি. ঘরের চতুর্দিক ঘেরাও করা কাঠ ॥

৩=[দি]—বি. বাঁশ পুঁতিবার গর্ত ॥

দোর্কলশ্=[পা]—বি. এক প্রকারের আগাছা ॥ [<দল কলস]।

দোর্খা নাও—[চট্ট]—বি. এক প্রকার নৌকা ॥

দোর্তি=[বা]—বিণ. দুই ভাঁজ ॥ পেটের্ ব্যাতায় দোর্তি হয়া পর্সে। [দেখ দোরত্+ই]।

দোর্পাডি=[কুম]—বি. চাদর ॥ যার্ পর্সে দোর্পাডি পিন্দ। [দেখ দোপাট্টা]।

দোর্পারা=[বা]—ক্রি. দৌড় দেওয়া ॥ [<দৌড় পাড়া]।

দোর্ফে=[কুম]—ক্রি. বিণ. দুপুর বেলা ॥ দোর্ফে খামু ॥ [<দুপুর (<দ্বিপ্রহর সং)+এ (বিভক্তি)]।

দোর্বোশা=[রং]—বিণ. ভোঁতা মাথাবিশিষ্ট ॥ দোর্বোশা শুইটা দিয়া মুই কি কর্বু ?

দোর্মাইল্=[ঢা]—বি. টাকার থলি। দোর্মাইল্ বরা ট্যাহা। [<ডোর+মাল مال আং+ই]।

দোলং=[চট্ট]—বিণ. যাহার মুখে এক অন্তরে আর ॥ লোক্টা বর্ দোলং। [<দো+রং]।

২ =[কুম]—বি. দণ্ডকলস, আগাছা বিশেষ ॥ দোলং ফুলে মদু আসে।

৩=[পা]—বি. সাঁকো ॥

দোলত্খানা=[চট্ট]—বি. বাড়ি ॥ আঁয়্নের্ দোলত্খানা কড়ে? [< দওলত دولت আং+খানহ্ خانه ফা.]।

দোলা=[পা]—বি. পিঠা বিশেষ ॥ কার্তিক্ মাশে নতুন্ দানের্ দোলা বালা লাগে।

২ =[পা, ম]—বিণ. নীচু ॥ দোলা মাটিত্ পাট্ হয়্ না। [<জলা (<জল+আ)?]।

৩=[নো]—বিণ. সমান, খালি ॥ বৈন্নার্ হানিয়ে হারা মাট্ দোলা।

৪=[খু]—বিণ. একত্রিত ॥ [< দলা] ॥

দোলা যাগা=[কুম]—বি. পরিস্কার জায়গা ॥ দোলা যাগায় ফশল্ বালা অয়। [দেখ দোলা২+জগহ্ جگہ ফা.]।

দোলেমোলে=[নো]—ক্রি. বিণ. মিশাইয়া ॥ দোলেমোলে দে না অয় মাস্ বেগ্গুন্ হচ'া হড়্ব। [<দলিয়া মলিয়া]।

দোল্চি=[রা]—বি. বালতি ॥ [< ডোলচী হিং]।

দোল্দোলানো=[রং]—ক্রি. কাঁপা ॥ বাগ্ দেখিলে কল্জা দোল্দোলায়।

দোল্না=[ম]—বি. জঙ্গলের মধ্যস্থিত ঢালু স্থান ॥ দোল্নাত্ বালা মৈ'চ্ অয়্।

দোল্মানি=[কুম]—বি. ঝুলান ছোট থলি ॥ দোল্মানিত্ পৈশা আসে। [দেখ দোল্মান্]।

দোল্মান্=[বা, ম, ফ, কুম]—বি. টাকা পয়সা রাখিবার কাপড়ের ছোট থলি (যাহা কোমরে ঝুলাইয়া রাখা হয়) ॥ [দেখ দোল্মাল্]।

দোল্মাল্=[ব]—বি. ক্ষুদ্র টাকার থলি বিশেষ ॥ [দেখ দোর্মাইল্]।

দোল্মিয়ান্=[নো]—বি. কাপড় দিয়া তৈরী টাকার থলি ॥ দোল্ মিয়ানের্ বিতর্ ট্যাকা রাক্। [দেখ দোর্মাইল্]।

দোল্শাইন্=[কুম]—বি. টাকার থলি ॥ [দেখ দোর্মাইল্]।

দোশর্=[রা]—বি. অতিরিক্ত ॥ দোশর্ ভাগের্ জন্ন্য রেখে দে। [<দোসর(<দোসরা হিং)]।

দোশ্তরা=[ঢা]—বি. ঘুড়ির দুই কাঠিতে সূতার বন্ধন ॥ [দো+সূত্র সং+আ প্র.]।

দোশ্তি=[খু]—বি. কুস্তি ॥ [< দোসতী دوستی ফা.=বন্ধুত্ব ; অর্থপ্র]।

দোশ্তুদোয়াই=[ঢা]—বি. নিষেধ, মানা ॥ পোলাডা এট্টুও দোশ্তু দোয়াই হোনে না। [দেখ দুশ্তি+দোয়াই]।

দোশ্পোন্=[ম]—বি. শত্রু ॥ [দেখ দুশ্মন্]।

দোশ্শা=[পা]—বিণ. কিঞ্চিৎ বিকৃত, অল্প পঁচা ॥ মাসটা দোশ্শা আসে। [দেখ দোরশা]।

দোসান্=[ব]—বি. নোংরা ব্যক্তি, চামার ॥ [দুসাদ হিং]।

দোস্না=[কুম, চট্ট]—বি. চালধোয়ার বাঁশের ঝুড়ি ॥ এ্যাক্ দোস্না চ'াইল্ মুরগায় খাইল। [<ধুচনি]।

দোস্রা=[খু]—বিণ. অন্য, দ্বিতীয় ॥ এখন্ দোস্রা কাম্ কর। [দেখ দোশর্]।

দোস্রাবিবাহ=[কুম]—বিণ. সাবালিকা, যুবতী ॥ আমার্ গরে এ্যাক্টা দোস্রাবিবাহ মাইয়্যা আসে। [দেখ দোস্রা+বিবাহ]।

দোস্লা=[বা,ফ]—বিণ. মিশ্রিত ॥ মুরগির্ বাচ্চ'াগুন্ দোস্লা ঐসে। [দেখ দোআস্লা]।

দোহনি=[ম]—ক্রি. বিণ. ঐ স্থানে ॥ দোহনি তোর্ বৈ আসে।

দোহর্=[ঢা]—বি. দুপুর(<দ্বিপ্রহর সং)]।

দোহা=[য]—বি. নদীর মোহনা ॥ [<ডোবা]।

দোহাইক্যা পাহাল্=[ঢা]—বি. দুই মুখবিশিষ্ট চুলা ॥ দোহাইক্যা পাহালে যল্দি রান্দা অয়। [<দো+আঁখ +ইয়া প্র.+পাক+আল প্র.]।

দোহাক্কি=[ফ]—বি. দুই মুখের চুলা ॥ দোহাক্কিয়ে রান্দ। [দেখ দোহাইক্যা পাহাল্]।

দোহারা=[বং, রা]—বি. চাদর ॥ [অর্থ প্র,] ॥

দোহারা তেহারা=[ঢা]—বিণ. দুই পল্লা তিন পল্লা ॥ দোহারা তেহারা কাপোর্ দি কি কৈর্বি ॥ [<দোহারা (<দো+হার + আ) + তেহারা ; সাদৃশ্যে)]।

দোহারি=[রা]—বি. গানের ধূয়া ॥ ভাল করে দোহারি ধর্। [দেখ দোয়ারি]।

দোহার্ পত্র=[চা]—বি. জারি প্রভৃতি গানে যাহারা ধূয়া টানে ॥ দোহার্ পত্র বালা না ঐলে গান্ বালা অয়্ না। [দেখ দোহারি+পাত্র]।

দোহালে বাশুই=[খু]—বি. বড় মই ॥ দোহালে বাশুই না হলেকি চ'লে। [<দো+হাল+ইয়া প্র.+বাঁশ+উই প্র.]।

দোহির্=[রা]—বি. বাশের শিক দিয়া তৈরী মাছ ধরিবার খাঁচা বিশেষ ॥

দোহোরা=[চা]—বিণ. দুই পল্লা, দুই প্রকার ॥ দোহোরা কাপোর্ না ঐলে অয়্ না। [দেখ দোহারা তেহারা]।

দৌচ্'=[সি]—বি. ধর্মদ্রোহী ॥ ব্যাডা দারি মুচ' চ'াচি' দৌচ্' বন্সে। [<দয়ুস دیوث আং; অর্থ প্র.]।

দৌত্=[পা]—বি. বন্যা, যাহা ধৌত করিয়া যায় ॥ এই অন্চ'লে দুইতিন্ বার্ দৌত্ হচে'। [<ধৌত; অর্থ প্র.]।

দৌবক্=[পা]—বি. গণক ॥ [দেখ দোবকি]।

দৌর্=[কুম]—বি. ঘরের খুঁটির খিলান ॥ তার্ গরের্ দৌর্ খুব্ মযবুত্।

২=[রা]—বি. ১০।১৫ হাত লম্বা অপ্রশস্ত বিছানা (বিবাহাদি ও অন্যান্য উৎসবে লোকজনকে বসিতে দেওয়া হয়) ॥ [<দরী হিং]।

দৌর্দাপ্=[ম]—ক্রি. বিণ. দৌড়াদৌড়ি ॥ দৌর্দাপ করিস্ না। [<দৌড়+ধাপ]।

দৌলত্=[ফ]—বি. ভাগ্য, অছিলা ॥ [দৌলত্ دولت আং]।

দৌল্যাত্=[ফ]—বি. সম্পত্তি ॥ [দেখ দৌলত্]।

ধ

ধঅক্=[চট্ট]—বি. ধমক ॥ পোয়ারে এ্যাক্ ধঅক্ দি বোয়াই থো।

ধওঁন্=[চট্ট]—ক্রি. বি. হৃদপিণ্ডের ধুপধুপ শব্দকরণ ॥ [< ধোঁক্+অন প্র.]।

ধওর্=[চট্ট]—বি. সাঁওতাল ॥ [<ধাঙ্গড়]।

ধওলা=[রং]—বিণ. সাদা ॥ ধওলা কাগজ্। [<ধওল<ধবল সং+আ প্র.]।

ধকড়্বাপ্=[দি]—বি. মায়ের দ্বিতীয় স্বামী ॥ শে তার্ ধকড়্ বাপ্কে আপন্ বলে জানে। [<দোকর+বাপ; দেখ ধোকড়্ বাপ্]।

ধকড়্পকড়্=[দি]—ক্রি. বিণ. তাড়াহুড়া ॥ [অনু.; তুং ধকড় হিং]।

ধকিলা=[রং]—বিণ. অত্যন্ত অসহিষ্ণু, অধৈর্য ॥ একেবারে ধকিলা হলু জে। [<ধকীল হিং+আ প্র.]।

ধক্=[ব]—বি. তেজ ॥ অশুদের ধক্ নাই। [অনু.]।

২=[রং]—বি. তীব্র উত্তেজক গন্ধ ॥ তামাকের্ ধকে আমার্ বমি আশে। [অর্থ প্র.]।

ধক্ক=[চট্ট]—বি. দোলা ॥ পোয়া-উয়াগো ধক্ক দাও। [<ধাক্কা]।

ধক্কল্=[রা]—বি. ধাককা ॥ [<ধকল (দেখ ধকিলা)]।

ধক্কা=[ব]—অব্য. ধুপ, ধপাশ ॥ লোক্টা ধক্কা কৈরা পৈড়া গেলো। [<ধক্+কা প্র.]।

ধক্খল্=[খু]—বি. কূলকিনারা ॥ নদির ধক্খল্ পাই না। [<দিক্+কূল]।

ধক্ড়া=[দি]—বি. চট ॥ ভিজা বারান্দায় এক্টা ধক্ড়া বিছাও। [<ধোকড়া+আ প্র.]।

ধক্ধকা=[রং]—বিণ. সাদা ॥ দুদ্ ধক্ধকা। [<ধক্ধক্ (অনু.)+আ প্র.]।

ধক্ধকানো=[রং]—ক্রি. ধপধপ করা ॥ [দেখ ধক্ধকা+নো প্র.]।

ধচু'=[খু]—বিণ. বোকা ॥ তুমি কি মনে কর শকলেই ধচু'?

ধচ্'=[য]—বি. স্বাচ্ছন্দ্য ॥ [<ধাত (<ধাতু সং)]।

ধচ্চাল্মচ্চাল্=[রং]—ক্রি. বিণ. কোনো রকমে ॥ শে ধচ্চাল্ মচ্চাল্ দিন্ কাটায়্। [অনু.]।

ধযা=[চট্ট]—বি. ধানের চারা বহন করিবার দণ্ড ॥ [< ধ্বজা (<ধ্বজ সং)]।

ধযি=[য, খু]—বি. লগি ॥ নৌকা বাইতে ধযি লাগে। [দেখ ধযা+ই প্র.]।

ধয্=[ব]—বি. ভান ॥ মাগি ধয্ ধরে আসে। [<চং]।

ধয্যি=[চট্ট]—বি. নৌকা বাইবার বাঁশ ॥ এক্যনে ধয্যি বাও। [দেখ ধযি]।

ধড়ক্=[রা]—বি. ইদুঁরের ফাঁদ ॥ ধড়ক্ দেখেই ইদুর্ পালিয়েছে। [<ধর্ (<ধরা)+অক প্র.]।

ধড়ি=[রং]—বি. ন্যাকড়া ॥ ধড়ি দি গরম্ হাড়ি ধর্। [ধটি(<ধটী সং)]।

ধড়িংগি=[রং]-বিণ. স্বাস্থ্যবতী, যুবতী ॥ বেটি ছাওয়াটা এক্টা ধড়িংগি। [<ধিঙ্গি (<দৃঢ়াঙ্গী সং)]।

ধড়েয়া=[রং]—বি. ইদুঁর ॥

ধড়ো=[খু]—বিণ. যাহার শরীর খুবই নরম ॥ তোমার মতো ধড়ো মানুশ্ একায়্ পার্বে না।

ধড়োক্=[য]—বি. ইঁদুরের ফাঁদ ॥ ধড়োক্ পেতে রাখো। [দেখ ধড়ক্]।

ধড়্=[য]—বি. মাথা ॥ শেশে তার্ ধড়ে বুদ্দি আলে।

২=[রং]—বি. তামাক খেতের সরু নালা ॥ ধড়্টা আর্ একটু খুড়ে দে। [<ধার(<ধারা সং)]।

ধড়কে=[ব]—অস. ক্রি. চমকিয়া ॥ কেন্ তুমি বার্বার্ ধড়্কে ওঠো? [<ধড়কিয়া=ধড়্ফড় করিয়া]।

ধড়পড়=[রা]—ক্রি. বিণ. ছটফট ॥ লোক্টা ধড়্পড়্ কর্ছে। [অনু.; সাধু ধড়্ফড়্; দেখ ধড়ফড়ানো]

ধড়ফড়ানো=[দি]—ক্রি. তাড়াতাড়ি করা ॥ ধড়্ফড়াইয়া চল্ জাই। [দেখ ধড়্পড়্+আনো প্র.]।

ধত্তি=[ব]—বিণ. ফলন্ত ॥ আম্ গাস্টা বেশ্ ধত্তি হয়েসে। [<ধর্ (<ধরা)+তি প্র.]।

ধত্তিরি=[ব]—বি. <ধরিত্রী ॥

ধনের বাল=[ব]—বি. গালি বিশেষ ॥ ধনের্ বাল্ কোথাকার্। [< ধন (পুরুষাঙ্গ)+এর(সম্বন্ধে)+বাল হিং]।

ধনেশশের=[ব]—বি. এক শ্রেণীর পাখী ॥ [<ধনেশ]।

ধনোন=[রা]—বি. প্রহার ॥ পুলিশে ওক আচ্ছামত ধনোন্ দিয়েছে। [< ধুন্ (<ধোনা)+অন প্র.]।

ধনোন্তর=[খু]—বি. একপ্রকার ওষধি, কেউটে গাছ ॥ ধনোন্তরে অনেক্ বিশাক্ত ঘা শারে। [<ধন্বন্তরি সং]।

ধন=[খু]—বি. পুংলিঙ্গ ॥ [অর্থ প্র.]।

ধনকনা=[রা]—বি. ফল বিশেষ ॥

ধনদ=[য]—বিণ. হতভম্ব ॥ তোর্ কথায় শত্তি ধন্দ লাগি গেনু। [<দ্বন্দ্ব সং]।

ধর্নি=[রা]—বি. ধাই, ধাত্রী ॥ [<ধর্+নি প্র.; মূল অর্থ যে প্রসব-কালে ছেলে ধরে]।

ধপধপিয়া=[রং]—বিণ. নিরুপায় ॥ ট্যাকা হারাই ধপ্ধপিয়া হচু। [<ধপ্ ধপ্ অনু.+ইয়া প্র.]।

ধবোল=[য]—বি. প্রতিপত্তি ॥ যমিদারের্ ধবোলে রাইয়তরা ভয়ে থাকে। [<ধামাল]।

ধব্বি=[খু]—বি. ধমক ॥ তার ধব্বিক্ শবাই ডরে। [ধমক+ইপ্র.]।

ধম্ড়ি=[রং]—বিণ. আইবুড়ো ॥ ধম্ড়ি বেটি। [মূল অর্থ লম্বা ও মোটা স্ত্রীলোক]।

ধমনিচিলা=[রং]—বি. গাংচিল ॥

ধয়ত=[চট্ট]—অব্য., ক্রি. বিণ. হঠাৎ ॥ ধয়ত্ করি পড়্লো। [< ধপাত্; অনু.]।

ধয়=[দি]—অস. ক্রি. ধুইয়া ॥ গতর্ ধয়্ আয়্।

ধরনি=[চট্ট]—বি. ধাই ॥ ধরনির্ কারনে বৌটা মর্লো। [দেখ ধন্নি]।

ধরাত=[খু]—অব্য. শব্দ বিশেষ ॥ ধরাত্ করি পড়লো কি? [ধ্বন্যা.; সাধু ধড়াৎ, ধড়াস্]।

ধরাব=[খু]—বি. হা-ডু-ডু খেলা ॥

ধরুনি=[খু]—বি. ধাই, ধাত্রী ॥ ধরুনি বুড়িকে ডেকে আনো। [দেখ ধন্নি]।

ধরো=[য]—বি. গাড়ীর ধুরা ॥ ধরোটি ভেংগে গেসে। [<ধর সং]।

ধরোন=[য]—বি. বৃষ্টি থামা ॥ এক্টু শময় আকাশে ধরোন্ দিলে শুবিধে হতো। [<ধর্(<ধরা)+অন প্র.]।

ধর=[রং]—বি. আইল কাটিয়া পানি নিষ্কাশনের নালা ॥ ধরে মাছ্ নাকি? [<ডহর]।

২=[খু]—বি. দেহ, গতর ॥ তোমার্ ধরে মাটি। [<ধড়]।

৩=[রং]—বি. ডোবা, পাগার ॥ [দেখ ধর্]।

৪=[ব]—বি. মাছ আটকানোর ফাঁদ ॥ এই ধরে অনেক্ মাস্ আসে। [অর্থ প্র.]।

ধরমা=[ব]—বি. ছাড়িয়া দেওয়া ষাঁড় ॥ ধরমাটা বান্দো না ক্যা? [<ধর্ম সং ধর্মষাঁড় অর্থে; দেখ ধর্মের্ শাড়]।

২=[রং]—বি. চাকরের বেতন ॥ [<দর্মাহহ্ [illegible] ফা.]।

ধরম=[রং]—বি. সূর্য ॥ ধরম খুব্ তেজে জল্ছে। [<ধর্ম; অর্থ প্র.]।

ধরমের শাড়=[খু]—বি. ভবঘুরে ॥ ওর্ দুটো সেলেই ধর্মের্ শাড়। [< ধর্মের ষাঁড়]।

ধলা=[রা]—বি. দুধ ॥ এক্ বাটি ধলা দাও। [অর্থ প্র.; মূল অর্থ সাদা]।

ধলাগাড়িয়া=[ব]—বি. শাদা রঙ্গের আউশ ধান বিশেষ ॥

ধলাসড়ি=[চট্ট]—বি. মাছ বিশেষ ॥ [<ধলা ছড়ি]।

ধলেশশর=[য]—বি. পাখী বিশেষ ॥ [দেখ ধনেশ্শর্]।

ধলৈতলা=[খু]—রি. হিন্দুদের দেবী পূজার স্থান ॥

ধলৈপদ্মা=[খু]—বি. শস্যদেবীর পূজা ॥

ধলো=[রা]—বি. দুধ ॥ [দেখ ধলা]।

২=[খু]—বিণ. সাদা ॥ বাস্থুরটা ধলো। [<ধবল সং]।

ধল=[য]—বি. পরিমাণ ॥ আটার্ ধল্ কতডি?

২=[রা]—বি., বিণ. সাদা ॥ [< ধল (<ধবল সং)]।

ধলগৈড়্যা=[রা]—বি. ধানের নাম ॥ ধল্ গৈড়্যা বুনাও।

ধলধলা=[রং]—বিণ. ভালরূপে কর্ষিত ॥ জমিখান চাশ্ দিয়া ধল্ধলা কর। [অনু.]।

ধলপহর=[চট্ট]—বি. ভোরের সময় ॥ [দেখ ধল্২+পহর < প্রহর কিংবা পশর (<প্রসার)]।

ধলল=[রা]—অব্য. আদরের ডাক বিশেষ ॥ আরে আমার্ ধলুল। [< ধন+লো]।

ধশি=[রং]—বি. ধানকাটা ॥ ধশি শুরু ঐছে।

২=[খু]—বি. তাঁতের প্রয়োজনীয় অতিরিক্ত সুতা ॥

ধশি বেড়াশি=[র]—বি. বছরের শেষের ধান কাটা ॥

ধশ=[ব]—বি. প্রতাপ ॥

ধশ্‌কে=[য]-অস. ক্রি. খসিয়া ॥ কাপড়টা ধশ্‌কে পল। [<ধস্‌কিয়া (<ধসকান)]।

ধশ্‌না=[রা]—বি. নদীর তীরবর্তী গভীর কর্দমাক্ত স্থান ॥ আমার্ বলদ্ ধশ্‌নায় পড়ে গেলো। [<ধস্+না প্র.]

ধসর্==[চট্ট]-অব্য. জোরে পতনের শব্দ ॥ [ধ্বন্যা.]।

ধহল্‌লা=[রা]—বিণ. সাদা ॥ [<ধলা (<ধবল সং)]।

ধা

ধাইড়্=[য, রা]—বিণ. চালাক ॥ লোক্‌টা বেশ্ ধাইড়্। [<ধাড়ী (<ধাত্রী সং)]।

২=[য]—বি. জ্বালাতন ॥

ধাইরা=[রা]—বি. পরগাছা ॥

ধাইর্=[চট্ট]—বি. চেহারার লাবণ্য বা কমনীয়তা ॥ বৌ শোন্‌দর্, মকর্ ধাইর্ কম্। [<ধার]।

ধাউট্=[রং]—বি. ছাঁদ ॥

ধাউর্=[খু]—বি. দৌড় ॥ [<√ধা <ধাব্ সং+উর প্র. কিংবা <দৌড়]।

ধাঐট্=[রা]—বি. বাঁশের মাচা ॥

ধাঐত্=[রা]—বি. বসিবার ছোট খাটিয়া ॥

ধাও পাও=[রা]—বি. লম্ফঝম্ফ ॥ [অনু.]।

ধাওরা চ'াওরা=[খু]—বিণ. লম্বা ॥ [অনু.]।

ধাও বাধা=[চট্ট]—বি. ঠেলাজাল।

ধাওম্=[রা]—বি. বাঁশ নির্মিত শুইবার উপকরণ ॥ গরিবেরা ধাওমে শোতে।

ধাওয়া=[ব]—বি. জেলে।

ধাওরান্=[রং]—ক্রি. শীঘ্র কাজ শেষ করা ॥ [দেখ ধাউর্+আন প্র.]।

ধাওর্=[রং]—বি. মৌচাক ॥ ধাওরে নাড়া দিশ্ না।

ধাংগর্=[খু]—বি. খারাপ চরিত্রের স্বাস্থ্যবান্ যুবক বা যুবতী ॥ [<ধাংগড়্ ; অর্থপ্র.]।

ধাংগার্=[রা] —বি. সাঁওতাল, বুনো লোক ॥ [<ধাঙ্গড়]।

ধাংগড়িয়া শাপ্=[রং]—বি. বড় সাপ বিশেষ ॥ [<ডাঙ্গর<ডাগর(<দীর্ঘ সং)+ইয় প্র.+সাপ]।

ধাকা=[খু]—বি. সেলাই ॥ খাতায় ধাকা দে। [দেখ ধাগা=সেলাইয়ের সুতা]।

ধাকুড়া=[রং]—বিণ. স্থূল আকারের ॥ তোর্ পাওগুলা কি ধাকুড়া !

ধাকেকাল্=[খু]—বি. আঘাত ॥ পুত্‌র শোগের্ ধাকেকাল্ কাটা কঠিন্। [দেখ ধকিলা]।

ধাক্=[দি, রা]—বি. বাঁধ বাঁধিয়া বাঁশ দ্বারা ঘিরিয়া মাছ ধরার ব্যবস্থা ॥

২=[খু]—ক্রি. বিণ. সত্বর ॥ [অনু.]।

ধাক্‌কা=[চট্ট]—বি. দুঃখ ॥ ফিতে বর্ ধাক্‌কা পাইয়ে। [অর্থপ্র.]।

ধাক্‌কুড়ে=[খু]—ক্রি. বিণ. সত্বর ॥ আমার্ কাসে ধাক্‌কুড়ে আশ। [দেখ ধাক্+করিয়া]।

ধাক্‌ড়ি=[রং]—বি. নষ্টচরিত্রা ॥ [<ধাঙ্গড়+ই প্র.]।

ধাগড়্=[রা]—বি. উপজাতি ॥ তোর্ ধাগড়্‌কে দেখে ডরাই না। [<ধাঙ্গড়]।

ধাগা=[খু, রা]—বি. তাগা, মোটা সূতা ॥ [<তাগা (<তগ্গ প্রাঃ)]।

২=[য]—বি. সূঁচের ছিদ্র ॥ [অর্থ প্র.]।

ধাগড়ি=[রং]—বি. অসৎ চরিত্রের স্ত্রী বা পুরুষ ॥ [দেখ ধাক্‌ড়ি]।

ধাচে'না=[চট্ট]—অব্য. পালাও ॥

ধাজা=[রা]—বি. সূতা ॥

ধাড়া=[চট্ট]—বি. হোগলা পাতার তৈয়ারী চাটাই ॥

ধাড়ে=[খু]—বি. ভোঁদড় ॥ [<ধাড় <ধাঁড়িয়া]।

ধাড়্=[খু]—বিণ. সতেজ, সবল ॥ বুড়ো এখনো ধাড়্ আসে। [<দড় <দৃঢ় সং]।

ধাড়্‌কা=[খু]—বিণ. প্রচুর ॥ এবার্ ধাড়্‌কা আম্ আশ্‌ছে। [<ধড়াক হিং =উচ্চ শব্দ ; অর্থ প্র.]।

ধাতানো=[য]—ক্রি. দ্রুত চলা ॥ তুই কেন্‌রে ধাতাইলি ? [অর্থ প্র.]।

ধাতির্ ব্যায়্‌রাম্=[খু]—বি. রোগ বিশেষ ॥ ধাতির্ ব্যায়্‌রামে বুড়া হয়েসে। [<ধাতর+ব্যারাম (<বে আরাম بےآرام ফা.)]।

ধাদশ্=[রা]—বি. সাহস ॥ তোমার্ মত ধাদশ্ আর্ কেউর্ দেখি না। [< ঢারস্ হিং]।

ধাদ্‌রে=[ব]—বি. পুনঃপুনঃ জানার ইচ্ছা ॥ ওর্ ধাদ্‌রের্ যালায় শেশ্। [<ধাঁদ (<ধান্দা<দ্বন্দ্ব সং)+রে]।

ধাধা=[খু]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ ধা ধা করে চ'লে আশ্। [অনু. ; সাধু ধাঁ ধাঁ]।

ধাধাই=[চট্ট]—বি. দৌড়া দৌড়ি ॥ এত ধাধাই কেন্ বা । [<ধাওয়া+ধাওয়ি]।

ধাধ্‌রানো=[রা]—ক্রি. জানিয়াও না জানার ভান করা ॥ [দেখ ধাদ্‌রে]।

২=[রা]—ক্রি. বি. পুনঃ পুনঃ দুঃখ করিয়া বলা ॥ এত ধাধ্‌রানোর্ দর্‌কার্ নাই। [অর্থ প্র.]।

ধানাই=[খু]—বি. মিথ্যা কথা ॥ কেবল্ ধানাই শত্‌ত কথা নাই। [দেখ ধানাই পানাই]।

ধানাই পানাই=[ব]—বি. ছল চাতুরি ॥ ধানাইপানাই কর্‌লে লাভ্ হবে না । [অর্থ প্র.] ।

ধান্ কোদালি=[রং]—বি. ধান একত্র করার জন্য ব্যবহৃত কাঠের তৈরী কোদাল ॥ [<ধান+কোদাল (<কুদ্দাল সং)+ই প্র.]।

ধান্‌তি=[রং]—বি. ধাত, প্রকার ॥

ধান্‌নুয়া লাগানো=[চট্ট]—ক্রি. নিম্নহারে অগ্রিম ধান্য ক্রয় করিয়া টাকা খাটানো ॥ সয় আরি ধানে দশ্ ট্যায়া ধান্‌নুয়া লাগাইলাম্ । [<ধান +উয়া প্র.] ।

ধান্ ফাপানো=[রা]—ক্রি. ধান সিদ্ধ করা ॥ [<ধান+বাপ (<বাষ্প) +আনো প্র. ; নামধাতু] ।

ধান্‌মরিচ্=[রা]—বি. ছোট এবং খুব ঝাল মরিচ বিশেষ ॥

ধাপর্=[রা]—বি. কুলা ॥

ধাপা=[খু]—বি. নীচুজমি, জলাভূমি॥ ধাপায় পানি বেশি নি ? অর্থ প্র.] ।

ধাপানি=[য]—বি. চাপ ॥ এত ধাপানি দিলে মরে যাবো । [<ধাপ্পা +নি] ।

ধাপারি=[ব]—বি. চাটাইয়ের কপাট ॥

ধাপার্=[রা]—বি. নিতম্ব ॥ তোর্ ধাপারে মার্‌বো লাথি ।

ধাপি=[খু]—বি. সিঁড়ি ॥ সেলেটা ধাপি দিয়ে ওঠে পড়ে গেলো । [< ধাপ+ই প্র.] ।

ধাপু=[রা]—বি. খেলার গুটি বিশেষ ॥

২=[ব]—বি. খেলা বিশেষ ॥ সেলেরা ধাপু খেল্‌সে ।

ধাপো=[খু]—বিণ. দ্রুত চলে এমন॥ লোকটি বড় ধাপো । [<ধাব্ (<ধাবন) +ও প্র.] ।

ধাপোট্=[য]—ক্রি. বিণ. শীঘ্র ॥ [<দাপট] ।

ধাপ্=[দি,রং]—বি. বারান্দা ॥ ধাপে বশ্ গে । [অর্থ প্র.] ।

২=[খু]—বি. দাম, শেওলা ॥ পুকুরের যল্ ধাপের্ যন্‌ন নশ্‌ট হচ্'সে । [অর্থ প্র.] ।

৩=[দি]—বি. আস্তাকুঁড় ॥ ধাপে গোবর্ ফেল্ । [দেখ ধাপা] ।

৪=[রং]—বি. কাঁচাঘরের বাঁশের তৈরী দরজা ॥ ধাপ্‌টা বন্ কর । [< ঝাঁপ হিং] ।

৫=[রা]—বি. গর্ব, অহংকার ॥ [দাপ <দাপট] ।

ধাপ্‌না=[খু]—বিণ. লম্বা ॥ শাপ্‌টা ধাপ্‌না ।

ধাপ্‌পা=[খু]—বি. পদদ্বয় একত্র করিয়া লম্ফ ॥ আমি এক্ ধাপ্‌পায় পাচ্' হাত যেতে পারি । [<ঝাপপা (<ঝম্প সং)] ।

ধাপ্‌রা=[রা]—বি. কুলা ॥ ধাপ্‌রা আন্ ধান্ ঝাড়ি ।

২=[রং]—বিণ. ঠক, প্রতারক ॥ [< ধাপ্ (<ধাপ্‌পা)+রা প্র.] ।

ধাপ্‌রা পিঠে=[য]—বি. পুরু পিঠা বিশেষ ॥ খাবা তো ধাপ্‌রা পিঠা খাবা । [দেখ ধাপ্‌রা+পিঠা] ।

ধাপ্‌রি=[রা]-বি. অপরিচ্ছন্ন মেয়ে ॥ এমন্ ধাপ্‌রিকে কে আদর্ করে । [< ধাপ্ (দেখ ধাপা)+রি প্র.] ।

ধাফ্‌র্ ধ্‌ফ্‌র্=[চট্ট]—অব্য. ধপ-ধপ আওয়াজ ॥ [ধ্বন্যা.] ।

ধাফ্=[রা]—বি. ফাঁকি ॥ ধাফ্ দিয়া টাকা নিছ । [<ধাপ্‌পা] ।

ধাবড়্=[খু]—বি. কর্দমাক্ত জায়গা ॥ ধাবড়ে চ'লা যায় না । [দেখ ধাপা +ড় ; তুং ধাবড়া] ।

২=[রং]—বি. যে বাঁশে কাপড় বা লেপতোষক রৌদ্রে দেওয়া হয় ॥

ধাবানি=[খু]—বি. জল ঢালা ॥ যর্ বাড়্‌লি মাথায় ধাবানি দিতে হয় । [<ধোওয়া+পানি] ।

ধাবার্=[রা]—বি. ধমক ॥ [< দাবড়ান] ।

২=[খু]—বি. ঝড় ॥ ধাবার্ উঠ্‌সে । [অর্থপ্র.] ।

ধাব্‌ড়া=[খু]—বিণ. চ্যাপটা ॥ মারে ওর পিট্ ধাব্‌ড়া করে দিব । [অর্থ প্র.] ।

ধাব্‌ড়ানো=[খু]—ক্রি. লেপটিয়া বা জড়াইয়া যাওয়া ॥ কালিতে কাগয্ ধাব্‌ড়াইসে । [দেখ ধাব্‌ড়া+নো প্র.] ।

ধাব্‌ড়া চ'ব্‌ড়া=[খু]—বিণ. বেখাপপা ॥ তোমার্ লেখাগুলি ধাব্‌ড়া চ'ব্‌ড়া । [অর্থপ্র.] ।

ধাব্‌ড়ি=[খু]—বি. ভর্ৎসনা, ধমক ॥ সোট সেলেদের্ ধাব্‌ড়ি দিতে নেই । [<দাবড়ি] ।

ধাব্‌রি=[রা]—বি. মোটা পিঠা ॥ ধাব্‌রি আন্ খাই ॥ [দেখ ধাপ্‌রা পিঠে] ।

ধাব্‌লা=[রা]-ক্রি. বিণ. পুরু, জমাট॥ জুতাতে ধাব্‌লা হয়ে কাদা লেগেছে ।

২=[রা]—বিণ. মোটা ॥ ধাব্‌লা কাঁথা গরিবের্ লেপ্ ॥

ধামাক্=[খু]—বি. ধামা ॥ [সং] ।

ধামান্=[রং]—বি. বিণ. অন্ধকার ॥ [<ধোঁয়া(<ধুম সং)+বাণ] ।

ধামালি=[ব]—বি. মাতামাতি (আনন্দে) ॥ বিয়ে বাড়িত্ বড় ধামালি । [মূলঅর্থ সঙ্গীত বিশেষ ; অর্থপ্র.] ।

ধামালে পড়া=[খু]—ক্রি. গরুর লোম উঠিয়া যাওয়া ॥ গরুগুলি ধামালে পড়্‌লো নাকি ?

ধামাল্=[খু]—বিণ. দুরন্ত॥ ধামাল্ সেলে । [তুং দামাল] ।

ধামি=[য]—বি. ধামা ॥ ধামিডা গেল্ কোনে । [<ধামা+ই] ।

ধামোড়্=[খু]—বি. বকনা বাছুর ॥ ধামোড়্ বড় হৈসে । [দেখ ধাম্‌ড়ি ; দামড়া+ই স্ত্রী] ।

ধাম্‌কি=[ব]—ক্রি. বিণ. হঠাৎ হাত বাড়াইয়া ছোঁ ॥ ধাম্‌কি দিয়া ব্যাবাক্ লিয়া গ্যাল্ । [<ধমকি ; অর্থপ্র.] ।

ধাম্‌কুচ্=[রা]—বি. হাসিখুশি ॥ তোর্ ধাম্‌কুচ্ দেখে ভাল লাগে না ।

ধাম্‌ড়া=[খু]—বি. গালি বিশেষ ॥ ধাম্‌ড়ার্‌ কি লেখা পড়া নাই ?

২=[রং]—বি. এঁড়ে বাছুর ॥ ধাম্‌ড়াটা খুব্‌ লাল্‌। [<দামড়া]।

ধাম্‌ড়ি=[রং]—বি. বকনা বাছুর ॥ [দেখ ধাম্‌ড়া১]।

ধায়ানি=[রা]—বি. ধাত্রী ॥ [<ধাই<ধাত্রী সং+নি প্র.]।

ধায়েট=[রা]—বি. বাঁশের বেতের বোনা চাটাই ॥

ধায়ে ধরা=[রা]—ক্রি. যাচিয়া সম্বন্ধ পাতান ॥ উইতো খাতার্‌ না হৈ খালি ধায়ে ধরাচে। [<ধাবিয়া ধরা]।

ধারয়্যা=[চট্ট]—বি. বাঁশের চাটাই ॥ ধারয়্যাত্‌ ধান্‌ রাখ।

ধারফ্‌ফা=[রা]—ক্রি. বিণ. বেশী পরিমাণে ॥ ঝড়ে আম্‌গুলোর্‌ ধারফ্‌ফা খতি ঐছে।

ধারন্‌কারন্‌=[রং]—বি. আন্দাজ। হোলাগার্‌ ধারন্‌ কারন্‌ কি ? [<ধরন করণ=চাল চলন]।

ধারা=[রং]—বি. পরগাছা ॥

ধারাই=[চট্ট]—অস. ক্রি. তাড়াইয়া ॥ [<ধাওয়াই<√ধা<ধাব্‌ সং]।

ধারাত্‌ ধুরত্‌=[রং]—অব্য. নড়া চড়ার শব্দ ॥ ধারত্‌ ধুরত্‌ করিসনে। ধ্বন্যা.]।

ধারা ধর্‌খি=[খু]—বি. দুই চালার মিলনস্থান ॥ ধারাধর্‌খির্‌ বাধন্‌ ঠিক্‌ রাখ্‌তি হয়্‌। [<ধারা (বৃষ্টির)+ধারক+ই]।

ধারানা=[রা]—বি. কৃষিকাজের জন্য মানুষ বিনিময় ॥ তোর্‌ ভাইরে এক্‌ দিনের জন্‌ন ধারানা দে। [<ধার+আনা প্র.]।

ধারানি=[ব]—বি. রকম ॥ এ এক্‌ ধারানি মানুশ্‌। [<ধরণ+ই]।

ধারানো=[রা]—ক্রি. তাড়াইয়া দেওয়া গরুটা ধারাইয়া আয়্‌। [দেখ ধারাই]।

ধারান্‌=[রং]—অব্য. তুল্য ॥ তোর্‌ ধারান্‌ বেইমান্‌ নাই। [<ধরণ]।

২=[চট্ট]—ক্রি. বি. তাড়ান ॥ শিয়াল্‌কে ধারান্‌ দ্যাও। [দেখ ধারানো]।

ধারান্‌ত=[খু]—বিণ. ধারাল ॥ [<ধার+অন্ত প্র.]।

ধারা পল্‌লা=[ব]—বি. দাঁড়ি পাললা ॥

ধারি=[রং]—বি. বারান্দা ॥ আম্‌রা ধারিত্‌ বৈলাম্‌। [<ধার (প্রান্ত)+ই]।

ধারিয়া=[ব]—বি. আউশধান বিশেষ ॥

ধারুয়া=[রং]—বি. যে বেশি ধার করে ॥ ধারুয়া ছেছ্‌ড়া তোর্‌ মত আর্‌ নাই। [<ধার (কর্জ)+উয়া প্র.]।

ধার্‌ কাইয়া=[রা]—বি. দাঁড়কাক ॥ [<দাঁড়+কাক+ইয়া প্র.]।

ধার্‌কুন্‌=[রা]—বি. চুল্লিতে আগুন উস্কানোর নড়ি ॥

ধি

ধিড়্‌কানো=[রা, য]—ক্রি. ভয় দেখানো ॥ ভালো করে ধিড়্‌কিয়ে দিলে আর্‌ আশ্‌বে না।

ধিন্‌দা=[রা, দি]—বি. চিন্তা, ভাবনা, উৎকণ্ঠা ॥ কি করে শংশার্‌ চলে শে ধিন্‌দা নাই ? [<ধন্দা(<দ্বন্দ্ব সং)]।

ধিমে ধিমে=[খু]—ক্রি. বিণ. ধীরে ধীরে ॥ ধিমে ধিমে রোগ্‌ শার্‌বে। [<ঝিমিয়ে ঝিমিয়ে (<ঝিমান)]।

ধিয়ান্‌=[রা]—বি. খেয়াল ॥ এক্‌ ধিয়ানে কি দেখ্‌ছো ? [<ধ্যান (<ধ্যৈ+অন) সং]।

ধিয়ার্‌=[রা]—বি. মাছ ধরার ফাঁদ বিশেষ ॥

ধিয়েল্‌ তোলা=[চট্ট]—ক্রি. বুঝিতে পারা ॥ [দেখ ধিয়ান্‌+তোলা]

ধিরানো=[রং]—ক্রি. বিশ্রাম করা, জিরানো ॥ এক্‌টু ধিরাও। [<ধীর+আনো প্র. ; নামধাতু]।

ধিশ্যা=[রা]—বিণ. শান্ত ॥ ছেলেটি বেশ্‌ ধিশ্যা।

ধু

ধুঁআনো=[চট্ট]-ক্রি. বি. ধুয়াঁ দেওয়া ॥ হাইন্‌যায়্‌ গোয়াল্‌ ঘর্‌ ধুঁআন্‌ লাগে। [<ধোঁয়া+নো প্র. ; নামধাতু]।

ধুই=[চট্ট]—বি. পিঠা বিশেষ ॥ শিতের্‌ দিনে ধুইয়ের্‌ শাদ্‌।

ধুইক্‌কা খাওয়া=[রা]—ক্রি. ক্লান্ত হওয়া ॥ আমি ধুইক্‌কা খাইয়া পড়্‌ছি। [<ধোঁকা+খাওয়া]।

ধুইয়্যা=[চট্ট]—বি. ধোপা ॥ ধুইয়্‌যারা কাঅর্‌ ধোয়্‌। [<ধোপা+জা]।

ধুইর্‌গা=[চট্ট]—বি. ধোপা ॥ [দেখ ধুইয়্যা]।

ধুউন্‌নি=[চট্ট]—বি. <ধোপানী ॥

ধুওঁরা=[চট্ট]—বি. শস্য ঝাড়ার পর পরিত্যাক্ত কুটা ॥ ধুওঁরার্‌ টাল্‌তে ঔন্‌ দে।

ধুঁয়াই=[চট্ট]—অস. ক্রি. ধুম উদ্‌গিরণ করিয়া ॥ গোয়াল্‌ঘরে উন্‌ ধুয়াঁই ঘর্‌

আন্দাই করি ফেলাইয়ে। [দেখ ধুঁআ-নো]।

ধুকা=[রা]—বি. বিশ্রাম॥ [<ধুঁকা; অর্থ প্র.]।

ধুক্কনি=[চট্ট]—বি. প্রহার, মার॥ ধুক্কনি দ্যাঅন্ পড়িব। [<ধুঁকুনি; অর্থ প্র.]।

ধুক্কি দেওয়া=[রা]—ক্রি. ছলনা করা॥ কাউক ধুক্কি দিও না। [<ধুক<ধোঁকা+ই+দেওয়া]।

ধুক্ড়ি=[য]—বি. ধান বিশেষ॥

ধুক্ধুকা=[রং]—বিণ. খুব সাদা॥ বক্টা ধুক্ধুকা। [অনু]।

ধুগুড়া=[ব]—বি. তালপাতার ছাতা॥

ধুগড়া=[রা]—বি. গায়ের চাদর॥ তোমার্ ধুগ্ড়ার্ কত দাম্? [<ধোকড়া]।

ধুচ্কুচ্=[রা]—বি. হাসি তামাশা॥ [অনু.]।

ধুচ্নি=[য]—বি ফুলের সাজি॥ [<ধুনুচি<ধুনা+চি প্র.; বর্ণ বিপর্যয়; অর্থ প্র.]।

২=[রা]—বি. মালসা॥ ভাতের্ ফেন্ গালার্ ধুচনিটা দ্যাও [পূর্বে দেখ]।

ধুড়্কি=[খু]—বি. চাতুরী॥ তোমার্ ধুড়্কি আমি বুঝি' গেসি।

ধুতো=[রা]—বি. চোঙা॥ এ্যাত বড় মিছিলে এ্যাক্টা ধুতো দিয়ে কি হবে?

ধুধু=[ব]—বি. পেচঁক॥ [অনু.]।

ধুনা=[রং]—বি. <ধুন্দুল, বুনো ঝিংগা॥ ঝুনা ধুনা দিয়ে গা ঘশে।

ধুনাইকর্=[রং]—বি. যাহারা লেপ তোষক তৈয়ার করে॥ [<ধুন্+আই প্র.+কর]।

ধুনার্ গুড়ো=[য]—বি. বুনোলতা॥

ধুনি=[চট্ট]—বি. মাছ মাপিবার উপকরণ বিশেষ॥ যাইল্লার্ ধুনি।

ধুনিয়া দেওয়া=[খু]—ক্রি. বেদম প্রহার করা॥ চোঁর্টাকে ধুনিয়া দ্যাও। [অর্থ প্র.]।

ধুনিয়ার্ গুড়ি খাওয়ানো=[খু]—বশ করা॥

ধুন্=[রং]—বি. চিন্তা, ধ্যান॥ [<ধ্যান]।

ধুন্কি=[রা]—বি. মোটা॥ ধুন্কি মেয়ে দেখে হাশো কেন্? [=ধুমসি]।

ধুন্দ=[রা]—বি. খেয়াল॥ আমার্ ধুন্দ থাকে না [দেখ ধুন্+অ]।

ধুন্দা=[চট্ট]—বি. তামাক॥

ধুন্দিয়া=[রং]—বি. যাহার স্মৃতি শক্তি লোপ পাইয়াছে॥ নানান্ দুখে লোক্টা ধুন্দিয়া হচে। [<ধন্দা (<ধন্দ<দ্বন্দ্ব সং)+ইয়া প্র.]।

ধুন্দুল্=[চট্ট]—বি. ঝিংগে॥ ধুন্দুলের্ যালি।

ধুন্ দ্যাওয়া=[রা]—ক্রি. টাকা পয়সা বাজানো॥ ধুন্ দিয়া দ্যাখ্ ট্যাকাটা ঠিক্ কিনা? [<ধুন্ (ধ্বন্যা.)+দেওয়া]।

ধুন্দো=[য]—বিণ. ঝগড়াটে॥ ধুন্দো বেটিকে মার্ লাগাও। [দেখ ধুন্দিয়া]!

ধুন্ ধরা=[দি]—ক্রি. তালাশ করা॥ ধুন্ধরি দেখো পাও কিনা। [দেখ ধুন্+ধরা]

২=[রা]—ক্রি. নির্বাক ভাবে চিন্তা করা॥ ছেলে মারা জাপার্ থেকে শে খালি ধুন্ ধরি বশি থাকে।

ধুপি=[রা]—বি. চাউলের গুড়ার তেরী পিঠা বিশেষ॥

ধুপ্=[রং]—বি. প্রখর রৌদ্র॥ ধুপে জাইও না। [<ধূপ হিং]।

ধুপ্তি=[রা]—বি. ধূপদানী॥ ধুপ্তিতে আগুন্ ধরাও। [<ধূপ+তি প্র.]।

ধুপ্ধুপ্ করা=[চট্ট]—ক্রি. ধকধক করা॥ কলিযা ধুপ্ধুপ্ কৈর্সে। [<ধুপ্ধুপ্ (অনু.)+করা]।

ধুমা=[দি]—বিণ. মোটা, অকেজো॥ ধুমা লোক্ হামি দেখ্তে পারি না। [=ধুমসা]।

২=[রা]—বি. তিক্ত ধুন্দুল ফল॥ ধুমা দিয়া গা মাইজা গোশল্ কর্। [দেখ ধুনা]।

৩=[ব]—বি. ধুম, ধোঁয়া॥ ভেযা কাট্ যালালে খুব্ ধুমা হয়্। [<ধূম সং+আ প্র.]।

ধুমাকল্=[য]—বি. ষ্টীমার॥ ধুমা কলে চাঁদ্পুর্ যাবো। [দেখ ধুমা৩+কল]।

ধুমাটা=[রং]—বিণ. ধূমায়িত॥ ধুমাটা দুধ্ মুই খামু না। [দেখ ধুমা৩+টা প্র.]।

ধুমো=[য]—বি. ধুঁয়া॥ ধুমোর্ চোঁটে কিসুই দেখি না। [<ধূম+ও প্র.]।

ধুম্=[খু]—বি. গরম॥ আমার্ শরির্ খুব্ ধুম্ হয়েসে।

ধুম্কুচ্=[রা]—বি. ঝগড়া॥ [অনু.]।

ধুম্কুটা=[রা]—বিণ. ধোঁয়া ধোঁয়া॥ শালোন্ ধুম্কুটা গনদ কর্ছে। [<ধূম সং+কুটা প্র.]।

ধুম্কি=[রা]—বি. যাহারা তুলা ধুনে॥ এগাঁয়ে ধুম্কি নাই। [<ধুন্ (<ধোনা)+কি প্র.]।

ধুম্ড়ি=[খু]—বি. নির্বোধ মেয়ে॥ ধুম্ড়িকে কোন কাযের্ ভার্ দিও না। [দেখ ধুম্কি; ধুমড়ী]।

ধুম্তি=[ব]—ক্রি. বিণ. হঠাৎ॥ উই ধুম্তি কৃরি উট্টা গেলো। [অনু.]।

ধুম্ধুমা=[ব]—বি. সম্পূর্ণ উলঙ্গ॥ সেলেটার্ কাপড় নাই তাই ধুম্ধুমা হযে বেড়ায়্। [<ধুমধুম (অনু.)+আ প্র.]।

ধুম্মুর্ করি=[চট্ট]—অব্য. ধুপ করিয়া॥ তে ধুম্মুর্ করি হিতার্ গালত্ চোয়ার্ দিল্। [ধুম্মুর্ (ধ্বন্যা.)+করিয়া]।

ধুম্শা=[ব]—বিণ. মোটা॥ মেয়েটা বেযায়্ ধুম্শা। [<ধুমসা]।

ধুম্শি=[রং]—বিণ. মোটা গড়নের॥ ধুম্শি মাগি। [<ধুমসি]।

ধুয়া=[রং]—বি. প্রান্তর॥ ঐ ধুয়ার্ বাড়িত্ এক্লা কে জাবে? [<ধোঁয়া; অর্থ প্র.]।

ধুরা=[চট্ট]—বি. ধানের কুটা ।। ধান্ নাই ধুরা ঝাঁরাঝাঁরি । [<ধুরা ; অর্থ প্র] ।

২=[দি]—বি. অস্থায়ী নিবাস ।। বেদেরা ঐ গাঁয়ে ধুরা ফেল্ছে । [< ডেরা হিং] ।

ধুরাধুরি=[রং]—অব্য. ধড়ফড় আওয়াজ ।। বুকে ধুরাধুরি শুরু হয়্যা গেচে । [<অনু. ; তুং দুরুদুরু] ।

ধুরি=[রা, রং]—বি. গরুর গাড়ীর চাকার মাঝখানের লোহার ডাঁট ।। গাড়ির্ ধুরিটা কে চুরি কর্লো ? [<ধুরা+ই প্র.] ।

ধুর্=[দি]—বি. গরুর গাড়ীর দুই চাকার মধ্যের শলাকা ।।

২=[চট্ট]—বি. মাটির উপর দিয়া হাঁটারকালে ধূলা উঠিয়া পতিত রেখা ।। ধুর্ ধরি যাও ।

ধুর্কুনি=[খু]—বিণ. ছিন্ন ।। এ ধুর্কুনি কাঁথা গায়ে দেওয়া যায়্ নাকি ।

ধুর্বায়্=[খু]—বিণ. শয়তান, ধূর্ত ।। লোক্টা বেযায়্ ধুর্বায়্ । [<ধূর্ত+বায ?? ফা. ; তুং ধড়িবাজ] ।

ধুর্শি=[রা]—বিণ. বাড়তি ।। ধুর্শি মাল্ কৈ রাখি ?

ধুলন্চি'=[য]—বি. প্রায় পাকা ফল ।।

ধুলাটিয়া=[রং]—বিণ. ধূলিমলিন ।। বাতাশে শব্ ধুলাটিয়া কর্লো । [<ধুলা+ট+ইয়া প্র.] ।

ধুলুচি'=[খু]—বিণ. ধুলা মিশানো ।। ধুলুচি' যামা ঝাঁড়। [<ধুলো+চি প্র.] ।

ধুল্যা ফেলন্=[চট্ট]—ক্রি. আউশ ধান শুকনো জমিতে বপন করা ।। ঝড়ি না ঐলে ধুল্যা ফেল্ । [<ধুল্(<ধুলা)+ইয়া প্র.+ফেলা] ।

ধুলৈ=[য]—বিণ. নিশ্চিহ্ন ।। বাড়িটা ধুলৈ হয়ে গেসে । [<ধূলি ; অর্থ প্র.] ।

ধুল্ধুলা=[রং]—বিণ. ধূলার মত ।। জমিটা চশে ধুল্ধুলা করিছে । [ধুলা ধুলা] ।

২=[রং]—বিণ. ভালো করিয়া চূর্ণিত ।। বালি খুব্ ধুল্ধুলা হচে । [অর্থ প্র.] ।

ধুল্পড়া=[রা]—ক্রি. হারিকেনে ময়লা পড়া ।। হারিকেনে খুব্ ধুল্ পড়্ছে ।। [<ঝুল+পড়া] ।

ধুল্বিয়্=[য]—বি. বড় ধান ।। [< দোল+বীজ] ।

ধ্যা

ধ্যাডানো=[রা]—ক্রি. বি. পশুর অজীর্ণ মল ত্যাগ করা ।। [দেখ ধ্যাড়া২] ।

ধ্যাড়া=[রা]—বি. তালগাছের মাথার জটা ।। গাছের্ ধ্যাড়া না ভাংলে তাল্ হয়্ না ।

২=[রা]—ক্রি. অতিরিক্ত বাহ্য হওয়া (পশুর) ।। ছাগিটা কাল থেকে ধ্যাড়াইছে ।

৩=[রা]—বিণ. বড় ।। লোক্টা এক্টা ধ্যাড়া মাছ আটক্ কর্ছে । [<ধাড়ী+আ প্র.] ।

ধ্যাড়াগাছ=[রা]—বি. উদ্ভিদ্ বিশেষ ।।

ধ্যাড়্=[রা]—বিণ. সুচতুর ।। ছেলেটি এক্ নম্বরের্ ধ্যাড়্ । [<ধড়ি(<ধূর্ত সং)] ।

ধ্যাড়্ধ্যাড়ে=[খু]—বিণ. নরম, তুলতুলে ।। ধ্যাড়ধ্যাড়ে মাটি দিয়া পর্তিমা গড়ন্ চলে না । [<ধ্যাড়্ধ্যাড় (অনু.)+এ প্র.]

ধ্যাতা=[রং]—বিণ. বেহায়া ।। তুমি ত বড় ধ্যাতা । [<থেঁত্ (<ধূর্ত সং)+আ প্র.] ।

ধ্যাত্তোরিকা=[রা]—অব্য. বিরক্তি সূচক ।।

ধ্যাত্লা=[য]—বি. এক কথায় যে কাজ করে না ।। [দেখ ধ্যাতা ; ধ্যাত্+লা] ।

ধ্যাদোমাছ=[রং]—বি. মাছ বিশেষ ।। ধ্যাদোমাছ্ খুব্ শাদ্ ।

ধ্যাদ্ড়ান্=[দি]—ক্রি. হেঁচড়াইয়া টানা ।। ধানের্ আঁটি গুলি ধ্যাদ্ড়াই আনিশ্ না ।

ধ্যাদরানো=[রং]—ক্রি. ঘুরিয়া বেড়ানো ।।

ধ্যাধ্রে=[রং]—ক্রি. বিণ. টানা হ্যাঁচড়া করিয়া ।। ধ্যাধ্রে আনিশ্ কেন্ ?

ধ্যানোকানা=[খু]—বি. নকল অন্ধ ।। [<ধ্যানে কানা] ।

ধ্যান্=[খু]—বি. ভঙ্গি, ভণিতা ।। বোঝে' শব্ তবু ধ্যান্ করে । [অর্থ প্র.] ।

ধ্যান্ থোপানা=[খু]—ক্রি. বি. দুষ্টামি করিয়া কাজ নষ্ট করা ।।

ধ্যান্দর্=[রা]—বি. মার ।। চোরের্ ভরুদ্ ধ্যান্দর্ ।

ধ্যান্দর্বার্=[রং]—বি. বিচার, আচার ।। ধ্যান্দর্বারেই বড় মিয়ার্ দিন্ জায়্ । [<দীবান দর্বার دیوان دربار ফা.] ।

ধ্যান্দা=[ব]—বি. এক শ্রেণীর মাছ ।।

ধ্যান্দে প্যান্দে=[রং]—ক্রি. বিণ. পেট ভরিয়া ।। ধ্যান্দে প্যান্দে খেও না । [অনু.] ।

ধ্যান্ পাচা=[রা]—বি. প্যাঁকামো ।। তোমার্ ধ্যান্পাচা অশয্য । [<ধ্যান প্যাচান] ।

ধ্যাপড়া=[রং]—বিণ. বড় ।। ধ্যাপুড়া পিঠা খাবি ?

ধ্যাবড়াই=[রং]—বি. মাছ বিশেষ ।।

ধ্যাপ্‌পত্‌=[বং]—অব্য. ধপাস ॥ ধ্যাপ্‌পত্‌ করে বশ্‌লো কেরে ? [ধ্বন্যা.] ।

ধ্যায়ানো=[খু]—ক্রি. ভাণ করা ॥ [<ধ্যান+আনো প্র. ; নামধাতু] ।

ধ্যায়ান্‌=[খু]—বি. দড়ি ॥ এত মোটা ধ্যায়ানে কি দর্‌কার্ ?

ধ্যায়ান্‌ গরু=[চট্ট]—বি. দুধের গাভী ॥ গোয়ালে ধ্যায়ান্ গরু আসে ? [<দোহান+গরু] ।

ধ্যারাই=[রং]—বি. মাছ বিশেষ ॥ শিতের্ দিনে ধ্যারাই খাইতে শাদ্ ।

ধ্যারানো=[রা]—ক্রি. মলত্যাগ করা ॥ গরুডা খুব্ ধ্যারাইসে । [দেখ ধ্যাড়ানো] ।

ধ্যারেংগা=[রং]—বিণ. রোগা ও লম্বা ॥

ধ্যার্‌গুয়া=[চট্ট]—বি. মূলা কচু ইত্যাদির কোমল ডগাসহ মুখের অংশ ॥ মুলার্ ধ্যার্‌গুয়া ফেলিশ্ না । [<ধার+গুলা] ।

ধ্যার্‌কেনি=[খু]—বিণ. তরল ॥ দুদ্‌টা বেশি ধ্যার্‌কেনি ।

ধ্যার্‌নে=[রং]—বি. মতন ॥ তোর ধ্যার্‌নে আর্ দেখি না । [<ধরণ+এ প্র.] ।

ধ্যাশ্‌টামি=[রা]—বি. অবহেলা ॥ আর্ কত ধ্যাশ্‌টামি দেখ্‌পুঁ । [<ধৃষ্টামি <ধৃষ্ট+আমি প্র.] ।

ধৈ

ধৈঁচ'া=[চট্ট]—ক্রি. বি. কিছু না জানা ॥

ধৈঁচ্‌চ'ম্বা=[চট্ট]—বি. ফিঙ্গে পাখী ॥

ধৈনা=[বং]—বি. <ধনিয়া, ধনে সজ ॥ ধৈনা বাটা দিয়া রাধো ।

ধৈন্যা=[চট্ট]—বি. ধনী ॥ ধৈন্যার্ বাড়িত্ নিধৈন্যার্ কি ? [<ধন+ইয়া প্র.] ।

ধৈরন্‌=[রং]—বি. ধৈর্য ॥ [<ধৈর্‌জ (<ধৈর্য্য সং] ।

ধৈশ্‌কেন্‌নার্‌ গাছ্‌=[রা]—বি. উদ্ভিদ্ বিশেষ ॥

ধো

ধোআ=[চট্ট]—বি. ধোবা । [< ধোপা] ।

ধোঁকানো=[চট্ট]—ক্রি. দৌড়াইয়া আসিয়া কাঁপিতে থাকা ॥ [<ধোঁকা +নো প্র.] ।

ধোঁদা=[চট্ট]—বিণ. ক্ষীণগামী ॥ ধোঁদা গরু । [<ধন্দা (<দ্বন্দ্ব সং] ।

ধোকড়্‌=[রা]—বি. মোটা ছালা ॥ [<ধোকড়া হিং] ।

২=[রা]—বি. কাপড় ॥ ভাত্ ধোকড় কি মিল্‌বে ? [অর্থ প্র.] ।

ধোকড়্‌ বাপ্‌=[রং]—বি. সৎবাপ, মায়ের দ্বিতীয় স্বামী ॥ [দেখ ধকড় বাপ্] ।

ধোকা পোচো করা=[রা]—ক্রি. ইতস্ততঃ করা ॥

ধোক্‌কা=বি. ফাঁকি, ধোকা ॥ তোমার্ ধোক্‌কায় পর্‌মু না । [< ধোঁক] ।

ধোক্‌ড়া=[রা]—বিণ. পুরু, মোটা ॥ আমার্ চাদর্‌খানা ধোক্‌ড়া । [<ধোকড়া হিং] ।

২=[দি]—বি. চট, পাটের ছালা ॥ ধোক্‌ড়াত্ ধান্ রাখ । [অর্থ প্র.] ।

ধোক্‌ ধোক্‌=[ব]—ক্রি. বিণ. ইতস্ততঃ ॥ আর্ ধোক্‌ধোক্ কৈয়া লাব্ কি ? [অনু.] ।

ধোগ্‌রা=[রা]—বি. তালপাতার তৈরী উপকরণ ॥

ধোচং=[রা]—বি. বাঁশের তৈরী মাছ ধরার উপকরণ বিশেষ ॥ ধোচং কোথা গো ?

২=[রা]—বিণ. অকেজো ॥ ওডা কোনো কাজের্ নয় একেবারে ধোচং ।

ধোচ'না=[চট্ট]—বি. চাউল ধোয়ার পাত্র । তঁরার্ ধোচ'না কনুডে ? [দেখ ধুচ'নি] ।

২=[খু]—বিণ. অকর্মণ্য ॥

ধোচ'মোনাই=[খু]—বিণ. বোকা ॥ তোর্ মত ধোচ্'মনাই আর্ নাই ।

ধোড়্‌কা=[দি]—বি. মাছ ধরিবার উপকরণ বিশেষ ॥

ধোতল্‌=[খু]—বি. বড় বনজ বৃক্ষ বিশেষ ॥

ধোতা=[রং]—বিণ. অলস ॥ তুমি ধোতা মেয়ে ।

ধোতান্‌=[রা]—ক্রি. বি. বার বার কিছু করা ॥ ছোট ছেলের্ এত ধোতান্ কেন্ ?

ধোত্‌ কোতি=[রা]—বি. যাহার হুশজ্ঞান কম ॥ ধোত্‌কোতির্ মত বশে থাক্‌লে চল্‌বে ?

ধোত্‌রা=[বা, খু]—বিণ. ভাঁজকৃত, কুঞ্চিত ॥ [ধোত্<দোতহ্ دوته ফা. +রা প্র.] ।

ধোদা মাস্‌=[য]—বি. নোনামাছ ॥

ধোধা=[রং]—বি. মাছ বিশেষ, রয়না মাছ ॥

ধোনাই মোনাই=[রা]—অব্য. চাঞ্চল্য-বোধক ধ্বনি ॥ ওডাত্ ধোনাই মোনাই হচে নয় [অনু.]।

ধোন্=[য]—বিণ. সামান্য নরম ॥ তুলাগুলি ধোন্ নাযে ?

২=[বা]—বি. পুরুষাঙ্গ ॥ ধোনের্ মাথা। [<ধন; সুভাষণে]।

৩=[রং]—বি গর্ত ॥

ধোন্দ=[ব]—বি. গর্ত, গুহা ॥ ধোন্দে শাপ্ থাকে।

২=[য]—বি. পাগল ॥ ধোন্দের্ মত কথা কও ক্যা ? [<ধন্দ (<দ্বন্দ্ব)]।

ধোন্দা=[রং]—বিণ. সারহীন, বিচি-হীন ॥ কাঠল্টা ধোন্দা। [<ঢোঁড় আ+প্র.]।

ধোন্দানো=[ব]—ক্রি. অন্ধকার দেখা ॥ [দেখ ধোন্দা+আনো প্র.]।

ধোন্দোল্=[খু·]—বিণ. অপদার্থ ॥ [<ধুন্দুল; অর্থ প্র.]।

ধোন্ধা=[রং]—বিণ. চিটা, ফাঁকা ॥ এবার্কার্ ধান্ ধোন্ধা হচে। [দেখ ধোন্দা]।

২=[চট্ট]—বিণ. অজ্ঞ, বোকা ॥ [দেখ ধোন্দ ১]।

ধোপানি চিলা=[রং]—বি. গোদা-চিল ॥

ধোপার্ পাট্=[খু]—বি. জোরে আছাড় ॥ [অর্থ প্র.]।

ধোপ্=[রা]—বিণ. সাদা ॥ ধোপ্ কাপড়্ শুন্দর্ লাগে।

২=[চট্ট]—বি. পরিষ্কার, সাফ ॥ তোয়ার্ আংগুল্গুলি হেত্ ধোপ্। [অর্থ প্র.]।

ধোমক্=[য]—বি. <ধমক ॥

ধোমা=[খু]—বি. ধূঁয়া ॥ রান্না ঘরের্ ধোমা। [<ধূম+আ প্র.]।

ধোম্বা লোচন্=[রা]—বি. মোটা-সোটা বলদ ॥ ধোম্বা লোচনের্ দাম্ কত ? [<ধূম্র লোচন]।

ধোয়াইস্যা=[চট্ট]—বি. ধূঁয়া ॥ [<ধূয়ঁ (<ধূম)+স+ইয়া প্র.]।

ধোয়ার্ উচ'া=[ব]—বি. বড় কথা ॥ সোট লোকের্ আবার্ ধোয়ার্ উচ'া।

ধোরংগা=[দি]—বি. মাছ ধরিবার বাঁশের উপকরণ বিশেষ ॥

ধোরা=[রা]—ক্রি. বিণ. গর্ত, ভাঙ্গা ॥ এই জায়গ্াটা ধোরা হয়ে গেল্। [<ঢোঁড়+আ প্র.]।

ধোর্=[ব, খু]—বি. গভীর গর্ত ॥ গাসের্ ধোরে পাখির্ বাশা। [ডহর]।

ধোলাই দেওয়া=[রা]—ক্রি. বি. মারপিট করা ॥ ধোলাই দেওয়া ভাল নয়্। [অর্থ প্র.]।

ন

ন=[চট্ট, কুম, নো]—অব্য. <না ॥ ন যাইঅম্, ন খাইয়ম্। [<না]।

নঅ=[চট্ট]—অব্য. <না ॥ তে টেঅাঁ পাইয়ে না নঅ পাইয়ে বুযন্ ন গেল্। [<না]।

২ =[খু]—বি. লৌহ ॥ নঅর্ কাসে শোনা ? [<নোয়া<লৌহ]।

নঅ চে'ংড়া=[খু]—বি. স্বল্পবয়সী মাতব্বর ॥ ॥ যতো শব্ নঅ চে'ংড়া যুটসে। [<নয়া (<নব) +ছেমড়া <ছমণ্ড সং]।

নঅচ্'=[নো]—বি. দুর্ভাগ্য, অলক্ষ্মী ॥ মাইয়াটার্ লগে নঅচ্' আসে। [< নহস نحس আং]।

নঅর্=[চট্ট]—বি. নবম ॥ পোয়াউয়া নঅর্ সেন্নিত্ পড়ে। [<নব+র (সম্বন্ধে)]।

নঅর্দান্=[চট্ট]—বি. লবণদানী। এই নঅর্দানের্ দাম্ দুই ট্যায়া। [< লবণ+দার دار ফা. প্র.]।

নঅল্=[চট্ট]—বি. লাংগল ॥ নঅল্ উনায়ে। [<লাঙ্গল (<লন্গ+ +অল সং)]।

নও=[চট্ট]—বি. নৌকা ॥ মাল্পত্র নও বর ॥ [<নাও<নৌকা]।

২ =[রং]—অব্য. না ॥ মুই একাম্ পাবার্ নও। [<নহো=নহি]।

নও করিয়া=[রং]—অস. ক্রি. চুপ করিয়া ॥

নও কুটুম্=[ব, য]—বি. প্রথম আত্মীয়তা ॥ [<নয়া (নব)+কুটুম্ব]।

নওডা=[ঢা]—বিণ. নয়টা ॥ নওডা আম্। [<নয়+টা]।

নওদরি=[রং]—বিণ. নবীনা ॥ 'ও মোর্ শুন্দরি মাই, ও মোর্ নওদরি মাই, তোর্ ছাগলে খাইয়া গেল্ মোর্ বেছনের্ কালাই' (গ্রাম্য গান)।

নওদানি=[রং]—বিণ. নবাগতা ॥ এটা নওদানি বেটি ছাওয়া। [নও+(<নব)+আমদনী آمدنی ফা.]।

নওয়া=[ম]—বিন. নূতন ॥ নওয়া বৌয়ের্ মুখ দেখি। [<নও+আ =নয়া]।

নওয়ারি=[কুম]—বিণ. নবীন, নূতন ॥ নওয়ারি মুর্গির্ আন্ডা। [দেখ নওয়া+রি প্র.]।

নওলা মাস্=[বা]—বি. রুই মাছের বাচচা ॥ নওলা মাস্ না দরাই বালো বর হৈবার্ দাও।

নওল্=[য]—বিণ. নবীন ॥ [<নও (<নব)+ল প্র.]।

নওল্লি=[খ]—বি. ধানের নাম ॥

নং=[য]—বি. রং ॥ কাপুড়ির্ নংডা উঠে যাবো। [<নং<রং (<রঙ্গ সং)]।

২=[খু]—বি. উপপতি, প্রেমিক ।। নং এর্ শাথে পেম্ কৈর্লে পরে দুখ্ পাবি । [<লং <লাং (<নঙ্গ সং)]।

৩=[খু]—বি. ঠাট্টা, রংগ ।। তুই নং কর্সিশ্ ক্যান্ ? [দেখ নং ; অর্থ প্র.] ।

নংগ=[ফ]—বি. রঙ্গ, রহস্য ।। [লঙ্গ <রঙ্গ সং] ।

নংগল্=[রং]—বি. আংগুল ।। নংগুলত্ আংগুট্ দ্যাও । [<আঙ্গুল (< অঙ্গুলী সং) ; ন বর্ণাগম] ।

নংগোর্=[রং]—বিণ. দুষ্ট ।। ছাওয়াটা খুব্ নংগোর্ হচে । [<নাগর (< নগর সং+অ)] ।

নকর্=[সি ম]—বি. চাকর, ভৃত্য ।। [<নওকর نوکر ফা.] ।

২=[খু]—বি. রহস্য, রগড় ।। চুক্ কর্ নকর্ দেখা যাবে । [<লগড় (<দ্রগড় সং ?)] ।

নকাবুরি=[ম]—বিণ. শয়তান ।। ই মানুটা এক্দম্ নকাবুরি । [<নাগা+বুড়ী] ।

নকি=[সি]—বি. নৌকার দুই পার্শ্বে সংলগ্ন কাঠের খণ্ড বিশেষ ।। নকি ডুবে গেসে যল্দি মাল্ কমা । [<নাক+ই প্র.] ।

নকিশি=[সি]—ক্রি. বি. সাজানো ।। [<নক্শহ্ نقشه ফা.+ই প্র.] ।

নকু=[রং]—বি. মাগুর মাছ ।।

নকুতো=[খু]—বি. দর্শনী ।। মেয়েটার্ নকুতো কিসু দেওয়া আসে । [< লৌকিকতা] ।

নকুর্=[ম]—ক্রি. বিণ. কাঁচুমাচু ।। একেবারে নকুর্ ঐয়া গ্যাসে । [< মেকুর (ভিজে বিড়াল)] ।

নকুল্=[ব]—বি. নাস্তাপানি ।। বশ্শা এনা নকুল্ খান্ । [তুং নকুলদানা] ।

নকুল্ ভাজা=[রং]—বি. চাউল ভাজা ।। জল্দি আমাকে নকুল্ ভাজা দ্যাও ।

নকুল্ শাড়্=[ফ]—বিণ. ভবঘুরে ।। ওতো এক্টা নকুল্শাড় । [<নকুল =(উদ্দাম)+ষাঁড়] ।

নকোতো=[খু]-বি. নতুন কুটুমকে দেয় কাপড় ইত্যাদি উপহার ।। শে বোনাই বাড়ি থেকে কাপড়্খানা নকোতো পেয়েসে । [দেখ নকুতো] ।

নক্=[য]—বি. রাগ ।। [<নাগ< লাগ <রাগ] ।

নক্কৈর্যা=[পা]—ক্রি. চুপ করিয়া ।। আয়্ নক্ কৈর্যা বশ্যা থাকুম্ । [দেখ নক্ +করিয়া] ।

নক্কোনি=[কুম]—বি. নখের কোণ, রোগ বিশেষ ।। [<নখ+কোণ+ই] ।

নক্ করি থাকা=[রা]—ক্রি. চুপ করিয়া থাকা ।। কোনু কথা বলো না, নক্ করি থাক । [দেখ নক্ কৈর্যা+ থাকা] ।

নক্কার্=[রা]—ক্রি. বিণ. গোপনে, চুপ করিয়া ।।

নক্ড়ি=[ম]—বি. লক্ষী ।। অবা কৈর্লে নক্কি সাইরা যায় । [< লক্ষী] ।

নক্কুনি=[নো]—বি. নখের কোণ ।। 'নাপিত্ দেইখ্লে নক্কুনি বাড়ে' । [দেখ নক্কনি] ।

নক্খু=[ব]—বি. নখ ।। [<নখ+ উ] ।

নক্ড়ি=[দি, রং]—বি. কাঠি, বাঁশের তৈরী হাতা ।। [<নাকড়ি <লকড়ী হিং] ।

নক্ত=[খু,য]—বি. রক্ত ।। নাংগা নক্তের্ মত পানি । [<লক্ত<রক্ত] ।

নক্তা=[ফ]—বি. ঝামেলা । বেশি নক্তা বাদাবা না । [<নুক্তঃ نقطه আং ; অর্থ প্র.] ।

২=[চা]—বি. কথার দোষ ।। কতায় কতায় নক্তা ক্যান্ ? [অর্থ প্র.] ।

৩=[কুম, নো]—বি. নমুনা, বাবুগিরি ।। এত নক্তা বালা না । [অর্থ প্র.] ।

নক্তা নাগানো=[কুম]—ক্রি. বিঘ্ন বা অন্তরায় সৃষ্টি করা ।। [দেখ নক্তা +লাগানো] ।

নক্তা বাড়ানো=[য]—ক্রি. কাজ বাড়ান ।। কায্ যা ঐবার্ ঐসে তুমি আর্ নক্তা বাড়াইও না । [দেখ নক্তা +বাড়ানো] ।

নক্নকা=[পা]—বিণ. লক্লকে ।। পুইয়ের্ ডাটা নক্নকা ঐচে' । [<নক্-নক্=লক্লক্ (অনু.)+আ] ।

নক্নক্=[ম]—বিণ. কচি ।। [অনু.] ।

২=[কু]—ক্রি. বিণ. চুপি চুপি ।। [অনু.] ।

নক্রা=[ব, রং, ম]—বি. কৌতুক, ন্যাকামি ।। শব্ শময় নক্রা বালা লাগে না । [<নখ্রহ হিং] ।

নক্রামি=[ফ]—বি. চালাকী ।। তোর্-খালি নক্রামি । [দেখ নক্রা+মি প্র.] ।

নক্লতা=[ব]—বি. স্বর্ণলতা ।। [< আলগ লতা] ।

নক্লানো=[কুম]--ক্রি. তামাশা করা ।। নোয়া যামাই খায় না, নক্লায় ? [<নকল نقل আং+আনো প্র.] ।

নক্শা=[খু]—বি. তামাশা, ঠাট্টা ।। বুড়ো মান্শির্ শাথে নক্শা কর্তি নাই । [<নকশহ্ نقشه ফা.] ।

নখি=[সি]—বি. গরু মহিষ ছাগলের নখ ।। [<নখ+ই প্র.] ।

নখো=[খু]—বিণ. যাহার নখ বড় এবং যাহার মাথায় তৈল নাই ।। [<নখ+উ প্র.] ।

নখ্রাম্=[ম]—বি. বাচালতা ।। [দেখ নক্রামি] ।

নখ্লানো=[সি]—ক্রি. ঠাট্টা করা, রহস্য করা ।। [দেখ নক্লানো] ।

নগড়্=[খু]—বি. রগড়, রহস্য, তামাশা ।। চু'ক্ কর্ নগড়্ দেখা যাবে । [দেখ নকর্ ২] ।

নগতে=[রং]—অব্য. নিকটে, সঙ্গে ।। মোর্ নগতে কিছুই নাই । [<লগ (=নিকট)+তে (সপ্তমী) ; দেখ নগে] ।

নগদ্ নগদ্=[রং]—ক্রি. বিণ. তাড়া-তাড়ি ।। নগদ্ নগদ্ আইশেন্ । [< নকদ্ نقد আং] ।

নগন্=[দি, বা]—বি. পিতল বা তামার বাসন ।। মজলিশে গোস্ত বাঁইটারি তা নগন্ না হলে কি হয় ? [<লগন لگن ফা.]

নগন্=[য]—বি. <রসুন ।।

নগল্=[র]—বি. আঙ্গুল ।। হাতের্ নগুল এক্না আংগুট আচে। [দেখ নংগুল্] ।

নগে=[চা, ম]—অব্য. সঙ্গে ।। তোমার্ নগে যামু না । [<লগে] ।

নগৈল্ পাওয়া=[ম]—ক্রি. সাক্ষাৎ পাওয়া ।। আমি তার্ নগৈল্ পাই নাই । [<নাগাল পাওয়া] ।

নগোর্সি=[সি]—বিণ. অসভ্য ।। লোক্টা নগোর্সি বাউগা । [<নাগর +রসিক] ।

নগ্=[রং]—বি. লোক ।। শকল্ নগ্ তারে মন্দ কয় । [<লোক] ।

২=[খু]—বি. রগ ।। ওর্ নগ্ টিশ্ টিশ্ করে মাতা বেতা নেগে নুয়েচে' । [<লগ<রগ رگ ফা.] ।

নগ্গি=[ম]—বি. লগি ।। নগ্গি নাই তো নৌকা বাইব কি কর্যা ? [<লগ্গ (<লগ্ন সং)+ই প্র.] ।

২=[ম]—বি. প্রহার ।। [অর্থপ্র.] ।

নগ্দা=[চা]—বি. নগদ, সঞ্চিত ।। আকালে মাইন্শের্ নগ্দা ট্যাহা ফুরাইয়া গেসে। [দেখ নগদ+আ. প্র.] ।

২=[বা]-বি. ভাড়াটিয়া দাঙ্গাকারী ।। [অর্থ প্র.] ।

নগ্দি=[খু]—বি. লাঠিয়াল ।। [দেখ নগ্দা,+ ই প্র.] ।

নগ্নেগে=[খু]—বিণ. নূতন নরম, জালি ।। [দেখ নক্নক্+এ] ।

নগ্ভগা=[রং]—বিণ. নিকবটর্তী ।। আমার্ বাড়ি কুড়িগেরামের্ নগ্ভগা । [লগ্ভগ্ হিং] ।

নগ্রি সগ্রি=[খু]—ক্রি. বিণ. গড়ি মসি ।। নগ্রি সগ্রি কর্লে চ'ল্বে না এবার ভাল করে পড়্তে হবে । [দেখ নক্বা+ই+সগ্রি (অনুঃ)] ।

নঘা=[দি,রা]—বি. লগি, আকষি ।। উচা ডালের্ আম্গুলা নঘা দিয়ে পাড়্ । [দেখ নগ্গি] ।

নচ'ক্=[সি]—বি. লজ্জা ।। নচ'ক্ কর্সেনি । [<লস্কা<লজ্জা] ।

নচিয়া=[রং]—বি. বরবটি, সীম ।।

নচে'=[য, খু]—বি. হুকার নল ।। ব্যাতর্ আড়া দে নচে' পরিশ্কার্ কর্ । [দেখ নচ'্যা] ।

নচ'্যা=[সি]—বি. নলচে ।। [<নয়চহ্ نیچه ফা.] ।

নচ্'=[ম]—বি. ধান মাড়াইবার সময় গরু বাঁধার দড়ি ।। ধান্ মারার্ গরু নচে' বাদি নিয়ে আয় ।

নচ্'কে নাগর্=[খু]—বি. যাহার প্রেমে গভীরতা নাই ।। 'না বুঝি কর্লাম্ পিরিতি নচ্'কে নাগর্ ফচ্'কে চে'ারের্ শাথেরে' । [<নাচ (<নৃত্য)+ উকে প্র.+নাগর] ।

নচ্'চ'=[খু]—বিণ. বদমাইশ্ ।। [< লুচচা لچه ফা.] ।

নছল্লা=[দি, রা]—বি. অজুহাত ।। এটা এ্যাক্টা নছল্লা পাছিশ্ । [দেখ নসল্লা,] ।

২=[রং]—বি. প্রশ্রয়, লোভ ।। নছল্লা না পালে কি আশে ? [অর্থ প্র.] ।

নছ্রা পাল্টা=[রং]—বিণ. যেমন তেমন ।। এক্টো নছ্রাপাল্টা মাম্লা করি দে ।

নযর্ গোযারি=[সি]—বি. দেখাশুনা, খেয়াল ।। আমার্ বারিটায় নযর গোযারি রাইক্খ । [<নযর نظر আং+ গুযার گذار ফা. +ই] ।

নযর্ তার্সক্=[সি]—বি. বাঁদীর ছেলে ।। নযর্ তার্সকের্ সেজে । [দেখ নযর্ গোযারি ; তসর্রুফ্ تصرف আং] ।

নযর্ দেওয়া=[সি]—ক্রি. কুদৃষ্টি দেওয়া ।। বালা যিনিশ্ দেখ্লেও নযর্ দেনায় । [দেখ নযর্ গোযারি ; নযর+ দেওয়া] ।

নযিং=[য]—বি. লজিং, অন্যের বাড়ীতে থাকার ব্যবস্থা ।। আমার্ এক্টা নজিং ঠিক্ করে দেওত ভাই । [< লজিং lodging ইং] ।

নযিক্=[চা]—ক্রি. বিণ. এদিকে, শীঘ্র ।। [<নয্দীক نزدیک ফা.] ।

নযিরা=[চা]—বি. চিহ্ন, আলামত ।। কেয়ামতের্ নযিরা দেহা যাইতাসে । [<নযীর نظیر আং+আ প্র.] ।

নযুফযু=[ম]—বিণ. অকেজো, যা-তা ।। শে এক্যন্ নযুফযু লোক্ ।

নযেন্=[য]—বি. লজেঞ্জুস, শর্করাদির দ্বারা প্রস্তুত চোষ্য ।। আমায়্ এক্টা নযেন্ দাও । [<লজেন্স lozenges ইং] ।

নয্গয্=[কু]—বিণ. ঢিলা ।। শাহেদা নয্গয্ বাবের্ মেয়ে । [অনু.] ।

নয্যত্=[ম]—বি. আস্বাদ ।। [< লয্যত্ لذت আং] ।

নয্যা=[য]—বি. লজ্জা ।। তোর্ নয্যা নেই । [<লজ্জা] ।

নয্যিস্=[কুম]—বি. বাহ্য, নাপাক ।। [নজিস نجس আং] ।

নয্ বিল্লা=[সি]—অব্য. ঘৃণা বোধক ।। [<না'উযু বিল্লাহ نعوذبالله আং = আমরা আল্লাহর শরণাপন্ন হইতেছি] ।

নটক্=[রং]—বি. ফলের গাছ বিশেষ ।।

নটর্ পটর্ করা=[রং]—ক্রি. অবহেলা করা ।। [<নটর পটর (অনু.) +করা] ।

নটর্ বটর্=[ম, চা]—ক্রি. বিণ. নড় বড়, এলোমেলো ।। দাত্টা পর্ব তাই নটর্ বটর্ করে । [অনু.] ।

নটা=[ফ]—বি. এক প্রকার ঘাস ।। নটা গাশের্ হাযার্ পন্চ'াল্ ব্যাকা ।

নটা দিঘা=[ফ]—বি. আমন ধান । বিশেষ ।।

নটি=[খু]—বি. পাচন ।। [<নড়ি] ।

নটিনিরা=[কুম]—বি. বেশ্যা স্ত্রীলোক ।। নটিনিরার্ পিসে শে বহুত্ ট্যাহা লুডাইসে । [<নটী সং+নী প্র.+রা] ।

নট্‌য়া=[রং]—বি. নর্তক ॥ নটুয়া কোনার্ শরম্ কম্। [<নট+উয়া প্র.]।

২=[বা]—বি. পরনারীতে আসক্ত, লম্পট ॥ [<নট(<নষ্ট সং)+উয়া প্র. ; কিংবা অর্থ প্র.]।

নটৈ=[দি]—বি. শিম ॥ গাসে খুব্ নটৈ ধর্‌সে।

নট্‌=[দি]—বি. ঢেঁকির উদুখল ॥ [তুং লুট, লোট্]।

নট্‌কা=[ম]—বি. বৃদ্ধাংগুলি প্রদর্শন ॥ তুই আমার্ নট্‌কা কর্‌বি। [< নগঠা<আংগূঠা হিং]।

২=[ঢা]—বি. ফাঁকি ॥ [<লটকা (<লটকান)]।

নট্‌কেরা=[খু]—বি. ভবঘুরে ॥ যত শব্ নট্‌কেরা আইশে যুট্‌সে। [< নাটক+অয়িরা প্র. কিংবা বাউরা< বাতুল+আ প্র. ; দেখ নড়্‌বাউলা]।

নট্‌কো=[রং]—বি. একপ্রকার অম্ল ফল ॥

নট্‌খড়ি=[ঢা]—বি. আপত্তি, অসুবিধা ॥ হগল্ কাযে এত নট্‌খড়ি বাযান্ বালা না। [<নট্‌খটী হিং]।

নট্‌খৈটা=[ম]—বিণ. অশান্ত ॥ উ কি নট্‌খৈটা পোলা! [দেখ নট্‌খড়ি +ইয়া প্র.]।

নট্‌খৈট্যা=[ঢা]—বিণ. গণ্ডগোল সৃষ্টি-কারী ॥ হেইতে যবর্ নট্‌খৈট্যা মানুশ্। [দেখ নট্‌খৈটা]।

নট্‌ঘটে=[খু]—বি. জটিল ॥ কায্‌টা বড় নট্‌ঘটে।

নট্‌টন্=[খু]—বি. মুক্তা, গাছ বিশেষ ॥

নট্‌পটা=[রং]—বি. খাতির ॥

২=[রং]—বি. নড়াচড়া ॥

নট্‌পটে=[খু]—বিণ. যে সম্পূর্ণ সুস্থ নহে ॥ সেলেটি নট্‌পটে।

নট্‌পেটা=[ম]—বিণ. জীর্ণ, পুরাতন, অর্ধভগ্ন ॥ গরের্ ব্যারা নট্‌পেটা ঐয়া গেসে। [দেখ নট্‌পটা$_২$]।

নট্‌ফল্=[ব]—বি. এক প্রকার ফল ॥

নঠা=[ম]—বিণ. নীরস ॥ নঠা যমির্ দাম্ কম্ ॥ [<নষ্ট সং]।

২=[ম]—বিণ. বাজে ॥ নঠা লোকের্ বিশ্‌শাশ্ কি! [<নষ্ট সং]।

৩=[ব]—বিণ. দুষ্ট, পাজি, অশান্ত ॥ [দেখ নঠা$_২$]।

নঠান্=[ব]—ক্রি. অম্ল হইয়া নষ্ট হওয়া ॥ [দেখ নঠা (নাম ধাতু)+ আন প্র.]।

নডা=[ঢা, বা]—বিণ. দুষ্ট, খাট ॥ নডা মাইন্‌শের্ কতা বেশি। [দেখ নঠা$_৩$]।

নডি=[সি, ঢা]—বি. নর্তকী (গালি অর্থে) ॥ নডির্ লাহাল্ চ'লিস্ না। [<নটী সং]।

নড়ক্=[রং]—বি. প্রতিযোগিতা ॥ এবার্ মেলাত্ চাইর্ দল্ গানের্ নড়ক্ হবে। [<লড়(<লড়ন)+ক প্র.]।

নড়াই=[খু]—বি., বিণ. সাধারণ প্রচলিত দর ॥

নড়ায়ে=[খু]—অস. ক্রি. দৌড়াইয়া। নড়ায়ে যা ওকে ডেকে আন্। [< লড়াইয়া ; দেখ নড়্$_১$]।

নড়ি ঝড়ি করা=[রং]—ক্রি. নাড়া-চাড়া করা ॥ বেশি নড়িঝরি করো না। [<নাড়া ঝাড়া+করা]।

নড়ৈ শাক্=[খু]—বি. ধানের নাম বিশেষ ॥

নড়্=[খু]—বি. নহর, নালা ॥ [নাড়ি সং]।

২=[খু]—বি. দৌড় ॥ [<লড়]।

নড়্‌কা=[পা]—বি. মাছ ধরার উদ্দেশ্যে পুঁতিয়া রাখা বড়শী ॥ রাইতে নড়্‌কা দিসিলাম্।

নড়্‌বাউলা=[দি]—বিণ. ভবঘুরে ॥ [<নট+বাতুল+আ প্র.]।

নড়্‌মারা=[খু]—ক্রি. দৌড় দেওয়া ॥ শিগ্‌গির নড়্‌মার্। [দেখ নড়্$_২$+ মারা]।

নড়্‌লি=[খু, য]—বি. অন্ননালী ॥ নড়্‌লিতে ভাত্ ঠেক্‌সে। [দেখ নড়্+ লি প্র.]।

নতর্‌ ফতর্=[ঢা]—বি. গণ্ডগোল ॥ আর্ নতর্‌ফতর্ করিস্ না। [অনু.]।

নতা=[ম]—বি. একপ্রকার অস্ত্রের হাতল, সুতারদের বাইশের হাতল ॥ নতাখানা দাও তো।

নতাগত্=[ম]—বিণ. মরণোন্মুখ ॥ তার্ অবস্থা নতাগত্ হৈসে।

নতামি=[ফ]—বি. মানিয়া না চলা ॥ ওর্ নতামির্ যালায় আর্ পারা যায় না। [দেখ নঠা+মি প্র.]।

নতি=[য]—বি. বেশ্যা, বদমাইশ মেয়ে লোক ॥ নতির্ কথায় বিশ্‌শাশ কি? [<নটী সং]।

২=[ম, ফ]—বি. লতা, শিকড় ॥ কচু'র্ নতি তুল্‌বার্ লাগ্‌স। [<লতা +ই প্র.]।

নতু=[য]—বিণ. ছোট্ট ॥ এশব্ নতু কায্ বাদ্ দাও।

নত্=[খু]—বি. বাকল ॥

নত্‌ন=[য]—বি. রত্ন ॥ নত্‌নর্ মুল্ল খুব্ বেশি। [<নত্ন<রত্ন]।

নত্‌নি=[য]—বি. নোলক ॥ নত্‌নি নাকে দ্যাও। [<নত+নি প্র.]।

নথ্=[খু]—বি. রথ ॥ আশাড়্ মাশে নথের্ মেলা। [<লথ<রথ]।

নথ্‌নি=[খু]—বি. নাকের গহনা ॥ [দেখ নত্‌নি]।

নদন্=[সি]—বিণ. নতুন ॥ ইটা নদন্ ডেকি। [<নতুন<নূতন (< নব+তন সং)]।

নদান্=[ব]—বিণ. নির্বোধ, বোকা ॥ [<নাদান نادان ফা.]।

নদি=[রং]—বি. বাহ্য, দাস্ত ॥ মোর্ আইজ্ তিন্‌বার্ নদি হচে। [<নাদ (<লণ্ড সং)+ই প্র.]।

নদিস্‌সা=[চট্ট]—বি. ঋণ পরিশোধে অনিচ্ছুক ব্যক্তি ॥ এই নদিস্‌সারে আর্ টিঁয়া দিস্ ন। [<না+দিস< দে+আ প্র.]।

নদ্‌ল্‌লা=[ফ]—বি. ইয়ারকি ॥

নদ্‌নদা=[পা]—বিণ. নাদুসনুদুস, মোটাতাজা ॥ খাশিটা নদ্‌নদা। [< নদ্‌নদ্ (অনু.)+আ প্র.]।

নদ্‌বদ্‌=[ম]—বিণ. শোচনীয়, অতিরিক্ত দুর্বল ॥ গাইটার্ অবস্থা নদ্‌বদ্ দুই এক্ দিনের্ মৈদ্দে বিয়াবো। [অনু.]।

ননন্=[সি, চট্ট]—বি. ননদ ॥ ননন্ আইয়ে হাওত্ যাওন্ লাইগ্‌ব। [<ননদ (ননন্দৃ সং)]।

ননশ্=[য]—বি. ননদ ॥ [দেখ ননাশ্]।

ননরি=[সি]—বি. স্বামীর বড় ভগ্নী ॥ ননরিকে দেইখ্যা বৌটা ডরায় । [দেখ ননশ্+হউরি <শ্বাশুড়ী]।

ননাই=[চট্ট,নো]—বি. স্নেহ, আদর ॥ হ্যাতে সেলেগারে খুব ননাই করে। [<নেহ(<স্নেহ সং)+আই]।

ননাইয়া=[চট্ট,নো]—বি. ছোট শিশু ॥ ননাইয়া তুই আর্ কোলে আয়্। [দেখ ননাই+আ]।

ননাশ্=[সি]—বি. স্বামীর বড় বোন ॥ [দেখ ননন্+শাশ <শাস <শ্বশ্রূ]।

২=[ম]—বি. নষ্টকারী ॥

ননু=[খু]—বি. খোকন ॥ ননু গেসে কৈ ?

নন্=[কুম]—বি. ননদ ॥ বৌটাকে তার্ নন্ বর কশ্‌ট দ্যায়্। [দেখ ননন্]।

নন্‌টন্=[পা]—বি. লণ্ঠন ॥ [< লণ্ঠন (lantern ইং)]।

নন্‌ড্‌ভন্‌ড্=[ব]—ক্রি. বিণ. এলোমেলো, লণ্ডভণ্ড ॥ কাম্‌টা তুই নন্‌ড ভন্‌ড কর্‌লু। [<লণ্ডভণ্ড]।

নন্‌দাস=[দি]—বি. স্বামীর ভগ্নীপতি ॥ [দেখ ননাশ্ +অই <পতি সং ; তুঃ বোন+আই=বোনাই]।

নন্‌দা=[রা]—বি. গোবর দিয়া তৈরী জ্বালানি, ঘুঁটে ॥ নন্‌দার্ বালে খড়ি না হলেকি বাল্ বলে ? [<নাঁদা < নাদা (দেখ নদি)]।

নন্‌দাই=[পা]—বি. মেনি মাছ ॥ নন্‌দাই মাস্ নড়াচ'ড়া করে না।

নন্‌দাইয়া=[কুম, নো]—বি. ননদের স্বামী ॥ নন্‌দাইয়া আইসে। [<নন্দাই +আ প্র.]।

নন্‌দে=[রা]—বি. ননদের স্বামী ॥ [দেখ নন্‌দাইয়া]।

নন্‌নশ্=[নো]—বি. স্বামীর বড় বোন ॥ [দেখ ননাশ্]।

নন্‌ভন্=[রং]—ক্রি. বিণ. লণ্ডভণ্ড ॥ [দেখ নন্‌ড ভন্‌ড]।

নন্‌শশ্=[চট্ট]—বি. স্বামীর বড় বোন॥ আয়্‌গুয়া আর্ নন্‌শাশ্ আইয়ে। [দেখ ননাশ্]।

নন্‌শাশ্=[ম]—বি. স্বামীর বড় বোন ॥ [দেখ ননাশ্]।

নন্‌শ্‌পৈত্‌তা=[কুম]—বি. স্বামীর বড় ভগ্নীপতি। [দেখ ননাশ্+পতি +আ প্র.]।

নন্‌সা পৈতা=[নো]—স্বামীর বড় ভগ্নীপতি॥ নন্‌সাপৈতার্ লাগি পিঠা বানি। [দেখ নন্‌শ্ পৈত্‌তা]।

নন্‌হরি=[সি]—বি. স্বামীর বড় বোন ॥ [দেখ ননরি]।

নপক্‌খানেক্=[রং]—বিণ. অর্ধাঞ্জলি পরিমাণ ॥ নপক্‌খানেক্ চাল্ দিবি বাহে ? [<নব (<√নূ+অ সং)+ক+খান+এক]।

নপ্‌তা=[কু]—বি. নাতি, দৌহিত্র ॥ [নপ্তৃ সং]।

নফলা=[ম]—বি. বাহাদুরী ॥ অত নফলা বালা না।

২=[চট্ট]—বিণ. স্বাস্থ্যবান্, বলিষ্ঠ ॥ নফলা পোয়া ॥

নফা=[দি]—বি. মাছ ধরিবার উপকরণ বিশেষ ॥

নফ্‌ষানি=[সি]—বি., বিণ. স্বার্থপর ॥ [নফ্‌সানী হিং, আং নফ্‌স نفس হইতে+আনি প্র.]।

নবডং=[দি]—বি. বড় সতরঞ্চি ॥

নবন্=[য]—বি. লবণ ॥ [<লবণ]।

নবর্‌ খন্‌ডি=[রং]—বিণ চতুরা, চালাক ॥ তুই জে নবর্‌খন্‌ডি বেটি ছাওয়া !

নবাদশা=[ম]—বি দুঃখ কষ্ট ॥ [< নব+দশা]।

নবান্=[দি, রা]—বি. নবান্ন ॥ নবানের্ দিন্ শবাই খুশি। [<নব+অন্ন]।

নব্‌বার্=[য]—বি. রবার ॥ নবার্ সিঁড়ে গেসে। [<লবার<রবার rubber ইং]।

নবা সেয়াল=[চট্ট]—বি. অল্পবয়স্কা মেয়ে ॥ [<নব+ছাও(<শাবক)+ আল প্র.]।

নবা সোয়ালি=[চট্ট]—বি. অল্পবয়স্কা মেয়ে ॥ [দেখ নবা সেয়াল্]।

নবিয়ার্‌ সরিয়ার্‌ পো=[বা]—বি. ছোট লোকের বাচচা ॥ নবিয়ার্ সরিয়ার্ পোরে চে'য়ারে বশ্‌ত দিল্ কেডা ?

নবিলা=[ম]—বিণ. নূতন ॥ এত নবিলা কথা কৈ পাও ? [<নব+ইলা প্র.]।

নবুদ্=[ঢা]—বি. ল্যাঠা ॥ কাম্‌টা করতে নবুদ্ আসে। [<না+বুঝ(< বোধ)]।

নবে=[কুম]—বি. নয়, ৯ ॥ নবে রে দশ্। [<নব+এ]।

নবেযাল্=[খু]—বিণ. ক্লান্ত ॥ [লবেজান لب جان ফা.=ওষ্ঠাগত প্রাণ]।

নব্=[ঢা]—বিণ. নবাব, নোয়াব ॥ ডাহার্ নব্ বারিডা চি'নশ্ ? [< নওআব نواب আং]।

নব্‌জ=[রং]—বি. অভ্যাস ॥ মিসা কতা কওয়া ওর্ এক্‌টা নব্‌জ হচে। [<লফ্‌য لفظ আং]।

নব্‌জা=[রং]—বি. সুযোগ, কায়দা ॥ ঐ লোক্‌টা বাড়ি আশার্ নব্‌জা পায়া এই খতি কর্‌লে। [<নব্‌য نبض আং=নাড়ি, pulse]।

নব্‌ঝামা=[কুম]—বিণ. সংকটপূর্ণ ॥

নব্‌দে=[ম]—বি. প্রচলন ॥ এশব্ কথার্ নব্‌দ পাও কৈ ? [দেখ নব্‌জ]।

২=[ম]—বি. সুযোগ, প্রশ্রয় ॥ খ্যাতে নব্‌দ নেগেসে। [দেখ নব্‌জা]।

নব্‌দি=[ব]—বি. প্রস্রাব ॥ [< নগ্‌গি<লঘ্বী সং]।

নব্‌শুগা=[ম]—বি. নপুংসক ॥ নবশুগার্ আবার্ বিয়া কি ! [<নপুংসক+আ]।

নমক্=[ব]—বি. লবণ ॥ তর্‌কারিত্ নমক্ দ্যাও। [<নমক نمک ফা.]।

নমশুত্=[সি]—বি. নমঃশূদ্র ॥ নমশুতর্ এ্যাত ত্যায়্। [<নমঃশূদ্র]।

নমাতি=[চট্ট]—অস. ক্রি. চুপ থাকিয়া ॥ নমাতি খাইত ন পারস্। [<না+মাতি(<মাতন)]।

নমির্‌লা=[ম]—বিণ. বিনয়ী, নম্র ॥ তাইন্ খুব্ নমির্‌লা মানুশ্। [<নম্র+ইল+আ প্র.; বর্ণবিপর্যয়]।

নম্প=[দি]—বি. ঢাকনাবিহীন বাতি ॥ [<ল্যাম্প lamp ইং]।

নম্পো=[য, খ]—বি. প্রদীপ, আলো, বাতি ॥ নম্পো নিবি গ্যাসে। [দেখ নম্প]।

নম্বা=[ম]—বি. লোম ॥ [<লোম সং+আ]।

নম্‌লা=[দি,রা,ব]—বিণ. বিলম্বিত ॥ নম্‌লা রোপা ধান্ ভালোই হৈছে। [<(বি)লম্ব+লা প্র.]।

নয়ন্ কল্‌মা=[রা]—বি. ধানের নাম ॥

নয়াড়ি=[পা]—বি. নতুন মাছ ॥ আয়্ হাটে খুব নয়াড়ি আইসিল্। [<নব+আড়ি প্র.]।

নয়ান্ ঝুনি=[ব, য, খু]—বি. রাস্তার দুইপাশের জলাশয়। [<নয়ানজুলি]।

নয়ালি=[ম, খু]—বি. নূতন মাছ ॥ আইয়্ বাযারে নয়ালি উট্‌সে। [<নব+আলি প্র.]।

নয়াল্=[ব]—বি. বাচ্চা মুরগী ॥ [<নব+আল প্র.]।

নয়ে নয়ে=[খু]—ক্রি. বিণ. ধীরে ধীরে ॥ নয়ে নয়ে কথা কয়্। [<লয়ে লয়ে<রয়ে রয়ে<রহিয়া রহিয়া]।

নয়্=[ব]—বি. সুযোগ ॥ কত নোক্ দেখি বড় নয়্ পায়্যা গেচে'। [<লয়(তাল)]।

নয়কো=[চট্ট]—অব্য. না হয় কেন ॥ নয়কা আই তোঁয়ারে মাইয়া বিয়া দিই? [<নয়+কেন]।

নয়্‌দা=[খু]—বিণ. নূতন ॥ নয়্‌দা বৌ। [<নব+দা]।

নয়্‌নয়্=[রং]—ক্রি. বিণ. ধীরে, ধীরে, আস্তে আস্তে ॥ তুই জে নয়্‌নয়্ হাঁটিশ্। [দেখ নয়ে নয়ে]।

নয়্‌না=[পা, খু, য]—বি. মাছ বিশেষ ॥

নয়্‌না গাস্=[য]—বি. রয়না গাছ। নয়না গাসর্ কাট্ বেশি ভাল না।

নয়্‌পানি নয়্‌তর্=[ঢা]—বি. নৌকাও চলে না আবার হাঁটিয়াও যাওয়া যায় না এইরূপ অবস্থা ॥ কার্‌তি মাশে নয়্ পানি নয় তর্। [<নয়<নহে পানি +নহে তর্]।

নয়্‌রো=[ব]—বি. কড়াই ॥

নরন্=[কুম, নো]—বি. নখ কাটার নরুন ॥ [<নরুন(<নখ হরণিকা সং)]।

নরম্ তরম্=[ঢা]—বিণ. নম্র স্বভাবের ॥ আমাগো বৌ খুব নরম্ তরম্। [<নম্র+তরম অনু:]।

নরা=[ঢা]—বি. ঘরের উপরের টানা কাঠ ॥

নরাচ্=[কুম]—বি. বীম, তাঁতীদের টানা সুতা যাহাতে জড়ানো থাকে ॥ [<নারাচ সং]।

নরি=[কুম]—বি. মুরগী ॥ নরিডা কর্‌করায়্।

নরিং=[বা]—বি. নখ কাটার অস্ত্র ॥ নরিং দিয়া নক্ কাটে। [দেখ নরন্]।

নরিনামা=[ম]—বি. রদবদল, নড়চড় ॥ আমার্ কথা নরিনামা অব না। [<নড়া+নামা]।

নরিনামে=[পা]—ক্রি.বিণ. পরিণামে ॥ নরিনামে ওর্ বিপদ্ আসে। [<পরিণামে]।

নরিলোহো=[পা]—বি. ইহলোক ॥ নরিলোহো শুখ্ আসে বটে। [<নরলোক বা মরলোক]।

নরুন্=[রা]—বি. হাতকল জাতীয় যন্ত্র বিশেষ ॥ [দেখ নরন্]।

নরৈংগা=[চট্ট]—বিণ. একটু বড় ॥ সাগলের্ সাওডা নরৈংগা ঐ উড্‌সে।

নরৈন্=[ম, ঢা, সি]—বি. নরুন, নখ কাটার অস্ত্র ॥ নাপিতের্ যুলিতে নরৈন্ আসে। [দেখ নরন্]।

নরৈন্ নরৈন্=[ঢা]—বিণ. ক্ষুদ্র ক্ষুদ্র ॥ এ্যাত নরৈন্ নরৈন্ মাস্ খাওন্ যায়্ না। [দেখ নৈরন্; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

নর্=[পা]—বি. দড়ি, রশি ॥ নর্‌গাস্ পাহাও।

নর্‌কৈতর্=[চট্ট]—বি. পুং কবুতর ॥ নর্‌কৈতরের্ লগে মাদি কৈতর্ রাহন্ লাগে। [<নর+কবুতর]।

নর্ ঝামা=[পা]—বি. পানি নিষ্কাশনের নালা ॥ নর্‌ঝামাটা শাপ্ কর। [<নর্দমা]।

নর্‌মাই=[খু]—বিণ. মেঘলা ॥ নর্‌মাই দিন্। [<নম্র+আই প্র.]।

২=[সি]—বি. বিনয়, কোমলতা ॥ বদ্‌রলোকের্ কি নর্‌মাই। [পূর্বে দেখ]।

নর্‌মিন্‌দা=[সি]—বিণ. নরম ভাবাপন্ন ॥ লোক্‌টা বর নর্‌মিন্‌দা। [<নম্র+ইন্দা; 'শরমিন্দা' শব্দের সাদৃশ্যে]।

নর্‌মিয়াত্=[বা,সি]—বি. নম্রতা ॥ সেলেটার্ খুব নরমিয়াত্ আসে। [<নম্রতা; আরবী শব্দের সাদৃশ্যে]।

নর্‌শিং=[রং]—বি. তীব্র গন্ধযুক্ত ভেষজ ॥ নর্‌শিংয়ের্ পাতা খাওয়াইলে গরুটা শার্‌তো।

নলচ্'=[ম,ফ]—বি. এক প্রকার গহনা ॥ দেখি ক্যামন্ নলচ্' গরালে? [<নোলক সং]।

২=[ফ]—বি. লোভ ॥ অত নলচ্' করা বালো না। [<লালস (<লালসা সং)]।

নলট্=[ফ]—বি. নোলক ॥ নয়া বৌয়ের নাকে নলট্ নাই ক্যান্? [দেখ নলচ্']।

নলর্=[কুম]—বি. ধান বিশেষ ॥ নলর্ দান্ বালা।

নলা=[চট্ট]—[চট্ট, সি, কুম]—বি. পায়ের লম্বা হাড় ।। নলা ভাংগি গেইয়ে (চট্ট) । [<নল+আ প্র.] ।

২ =[নো,কুম]—বিণ. এখনও প্রসব করে নাই এমন ।। গাইটা এখনো নলা । [<নব+লা] ।

৩=[রা]—বি. হাতের কবজি ।। অসুখে ভুগে ভুগে তোমার্ নলা চিকন্ হয়ে গেছে । [দেখ নলা] ।

৪=[ম, কুম]—বি. লোকমা, গ্রাস ।। বাতের্ নলা মুহে দে । [<নোলা নৱালহ্ نوالة আরবী হইতে ফা.] ।

৫=[বা, চা]—বি. রুই মাছের বাচ্চা ।। আয়্ বাষারে খুব্ নলা উট্‌সে । [দেখ নলা২] ।

নলি=[সি]—বি. জাহাজের চাকুরিয়াদের সার্টিফিকেট ।। শফাত্ কৈল্ কাত্‌তির্ নলি হারাই ফালাইসে ।

২=[চা, সি]—বি. একজাতীয় বাঁশ ।। [<নল+ই প্র.] ।

৩—[পা]—বি. শ্বাসনালী ।। তর্ নলি টাইনা সিড়্‌মু । [<নালি] ।

৪ =[ম,রা]—বি. জাল বোনার যন্ত্র ।। [অর্থ প্র.] ।

৫ =[খু,য]—বি. খেজুর গাছের রস বাহির করিবার জন্য বিশেষ ধরণের বাঁশের শলাকা ।। গাসে নলি দাও আমি ঠিলা আন্‌সি । [অর্থ প্র.] ।

৬ =[ম]—বি. জীবজন্তুর নখ ।। বাগের্ নলির্ খাম্‌চার্ দাগ্ মুসে না ।

নলি চিঠি=[চট্ট]—বি. জাহাজীদের সার্টিফিকেট ।।

নলি শাক==[সি]—বি. পাটশাক ।। নলি শাক্ তিত্যা । [<নলি (<নলি৹ সং)+শাক] ।

নলু৭=[খু]—বি. যে কাঠি বাহিয়া গেজুর গাছের রস বাহির হয় ।। [<নাল+উ প্র.] ।

নলুয়া=[রং]—বি. বেদে ।। [<নল +উয়া প্র. ; নলের কাজ করে যাহারা] ।

২=[সি]—বি. নলপুর্ণ ।। নলুয়া আওরর্ মাস্ গাস্ আর্ দানর্ শিমা আসেনি । [<নল+উয়া প্র.] ।

নলেন রশ=[খু]—বি. প্রথম গাছ কাটিলে বা বছরের প্রথম যে রস হয় ।। [<নলেন রস] ।

নলের বাশ=[রং]—বি. গরুর গাড়ীর পাশের দুইটি সরু ও লম্বা বাঁশ ।। নলের্ বাশটা ধরিশ্ তো ধাক্‌কা আছে । [< নল+এর (বিভক্তি)+বাঁশ] ।

নলোপতো=[খু]—বিণ. অধিক ।।

নল=[সি]—বি. জমি মাপিবার সাত হাত লম্বা বাঁশ বিশেষ ।। এ্যাক নলের্ কমে গোপাট্ অয়্ না । [অর্থ প্র.] ।

নলকার=[ব]—বি. আশা ।। দিতে অয়্ দেও, মিসা নল্‌কার্ দিও না । [< লল্‌কার হিং] ।

নলকাহর=[চা]—বি. একপ্রকার পাখি ।। নল্‌কাহর্ মাস্ খায়্ ।

নলকোশ=] ফ]—বি. লাল রংয়ের চিকন আমন ধান ।।

নলগোগা=[চা]—বি. একপ্রকার পাখি ।। নল্‌গোগায় মাস্ খায় ।

নলচুনডি=[রং]—বি. গলা ।। মোর্ শাথে ছেল্‌লা ছেল্‌লি করিশ্‌না, নল্‌চুনডি ছিড়ি নেইম্ । [<নালি+টেঁটা হিং] ।

নলদে কুটুম=[খু]—বি. নূতন আত্মীয় ।। বুয্‌সি নল্‌দে কুটুমির্ ভাও ।

নলনল=[ম]—ক্রি. বিণ. নড়বড় ।। খিরের্ ষাউ শাম্‌নে পাই যিব্‌বা নল্‌নল্ করে । [অনু.] ।

নল পাউরিয়া=[চট্ট]--বি. দ্বীপাঞ্চলের গাছ বিশেষ ।।

নলপানি=[য]—ক্রি. বি. বিদ্যুৎ চমকানো ।। মেঘে আযো নল্‌পানির্ ভাব্ কৈর্‌সে ।

নলফলানো=[খু , ষ]—ক্রি. বড় হইয়া উঠা ।। [<নল্‌ফল্ (অনু.)+ আনো প্র.] ।

নলফুল=[ষ]—ক্রি. বিণ. অতিমাত্রায় কাঁচা ।। কি নল্‌ফুল্ পেয়ারা পাড়স্ । [<নব+ল প্র.+ফুল] ।

নললি=[দি, রা]—বি. গলনালী ।। ঢোক্ গিল্‌বার্ শময়্ নল্‌লিটায়্ লাগে কি জেন্ হৈছে । [<নালি] ।

২=[চা]—বি. হাঁটু ও পায়ের গোড়ালীর মধ্যবর্তী বাঁকা অংশ ।। তর্ নল্‌লি বাইংগা দিমু । [অর্থ প্র.] ।

নশর পশর=[রং]—বিণ. ঢিলা ।। [অনু.] ।

নশা=[বা]—বি. নওশা, নববিবাহিত বর ।। [<নওশহ্ نوشه ফা.] ।

২ =[চট্ট]—বি. কাটা বা অর্ধমৃত গাছে নবোদগত কুঁড়ি ।। [<নব+ শাখা কিংবা নশা' نشا আং] ।

নশো গোললো=[য]—বি. <রসগোল্লা ।।

নশকেলি=[ম]—বি. ইয়ার্কি ।। নশ্‌কেলি করেয়া না আমার্ লগে । [< রস+কেলি] ।

নশটাইন=[নো]—বি. স্বামীর বড় বোন ।। [<নশ (দেখ ননাশ্)+ঠান (<ঠাকুরাণী)] ।

নশটাইল=[কুম]—বি. নষ্টচন্দ্র ।। [<নষ্ট+আলি প্র.] ।

নশটামি=[য]—বি. দুষ্টামি ।। করিম্ সোড়া খুব নশ্‌টামি করে । [<নষ্ট+ আমি প্র.] ।

নশটি ফশটি=[ম]—বি. বড়াই, চালচলন ।। তার্ নশ্‌টি ফশ্‌টি আমার্ মোডেই পসন্‌দ অয়্ না । [অনু.] ।

নশশ=[রং]—বি. তুচ্ছ ।। জমিদারেরই ডরে না, তুইতো নশ্‌শ । [<নস্যা< নস্যাৎ সং] ।

নশশা=[চট্ট]—বি. কাটা বা অর্ধমৃত গাছে নবোদগত কুঁড়ি ।। [দেখ নশা২] ।

নশশিন কাডাইল=[ফ]—বি. মধ্যভাগে চেরা চাকু বা ছুরির বাঁট ।। [<নকশ্ نقش আং+ইন প্র.+ কাটারী] ।

নশশে৭=[ফ]—বি. আজ হইতে পঞ্চম দিন ।। [পরশু, তরশু প্রভৃতি শব্দে সাদৃশ্যে] ।

নসল্‌লা=[ম, কুম, য, খু, ফ]—বি. ভঙ্গি ॥ [দেখ নসল্‌লা₂]।

২=[কুম]—বি. রীতি, রেওয়াজ ॥ নসল্‌লা মত কাম্ কর? [<মস্অলঃ مسئلہ আং]।

৩=[ম]—বি. দোষ ॥ কথায় কথায় নসল্‌লা দৈর না। [অর্থ প্র.]।

নসা=[চট্ট]—বি. ধানের থোড় আসার আগে গরু খাওয়া ধান হইতে গজানো পাতা ॥ [দেখ নশা]।

নসাই=[বা]—বি. জামাই, বর ॥ নসাই আইসে। [দেখ নশা+ই]।

নসিকে=[য]—বিণ. আমুদে॥ যামাই বড় নসিকে। [<লসিক<রসিক+এ প্র.]।

নসিতে=[সি]—বি. উপদেশ ॥ [< নসীহত نصیحت আং]।

নসিমাস=[ফ]—বি. রুই মাছের পোনা ॥ নসিমাসের্ মুর্যা খুব্ শাদ্।

নস্‌মস্‌=[ম]—বিণ. হেয়, অবজ্ঞেয় ॥ খান্ শাব্‌রে অত নস্‌মস্ লোক্ বাইব না।

নসে যাওয়া=[ব]—ক্রি. মুশড়াইয়া পড়া ॥

নসোপ করা=[পা]—ক্রি. পোঁতা, গাড়া, লাগানো ॥ [<নসব نصب আং +করা]।

নসোর=[কুম]—বি. খারাপ, বজ্জাত ॥ এমুন্ নসোরের্ পাল্লায় পর্‌লাম্! [<নচ্ছার]।

নস্=[নো]—বিণ. অকর্মণ্য ॥ হোলাগা এ্যাক্‌সার্ নস্।

২=[ঢা]—বি. বাধা ॥ বালা কামে খালি নস্ নাগে। [অর্থ প্র.]।

৩=[খু, য]—বি. রস॥ গাস্ কাট্‌লি গায় নস্ পড়ে। [<লস< রস ॥

নসাক=[সি]—বি. শাস্তি ॥

নস্‌কা=[কুম]—বি. পুংলিঙ্গ॥ বেরেশ্‌টার্ নস্‌কায় গা হৈ গ্যাসে।

নস্‌তি=[ম]—বি. লাটিম ঘোরাইবার দড়ি ॥ লাটিমের্ নস্‌তিটা কৈ?

নস্‌নস্=[ঢা]—ক্রি. বিণ. বাড়াবাড়ি ॥ বেশি নস্‌নস্ করিস্ না। [অনু.]।

নস্‌মি=[পা]—বি. আদব কায়দা, তমিজ ॥ [<লছমী<লক্ষ্মী]।

২=[ফ]—বিণ. শারীরিক চাকচিক্য ॥ [অর্থপ্র.]।

নস্ লাগাইন্যা=[ঢা]—বি., বিণ. ঝামেলাকারী ॥ [দেখ নস্₂+লাগান +ইয়া প্র.]।

নস্ লাগানো=[ঢা]—ক্রি. ঝামেলা করা, বিঘ্ন ঘটানো ॥ [দেখ নস্₂+ লাগানো]।

নহয়=[চট্ট]—বি. সামান্য সময় ॥ [<লহ্যঃ لحظہ আং]।

নহরে=[রং]—বি. উপলক্ষ্য ॥ [< লহর(<লহরী সং)]।

নহান=[রা]—বি. কৌতুক ॥ নহান্ ছাড় ॥

নহি=[য, খু]—বি. জিনিসপত্র রাখার জন্য নৌকায় আড়াআড়িভাবে দেওয়া কাষ্ঠদণ্ড॥ [<নখ+ই প্র.]।

নহ্‌তা=[ফ]—বি. যত্ন, খাতির ॥ [দেখ নকুতো]।

নহ্‌রুন=[রা]—বি. নরুন ॥ নহরুন্ দিয়ে নহোক্ কাট্‌লে গোল্ হয়। [দেখ নরন্]।

নহে চ'হে=[ম]—ক্রি. বিণ. সযত্নে ॥ কাম্‌ডা নহেচ'হে কৈর।

নহোক=[রং]—বি. নখ ॥ নহোক্‌গুলো অত বড় হৈছে কাটিশ্ না কেন্? [<নখ]।

না

না=[খু, য, পা]—বি. নৌকা॥ [< নাও<নৌ সং]।

২=[চট্ট]—বি. সলিতা ॥

৩=[চট্ট]—অব্য. কি (হাঁ বা না উত্তর সাপেক্ষ)॥ যাবিনা?

নাঅল=[চট্ট]—বি. লাঙ্গল ॥ চ'াশি নাঅল্ লৈ খ্যাতে যায়ের্। [লাঙ্গল]।

নাআ=[সি]—বি. কোদালের মাথা ॥

নাআন= [চট্ট]—বিণ. নয়টা ॥ নাআন্ টেআ দে। [<ন খান]।

নাআলর নাবিচ'র=[সি]—বিণ. নিষ্কর্মা ॥ পুয়াটা নাআলর্ নাবিচ'র্ ঐল্। [<না+হল+এর (বিভক্তি) +না+বীজ+এর (বিভক্তি)]।

নাই=[কুম]—বি. রাই, সরিষা ॥ নাই হাগ্ দিয়া মাস্ দি রাইন্‌লে বর হোয়াদ্। [<লাই < রাই (<রাঁদিকা সং]।

২=[ব, প, ম,]—বি. লাউ ॥ নাই দিয়া কৈমাস্ খুব্ মযা নাগে। [<লাউ (<অলাবু সং)]।

৩=[খু]—বি. আবদার, সোহাগ ॥ কুকুরির্ নাই দিলি কান্দে চ'ড়ে। [<নাই<নেহ<স্নেহ সং]।

৪=[বা, সি, নো]—বি. নাভি ॥ নাইতে যোক্ গেলে লোক্ বাচে' না। [<নাভী সং]।

নাইঅরি=[চট্ট]—বি. মহিলা অতিথি। অ'ারার্ বারিত্ নাইঅরি আইয়ে। [< নাইর <নাইঘর (<জ্ঞাতিগৃহ সং) +ই প্র.]।

নাই উনযো=[নো]—বি. মাটির তৈরী খোলাপাত্র ॥ নাইউন্‌যাতে হানি ন।

নাইও=[চট্ট]—বি. গরুর খৈল ভুশি দিবার পাত্র ॥ নাইওতে খৈল্ বুশি দে।

নাইওরি=[রং]—বিণ. আদরের ॥ বাপের্ নাইওরি মাইয়া। [দেখ নাই৩ +ওয়ালী প্র.]।

নাইওর্=[সি]—ক্রি. বি. মাবাপ বা আত্মীয়ের বাড়ী কন্যা বা বধূর বেড়াইতে যাওয়া ॥ [দেখ নাইঅরি]।

নাইওর্ যাওয়া=[সি]--ক্রি. বেড়াইতে যাওয়া ॥ রহিমা তার্ বাপের্ বারি নাইওর্ গেসে। [দেখ নাইওর+যাওয়া]।

নাইওর্ শোগি=[খু]—বিণ. যে মেয়ের কেউ নাই ॥ আহারে! নাইওর্ শোগি বৌডারে এমন্ মার্ মার্‌সে! [দেখ নাইওর্ +শোক+ই প্র.]।

নাইংক্যা=[ম]—অব্য. নাই ॥ আমার্ যামা নাইংক্যা তিন্ মাশ্ দরি। [<নাই+গিয়া]।

নাইংগ=[ম]—বি. কুমড়া ॥ নাইংগডা গাসেতুতে পাইরা আন্।

নাইংগা=[নো]-বি. গামলা (সাধারণতঃ যে গামলায় গরুর খড় দেওয়া হয়) ॥

নাইংলা=[ম]—বি. পাটগাছ ॥ এবার্ খ্যাতে নাইংলা বালৈ হৈসে। [নালিয়া (<নলিত সং)]।

২=[কু, পা]—বি. আগাছা নষ্ট করিবার ও জমি আঁচড়াইবার কৃষিযন্ত্র ॥ [<লাঙ্গল+ইয়া প্র.]।

৩ =[ম]—বি.<লাঙ্গল ॥ নাইংলা দিয়া আল্ চে'য়্।

নাইংলে=[কু]—বি. আঁচড়া ॥ নাইংলে দিয়া খ্যাত্ আঁচ্‌ড়ায়্। [দেখ নাইংলা২]।

নাই কথা=[ম]—বি. বাজে কথা ॥ নাই কতা কৈচ্‌' না। [<নাই+কথা]।

নাইকল্=[নো]—বি. <নারিকেল ॥ এক্‌যোড়া নাইকেল্ আনিস্।

নাইকা=[ঢা]—অব্য. নাই ॥ আমার্ আতে টাকা নাইকা। [নাহি+ক]।

নাই কেলেংকার্=[ঢা]——বি. অপ্রয়োজনীয় ঝগড়া, মন কষাকষি ॥ আপনা আপ্‌নির্ মদ্দে নাই কেলেংকার্ বাযাইয়া নৈসে। [<নাই<নানা+কলঙ্কর সং]।

নাইক্যা=[ঢা]—অব্য. নাই ॥ আমার্ বালা কাপুর্ চে'পুর্ নাইক্যা। [দেখ নাইংক্যা]।

নাইক্=[ঢা]—বি. মাথা ঘুরানী ॥ বেশি উদা খাওয়ায় তার্ নাইক্ দর্‌সে। [<লাইগ(<লাগা)]।

নাইখা=[ঢা]—অব্য. নাই ॥ আমার্ বালা কাপুর্ চে'পুর্ নাইখা। [দেখ নাইকা]।

নাইগ্ দরা=[ম]—ক্রি. ঘুরানী ধরা ॥ [দেখ নাইক্+ধরা]।

নাইচাটা=[রং]—বি. গিরগিটি ॥ নাইচাটা কামড়ায় না।

নাইচ্‌'=[কুম]—বি. নৃত্য ॥ [<নাচ <নৃত্য সং]।

নাইচ্‌চ'া=[বা, চট্ট, কুম]—বি. পাটগাছ ॥ [<নলিতা <নলিত সং)]।

নাইযনা=[ব]--বি. সজিনা ॥ আমারে কিসু নাইযনা দিস্।

নাইযালা=[ঢা]—বি. অনর্থক জ্বালা যন্ত্রণা ॥ যলি নাইযালার্ মদ্‌দে পরি। [<নানা+জ্বালা]।

নাইয্‌যল্=[চট্ট]—বি. নারিকেল ॥ আঁই নাইয্‌যল্ খাইয়ম্। [<নারিকেল ; বিকৃত উচ্চারণে]।

নাইটাল্=[ম]—বি. লাটিয়াল ॥ নাইটাল্‌গিরি বালা না। [<লাঠি+আল প্র.]।

নাইট্=[পা]—বি. টর্চলাইট, টিপ–বাতি ॥ [<লাইট light ইং]।

নাইড়া=[রা]—বি. পাছা, গুহ্যদ্বার ॥ [<নেড় (<লেণ্ড সং)+ইয়া প্র.]।

নাইড়্‌ড্যা=[রা]—বি. পাছা, নিতম্ব ॥ [দেখ নাইড়হা]।

নাইড়্‌হা=[ফ]—বি. কোমরের নিম্নের মাংস, নিতম্ব ॥ [দেখ নাইড়া]।

নাইতনি=[চট্ট]—বি. নাপিতিনী ॥ নাইতনি বর্ চ'লাক্। [< নাপিতনী]।

নাইতা=[চট্ট]—বি. নাপিত ॥ নাইতা দেখ্‌লে নোক্‌কুনি বাড়ে। [< নাপিত+আ প্র]।

নাইতে=[রং]—অব্য নয়তো ॥ মুই হতে তো রক্‌খা নাইতে পারি ফেলাইলে হয়্। [<নাই< নয় + তবে]।

নাইত্=[খু, পা]—বি. রাত্রি ॥ এত নাইত্ কন্ যাবা ? [<লাইত<রাইত <রাত্রি সং]।

২=[চট্ট]—বি. নাপিত ॥ [দেখ নাইতা]।

নাইদ্=[রা]—বি. বড় মৃৎপাত্র ॥ [<নাদি<নাদা (<নন্দা সং)]।

নাইনড়ে খাওয়া=[রং]—ক্রি. চেষ্টা করিয়া কৃতকার্য হওয়া ॥ আইল্‌শামি কৈল্‌লে হবার্ নয়, নাইনড়ে খা। [< নাই<নাভী সং+ নাড়িয়া+খাওয়া]।

নাইনি=[রং]—বি. মরিচ ॥ নাইনির্ শের্ দুইটাকা ॥

নাই নিপাতি=[সি]—ক্রি বিণ. নিখোঁজ, সর্বস্বান্ত ॥ তার্ হকল্ দন্ নাই নিপাতি ঐ গ্যাসে। [<নাই+ নিপাত+ ই প্র.]।

নাই নিস্‌তার্=[ঢা]—ক্রি. বিণ. উধাও, খোঁজশূন্য, চুপচাপ ॥ খারাখারি কৈ নাইনিস্‌তার্ ঐয়া গ্যাল্। [<নাই +নিস্তার]।

নাইন্=[বা, দি]—বি. চাড়ি (গামলা আকৃতির মৃত্তিকানির্মিত পাত্র, গরু মহিষকে পানি খাওয়াইবার জন্য ব্যবহৃত হয়) ॥ গরুর্ নাইনে পানি দিও। [দেখ নাইদ্]।

২=[রা]—বি, কেঁচো ॥ নাইনের্ টোপ্ দি বড় মাছ্ ধরা জায়্।

নাইন্দ=[কু, পা]—বি. মুখ খোলা বৃহৎ মাটির পাত্র ॥ নাইন্‌দে পানি দিলেত গরু খাবে ? [দেখ নাইদ্]।

নাইন্দা=[ঢা, নো]—বি. মাটির বড় পাত্র ॥ নাইন্‌দায়্ গরুর্ হ্যান্ দ্যা। [দেখ নাইদ্]।

২=[নো]—বি. ভাতের হাঁড়ি ॥ এক্ নাইন্দা বাত্ রান্‌দি ত অয় না। [দেখ নাইদ্]।

নাইন্‌দার্‌ ৰাই সাইন্‌দা=[কু]-বিণ. অতি আদরের ॥ [<নন্দার ভাই চান্দা]।

নাইন্‌দাল্‌=[কুম]—বি. কালি বাউস মাছ ॥

নাই পেড্‌=[ঢা]—বি. খালিপেট ॥ নাইপেডে অশৈদ্‌ডা খাইবা ? [< নাই+পেট]।

নাই পোক্‌=[কুম্‌]—বি. মুরগীর শরীরে জাত একপ্রকার অতি ক্ষুদ্র পোকা ॥ ওমের্‌ মুরগির্‌ গায়্‌ নাই পোক্‌ ঐসে।

নাইৰ্‌=[ম]—ক্রি. বিণ. ঝাড়িবার জন্য লম্বা করিয়া ফেলা শস্যের সারি ॥

নাইয়রি=[ম]—বি. অতিথি, মেহমান॥ নাইয়রিরা চৈ'লা গেসে। [দেখ নাই ওর্‌]।

নাইয়া=[ৰা]—বি. মৎস্যব্যবসায়ী জাতি বিশেষ ॥ [<নাও+ইয়া প্র.]।

২=[ৰ]—বি. শোলমাছ ॥

৩ =[নো]—বি. মাঝি ॥ এই নাত্‌ দুইযন্‌ নাইয়া আসে। [দেখ নাইয়া]।

৪=[কুম]—বি. নাভী ॥ নাইয়াত্‌ ত্যাল্‌ দে। [<নাভী সং+আ প্র.]।

৫=[ম]—অস. ক্রি. গোছল করিয়া ॥ [<নাহিয়া]।

৬=[কুম]—বি. আমের নাম বিশেষ॥ আম্‌রার্‌ নাইয়া আম্‌গাস্‌ আসে।

নাইয়া ডোরা=[ঢা]—বি. অতি-ভোজী, পেটুক ॥ এমুন্‌ নাইয়াডোরা মানুশ্‌ত আর্‌ দেহি নাই। [<নাও+ইয়া প্র.+ডোরা (নৌকার গর্ভাংশ)]।

নাইয়া দুইয়া=[ঢা]--অস. ক্রি. গোছল করিয়া, পরিষ্কার হইয়া ॥ বাত্‌ ঐসে, এ্যালা নাইয়া দুইয়া আয়্‌। [দেখ নাইয়া$_৫$+ধুইয়া]।

নাইয়েশুক্‌=[ঢা]—বি. মনের শান্তি॥ তর্‌ নাইয়েশুক্‌ আসে। [<নাই<নাভী সং+এ ৰিভক্তি+ সুখ]।

নাইরল্‌=[কুম, নো]-বি.<নারিকেল॥ নাইরল্‌ডা বাংগি হালাইসে।

নাইরা=[নো]—বি. নাসিকা ॥ তোর্‌ নাইরা বাংগি দিমু।

২=[ৰা]—বি. ভাণ্ড ॥

৩=[কুম]—বিণ. নেড়া ॥ নাইরা মাতায়্‌ ড্যাল্‌ দিচ্‌' না। [<নাড়িয়া প্রা. বাং]।

নাইরাযি কৈরাযি=[সি]—বি. আজে বাজে কাজ ॥ আর্‌ কত নাইরাযি কৈরাযি কর্‌বারে শুনা ? [অনু.]।

নাইরা মুইরা=[ম]—বি. কাকুতি মিনতি ॥ [অনু.]।

২=[ম]—ক্রি. বিণ. শাখা প্রশাখা-বিহীন॥ তুফানে গাসটা নাইরা মুইরা কৈৰা লাইসে। [দেখ নাইরা$_৩$+ মুড়িয়া(<মুণ্ডিত)]।

নাইরালি=[সি]—বি. <নারিকেল ॥

নাইর্‌=[সি]--বি. পিত্রালয়ে বেড়াইতে যাওয়া ॥ [দেখ নাইওর্‌]।

২=[ম]—ক্রি. বিণ. ছড়াইয়া ॥ দান্‌ গুন্‌ রৈদে নাইর্‌ দ্যাও। [<নাড়িয়া (<নাড়া)]।

নাইর্‌ কল্‌লিন্‌=[চট]—বি. নারি-কেলের ভিতরের শাঁস ॥ নাইর্‌কল্‌লিন্‌ খাইতে বর হোয়াদ্‌। [<নারিকেল+ ইন প্র.]।

নাইর্‌গল্‌=[চট]—বি. নারিকেল॥

নাইর্‌চা'=[সি]—বি. হুক্কার কাঠের নল॥ [<নৈচা<নয়চহ্‌ نیچه ফা.]।

নাইলে=[খু]—বি. ছোট নর্দমা ॥ এট্‌টা নাইলে না হলি হৰেই না। [<নালা (<নালক সং)+ইয়া প্র.]।

নাইল্যা=[ঢা]—বি. খেজুর গাছের রস নিঃসরণের জন্য ব্যবহৃত টিনের ৰা বাঁশের ফালি ॥ [<তাল+ইয়া প্র.]।

২=[নো]—বি. শাপলা ॥ নাইল্যা খাবি না। [<নলিয়া <নলিক সং]।

৩=[কুম,ম]—বি. নালিতা, পাট ॥ নাইল্যা ৰমিত্‌ বেশি শার্‌ দ্যান্‌ লাগে। [<নালিয়া (<নলিত সং)]।

নাইল্‌=[ফ]—বি. শাপলা ॥ দুডা নাইল্‌ আইনো তর্‌কারি খামু। [দেখ নাইল্যা$_২$]।

২=[চট]—বি. <নারিকেল ॥

৩=[কুম]—বি. তাঁতের মাকু॥ নাইল্‌ডা পর্‌যা গেল্‌। [<নলি]।

৪=[চট]—বিণ. নালি ॥ নাইল্‌ ঘা ঐয়ে তারাতারি অশুদ্‌ লাগা। [<নালি <নালী সং]।

৫=[ম]—বি. সুতলী ॥ [<নালি]।

নাইল্‌কা=[খু]—বিণ. অল্পবয়স্ক ॥ [<নব+ল+কা]।

নাইল্‌ডেমা=[ম]—বিণ. দূষিত, বাদ পড়া ॥ [লাইন line+ডিঙা (< ডিঙান)]।

নাইল্‌তা=[নো]—বি. পাটের শাক ॥ নাইল্‌তা হাগ্‌ বড় হোয়াদ্‌। [<নালিতা (<নলিত সং)]।

২=[ফ]—বি. বগীপাট ॥ নাইল্‌-তার্‌ দর্‌ত বেশি অওয়ার্‌ কতা।

৩=[নো]—বি. পাট॥ অন্‌গা নাইল্‌-তার্‌ দাম্‌ এক্‌কিবারে কম্‌।

নাইল্‌লা=[সি]—বি. পাট ॥ নাইল্‌-লা কাডাত কৈতায়্‌ যাইবি ? [দেখ নাইল্‌তা]।

নাইল্‌ শাখ্‌=[ফ]—বি. শাপলা ॥ [দেখ নাইল্যা$_২$+শাক]।

নাইশ্‌=[কুম]—বি. উনিশ (ধান মাপিবার সময় ব্যবহৃত) ॥

নাইসাই=[নো]—ক্রি বিণ. শেষ, খতম ॥ হেতার্‌ কাসে কিসু দিলে নাই-সাই ঐ যায়্‌। [<নয় ছয়]।

নাইস্‌থা=[কুম নো]—বি.. পাট ॥ [দেখ নাইল্‌তা]।

নাইহল্‌=[ফ]—বি. <নারিকেল ॥

নাই হানি=[ফ]—বিণ. যে অনাবশ্যক কথা বলে ॥ এই লোক্‌টা বড় নাইহানি। [<নানা+ফেনান+ই প্র.]।

নাইহাল্‌=[ঢা]—বি. নারিকেল ॥ নাইহাল্‌ডা কাডত পানি খাই। [< নারিকেল]।

নাইহেল্‌=[খু]—বি. নারিকেল॥ নাইহেল্‌ডা পাড়ি আন্‌ত। [< নারিকেল]।

নাইহোল্=[কুম]—বি. নারিকেল ।। নাইহোল্ খাইতে মযা । [<নারিকেল]।

নাউ=[ঢা]—বি. লাউ ।। [<লাউ (<অলাবু সং)] ।

নাউআনি=[রং]—বি. নাপিতানী ।। নাউআনি বড় চালাক্ । [<নাপিতানী] ।

নাউও=[য]—বি. যে নাকি সুরে কথা বলে।। নাউওর্ কথা শুইন্লে সেলেপিলে হাশে । [<নাক+উ প্র.] ।

নাউক্যা=[সি]—বিণ. নাকিসুরে কথা বলে যে ।। নাউক্যা ব্যাডা । <নাক +উয়া প্র.] ।

নাউক্‌কা=[রা]—বিণ মোটা নাক-বিশিষ্ট ।। [দেখ নাউক্যা]।

২ =[কুম]—বিণ. যে ন্যাকামি করিয়া কথা বলে ।। তুই বর নাউক্‌কা । [অর্থ প্র.] ।

৩ =[কুম]—বিণ. নাকউঁচু, অহঙ্কারী ।। নাউক্‌কা লোক্ বালা না । [অর্থ প্র.] ।

নাউজালি=[রং]—বি. এক প্রকার বিষাক্ত সাপ।। নাউজালি শাপ্ কাম্‌ড়াইলে মানুশ্ বাঁচে না ।

নাউড়ি=[য]—বি. রন্ধনকার্যে ব্যবহার্য বাঁশের চটা ।। নাউড়িখানা দাও তো । [<নাড়া+ই প্র.]।

নাউড়ে=[খু]—বি. মাঝি ।। [< নাও <নৌ সং+ড়ে প্র.] ।

নাউতি ধান্=[খু]—বি. ধানের নাম বিশেষ ।।

নাউ মরা=[সি]—বিণ. কর্দমাক্ত, যেখানে চলা যায় না ।। [<নাও< নৌ সং+মরা=না চলা] ।

নাউয়া=[রা]—বি. নাবিক, নৌচালক ।। নাউয়ারা নৌকা চালায় । [<নাও (<নৌ সং)+আ প্র.]।

২ =[রং, দি]—বি. নাপিত ।। নাউয়া দেখ্‌লে নখ্ বাড়ে । [<নাউ (< নাপিত)+উয়া] ।

নাউয়াচাটা=[রং]—বিণ. লোভী ।। তুই বড় নাউয়াচাটা, খাওয়া দেখ্‌লে নড়্‌বার চাশ্ না । [<লাউ (< অলাবু সং)+আ+চাটা=চাটে যে] ।

নাউরা=[ঢা]—বি. বর্ষাকালীন জলজ ঘাস বিশেষ ।।

নাউল্‌কা শুন্দর্=[সি]—ক্রি. বিণ. সোজাসুজি, নির্বিঘ্নে ।। [দেখ নাইল্‌কা +সুন্দর] ।

নাউল্‌লানি=[ঢা]—বি. একপ্রকার অখাদ্য মাছ ।। নাউল্লানি না বাইল্লা দর্ ।

না ঐলে=[ঢা]—অব্য. না হইলে, অন্যথায়।। তুমি আইবা, নাঐলে যামু না । [<না+হইলে] ।

নাও=[সি]—বি. নৌকা ।। নাও বাংগি গেসে । [<নৌ সং] ।

২=[ম]—বি. লাউ ।। নাওদা ইসাদা রান্দুম্ । [<লাউ<অলাবু সং] ।

নাও দরা=[ব]—ক্রি. মাছ ধরা ।। [<নৌ সং+ধরা ; অর্থ প্র.] ।

নাও দোন্=[ঢা]—বি. নৌকা ও দ্রোণ ।। নাও দোন্ সারা বাইরা মাসে চ'লা যায় না । [<নৌ সং+দ্রোণ সং] ।

নাও দৌর্=[ঢা]—বি. নৌকা প্রতিযোগিতা ।। বাইশ্‌শাকালে নাও দৌর্ অয় । [<নাও<নৌ সং+দৌড়] ।

নাওন্=[ফ]—ক্রি. বি. স্নান করা ।। শিত্‌কালে কি অশময় নাওন্ যায় ? [<নাহ্ √স্না সং+আ প্র.] ।

নাওয়া=[রা]—বি. নাপিত ।। [দেখ নাউয়া২] ।

২=[ঢা]—বি., বিণ. সলিতা, কাপড়ের ছেঁড়া টুকরা ।। কাপর্‌ডা সিরা নাওয়া হৈয়া গেসে । [<নাল +উয়া প্র.]।

নাওয়ানি=[কুম]—বি. খতনা করাইবার সাত দিন পরের উৎসব ।। বুদ্‌বার্ দিন্ মালেকের্ পুয়ার্ নাওয়ানিতে যাওন্ লাগ্‌ব । [দেখ নাওন্ ; নাওয়া +নি প্র.] ।

নাওরি=[ফ]—বি. পাতার তৈরী পাত্র ।। [<নাও<নৌ সং+রি প্র.] ।

নাং=[পা, ম, ফ, রা]—বি. অবৈধ পুরুষ প্রণয়ী, উপপতি ।। দেখ্‌রে মাগি কত আর্ নাং দর্‌বি ? [<নাঙ্ (<নগ্ন সং ; নাঙ্গা প্রা. বাং] ।

নাংকুড়ানি=[রা]—বি., বিণ. বহুপতি-ভোগিনী ।। তুইতো নাংকুড়ানি । [দেখ নাং+কুড়ান+ই] ।

নাংগ=[রা ফ]—বি. উপপতি ।। [দেখ নাং] ।

নাংগল্=[কু,ঢা, পা]—বি. লাঙল ।। [<লাঙ্গল] ।

নাংগা=[য,খু]—বি. লাল ।। নাক্ দিয়ে নাংগা নক্‌ত বেরোয়েসে । [<রাঙ্ (<রঙ্গ সং)+আ প্র.] ।

২=[য]—বি. রস ।।

নাংগিলালচ্'=[ঢা]—বি. খুব লাল ও সরু আমন ধান বিশেষ ।। [<রাঙ্ (<রঙ্গ সং)+ই+লাল (<লাল لال ফা./তু.)+চ] ।

নাংগ্‌লা=[ম]—বি. আঁচড়া ।। [< লাঙ্গল+আ প্র.] ।

নাংগোল্=[য]—বি. লাংগল ।। নাংগোল্ নিয়ে মাডে যাও । [< লাঙ্গল] ।

নাংটি=[রং]—বি. নেংটি ।। নাংটি পর্‌চু কেনে বাহে ? [<নেংটি] ।

নাংলা=[ম, পা]—বিণ. ন্যাকা, অগোছাল ।। কাম্ বাদ্ দিয়্যা নাংলামি কৈর না । [<নেংলা] ।

২ =[কু, পা]—বি. লাংগলবাহী চাষী ।। [<লাঙ্গল+আ প্র.] ।

৩=[রা, ফ, ঢা]—বি. কাঠের কৃষি যন্ত্র বিশেষ (ক্ষেতের ঘাস তোলার জন্য ব্যবহৃত হয়) ।। [দেখ নাংগুলা] ।

৪ =[খু]—বি. আটচালা ঘরের কোণ ।। ঘরের্ নাংলা দিয়ে বিশ্‌টির্ পানি পড়্‌সে ।

নাংলাগরু=[য]—বি. হালের গরু ।। তার্ প্যাশা নাংলা গরুটা মরে গেসে । [<লাঙ্গল+আ+গরু (< গোরূপ সং)] ।

নাংলানো=[খু]—ক্রি. লাংগল দিয়া চষা ।। [<লাঙ্গল + আনো প্র. ; নামধাতু] ।

নাংলা হাচ'ন্=[নো]—বি. বেত, চাবুক ॥ হ্যাতে গোড়ারে নাংলা হাচ'ন্ মার্‌ল। [<লাঙ্গল+আ+পাঁচন(<প্রাজন সং)]।

নাংলে=[কু, ফ]—বি. আঁচড়া, ঘাস মারার যন্ত্র॥ দানের্ যমিনত্ গাশ্ হৈসে, নাংলে দাও। [দেখ নাংগুলা]।

নাংসাং=[রং]—বিণ. আজেবাজে, তুচ্ছ॥ তোর্ মুখত্ যত নাংসাং কতা। [অনু.]।

নাঁই নাঁই=[নো]—বি. নাকি স্বরের কথা॥ নাঁইনাঁই শুইন্‌তে খারাপ্। [<নাক+ই ; নাকি]।

নাঁকল্=[চট্ট]—বি. লাংগল॥ [<লাঙ্গল]।

নাকরা=[কুম]—বি. নাকের অসুখ॥ [<নাক+রা প্র.]।

নাকর্=[রং]—বি. গাছ বিশেষ॥ নাকরের্ পাতা শাদা।

নাকর্ বাঁশি=[চট্ট]—বি. নাকের ডগা॥ [<নাক+র(সম্বন্ধে)+বাঁশী]।

নাকা=[চট্ট]—বি. গরুমহিষের এক প্রকার রোগ (ইহাতে পশু নাক ঝাড়ে)॥ [<নাক+আ প্র.]।

২=[সি]—বি. পশুর নাকে বাঁধার দড়ি॥ বৈশ্‌টারে নাকা লাগাই রাহিস্। [অর্থ প্র.]।

৩=[রং]—অব্য. ন্যায়, সদৃশ, মতন॥ তোমার্ নাকা মান্‌শি মুই আর্ না দেখো। [<লাকান<লাগান(<লাগ+আন)]।

নাকাউরা=[সি]—ক্রি. বিণ. হয়রান, পরিশ্রান্ত॥ [< নাক +আ+উরা প্র.]।

নাকাং=[চট্ট]—বিণ. বধির॥ নাকাংরে কথা কৈলে যেই আর্ ন কৈলেও হেই।

নাকাটি=[দি, রা]—বি. ছারপোকা॥ এই চকিটাত্ খালি নাকাটি।

না কাডানো=[ঢা]—ক্রি. বলিষ্ঠ না হওয়া॥ খায়্ লয়্ তাও শে একটু না কাডায়্। [না+কাঠ+আনো প্র. ; নামধাতু]।

নাকাড়ি=[রং]—বি. <নেকড়ে বাঘ॥

২=[রং]—বি. বৈঠকখানা, কাছারি ঘর॥ নাকাড়িতে গিয়া শোও।

নাকাদ্‌দা=[খু]—বিণ. নিষ্কর্মা॥ নাকাদ্দা লোক্ পশুর্ শমান্। [<না+কর্‌দহ্ کرده ফা.]।

নাকানি দেওয়া=[ঢা]—ক্রি. অতি কষ্টে লজ্জা শরম ত্যাগ করিয়া থাকা॥ এইভাবে নাকানি দিয়া আর্ কতকাল্ থাকৃবি? [< নাক+ আনি প্র.+দেওয়া]।

নাকান্=[রং]—অব্য. মত, সদৃশ॥ [দেখ নাকা৩]।

নাকারি=[সি]—বি. নাকের ডগা॥ [<নাক+আরি প্র]।

২=[ঢা]—বি. রন্ধনশালা, রান্নাঘর॥

৩=[ব]—বি. ছোট ঘর॥ নাকারি ঘরে কাট্‌গুলা তুলে রাখো।

নাকারো=[কু]—বি. বাদ্যযন্ত্র বিশেষ॥ [<নাকারা<নক্‌কার: نقاره আং]।

নাকার্‌চি=[য]—বি. বাদ্যকর॥ [<নাক্‌কারচী نقارچی ফা.]।

নাকাল্=[কুম]—বি. উপহাস॥ [<নকল نقل আং]।

নাকাশি=[ঢা, ম]—বি. নাসিকা, নাক॥ তর্ নাকাশি সুডাইয়া হালাইমু। [দেখ নাকর্ বাঁশি]।

নাকাশ্=[ম]—বিণ. বেফাঁশ॥ নাকাশ্ কতায়্ কাইয়া পয়্‌দা অয়্। ['বেফাশ' এর সাদৃশ্যে]।

নাকি=[য]—বি. কোণ, কোনা, দিক॥ [<নাক+ই প্র.]।

নাকু=[সি]—বি. ক্ষয়প্রাপ্ত কোদাল॥ নাকুখান্ দি কিতা কর্‌বায়্? [<নাক+উ প্র.]।

নাকুদান্=[সি]—বি. অতি ছোট প্রস্রবণ॥ গাংগর্ চ'রাত্ বৌত্ নাকুদান্ আসে।

নাকু দেওয়া=[কুম]—ক্রি. চুমু দেওয়া॥ বাচ'চাডারে নাকু দিসি। [<নাক+উ প্র.+দেওয়া]।

নাকুয়ানি=[সি]—বি. নাকে কথা বলা॥ [<নাক+ উ প্র. + আনি প্র.]।

নাকুরা=[সি]—বিণ. যে নাকি সুরে কথা বলে॥ ই নাকুরার্ কতা বুঝা যায়্ না। [নাক+উরা প্র.]।

নাকুর্=[ঢা]—বি. ভাত বা দুধ নাড়ার জন্য ব্যবহৃত বাঁশের কাঠি॥ নাকুরটা নিয়া আয়্। [<নাকুড়<লগুড় সং ; দেখ নাক্‌ড়ি]।

নাকে মুকে=[ঢা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি॥ নাকেমুকে খাইয়া আইসি। [< নাক+এ (বিভক্তি) + মুখ+এ (বিভক্তি)]।

নাকে মুখে=[সি]—ক্রি. বিণ. যেখানে সেখানে॥ নাকে মুখে টেক্‌না মারি দিসে। [দেখ নাকে মুকে]।

নাকে মুখে উঠা=[কুম]—ক্রি. বিষম খাওয়া॥ আমার্ নাকে মুখে উঠ্‌সে। [দেখ নাকে মুখে+উঠা]।

নাকে মুখে খাওয়া=[সি, ঢা, ম]—ক্রি. ব্যস্ত সমস্ত হইয়া খাওয়া॥ [<নাকে মুখে+খাওয়া]।

নাকের্ আগড়্=[পা]—বি. রাস্তার সম্মুখে॥ [<নাক + এর (সম্বন্ধে) +অগ্র সং]।

নাকের্ ছামু=[রা]—ক্রি. বিণ. সোজা॥ ঐ দিক্ দিয়ে নাকের্ ছামু চলি জাও। [<নাক+এর (সম্বন্ধে) +সম্মুখ]।

নাকের্ পশম্=[ম]—বি. শত্রু, চোখের বালি॥ আমি কি এ্যাইতার্ নাকের্ পশম্? [< নাক+ এর (সম্বন্ধে)+পশম پشم ফা.]।

নাকের্ হাম্‌নে=[নো]—ক্রি. বিণ. অতি নিকটে॥ [<নাক+এর (সম্বন্ধ) +সামনে]।

নাকৈর্=[ম]—বি. ভাত নাড়িবার কাঠি॥ নাকৈর্ কোহানে? [দেখ নাকুর্]।

নাকোঁ=[য]—বি. যে নাকি সুরে কথা বলে ।। [<নাক+উ প্র.] ।

নাকোয়া=[ম]—বি. যে নাকি সুর কথা বলে ।। [<নাক+উয়া প্র.] ।

নাকোয়ান্, নাকোয়াল্, নাকোল্=[রং]—বি. গরু মহিষের নাক ফুঁড়িয়া পরানো দড়ি ।। [<নাক + উ + আন প্র.] ।

নাকোড়্=[নো]—বি. ভাত নাড়ার কাঠি ।। নাকোড়্ দি বাত্ নাড়্ । [দেখ নাকুর্] ।

নাক্কাটি=[রং]—বি. ছারপোকা ।।

নাক্ কাঁদা=[নো]—ক্রি. গোঁ গোঁ করা ।। [<নাকে+কাঁদা] ।

নাক্কুল্=[কুম]—বি. নাকে ব্যবহৃত ফুলের ন্যায় অলংকার ।। [নাক+ফুল] ।

নাক্টা=[খু]—বি. নাকের অলংকার, রাগের জবাব ।। [<নাক+টা প্র.] ।

নাক্ টাকা=[খু,ফ]—বি. লক্ষটাকা ।। 'মরা হাতি নাক্ টাকা' । [<লাখ(<লক্ষ)+টাকা] ।

নাক্টা খাইয়া পরা=[সি]—ক্রি. হোঁচট খাইয়া পড়া ।। [নাকটা<নাক +টা প্র.+খাইয়া+পড়া] ।

নাক্ টানা=[খু]—ক্রি. অবজ্ঞা করা, অপবাদ দেওয়া ।। [<নাকা+টানা] ।

নাক্টান্=[ঢা]—বি. অহংকার ।। অত নাক্টান্ বালা না । [<নাক +টান] ।

নাক্টি=[সি]—বি. নাক লম্বা পুরুষ বা নারী ।। নাক্টি কি কয় শোন্ তো । [<নাক+টি প্র.] ।

নাক্ঠাশা=[কুম]—বি. নাকের গহনা বিশেষ ।। [নাক+ঠাসা] ।

নাক্ড়ি=[দি, রা, রং]—বি. তরকারি বা দুধ নাড়ার বাঁশের কাঠি ।। [দেখ নাকুর্+ই প্র.] ।

নাক্ড়ি ছানা=[রং]—বি. মাছের ঘণ্ট ।। নাক্ড়ি ছানা খাইতে মজা । [দেখ নাক্ড়ি+ছান+আ] ।

নাক্তারা=[খু]—বি. নাকের গহনা । বিশেষ ।। [নাক+তারা] ।

নাক্ তোলা=[রং]-বিণ. যে অত্যধিক বাছ বিচার করে ।। ঐ জে নাক্ তোলা এ গুলা কি খায় ? [নাক+তোলা] ।

নাক্থড়্=[দি]—বি. গরু মহিষের নাকের দড়ি ।। [নাক+দড়] ।

নাক্ দানা=[খু]—বি. লাউয়ের বীজ । [<লাউ+দানহ্ دانہ ফা.] ।

নাক্দ্বেদ্ পাতা=[চট্ট]—বি. ভেষজ গাছ বিশেষ ।।

নাক্না=[খু]-বি. মাছ ধরার উপকরণ বিশেষ ।।

নাক্ না থাকা=[পা]—বিণ. লজ্জা না থাকা ।। [বাগ্ধারা] ।

নাক্ পাশ্=[য]—বি. নাকের অলংকার বিশেষ ।। [নাক+ পাশ] ।

নাক্পেচি'=[ঢা]—বি. আমন ধান বিশেষ ।। নাক্পেচি' দান্ খুব চি'কন্ ।

নাক্ ফোলানি=[সি]—ক্রি. বি. অভিমান করা, রাগ করা ।। [<নাক +ফোলানো+ই ; বাগ্ধারা] ।

নাক্বালি=[ম]—বি. নাকের গহনা বিশেষ ।। [<নাক+বাল(বলয় সং) +ই] ।

নাক্মুক্=[সি]—বি. ভাল অবস্থা ।। কার্ লাগি **নাক্মুক্, ঠাকুর্** চি'ন না ? [<নাক+মুখ ; বাগ্ধারা] ।

নাক্ শন্দা=[ব]—বি. আত্মগোপন ।। [<নাক+সেঁধা] ।

নাক্শলা=[রং]—বি. ঢেঁকির একটি অংশ ।। নাক্শলা ভাংগি গেইছে । [<নাক+শলা<শলাকা] ।

নাক্শলাই=[রং]—বি. ঢেঁকির অগ্রভাগে লাগানো কাঠি ।। [দেখ নাক্শলা] ।

নাক্শা=[কুম, ঢা]—বি. নাকের ডগা । [নাক+শা প্র.] ।

নাক্শি=[কুম, বা, নো]—বি. নাকের ডগা ।। [<নাক+শির(<শীর্ষ)] ।

নাক্শিরিয়া=[রং]—বি. নাগেশ্বরী বাঘ, বাঘ বিশেষ ।। [<নাগেশ্বরী] ।

নাক্শুড়া=[দি, রা]—বি. নাকের হাড় ।। কথা কৈলে নাক্শুড়া ভাংগি দিম্ । [নাক+শুভ] ।

নাক্শোলা=[রা]—বি. ঢেঁকির অংশ বিশেষ ।। [দেখ নাক্শলা] ।

নাক্সাবি=[কুম]—বি. নাকের অলংকার ।। [<নাক+ছবি] ।

নাখা=[সি]—বিণ. প্রিয় ।। মা বাপের্ রাখা মেয়ে । [<ন্যাকা(<নেক نیک ফা.)] ।

নাখাতি=[রা]—অব্য. মত ।। মোর্ কাপড়্ তোর্ নাখাতি । [দেখ নাকা৩ +তি] ।

নাখান্=[রং]—অব্য. ন্যায়, মত, সদৃশ ।। তোমার্ নাখান্ মান্শি মুই আর্ না দেখো । [দেখ নাকা৩] ।

নাখান্ডা=[পা]—বিণ. বেমানান, আকাট ।। এমন্ নাখান্ডা কায ক্যান্ কর্তে গেলি ? [<নখ্বানদহ্ ناخواندہ ফা. ; অর্থ প্র.] ।

নাখান্দা=[চট্ট]—বিণ. পতিত, অনুর্বর ।। [দেখ নাখান্ডা ; অর্থপ্র.] ।

২=[পা]—বিণ. অখাদ্য, মূল্যহীন ।। [না(=অ)+খাদ্য সং] ।

নাখারাস্তিয়া=[নো]—বিণ. খারাপ ।। তার্ মত নাখারাস্তিয়া মানশ্ আঁই দেই ন । [<না(অতিরিক্ত)+খস্তহ্ خستہ ফা. অথবা না+খ্বাসতহ্ خواستہ ফা.] ।

নাখারিস্তা=[ম]—বিণ. নোংরা ।। যবর্ নাখারিস্তা । [দেখ নাখারাস্তিয়া] ।

নাখেরায্=[ম]—বিণ. নিষ্কর ।। আমাদের্ দশ্ কানি নাখেরায্ যামিন্ আসে । [<লাখিরাজ لاخراج আং] ।

না খোশ্=[চট্ট]—বি. বেজার, অসুখী ।। [<নাখোশ ناخوش ফা.] ।

নাখোন্দ=[পা]—বিণ. অকেজো ।। [দেখ নাখান্ডা] ।

নাখ্খত্=[খু]—বি. মেয়েলোকদের ভয় পাওয়ার দরুন পড়িয়া দেওয়া সুতা ।।

নাগর্ গাদাই=[ফ]—বি. রং ঢং করিয়া চলাফেরাকারী ।। তুমি ত

নাগর্ গাদাইর্ মত চল্লা চ'ল্‌তি শিক্‌স। [<নাগর+গদাই; তুং গদাই লশকরী চাল]।

নাগর্ বাটা=[কু]—বি. একপ্রকার ছোট পাখী ॥

নাগা=[ম]—বি. বাদ ॥ আইয়্ আমার্ কাম্ নাগা গেসে। [নাগহ্ ناغه তু.]।

২=[য,খু]—বি. রাক্ষসের মত যে খায় ॥ তার মত নাগা আর্ দেহি না। [নাগা উপজাতি বিশেষ; অর্থ প্র.]।

৩=[সি]—বিণ. আদরের ॥ যামাইর্ নাগা মাগ্। [<ন্যাকা (<নেক نیک ফা.)]।

নাগাইরা=[পা]—বিণ. দৈনিক ॥ [<লাগ(<লগ্ন সং)+আই+রা]।

নাগাইল্=[রং]—বি. দেখা, সাক্ষাৎ ॥ কোন্ শময়্ তাইলে দেওয়ানির্ নাগা-ইল্ পাওয়া জাইবে? [দেখ নাগাইরা; লাগ+আল প্র.]।

নাগাচি'=[ম]—বি. ঢুলী, ঢোল বাজনা ॥ নাগাচি' আইয়্ কাইল্ উইঠাই গেসে গা। [দেখ নাকার্‌চি]।

নাগাড়্=[খু]—বি. আগাড়, অতিরিক্ত অংশ ॥ [<নিগাড় (<নিংড়ান)]।

২=[পা]—অব্য. পর্যন্ত ॥ [< নাগাদ; দেখ নাগাতি]।

৩=[কু,পা]—বি. অবশিষ্ট ॥ [দেখ নাগাড়্]।

নাগাতি=[খু]—অব্য. পর্যন্ত ॥ শে খুল্‌না নাগাতি গেইল্। [<নাগাদ (<লগায়ত لغایت আং)+ই প্র.]।

নাগা দেওয়া=[সি]—ক্রি. বি. কাজ কামাই করা ॥ [দেখ নাগা+দেওয়া]।

নাগাম্=[রং]—বি. রাশ, লাগাম ॥ ঘোড়ার্ নাগাম্ ধৈর‍্যা টান্। [<লগাম لگام ফা.]।

নাগারাল্=[সি]—বিণ. আবর্জনা-পূণ ॥ যাগাডা একেবারে নাগারাল্।

নাগার্=[য়]—বি. অবশিষ্ট অংশ ॥ [দেখ নাগাড়্]।

২=[ফ]—বি. তামাক মাখাইতে ব্যবহৃত গুড় ॥

নাগার্‌চি'=[কুম]—বি. বাদ্যকর ॥ [দেখ নাকার্‌চি']।

নাগার্‌সি=[সি]—বি. নিকৃষ্ট হিন্দু সম্প্রদায় বিশেষ ॥

নাগালি=[খু,য]—অব্য. মতন ॥ এই মাইয়েডারে আমার্ ভাইঝির্ নাগালি দেখা যায়্। [দেখ নাগাইল্+ই]।

নাগাল্=[ফ]—অব্য. মত ॥ তোর্ যা চে'হারা ঐসে এহেবারে বানরের্ নাগাল্ দেহা যাতেসে। [দেখ নাগালি]।

নাগিনি=[কুম]—বি. বড় জলাশয় ॥

নাগিরি=[রং]—বি. ছোট কলস ॥ নাগিরি ভরা পানি। [<নাগরি]।

নাগুথাল্=[সি]—বি. গভীর কর্দমাক্ত জায়গা ॥ কেওলা বিলে এক্‌টি নাগুথাল্ আসে। [<নাগ+স্থল]।

নাগুনি=[ম]—বি. <নাগিনী ॥

নাগেশ্‌শর্=[কুম]—বি. এক প্রকার কাঁটাওয়ালা গাছ ॥ [<নাগেশ্বর]।

নাগোর্=[ব,বা]—বি, রসিক, বাবু ॥ [<নাগর]।

নাগোর্ ভাটোয়্=[য]—বি. ছোট পাখী বিশেষ ॥

নাগ্=[য]—বি. রাগ ॥ শুন্‌লাম্ তুমি নাকি নাগ্ করেস? [<লাগ< রাগ]।

২=[রং]—ক্রি. বিণ. প্রকৃতপক্ষে ॥ মায়ের্ বাবা মোর্ নাগ্ নানা হয়্। [< লাগ (<লগ্ন সং)]।

৩=[ম]—বিণ. স্ফীত ॥ তার্ শরির্‌ডা নাগ্ ঐয়া গেসে।

৪=[চা]—বি. ছায়াপথ ॥ মোরগ্ নাগ্ মুকি ঐয়া উম্ দ্যায়্।

নাগ্‌গাল্=[ম]--অব্য. মত ॥ তোমার্ নাগ্‌গাল্ মাইনশের্ কতা কেডা হুনে? [দেখ নাগাইল্]।

নাগ্‌ডুম্=[ব]—বি. আমন ধান বিশেষ ॥

নাগ্‌ড়া=[চট্ট]—বি. দুয়ারের নীচের পিচ্ছিল বাঁশ ॥

নাগ্‌দানা=[খু]-ক্রি. বিণ. ধারাবাহিক ॥ [<লাগ (<লগ্ন সং)+টানা]।

নাগ্‌দাশ্=[ব]—ক্রি. বিণ. নিয়মিত ॥ [দেখ নাগ্‌দানা]।

নাগ্‌রা=[খু]—বিণ. অতিষ্ঠ ॥

২=[বা]—বি. নাকাড়া, বাদ্যযন্ত্র বিশেষ ॥ [দেখ নাকারো]।

৩=[রা,খু]—বি. একটি ধানের নাম ॥

নাগ্‌রালি=[ম]—বি. বখাটেপনা ॥ নাগ্‌রালি কৈরা তোমার দিন্ যাইত না। [<নাগর+আলি প্র.]।

নাগ্‌রা হওয়া=[রং]—ক্রি. অতিরিক্ত খাওয়া ॥ [দেখ নাগাড়্+হওয়া]।

নাগ্‌রি=[দি, রা]—বি. গুড়ের বড় হাঁড়ি ॥ নাগ্‌রি ভরা গুড় এক্‌মাশ্‌ও জায়্ না? [<নাগরি]।

নাগ্‌রি বাগ্‌রি=[চা]—বিণ. অস্পষ্ট, অবোধগম্য, বুঝা যায় না এইরূপ ॥ তর্ নাগ্‌রিবাগ্‌রি কথা কিসু বুযি না।

নাঘল্=[চট্ট]—বি. লাঙ্গল ॥ [<লাঙ্গল]।

নাচা'=[খু, য, ফ]—ক্রি. বি. বিছানা মেলিয়া দেওয়া ॥ বিসেন্‌ডা নাচ'া হল নাকি?

নাচ'ারি=[পা]—বি. বিয়ের পণ ॥

নাচু'নি=[নো, চট্ট]—বি. ঢেঁকীর একটি অংশ ॥ ডেঁইর্ নাচু'নি বাংগি গেসে। [<নাচ (নৃত্য সং)+উনি প্র.]।

নাচে'ন্ গর্=[সি]—বি. ঢেঁকি ঘর ॥ নাচে'ন্ গরে যাওয়ার্ নাগ্‌সি। [দেখ নাচু'নি+ঘর]।

নাচৈ'য়া=[সি]-বি. যাত্রাদলের নর্তক ॥ [<নাচ(<নৃত্য সং)+ইয়া প্র.]।

নাচ্'নি=[চট্ট, নো, বা]—বি. ঢেঁকির মধ্যদেশের আড়াআড়ি শলাকা ॥ [দেখ নাচু'নি]।

নাচ্'রা=[সি]—বি. নলচে ॥ হুক্কার্ নাচ'রার্ দাম্ পাচ্' শিকা কিতা তামুক্ খাইতাম্! [দেখ নচ'্যা]।

নাচ্'রি=[সি]—বি. যে মেয়ে বেশী নাচানাচি করে ॥ [<নাচ (<নৃত্য সং)+রি প্র.]।

নাছি=[রং]—বি. এক প্রকার মাছ ॥

নাজাই=[রং]—বি. লোকসান, ক্ষতি ।। [<না (স্বার্থে)+যর' ضرر আং]।

নাযনে=[য]—বিণ. সরল প্রকৃতির ।।

নাযা=[ম,পা]—বি. রাজা ।। ইরানের্ নাযা আইসিল্ । [<লাজা<রাজা] ।

নাযাই=[ম]—বিণ. যাহা ফিরিয়া পাওয়ার আশা নাই ।। আয়্ দশ্টা নাযাই টেহা গরে আইসে । [দেখ নাজাই] ।

২=[ম]-বিণ. বাদ, বাকী ।। পরিক্খার্ আর্ বেশি দিন্ নাযাই নাই । [দেখ নাজাই ; অর্থ প্র.] ।

৩=[কুম]—বিণ. খারাপ ।। মাইয়াডার্ নাযাই অবস্থা । [অর্থ প্র.] ।

৪=[ম, কুম]—বি. লোকসান, অনটন ।। [দেখ নাজাই] ।

৫=[ম, ফ, ক, পা]—ক্রি. বিণ. কম ।। খোদায়্ দিলে কার্ শাইদ্দ নাযাই করে । [অর্থ প্র.] ।

নাযাইয়া পরা=[ম]—ক্রি. কম পড়া ।। বাত্ নাযাইয়া পরল নাহি ? [দেখ নাজাই+আ+পড়া] ।

নায্যি=[য]—বি. রাজ্য ।। ইরান্ নায্যির্ নাযা কিডাগো ? [<লাজ্যি <রাজ্য+ই প্র.] ।

নায়ুকিয়া, নায়ুকি=[ঢা]—বিণ. আবদারে, অভিমানিনী ।। যে নায়ুকিয়া মেয়ে শে কি কতা হুন্বো ? [< নায়ুক نازک ফা.+ইয়া ;+ই প্র.] ।

নায়েলাহানে=[পা]—বিণ. নাস্তা নাবুদ, হয়রান, অস্থির ।। [<নয়' হাল نزحال আং] ।

নাটক্ পাটক্=[রং]—বি. কুমন্ত্রণা ।। মোর্ কাজ্টা উয়ার্ নাটক্ পাটকে হল না । [<নাটক+পাটক অনু:] ।

২=[রং]—বি. আবিষ্কার, তৈরী ।। এ অকাজ্গুলা উয়ার্ নাটক্ পাটিক্ ।

নাটানো=[খু]—ক্রি. পরিশ্রমে কাতর হওয়া ।। [নাতানো<লতা (নামধাতু) +আনো প্র.] ।

নাটানে=[য]—বিণ. খিটখিটে, কাবু, স্বাস্থ্যহীন ।। লোক্টা এক্দম্ নাটানে, গায়ে কিসু নাই । [দেখ নাটান্+ইয়া প্র.] ।

নাটানে=[য, খু]—বিণ. কাবু, দুর্বল ।। নাটান্ লোক্ । [না+তুআন্ توان ফা.] ।

নাটা মারা=[সি]—ক্রি. পরের অনিষ্ট সাধন করা ।। [<নাটা(<নষ্ট সং)+ মারা] ।

নাটায়ে যাওয়া=[খু]—ক্রি. অপারগ হওয়া, অক্ষম হওয়া, দুর্বল বা রোগা হওয়া ।। শে নাটায়ে গেসে্ । [দেখ নাটানো ; নাটাইয়া+যাওয়া] ।

নাটি=[রং]—বি. নাতি ।। অঁয় হামার্ নাটি । [<নাতি(<নপ্তৃ সং)] ।

২=[ম]—বি. নড়ি, যষ্ঠি ।। এই পোলাই আমার্ অন্দলের্ নাটি । [<লাঠি] ।

৩=[সি]—বি. বিবাদ, ঝগড়া ।। হে বর নাটি লাগায় । [<নাট+ই প্র.] ।

নাটুং=[পা]—বি. < লাটিম ।। আমাগো গ্যাদা নাটুং খেলায়ের্ ।

নাটু ফয়োরা=[খু]—বি. তামাসা ।। [<নাটক+পালা] ।

নাটো=[য]—বি. বদমায়েশ ।। নাটো স্যাড়া । [<নাট+ও প্র.] ।

নাট্=[খু]—বি. প্রলোভন ।। [< নাট(< নষ্ট+অ সং) ; অর্থ প্র.] ।

২=[নো]—বি. নাচ ।। এ্যাত নাট্ কিয়ের্রে ?

নাট্কি=[ঢা]—বি. ফিতা ।। নাট্কি কৈ হারাইল্ পাযামা কেম্নে পিন্দি ?

২=[ম]—বিণ. বোঁচা বা খাঁদা নাক যাহার ।। নাট্কি সেরির্ কি বিয়া ঐত না ! [দেখ নাক্টি ; বর্ণ বিপর্যয়] ।

৩=[রং]—বি. নিন্দুক ।। ঐ ছুরি এক্দম্ নাট্কি । [দেখ নাট+কি প্র.] ।

নাট্কিলা=[ম]—বি., বিণ. কৃপণ ।। অনন্ নাট্কিলা আর্ দেহি নাই । [দেখ নাট্কি+লা প্র.] ।

২=[সি]—বি. নাকের ছিদ্র মধ্যস্থ ফোঁড়া ।। [<নাকটিলা] ।

নাটুয়া=[চট্ট]—বি. যে নাচে ।। নাট্টুয়া পোয়ার্ নাচ্' চ'াইঅন্ । [নাট +উয়া প্র.] ।

নাটু ফুয়ারা=[কুম]-বি. ঢং, সোহাগ ।। নাটু ফুয়ারা থোও । [দেখ নাটু ফুয়োরা] ।

নাটু মেরৈয়া=[বা]—বিণ. যে নষ্ট করে ।। তে বর নাট্ মেরৈয়া পোলা । [<নাট(<নষ্ট সং)+মার (<মারা) +ইয়া প্র.] ।

নাঠা=[ম, সি]—বিণ. মন্দ ।। নাঠা মাল্ কম্ দামে না দিলে নিব কে ? [<নট্ঠ<নষ্ট সং] ।

২=[ম, সি]—বিণ. দুষ্ট, বিরক্তিকর ।। তার্ মত অমন্ নাঠা লোক্ বোদ্ হয় এই দুন্নাইত্ আর্ দুইডা নাই । [অর্থ প্র.] ।

নাডা=[ঢা]—বিণ. খাট, খর্বকায় ।। নাডা যত শয়তান্ তত । [<নাটা] ।

২=[নো, ম, ঢা]—বিণ. খল, দুষ্ট, খারাপ ।। নাডামি কৈর না । [দেখ নাঠা] ।

৩=[চট্ট]—ক্রি. বন্ধ করা ।।

৪=[বা]—বি. জমি চাষ করিবার সময়কার লাঙ্গলের ফলার রেখা ।। নাডা বালা করি দিও ।

৫=[খু]—বি. লাঙলের মুড়ি বা হাতে ধরিবার অংশ ।।

নাডাই=[চট্ট, কুম, ঢা]—বি. সূতা কাটিবার নাটাই ।। [<নাটাই] ।

নাডি=[ঢা]—বি. লাঠি ।। [<লাঠি] ।

নাডিগুডি=[ঢা]—বি. শয়তানী, কুপরামর্শ ।। হগল্ নাডিগুডি ঐসে হের্ বৌয়ের্ । [অনু.] ।

নাডোকি=[রং]—বিণ. রসিকা, মিষ্ট-ভাষিণী ।। হে কতায়্ বাত্তায়্ বর নাডোকি । [<নাট+কি প্র.] ।

নাড়ডা=[রং]—বি. বদমায়েশ, গুণ্ডা ।। [দেখ নাঠা] ।

নাড়ডারু=[রং]—বিণ. কঙ্কালসার ।। নাড়ডারু লোক্টা কি কাজ কর্বার্ পায় ? [<নাট+আরু প্র.] ।

নাড়া=[রা]—বিণ. খালি, নিরাভরণ॥ [=নেড়া]।

২=[রং, ফ, দি]—বি. ধানের গোড়ার অংশ॥ নাড়া পচ্‌'লে যমির্ শার্ অয় (ফ)। [<নাল সং]।

৩=[খু]—ক্রি. গরু ছাগল ইত্যাদিকে খুঁটা পুঁতিয়া ঘাস খাওয়ান॥ [অর্থ প্র.]।

নাড়াই=[নো, চট্ট]—বি. বিবাদ, লড়াই॥ হ্যাতারা নাড়াই লাগি গেসে। [=লড়াই]।

নাড়াংগা=[চট্ট]—বি. বিসর্প, চর্মের প্রদাহ, রোগ বিশেষ॥ [<নারঙ্গ=কমলালেবু, ঐরূপ বর্ণ]।

নাড়াজমি=[দি]—বি. আউশ ধান কাটার পর যে জমিতে আমন ধান রোপন করা হয়॥ [দেখ নাড়া৩+জমি]।

নাড়ানো=[খু]—ক্রি. ক্ষেপানো॥ খবর্‌দার্ কুকুরটাকে নাড়াবে না। [=নাড়া+নো প্র.; মূলার্থ স্থানান্তরিত করা]।

নাড়ানড=[রং, য, কু]—বি. ঝগড়া॥

নাড়াপাড়া=[ফ]—বি. খড়ের স্তূপ॥ নাড়াপাড়া শেশ্ ঐয়া আইল্। [দেখ নাড়া+পাড়া (<পত্র সং)]।

নাড়া মুড়া=[দি, রা]—বিণ. শাখা প্রশাখাহীন॥ তেতৈলের্ গাস্‌টা নাড়া-মুড়া করে কাট্। [দেখ নাড়া+মুড়া (<মুণ্ডিত); সহশব্দ]।

নাড়ি=[কু]—বি. বিধবা॥ নাড়ি হলি বড়ো দুক্‌খু। [<লাড়ি<রাঁড়ি (<রণ্ডা সং)]।

২=[রা]—বি. গোয়ালাদের দইএর পাত্র॥

৩=[দি]—বি. ঘণ্ট॥ মাছের নাড়ি। [<নাড় (<নাড়া)+ই প্র.]।

৪=[রং]—বি. নাভী॥ [<নাড়ী সং; অর্থ প্র.]।

৫=[য]—বি. জামাইকে সকালে যে নাশতা দেওয়া হয়॥ নাড়ি খাওয়াই যামাইকে বিদায় দিতে হবে। [<লাড়ু (<লড্ডু সং)+ই প্র.]।

নাড়ি পাতলা=[খু, য]—বিণ. যাহার কাছে কথা গোপন থাকে না॥ [দেখ নাড়ি৪+পাতলা (<পত্র সং+লা)]।

নাড়িয়া=[রং]—বিণ. যাহার মাথায় চুল নাই, নেড়া॥ মাথা কামাই নাড়িয়া হছিশ্, এক্‌নাও চক্ নাই। [প্রা. বাং]।

নাড়ে=[খু]—বি. মুসলমান (হিন্দু প্রয়োগ; মুসলমানকে উদ্দেশ্য করিয়া গালি প্রদান)॥ [দেখ নাড়িয়া]।

নাড়্যা=[রা]—বি. মুণ্ডিত মস্তক॥ নাড়্যা মানুশুতে ধরে লৈ জা। [দেখ নাড়িয়া]।

নাড়্=[চট্ট]—বি. নাভি, আঁত॥ [দেখ নাড়ি৪]।

২=[খু, য]—বি. বিধবা॥ [দেখ নাড়ি]।

নাড়্খোড়া=[খু]—বি. ছোট পুকু-রের জলের উপর ভাসমান মৎস্য॥

নাড়্ ঘাশ্=[খু]—বি. বড় লতানো ঘাস বিশেষ॥ [নাল+ঘাস]।

নাড়্হা=[রা]—বিণ. নেড়ে মাথা॥ হাঁরে তুই নাড়্হা হলি কেনে? [দেখ নাড়িয়া]।

নাতন্ বেংগা=[সি]—বি. অযথা টংটং॥

নাতা=[কুম]—বিণ. দুষ্ট, চালাক॥ [দেখ নাটা]।

২=[ফ, য, বা, খু, চট্ট]—বি. ন্যাকড়া, কানাচ. রন্ধন কার্যে ব্যবহার্য পাটের আঁশ॥ নাতা সিড়ে গেসে (খু)। [<নেতা (<নক্তক সং)]।

৩=[কুম]—বি. তুলা॥ [অর্থ প্র.]।

৪=[ম]—বি. ছিপি॥ বোতল্‌টার্ মুকে নাতা দিয়ে রাখ্। [দেখ নাতা; অর্থ প্র.]।

নাতা গদ্তা=[কুম]—বি. টানামানা, অভিমান॥ [অনু.]।

নাতা দেওয়া=[য]—ক্রি.[হাঁড়ি পাতিল পরিষ্কার করা॥ নাতা দিয়ে হাঁড়িটা নামা। [দেখ নাতা২+দেওয়া]।

নাতানো=[চট্ট]—ক্রি. নিকান, ভূমি বা প্রাচীরাদি মাটি ও গোময় দ্বারা লেপন করা॥ ঘর্‌আন্ নাতাই ফেল্। [দেখ নাতা২+নো প্র.; অর্থপ্র.]।

নাতাবোতা=[সি]—বিণ. দিশাহারা, ব্যতিব্যস্ত॥ [<না+থা(<থই<স্থল সং)+ভোঁতা; সহশব্দ]।

নাতার্=[ম]—বিণ. কাজের উপযুক্ত অথচ কাজ করে না এমন॥ [দেখ নাতুর্; অর্থ প্র.]।

২=[য]—বি. মোটা দড়ি॥

নাতি=[খু]—অস. ক্রি. স্নান করিতে॥ নাতি চ'ল্ নদির্ ঘাটে। [<নাহিতে<নাহা=নাওয়া<√স্না সং]।

২=[খু]—বি. রাত্রি॥ আয় নাতি তোর্ কাসে যাব। [<রাতি(<রাত্রি সং)]।

নাতি যাওয়া=[খু, কু, য]—ক্রি. স্নান করিতে যাওয়া॥ [দেখ নাতি+যাওয়া]।

নাতিন্=[কুম]—বি. পৌত্রী॥ নাতি-নেরে দুদ্ দ্যাও। [<নাতিনী]।

নাতুর্=[রং]—বি. নুলা॥ একেবারে নাতুর্ হলু নড়াচড়া কর্‌বার্ চাশ্ না। [<ন(অতিরিক্ত)+আতুর]।

নাতে=[বা]—অব্য. তাহা না হইলে॥ তুই আশিশ্, নাতে আমি যামু না। [<না<নহে+তবে]।

নাতেন্=[রং]—অব্য. নচেৎ॥ তুই জা নাতেন্ মুই জাঁও। [দেখ নাতে+ন]।

নাত্=[রা]—বি. বলদের নাকের ভিতর পরানো দড়ি॥ [<নাথ<নস্তা সং; দেখ নাথ্]।

২=[য]—বি. রাত, রাত্রি॥ অনেক্ নাত্ হয়েসে। [<লাত<রাত(<রাত্রি সং)]।

নাত্কি=[চা]—বিণ. যে সত্য মিথ্যা সাজাইয়া গুছাইয়া বলিতে পারে॥ [দেখ নাট্কি৩]।

নাত্তি=[ম]—বি. লাথি॥ [<লাথি]।

নাত্তির্=[খু]—বি. রাত্রি ।। এত নাত্তির্ কন্ যাবা ? [<রাত্তির< রাত্রি সং] ।

নাথা=[ম]—বি. নৌকায় গাব দিবার জন্য পাটের তৈরী ব্রাশ ।। [দেখ নাতা$_{২}$] ।

নাথার্=[ম]—বিণ. হৃষ্টপুষ্ট ।। লোক্টা খুব্ নাথার্ ।

নাথ্=[ম]—বি. পুং জননেন্দ্রিয় ।।

নাথুন্ থেংগা=[সি]—বিণ. আমোদ আহ্লাদে মাতোয়ারা ।। অত নাথুন্ থেংগা কেরে ?

নাথ্=[ব, য]—বি. গরুর নাকের দড়ি ।। [<নস্তা সং] ।

নাদম্ ভুশি=[ব]—বিণ. মোটা অথচ শক্তিহীন ।। রায়্ বাড়ির্ অতুল্ এক্টা নাদম্ ভুশি । [<নাদন(<নন্ধ সং) +ভুসি(<বুস সং)] ।

নাদা=[পা]—বি. রান্না । আমি এখন্ বাত্ নাদা কর্‌ব । [<রাঁধা(<রন্ধন)] ।

২=[ম]—বি. গোবর ।। নাদা ফালাইয়া দেও । [<নাদ(<লণ্ড সং)+আ প্র.] ।

৩=[খু]—বি. চাড়ি, মাটির তৈরী বড় গামলা । [<নান্দা সং] ।

নাদাং=[য]—বিণ. অপদার্থ ।। খাচ্'স দাচ্'স আর্ নাদাং হচ্'স । [< নাদান نادان ফা.] ।

নাদাগরা=[সি]—বিণ. ক্ষ্যাপা, যাহার কাপড় চোপড় গোছানো নয় ।। দেখ্ বেটা কি যাত্ নাদাগরা ঐয়া আটের্ । [দেখ নাদা^{২}+ঘর+আ] ।

নাদা নাদা=[ম]—ক্রি. বিণ. স্তরে স্তরে. অনেক অনেক ।। [দেখ নাদা$_{৩}$; অতিশয্যে শব্দদ্বিত্ব] ।

নাদান্=[চট্ট, কুম]—বিণ. যে কোন কিছু খায় নাই, পেটুক ।। [দেখ নাদাং ; অর্থ প্র.] ।

২=[কুম, রা]—বিণ., বি. স্বার্থপর, খিটখিটে ।। [অর্থ প্র.] ।

৩=[ফ, সি, রং]—বিণ. বেকুব, অপদার্থ, দুষ্ট ।। [দেখ নাদাং] ।

নাদান্ বক্শ=[ম]—বিণ. বোকা ।। তুমি এক্টা নাদান্ বক্শ । [দেখ নাদান্+বখশ بخش ফা.] ।

নাদান্ শাই=[ম]—বিণ. কৃপণ ।। [দেখ নাদান্$_{২}$+সাঁই(<স্বামী সং)] ।

নাদারত্=[সি]—অব্য. নেই, নাই ।। [<নদারদ ندارد ফা.] ।

নাদার্গিত্ গাওয়া=[সি]-ক্রি. বাজে কাজ করিয়া সময় ও অর্থ ব্যয় করা ।। কিতা কর্‌মু কুনু কায়্ নাই নাদার্ গিত্ গাই । [<মাদার(শাহ্ মাদার প্রখ্যাত পীর)+গীত+গাওয়া] ।

নাদি=[ব, দি]—বি. ছাগল ভেড়ার মল বা গোবর ।। [দেখ নাদা$_{৩}$+ই] ।

নাদিম্=[সি]—বিণ. যে দিতে রাজী নয় ।। শশুর্ যেমন্ নাদিম্ যামাই ত্যামন্ নাসর্‌বান্দা । [<না+দিব] ।

নাদিল্=[রং]—বি. কৈ মাছ ।। নাদিল্ এর্ কুড়ি দেড়্ টাকা ।

নাদ্=[খু]—বি. গোবর, গোময় ।। [দেখ নাদা$_{১}$] ।

নাদ্দ্যা=[কুম]—বি. পাট ।। নাদ্দ্যার্ মন্ কত করি ? [<নাল্যা (<নলিত সং)] ।

নানদ্=[রা]—বি. চাড়ি, মাটির তৈরী বড় গামলা বিশেষ ।। গরুকে নানদে বাঁদি আয় । [<নাদা<নান্দা সং] ।

নানন্দের্ গরু=[রং]—বিণ. আগল দোষী ।। এই চ্যাংরাটাই জাত নানন্দের্ গুরু । [<নারদ+এর (সম্বন্ধে)+ গুরু] ।

নানাইয়া=[নো]—বিণ. আদরের ।। করিমের নানাইয়া হোলা ; [নন্না হিং+ইয়া প্র.] ।

নানাজ্=[রং]—বি. আনারশ ।। [< ananas পোর্তু.] ।

নানানি বিনানি=[সি]—বি. যাহা তাহা, ইনাইয়া বিনাইয়া বলা সত্য মিথ্যা কথা ।। [<নানা+নি+বিনান+ই] ।

নানান্ ডালের্ কতা=[চা]—বি. রং-বেরঙ্গের কথা ।। তর্ এই হগল্ নানান্ ডালের্ কতা আর্ হোন্‌তে মন্ করে না ।

নানাবি=[চা]—বিণ. নানা প্রকার ভাবঠমকের ।। নিত্তি নানাবি কতা । [নানা+বিধ] ।

২=[বা]—বি. নানী ।। [<নানা+ বিবি] ।

নানা বিন্নি=[ম]—বিণ. নানা প্রকার ।। নানা বিন্নি কতা হুইন্না যাও । [দেখ নানানি বিনানি] ।

নানি কুনি=[ফ]—বি. গুড়ামাছ বিশেষ ।।

নান্ মরা গরু=[পা, চট্ট]—বি. মালিকবিহীন গরু, মুরুব্বি নাই এমন লোক ।।

নানে বানে=[চা]—ক্রি. বিণ. অকারণে ।। এক্শ টেকা নানে বানেই গেল্ । [<নানা+বান (<বন+অ সং)+এ (বিভক্তি)] ।

নান্=[চট্ট]—অব্য. ন্যায়, সদৃশ ।। কালিয়ার্ নান্ আযিয়াও রৈদ্ । [<লাগান<লাগ (<লগ্ন সং)+ আন] ।

২=[ব]—বি. মাছের গর্ত ।।

নান্কর্=[ম]—বিণ. নিষ্কর ।। আম্‌রার্ বৌত্ নান্কর্ রাইয়ত্ আসিল্ । [<নানকার نانکار ফা. ; নান বা রুটির অর্থাৎ খোরাকির জন্য যে জমি নিষ্কর দেওয়া হয়] ।

নান্কার্=[সি]—বি. খাজনার পরিবর্তে কাজ করিয়া দেয় এমন রায়ত ।। [দেখ নান্কর্] ।

নান্ কুয়ারা=[কুম]—বি. সোহাগ, আহ্লাদ ।। অত নান্কুয়ারা থোও । [দেখ নাটু ফুয়োরা] ।

নান্ খান্=[কুম]—ক্রি. বিণ. ছিন্ন-বিচ্ছিন্ন ।। [<নানা+খান (<খণ্ড সং)] ।

নান্ছড়া=[দি, রা]—বিণ. যে ক্ষুধা সহ্য করিতে পারে না ।। তোর্ মত নান্ছড়া আর্ নাই । [<নাড়্ (দেখ নাড়ি$_{৪}$)+ছেঁড়া] ।

নানছো নানছো করা=[রা]—ক্রি. গা না লাগাইয়া কাজ করা ॥ [<না ছোঁ=ছুঁইওনা]।

নানযো=[কুম]—বি. গরুকে ফেন খাওয়াইবার পাত্র ॥ নান্‌যাডা গরুরে দে। [দেখ নানদ্]।

নানডি বাশটি=[খু]—বিণ. বাজে ॥ নান্‌ডি বাশ্‌টি কথা বলো না। [তুং নষ্টি ফষ্টি]।

২=[খু, বা]—বি. সর্বনাশ (সমস্ত একাকার করিয়া বিনিষ্ট করা অর্থে) ॥

নানডি ভুশশি=[রা]—ক্রি. বিণ. আবোল তাবোল ॥

নানতা=[খু]—বি. ফেনযুক্ত ভাত ॥

নান তান=[ম]—অব্য. যাচ্ছে তাই ॥ [<লা'ন তা'ন لعن تعن ; সহশব্দদ্বয়]।

নানতি=[রং]—অব্য. মতন, মত ॥ মেয়েঠা ঠিক্ হামিদার্ নান্‌তি। [দেখ নান্+তি]।

নানদ=[য]—বি. গরুকে পানি খাওয়াইবার মাটির তৈয়ারী বড় পাত্র ॥ [দেখ নানদ্]।

নানদর=[ম]—বিণ. যে ঘন ঘন খায় ॥ তার্ মত নান্‌দর্ নাই।

নানদা=[খ, রা]—বি. দোষী ॥

২=[কু, চট্ট]—বি. গামলা ॥ [দেখ নানদ্]।

৩=[য]—বি. রান্না, রাঁধা ॥ ভাত্ নান্‌দা অয়ে গ্যাসে। [<রান্ধা (<রন্ধন)]।

৪=[কুম, ম]—বিণ. খারাপ, বোকা ॥ মন্ নান্‌দা কৈর না। [<নাদান نادان ফা.=অজ্ঞ]।

নানদার=[রং]—বি. কিছু পরিমাণ ॥ এক্ নান্‌দার্ কাদা দেতো।

নানদিয়া=[রং]—বি. পেট মোটা বড় কলস, জালা ॥ নান্‌দিয়ায় ধান্ থুছু। [দেখ নানদ্+ইয়া প্র.]।

নানদিয়েল=[ব]—বি. এক প্রকার মাছ ॥

নানদুই=[কু]—বি. নয়না মাছ, একপ্রকার মাছ ॥ নান্‌দুল্ মাস্ খাইতে মযা।

নানদুল=[ঢা]—বি. একপ্রকার মাছ ॥ নান্‌দুল্ মাস খাতে মযা।

নানদে=[য]—বি. গরু ইত্যাদি ॥ পশুকে পানি খাওয়াইবার মাটির আধার বিশেষ ॥ [দেখ নানদ্+এ]।

নাননতা=[কুম]—বি. অপমান ॥ করমের্ বৌ আমারে হেইদিন্ যে নান্‌নতা দিসে। [<লা'নত لعنت আং+আ প্র.]।

নাননা=[ঢা]—বিণ. শিশু (তিরস্কার অর্থে) ॥ [<নন্‌না হিং]।

নাননি=[কুম, ঢা]—বিণ. শিশু, (তিরস্কার অর্থে) ॥ আরে নান্‌নি ওক্কাও চি'ন না? [দেখ নান্ না+ই]।

নান বান=[ঢা]—ক্রি. বিণ. ছিন্ন বিচ্ছিন্ন, সর্বহারা ॥ অরা নান্ বান্ ঐয়া এক্ একযন্ এক্ একখানে আসে। [তুং লণ্ড ভণ্ড]।

২=[খু]—বি. একের কথা অপরকে লাগানোর স্বভাব।। [অর্থ প্র.]।

নানরা=[ব,য]—বিণ. ক্ষুধার্ত ॥

না পয়রা=[চট্ট]—বিণ. অলক্ষ্মী (শাশুড়ীরা বউকে এবং মা মেয়েদেরকে এই শব্দ প্রয়োগে গালি গালাজ করে) ॥ [<না+পয় (<পদ সং?)+রা; তুং অপয়া]।

নাপা=[রং]—ক্রি. মাপা ॥ ধান্ নাপ। [নাপ্‌না হিং]।

২=[চট্ট]—বি. চর্বি ॥

নাপাতে লাতি ভাতার=[চট্ট]—বিপদে যা পাওয়া যায় তাই লাভ ॥ [মূল অর্থ—না পাইতে নাতি ভাতার; বাগ্‌ধারা]।

নাপাশাক=[রং]—বি. একপ্রকার শাক ॥

নাপিত=[ঢা]—বিণ. কৃপণ ॥ লোক্‌টা বর নাপিত্।

নাপিন্না=[রং]—বি. কলা ॥

নাপোল=[রং]—বি. পায়খানা ॥ নাপোল পরিশ্‌কার্ করা মেথরের্ কাজ্।

নাপ=[ঢা]—বি. পরিমাণ, ওজন ॥ [নাপ্ হিং; দেখ নাপা]।

নাপড়া=[রং]—বি. ব্যারাম, রোগ বিশেষ ॥ তোর্ বলে নাপ্‌ড়া হচ্‌লো।

নাপতা কাতানি=[ফ]—বি. কালো রংয়ের ছোট চিংড়ি মাছ ॥ নাপ্‌তা কাতানি খাইতে মন্দ নয়।

নাপতালি=[খু, বা]—বি. চালাকি ॥ আমার্ শাতে নাপ্‌তালি। [দেখ নাপিত্+আলি প্র.]।

নাপতি=[খু, ম]—বি. নাপিত ॥ [দেখ নাপ্‌িত]।

নাপতিনি=[ঢা]—বি. এক প্রকার অখাদ্য মাছ ॥ নাপ্‌তিনি মাস্ খাওন্ হারাম্।

নাপতুনি=[নো]—বি. এক প্রকার ছোট মাছ ॥ নাপ্‌তুনি মাস্ আঁর্ বালা লাগে না।

নাপতে মাস=[য]—বি. ছোট মাছ বিশেষ ॥

নাপ পাড়া=[পা]—ক্রি. লাফ দেওয়া ॥ বেশি নাপ্ পাইড় না। [< লাফ (<লম্ফ সং)+পাড়া]

নাপপি=[চট্ট]—বি. মগদের তৈরী মাদকদ্রব্য বিশেষ ॥

নাফা=[চট্ট]—বি. নাকে বাঁধা দড়ি ॥ বিরিশর্ মুখত্ নাফা দিলে গম্ লায়ে। [√নাক+আ প্র.]।

নাফা গোফা=[ব]—বিণ. নাদুস নুদুস, স্থূলকায় ॥ লোক্‌টা নাফা গোফা। [অনু.]।

নাফুর=[ফ]—বি. ভাত নাড়িবার কাঠি ॥ [<লাকুর<লগুড় সং]।

নাফ=[য]—বি. লাফ ॥ গাস্‌তে নাফ্ দে দিন্। [দেখ নাপ্‌পাড়া]।

নাফনা=[কু]—বি. মাটিকাটা যন্ত্র ॥

না বাতুরা=[ম]—বি. বাতিল ॥ [না (স্বার্থে)+বাতুল (<বাতিল باطل আং)+আ]।

নাবানি=[ফ]—বি. মাছ ধরার সরঞ্জাম বিশেষ ॥

নাবি=[পা, য, ফ, খু, কু]—বি. শেষ সময় ।। নাবিতে দান্ বুনেসি যা হয় তা হবে। [<নাম(<নামা)+ই প্র.]।

নাবি তালা=[বা]—বি. বাক্সের তালা বিশেষ ।। [দেখ নাই৪+তালা/< তালক সং)]।

নাবুয.=[চট্ট]—বিণ. অবুঝ, নির্বোধ ।। [<না+বোঝ(<বোধ সং)]।

নাবুর. দা=[ম, কুম]—বিণ. খারাপ, বিশ্রী ।। নাবুর্ দা কতা কৈস্ না।

নাবে নাব.=[পা]—বি. মাপিবার প্রথম গণনা ।।

নাবো=[কু]—ক্রি. বিণ. নীচে ।। খাটের্ নাবো। [<নাব(<নামা)+উ]।

নাবড়া=[রং]—বি. আলু বেগুন ইত্যাদি তরকারীর ঘণ্ট ।। [<লাবড়া (<লাবু+ড়া)]।

নাবরম.=[চট্ট]—বি. অসম্মান ।। [< না+<√ভ্রম্+অ সং) ; তুং সম্ভ্রম]।

নাবলা=[ফ]—বিণ. যাহা দেরীতে লাগে, যাহা দেরীতে পাকে ।। [< নাব(নামা)+লা প্র.]।

নামাইয়্যা=[ঢা]—ক্রি. বিণ. মৌসুমের শেষের দিকে, পরে ।। খ্যাত্ডা নামাইয়্যা বোনা। [দেখ নাব্লা ; নামা+ইয়া প্র.]।

নামাক.কুল.=[পা]—বিণ. বোকা, বুদ্ধিহীন ।। গরের্ টাকা পরের্ কাসে হাওলাত্ দিয়া আমি নামাক্কুল্ বনে গেসি। [<না+মা'কুল معقول আং তুং বেআক্কেল]।

নামা নাড়ু=[খু]-বি. কচি কাকরোল ।।

নামানি=[ঢা]—বি. পায়খানা, কলেরার মত মলত্যাগ ।। তোর্ নামানি উক্। [<নামা+নি প্র.]।

নামানে=[পা]—ক্রি. বিণ. মাত্রই, সবাই, মোট ।। [<তামাম تمام আং ; +এ]।

নামান.=[কুম]—বিণ. শূন্য, নাই ।। চি'টুটা নামান্ (টাকা নাই)। [< না মান্দ ناماند ফা.]।

নামান.তে=[ম]—ক্রি. বিণ. সমস্ত ।। [দেখ নামানে]।

নামি=[ফ]—বিণ. শেষ ।। নামি বাইনের্ দানৈ বালা হৈচে'। [দেখ নাবি]।

নামিডাকি=[ন, সি]—বিণ. নাম ডাকের, অত্যন্ত যশস্বী ।। লোক্টা খুব্ নামিডাকি। [<নাম সং+ই প্র.+ ডাক (<ডাকা)+ই প্র.]।

নামিলা=[ম, ঢা]—ক্রি. বিলম্বিত ।। এইবার্ নামিলা ফশল্ খুব্ বালা ঐবগো। [দেখ নাব্লা]।

নামিল.তি=[ঢা]—বিণ. যাহা পরে ফলে, যাহা পরে আসে ।। এইবার্ নামিল্তি দান্ খুব্ বালা ঐসে। [দেখ নাব্লা+তি প্র.]।

নামু উঠা=[চট্ট]—ক্রি. বিষম লাগা ।। নামু উঠি দম্ বন্দ হৈবার্ মত হৈয়ে। [দেখ নাবো+উঠা]।

নামুনি=[ম]—বি. পেটের অসুখ ।। সমিরুদ্দির্ নামুনি ঐসে। [দেখ নামানি]।

নামুরাদি=[সি]—বি. দেউলিয়া ।। তোমার্ নারুরাদি নাম্ লেখান্ উচি'ত্। [<না+মুরাদ مراد আং]।

নামোন.=[বা]—অব্য. নাকি, কিনা ।। বড় মিয়াকি কৈলে বোযু (বুঝিছে) নামোন্ ? [মূল অর্থ না মনে করি]।

নাম. করা=[ম]—ক্রি. গর্ব করা ।। আর্ নাম্ কৈরো না। [<নাম সং+ করা]।

নাম.গন.দ=[ঢা]—বি. বিন্দু বিসর্গ ।। আমিত এই কতার্ নাম্ গন্দ যানি না। [<নাম গন্ধ]।

নাম. যানা সানা=[পা]—বি. শ্লেষোক্তি ।। [<নামজানা ছানা]।

নাম.যান.সে=[ম]—বিণ. একশেষ, পা ঝাড়া ।। দুশ্টের্ নাম্ যান্সে। [< নাম+জানিয়াছে]।

নাম.লা=[খু]—বি. বটের ঝুরি ।। [< নাম(<নামা)+না প্র.]।

নাম. ফাটানো=[সি]–ক্রি. নাম জাহির করা ।। [<নাম সং+ফাটানো]।

নাম.নিসিন.দা=[ঢা]—বি. নাম ঠিকানা ।। নামনিসিন্দা না যান্লে আন্-তাযে কৈ বিচ্'রাইবা। [নাম+নিশান দহ্ نشان ده ফা.]।

নাম.বা=[ব, য, পা]—বিণ. নীচু ।। [<নামা]।

নাম.লা=[রা, চট্ট]—বিণ. যাহা নির্দিষ্ট সময়ের পরে হয় বা ঘটে ।। [দেখ নাব্লা]।

নাম.শা=[রং]—বি. গাভী ।। নাম্শাটি দুইশের্ দুদ্ দেয়।

নায়রি=[চট্ট]—বি. মেয়ে মেহমান ।। [দেখ নাইঅরি]।

নায়র. দিদি=[রং]—বি. সহোদরা, সাক্ষাৎ বোন ।। অয়্ঁ হামার্ নায়র্ দিদি। [দেখ নাই৪+র(সম্বন্ধে)+দিদি]।

নায়াল.=[চট্ট]--বি. লাঙ্গল ।। [< লাঙ্গল]।

নায়ানি চু'বানি=[খু]—বি. বিপদের পর বিপদ ।। এই বসর্ত নায়ানি চু'বানি খেয়ে কোনু রকমে বেচে' আসি মাত্র।

নায়ানো=[খু]—ক্রি. রোগ মুক্তির পর স্নান করান (মেয়েদের) ।। [< নাওয়ানো]।

নায়ান.=[চট্ট]—অব্য. মত ।। তার্ নায়ান্ মানুশ্ আর্ ন দেহি। [দেখ নাকান্]।

নায়ার.=[ফ]—বি. বাপের বাড়ি ।। বৌটা নায়ার্ গেসে্। [দেখ নাইওর্]।

নায়ালতি=[খু]—অব্য. প্রায়, প্রকার, রকম, মত ।। তোমাদের্ ময়না তো দেখি ওর্ কাকার্ নায়ালতি ফর্শা হয়েসে। [দেখ নায়ান্+তি প্র.]।

নায়ি=[খু]—বি. ঘরের কোনাচি ।। রান্না ঘরের্ নায়ির্ বেড়া খশে পড়েসে। [দেখ নাক+ই প্র.]।

নায়িল.=[বা]—বি. নারিকেল ।। সয় টাহা দর্ নায়িলের্ ত্যাল্ ব্যাচে'। [<নারিকেল]।

নায়েক.=[রং]-বিণ. লায়েক, সাবালক ।। [<লাই'ক لائق আং]।

নায়ের্=[খু]—বি. স্ত্রীলোকের বাপের বাড়ীতে বেড়াইতে যাওয়া ।। আমাদের বৌ নায়ের্ গেসে্ এবার্। [দেখ নাইওর্] ।

নায়ের্ নলা=[য]—বি. পায়ের গিঁট ।। আমার্ নায়ের্ নলায় ঘা হয়েসে। [<পায়ের নলা] ।

নায়ের্ হুর্=[পা]—বি. নাকের ডগা ।। নায়ের্ হুর্ গাইয়্চে'। [<নাকের+শুঁড়(<শুণ্ড সং)] ।

নায়্=[সি]—অব্য. না হইলে।। তুমি আইও, নায়্ আমি যাইতাম্ না। [<না+হয়] ।

নায়্ক্=[খু]—বি. বেশ্যা ।। [অর্থপ্র.] ।

নায়্ডিরি=[কুম]—বি. মেয়ে ।। নায়্ ডিরির্ বিয়া দিমু ।

নায়্ তরে=[সি]—ক্রি. বিণ. দুই মুখে, সত্য মিথ্যা মিশাইয়া ।। তোমার্ লাখান্ নায়্ তরে কতা যানি না ।

নায়্নাক্কুর্=[কুম]—বি. নাতি ।। [<নাতি+নাত(<নাতি)+কুল] ।

নায়্ নাত্কুর্=[কুম, ঢা]—বি. পুত্রের ছেলেমেয়ে ।। আপ্নার্ নায়্নাত্কুর কয়্ডা ? [দেখ নায়্নাক্কুর] ।

নারাল=[ফ]—বি. পাখী বিশেষ ।।

নারা=[খু, ফ, চট, বা]—বি. বিচালি। গরু এবার্ নারা দি সাইতে ঐব (বা)। [<নাড়া(<নাল সং)] ।

২=[ম]—বি. বিপত্নীক ।। [<লাড়া<রাড়া<রাড়(<রণ্ড সং)] ।

৩=[ঢা]—বি. ধ্বনি ।। আরো যোরে নারা দে। [<না'রঃ نعره আং] ।

নারাই=[পা, ম]—বি. ঝগড়া ।। হুদা-হুদি নারাইয়ের্ কাম্ কি ? [<লড়াই] ।

নারাইলের্ ত্যাল্=[পা]—বি. নারিকেল তৈল ।। নারাইলের্ ত্যালের্ দাম্ বেশি। [<নারিকেলের তৈল] ।

নারা কাতুরে=[খু]—বিণ. দুর্বল ।। [<নেড়া+কাতর+এ প্র.] ।

নারাযি=[ব]—বি., বিণ. ধূর্তের চরম, শয়তান ।। শয়্তানের্ নারাযি। [<নারাচ সং+ই] ।

২=[বা]—বি. দায়ের হাতল বা বাঁট ।। [নারাচ সং] ।

নারাজ্=[রা]—বি. দা কাঁচি প্রভৃতির বাঁটের মধ্যে লাগাইবার অংশ ।। নারাজ্ মোটা হলে দার্ আছাড়্ ফাড়ে জাবে। [দেখ নারাযি$_2$] ।

নারায্=[খু]—বি. তাঁতে বোনা কাপড় ।।

নারাদল্=[নো]—বিণ. একেবারে সাদাও নয় আবার লালও নয় এমন ।।

নারানারি=[ঢা]—বি. ঝগড়া বিবাদ ।। নারানারি কৈর‍্যা লাব্ নাই। [<লড়া+লড়্+ই] ।

নারাব্যাতো=[পা]—বি. আমন ধান বিশেষ ।।

নারায়্=[রা]—ক্রি. বিণ. তাড়াহুড়া। নারায়্ দিলেই কাজ্ হয়্ না ।

নারার্ টৌহি=[ঢা]—বি. খড়ের গাদা, খড়ের স্তূপ ।। [<নাড়া(<নাল সং)+র(সম্বন্ধে)+ঢিবি] ।

নারি=[পা]—বি. বিণ. বিধবা ।। নারি মানুশ্ তোর্ অত আমোদে কায্ কি ? [<লাড়ি<রাঁড়ি(<রণ্ডা সং)] ।

নারিকেল্=[ম]—বি. আমন ধান বিশেষ ।।

নারিচ্=[চট]—বি. পাট শাক ।। নারিচ্'দি ভাত্ খাইলে পেডর্ বিমার্ শারে। [<নালিত(<নলিত সং)] ।

নারিমান্দা=[সি]—বি. কমজাত, বজ্জাত ।। মানুশ্গা বর নারিমান্দা। [<নাড়ী+মন্দ+আ প্র.] ।

নারিয়া হোনশ্=[ফ]—বি. সোনাইল গাছ ।।

নারিশাক্=[কুম]—বি. পাটের শাক। নারিশাক্ আমার্ বালা লাগে। [<নালি(<নলিত সং)+শাক] ।

নারু=[ঢা]—বি. নাড়ু ।। [<নাড়ু(<লড্ডু সং)] ।

নারুকারু=[ম]—বিণ. শোচনীয় ।। রুগে শুগে তার্ দশা নারুকারু। [অনু.] ।

নারুশি=[ব]—বি. এক প্রকার পাখী ।। নারুশির্ গোস্ত খুব্ শাদ্ ।

নারুল্=[য]—বি. মাছ বিশেষ ।।

নারেংগা=[ফ]—বি. এক প্রকার আমন ধান ।।

নারৈ=[ফ]—বি. ঝগড়া, বিবাদ ।। অনর্তক্ নারৈ কৈর না। [<লড়াই] ।

২=[বা, ফ]—বি. আউশ ধান বিশেষ ।।

নার‍্যাল্=[ফ]—বি. নারিকেল ।। আমাদের্ ওহানে নার‍্যাল্ খুব্ হস্তা। [<নারিকেল] ।

নারোদ্=[পা]—বি. যে ব্যক্তি খবর আদান প্রদান করে ।। [<নারদ (দেবতার নাম) ; অর্থপ্র.] ।

নার্=[কুম]—বি. তলপেট, আঁত ।। [<নাড়(<নাড়ী সং)] ।

২=[কুম]—বি. গলা বা খাদ্যনালী ।। তার্ নারে কাটা বিন্দিসে। [<নাল সং] ।

নার্কলি=[ঢা]—বি. পুঁটিমাছের ন্যায় একপ্রকার মাছ ।। নার্কলি মাস্ খাওয়ন্ না যায়েয্ ।

নার্কেল্সরি=[খু]—বি. এক প্রকার ধান ।।

নার্কৈল্যা=[চট, দি]—বিণ. নারিকেলে প্রস্তুত বা নারিকেলের মত ।। [<নারিকেল+ইয়া প্র.] ।

নার্কৈল্ল্যা=[কুম]—বি. লম্বা বড় কচু ।। নার্কৈল্ল্যাদি রান্দ ।

নার্কি=[ম]—বি. লাঠি ।। [<লাড়কি<লকড়ী হিং] ।

নার্যালা=[ঢা]—বি. মেয়েদের গালি বিশেষ ।। [দেখ নার্+জ্বালা] ।

নার্পানিয়া=[রং]—বি. সব স ময়ে অসুস্থ থাকে ।। নার্পানিয়ার্ ভাতে বাতুল্। [দেখ নার্+পানি+আ প্র.] ।

নালখ্=[য]—বিণ. জীর্ণশীর্ণ ।। পোয়াটা নালখ্ পড়ি গেসে ।

নালট্=[ম]—বি. নোলক ।। [<নোলক] ।

নালা=[খু]—বিণ. লোকমা, গ্রাস ॥ সেলেটাকে এক্ নালা ভাত্ দাও। [<নিৱালহ্ نواله ফা.]।

২=[চা, কুম]—বি. পেটের ভিতরে বর্ধিত চাকার মত মাংসপিণ্ড ॥ নালা উট্‌লে তল্‌পেড্ বিশ্ করে। [<নাড় (<নাড়ী সং)+আ প্র.]।

নালা উডান্=[চা]—ক্রি. নালা পড়া রোগ সারান, নাভীর রোগ সারান ॥ ত্যাল্ থাবুর্ দিয়া নালাডা উডাইয়া হালাও। [দেখ নালা২+উঠান]।

নালানো=[কুম]—ক্রি. তরিবত করা, ঠিক করা ॥ [<নাল+আনো প্র. ; নামধাতু]।

২=[ম]—ক্রি. ভুলান ॥ [<নালা+নো প্র. ; নামধাতু]।

৩=[পা]—ক্রি. বিণ. সুর করিয়া কাঁদা ॥ গ্যাদা নালাইতাচে' ক্যা ? [দেখ নালানো : অর্থ প্র.]।

৪=[চা]—ক্রি. গোছল করান ॥ পোলাপান্‌রে নালাইল্ নিযেও নাহাইল্। [< নাহ্‌লানো=নাওয়ানো ; তুং নহলানা হিং]।

নালা পরা=[চা]—বি. নাভীর এক প্রকার রোগ হওয়া ॥ নালাপর্‌লে নাইয়ের্ গোর্ দুপুর্ দুপুর্ করে। [দেখ নালা২+ পড়া]।

নালায়েক্=[চা]—বিণ. অনুর্বর ॥ যমিটা নালায়েক্। [<না+লাই'ক لائق আং]।

নালি=[খু ফ]—বি. নখ, খিল, বাঁশের নাম ॥ নালি বাশ্ বালা কামে লাগে। [<নাল+ই প্র.]।

২ =[পা]—বি. লম্বা নীচু জায়গা ॥ [অর্থ প্র.]

৩=[রং]—বি. লালা ॥ ছাওয়াটার্ মুখ্ দিয়া নালি পড়িচে। [লালা+ই প্র.]।

৪=[চা, কুম]--বি. ছিদ্র ॥ ফোরাডায় নালি ঐয়া গেসে। [<নালী সং]।

নালিগড়্=[রং]—বি. ঝোলাগুড় ॥ [দেখ নালি৩+গুড়]।

নালিত্‌তক্=[নো]—বি. গুড় তৈয়ারীর পূর্বাবস্থা ॥ নালিত্‌তক্ দুদ্ দি খাইতে হোয়াদ লাগে। [দেখ নালি৩+ততা (<তপ্ত সং)+ক]।

নালিপাতা=[সি]—বি. পাটপাতা ॥ কতডি নালিপাতা আন্‌সাই। [<নালি (+নলিত সং)+পাতা (<পত্র সং)]।

নালুচ'=[ম]—বি. লোভ, লালসা ॥ মুখের্ নালুচে' বেশি খাওনে পেড অশুখ্ কর্‌সে। [<লালচ(<লালসা) +এ (বিভক্তি)]।

নালুয়া=[রং]—বিণ. নবীনা ॥ নালুয়া বৌর্ আদর্ বেশি। [<নব+লা প্র. ; বর্ণ বিপর্যয়]।

নালে=[রং]—বিণ. লাল ॥ নালে কাপড়্। [<লাল+এ প্র.]।

২=[ম]—ক্রি. বিণ. ধীরবেগে ॥ বদ্‌না দিয়া নালে পানি ডাল্। [< নাল+এ (বিভক্তি)]।

৩=[চা]—ক্রি. বিণ. দিকে, পথে ॥ নানান্ নালে ট্যাকা আহে। [অর্থ প্র.]।

নালে আহা=[চা]—ক্রি. পথে আসা, আয়ত্তে আসা, দুঃখ কষ্ট পাইয়া ঠিক হওয়া ॥ বৌডা অহনে নালে আইসে। [দেখ নালে৩+আসা]।

নালে খুলে=[চা]—ক্রি. বিণ. নালা নর্দমায় ॥ দুইফৈর‍্যা বালা নালে খুলে যাইঅ না। [নালী+এ বিভক্তি+খাল +এ (বিভক্তি)]।

নাল্=[কুম, নো] —ক্রি. বিণ. প্রস্তুত, সমাপ্ত ॥ কাম্‌ডা নাল্ ঐসে।

২=[বা]—বি. নৌকার কাছা ॥ নায়ের্ নাল বৈও না। [অর্থ প্র.]।

৩=[বা]—বি. ঠিক, গোছগাছ ॥ কাপর্ চো'পর্ নাল্ কর্। [অর্থ প্র.]।

৪=[চা]—বিণ. সমতল ॥ আমাগ খেতের্ লগে আউগ্‌গা নাল্ খ্যাত্ আসে। [অর্থ প্র.]।

৫=[নো, বা, চট্ট]—বি. সূত্র, লাইন, ধারা ॥ নাল্‌মত কতা কৈয়ো। [অর্থ প্র.]।

৬=[ম]—বি. ভাব, মর্ম ॥ [অর্থ প্র.]।

৭=[খু]—বি. লালা ॥ [<লাল< লালা সং]।

৮=[রা]—বি. মাছমারা অস্ত্রের লোহার শলা ॥ [দেখ নাল্ ; অর্থ প্র.]।

৯=[চা, সি, কুম]—ক্রি.বিণ. সোজা, জব্দ ॥ পিডাইয়া নাল্ কৈরা হালাইম্ ॥ [অর্থ প্র.]।

১০=[চা]—বিণ. লাল ॥ [<লাল]।

নাল্ অওয়া=[চা]—ক্রি. সোজা হওয়া ॥ নাল্ ঐয়া আপ্‌নি আইব। [দেখ নাল্ +হওয়া]।

নাল্ করা=[সি, নো]—ক্রি. মেরামত করা ॥ তুপানের্ আগে গর্ নাল্ করন্ লাইগ্‌ব। [দেখ নাল্+করা]।

নাল্‌গা=[পা]--অব্য. মত ॥ তর্ নাল্‌গা মানুশ্ আর্ দেহি নাই। [দেখ লাকান্ ; বর্ণ বিপর্যয়]।

নাল্‌চা'ই=[কুম]—বি. মাছ ধরিবার চাই বা যন্ত্র বিশেষ ॥

নাল্‌চিয়া=[রং]—বিণ. লোভী ॥ তোর্ মতন্ নাল্‌চিয়া আর্ দেখিনি বাহে। [দেখ নালুচ' ; লালচ+ইয়া প্র.]।

নাল্‌যিয়া=[ফ]—বি. ছোট মাছ বিশেষ ॥

নাল্ ডিব্ ডিবা=[রং]—বিণ. লাল টুকটুকে ॥ পান খায়া ওঠ্ দুইডা নাল্ ডিব্‌ডিবা হচে। [<লাল+ডিব্‌ডিব্ (অনু.)+আ প্র.]।

নাল্‌তে=[খু]—বি. পাটের পাতা ॥ নাল্‌তে খাবা খুব্ ভাল। [<নালিতা (<নলিত সং)]।

নাল্‌দন্‌ড=[কুম]—ক্রি. বিণ. সোজা। [দেখ নাল্৯+দণ্ড সং]।

নাল্ পশু দিন্=[ম]—অব্য. কোন-দিনই নয়, অসম্ভব ॥ [<না+আইল (<আসিল)+পরশু দিন]।

নাল্‌ফাগা=[সি]—বিণ. সরল, সোজা, ঠিকঠাক ॥ নাল্‌ফাগা দেইখ্যা এ্যাক্‌টা বাশ্ কাইটা আন্।

নাল্‌ বাশ্‌=[ম]—বি. গাড়ীর চাঙ্গারীর উপরের সরু বাঁশ ।। [দেখ নাল্$_{৯}$+বাঁশ] ।

নাল্‌লে=[সি]—ক্রি. বিণ. সতত, সর্বদা ।। [<নাল সং+এ(বিভক্তি)] ।

নাল্‌ল্যা=[কুম, সি]—বি. পাট গাছ ।।

নাল্‌সা=[চট্ট]—বি. এক প্রকার তরকারী ।।

নাল্‌সো=[খু]—বি. পিপীলিকা বিশেষ ।।

নাল্‌ হাল্‌চা'ল্‌=[কুম]—ক্রি. বিণ. ঠিকঠিক ।। [দেখ নাল্+হাল حال আং=অবস্থা+চাল অনুঃ] ।

নাশা=[রা]—বি. ভাতের চূর্ণ বা পিণ্ড ।। ভাতের্ নাশা বর্শির্ টোপ্ হয়্ । [<লাসা<রস+আ] ।

২=[রা]—বি. আঠা ।। [অর্থ প্র.] ।

নাশাল্‌=[বা]—বিণ. লম্বা চওড়া গোচের ।। [লাশ+আল প্র.] ।

নাশি=[চট্ট]—বি. চুক্তি, নিকাশ ।। তার্ লগে আঁই নাশি করি ফেলাইসি । [<নিকাশ(নিকাশ সং)+ই প্র.] ।

২=[চট্ট]—বি. জল নির্গমন পথ ।। [অর্থপ্র.] ।

নাশ্‌নিস=[বা]—বিণ. অদ্‌ভূত, অশ্রুতপূর্ব ।। [<না+শুনিয়াছি] ।

নাশ্‌=[রং]—বি. বেশ বিন্যাস, সাজসজ্জা ।। নাশ্ করে জাও কোথায়্? [ন্যাস(<নি+অস্+অ সং) ; তুং বিন্যাস] ।

২=[ঢা, কুম]—বি. নস্য ।। শর্দি ঐসে তো নাশ্ লও । [<নস্য সং] ।

নাশ্‌বাশ্‌=[ম]—অব্য. লণ্ডভণ্ড ।। আয়্দায়্ নাশ্বাশ্ কর্স । [<নাশ (<√নাশ্+অ সং)+বাশ(অনুঃ)] ।

নাশা=[বা]—বি. প্রদীপের সলিতা ।।

২=[ঢা, ম]—বি. অনুপস্থিত ।। [<না+আসা] ।

নাস্‌তা=[খু]—বি. রাস্তা ।। নাস্তার্ পারে অত মানুশ্ কেন্? [<লাস্তা <রাসতহ্ راسته, ফা.] ।

নাস্‌রা নাস্‌রি=[পা, চট্ট]—বি. ছেলে মেয়েদের আদরের নাম । [<নাচ (<নৃত্য সং)+রা ; নাচরি] ।

নাহড্যা=[রা]—বি. মলদ্বার ।। [< নেড়(<লেণ্ড সং)+ইয়া প্র.] ।

নাহ্‌রি=[পা]—বি. পাতিল হইতে ভাত বাড়িবার জন্য ব্যবহৃত বাখারি ।। [দেখ নাকুর্+ই] ।

নাহরে=[ঢা]—ক্রি. বিণ. আস্তে ।।

নাহর্‌=[কুম]—বি. কাঠি, তরকারি বা ভাত নাড়ার দণ্ড ।। [দেখ নাকুর্] ।

নাহা=[ফ]—বি. বাতির ফিতা, প্রদীপের সলিতা ।। [<নাসা ; অর্থপ্র.] ।

২=[খু]—ক্রি. বিছাইয়া দেওয়া ।।

৩=[কুম]—বি. গরুর মুখে ব্যবহৃত দড়ি বিশেষ ।। গরুর্ মুখে নাহা লাগাইলে ডক্ দেহা যায় । [<নাক+আ প্র.] ।

৪=[ঢা, ফ, খু, কুম, বা]—বিণ. নাকে কথা বাঁধে যার এমন ।। ঐ লোক্টা নাহা । [অর্থপ্র.] ।

নাহাইলে=[ঢা]—অব্য. না হইলে, অন্যথায় ।। তুমি আইবা, নাহাইলে আমি যাইমু না । [<না+হইলে] ।

নাহাইশ্‌ মোডা=[ঢা]—বি. ক্ষুদ্র এবং কালো ও সাদা রঙ্গের আমন ধান বিশেষ ।।

নাহাইশ্‌শ্যা=[বা]—বি. নাকের এক প্রকার রোগ ।। এই গরুটার্ নাহাইশ্শ্যা আসে । [নাক+আশ(<অর্শ ?)+ইয়া] ।

নাহাক্‌=[য]—বিণ. অন্যায় ।। সে তাকে নাহাক্ মার্ মারিসে । [<না +হক্ حق আং] ।

নাহাক্‌ কাযে=[য]—ক্রি. বিণ. বিনা কাজে ।। নাহাক্ কাযে কুটুম্ বাড়ি গিসিলাম্ । [দেখ নাহাক্+কাজ+এ (বিভক্তি)] ।

নাহাজ্‌=[রং]—বিণ. অকারণ ।। তুই মোক্ নাহাজ্ দুশ্বার্ নাগ্চিশ্ । [দেখ নাহাক্] ।

নাহাড়ি=[ষ]—বি. ভাত তরকারি নাড়িবার কাঠের হাতা বিশেষ ।। নাহাড়ি দিয়ে তর্কারি নেড়ে দে । [দেখ নাহরি] ।

নাহাতি=[ফ]—অব্য. মত, ন্যায় ।। তোমার্ নাহাতি আমি নৈ । [দেখ নাকা$_{৩}$+তি প্র.] ।

নাহান্‌=[চট্ট, ম, পা কুম]—অব্য. ন্যায়, মত ।। তোমার্ নাহান্ চে'ার্ খুব্ কম্ আসে । [দেখ নাকান্] ।

২=[কুম]—বি. নাকের রোগ ।। নাহান্ ঐলে রক্ত হরে । [<নাক+আন] ।

নাহামোহা=[ঢা]—বি. নাকমুখ, চেহারা ।। কিলাইয়া তোমার্ নাহামোহা ঠিক্ কৈরা দিমু । [<নাক+আ ; মুখ+আ] ।

নাহারি=[ঢা]—বি. প্রাতঃকালীন নাস্তা ।। [<নাহার ناهار ফা.+ই] ।

নাহারি পাট্‌=[য]—ক্রি. বিণ. অনবরত ।।

নাহারে=[কুম]—ক্রি. বিণ. ধীরে ধীরে ।। নাহারে খাও । [দেখ নাহরে] ।

নাহার্‌=[খু]—বি. ছোট ডোবা ।। [<নহর نهر আং] ।

নাহালন্‌=[দি]—ক্রি. স্নান করা ।। মোর্ ভাই নদিতে নাহাল্ছে । [দেখ নালানো$_{৪}$] ।

নাহাল্‌=[পা]—বি. অপদস্থ ।। আগে যাইন্লে আর্ নাহাল্ ঐতাম্ না । [নাকাল <নিকাল نكال আং] ।

নাহাশি=[খু]—বি. নাক ।। [দেখ নাহাইশ্শ্যা] ।

নাহি=[রা]—বি. নাভীমূল ।। [দেখ নাই$_{৪}$] ।

২=[য]—বি. কোণ, কোনা, দিক্ ।। ঘরের্ পুব্ নাহিতে দেখ্ । [<নাক+ই প্র.] ।

নাহিড়ি=[নো]—বি. পান্তা ভাত ।। [দেখ নাহারি] ।

নাহ্‌নিল্‌=[সি]—বিণ. বাধা দিলেও কাজ বন্ধ করে না যে ।। [<না+√শুন্ +ইল প্র.] ।

নাহুর্‌=[চা]—বি. বাজে গল্প ।। রাইখা দাও তোমার্ নাহুর্ ।

নাহেল্‌=[খু]—বি. নারিকেল ।। [< নারিকেল] ।

নাহৈর্‌=[ফ,পা,ম]—বি. ভাত নাড়ার কাঠি ।। [দেখ নাকুর্] ।

নাহৈল্‌=[বা, ম]—বি. নারিকেল ।। নাহৈল্ খাইতে হোয়াদ্। [<নারিকেল] ।

নাহোড়্‌=[খু, য]—বি. ভাতের কাঠি ।। [দেখ নাফুর্] ।

নাহোল্‌=[ব]—বি. নারিকেল ।। [< নারিকেল] ।

নি

নি=[খু]—অব্য. নাই ।। পুকুরি এক্‌টা মাস্ নি । [<নাই] ।

২=[দি, চট]—অব্য. কি, নাকি ।। তুই খাবুনি ? (তুমি খাবে নাকি) ।

৩=[সি]—বিণ. ছোট ।।

নিঅল্‌=[চট]—বি. বাহির ।। অাঁই আসিয়া ঘর্‌তুন্ নিঅল্ ন পাইর্‌গম্ । [<নিকল হিং] ।

নিইড়ন্‌=[চট]—ক্রি. উপুড় হওয়া, ঝুকিয়া পড়া ।। ন দেইকলে নিইড়ি ন । [<নত+করণ] ।

নিইত্‌তা=[ম]—বি. বুঝিয়া ।।

নিইদা=[চট]—বি. <নিসিন্দা গাছ বা পাতা ।। নিইদা হাক্ তিতা ।

নিউইরা=[কু]—অস. ক্রি. দেখিয়া ।। [<নিহারিয়া<নিহারণ] ।

নিউরিয়া=[নো]—অস. ক্রি. নত হইয়া ।। নিউরিয়া গরে যা । [দেখ নিইড়ন্ ; নত করিয়া] ।

নিউর্‌=[সি]—বি. কৃতজ্ঞ ।। ই উপ্‌কারে হারা যিবন্ নিউর্ থাকুম্ । [< নমকখোর্ نمک خور ফা.] ।

নিউল্‌লা=[সি]—বি. নিরাপদ স্থান ।। [<নি=না+বলা' بلا আং] ।

নিওন্‌=[ম]—বি. নিখোঁজ ।। হে আমার্ বৈখান্ নিওন্ কর্‌সে । [<নিগুম< নি=না (অতিরিক্ত)+গুম گم ফা.] ।

নিওরা=[ম, সি]—বি. কৃতজ্ঞ ।। তার্ গেসে আমি নিওরা আসি (ম) । [দেখ নিউর্+আ] ।

নিওর্‌ পরা=[সি]—ক্রি. শিশির পড়া ।। [<নীহার সং+পড়া] ।

নিওলন্‌=[কুম, নো]—ক্রি. বাহির হওয়া ।। দান্ নিওল্‌সে । [<নিকালন (তুং নিকলনা হিং)] ।

নিঐরা=[কুম]—অস. ক্রি. ভাল করিয়া ।। নিঐরা চ'াও, তাইলে চ'ান্ দেখ্‌বা । [<নিরখিয়া (<নিরীক্ষণ) ; বর্ণ বিপর্যয়] ।

নিংগর্‌=[কু, পা]—বি. শেষ ।। খাওয়ার্ নিংগর্ নাই । [দেখ নিংগুর্ ; অর্থ প্র.] ।

নিংগুর্‌=[বা]—বি. লেজ ।। [< ল্যাঙ্গুর<লাঙ্গুল] ।

নিংটি=[য]—বি. কৌপিন, চার আঙ্গুল চওড়া পরণের কাপড় ।। এ যুগেও নিংটি পর্‌বি ? [<ন্যাংটি<লেঙ্গট (<লিঙ্গ পট্টী সং)] ।

নিংড়িনি=[কু , পা]—বিণ. শেষের, অবশেষের ।। নিংড়িনি পানি ফেলে দিও । [<নিংড়ান+ই প্র.] ।

নিংড়েন্‌=[খু]—ক্রি. ধান গাছের ভিতর হইতে আগাছা বাছা ।। [< নিড়ান (<নিস্তৃণ সং ?)] ।

২=[খু]—ক্রি. চাপ দেওয়া, নিংড়ানো ।। গাম্‌সাকান্ নিংড়ো । [<

নিংরিয়া যাওয়া=[রং]—ক্রি. নিঃশেষ হইয়া যাওয়া ।। [<নিংড়াইয়া+ যাওয়া] ।

নিকাইশ্‌শা=[চা]—অস. ক্রি. শূন্য করিয়া, অবশিষ্ট না রাখিয়া, শেষ করিয়া ।। বাত্‌গুলি এক্‌কেলে নিকাইশ্‌শা খাইসে । [<নিকাশিয়া(<নিষ্কাশন)] ।

নিকাযোকা=[চা]—বিণ. মাপা জোখা ।। নিকাযোকা ট্যাকায় বিয়া অয় না । [লেখা+জোখা ; সহশব্দ] ।

নিকানো=[রং]—ক্রি. খোসা ছাড়ানো ।। আলু নিকাও । [অর্থপ্র.] ।

নিকাবিলা=[পা]—বি. বেকার ।। নিকাবিলার্ কোন্ কাম্, বৈশা বৈশা মারে চ'্যাং । [<নি=না+কাবিল قابل আং] ।

নিকাশ্‌=[চা]—বি. জবাব, প্রতিউত্তর ।। আল্‌নার্ কাসে নিকাশ্ দিতে ঐব । [নিষ্কাশ সং ; অর্থপ্র.] ।

২=[চা, সি]—ক্রি. বিণ. নিঃশেষ ।। দান্‌চ'াইল্ নিকাশ্ ঐয়া গেসে । [অর্থ প্র.] ।

৩=[পা]—ক্রি. বিণ. মলমূত্র ত্যাগ ।। [অর্থ প্র.] ।

নিকাশ্‌টে=[য]—বিণ. নিষ্ঠুর ।। এমন্ নিকাশ্‌টর্ কাসে কোন্ কতা কন্ যায় ? [<নি(অতিরিক্ত)+কাষ্ঠ সং] ।

নিকি=[রং, কুম]—বি. ছোট উকুন বিশেষ ।। [<নিক্ষা সং] ।

নিকুট্‌মি=[সি]—বিণ. আত্মীয়বিহীন ।। [<নি=না+কুটুম্(<কুটুম্ব সং)+ ই প্র.] ।

নিক্‌=[ফ, পা]—বি. উকুনের ডিম ।। মেয়েটার্ মাতায় অনেক্ নিক্ আসে । [দেখ নিকি] ।

২=[দি, ব]—বি. সমতল ভূমির উপর গাড়ী চলাচলের রাস্তা ।। এদিক্ দিয়া গাড়ির্ নিক্ নাই । [<লিক <রেখ <রেখা সং] ।

নিক্‌কারা, নিক্‌কাল্‌লা=[খু]--বিণ. শুধুমাত্র ।। নিক্‌কারা ভর্‌তা দিয়া আর্ কতদিন্ ভাত্ খাব । [<নিষ্কলা(< নিঃ+কলা সং)] ।

নিক্‌কি=[ম]—বি. ছোট উকুন ॥ মাথায় নিক্‌কি হয়েসে, শাবান্ লাগা শাইরা যাইব। [দেখ নিকি]।

নিক্‌কেরেশ্‌ফালে=[নো]—ক্রি. বিণ. নিরাপদে ॥ [<নির্+কেরেংকাল (<কলঙ্ককর সং)]।

নিক্‌খয়্=[য]—ক্রি. বিণ. ধ্বংস, ক্ষয় ॥ তুই নিক্‌খয়্ হয়ে যা। [নিঃ+ক্ষয়]।

নিক্‌খুনি=[রা]—ক্রি. বিণ. সর্বদা ॥ হামি নিক্‌খুনি তোমার্ খবর্ লৈ। [< নি(অতিরিক্ত)+এই ক্ষণ+ই]।

নিক্‌চ'ানো=[ক, পা]—ক্রি. দাঁত বাহির করিয়া হাসা ॥ [<নিকোচ (<নিকুঞ্চন)+আনো প্র. ; অর্থ প্র.]।

নিক্‌চি'কাটা=[খু]—ক্রি. চিমটি কাটা ॥ নিক্‌চি' কাটে কি সুখ্ পাশ্? [<নিকুচি (<নিকুঞ্চিতা সং) + কাটা] ॥

নিক্‌চি'নো=[কুম]—ক্রি. দাঁত বাহির করিয়া হাসা ॥ [দেখ নিক্‌-চ'ানো]।

নিক্‌চু'নে=[খু]—বিণ. দাঁত বাহির হাসে যে ॥ [দেখ নিক্‌চ'ানো]।

নিক্‌চে'=[খু]—বিণ. যে অকারণে হাসে ॥ [দেখ নিক্‌চ'ানো]।

নিকচে'ন্=[খু]—ক্রি. হাসা ॥ অত নিক্‌চে'ইতেস কেন্। [দেখ নিক্‌-চ'ানো]।

নিক্‌টানা=[খু]—বিণ. (গরুর গাড়ীর চাকা) এক পাশে বেশী আর এক পাশে কম ॥ [দেখ নিক্$_1$+টান+আ প্র.]।

নিক্‌না=[চা]—বি. শিঙ্গাড়া ॥ দুটা নিক্‌না দাও।

নিক্ নিক্ করা=[য]—ক্রি. অনুসন্ধান করা ॥ নিক্ নিক্ করে বেড়াচ্'সে কেন্? [<নিক্‌নিক্ (অনু.) + করা]।

নিক্‌নিতানো=[ম]—ক্রি. অতিরিক্ত হাসা ॥ সেরিডা এত নিক্‌নিতায় কেরে? [< নিক্‌নিক্=ফিক্‌ফিক্ (ধ্বন্যা.)+আ নো প্র.]।

নিক্‌রে=[য]—বি. মুসলমান জেলে ॥ [<নিকারী]।

নিক্‌লাইয়া=[য]—অস. ক্রি. নিংড়াইয়া ॥ গেলেশ্‌টায় হগল্‌ডা পানি নিক্‌লাইয়া লও। [দেখ নিঅল্+ইয়া]।

নিক্‌শা=[ব]—বি. রিকশা ॥ চ'ল নিকশায় চ'ড়ে যাই। [<লিক্‌সা< <জিন্ রিকশা (জাপানী)]।

নিক্‌শে=[কুম]—অস. ক্রি. শূন্য করিয়া, অবশিষ্ট না রাখিয়া ॥ [দেখ নিকাশ্+ইয়া]।

নিগম্=[সি]—বিণ. দুঃখহীন ॥ লোক্‌টা একেবারেই নিগম্। [< নি+গম غم ফা.<আং]।

নিগম্ দেওয়া বা লওয়া=[সি]-ক্রি. বিবাহের পণ দেওয়া বা লওয়া ॥ নিগম্ দিয়া বেটায় বিয়া কর্‌সে।

নিগা=[পা, ম]—অব্য. জন্য ॥ তোমার নিগাই আমার্ এ্যাত দুক্‌খু। [<লাগিয়া]।

২=[সি]—বি. করুণা ॥ এক্ যরা নিগা রাখিও আল্লা। [<নিগাহ্ نگاه ফা.=দৃষ্টি]।

নিগান্=[রং]—ক্রি. লইয়া যাওয়া ॥ ছাওয়াটাক নিগাক্। [<নি<লই< লইয়া+গান<যাওন]।

নিগামান্=[চট]—বিণ. মনোযোগী ॥ [দেখ নিগা$_2$+বান بان ফা.]।

নিগারি=[কুম, য]—বি. মৎস্য ব্যবসায়ী ॥ নিগারির্ খাস্‌লত্ বালা না। [<নিকারী]।

নিগার্=[সি]—বি. পালা, অবস্থা ॥ কোনো পথ্ না পাইয়া শেশ্ নিগারে যমিন্ বেচ্'লাম্। [<নিগর (< নির্গলণ)]।

নিগাশ্=[খু]—বি. লাগাম ॥ ঘোড়াড় নিগাশ্ কেডা চু'রি করেচ'? [<লাগাম <লগাম لگام ফা.]।

নিগিলি=[চট]—অস. ক্রি. বাহির হইয়া ॥ হিতে ঘরর্ ভিদর্‌তুন্ নিগিলি এল্। [দেখ নিক্‌লাইয়া]।

নিগুনে=[য]—বিণ. গুণহীন ॥ তোর্ মত নিগুনে মানুশ্‌ত আর্ দ্যাহা যায় না। [<নির্গুণ+এ প্র.]।

নিগুম্=[খু]—বিণ. গোপন, রহস্য ॥ 'ও পর্ দেশিয়া নাইয়ারে, নিগুম্ কথা কৈয়া যাও শুনি'। [<নিগম(<নি +√গম্+অ সং)]।

নিগ্‌গুনে=[খু]-বি., বিণ. অকর্মণ্য ॥ নিগ্‌গুনের্ কপাই শার্। [দেখ নিগুনে]।

নিগ্‌গুম্=[পা]—বিণ. নিখোঁজ ॥ শে একেবারে নিগ্‌গুম্ হয়া আসে। [দেখ নিগুম্]।

নিগ্‌গুম্ মারা=[পা]—ক্রি. নিস্তব্ধ হওয়া, চুপ করা ॥ [দেখ নিগ্‌গুম্+ মারা]।

নিগ্‌ঘুম্=[য]—বি. গভীর নিদ্রা ॥ 'নিগ্‌ঘুম্ ঘুমাইয়া রৈলা মনুরা'। [< নি (অতিরিক্ত)+ঘুম]।

নিগ্‌রা=[কুম, ঢা]—বি. তলানি ॥ পানির্ নিগ্‌রা হালাও। [দেখ নিগ্‌রানো; নিংড়া]।

নিগ্‌রাইন্‌না=[ঢা]—বিণ. খাওয়ার পর পাতিলের সহিত যাহা লাগিয়া থাকে ॥ [দেখ নিগ্‌রানো ; নিংড়ান +ইয়া]।

নিগ্‌রানো=[সি]—ক্রি. বাহির করা, খসানো ॥ [<নিংড়ানো]।

নিঘরের্ শন্‌তান্=[রা]—বি. সন্তান সন্ততিহীন পরিবারের সন্তান ॥ নিঘরের্ শন্‌তান্ বলেই তুমি বাপ্ মার্ খুব্ আদুরে। [<নি+ঘর+এর(সম্বন্ধে) +সন্তান]।

নিচ'ন্=[চট]—ক্রি. বি. পুরাতন ছাউনি উপাড়িয়া ফেলা ॥ চা'ল্‌ডা নিচি'য়া ফ্যাল্ ॥ [<নি+ছন (উলুছন)]।

নিচানো=[রং]—ক্রি. আঁচড়ানো ॥ চুল নিচিয়া বারে জায়েক্। [<ন্যাস (=বিন্যাস)+আনো প্র. ; নামধাতু]।

নিচ'মা=[য]—বিণ. শক্তিহীন ॥ নিচ'মা লোক্‌টার্ কথা শুন্। [নিষ্কাম +আ ; অর্থপ্র.]।

নিচাল্=[রং]—বিণ. অবশ, অজ্ঞান ।। এক্ পথর্ কাড়ি না কাইট্তে শে নিচাল্ হৈয়া পড়্ছে। [<নিশ্চল]।

নিচি'ন্তি=[পা]—ক্রি. বিণ. চিন্তাহীন।। শে বেশ্ নিচি'ন্তি গুমাইতাসে। [<নিশ্চিন্ত]।

নিচি'ন্দা=[ফ]—বি. তরকারী বিশেষ ।।

নিচু'=[য]—বি. লিচু ।। নিচু' দরিনি তার্ দেব কি? [<লিচু<লিচি (চীনা)]।

নিচু'ইটা=[ম]—বিণ. শেষ হইয়া পড়িয়াছে এমন ।। [<নিচোড় হিং +ইয়া]।

নিচু'ন্ তেনা=[কুম]—বি. রান্না করার পর হাঁড়ি পাতিল ধরিয়া আনিবার ছেঁড়া বস্ত্র।। [নিছনি(<নির্মঞ্ছন সং) +তেনা<নেতা (নক্তক সং)]।

নিচ্'কানো=[খু]—ক্রি. অর্থ না বুঝিয়া হাসা ।। অত নিচ্'কাবো না। [দেখ নিকুচ'ানো ; বর্ণ বিপর্যয়]।

২=[পা]—ক্রি. বিণ. খাইতে না পারিয়া ফেলিয়া রাখা ।। [অর্থ প্র.]।

নিচ্'কান্=[ফ]—ক্রি. বি. হাসা ।। বেশি নিচ্'কান্ বালা না। [দেখ নিকুচ'ানো]।

নিচ্'কুনে=[খু]—বিণ. যে অত্যন্ত হাসে।। [দেখ নিকুচ'ানো ; নিচ্'কান +এ প্র.]।

নিচ্'চু'ম্ মারা=[য]—ক্রি. চুপ করিয়া থাকা ।। নিচ্'চুম্ মেরে বশি শোন্। [<নিশ্চুপ+মারা]।

নিজা=[রং]—বি. চুক্তি ।। এই কাজ্টার্ নিজা কত?

নিযন্‌যাল্=[ঢা]—বিণ. ঝামেলা নাই এমন, গণ্ডগোলহীন ।। [<নি +জঞ্জাল হিং]।

নিযর্=[সি]—বিণ. নিজের ক্ষতি হইতে পারে এমন ।।

নিযল্=[য]—বিণ. পরিষ্কার। [< নির্জলা]।

নিযা=[সি, ঢা]—বিণ. নিজের, নিজস্ব।। [<নিজ(<নি+√জন্+অ সং)]।

নিযানি=[সি]—ক্রি. বি. নিঃশেষ করা ।। শিশির্ যল্ নিযাও।

নিযাল্=[ম]—বিণ. পরিস্কার ।। [দেখ নিযল্]।

নিযুন্‌যাল্=[ফ]—ক্রি. বিণ. চুপ চাপ ।। এহানে নিযুন্‌যাল্ বশে থাক্। [দেখ নিযন্‌যাল্]।

নিযুম্=[ঢা]—বিণ. নিরালা, চুপচাপ, দুপুর ।। এই নিযুম্ রাইতে তুই একলা যাইস্ না। [<নিঝুম]।

নিযেন্=[য]—বি. লাংগলের ফাল ।। আমার্ নিযেন্ খারাপ্ হয়ে গেসে।

নিযে বাযে=[ম]—ক্রি. বিণ. নিজে, একা ।। এই কায্ আমি নিযে বাযেই কর্তাম্ পারি। [<নিজ+এ(বিভক্তি) +বাজে (অনুঃ)]।

নিযেল্=[ফ, খু]—বিণ. পরিষ্কার, সচ্ছ ।। 'হিযেল্ তলায় নিযেল্ পানি' —ছড়া। [দেখ নিযল্]।

নিয্যান্=[য]—ক্রি.বিণ. নিশ্চয়, ঠিক ।।

নিয্যরি=[চট]—বিণ. শক্তিহীন ।। শে নিয্যরি ঐয়া গেসে। [<নির্+যোর زور ফা. +ই]।

নিয্যলা=[পা]—বিণ. একেবারে, শুধু ।। এমন্ নিয্যলা মিত্তা কতা কশ্ ক্যামন্ কৈরা? [দেখ নিযল্]।

নিয্যান্=[চট]-বিণ. দুর্বল, শক্তিহীন ।। তে নিয্যান্ ঐয়া গেসে। [নির্+জান জান جان ফা.]।

নিয্যাশ্=[ম]—ক্রি. বিণ. নিশ্চয় ।। তারা নিয্যাশ্ এই কতা বাবসে। [< নির্বাস]।

নিয্যিমে=[য]—বিণ. বলহীন ।। অতি খাটনির্ ফলে শে নিয্যিমে হয়ে পড়েসে। [<নিঝুঝুম]।

নিয্যুরি=কুম]—বিণ. নিরীহ, নম্র ।। [দেখ নিয্যুরি]।

নিয্যুরি=[ঢা]—বিণ. কমজোর, দুর্বল ।। নিয্যুরি লোক্ দিয়া কি কায্ হয়? [দেখ নিয্যরি]।

নিযমান্=[খু, ব]—ক্রি. বোকার মত হাসা ।। [দেখ নিকুচ'ানো]।

নিযলি=[য]—বিণ. নিখুঁত, ভেজালশূন্য ।। এটা নিয্লি শোনার্ গহনা। [দেখ নিযল্]।

নিঝ'াড়্=[ব]—ক্রি. বিণ. নিঃশেষ ।। বাড়ির্ শব্ মানুশ্ নিঝ'াড় কৈরা নাইওর্ গ্যাসে। [<নি+ঝাড় <ঝাট সং]।

নিটাংরোন্=[রা]—ক্রি. বি. খুব ভাল ভাবে রক্ষা করা বা লুকাইয়া রাখা ।। এমন্ করি নিটাংরোন্ কর্মু জি তোর্ পুরুশ্ আলেও খুজে পাবে না।

নিটান্ডা=[সি]—বিণ. নিশ্চিত ।। তুমি দেহি বর নিটান্ডা। [<নি(অতিরিক্ত)ঠান্ডা (<স্তব্ধ সং)]।

নিটাল্=[রং]—বিণ. যথেষ্ট ।। তুমি জে নিটাল্ টাকা জমিয়েছো। [<নি+টল; তুং অটল ; অর্থ প্র.]।

২=[ম]—বিণ. শুদ্ধ ।। আইয্ নদির্ পানি খুব্ নিটাল্। [অর্থ প্র.]।

৩=[রা]—বিণ. বেহুশ ।। জরে ছেলেটা নিটাল্ হয়ে পড়ে আছে। [অর্থ প্র.]।

নিটুট্=[য]—বিণ. নিখুঁত ।। নিটুট্ ভাবে কোন কায্ কর্তে যানে না। [<নি+টুট (<√ত্রুট্ সং); তুং অটুট]।

নিট্কান্=[পা,ম]—ক্রি. নির্লজ্জ ভাবে হাসা ।। [দেখ নিকুচ'ানো]।

নিট্কি=[ঢা]—বি. অট্টহাসি।। আর্ কত নিট্কি নিট্কাইবে? [দেখ নিট্কান্]।

নিঠান্ডা=[বা,সি]--বিণ. শান্ত, ঝামেলাহীন ।। নিঠান্ডা লোক্ না ঐলে ই কায্ পার্ব না। [দেখ নিটান্ডা]।

নিডর্=[ব]—বিণ. নির্ভয় ।। নিডর্ হৈয়া কায্ কর। [<নি+ডর (< দর সং)]।

নিডাল্=[ঢা]—ক্রি. বিণ. চুপচাপ, শান্তি মত ।। পোলাডা নিডাল্ গুম্ যায়। [দেখ নিটাল্৩]।

নিড়েন্=[য]—বি. পাখী বিশেষ ।।

নিতা=[ম]—বি. পর্বাদিতে মেয়ে জামাইকে ভোজ দেওয়া ।। [<নিঅন্তা <নিমন্ত্রণ সং] ।

নিতাম্‌ময়্=[পা]—বিণ. চুপ, শান্ত ।।

নির্তি=[কুম]-বি. লাট্টু খেলার দড়ি ।। নিতি সারা লাট্টু খেলা যায়্ না ।

নিতুর্ ফাতুর্=[চা]—বিণ. কাতর, বিষন্ন ।। ঠক্‌লে কেমুন্ নিতুর্ ফাতুর্ ঐয়্যা কতা কয়্ ।

নিতে=[খু]—বি. নিমন্ত্রণ, দাওয়াত ।। আমি নিতের্ বাড়ি নিতে খাতি যাব । [দেখ নিতা] ।

নিত্=[ব]—বি. প্রবৃত্তি ।। [< নিয়্যৎ نیت আঃ] ।

২=[রং]—ক্রি. বিণ. রোজ ।। 'নিত্ মরা গাড়ে কে' ? [<নিত্য সং] ।

নিত্ত=[ম]—বি. নৃত্য ।। [<নৃত্য সং] ।

নিত্তাও=[রং]—অব্য., ক্রি. বিণ. প্রত্যহ ।। মুই নিত্তাও ইশ্‌কুলে জাও । [<নিত্য সং+ও] ।

নিত্তি=[খু]—অব্য. কিছু ।। নিত্‌তিও তেল্ নেই । [<নিত্তি ; <নিত্তি <রতি.] ।

২=[পা]—ক্রি. বিণ. দৈনিক ।। [< নিত্য সং+ই] ।

নিত্তিপত্তি=[চট্ট]—ক্রি. বিণ. সব সময় ।। নিত্তিপত্তি ইন্ বালা লাগে না । [<নিত্য<প্রত্যহ সং ; সহশব্দদ্বয়] ।

নিত্‌নয়া=[চা]—বিণ. নিত্যনূতন ।। শহরে থাকি নিত্‌নয়া যিনিশ্ খাই । [<নিত্য+নব সং] ।

নিত্‌নিত্=[সি]—ক্রি. বিণ. নিত্য, সর্বদা ।। 'নিত্‌নিত্ চে'রর্ এক্‌দিন্ শাউদর্' । [<নিত্য নিত্য সং] ।

নিদয়া=[সি]—বিণ. নির্দয় ।। তোমার্ মত অমন্ নিদয়া মানুশ্ আর্ দেহি না । [<নি+দয়া] ।

নিদাইরা=[কুম]—বিণ. দাড়িহীন, অজাতশ্মশ্রু ।। নিদাইরা মানুশ্ । [< +দাড়ি+আ] ।

নিদান্=[রা]—বি. ভবিষ্যৎ ।। [অর্থ প্র.] ।

২=[কুম, সি]—বি. দুঃসময় ।। [অর্থ প্র.] ।

নিদান্‌ডা=[চা]—ক্রি. বিণ. শান্ত ।। সেরাডা নিদান্‌ডা ঐয়া গুমাইতাসে । [দেখ নিটান্‌ডা] ।

নিদানা=[চা]—বি. ধান ভানার প্রথম পর্যায়ের কাজ ।। দান্‌গুলি নিদানা ঐসে । [<নি+ধান+আ প্র.] ।

নিদিন্=[কু]—বি. দুর্দিন ।। নিদিনের্ শম্বল্ । [দেখ নিদান্২] ।

নিদেন্=[কু]—বি. সাহায্য ।। আমায়্ নিদেন্ করার্ কেউ নাই । [অর্থ প্র.] ।

নিদোমানে=[ফ]—ক্রি. বিণ. •শক্তি প্রয়োগ করিয়া ।। সে ওশব্ ভাবে না, যা করে নিদোমানে করে । [<নিদমন< নিঃ+দমন+এ] ।

নিদোমানে সিদোমানে=[ফ]—ক্রি. বিণ. প্রাণপণ চেষ্টাসহ ।। একায্ কর্‌তে শে নিদোমানে সিদোমানে লাগ্‌সে । [দেখ নিদোমানে+সিদোমানে (অনুঃ)] ।

নিদ্‌দন্=[চা]—বি., বিণ. গরীব ।। নিদ্‌দন্ মানুশ্ । [<নির্ধন] ।

নিদ্‌দান্=[ফ]—বি. অভাব, ঠেকা ।। কারো নিদ্‌দান্ বেশি দিন্ থাকে না । [দেখ নিদান্] ।

নিদ্‌দামতে=[সি]—ক্রি. বিণ. একে বারেই, শুধু ।। নিদ্‌দামতে হুদা বাত্ খাইয়েন্ । [তুং নিসুটামতে (ম)] ।

নিদ্‌দাম্=[রং]—ক্রি. বিণ. অনবরত ।। নিদ্‌দাম্ বিশ্‌টি পড়িচে । [নির্+দম (<দমন)=অদমিত] ।

নিদ্‌দিয়ালে=[ফ]—ক্রি. বিণ. একই ভাবে, দীর্ঘ সময় ধরিয়া ।। এমন্ নিদ-দিয়ালে বশে থাকে ক্যামন্ করে ? [<নিত্ (<নিত্য)+দীঘালে<দীর্ঘ +আল+এ (বিভক্তি)] ।

নিদ্‌রাআলি=[রং]—বি. নিদ্রাদেবী ।। নিদ্‌রাআলি ঘুম্ দেয়্ । [<নিদ্রা+ ওয়ালী প্র.] ।

নিধা=[চট্ট]—বি. ঠিক, নিশ্চয়তা ।। বড় মাস্ যে পর্‌তিদিন্ পাম্ এমন্ নিধা আসে নাহি ? [<নির্ধারিত শব্দের সং. রূ.] ।

নিধার্=[রং]—ক্রি. বিণ. সর্বদা ।। নিধার্ তার্ শেবা করো । [< নি (অতিরিক্ত)+ধার<ধারা সং] ।

নিধ্‌উয়া=[রা]—বিণ. জনহীন ।। নিধুয়া পাথার্ দিয়া এক্‌লা জাই কেমন্ করে ? [<নির্ধূম+আ ; অর্থ প্র.] ।

নিধ্‌উয়া পাথার্=[রং]—বি. জনশূন্য প্রান্তর ।। নিধুয়া পাথারে এত আইতে জাও কঁ্যা ? [দেখ নিধুয়া+পাথার (<প্রান্তর<প্র+অন্তর সং)] ।

নিধৈন্যা=[চট্ট]—বি. নির্ধন, দরিদ্র ।। ধৈন্যার্ বাড়িত্ নিধৈন্যার্ বিয়া । [দেখ নিদ্‌দন্+ইয়া প্র.] ।

নিধ্‌ধার্ মুউকে=[রা]—ক্রি. বিণ. খালি পেটে ।। [<নিদ্রা+র (সম্বন্ধে) +মুখ+এ (বিভক্তি) ।

নিনড়্=[রং, ষ]—বিণ. ধ্রুব, সত্য, অপরিবর্তনীয় ।। আমার্ কথা নিনড়্ । [<নি+নড় (<নড়ন)] ।

নিনাইয়া=[কুম]—বি. মাতৃগর্ভস্থ ফুল ।। [<নি+নাই (<নাভী সং)+আ প্র.] ।

২=[চা]—বি. যাহার নৌকা নাই ।। বারিশাকালে নিনাইয়ার্ বর কশ্‌ট । [<নি+নাও (<নৌ সং)+ইয়া প্র.] ।

নিনাংটিয়া=[রং]—বিণ. কপর্দকহীন নিঃস্ব, রিক্ত ।। নিনাংটিয়াক্ মেয়ে দিও না । [<নি+ন্যাংটি+আ প্র.] ।

নিনাংলি=[রং]—বিণ. অবিবেকী ।। এমুন্ নিনাংলি মানুশ্ মুই আর্ না দেখো। [নি<নাই+আকল عقل আং+ই প্র.]।

নিনাকি=[সি]—বিণ. নির্লজ্জ ।। তুমি এত বর নিনাকি ! [<নি+নাক +ই প্র.] ।

নির্নিঝি'নি=[খু]—ক্রি. বিণ. আবছা, অল্প ।। উড়োযাহায্‌খানা নিনিঝি'নি দেখা যায়্ । [অনু.] ।

নিনৈক্থার্ চ'র্=[ম]—বি. জনহীন প্রান্তর ॥ এমন্ নিনৈক্থার্ চ'রে গর্ বান্স ক্যান্ ? [<নির্+লক্ষ্য+আর (সম্বন্ধে)+চর]।

নিন্=[পা]—বিণ. কম, তুচ্ছ ॥ আমার্ তো শবৈ আসে আমি তোমার্ থেকে নিন্ কিশে ? [<নিম্ন]।

২=[ব, রং, রা]—বি. নিদ্রা ॥ এত আত্ হল তবু চোখে নিন্ নাই (রং)। [<নিঁদ (<নিদ্রা সং)]।

৩=[ব, য, ম]—বিণ. গভীর ॥ পুকুর্ডা বেশ্ নিন্ (ম)। [দেখ নিন্]।

নিন্তা=[য]—ক্রি. বিণ. কিছুই না ॥

নিন্তানে=[য]—বিণ. সহায়হীন, নিঃসম্বল ॥ [<নিঃ+স্থান+এ প্র.]।

নিন্দা গাস্=[নো]—বি. একপ্রকার গাছ ॥ নিন্দাগাসের্ হাতা ওশুদে লাগে।

নিন্দাপাত্=[চট্ট]—বি. ঝিঁঝিঁ পোকা ॥

নিপল্=[চট্ট]—ক্রি. বিণ. ফাঁক না রাখিয়া ॥

নিপাইল্লা মাস্=[সি]—বি. পুঁটি মাছ ॥

নিপান্যা=[কুম]—বিণ. পরিষ্কার ॥ এমন্ নিপান্যা মিসা কতা কৈস্ না। [<নি+পানি+ইয়া প্র.]।

নিপুচি=[রা]—বি., বিণ. জিজ্ঞাসার অযোগ্য ॥ নিপুচিক্ কি পুছিশ্ ? [<নি+√পুছ+ই প্র.]।

নিপুছা=[দি]—বি. বাজে লোক ॥ নিপুছার্ শাথে মেশো কেন্ ? [দেখ নি-পুচি+আ প্র.]।

নিপুটি=[রা]—বিণ. শুধু, খালি ॥ নিপুটি ভাত্ খাবো না। [<নিপট(<নিবিড় সং)+ই প্র.]।

নিপুতানি=[রং]—বিণ. নিরীহ ॥ [<নি+পুত (<পুত্র সং)+আনি প্র.]।

নিপোলা=[সি]—বিণ. ভরাট, ফাঁক-শূন্য ॥ নিপোলা বাশের্ গুরি। [দেখ নিপল্+আ প্র.]।

নিপোলি=[চট্ট]—বিণ. নিটোল ॥ তার শরির্ বর নিপোলি। [দেখ নিপল্+ই প্র.]।

নিপ্শি=[ব]—বিণ. অর্ধেক বা সিকি ॥ নিপ্শি ধান্ হামার্ ভাগেত্ থো। [<নিসফ نصف আং+ই; বর্ণ বির্যয়]।

নিফাশ্=[ফ]—বি. মোলায়েম ॥ [<নি+অঁাশ (<অংশু সং)]।

২=[ঢা]—বিণ. মিহি, একেবারে চূর্ণ ॥ মৈচ'গুলা নিফাশ্ কৈরা বাট্। [অর্থ প্র.]।

নিফুটি=[সি]—বিণ. নিরব ॥ এমন্ নিফুটি ঐয়া পরি আস্লায় ক্যান্ ? [দেখ নিপুটি]।

নিফুডি দেওয়া=[ঢা]—ক্রি. বৃষ্টি থামা ॥ হারাডা দিন্ এক্টুও নিফুডি দিল্ না। [< নি+ফোট (<ফোটা)+ই প্র.]।

নিফ্=[চট্ট]—বি. নিব ॥ কলমের্ নিফ্ ভাংগি গেইয়ে। [<নিব<nib ইং]।

নিফ্রেন্=[য]—বি. হাসি ॥ বেশি নিফ্রেন্ ভাল নয়্।

নিবায্=[কুম]—বিণ. পরিষ্কার ॥ এমন্ নিবায্ মিসা কতাটা কৈলি ? [<নি+ভাঁজ]।

নিবাড়িয়া=[রা]—বিণ. গৃহহীন ॥ মানুশ্টা নিবাড়িয়া। [<নি+বাড়ি (<বাটি সং)+আ প্র.]।

নিবিলে=[ম]—ক্রি. বিণ. নিরি-বিলিতে, সঙ্গোপনে ॥ তোমার্ লগে নিবিলে কতা কৈতাম্ চ'াই। [<নিবিড় +এ]।

নিবুদ্ধি=[রং]—ক্রি. বিণ. বৃথা ॥ অঁয়্ নিবুদ্ধি খ্যাট্যা শ্যাশ্। [<নির্ +বুদ্ধি]।

নিবোড়্=[পা]—ক্রি. বিণ. একমাত্র, শুধু ॥ ঐ যমিতে নিবোড়্ শরিশা বুনে শরিশা বালা হয়্ না। [<নিবিড় সং]।

নিবৈংশা=[ফ]—বিণ. বংশহীন ॥ এই নিবৈংশায়্ আমার্ পাইলাডা বাইংগা হালাইসে। [<নির্বংশ+ইয়া প্র.]।

নিব্=[কুম]—বি. হিসাব ॥ নিব্ করে না চ'ল্লে ফতুর্ হৈতে কদ্দিন্ ?

নিব্বাশ্=[ম]—বি. বনবাস ॥ রাম শিতার্ বার বসরের্ নিব্বাশ্ হৈসিল্। [<নির্বাস <নির্বাসন]।

নিব্বিরিদ্দ্যা=[পা]—বিণ. নিরি-বিলি, একাকী ॥ সেলেটা নিরবিরিদ্দ্যা হয়ে গরের্ মদ্দে খেল্সে। [<নির্বি-রোধ+ইয়া প্র.]।

নিব্রা=[ম]—বিণ. কেবল ॥ এ দুনিয়ায়্ নিব্রা পুরুশ্ হৈলেই চৈ'ল্বে না। [দেখ নিবোড়্]।

নিভরি=[চট্ট]—বির্ণ. নির্ভয়, দুঃসাহসী, উদ্ধত ॥ নিভরি পোয়া। [<নির্ভয়+ই; বর্ণ বিপর্যয়]।

নিভায্=[য]—বিণ. শুধু এক শ্রেণীর, খাঁটি ॥ [দেখ নিবায্]।

নিভাগ্গা=[কু]—বি., বিণ. ভাগ্য-হীন ॥ এমন্ নিভাগ্গা যে পিন্দনের্ এক্টা কাপর্ কিন্তে পারি না। [<নি+ভাগ্য+আ প্র.]।

নিমা=[সি, ঢা, কুম, নো, বা]-বি. কাপড়ের গেঞ্জী ॥ দর্যির্ কাসে নিমা বানাইবার্ নাই দিমু (কুম)। [নীম نیم ফা.+আ প্র.]।

২=[কুম]-বি. জল, পানি ॥ দলৈচ'ায়্ নিমা মিশান্ বেআইনি।

নিমাই=[ব]—বি. বক্ষোবাস ॥ মেয়েটা নিমাই পরেসে। [দেখ নিমা]।

২=[ঢা]—বি. গালি বিশেষ ॥ দূরু আমার্ নিমাই যানি কোন্ডাইহের্।

৩=[কুম]—বিণ. নিরীহ ॥

৪=[সি]—বিণ. খুব তিক্ত ॥ [<নিম +আই প্র.]।

নিমাইযা=[য]—বি. পাজামা জাতীয় পোষাক ॥ 'যে নিমাইযা পিন্দে, শে মুতবার্ পথও রাখে'।

নিমাই য়ুরি=[সি]—বিণ. যে আস্তে আস্তে কথা বলে, ঢিলা, দুর্বল ॥ লোক্টা বর নিমাইয়ুরি। [<নীম نیم ফা. +আই প্র. +যোর زور ফা.+ই প্র.]।

নিমাই তোতা=[ঢা]—বিণ. কুটিল, অসরল ॥ এ্যাই নিমাই তোতারে বুঝি তুমরা চি'ন্‌না ? [দেখ নিমাই৩+তূতী توتی ফা.] ।

নিমাইমুইখ্যা=[কুম]—বিণ. মুখে মিষ্ট অথচ মনে কুটিল ॥ তোর্ মত এমুন্ নিমাইমুইখ্যা শয়্‌তান্ কয়্‌টা আসে। [দেখ নিমাই৩+মুখ+ইয়া প্র.]।

নিমাংশো=[খু]—বি. মীমাংসা ॥ এটা নিমাংশো কর্‌লিনে ? [<মীমাংসা]।

নিমাডি=[ম]—বিণ. নষ্ট, খারাপ ॥ বাইনের্ চ'রাডি নিমাডি ঐল্। [<নি (অতিরিক্ত)+মাটি]।

নিমাত্‌রা=[সি]—বিণ. নিশ্চুপ, যে কথা বলে না ॥ নিমাত্‌রা চু'খুম্‌বুদাই ঐলেও নিযের্ বুয্ বুযে। [নি+বাত(<বার্তা) +রা প্র.]।

নিমানিম=[কুম]—ক্রি. বিণ. আস্তে আস্তে, নিবুনিবু ॥ তেল আসে তয্ বাতিগা নিমানিম্ করে। [<নিম+আ+নিম=নিম্‌নিম্=নিবুনিবু]।

নিমায়া=[সি]—বিণ নিষ্ঠুর, নির্দয় ॥ [নি+মায়া]।

নিমালিশ=[য]—ক্রি. বিণ. মিহি করিয়া ॥

নিমাসুক=[সি]—বিণ. আলাদা, স্বতন্ত্র ॥ [নি+√মিশ্+উক প্র.]।

নিমু=[ম]—বি. লেবু ॥ গাস্ থাক্যা এক্টা নিমু লৈ আয়্। [<নিম্বুক সং]।

নিমুইরা=[ম]—বিণ. এক পেশে বা মাপের চেয়ে কম ॥ নিমুইরা শিলাই টিকে না। [<নি+মোড় (<মুণ্ড সং)+ইয়া প্র.]।

নিমুখোরা=[ম]—বিণ. নির্দয় ॥ [<নিমক হরাম نمک حرام ফা. <আং]।

নিমুচিজ=[রং]—বি. লজেন্স ॥ ছাওয়ার্ তোনে নিমুচিজ্ আন্যোন্। [<লবনচুষ (<লজেনস্ lozenges ইং)]।

নিমুড়ুয়্যা নিকুড়ুয়্যা=[নো]—বিণ. দুর্ভাগা ॥ হোলাগা নিমুড়ুয়্যানিকুড়ুয়্যা। [দেখ নিমুনডু+ইয়া প্র. + নিকুড়য়্যা (নি-কূল+ইয়া প্রঃ)]।

নিমুনডু=[সি]—বিণ. যাহার বংশধর নাই ॥ [<নি+মুণ্ড সং]।

নিমুরা=[পা]—বিণ. ভীতিহীন, নির্ভীক ॥ সেলেটা একেবারে নিমুরা। [<নি+মোড়(<মুণ্ড সং)+আ প্র.]।

নিমুরি=[ব]—বিণ. মুড়ি নাই এমন ॥ [<নি+মোড় (<মুণ্ড সং)+ই প্র.]।

নিমুরুদে=[খু]—বিণ. অক্ষম ॥ [<নি+মুরাদ مراد আং+এ প্র.]।

নিম=[ম]—বি. নদীতে মাছের আশ্রয় স্থল ॥ এই বসর্ নিমে মাস্ বেশি আসিল্ না। [<নিম্ন সং]।

২=[পা]—বিণ. হেয় ॥ [অর্থ প্র.]।

নিমকি শয়তান=[কুম, নো]—বিণ. দুষ্ট ॥ হ্যাতে এক্যন্ নিম্‌কি শয়তান্। [<নীম نیم ফা.+কি+শয়তান شیطان আং]।

নিমচা'=[ঢা]—বিণ. যে গোপনে চিমটি কাটে ॥ পোলাটা বর নিম্‌চ'া।

২=[রা]—বিণ. যে মুখ বুজিয়া থাকে ॥ ছেলেটা এক্‌দম্ নিম্‌চা। [দেখ ন্যাম্‌শা মুরা]।

নিমচে নিমচে=[রা]—বিণ. অল্প অল্প করিয়া ॥ নিম্‌চে নিম্‌চে জে ভাত্ দিচ্ছে।

নিমচো'ট্টা=[ঢা]—বিণ. বাহিরে সরল ভিতরে শয়তান ॥ পোলা যবর্ নিমচো'ট্টা। [<নীম نیم ফা. অর্ধেক +চোট্টা হিং]।

নিমতারা=[ঢা]—বি. লাল ও লম্বা আউশ ধান বিশেষ ॥

২=[চট্ট]—বিণ. কম কথা বলে ॥ [দেখ নিমাত্‌রা]।

নিমতিম=[ম]—ক্রি. বিণ. অল্প অল্প, হিসাব করিয়া ॥ চে'নি পাওয়া যায় না নিম্‌তিম্ কৈর‍্যা খরচ্' কৈর। [অনু.]।

নিমতির=[সি]—বি. বাঁশের ঘরের একটি উপকরণ ॥

নিমদত=[ফ]—বি. ভিজাবিড়াল, দুষ্ট ॥ দেখ্‌তে যে বালৈ আশলে নিম্‌দুত্।

নিমন্যাটা=[রং]—বি. সম্বন্ধ, বিষয় ॥ ভবিশ্‌শতে মোক্ দুশ্‌বে বলি মুই ও নিম্‌ন্যাটাত্ নাই।

নিম পকাকি=[য]—বি. পেঁচা ॥

নিমফল=[রা]—বি. কোমরের অলংকার বিশেষ ॥

নিমব=[ব]—বি. একপ্রকার ভেষজ গাছ ॥

নিমুবরে নিমুবরে=[সি]—ক্রি. বিণ. অতিশয় আস্তে এবং আরামের সঙ্গে ॥

নিমবালিক=[সি]—বি. সাবালিকা হওয়ার পূর্ববর্তী অবস্থা প্রাপ্ত ॥ মেয়েটি এখন্‌ও নিম্‌বালিক্ আসে। [<নীম نیم ফা.+বালিগ بالغ আং]।

নিমমা=[ফ]—বি. গেঞ্জির মত খাট জামা ॥ তোমার্ নিম্‌মা কো ? [দেখ নিমা]।

নিমরা=[সি]—বিণ. ভিজা, শান্ত ॥ নিম্‌রা বিলাই।

নিমরাম=[ঢা]—বিণ. অক্ষম, নরম, অপারগ, সম্মত ॥ অনেক্ বুযাই নিম্‌রাম্ কৈর্‌সি।

নিয়নতরন=[চট্ট]—বি. নিমন্ত্রণ ॥ হিতার্ হোরর্ বারিত্ নিয়ন্‌তরন্ হৈল্। [<নিমন্ত্রণ]।

নিয়ম=[কুম]—বিণ. খারাপ ॥ আমাদের্ দ্যাশের্ দান্ এইবার্ নিয়ম্ ঐসে।

নিয়রি=[রং, চট্ট, নো]—অস. ক্রি মাথা নত করিয়া ॥ নিয়রি থাক্।

নিয়রে=[ঢা]—ক্রি. বিণ. নিজ মনে, ক্ষোভের সহিত ॥ মাইয়াডা নিয়রে কান্‌তাসে। [দেখ নিয়র্ +এ (বিভক্তি) ; অর্থ প্র.]।

২=[ম]—বিণ. নিকটে ॥ আমার নিয়রে তুমার্ কি কাম্ ? [<নিকয়ড় <নিকট+এ]।

নিয়র=[ব, য, ম, রা]—বি. শিশির ॥ [<নীহার সং]।

২=[ম]—বি. নির্ঝর ॥ তাইর্ চে'াখের্ পানি নিয়রে যৈর্‌তাসে। [<নির্ঝর]।

নিয়র মেলানি শাড়ি=[রং]—বি. যে শাড়ী শিশিরে মিলাইয়া যায় ॥ [দেখ

নিয়র্+মেলা (<√মিল্+আ সং) নি+শাড়ি]।

নিয়লন্=[কুম, নো]—ক্রি. বি. বাহির হওয়া ।। দান্ নিয়লন্ শুরু ঐসে। [দেখ নিওলন্]।

নিয়শ্=[নো]—বি. নিঃশ্বাস ।। এক্ নিয়শে কাম্ শ্যাশ্ করুম্। [<নিঃশ্বাস]

নিয়া=[কুম]—বি. দ্বিতীয় বিবাহ ।। [<নিকাহ্ نکاح আং]।

২=[রা, ম]—বি. তর্ক ।। মুখে মুখে নিয়া করিশ্ কোন্ শাহশে? [<ন্যায়]।

নিয়াই=[চা, রং, কুম]—বি. তর্ক, বারবার জিজ্ঞাসা ।। ইতরের্ মত নিয়াই করস্ কেন্? [দেখ নিয়া$_১$]।

২=[চা, কুম]—বিণ. বাতাসশূন্য ।। [<নি+বাই (<বায়ু সং)]।

৩=[য]—বি. স্বর্ণকারের হাতুড়ী ।। [<নিহাই (<নিধাপিকা সং)]।

নিয়াই করা=[ম]—ক্রি. তর্ক করা, রাগতস্বরে প্রতিউত্তর করা ।। তুমি বারে বারে নিয়াই কর কেন্? [দেখ নিয়াই+করা]।

নিয়াইচুংগি=[রং]—বি. তার্কিক ।। তুই মানুশ্ কোনা বড় নিয়াইচুংগি। [দেখ নিয়াই+চঙ্গ সং+ই প্র.]।

নিয়াইচুন্দি=[রং]—বি. কুতার্কিক ।। তুই নিয়াইচুন্দির্ হদ্দ। [দেখ নিয়াই-চুংগি]।

নিয়াই ধরা=[য]—ক্রি. শান্ত ও নীরব থাকা ।। গাং নিয়াই ধর্লে মাস্ ধর্তি যাব। [দেখ নিয়াই$_১$]।

নিয়াইর্=[রং]—বি. শিশির ।। আজ্ আইত্তো খুব্ নিয়াইর্ পড়্ছে। [দেখ নিয়র্]।

নিয়াইশ্=[চট্ট]—বিণ. গুঁড়া ।। পিশ্তে পিশ্তে নিয়াইশ্ কর্। [<নি+আঁশ(<অংশু সং)]।

নিয়া করা=[ব]—ক্রি. তর্ক করা, মুখে মুখে তর্ক করা, কথা কাটাকাটি করা (খারাপ অর্থে) ।। সে কথায় কথায় নিয়া করে। [দেখ নিয়া$_১$+করা]।

নিয়াখোর্=[পা]—বি. বৃথা তর্ককারী ।। তোর্ মত নিয়াখোর্ আর্ নাই। [দেখ নিয়া$_২$+খোর خور ফা প্র.]।

নিয়াজ্=[রং]—বি. কলা বা কচু-গাছের মঞ্জরী ।। কয়্টা নিয়াজ্ অর্ ভিতর্ দে মজা হবে।

নিয়াযারি=[সি]—ক্রি. বিণ. অবসর মত ।। আমি নিয়াযারি বৈসি না। [<নি+আযার آزار ফা.+ই প্র.]।

নিয়ানি ফোপানি=[চা]—ক্রি. বি. হায় আফছোছ্ করা, লোভ লাগা, প্রতি-হিংসা করা ।। পরের্ডা দেইখ্যা নি-য়াইলে ফোহাইলে কি ঐব। [<নাক +আনি প্র. + ফোঁপান + ই প্র. ; সহশব্দদ্বয়]।

নিয়াবাই=[সি]—বি. বড় ভাই ।। নিয়াবাই হৌর্ বাইত্ গেসে। [< মিয়াঁ میاں ফা.+ভাই(<ভ্রাতা সং)]।

নিয়াবাদ্=[সি]—বি. বিতর্ক, তর্ক ।। [দেখ নিয়া$_২$ + বাদ]।

নিয়াম্কা=[রা]—বিণ. নিরীহ, নির্ভেজাল ।। 'নিয়ামুকা কুকুর্ গু খাবার্ যম্'। [<নীচ সং+আ+মুখ+ আ প্র.]।

নিয়ায়্ করা=[সি.]—ক্রি. তর্ক বিতর্ক করা ।। [দেখ নিয়া$_২$+করা] ।।

নিয়ারা=[চা]—বি. অনুনয় বিনয় ।। বর্ নিয়ারা কৈর্যা কৈলাম্ হৈল্ না।

২=[কুম]—বি. জিজ্ঞাসা ।। এক্ কামে এত নিয়ারা বালা লাগে না।

৩=[ম]—বি. কাজের বদলে কাজ ।।

নিয়ার্=[কুম, পা]—বি. শিশির ।। বাদর্ মাশেই নিয়ার্ পড়ে (পা)। [দেখ নিয়র্]।

২=[ম]—বি. পানি, জল ।। শাত্-তরের্ নিয়ারে ডুব্যা মৈর্সে। [দেখ নিয়র্$_২$]।

নিয়ালন্=[চট্ট, নো]—ক্রি. বাহির হওয়া ।। আউশ্ ধানের্ থোড় নিয়াল্সে।। [দেখ নিওলন্]।

নিয়ালাপ্=[বা, নো]—বিণ. নিস্তব্ধ ।। রাইত্ নিয়ালাপ্ হৈসে আর্ গরে চো'র্ হান্দাইসে। [নি+আলাপ]।

নিয়ালৈন্যা=[নো]—বিণ. বাহির হয় হয় এমন ।। নিয়ালৈন্যা দান্ সাগলে খাই হালাইসে। [দেখ নিয়ালন্+ইয়া প্র.]।

নিয়াল্, নেয়াল্=[ফ]—বিণ. যথেষ্ট ।। গত শন্তো এহাক্ যনের্ নিয়াল্ দান্ ঐয়া গেসে। [দেখ নিয়াল্ করা]।

২=[ম]—বিণ. নিখোঁজ ।। পোলাডা গত কাইল্ নিয়াল্ হৈসে। [<নি +হাল حال আং]।

নিয়াল্ করা=[সি]—ক্রি. মোহিত করা, মুগ্ধ করা ।। [নিহাল نهال ফা. =সন্তুষ্ট] ।

নিয়াশ্=[চা]—বিণ. বিশাল, আশা-হীন ।। নিয়াশ্ দৈর্যায় নাও বাচে' না। [<নি+আশ(<আশা)]।

২=[কুম]—বিণ. মিহিন ।। আদাটা নিয়াশ্ কৈরা বাইটা আন্। [<নি +আঁশ(<অংশু সং)]।

৩=[ফ, সি]—বি. নিঃশ্বাস। যরের্ নিয়াশ্ গরম্ অয়্। [<নিঃশ্বাস]।

নিয়েই চু'ংগি=[খু]—বি. তর্কবাগীশ, তার্কিক ।। যিতেন্ ভারি নিয়েইচু'ংগি ফাঁক্ পেলেই আর্ সাড়তে চা'য়্ না। [দেখ নিয়াচুংগি]।

নিয়েই করা=[য]—ক্রি. তর্ক করা ।। তোর্ লাগে আমি নিয়েই কর্তে চা'ই না। [দেখ নিয়া$_২$+করা]।

নিয়েত্=[খু]—বি. উদ্দেশ্য, অভি-প্রায় ।। [<নিয়্যত نیت আং]।

নিয়ের্=[খু]—বি. শিশির ।। একে তো শর্দি হয়েসে তাতে আবার্ নিয়ের্ লেগেসে [দেখ নিয়র্]।

নিয়েল্ করা=[পা]—ক্রি. ঠাণ্ডা লাগা, মনের মত করিয়া দান করা ।। [দেখ নিয়র্+করা]।

নিয়েশ্=[পা]—বি. নিঃশ্বাস, দম ।। [দেখ নিয়াশ্$_৩$]।

নিয়্যা=[ম]—বি. তর্ক ।। হে মুখে মুখে ক্যাবল্ নিয়্যা করে। [দেখ নিয়া$_১$]।

নিয়্যার.=[ফ]—বি. শিশির ।। আমার্ নিয়্যার্ লাইগ্যা শর্দি হৈচে'। [দেখ নিয়র্]।

নিরখ.=[সি]—বিণ. মসৃণ, মোলায়েম।। [<নি+রগ رگ ফা.]।

নিরথ.থা=[বা]—বিণ. শক্তিহীন ।। তার্ মত নিরথ্থা আর্ নাই। [<নি+রথ+ইয়া প্র.]।

নিরধার.=[খু]—ক্রি. বিণ. অনবরত ।। নিরধার্ কাঁদ্তেসে।। [<নির্ঝর]।

নিরা=[রং]—বিণ. পবিত্র ।। নিরা শরিরে মশ্জিদে জাইও। [<নিরাময় শব্দের সং. রূ.]।

২=[চট্ট]—বিণ. চুপ, হয়রান, অবসন্ন ।।

নিরাই=[সি, পা]·বিণ. নীরব, নিঃশব্দ, নিঃস্তব্ধ ।। [<নির্+রব=নীরব]।

নিরাই চি'রাই=[সি]—বিণ. নিরীহ ।। সেলেগা বর নিরাই চি'রাই। [দেখ নিরাই+চিরাই (অনুঃ)]।

নিরাই নিফ.ট=[সি]—বিণ. সম্পূর্ণ নীরব ।। নিরাই নিফুটি ঐয়া পরি থাক্। [দেখ নিরাই+নি+ফোট্ (<ফোটা)+ই প্র. ; সহশব্দ]।

নিরাগ. পরা=[চা]—ক্রি. বায়ু চলাচল বন্ধ হওয়া ।। আইয়্ খুব্ নিরাগ্ পর্সে মাস্ মার্তে যাইমু ।। [<নি+রাগ (রোষ)+পড়া]।

নিরাট=[রা]—বি. হাল ।।

নিরাদরা=[কুম]—বিণ. ঝামেলাহীন ।। বৌডা নিরাদরা। [<নির্+আধার +আ প্র. ; অর্থ প্র.]।

নিরাদারা=[সি]—ক্রি. বিণ. না থামিয়া ।। [<নির্+ধারা]।

নিরানিয়া=[খু]—ক্রি. বিণ. অবিরাম।। শে চে'র্ ধৈরা নিরানিয়া কিল্ কিলাইসে।

নিরান.=[নো]—ক্রি. জঙ্গল পরিষ্কার করা ।। যাম নিরাইতে বদিল্না লাইগ্গব। [<নিড়ান(<নিস্তৃণ সং)]।

নিরাপন.=[চা]--বি. নির্ধারণ, লিখন ।। [<নিরূপণ]।

২=[কুম]—অব্য., ক্রি. বিণ. অগত্যা ।। আর ক্যাউ যদি এই কাম্ না করে নিরাপন্ আই করিয়ম্। [অর্থ প্র.]।

নিরাশা=[রং]—বি. নিরামিশ ।। নিরাশা দিয়াই মুই পেট্ ভরে ভাত্ খাবু। [<নির্+আমিষ+আ]।

নিরাস.ট.টা=[চা]—বিণ. যাহার ছেলেমেয়ে নাই ।। গরের্ কাম্ করনের্ লিগা বেগম্ শাবে এক্যন্ নিরাস্টুট্টা মাতারি বিসরায়্। [< নির্+ছোট+আ প্র.]।

নিরি=[সি]—বিণ. নিরীহ, শান্ত, সরল।। পুয়াটা বর নিরি। [< নিরীহ]।

নিরিক.=[ফ]—বি. সই, ঠিক ।। [<নিরীক্ষা]।

২ =[পা]—বি. রাস্তা, উত্তর ।। [অর্থ প্র.]।

৩=[খু]—বি. অপলক দৃষ্টি ।।

নিরিক. কানা=[কু]—বিণ. রাস্তা চিনে না এমন, অন্ধের মত পথ চলে যে।। [দেখ নিরিক্$_2$+কানা (<কাণ সং)]।

নিরিক.খন.=[রা]—বি. বয়নামা, বিক্রয়ের দলিল ।। [<নিরীক্ষণ; অর্থ প্র.]।

নিরিখ.=[খু]—বি. দর্শন ।। [দেখ নিরিক্]।

২=[সি, পা]—বি. হার, হিড়িক ।। [<নিরখ نرخ ফা.]।

নিরিতিরি=[চা]—বিণ. অল্পস্বল্প ।। [অনু.]।

২=[চা]—ক্রি. বিণ. কোন মতে, অভাবের সঙ্গে ।। নিরিতিরি খাইয়া বাইচ'্যা আসি। [অর্থ প্র.]।

নিরিথিরি=[চা]—ক্রি. বিণ. সই সই, ঠিকঠিক ।। এক্কেবারে নিরিথিরি তিন্শের্ চা'ইলের্ বাত্ রাইন্সি। [অনু.]।

নিরিফনি=[ব]—বি. গ্রাম্য বিবাহে প্রথম কন্যা দর্শনে বিবাহের নিদর্শন স্বরূপ কিছু প্রদান ।। আর্ বিয়ার্ নিরিফনি। [দেখ নিরিক্খন্+ই প্র.]।

নির.ু=[সি]—বিণ. নিরীহ ।। লোক্টা নিরু গোসের্। [দেখ নিরি]।

নির.ুইদ.দা=[ম]—বিণ. রৌদ্র প্রবেশ করিতে পারে না এমন ।। লখিন্দরের্ লাগ্যা চা'ন্শদাগর্ নিরুইদ্দা গর্ বানাইল্। [<নি+রোদ (<রৌদ্র সং)+ইয়া]।

নির.ুক.খি=কুম]—ক্রি. বিণ. মনোযোগের সহিত ।। [<নিরীক্ষিয়া]।

নির.ুম.ভু=[রা]—ক্রি. বিণ. একঘেয়ে, খালি খালি।। [<নিরম্বু (<নির্+অম্বু সং)]।

নিরেক.=[ফ]—বিণ. স্তব্ধ ।। [দেখ নিরাগ্ পড়া]।

নিরেধরা=[খু]—ক্রি. বিণ. একাধিক্রমে, একদমে।। নিরেধরা কায্ কর্লে দুই দিনের্ কায হয়্। [দেখ নিরাদারা]।

নিরো=[রা]—বিণ. নিরীহ, শান্ত, ঠাণ্ডা ।। [দেখ নিরু]।

নিরোট.=[খু]—বিণ. নিরেট ।। এতে এট্টুও খাদ্নি নিরোট্ মাপ্। [<নিরেট]।

নিরোশ.=[রং]—বিণ. নিকৃষ্ট।। আমাকে আপ্নি নিরোশ্ গরুটা দিলেন্। [< নিরেস<নীরস সং]।

নির.গম.=[সি]—বিণ. দুঃখহীন।। লোক্টা একেবারে নির্গম্। [<নির্+গম غم ফা. <আং]।

নির.চ'য়.=[ম]—ক্রি. বিণ. নিশ্চয়।। তার্ পেটের্ মৈদ্দে নির্চ'য়্ কোনু গুন্ আসে। [<নিশ্চয়]।

নির.যাশ.=[ম]—ক্রি. বিণ. সত্য, খাঁটি ।। তুই নিরযাশ্ এই খবর্ যানস্। [<নির্যাস]।

নির.দ.ুম.=[সি]—ক্রি. বিণ. নিঝুম হইয়া, নির্বিঘ্নে, প্রগাঢ় ভাবে।। [< নির্ঝুম্]।

নির.বংশা=[য]—ক্রি. বিণ. বংশ নিপাত।। তোর্ নিরবংশা হোক্। [<নির্বংশ+আ]।

নির্‌বলি=[চট্ট]—বিণ. শক্তিহীন ॥ [<নির্+বল+ই প্র.]।

নির্‌বল্‌=[ম]—বিণ. দুর্বল ॥ তুমি দিন্ দিন্ নির্‌বল্ ঐতাস কেন্ ? [দেখ নির্‌বলি]।

নির্‌বুইংশা=[ঢা]—বিণ. যাহার কোন বংশ বা সন্তান নাই ॥ দুরু নির্‌বুইংশার্ গরের্ নির্‌বুইংশা। [দেখ নির্‌বংশা]।

নির্‌বৈংশা=[ঢা]—বিণ. আঁজাত (গালি অর্থে) ॥ [দেখ নির্‌বংশা]।

নির্‌মান্‌=[রং]—বি. চিহ্ন ॥ এলাও (এখনো) তার্ বাড়ির্ কিছু কিছু নির্-মান্ পাওয়া যায়্। [<নির্মাণ ; অর্থ প্র.]।

নির্‌মুইশ্যা=[ব]—বিণ. মনুষ্যত্বহীন ॥ তুই একেবারে নির্‌মুইশ্যা। [<নির্+মনুষ্যত্ব]।

নির্‌মুলি=[বা]—বি. নির্মূলকারিণী, ধ্বংসকারিনী ॥ [অর্থ প্র.]।

২=[খু]—বিণ. নির্বংশ ॥ তোর্ গন্ গুশ্‌টি নির্‌মুলি হবে। [<নির্মূল+ই]।

নিলক্‌খা=[রং]—বি. আকাশ ॥ [<নি+লক্ষ্য+আ প্র.]।

নিলক্‌খার্‌ চ'র=[সি]—বি. বহুদূর, জন মানব শূন্য জায়গা ॥ [দেখ নিলক্‌খা +র (সম্বন্ধে)+চর]।

নিলক্‌খি=[বা]—বি. অলক্ষী ॥ [<নি+লক্ষী]।

নিলখি=[ঢা]—বি. চোরকাঁটা ॥ কাপর্ তুইল্যা আট্ নিলখি লাগ্‌লে সারান্ যায়্ না। [<নি+লক্ষ্য+ই প্র.]।

নিলয়্‌=[সি]—বি. চিহ্ন ॥ ইনোয়্ বাবুর্ বারি আসিল্ এর্ নিলয়্ নাই। [<নি +লয় ; অর্থ প্র.]।

নিলা=[ম]—বি. ভগ্নী ॥

নিলি=[রং]—বি. শ্যাওলা ॥ পোখো-রের্ ঘাট্‌টাত্ নিলি পড়ে পিছ্‌লা হৈছে।

নিলিম্বি=[চা]—বি. হাত পরিমাণ লম্বা আগরবাতির মত মোটা ঘাস বিশেষ ॥

নিলিম্মিষ=[ম]—বি. স্বভাব ॥

নিলিঝি'লি=[খু]—বিণ. অস্পষ্ট ॥

নিলি পড়া=[রং]—ক্রি. ছাতা পড়া ॥ পানি ফেলি ফেলি জায়্‌গাটায়্ নিলি পড়্ছে। [দেখ নিলি+পড়া]।

নিলিয়ে দেখা=[য]—ক্রি. খুব ভাল ভাবে নিরীক্ষন করা ॥ আপ্‌নানে অত নিলিয়ে কি দেখ ? [দেখ নিরুক্‌খি+দেখা]।

নিলুযি=[কুম]—বি. লেংরা, এক জাতীয় ঘাসের ফল (যাহা কাপড়ে লাগিয়া যায়) ॥ নিলুযিডি উপ্‌রাইয়া লাও।

নিলেঠা=[ব]—বিণ. যাহার কোন ঝামেলা নাই ॥ [<নি+লেঠা]।

নিলের্‌ পাখা=[কু]—বি. চৌকিদার॥

নিলৈক্‌খা=[খু]—বিণ. যাহার এ জগতে কেহ নাই ॥ [<নি+লক্ষ্য+আ]।

নিলোচ্‌=[রং]—বিণ. নির্লজ্জ ॥ লোক্‌টা একেবার নিলোচ্। [< নির্লজ্জ]।

নিল্‌ কল্‌মি=[ব]—বি. এক প্রকার ভেষজ গাছ ॥

নিল্‌ গলৈয়া=[ব]—বি. পয়লা বৈশাখের মেলা বিশেষ ॥

নিল্‌ল=[বা]—বি সংখ্যা, অন্ত ॥ এত টাকা ধার্ কচ্ছে, তার্ নিল্‌ল নাই। [নির্ণয়]।

নিল্‌লা=[খু, ষ, ফ]—বি. নিরালা ॥ তুমি একটু নিল্‌লা যাও আমাগো অত কথার্ কাম্ কি (খু)। [<নিরালা< নিরালয় সং]।

২=[সি, ঢা]—বি. সব্জীবিহীন মাছের তরকারী ॥ [অর্থ প্র.]।

নিশানি=[রং]—বি. মাথা ॥ খাশির্ নিশানিডা মোক্ দে কেনে। [<নিশান نشان ফা.+ই প্র.]।

নিশান্‌=[ফ]—বি. মোরগের কলিজার নিকটস্থ মাংস খণ্ড ॥

নিশি=[পা]—বি, মুচি, চামার ॥

নিশিথি=[চট্ট]—বি. নাস্তিক ॥ [<নিসতি<নীসৃত نیست ফা.+ই প্র.]।

নিশি দিশি=[ঢা]—বি. অধিক-রাত্রি, সময় অসময় ॥ [<নিশি+দিশি (অনু.)]।

নিশুদ্‌=[ঢা]—বি. নিষেধ ॥ ডাক্‌তরে বাত্ খাইতে নিশুদ্ করে। [<নিষেধ]।

নিশুনি=[ন]—বিণ. নির্ভীক ॥ হে নিশুনি লোকের্ মত রাইতে চ'লে। [<নি+শনি (শত্রু)]।

নিশুমা=[পা]—বিণ. অপদার্থ ॥

নিশুম্‌=[পা]—বিণ. নির্ভয় ॥ [<নি+শুবহ্ شبه আং]।

নিশেশ্‌=[য]—ক্রি. বিণ. শেষ, হত্যা ॥ মানুশ্‌টারে নিশেশ্ করেসে। [<নিঃশেষ]।

নিশোত্‌তা=[বা]—বিণ. অবশ ॥ শরিডা মোর্ এতো নিশোত্‌তা যি কতা কতে শক্‌তি নাই। [<নি+শক্তি+আ প্র.]।

নিশ্‌=[য]—বি. দৃষ্টি ॥ [<নিকাশ (<নিকাশ সং)]।

২=[য]—বিণ. উনিশ, ১৯ ॥ নিশ্ পাশরি ধান হল। [< উনিশ ; উ লোপ]।

নিশ্‌কাই=[ঢা]—বিণ আশাহীন॥ তোমার্ পোলার্ আশা নিশ্‌কাই। [<নি+আশ (<আশা)+ক+আই প্র.]।

নিশ্‌কানো=[ফ]—ক্রি. অকারণে হাসা ॥ এ্যতে নিশ্‌কাও ক্যা ? [দেখ নিচ্'কানো]।

নিশ্‌কোরা=[ব]—ক্রি. বিণ অনর্থক ॥ [<নিষ্কার্য]।

নিশ্‌কি=[পা]—বিণ. অর্ধেক ॥ বর্‌গা যমিনের্ নিশ্‌কি ফশল্ মালিকে পায়্। [দেখ নিপ্‌শি]।

নিশ্‌গোল্‌=[য]—বি. নিষ্পত্তি ॥ [<নি+গোল]।

নিশ্‌টা=[কুম, সি]—বিণ. খারাপ, নীরস ॥ নিশ্‌টা কাপর্ শব্ আমার্ বৈন্‌ন (কুম)। [<নিকৃষ্ট]।

নিশ্‌টান্‌ডা=[ঢা, সি]—ক্রি. বিণ. নির্ভাবনা ॥ পুরিটা নিশটান্‌ডা বৈ রৈসে। [দেখ নিটান্‌ডা]।

নিশ্‌তর‍্যা=[ম]—বিণ. নির্দয় ॥ নিশ্‌তর‍্যা মানুশ্‌ দেখবার্‌ও ইচ্‌'সা অয়্‌ না। [<নিষ্ঠুর+ইয়া]।

নিশ্‌তা=[কুম]—বি. খারাপ, নিকৃষ্ট ॥ নিশ্‌তা চি'য্‌ কেউ চা'য়্‌ না। [দেখ নিশ্‌টা]।

নিশ্‌তি=[চট্ট]—বি. অলক্ষ্মী, দশা ॥ ই কামত্‌ নিশ্‌তি পড়্‌সে। [<নীস্‌ত نیست ফা.+ই প্র.]।

নিশ্‌পতি=[কুম]—বি. শ্যালক ॥ [<নিস্‌বত نسبت আঃ+ই প্র.]।

নিশ্‌পাতি=[পা]—বি. শ্যালক ॥ [দেখ নিশ্‌পতি]।

নিশ্‌পানা=[ব]—বিণ. নিঃশেষ ॥ এই দাওয়া খালে ব্যারাম্‌ নিশ্‌পানা হবে। [<নি+ফনা' فنا আঃ]।

নিশ্‌পুল্‌লা=[সি]—বিণ. ফাপা নয় এমন ॥ এই বাশ্‌টি নিশ্‌পুল্‌লা।

নিশ্‌পোত্‌=[রা]—বি. স্ত্রীর বড় ভাই, বড় শ্যালক ॥ [দেখ নিশ্‌পতি]।

নিশ্‌ফি=[সি]—বিণ. নিকৃষ্ট ॥ তোমার্‌ কাপর্‌টা একেবারে নিশ্‌ফি। [দেখ নিপ্‌শি]।

নিশ্‌শা=[ম, ফ]—বি. খারাপ ॥ এত নিশ্‌শা কাপর্‌ কিন্‌স কেরে?

২=[খু]—বিণ. অপেক্ষাকৃত ছোট, শীর্ণ ॥ [দেখ নিপ্‌শি+আ]।

নিশ্‌শা মারি=[নো]—ক্রি. বিণ. সম্পূর্ণরূপে ॥ বিলাইয়ে নিশ্‌শা মারি বাত্‌মাসগুন্‌ খাই হালাইসে। [দেখ নিশেশ্‌+করিয়া]।

নিশ্‌শার্‌ করা=[নো]—ক্রি. চুপ করা ॥ নিশ্‌শার্‌ করে থাক্‌তে পার না? [<নিসাড়+করা]

নিসক্‌কা=[সি, ম]—ক্রি. বিণ. হঠাৎ, আকস্মিক ॥ [<নি+চোখ+আ প্র.]।

নিসক্‌রা=[ম]—বিণ. সঙ্গিবিহীন ॥ হে নিসক্‌রা চ'লে। [<নিষ্ফল+আ প্র.]।

নিসাট্‌=[সি]—বিণ. অকৃত্রিম ॥ [নি+ছাঁট]।

নিসানো=[চট্ট]—ক্রি. ছাউনী তুলিয়া ফেলা ॥ ঘর্‌ নিসাই, আবার্‌ সাও। [< নি+ছানি (<ছাদনী সং); নামধাতু]।

নিসারা=[সি]—ক্রি. বিণ. নিঃশেষ ॥ [<নি+সার+আ প্র.]।

নিসালা=[নো]--বিণ. নির্জন ॥ নিসালা যাগা দেখি বশি চ'ল্‌। [<নিসাড়+আ প্র.]।

নিসাল্‌লা=[পা]—বিণ. সন্তান সন্ততিহীন ॥ নিসাল্‌লা দেখে বিয়া কর্‌। [<নি+ছা (<শাবক সং)+আল+আ প্র.]।

নিসিন্‌দি=[পা]—বিণ. স্থির ॥ [<নিশ্চিন্ত+ই প্র.]।

নিস্‌নি=[চট্ট]—বি. আপদ ॥ আর্‌ পাত্তর্‌ নিস্‌নি। [<নি (অতিরিক্ত)+শনি]।

নিহট্‌=[ফ]—বি. নিকট ॥ আমার্‌ নিহটে আইও। [<নিকট]।

নিহা=[ফ]—বি. দ্বিতীয় বিবাহ ॥ হে নিহা কর্‌সে। [দেখ নিয়া]।

নিহাউড়া=[ব]—বিণ. নিঃস্ব ॥ শালা এক্‌কিবারে নিহাউরা। [<নি+সার সং+উয়া প্র.]।

নিহার্‌=[ম]—বি. দুঃখ দুর্দশা ॥ [<নি+হাল حال আঃ]।

নিহাল্‌=[সি]—বিণ. ধনী ॥ হে এবার্‌ নিহাল্‌ ঐ গেসে।

নিহি=[কুম, ফ, ঢা]—অব্য. নাকি ॥ আয়্‌কে তুই যাবি নিহি? [<না কি]।

নিহে=[য]—বি. নিকা ॥ আমি একটা নিহে কর্‌ব। [দেখ নিয়া]।

নিহেরি=[য]—বি. নিকারী, মৎস্যজীবী মুসলমান সম্প্রদায় বিশেষ ॥ নিহেরিরা মাস্‌ ধর্‌তে আয়্‌সে। [< নিকারী]।

নিহেশ্‌=[য]—বি. নিঃশ্বাস ॥ গাল্‌ দে নিহেশ্‌ সাড়ে না। [<নিঃশ্বাস]।

নিহ্যা=[ম, পা]—বি. দ্বিতীয় বিয়ে ॥ মতিন্‌ নিহ্যা কৈর্‌সে। [দেখ নিয়া]।

নিহ্যাশ্‌=[পা]—বি. হিসাব ॥ [< নিকাশ (<নিষ্কাশ সং)]।

নু

নুইষা=[ম]—বিণ. বিকলাংগ ॥ সেলেটা নুইষা। [<ল্যাংচা (< নুন্‌সা হিঃ)]।

নুইটা=[ম]—অস. ক্রি. লুট করিয়া ॥ ডাকাইতুরা নুইটা শব্‌ নৈয়্যা গেল্‌। [<লুঠিয়া]।

নুইন্যা=[চট্ট]-বিণ. লবণাক্ত, নোনা ॥ আমি নুইন্যা ইলিশ্‌ খাই না। [<নুন (<লবণ সং)+ইয়া প্র.]।

নুইন্‌তা=[ঢা]—বি. এক প্রকার গোলাকার টক ফল ॥ এ্যাক্‌ থোপ্‌না নুইন্‌তা দ্যাও। [<নুন (<লবণ সং) +তা প্র.]।

নুই মাস্‌=[য]—বি. রুই মাছ ॥ নুইমাসের্‌ শের্‌ কত করে? [<রুহিত মৎস্য]।

নুংড়া=[ক]—বি. মাটির তৈরী বাটী ॥ নুংড়াটাত্‌ ত্যাল্‌ আসে।

নুকা=[রং]—ক্রি. বি. লুকান ॥ [<লুকানো]।

২=[ঢা]—বি. নৌকা ॥ [< নৌকা]।

নুকানুকি=[রা]—বি. লুকোচুরি খেলা ॥ [দেখ নুকা+নুকি]।

নুকি=[ব]—ক্রি. বিণ. লুকাইয়া ॥ মুই নুকি আছনু তুই দেখ্‌বার্‌ পাছ্‌ নাই। [<লুকাইয়া]।

নুকো=[খু]—বিণ. রুক্ষ, তৈলহীন ॥ নুকো মাথায় চ'্যান্ কর্‌বো না। [<লুক্‌খ<রুক্ষ]।

নুক=[ম]—বি. লোক॥ [<লোক]।

নুখো=[চা]—বিণ. রুক্ষ, তৈলহীন॥ নুখো মাথায় চ'্যান্ কর্‌মো না। [দেখ নুকো]।

নুচ'া=[ম]—বি. পাক করা শুকনা ডাইল॥

২=[ফ]—বি. চিটাগুড়॥ দোকান্ত্যা তামুক্ মাহাবার্ এক্‌পো নুচ'া আন্।

নুচি'=[ব]—বি. ভাত বা তরকারীর পাতিলের গলা মুছিবার জন্য ব্যবহৃত ন্যাকড়া॥ ভাতের্ হাড়িতে নুচি' দাও। [<মুছি<মোছ (<মোছা)+ই প্র.]।

নুচ'=[কু]—বি. ইচ্ছা॥ শে বুড়ো হলে কি হবে তার্ বদ্ নুচ' পুরো আসে। [দেখ নুচ'$_2$; অর্থ প্র.]।

২=[খু]—বি. রুচি॥ খাইতে নুচ' করে না। [<লুচ<রুচ<রুচি]।

নুচচ'=[খু]—বি. লম্পট॥ নচ্'চ লোকের্ পদে পদেই বিপদ্ আশে। [লোচ্চা<লিস্স لص আং]।

নুচচা=[রং]—বিণ. চরিত্রহীন॥ নুচচা মানুশ্‌ক বাড়ি আইশ্‌বার্ দেওয়া জায় না। [দেখ নুচ'চ]।

নুচ'তে থাকা=[ব]—ক্রি. লাফাইতে থাকা, জ্বালায় অস্থির হওয়া॥ [<নাচিতে থাকা]॥

নুচনা=[রং]—বি. হাঁড়ি কুড়ি ধরিবার ন্যাকড়া বিশেষ॥ নুচনা দিয়া হাঁড়িটা মুচেক্ ক্যানে। [দেখ নুচি ; মোছ+না প্র.]।

নুচনি=[রং]—বি. গরম ভাত তরকারী চুলা হইতে নামাইবার জন্য ব্যবহৃত ন্যাকড়া॥ [দেখ নুচনা]।

নুচপুচ=[রা]—বি. কামোন্মাদনা, যৌন উত্তেজনা॥ [অনু.]।

নুছড়া=[রং]—বি. জীর্ণ ঝাড়ু॥ [<মোছ(<মোছা)+ড়া প্র.]।

২=[রং]-বি. ছোটলোক॥ [অর্থপ্র.]।

নুছড়্যামি=[রং]—বিণ. অপরিষ্কার, অপরিচ্ছন্ন॥ ছেলেটার্ নুছড়্যামি চাল্ এখন্‌ও গেল্ না। [দেখ নুছড়া$_1$ +মি প্র.]।

নুছনা=[রং]—বি. হাঁড়ি পাতিল মুছিবার ন্যাকড়া॥ [দেখ নুচনা]।

নুছনি=[রং]—বিণ. অপরিষ্কার, নোংরা॥ কাপড়্‌খান্ নুছনি হৈছে। [দেখ নুচনি]।

২=[রা]—বি. পাতিল ধরিবার ন্যাক্‌ড়া॥ নুছনি দিয়ে হাড়িটা নামা। [দেখ নুচনি]।

নুছরা=[রং]—বি. নীচ, ছোট লোক॥ নুছরার্ মত্‌তোন্ খায় কেন্? [দেখ নুছড়া$_2$]।

নুযা=[য]—বি. রোজা॥ এবার্ নুযা থাকা গেলো না গো। [লোজা<রোজা<রোযহ্ روزہ ফা.]।

নুটা=[রং]—বি. ছেঁড়া চট বা বস্তার টুকরা॥ নুটাত্ পাও মোছ্। [<নুচি]।

২=[য, ফ]—বি. জলপাত্র॥ [লোটা হিং]।

নুটি=[য]—বি. রুটি॥ নুটির্ দাম্ কত? [<লুটি<রোটী হিং]।

নুটুর পুটুর=[রং]—ক্রি. বিণ. নড়বড়, ধীরে ধীরে॥ মানুশ্‌টা নুটুর্ পুটুর্ হাটে। [লটর পটর অনু.]।

নুটো=[খু]—বি. শুকনা ধান বা ফল॥

নুটোয় দেয়া=[য]—ক্রি. বিনামূল্যে গোস্ত বণ্টন করা॥ [দেখ নুট্+য় (বিভক্তি)+দেওয়া]।

নুট=[রং]—বি. উৎসর্গ॥ [<লুট]।

২=[ম]—বি. কাষ্ঠ নির্মিত উদুখল॥ নুটে হাত্ দিতে শাব্‌দানে থাক্‌বে বৌ।

৩=[রং]—বি. লুণ্ঠন॥ দোকানের্ জিনিশ্ পাতি শব্ নুট্ করি নিয়া গেছে। [দেখ নুট]।

নুড়া=[চট]—বি. গুচ্ছ, দলা॥ ময়লার্ নুড়া। [<নোড়া(<লোষ্ট্র সং)]।

২=[রং]—বি. জীর্ণ ঝাড়ু॥ ছাওয়াটাক নুড়া দিয়া ডাংগালু ক্যা? [<মুড়া (মুণ্ড সং)]।

৩=[নো]—বি. আগুন জ্বালাইবার উপকরণ বিশেষ॥ নুড়া বাদে আগুন্ হৈলা দরে না। [দেখ নুড়া]।

৪=[রা]—বি. গাছ বিশেষ॥ এক্‌টা নুড়া নিয়া এত বিবাদ্।

নুড়ি=[নো, চট]—বি. মাছ ধরিবার জন্য ছড়ানো ফ্যান কুঁড়ো॥ বিয়ালে নুড়ি দ্যান্ লাইগ্‌বো। [দেখ নুড়া +ই প্র.]।

২=[য]—বি. রান্নার কড়াই মুছিতে ব্যবহৃত ন্যাকড়া॥

৩=[রা]—বি. ঘর নিকানোর ন্যাকড়া॥

নুড়ি দরানো=[য]—ক্রি. বি. আবর্জনার উপর আগুন রাখিয়া হাত দ্বারা দোলাইয়া ধরানো॥ নুড়ি দরালো নারে? [দেখ নুড়া$_3$+ধরানো]।

নুড়ুনি=[খু]—বি. হাঁড়ি পাতিল মাজিবার জন্য ব্যবহৃত তালের আঁশ॥

নুড়ো=[খু]—বি. মল ফেলিবার জন্য ব্যবহৃত আবর্জনা॥ [দেখ নুড়া]।

নুড়োনুড়ি=[রা]—বি. চুলোচুলি, তুমুল ঝগড়া॥ শকল্ দিনৈ উরা নুড়োনুড়ি করে। [<লড়ালড়ি]।

নুত্‌তা=[ম]—বি. গ্রাম্য খেলা বিশেষ॥

নুত্‌পা=[ব]—বি. বীর্য, রেতঃ॥ ভাল লোকের্ নুত্‌পায়্ পয়্‌দা হলে এমন্ মতিগতি হবে কেন্। [<নুত্‌ফঃ نطفة আং]।

নুত্‌মাস=[খু]—বি. রুহিত মাছ॥ গরিব্ মান্‌শি কনে পাবে নুত্‌মাস্? [<রুহিত মাছ]।

নুদা=[রা]—বি. ঘুঁটে, গোবর দ্বারা তৈরী জ্বালানী বিশেষ॥ [<নাদ (<লণ্ড সং)+আ]।

নুদানে=[পা]—ক্রি. বিণ. যাচ্ছে তাই॥

নুদ্দ্যা=[কুম]--অস. ক্রি. চুলকাইয়া ॥ আমার্ পিট্টা নুদ্দ্যা দে ।

নুনা=[য]—বি. একপ্রকার মাছ ॥ পচা নুনা খাব না ।

নুনাইল=[চট]—বি. ধান বিশেষ ॥

নুনিয়া=[দি]—বি. লবণাক্ত পিঠা বিশেষ ॥ [<নুন (<লবণ সং)+ইয়া প্র.]।

নুনু=[দি]—বি. ছোট ছেলে ॥

২=[রা,ব,নো]—বি. শিশুদের লিঙ্গ ॥

নুনু বাচ্চা=[খু]—বি. ছোট খোকাখুকী ॥ নুনু বাচ্চারা খেল্‌সে ॥ [দেখ নুনু+বচচহ্ হিং<বৎস সং] ।

নুনুয়া=[সি]—বিণ. নোনতা ॥ নুনুয়া পিডা । [<নুনু(<লবণ সং)+উয়া প্র.] ।

নুনে কাগয=[পা]—বি. পুরাতন গ্যাজেট কাগজ ॥ [<নুন(<লবণ)+এ প্র.+কাগজ] ।

নুনে ফেনে=[চট]—ক্রি. বিণ. বেশ স্বচ্ছল অবস্থায় ॥ হিতে চাইর্‌গুয়া নুনে ফেনে খায় । [নুন(<লবণ)+এ(বিভক্তি)+ফেন সং+এ(বিভক্তি)]।

নুন্যা=[ব]—বিণ. লোনা ॥ নুন্যা হল্‌শা । [<নুন(<লবণ)+ইয়া প্র.]।

নুনকাতা=[ফ]—বিণ. লবণাক্ত ॥ [<লবণাক্ত] ।

নুন কাটটা=[চা]--বিণ. বেশী লবণ ॥ তর্‌কারিডা নুন্‌কাট্টা । [<নুন (<লবণ)+খট্টা হিং] ।

নুন চিয়া=[দি]—বিণ. লবণাক্ত ॥ [<নুন(<লবণ)+চি+আ প্র.] ।

নুনয্যা=[ফ]—বিণ. খোঁড়া ॥ তার্ এক্ ঠ্যাং নুনয্যা অয়ে গেসে । [দেখ নুইয়া] ।

নুনটা=[সি]—বিণ. লবণ স্বাদ-বিশিষ্ট ॥ [<নুন (<লবণ) + তা প্র.] ।

নুনতি=[ঢা]—বি. জল বসন্ত, হাম ॥ পোলাপাইনের্ নুন্‌তি অয় ।

নুনদা=[পা]—বি. ননদের স্বামী ॥ [নন্দা<ননদ+ইয়া প্র.]।

নুনদি=[ম]—বি. মাছ বিশেষ ॥ অয় চার্‌গা নুন্‌দি দৈর্‌সে ।

২=[ম]—বি. চর্বি, ভুঁড়ি ॥ [<লুনদি<লওন্‌দা হিং] ।

নুনদই=[ম]--বি. ভুঁড়ি, তেলপেটের উপরিভাগের চামড়ার ভাঁজ ॥ [দেখ নুন্‌দি$_1$] ।

নুন পানি=[পা]--বি. সামান্য খাদ্য ॥ [<লবণ+পানি] ।

নুনশা=[চট]—বিণ. লবণাক্ত ॥ [<নুন(<লবণ)+চা প্র.] ।

নুন শোলতে=[খু]--বি. চিকিৎসা ॥

নুনসা=[ঢা, ম]—বি. বিস্কুট বিশেষ, তেলে ভাজা আটা বা ময়দার টুকরা ॥ [দেখ নুনশা] ।

নুনসাল=[ম]—বিণ. সামান্য ॥ নুন্‌সাল্ খতি ঐসে চিন্ত্যা কৈর না ।

নুপা=[পা]—বি. রৌপ্য ॥ নুপার্ বালা এক্‌যোড়া দ্যাও । [<লুপা<রোপা<রৌপ্য] ।

নুপো=[খু]—বি. রূপা ॥ নুপো আর্ শোনাকি এক্ হয় ? [দেখ নুপা] ।

নুপকথা=[য]—বি. রূপকথা ॥ দাদি এক্‌টা নুপ্‌কথা কও দিনি । [<রূপকথা] ।

নুমতি=[ঢা]—বি. জলবসন্ত, হাম ॥ সেরাডার্ নুমতি লাগ্‌সে ।

নুমাইল=[কুম]—বি. রুমাল ॥ আমার্ নুমাইল্‌ডা কৈ ? [<রোমাল رومال ফা.]

নুমুদ=[রা]—বি. বাহানা ॥ অযথা কাজের্ নুমুদ্ দাও কেন্ ?

নুম নম=[রা, কু]—ক্রি. বিণ. কাটা যাইয়া অল্পের জন্য লাগিয়া আছে এমন ॥ আংগুল্ কেটে নুমনম্ করছে (রা) । [অনু.] ।

নুম নুম=[কু]—বি. ইচ্ছা । [<নমঃ নমঃ] ।

নুম নুমম্যা=[পা]—ক্রি. বিণ. ঝুলন্ত, পড়ে পড়ে এমন ॥ [দেখ নুমনম্+ইয়া প্র.] ।

নুমবো শিদা=[ম]—ক্রি. বিণ. কোন প্রকার ক্ষতি ॥ [<লোম শিখা ; বাগ্‌-ধারা] ।

নুয়া=[য]—বি. রোয়াধান ॥ এবার নুয়া বাল হলো না । [<লুয়া<রোয়া (<রোপন)] ।

২=[য]—বি. পশম, লোম ॥ [<লোয়া<লোম সং+আ প্র.] ।

৩=[য]—বি. লৌহ ॥ [<লুয়া<লোহ<লোহ সং+অ] ।

নুয়াড়া=[রং]—বি. কড়াই ॥

নুয়ালি গামসা=[বা]—বি. পাঁচ হাত লম্বা মেয়েদের গায়ের রঙ্গিন কাপড় ॥ ময়নার্ মার্ নুয়ালি গাম্‌সা বারি শোন্‌দর্ ।

নুয়াল=[চট]—বি. রুমাল ॥ আমার্ দুইখান্ নুয়াল্ আসে । [দেখ নুমাইল্] ।

নুরা=[কুম]—বি. কাক, ছিপি ॥ [দেখ নুড়া] ।

২=[কুম]—বি. ন্যাকড়ার পুটুলি ॥ [দেখ নুড়া] ।

৩=[ম]—বি. মাছ বিশেষ, রুই মাছের বাচ্চা ॥ [দেখ নওলা মাস্] ।

৪=[রা]—বি. খড়ের গোলাকৃতি বাণ্ডিল ॥ এক্ নুরা খর্ দে আগুন্ জালি । [দেখ নুড়া] ।

৫=[রং]—বি. (পাটার) শিল ॥ আমাদের্ নুরাটা খুব্ বড় । [<নোড়া (<লোষ্ট্র সং)] ।

নুরানি=[ম]—বি. ঘর লেপিবার জন্য ব্যবহৃত পাটগুচ্ছ ॥ আয়্‌কা গর্‌টাত্ নুরানি দেও । [দেখ নুড়া+নি প্র.] ।

নুরা নুরা=[রা]—বিণ. সহজে বিক্রি হয় এমন ॥ পাকা বুল্‌বুল্ হাটে গেলে নুরানুরা । [দেখ নুড়া ; আতিশয্যে শব্দদ্বিত্ব] ।

নুরানো=[ফ]—ক্রি. কুড়াইয়া জড়ো করা ॥ চাল্ যাই দান্ নুরে নিয়ে আশি । [দেখ নুড়া+নো প্র. ; নাম-ধাতু] ।

২=[ম]—ক্রি. দৌড়ান ॥ কুকুরে শিয়াল্ নুরাসে । [<দৌড়ানো] ।

নুরায়ে=[খু]—অস. ক্রি. দৌড়াইয়া ॥ এদিকে নুরায়ে আয়্ । [দেখ নুড়ানো]।

নুরি=[ঢা]—বি. ন্যাকড়া ॥ [দেখ নড়া+ই]।

২=[রা]—বি. হুলো বিড়াল ॥ মরার্ নুরি শব্ মুরগির্ বাচ্চাগুলিই খায়্যা ফালালো ।

নুরুনি=[খু]—বি. নারিকেল কোরাইবার উপকরণ ॥ [<নরুন (<নখ হরণিকা সং)+ই প্র.]।

নুর‍্যা বাটি=[সি]—বি. খরস্রোত ॥ শাওন্ মাশে গাংগে নুর‍্যাবাটি থাকে । [দেখ নুড়া+ইয়া প্র.+ভাঁটি (< ভাঁটা)]।

নুর্ কুইচ'া=[ম]—বি. অচলতা ॥ [<মোড়(<মুণ্ড)+কুঁচ (<কুঞ্চন) +আ]।

নুর্গা=[রা]—বি. ভাসমান পাৎলা জিনিস ॥ নুর্গ্যার্ মত পরের্ দুয়ার্ আঁটি লাভ্ কি ? [দেখ নুড়া+গা=টা]।

নুর্বুড়া=[রং]—বিণ. হলহলা, নড়বড়ে ॥ [<নড়বড় (অনু)+আ প্র.]।

নুর্ ভোগ্=[খু]—বি. ধানের নাম ॥

নুর্মা=[ঢা]—বি. চরি করিয়া খাওয়ার অভ্যাস ॥ নুর্মা বালা না ।

২=[ম]—বিণ. দুর্বল ॥ [<নরম نرم ফা.+আ প্র.] ।

নুর্মি=[ম]—বিণ. অকর্মণ্য ॥ [দেখ নুর্মা + ই]।

নুলা=[খু]—বিণ. গ্রাস ॥ ওর্ হাতে এক্ নুলা ভাত্ দে । [দেখ নলা$_{8}$]।

২=[পা, কুম, রং, ম]—বি. খোঁড়া ॥ নুলারে দয়া কর । [<লোলা সং; অর্থ প্র.]।

নুলানো=[খু]—ক্রি. রগড়ানো ॥ পেপেডা নুলোতি নুলোতি নরম্ করে ফেলিসে।

নুলা মাস্=[য]—বি. রুহিত জাতীয় ছোট মাছ ॥ [দেখ নওলা মাস্] ।

নুলুশ্=[ম]—বি. আমন ধান বিশেষ।

নুলে=[খু]—বিণ. ছোট, কচি ॥ [নব +লা প্র.] ।

নুলো=[খু]—বিণ. যাহার হাতে শক্তি নাই। [দেখ নুলা]।

২=[খু]—বিণ. ছোট ॥ আমাগো নুলো বাসুরটা দেখ্‌স ? [দেখ নুলে]।

নুল্=[ম]—বি. লালা ॥ [<লোল]।

২=[য]—বি. রুল, বেঁটে ও মোটা যষ্টি বিশেষ ॥ দেই তোর্ নুল্‌ডা । [< লুল <রুল <রুলার ruler ইং] ।

নুশ্টি=[ম]—বি. বাজে জিনিস ॥ [<নষ্ট+ই] ।

নুশ্না=[রং]—বি. গরম হাড়ি পাতিল মুছিবার ও ধরিবার জন্য ব্যবহৃত পাটের আঁশ ॥ [দেখ নুছ্না] ।

নুশ্নুশা=[ম]—বিণ. খুব নরম ॥ পিঠাডা খুব্ নুশ্নুশা হৈসে । [অনু.] ।

নুশ্কি=[ম]—বি. লোভ ॥ তার্ মিশ্টি খাবার্ নুশ্কি আসে ।

নুশ্ নুশ্=[ম]—বি. ইচ্ছা ॥ [অনু.] ।

নুসাপোসা=[ম]—বিণ. বাজে, অকেজো ॥ নুসাপুসা লোক্ দিয়া শব্ কাম্ চ'লে না । [অনু.] ।

নুস্না=[ম]—বি. রাগ, অপমান, লজ্জা ॥ তুমার্ অপকামের্ কতা হুইন্যা আমার্ নুস্না নাগ্‌সে। [<নজ্জা < লজ্জা] ।

নুহা=[পা]—বি. মাছ ধরিবার জন্য বড়শিতে লাগানো আধার ॥ নুহা বদ্‌লায়া দ্যা ।

নুহো=[য]—বিণ. উস্কোখুস্কো ॥ চু'ল্ গুলো অমন্ নুহো কেন্ ? [< লুক্‌খো <রুক্ষ সং] ।

নে

নেঅাতি=[চট্ট]—বিণ. উদ্ধত ॥ [< ন্যায়+তি প্র.] ।

নেইনচ'া=[ঢা]—বি. ষাঁড়ের লিঙ্গ ॥ [<নারাচ সং+আ] ।

নেইল্=[খু]—বি. কর্দমাক্ত জায়গা, বেশী তরল কাদা ॥ অত নেইল্ নারা ভাল নয় ।

২=[ম]—বি. বাঁশের তৈরী ধারাল অস্ত্র ॥ নারি সেদ্ কৈর্‌তে ঐলে এক্‌টা নেইল্ বানা ।

নেইল্ দারা=[পা]—বি. মেরুদণ্ড ॥ [নাল+দাঁড়া] ।

নেইশা=[ঢা]—বিণ. নরম ॥ কাডলডা বর নেইশা ।

নেউ=[চট্ট]—বি. ভিত্তি ॥ [নেও হিং] ।

নেউংলা=[রং]—বিণ. খোঁড়া ॥ এটা নেউংলা মানুশ্ । [<ন্যাংলা] ।

নেউচ'া=[ব]—বিণ. কর্দমাক্ত ভূমিতে উৎপন্ন, নীচু জমিতে জাত ॥ [<নীচ+ উয়া প্র.] ।

নেউজ্ পাতা, নেউজ্ পাত্=[রং]—কচি পাতা । [<নব+জ+পাতা] ।

নেউরা=[চট্ট]—ক্রি. বিণ. নম্র ভাবে, সবিনয়ে ॥ [<নেমরা <নম্র] ।

নেউরি=[চট্ট]—সি. দুই ঘরের মধ্যে ভাগ (যেখানে পানি না পড়ার জন্য টিন দেওয়া হয়) ॥

নেউর্=[কুম]—বি. নরুন, নখ কাটার অস্ত্র ॥ নেউর্ দিয়া নখ কাটে । [< নরুন (<নখহরণিকা সং) ; বর্ণ বপর্যয়] ।

নেউলা=[ম]—বিণ. ভাতের গ্রাস ॥ এক্ নেউলা বাতের্ লাগি কত কশ্‌ট করে । [দেখ নলা$_{8}$] ।

নেউলি=[রং]—বি. দুষ্ট মেয়ে ॥ [< নেউল (নকুল সং)] ।

নেউলিয়া=[ম]—অস. ক্রি. ফিরিয়া ॥ নেউলিয়া দেখ পাসে কে আইতাসে।

নেউল=[চট্ট]—বি. এক প্রকার ফল ॥

নেংগুরা=[ম]—বি. চোরকাটা ॥ নেংগুরায় তো কাপর্টা বাদ্ নাই। [দেখ নেংগুর্+আ]।

নেংগুর=[ঢা রা]—বি. লেজ ॥ শাপের্ নেংগুর্। [<ল্যাঙ্গুর<লাঙ্গুল]।

২=[ঢা]—বি. মূল, আদি, আসল॥ নেংগুর আত্ দিয়া দেখ হের্ কোচ্' দোশ্ নাই। [অর্থ প্র.]।

নেংগুর দরা=[ম]—ক্রি. তোষামোদ করা ॥ [দেখ নেংগুর্+ধরা]।

নেটিং=[পা]—বি. বস্ত্রখণ্ড ॥ [<লেঙ্গট<লিঙ্গপট্ট সং]।

নেকির গলায় ঢেঁকি=[সি]—বি. পুণ্যের বদলে ক্ষতি॥ [<নেকির গলায় ঢেঁকি]।

নেচু=[রং]—বি. লিচু ॥ জৈশ্‌ট মাশে নেচু পাকে। [<লিচু<লীচী (চীনা)]।

নেচ্'ফল=[ম]—বি. লিচু ॥ [দেখ নেচু+ফল]।

নেচ্'রি=[ব]—বি. বড় মাছের পোনা ॥ বোয়াল্ নেচ্'রি।

নেচারি পুটি=[রং]—বিণ. নগণ্য ॥ মোর্ মত নেচ্'রি পুটি মানুশ্ক পোঁচে কাঁয়্। [দেখ নেচ্'রি+পুঁটি]।

নেযুড়ি=[ফ]—বি. লম্বা দড়ি বিশেষ ॥ নেযুড়িটা সিড়্যা গেসে আর্ এক্টা দড়ি বানাতি হবি। [দেখ নেংগুর্+ই প্র.]।

নেটি=[রা]—বি. বলদ ॥ এমন্ হাইল্লা নেটির্ ঘাড়্ ভাংগি ফেইল্ল।

নেটু=[রং]—বি. লেজ ॥

নেডি=[নো]—বি. বেহায়াপনা ॥ হ্যাতার্ নেডির্ যালায়্ কোন কা্য্ করন্ যায়্ না। [নটী সং]।

নেডিও=[য]—বি. রেডিও ॥ নেডিওর্ গান্ খুব্ ভাল। [<রেডিও radio ইং]।

নেড়ি=[রা]—বি. খাবলা ॥ [<নেড়(<লেণ্ড সং)+ই প্র.]।

নেড়ু=[খু, য]—বিণ. প্রিয়, আদরের ॥ সাওয়াল্ডা যা ওর্ বাপের্ নেড়ু, কি করে যে রাখ্‌ব। [<নেওট(<স্নেহবৃত্ত সং)+উ প্র.]।

নেতি=[য]—বি. পলিমাটি ॥ নেতি পড়ে ঘাশ্‌গুন্ নিচে পড়ে যাবে। [<নেত(<নেত্র সং)+ই প্র.]।

নেতুড়=[খু]—ক্রি. বিণ. ছড়ানো ॥ [দেখ নেতুর; অর্থ প্র.]।

নেতুর=[ব, পা, ম]—বি. আবর্জনা ॥ নেতুর্ গুইল্লা ফ্যাইলা দে। [<নাট(<নষ্ট সং?)+উর প্র.]।

২=[ম]—ক্রি. বিণ. স্তূপ, জমা ॥ [অর্থ প্র.]।

নেথুর=[ম]—বি. আবর্জনা ॥ বারির্ নেথুর্ গুইল্যা শাফ্ কর্। [দেখ নেতুর্]।

নেদু=[খু, য]—বি. বাচচা ॥

নেধিশি=[রা]—বি. টাকি মাছ ॥ মুই নেধিশি খাউ না।

নেনি=[সি]—বি. ছোট মেয়ে ॥ নেনি তোমার্ বারি কিয়ানো? [<নন্নী হিং]।

নেলি=[দি]—বি. শেওলা ॥ শানের্ নেলি বড় পিছ্‌লা।

নেলচিয়া=[রং, দি]—বিণ. লোভী॥ এটাতো নেল্‌চিয়া চ্যাংরা খাবার্ নোবে বশি আছে। [<লালচ হিং+ইয়া প্র.]।

নেশটি=[য]—বি. রেজেষ্ট্রি ॥ যদি নেশ্‌টি কৈর্‌তি নেশ্‌টি অপিশে যাতি হবে। [<রেজেষ্ট্রী Registry ইং]।

নেহি=[য, খু]—বিণ. ন্যাকা ॥ নেহি বু ন্যাহানি রাহো। [ন্যাকা(<নেক نیک ফা.+আ প্র.)+ই]।

ন্যা

ন্যাঅলানো=[চট্ট]—ক্রি. বাহির করা ॥ পুলিশের্ মাইরর্ ডরে চো'র্ যিনিশ্ পতত্‌র্ ন্যাঅলাইয়া দি দিল্‌গৈ। [দেখ নিওলন্]।

ন্যাও=[কু]—বিণ. নীচু॥ [<নামা <নিম্ন সং]।

ন্যাওড়=[ফ]—বি. পায়জামা ইত্যাদির ফিতা ॥ কাশির্ চো'টে পায়্যামার্ ন্যাওড়্ গেল্ হৈয়া। [<নিবাড় হিং]।

ন্যাওতা=[কুম]—বি. নিমন্ত্রণ॥ শেই বারিতে ন্যাওতা দিসে। [<নিমন্তা =নিমন্ত্রণ সং]।

২=[কুম]—বি. খবর ॥ [অর্থ প্র.]।

৩=[ঢা]—বি. বিবাহে নিমন্ত্রণের লবঙ্গ (বিবাহের কার্ডের ন্যায় ব্যবহৃত হয়) ॥ মুখে কৈলে কি ঐব, ন্যাওতা দেয়্ নাই যখন্ তো যামু না। [অর্থ প্র.]।

ন্যাওয়র=[সি, নো]—বি. পায়জামা আটকাইবার ফিতা ॥ [দেখ ন্যাওড়্]।

ন্যাওয়া=[দি, রা, রং]—বি. এক প্রকার ফল, আতা, শরীফা ॥ [<মেবহ্ میوه ফা.]।

২=[য]—ক্রি. ধরে তোলা ॥ [<নেওয়া]।

৩=[খু]—বি. নারিকেলের প্রথম নরম অবস্থা ॥ [দেখ ন্যাওয়া]।

ন্যাওয়ানো=[কুম]—ক্রি. স্নান করান॥ [<নাওয়ানো; নাহানো, নাহা<স্না সং]।

ন্যাওয়ার=[ঢা, সি]—বি. মোটা সুতা ॥ পায়্যামার্ ন্যাওয়ার্ সিরা্যা গেসে। [দেখ ন্যাওড়্]।

ন্যাওরা=[সি, ম]—বি. অনুরোধ ॥ বাবুরে থুরা ন্যাওরা কর্‌সি না ! [< নতি+করা]।

২=[খু]—বি. ঠাট্টা, তুচ্ছতাচ্ছিল্য ॥ [অর্থ প্র.]।

ন্যাওরাবাদ্‌=[ম]—ক্রি. বিণ. কাকুতি মিনতি ॥ [দেখ ন্যাওরা+বাদ(<√ বদ+অ সং)]।

ন্যাওর্‌=[ব]—বি. কাঁচা দেওয়ালের ভিৎ ॥

২ =[পা]—বি. শিশির ॥ শিতকালে ন্যাওর্‌ পড়ে। [নীহার সং]।

৩=[চা]—বি. চিহ্ন ॥ [লহর(< লহরী সং)]।

ন্যাওর্‌ করা=[রং]—ক্রি. অনুরোধ করা ॥ [দেখ ন্যাওরা+করা]।

ন্যাওলা=[নো, কুম]—বিণ. গ্রাস ॥ এক্‌ ন্যাওলা বাত্‌ খাই হ্যাতে চলি গ্যাসে। [দেখ নলা৪]।

২=[য]—বি. নীচু জায়গা ॥ [< নাবলা <নাব(<নামা<নিম্ন সং)+ লা প্র.]।

৩=[কুম]—বিণ. আদুরে, আহ্লাদে ॥ এ্যাত ন্যাওলা চু'ইট্‌কা বালা না। [< নেও(<স্নেহ সং)+লা প্র.]।

ন্যাং খাওয়া=[পা]—ক্রি. শক্তি হারানো ॥ ন্যাং খেয়ে বশে রৈলা কেন্‌ কাযে যাও। [<ন্যাং(<লঙ্গ সং)+খাওয়া]।

ন্যাংঘেংগি=[ম]—বি. হিংসা ॥ [<ন্যাংঘ্যাং (অনু.)+ই প্র.]।

ন্যাংটিয়া=[রং]—বি., বিণ. নির্ধন, গরীব ॥ ন্যাংটিয়ার্‌ ভিতি কাঁই দ্যাখে। [<লাংটা(<নগ্নবৃত্ত সং)+ইয়া প্র.]।

ন্যাংড়া=[নো]—বি. নরম দড়ি বিশেষ ॥

২=[রং]—বি. মোটা শক্ত দড়ি ॥

৩=[ফ, দি, রা]—বিণ. খুব দুর্বল, অঙ্গহীন. খোঁড়া ॥ জরে ছেলেটি এক্‌দম্‌ ন্যাংড়া হয়ে গেছে (রা)। [<লেংড়া<লং (<লঙ্গ لنگ ফা.) +ড়া হিং প্র.]।

ন্যাংড়ো=[খু]—বি. জোয়ালে বাঁধিবার দড়ি ॥ [দেখ ন্যাংড়া]।

ন্যাং ন্যাং করা=[পা [—ক্রি. শক্তিহীন হইয়া পড়া, আঁকুপাঁকু করা ॥ [দেখ ন্যাং খাওয়া]।

ন্যাং পাতা=[রং]—ক্রি. আবদার করা ॥ মোর্‌ কনাটা বাপের্‌ বাড়ি যায়ার লাগি ন্যাং পাতিচে। [<নেং (<টঙ্গ সং)+পাতা]।

ন্যাংর‍্যা=[পা, রং]—বি. জোয়ালের দড়ি বিশেষ ॥ [দেখ ন্যাংড়া]।

ন্যাংলা=[রং]—বিণ. খোঁড়া ॥ [দেখ ন্যাংড়া৩]।

২=[রা]—বি. আঁচড়া ॥ পাটের্‌ জমিতে আগে ন্যাংলা দিতে হয়্‌। [<লাঙ্গল+ইয়া প্র.]।

ন্যাংরে=[পা]—বি. জোয়ালের সঙ্গে লাঙ্গল আটকাইয়া রাখিবার মোটা দড়ি ॥ [দেখ ন্যাংড়া]।

ন্যাং শোকা=[রা]—বিণ. শোকাচ্ছন্ন ॥ ন্যাংশোকা কোথাকার্‌ তুই এত বড় বেক্‌কাল্‌ !

ন্যাকা=[কুম]—বিণ. বোকা ॥ এমন্‌ ন্যাকা সেলে দিয়ে একায়্‌ হবে না। [দেখ নেহি]।

ন্যাকাইন্‌=[চট]—বিণ. বুদ্ধিমান্‌, পারদর্শী ॥ [দেখ ন্যাকা+ইন প্র.]।

২=[চট]—বি. চতুরা (স্ত্রী) ॥ হিতি বড় ন্যাকাইন্‌। [অর্থ প্র]।

ন্যাকাইল্‌=[চা]—বিণ. কাবিল, উপযুক্ত ॥ [দেখ ন্যাকাইন্‌]।

ন্যাকায়্‌=[কু]—বি. বমন, বমি ॥ কুকুরের্‌ ন্যাকায়্‌ আমি সাফা কর্‌তে পার্‌বো না। [<নেকার (<ন্যাক্কার সং)]।

ন্যাকেট্‌=[য]—বি. র‍্যাকেট ॥ ন্যাকেট খেলা খুব ভাল। [<র‍্যাকিট Racket ইং]।

ন্যাকের্‌ প্যাকের্‌=[রং]—ক্রি. বিণ. হেলিয়া পড়ে পড়ে এমন ভাব ॥ অর্‌ কোমর্‌টা এমন্‌ শরু জে দেখ্‌লে মনে হয়্‌ ন্যাকের প্যাকের্‌ কর্‌ছে। [অন.]।

ন্যাক্‌=[চট]—বি. স্বামী (নিন্দার্থে) ॥ [<নেক نیک ফা.=পুন্য]।

২=[সি]—বিণ. ভাল, পুন্য ॥ ন্যাক্‌ কাযে উত্‌শাহ দেওয়া উচি'ত্‌। [দেখ ন্যাক্‌]।

ন্যাক্‌চ'া=[ফ]—বিণ. নরম ॥ তোমার্‌ ন্যাক্‌চ'া কথায়্‌ বুলি না। [<ল্যাংচা (<লোচক সং ?); অর্থ প্র.]।

ন্যাক্‌যাদি=[কু]—বিণ. বোকা ॥ তোমার্‌ মত ন্যাক্‌যাদি নাই ! [দেখ ন্যাক্‌+যাদী زادی ফা.]।

ন্যাক্‌টান্‌=[খু]—বিণ. বাঁকা ॥ [<নাক+টানা]।

ন্যাক্‌তার্‌=[ম]—বি. বমি বমি ভাব ॥ বেশি খাওয়ার্‌ যৈন্‌ন ন্যাক্‌তার্‌ লাগ্‌সে। [<ন্যাকার সং]।

ন্যাক্‌বামি=[খু]—বি. ছলনা ॥ [দেখ ন্যাক্‌ +আমি প্র.]।

ন্যাক্‌ব্যাক্‌=[চা]—বিণ. নরম ॥ ন্যাক্‌ব্যাক্‌ বাশ্‌ দিয়ে নিশানের্‌ খুটি দেওন্‌ যায়্‌ না। [অনু.]।

ন্যাক্‌ মোখ্‌=[পা, চট]—বি. স্বামী স্ত্রী ॥ [দেখ ন্যাক্‌+মুখ (অনুঃ); অথবা <নাক+মুখ; অর্থ প্র.]।

ন্যাক্‌লানো=[ব]—ক্রি. রওয়ানা হওয়া ॥ এতখন্‌ বোদ্‌ হয়্‌ শে বাড়ি চু'লি ন্যাক্‌লিচে'। [দেখ নিওলন্‌]।

ন্যাগাম্‌=[খু]—বি. লাগাম ॥ ঘোড়ার ন্যাগাম্‌ চু'রি অয়েসে। [দেখ নাগাম্‌]।

ন্যাগার্‌=[রা]—ক্রি. বিণ. অবশিষ্ট, বাকী ॥ দাওতের্‌ মানুশের্‌ আশার্‌ এখন্‌ও বহুত্‌ ন্যাগার্‌। [দেখ নিগ্‌রা]।

ন্যাচ'া=[কু]—বিণ. নীচু ॥ ন্যাচ'া যমিতে বাড়ি কর্‌তে চ'াই। [<নীচ +আ প্র.]।

২=[রা]—ক্রি. বিণ. দুইদিকে পা ছড়াইয়া ॥ ঘোড়াটা ন্যাচা খেয়ে পড়ল। [<ল্যাংচা (<লঙ্গ সং)]।

ন্যাচোর্‌ প্যাচোর্‌=[রং]—বি. বিরক্তিকর আহ্লাদ ॥ ইগ্‌লা ন্যাচোর্‌ প্যাচোর্‌ মোর্‌ গায়্‌ শয়্‌ না। [অনু.]।

ন্যাছ্‌ছ্বইরা=[রং]—বিণ. ছন্নছাড়া, গরীব ॥ ন্যাছ্ছুইরা মানুশক্ কেউ পুছে না। [<নচ্ছার (<নর ছার ?) +ইয়া প্র.]।

ন্যাজাপ্যাটি=[দি]—বিণ. লোভী ॥ শে বড় ন্যাজাপ্যাটি, খাবার্ দেখ্‌লিই জিব্ দে পানি গড়ায়। [দেখ ন্যায্+পেট+ই প্র.]।

ন্যাযা=[চা]—বি. লৌহনির্মিত অস্ত্র বিশেষ॥ ন্যাযাডা লৈয়া আয়্। [< নেযহ্ نیزه ফা.]।

ন্যাযাড়্ মারা=[খু]—ক্রি. গোছানো ॥ কাযের্ ন্যাযাড়্ মেরে ফেল্। [দেখ ন্যায্+আড় প্র.+মারা=শেষ করা]।

ন্যায্=[পা]—বি. লেজ ॥ [<লেজ (<লঞ্জ সং)]।

ন্যাটা=[ম]—ক্রি. বিণ. মাটিতে পা ছড়াইয়া ॥ ন্যাটা মারি বশা বালা না। [<লেপটান (<লিপ্ত সং)]।
২ =[চট্ট]—বি. বেঁটে ও চালাক ॥ [<ন্যাট (<নত সং)+আ প্র.]।
৩=[পা]—বি. গোলমাল ॥ এশব্ ন্যাটা তো এই বাদিয়েসে। [<লেঠা]।

ন্যাট্‌কান্=[ফ]—ক্রি. বিণ. আসন করিয়া বসা ॥ মাটির্ মৈদ্দে ন্যাট-কাইয়া বশে পড়্‌লিযে। [দেখ ন্যাটা ; বর্ণ বিপর্যয়]।

ন্যাট্‌কা দিয়া=[রা]—অস. ক্রি. পাছা পাড়িয়া ॥ [দেখ ন্যাট.+দিয়া]।

ন্যাট্‌কা শেয়ানা=[খু]—বিণ. ভান-কারী মূর্খ ॥ ওকে তো চে'ন না, ভারি ন্যাট্‌কা শেয়ানা। [<লেড়কা (< লড়কা হিং)+সেয়ানা (<সজ্ঞান সং)]।

ন্যাট্‌ ঘ্যাট্=[রং]—বি সংমিশ্রণ ॥ গরুর্ গোশ্‌ত খাশির্ গোশ্‌ত এক্‌টিই ন্যাট্ ঘ্যাট্ কর্‌ছে। [<নটঘট (অনু.)]।

ন্যাট্‌ প্যাটানো=[রং]—ক্রি. মাখান ॥ [<ন্যাট্‌প্যাট্ (অনু.)+আনো প্র]।

ন্যাট্‌ প্যাটি=[রং]—বি. সংস্রব ॥ মুই তোমার্ ন্যাট্‌প্যাটিত্ থাকো না। [দেখ ন্যাট্‌ঘ্যাট্+ই]।

ন্যাডা=[চট্ট]—বি. শিংঘান, সর্দি ॥

ন্যাড়া=[রা]—বি. মলদ্বার ॥ অত বড় ছেলে হয়ে ন্যাড়া বের্ করে ঘুর্‌তে লজ্‌জা করে না ? [<নেড় (<লেগু সং)+আ] ।
২ =[খু]—বি. এক প্রকার মিষ্টি খাদ্য ॥
৩=[চট্ট]—বি. নাড়া, ধান কাটার পর ক্ষেতে অবশিষ্ট গোড়ার অংশ ॥ [< নাড়া (<নাল সং)] ।
৪=[রা]—বিণ. যে বাম হাতে কাজ করে ॥ এটা ন্যাড়া মানুশ্। [<নেটা]।

ন্যাড়ো=[পা]—বি. ন্যাকড়া, ছেঁড়া কাপডের টুকরা ॥ ছেল্‌টা ন্যাড়োত্ হাগ্‌ছে। [<ন্যাকড়া (<নক্তক সং)]।

ন্যাতা=[পা]—বি. ছিপি, কাক ॥ [< নেতা (<নক্তক সং) ; অর্থ প্র.]।
২=[ম]—বি. ফিতা ॥ বাতির্ ন্যাতা কম্‌লে কি আর্ যলে ? [দেখ ন্যাতা]।
৩=[খু, রা]—বি. ছেঁড়া কাপড়, ন্যাকড়া ॥ ন্যাতা কাপড়্ অনেক্ কাযে লাগে। [দেখ ন্যাতা]।

ন্যাতা খ্যাতা=[পা]—বি. শেষ সম্বল ॥ [দেখ ন্যাতা৩+কাঁথা (<কন্থা সং)]।

ন্যাতা যড়ানো=[খু]—ক্রি. কার্যের অবশিষ্ট রাখা ॥ [দেখ ন্যাতা+জড়ানো] ।

ন্যাতায়ে যাওয়া=[য]—ক্রি. বিভোর হওয়া ॥ হেনা ঘুমায়ে ন্যাতায়ে গেসে। [দেখ ন্যাতা+ইয়া+যাওয়া]।

ন্যাতের্=[ফ]—বি. আবর্জনা ॥ গরে এত ন্যাতের্ ঐলো কেমন্ করে। [দেখ নেতুর্] ।

ন্যাতের্ কান্‌থা=[ম]—বি. কাপড় দিয়া তৈরী কাঁথা ॥ গরিব্ লোকেরা ন্যাতের্ কান্‌থা গায়্ দেয়্। [দেখ ন্যাতা৩+র (সম্বন্ধে)+কাঁথা]।

ন্যাতো কাটা=[খু]—বি. ঘন কাটা পূর্ণ লতানো গাছ ॥

ন্যাতোড়্=[য]—বি. আবর্জনা ॥ [দেখ নেতুর্] ।

ন্যাত্=[সি]—বি. লাটিম নাচা-ইবার দড়ি ॥ আমার্ ন্যাত্‌গাস্ গেসে। [<লত্ (<লতা) ; অর্থ প্র.]।
২=[রং]—বি. রেশমী কাপড় ॥ [<নেত (নেত্র সং)]।

ন্যাত্‌কি=[কুম]—বি. নর্তকী ॥ সেরা খুব্ বালা ন্যাত্‌কি। [<নর্তকী]।

ন্যাত্‌খ্যাত্=[রং]—বি. যথাসর্বস্ব ॥ ন্যাত্‌খ্যাত্ ব্যাচেয়া মাম্‌লা চালাইচে। [দেখ ন্যাতা৩]।

ন্যাত্‌ড়ানো=[খু]—ক্রি. খুঁড়াইয়া চলা ॥ লোক্‌টি ন্যাত্‌ড়াতে ন্যাত্‌ড়াতে গেল্। [<লত (<লতা)+ড়া+নো প্র.=লতানো]।

ন্যাত্‌তা ন্যাত্‌তা=[ম]—বিণ. নরম ॥ [দেখ ন্যাতা৩ ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

ন্যাত্‌পাহা=[চা]—বি. এক প্রকার কাল আমন ধান ॥ ঐলে ন্যাত্‌পাহা না ঐলে খেত্‌পাহা।

ন্যাত্‌রা=[ম]—বি. উরু ॥

ন্যাত্‌রা ফ্যাত্‌রা=[ম]—বিণ. ছেঁড়া ॥ শে ন্যাত্‌রা ফ্যাত্‌রা কাপর্ পরে না। [দেখ ন্যাতা৩+ রা প্র. + ফ্যাত্‌রা (অনু:)]।

ন্যাথা=[দি]—বি. পাতিলের কালি সাফ করিবার গোছা করা পাট ॥ [দেখ ন্যাতা৩]।

ন্যাদা=[ফ]—বিণ. নরম ॥ অত ন্যাদা হলে চ'লে না। [<নাদা(<লণ্ড সং); অর্থ প্র.]।
২ =[চা]—বি. ধ্বনি, আওয়াজ ॥ [<নিদা' ندا আং]।
৩=[রং]—ক্রি. লাথি মারা ॥ কাল্‌টু বলোত্ ন্যাদায়্ আর্ ন্যাদায়্ গোল্ দিবার্ পারে না। [দেখ ন্যাদানো]।

ন্যাদানো=[পা]—ক্রি. লাথি মারা ॥ তাক কেনে ন্যাদে ফেলে দিলু। [< লাথি+আনো প্র. ; নামধাতু]।
২=[য]—ক্রি. মলত্যাগ করা ॥ গরুটা ন্যাদালো নাকি ? [দেখ ন্যাদা +নো প্র. ; নামধাতু]।

ন্যাদাপ্যাদা=[রা]—বিণ. অতিরিক্ত পাকা ॥ আম্‌গুলি ন্যাদাপ্যাদা হয়ে গেছে। [দেখ ন্যাদা+প্যাদা (অনু:)]।

ন্যাদ্‌দায়্‌=[খু]—বিণ. চূড়ান্ত ॥ ও ন্যাদ্‌দায়্‌ ভাল মানুশ্‌। [<নির্‌+দায় =দায় শূন্য]।

ন্যাদের্‌ নাগর্‌=[চট]—বিণ. খুব আদুরে ॥ হিতে কি ন্যাদের্‌ নাগর্‌। [<নদিয়ার নাগর]।

ন্যাদ্‌দ্বড়্‌=[রা]—বি., বিণ. খোঁড়া, কোন কাজের জের ॥ [<ল্যাংচা (< লঙ্গ সং) ; দেখ ন্যান্‌যুর্‌]।

ন্যাধেড়াই দেওয়া=[দি]—ক্রি. হাত দিয়া মুছিয়া দেওয়া ॥

ন্যানা=[সি, ম]—বি. শিশু ॥ ন্যানা তোমার্‌ বারি কিয়ানো ? [দেখ নেনি]।

ন্যান্‌জারি=[রা]—বি. নারাচ, অস্ত্রে হাতল লাগাইবার অংশ ॥ ন্যান্‌জারি লমবা কম্‌ হলে দা আছাড়ি হতে খশে পড়ে। [দেখ ন্যান্‌যুর্‌+ই প্র.]।

ন্যান্‌যুর্‌=[ম]—বি. লেজ ॥ গরুডার্‌ ন্যান্‌যুর্‌ খাটো। [<লেজুড়<লেঞ্জ (<লঙ্গ সং)+উড় প্র.]।

ন্যান্‌দরা=[রা]—বিণ. খোলা ॥ এই ন্যান্‌দরা পানি খাওয়া জাবে না।

ন্যান্‌দর্‌=[রা]—বিণ. কর্দমাক্ত ॥ ন্যান্‌দর্‌ রাস্‌তা দিয়ে চলা কঠিন্‌।

ন্যান্‌দা=[ব]—বিণ. ছোট ॥

ন্যান্‌ প্যান্‌=[চা]—বি. দেনা পাওনা ॥ আর্‌ তুমার্‌ লগে আমার্‌ কুনৈ ন্যান্‌প্যান্‌ নাই। [<নেওন= নেওয়া+পাওন=পাওয়া ; তুং দেনা পাওনা]।

ন্যাপা=[ফ]—বি. আমন ধান বিশেষ ॥

২=[ম]—ক্রি. পরিষ্কার করা ॥ গরুটি ন্যাপি দাও। [<লেপা<লেপ (<√ লিপ সং)+আ.]।

ন্যাপোচ্‌চ্যাপোত্‌=[রং]—ক্রি. বিণ. অনাদরে, অপুছা হইয়া ॥ [<না<√ পুছ+ইয়া প্র.+পুত্র]।

ন্যাপ্‌=[রং]—বি. লেপ ॥ ন্যাপের্‌ জাড়্‌ আইশে নাই। [<লেপ<লিহাফ لحاف আং]।

ন্যাপ্‌টে যাওয়া=[খু]—ক্রি. জড়াইয়া যাওয়া ॥ লেখা ন্যাপ্‌টে গেসে। [দেখ ন্যাটা+যাওয়া]।

ন্যাপ্‌ড়া=[রং]—বিণ. ডগমগা ॥ চুঁয়ার্‌ পারের্‌ ন্যাপ্‌ড়া ঘাশ্‌। [< নুয়ে<নুইয়া+পড়া]।

ন্যাফা=[ফ]—বি. পায়জামার উর্ধ্ব প্রান্ত ॥

ন্যাবাই=[বা]—বি. বড়ভাই, মিয়া-ভাই ॥ ন্যাবাই বাত্‌ খায়্‌। [<মিয়াঁ میاں ফা.+ভাই]।

ন্যাবন্‌চু'শ্‌=[য]—বি. লজেন্‌চুশ ॥ আমার্‌ এক্‌টা ন্যাবন্‌চু'শ্‌ দিও। [< লবনচোষ<লজেন্স lozenges ইং]।

ন্যাব্‌রা=[ম]—বি. লালা ॥ [< লাবড়া (<লাবু সং+ড়া) ; অর্থ প্র.]।

২=[রং, ম]—বি. থুথু ॥ শে শব্‌ শময়্‌ ন্যাব্‌রা ফেলে। [অর্থ প্র.]।

ন্যাভারা=[রং]—বিণ. ঢিলা, দোল-দোলায়মান ॥ এ বাঁধন্‌টাতো ন্যাভারা হচে। [<নিঃ+ভর+আ]।

ন্যামত্‌=[চা]—বি. দান ॥ এই সেলে আমার্‌ আল্‌লার্‌ ন্যামত্‌। [<নি'মত نعمت আং]।

ন্যাম্‌বার্‌=[ম, খু, ফ]—বি. সদস্য, সভ্য ॥ যতশব্‌ পাবি ন্যাম্‌বার্‌। [< মেম্বার member ইং]।

ন্যাম্‌ভু=[দি, রা]—বি. লেবু ॥ ন্যাম্‌ভুর্‌ রশ্‌। [<লেম্বু (<নিম্বুক সং)]।

ন্যাম্‌শামুয়া=[রং]—বিণ. অল্পভাষী ॥ তুই ন্যাম্‌শামুয়া দেখি তোর মাইয়া যা পায়্‌ তাই কয়্‌। [<নিরামিষ+ইয়া প্র. মুখ+আ]।

ন্যাম্‌সা=[ম]—বিণ. হালকা ॥ আমার্‌ গরুগরাডা তর্‌ডার্‌ খোনে ন্যাম্‌সা। [দেখ নিপশি ; বর্ণ বিপর্যয়]।

ন্যায়লা=[চট]—বি. গ্রাস, মুষ্টি ॥ এক্‌ ন্যায়লা ভাত্‌। [দেখ নলা$_{৪}$]।

ন্যায়ল্‌=[কুম]—বি., বিণ. নীচু, নীচু স্থান ॥ গাসে কলি খুব্‌ ন্যায়লে দৈর্‌সে। [দেখ ন্যাওলা$_{২}$]।

ন্যায়াযন্‌=[কুম]—ক্রি. অনুগ্রহ করা ॥ আল্‌লায়্‌ যদি ন্যায়াযে দুশ্‌মনে কি কৈর্‌তে পারে ? [<নিয়ায نیاز ফা.+অন প্র.]।

ন্যায়াবাদ্‌ করা=[য]—ক্রি. সঙ্গে সঙ্গে তর্ক করা ॥ মুরুব্বির্‌ শাথে ন্যায়াবাদ্‌ করা ভাল না। [<ন্যায়+বাদ+করা]।

ন্যায়াল্‌=[ফ]—বি. পরিতৃপ্ত ॥

ন্যায়াশ্‌=[বা]—বি. নিঃশ্বাস ॥ দুখ্‌খিরা খালি ন্যায়াশ্‌ সারে। [<নিঃশ্বাস]।

ন্যায়ো=[খু]—বিণ. দুর্বল ॥ [<নত সং]।

ন্যায়োর্‌=[রং]—বি. কুয়াশা ॥ [< নীহার সং]।

ন্যারা=[সি]—বি. নাড়া, ধানগাছের গোড়া ॥ [<নাড়া (<নাল সং)]।

ন্যারাইয্‌=[ফ]—বি. দা কাটারির হাতল ॥ দাওডার্‌ ন্যারাইয্‌ বাইংগা গেল্‌ কেনে ? [নারাচ সং]।

ন্যারাযি=[ম]—বি. দা কাস্তের হাতল বা যে অংশ হাতলের মধ্যে থাকে ॥ [দেখ ন্যারাইয্‌]।

ন্যারায্‌=[খু]—বি. দা বটি প্রভৃতির সরু অংশ (যেখানে হাতল লাগায়) ॥ [দেখ ন্যারাইয্‌]।

ন্যারাদলা=[সি]—বিণ. ধূসর ॥ [দেখ ন্যাড়া+ধলা]।

ন্যারেশ্‌=[পা]—বিণ. নীরস, কমগুণ বিশিষ্ট ॥ [<নীরস]।

ন্যার্‌=[চা, কুম, নো]—বি. পায়জামার ফিতা ॥ আঁর্‌ হাইযমার্‌ ন্যার্‌ কৈ ? [দেখ ন্যাওড়্‌]।

২=[খু]—বি. কুয়াশা ॥ [দেখ ন্যায়োর্‌]।

৩=[রং]—বি. খড় ॥ [দেখ ন্যার্‌]।

৪=[ম]—বিণ. সামান্য ॥ তুই কি ন্যার্‌ কতাই না বল্‌লি। [অর্থ প্র.]।

ন্যার্‌কেল্‌=[য]—বি. নারিকেল ॥ ন্যার্‌কেলের্‌ যোড়া কত ? [< নারিকেল]।

ন্যার্‌যো=[বা]—বিণ. নির্জীব, শক্তি হীন ॥ লোক্‌টা খুব্‌ ন্যার্‌যো হৈয়া হর্‌সে। [<নিজীব]।

ন্যার.বেরা=[সি]—বিণ. দুর্বল ॥ পোলাডা বর ন্যার্‌বেরা। [<নড়বড় (অনু.)+আ]।

ন্যার.রা=[রং]—বি. বাচাল, ফাজিল ॥ ন্যার্‌রাটা এক্ ধার্‌ছি এ গুপ্‌ত কথাটা মানুশক্ কলু।

ন্যালছ.=[রং]—বি. রাক্ষস ॥ ন্যালছে শব্ কিছু খায়। [<লালচ হিং]।

ন্যালা=[চট্ট]—বিণ. গ্রাস ॥ সোটু সোটু ন্যালা ধরি ভাত্ খা। [দেখ নলা]।

২ =[র]—ক্রি. বি. নিড়ানি ॥ [দেখ ন্যালানো]।

৩=[ম]—বি. মতন ॥ এই পোলাডা ঠিক্ খালেকের্ ন্যালা।

ন্যালা খ্যাপা=[য]—বিণ. যাহার বুদ্ধি কম, বোকাটে ॥ হে এক্‌টা আস্‌ত ন্যালাখ্যাপা মানুশ্। [<লোল+আ প্র.+ক্ষেপ (<√ক্ষিপ্ সং)+আ প্র.]।

ন্যালানো=[চট্ট]—ক্রি. বাহির করা ॥ তারে ঘর্‌তোন্ নালাই দ্যাও। [দেখ নিওলন্]।

ন্যালান.=[দি]—বি. আবদার ॥ ছেলের্ ন্যালান্।

ন্যাল্যা=[রং]—ক্রি. বিণ. সারি সারি ॥ [নাল+ইয়া]।

ন্যালোচ.=[রং]—বিণ. লোভী, প্রলুব্ধ ॥ ন্যালোচ্‌টা কিশের্ লোভে জে ওখানে খাটে তাক বোঝায়্ না। [দেখ ন্যাল্‌চিয়া]।

ন্যাল.=[য]—বি. রেল ॥ ন্যাল্‌গাড়ি চ'ড়ে খুল্‌নায়্ যাব। [<রেল (<rail ইং)]।

ন্যাল.চিয়া=[রং]—বিণ. লোভী ॥ মানুশ্‌টা খুব্ ন্যাল্‌চিয়া। [দেখ নেল্‌চিয়া]।

ন্যাল.টোং=[রং]—বি. লণ্ঠন ॥ ন্যাল্‌টোংটা নাগাও। [<লণ্ঠন (<ল্যানট্যার্ন lantern ইং)]।

ন্যাল.পি=[ব]—বিণ. নাছোড়বান্দা, আঠাল ॥ পুই শাক্ বড় ন্যাল্‌পি।

ন্যাল.বেলে=[ফ]—বিণ. ঢিলা ॥ সেলেটা একেবারে ন্যাল্‌বেলে। [তুং নড়বড়ে]।

ন্যাল. ভেল.=[রং]—বিণ. সাদা সিধা, বোকাবোকা ॥ [দেখ ন্যাল্‌বেলে]।

ন্যাল.ভ্যালা=[রং]—ক্রি. বিণ. টকটকে, লাল ॥ পান্ খায়া মুখ্ ন্যালভ্যালা করুচে। [<লাল+ভাল (অনুঃ)+আ]।

ন্যাল.ল=[য, খু]—বি. নর্দমা ॥ ন্যাল্‌লে কাদা যমি গেসে। [<নালা]।

ন্যাল.লা=[রং]—বি. ভিক্ষা ॥ আমি তোমাক এই কাপড়খানি ন্যাল্‌লা দিলাম্। [<লিল্লহ্ لله আং=আল্লাহর জন্য]।

ন্যাল.শে=[রা]—বিণ. রুগ্ন ॥ ন্যাল্‌শে কুকুরটা এখান্ থেকে তাড়া। [দেখ ন্যালোচ; অর্থ প্র.]।

ন্যাশা=[পা]—বি. ঝোঁক ॥ ন্যাশায়্ ফালাইসে। [<নশহ نشه ফা.]।

ন্যাশায়. চু'র. হওয়া=[পা]—ক্রি. নেশা খাইয়া মাতাল হওয়া ॥ [দেখ ন্যাশা+য় (বিভক্তি)+চুর হওয়া]।

ন্যাশাহ.=[চট্ট]—বি. দৃষ্টি ॥ পোয়ার্ ন্যাশাহ্ বড় খারাপ্। [দেখ ন্যাশা; অর্থ প্র.]।

ন্যাশের. প্যাশের.=[রং]—ক্রি. বিণ. হাসফাস, উঠাবসা ॥ খায়াদায়া পেট মোটা কৈর্‌ছে এখন্ খালি ন্যাশের্ প্যাশের্ কর্‌তিছে। [অনু.]।

ন্যাশেল.লা খ্যাশেল.লা=[ম]—বি. আত্মীয় স্বজন ॥ [<নসল نسل আং+প্র.+খেশ خویش ফা.+আন+আ; সহশব্দদ্বয়]।

ন্যাশ.=[খু]—বি. নিঃশ্বাস ॥ [<নিঃশ্বাস]।

ন্যাশ.টা=[রং]—ক্রি. বিণ. মাখামাখি ॥ ধুলাত্ গাওয়া ন্যাশ্‌টা হচে। [<নষ্ট]।

ন্যাশ.তে=[ফ]—বিণ. নিস্তেজ ॥ [<নিঃ+তেজ]।

ন্যাশ.প্যাশা=[রং]—বিণ. অবসন্ন, হয়রান ॥ মুরগ্ দুইটা জুজ্ কর্‌তে কর্‌তে ন্যাশ্‌প্যাশা হচে। [<ন্যাশ্ প্যাশ্ (অনু.)+আ]।

ন্যাশ.বোত.=[পা]—বি. শ্যালক, বউয়ের ছোট ভাই ॥ বাড়ি আমার্ ন্যাশবোত্ এশেসে। [<দেখ নিশ্‌পোত্]।

ন্যাশ. মারা=[সি]—ক্রি. বি. (সাপে) কামড় দেওয়া ॥ হাপে ন্যাশ্ মারিসে। [<নেশ نیش ফা.+মারা]।

ন্যাশ.শা=[পা]—বিণ. খারাপ, নিম্ন মানের ॥ কাপড়্ খানা ন্যাশ্‌শা হৈসে। [দেখ নিপ্‌শি]।

ন্যাসর.=[ম]—বি. আবর্জনা ॥ [<নচ্ছার; অর্থ প্র.]।

ন্যাসাব.=[ঢা]—বি. মুন্সী সাহেব (যিনি আরবী পড়ান) ॥ ন্যাসাব্ আমারে সুটটি দেন্। [<মিয়াঁ میاں ফা.+সাহিব صاحب আং]।

ন্যাসার.=[রা]—বি. উপঢৌকন। [<নিসার نثار আং]।

ন্যাস.=[ঢা]—বিণ. নীচু ॥ যাগাডা যবর্ ন্যাস্। [<নীচ]।

ন্যাস.ড়াগ্যাড়া=[পা]—বিণ. গরীব ॥ আম্‌রা হলেম্ ন্যাস্‌ড়াগ্যাড়া লোক্ আমাদের্ ঠকালে খোদার্ কাসে ঠেক থাক্‌পেন্। [<নীচ+ড়া প্র.+ঘর +ইয়া]।

ন্যাস.পেট.টর.=[ম]—বি. ইন্সপেক্টর, তদন্তকারী ॥ আইয়্ বলে ইশ্‌কুল ন্যাস্‌পেট্টর্ আব। [<ইনস্‌পেক্‌টর Inspector ইং]।

ন্যাস.রা=[ঢা]—বিণ. ছেঁড়া, জীর্ণ, ময়লাযুক্ত ॥ ল্যাপ্ তুশক্ পামু কনে বাই ন্যাস্‌রা খেথাই যুটে না। [দেখ ন্যাসর্]।

ন্যাহর.=[খু]—বি. শিশির ॥ কার্‌তিক্ মাশে ন্যাহর্ পড়ে। [<নীহার সং]।

ন্যাহা=[ম, ঢা]—বি. লেখা ॥ ওই সেম্‌রি তর্ ন্যাহা শ্যাশ্ ঐসে। [<লেখা]।

২ =[য,খু]—বিণ. বোকা, অকর্মণ্য ॥ এরকম্ ন্যাহা মানুশ্ আর্ কোথাও নেই। [<ন্যাকা(<নেক نیک ফা.+আ)]।

ন্যাহাপড়া=[য]—বি. লেখাপড়া ॥ ন্যাহাপড়া খুব্ শহয্রে ভাই। [দেখ ন্যাহা+পড়া]।

ন্যাহারা=[য]—ক্রি. বি. দৃষ্টিপাত করা ॥ [<নেহারন]।

ন্যাহালি=[চট্ট]—বি. লেপ ॥

ন্যাহাল্=[ম, পা]—বি. মত, ন্যায় ॥ চে'য়ার্টা ফুলের্ ন্যাহাল্ যক্যক্ কৈর্সে। [<নাহাল<লাগান<লাগা (<লগ্ন সং)+আন]।

২=[বা]—বিণ. প্রচুর ॥ টাকা পয়শা তার্ ন্যাহাল্ হৈয়ে।

ন্যাহাল্ ব্যাহাল্=[দি, রা]—বি. বিপদের উপর বিপদ ॥ [<না+হাল حال আং+বে بے ফা.+হাল আং]।

ন্যাহেরা=[ম]—বিণ. দুর্বল ॥ ন্যাহেরা মানুশ্ পাইলে হগ্গলেই ঠকাবার্ চ'য়্। [দেখ ন্যাহোর্+আ]।

ন্যাহোর্=[রা]—বিণ. নম্র ॥ [<ন্যাউর<নমর<নম্র সং]।

২=[রা]—বিণ. নীচু ॥ [অর্থ প্র.]।

ন্যাহ্রা=[রা]—বি. সান্ত্বনা ॥ ঐঁ তাক্ ন্যাহ্রা কর্লে।

২=[দি]—ক্রি.বিণ. অনুনয় বিনয় ॥

ন্যাহ্রামি=[য]—বি, ইয়ার্কি ॥ ন্যাহ্রামি করো না। [<নখরঃ نخره আং+মি প্র.]।

নৈ

নৈ=[রা]—ক্রি. বিণ. চুপ ॥ নৈ কর্ কথা কস্ না।

২=[ম, খু]—বি. চিনি বা গুড়ের মিঠাই বিশেষ ॥ দুই পয়্শার্ নৈ কিনুম্।

৩=[রং, রা]—বি. লতা, লুচি (ময়দার) ॥ [<লত(<লতা)+ই]।

৪=[সি]—বি. হুক্কার নল ॥ হুক্কায় নৈচা লাগাই আন্। [<নই(<নয়চহ্ نیچه ফা.)]।

নৈকতা=[চা]—বি. বাজে কথা ॥ আম্রা নৈকতা লৈয়া নাই। [<নাই=নানা+কথা]।

নৈক্ দেওয়া=[পা]—ক্রি. কথার মাঝখানে ফোড়ন দেওয়া ॥ আম্রা প্যাচ'াল্ পাড়্ত্যাচি' তুমি নৈক্ দ্যাও ক্যান্?

নৈচ'া=[বা, ফ]—বি. হুক্কার খোল সংযুক্ত কাষ্ঠ খণ্ড ॥ হুক্কার্ নৈচ'া লাগাও। [দেখ নৈ৪]।

নৈচিগর্=[রং]—ক্রি. বিণ. রদবদল ॥

নৈচে'=[খু]—বিণ. তরুণ ॥ নৈচে' বৌ খুব্ হাশিখুশি। [<নব+চে প্র.]।

২=[খু]—বি. হুকার নল, নৈচা ॥ [দেখ নৈচ'া]।

নৈচ্'চ'=[ফ]—বি. মাছ বিশেষ ॥

নৈছ্যানা=[রং]—বিণ. অপরিষ্কার, নোংরা। [দেখ ন্যাসর্]।

নৈজক্ক=[রং]—ক্রি. বিণ. সংশ্রবে ॥ শেই জন্নে মুই উয়ার্ নৈজক্ক জাঁও না। [<নয্দীক نزدیک ফা.]।

নৈটে=[খু]—বি. নটেশাক, শাক বিশেষ ॥ [<নটেশাক]।

নৈতন্=[রং]—বিণ. নূতন ॥ নৈতন্ কাপড়্। [<নূতন]।

নৈনেথোড়=[খু]—বি. গণ্ডগোল ॥

নৈয়া=[রং]—বি. লোহার কড়াই ॥

নৈর্=[ম]—বি. ধারা, স্রোত ॥ পানির্ নৈর্। [<লহর]।

নৈলানিপনা=[ম]—বি. একজনের কথা অন্যের কাছে বলা ॥ তোর্ নৈলানিপনা শবাব্টা আর্ গেল্ না।

নৈল্=[বা]—বি. কুল, বরই। মাইয়ারা নৈল্ খাইতে বালা পায়।

নৈল্দা=[ফ]—বিণ. নূতন ॥ [<নব+ল প্র.+জাত]।

নৈশত্=[রং]—বি. বাধা ॥ ছাওয়াটা কোনু নৈশত্ মানে না। [<নিষেধ]।

নৈশ্যা=[রা]—বি. বর, দুলাহ্ (ব্যঙ্গার্থে) ॥ আহারে! আমার্ নৈশ্যা ॥ [<নওশাহ্ نوشه ফা]।

নৈশ্কা=[রং]—বিণ. অকেজো ॥ তুই এক্টা নৈশ্কা মানুশ্। [<নিষ্কাম]।

নৈসত্=[সি]—বি. নছিহত, উপদেশ ॥ [<নসীহত نصیحت আং]।

নৈস্সা=[ফ]—বি. হুকার নল, নৈচা ॥ [দেখ নৈচ'া]।

নো

নোওন্=[রং]—বি. আদর, অভিমান ॥

নোওয়া=[ফ]—বিণ. চতুর্থ ॥ শে আমার্ নোওয়া বাই।

নোংকোর্=[রা]—বি, বড় বিড়াল জাতীয় জীব বিশেষ ॥ মরার্ নোংকোর্ দুইটি পাতি হাঁশের্ ছাওই খাল।

নোংড়া=[খু]—বি. মাটির বাসন বিশেষ ॥

নোংশাশ্=[পা]—বি. স্বামীর বড় বোন ॥ নোংশাশের্ সেলে বাগিনা হয়্। [<ননদ+শ্বশ্রূ সং]।

নোকা=[রং]—বি. চারা গাছ ॥ কলার্

নোকাটা কে কাট্‌লে? [দেখ নোক্‌]।

নোকের্‌ নারা=[নো]—বি. তুচ্ছ কাজ ॥ হ্যাতে নোকের্‌নারা গাইস্‌ও করে না। [নখ+এর (সম্বন্ধে)+নাড়া]।

নোক্‌=[রা]—বি. কলাগাছের চারা ॥ আশাড়্‌ মাশে নোক্‌ লাগায়্‌। [< নখ সং; অর্থ প্র.]।

নোক্‌কনি=[নো]—বি. নখের রোগ বিশেষ ॥ [<নখ+কোন+ই]।

নোক্‌ত=[রা]—বি., বিণ. ফোঁটা, বিন্দু ॥ হের্‌ উপর্‌ এক্‌ নোক্‌ত দে। [<নুক্‌তঃ نقطه আং]।

নোক্‌তানযর্‌=[পা]—বি. বিশেষ দৃষ্টি ॥ [দেখ নোক্‌ত+নযর نظر আং]।

নোচ্‌চা=[রং]—বি. অবৈধ প্রেমিক ॥ নোচ্‌চাদের্‌ কঠিন্‌ শাজা হওয়া উচিত্‌। [<লুচচহ্‌ لچه ফা.; তুং লিচ্‌চ لص আং]।

নোছন্‌=[রা]—বি. ঘর লেপার ন্যাকড়া ॥ নোছন্‌ দিয়া ঘর্‌ লেপে। [<মোছ (<মোছা)+অন]।

নোয্‌=[য]—বি. রোজ ॥ নোয্‌ নোয্‌ কায্‌ করে পারা যায্‌ না। [< লোয্‌<রোয روز ফা.]।

নোটন্‌=[য]—বি. খোঁপা, বেণী ॥ এখন্‌ যৌবন্‌ কাল্‌ এখন্‌ নোটন্‌ বাঁদ্‌বেনা তো বাঁইদবে কখন্‌।

নোটা=[পা, য]—বি. লোটা, বদনা ॥ এক্‌ নোটা পানি আন্‌। [<লোটা হিং]।

নোট্‌=[খু, ফ]—বি. কাঠের তৈরী উদুখল ॥

নোডন্‌=[বা]—বি. খোঁপা ॥ মাথার্‌ নোডন্‌ খৈয়া গেসে। [দেখ নোটন্‌]।

নোড়া=[য]—বিণ. পাত্র বিশেষ।

নোড়ান্‌=[খু]—ক্রি. দৌড়ান ॥ অত নোড়াইশ্‌ ক্যান্‌। [<দৌড়ান]।

নোতা=[রা]—বি. ঘর লেপিবার পাট বা খড়ের গোছা ॥ ঘর নোতা দিমু। [<মোছা; দেখ নোছন্‌]।

নোদাই=[পা]—বি. ভেটকি মাছ ॥ আংএ নাইমা হাত্‌রা হুত্‌রা কিস্থ নোদাই মাস্‌ দরে নিয়ে আয়্‌।

নোদোন্‌=[পা]—বি. আহ্লাদ, সোহাগ ॥ [<নর্তন]।

নোদ্‌=[পা]—বিণ. কাদা, পাঁক, নরম্‌ মাটি ॥

২=[রা]—বিণ. ভুঁড়ি ॥ খায়ে দায়ে নোদ্‌ নাম্‌চে জি। [অর্থ প্র.]।

৩=[খু]—বি. রোদ ॥ নোদে নোদে ঘুরে বেড়িও না। [<লোদ<রোদ< রৌদ্র সং]।

নোনাট্‌ করা=[পা]—ক্রি. লবণ মিশ্রিত করা ॥ [<নুন (<লবন)+আট প্র.+করা]।

নোনা দরা=[পা]—ক্রি. ভিতর হইতে ক্ষয় হওয়া ॥ [<লোন<লবণ)+আ +ধরা]।

নোনাফল্‌=[পা]—বি. আতাজাতীয় ফল বিশেষ, আতা ॥ গাছে অনেক্‌ নোনা-ফল্‌ পাক্‌সে। [পোর্তু anona]।

নোনা ব্যাথান্‌=[ফ]—বি. আমন ধান বিশেষ ॥

নোনো=[রং]—বি. ছোট ছেলেদের পুরুষাংগ ॥

নোন্‌টা=[রা]—বিণ. লবনাক্ত ॥ পানিডা ক্যাম্‌বা নোন্‌টা লাগোচে। [<নুন (<লবণ)+টা প্র.]।

নোন্‌তা=[পা]—বি. মাটির উপর ঘর আঁকিয়া ছেলেদের একপ্রকার খেলা ॥

নোন্‌তা হাগ্‌=[নো]—বি. একপ্রকার শাক, বর্ষাকালের শাক ॥ নোন্‌তা হাগের্‌ খাট্‌টা রান্‌দ। [<নোনতা শাক]।

নোন্‌দা=[রা]—বি. পাট কাঠিতে গোবর লাগাইয়া তৈরী এক প্রকার জ্বালানী ॥

নোন্‌শাশ্‌=[পা]—বি. স্বামীর বোন ॥ [দেখ নোংশাশ্‌]।

নোমা=[পা]—বি. লোম ॥ মানুশের্‌ শৈর্‌রে নোমা আসে। [<লোম+আ]।

নোমাইল্‌=[ঢা, কুম, বা, ফ]—বি. রুমাল ॥ [<রোমাল رومال ফা.]।

নোম্‌=[পা]—বি. মোম ॥ [<মোম موم ফা.]।

নোম্‌কার্‌ বাটি=[ম]—বি. বহুদূরের জায়গা ॥ তোমার্‌ যামাইর্‌ বারি যে নোম্‌কার্‌ বাটিতে, অতদুর্‌ আর্‌ কেডা যায়্‌। [<দু (<দুই)+মুখ+আর (সম্বন্ধে)+ভাঁটি]।

নোম্‌লা=[ব, নো]-বিণ. দেরিতে পাকে এমন ॥ নোম্‌লা শৈশ্‌শের্‌ আশা কম্‌। [<নাম(<নিম্ন)+লা]।

নোয়া=[রা]—বি. গরু ॥

নোয়াই=[সি]—বি. শিশুদের প্রথম কামানো ॥ ই পুয়ার্‌ নোয়াই ঐ গেসিনি। [<নব+আই প্র.]।

নোয়াখল্‌লে=[রা]—বি. বাছুর ॥ এবারে এ গরুটি ভাল নোয়াখল্‌লে দিল্‌।

নোয়াগারা=[ম]—বি. গুটি বসন্ত ॥ নোয়াগারা তে বহুলোক্‌ মারা গেল্‌। [<লোহা (<লৌহ সং)+গাড়া]।

নোয়ায্‌=[নো, কুম]—বি. নামায ॥ হাঁচ' ওক্‌ত নোয়ায্‌ হরিও। [<নমায نماز ফা.]।

নোয়াডি=[রা]—বি. দুধের ভাণ্ড ॥ এক্‌ নোয়াডি আনো, দৈ হবে।

নোয়াড়া=[রং]—বি. কড়াই ॥

নোয়ালি=[ম]—বি. কাঁসার বাসন তৈরী করার **জন্য** লোহার হুক বিশিষ্ট বাঁশের এক **প্রকার** অস্ত্র ॥

নোয়ারা=[ম]—বি. কড়াই ॥

নোয়ারি=[কুম]—বি. ডিম দেওয়ার পূর্বাবস্থার মুরগী ॥

নোয়ালো=[য]—বিণ. কচি, তরুণী ॥ ওর্‌ নোয়ালো বৌ দেখে তোর্‌ মন্‌ অমন্‌ কর্‌বে তাতো আর্‌ যান্‌তাম্‌ না।

নোরলি=[বা]—বি. গলার নালী ॥ তোর্‌ নোরলি কাডি হালামু। [<নাল +ই; র আগম]।

নোরৈ=[ফ]—বি. আমনধান ॥ নোরৈ ধানের্‌ খৈ বালা।

নোলা=[খু]—বি. গোছা ॥ হাতের্ নোলা ভেংগে দিব। [<নাল+আ]।

নোলা মাস্=[খু]—বি. রুই মাছ ॥ [<নব+লা+মাছ]।

নোল্‌টানো=[রং]—ক্রি. মুখ চোষা ॥ ছাওয়াটা মুখ্ নোল্‌টায়। [<লোল+তা+নো প্র.; নামধাতু]।

নোহ্=[য]—ি. নৌকা ॥ এক্ নোহ্ মাস্ হাটে আয়্‌সে। [<নৌকা]।

নৌ

নৌক্=[ফ]—বি. আঙ্গুল ॥ এক্ হাতে পাচ্'টি নৌক্ ॥ [<নখ সং; অর্থ প্র.]।

নৌগ্=[পা]—বি. আঙ্গুল ॥ আতের্ নৌগ্। [দেখ নৌক্]।

নৌগল্=[পা]—বি. আঙ্গুল ॥ আমার্ নৌগল্ কাটা গেসে। [<নাঙ্গুল <আঙ্গুল; বর্ণাগম]।

নৌগোল্=[রং]—বি. আঙ্গুল। [দেখ নৌগল্]।

নৌটি=[রং]—অস. ক্রি. নষ্ট হইয়া ॥ দুধ্ নৌটি গেছে। [<নষ্ট+হইয়া]।

নৌরি=[রং]—বিণ. দুর্বল, নিস্তেজ ॥ লাউগাছ্‌টা নৌরি হয়ে গেছে। [<নড়বড় (অনু.)+ই প্র]।

প

পঅ=[চট্ট]—বি. পা ॥ পঅত্ কি ঐয়ে? [<পদ সং]।

পঅডি=[চট্ট]—বি. মলদ্বার ॥ গরুর্ পঅডি। [<পোঁদ]।

প =[সি]—বিণ. পরিষ্কার ॥ এই পুকুরের্ পানি পঅন্ বেশি। [<পহন <পসন্ন (<পরিচ্ছন্ন)]।

প =[চট্ট]—বি. পাহারা ॥ পঅরি গুদা‍ন্ পঅর্ দেয়্। [<প্রহরা সং]।

২=[চট্ট]—বি. আলো ॥ বাত্তির্ পঅর্। [<পসর <প্রসর সং]।

৩=[চট্ট]—বি. পহর ॥ এক্ পঅর্। [<প্রহর সং]।

পঅর্ বালায়্=[চট্ট]—বি. আপদ ॥ কৈতুন্ পঅর্ বালায়্ ওগ্যা আনুসে। [দেখ পঅ+র (সম্বন্ধে)+বলা' ·U; আং+ই]।

পঅলা=[চট্ট]—বিণ. পাগলা (তুচ্ছার্থে) ॥ পঅলা পোয়ারে নৈ বিপদ্ পড়িগে। [<পাগল সং+আ প্র.]।

পওন্=[ম]—বি. বাতাস ॥ [<পবন সং]।

পওন্ গড্‌ডি=[কুম]—বি. চারকোণ বিশিষ্ট ঘুড়ি ॥ [দেখ পওন্+ঘুড়ি]।

পওন্ ঘড়া=[রা]—বি. কুমারের পাকশালা ॥ [দেখ পওন্+ঘর+আ প্র.]।

পওয়া=[ফ]—বি. একপোয়া ॥ পওয়া গুড়্ দাও। [<পোয়া (<পাদ সং]।

পওরন্=[চট্ট]—ক্রি.বি. ভুলা ॥ দুক্‌খর্ কতা পওরন্ যা। [<পাসরন (<√ অপস্মরণ)]।

পওরানো=[রং]—ক্রি. সাঁতার দেওয়া ॥ ছাওয়াকোনা ভাল পওরাতি পারে। [দেখ পওর্₂ (নামধাতু)+আনো প্র.]।

পওর্=[ফ]—বি. পাহারা ॥ চ'ল্ খান্‌দাল্ পওরে যাই। [দেখ পঅর্]।

২=[রং]—বি. সাঁতার ॥ মুই পওর্ জানো না। [<পাড়ি]।

পওল্=[চট্ট]—বি. ঢেঁকির উদুখল, গাইল ॥ পওল ধান্ দাও। [<ফলা; দেখ পয়ল্]।

২=[পা]—বি. তীক্ষ্ণস্রোত।

পং=[চট্ট]—বি. নৌকার ছাদ বা চাল ॥ পংঅর্ উপর্ বৈ থাক্।

পংকিরায়্=[পা]—বি. একপ্রকার কালো ধান ॥ [<পক্ষীরাজ]।

পংখি=[রং]—বি. ঘুড়ী ॥ নু ভাই পংখি উড়াইয়া আশি। [<পক্ষী; অর্থ প্র.]।

পংখিরায়্=[ঢা, রা]—বি. একপ্রকার ধান ॥ পংখিরায়্ দানের্ পাক্ আসে (ঢা)। [দেখ পংকিরায়্]।

পংডা=[সি]—বি. দুষ্ট, শয়তান ॥ পংডায় বর গুল্‌মাল্ করে। [<পাণ্ডা]।

পঁঅরা=[চট্ট]—বি. চ্যাপটা কোদাল ॥

পঁওলা=[চট্ট]—বি. পাবদা মাছ ॥

পঁঠে=[য]—বি. সিঁড়ি ॥ ঘরে পঁঠে না থাক্‌লে উঠানামা খুব্ মুশ্‌কিল্। [<পৈঠা (<প্রতিষ্ঠা সং)]।

পঁতান্=[রা]—বি. শুইয়া থাকা অবস্থায় পায়ের দিক ॥ পঁতানে বালিশ্ কেমন্ করে গেল্? [দেখ পঅ+স্থান]।

পঁত্‌তিরিশ্=[চট্ট]—বি. জুতা ॥ হিতার্ পাঅত্ পঁত্‌তিরিশ্ আসে। [<পদত্রাণ সং]।

পঁথ্ পথ্=[নো]——ক্রি. বিণ. একাকী ॥ [অনু.]।

পঁয়া=[দি]—বি. মাছ বিশেষ ॥

প'য়্‌রো=[চট্ট]—বি. আদা জাতীয় একপ্রকার শিকড় ॥

প'য়্‌শেল্‌=[কু]—বি. কুম্ভকারদের পাতিল পোড়াইবার চুল্লী ॥ রাযো পাল্ পঁয়্‌শেলে কাল্ আগুন্ দেবে। [< পওন<পবন সং+শালা]।

প'রা=[চট্ট]—বি. কোদাল ॥ [দেখ পঁঅরা]।

প'হত্‌=[রা, দি]—বি. সকাল ॥ খুব্ পঁহতে বাড়ি জাবুঁ (রং)। [< প্রভাত]।

প'হোচা=[রা]—ক্রি. বি. মজলিসে এক সঙ্গে খাইতে আরম্ভ করা ॥

পকালি=[রা]—বি. পক্ষী ॥ [< পখ (<পক্ষী)+আলি প্র.]।

পকি=[রং]—বি. পক্ষী ॥ পকির্ গোশ্‌ত আম্‌রা খাই ॥ [<পক্ষী]।

পকিকাটা=[দি]—বি. রসুন ॥

পক্যাল্‌=[রং]—বি. সহবাস ॥ শালিক্ পক্যাল্ কর্‌মু।

পক্‌=[ফ]—বি. পাখীর পালক ॥ মুরগার্ পক্ দিয়্যা কান্ শাফ্ কর্। [<পাখ(<পক্ষ সং)]।

২=[রা]—ক্রি. বিণ. জলদি ॥ [অনু.; সাধু ফক্]।

পক্‌কত্‌ করিয়া=[ম]—ক্রি. বিণ. ফশ করিয়া ॥ [<পক্‌কত্ (অনু.)+করিয়া]।

পক্‌কি=[ম, ফ, খু]—বি. পুংলিঙ্গ ॥ তার্ পক্‌কিত্ গাও হৈসে (ম)। [< পক্ষী; অর্থ প্র.]।

২=[সি]—অব্য. পক্ষে ॥ তুমি কার্ পক্‌কি। [<পক্ষে]।

পক্‌কি রাজ্‌=[রা]—বি. ধানের শ্রেণী বিশেষ ॥ [দেখ পংকিরায়্]।

পক্‌কু=[ম]—বি. শিশুদের লিঙ্গ ॥ আইনুনিতে পক্‌কু সোয়াইয়া দিলে বালা হয়্। [দেখ পক্‌কি]।

পক্‌চে'া=[য]—বি. বসন্ত রোগ ॥ [<পক্‌স্ pox ইং]।

পক্‌না=[সি]—বিণ. পক্ক ॥ [< পাক(<পাকা<পক্ক)+না প্র.]।

পখর্‌ টাক্‌=[চট্ট]—বি. ফল বিশেষ ॥

পখর্‌ দরা=[সি]—ক্রি. ভান করা ॥ হে পখর্ দরি পরি রৈসে। [<ফককড় (<ফক্কিকা)+ধরা]।

পখি=[রং]—বি. পক্ষী ॥ মোর্ জাদুটা পখিটা চুপ্ কর্। [দেখ পকি]।

পগা=[সি]—বি. উজবুক ॥ [< বগা<বগ(<বক)+আ]।

পগার্‌=[রা]—বি. পালক ॥ [দেখ পক্+আর প্র.]।

২=[পা]—বি. বাগান ॥ আমের্ পগার্‌টা কত বড়। [<প্রাকার সং; অর্থ প্র.]।

পগ্‌ন্‌=[দি]—বি. পাতিলের উপরের ঢাকনি ॥

পগেট্‌=[য]—বি. জেব, পকেট ॥ [<পকেট Pocket ইং]।

পগ্‌লানো=[রা]—ক্রি. মন নরম হওয়া, ফল পকিয়া উঠা ॥ আম্ পগ্‌লিলে মিঠা হয়্। [< পিগলানো (তুঃ পিগল্‌না হিং)]।

পচাও=[রং]—বি. পশ্চিম দিক হইতে প্রবাহিত বায়ু ॥ ফাল্‌গুন্ চৈত্ মাশে পচাও বেশি। [<পৈচ্‌মাও <পশ্চিম+আও প্র.]।

পচাকলা=[রং]—বিণ. রুগ্ন ॥ [< পচা+কলা; অর্থ প্র.]।

পচাড়্‌=[রং]—বি. পাঁচড়া ॥ চুল্‌কানি আর্ পচাড়ে অর্ গাওটাত্ জায়্‌গা নাই। [<পাঁচড়া(<পিচ্চট সং)]।

পচারি=[রং, রা]—বি. পাঁচড়া ॥ [দেখ পচাড়্+ই প্র.]।

পচালি=[রা, রং]—বি. পচুই মদ, পচাভাতের কাঁজি ॥ [< পচা+লি প্র.]।

পচ'াল্‌=[ব, কু]—বি. বেশী কথা, কুতর্ক ॥ মাথা ব্যাথা কর্‌সে বেশি পচ'াল্ পাড়িশ্ না বাপু (কু)। [<প্যাচাল< প্যাচ+আল প্র.]।

পচ'াল্‌ গাড়া=[য]—ক্রি. কাহারও সম্বন্ধে আলোচনা করা ॥ [দেখ পচ'াল্+পাড়া]।

২=[রা]—ক্রি. বি. অতিরিক্ত বাজে কথা বলা ॥ দেখ্ তর্ পচাল্‌পাড়া ভালা লাগে না। [অর্থ প্র.]।

পচি'=[ম]—বি. ছোট খিল, খিলি ॥ একটা পচি' মাইর্‌লে আর্ খট্‌খট্ কৈর্‌বো না।

পচি'শন্‌=[য]—বি. সম্মান ॥ একাবে কোনু পচি'শন্ নাই। [<পজিশন Position ইং]।

পচু'=[ব]—বি. লুঙ্গি, তহ্‌বন ॥

পচু করা=[রা]—ক্রি. আলাপ করা ॥

পচ'্যা=[পা]—বি. হাঁস মুরগীর ছানা পালিবার খাঁচা ॥

পচে'াপচি'=[খু]—বি. শিশুদের ভূত প্রেত ॥ [<পেঁচো পাঁচী=ভূত পেতনী]।

পচ্‌'করা=[কুম]—বি. বেতের তৈরী বিছানা ॥

পচ্‌চা=[রা]—বিণ. পশ্চিমা ॥ [< পশ্চিম+আ প্র.]।

পচ্‌চা ঝড়্‌=[রং]—বি. শুষ্ক গরম বাতাস ॥ পচ্‌চা ঝড়ে শরির্ খারাপ্ হয়্। [দেখ পচ্‌চা+ঝড়্]।

পচ্‌'চ'াতি=[চট্ট]—বি. চালের সঙ্গে সংযুক্ত বৃষ্টিরোধক চাল ॥ [<পশ্চাৎ +ই প্র.]।

পচ্‌'চি'ম্নে=[খু]—বি. গালি বিশেষ ॥ ওরে পচ্‌'চি'মে কোথায় গিয়েছিলি ঠাপাতে। [< পশ্চিমা+ ইয়া প্র. পশ্চিমা=রোগ বিশেষ]।

পচ্‌'চি'ম্‌=[চা]—বি. পশ্চিম ॥ পচ্'চি'ম্ দিক্ দা খোশ্‌পান বায়্ কৈর্‌সে। [<পশ্চিম]।

পচ্‌তানো=[রা]—ক্রি. আফসোস করা ॥ কাজের্ পর্ পচ্‌তাবি ক্যান্? [<পস্‌তানো (<পশ্চাত্তাপ সং); নামধাতু]।

পচ্‌পচা=[রা]—বিণ. প্রায় নষ্ট ॥ [<পচা পচা; আতিশয্যে দ্বিত্ব]।

পচ'পচে'=[খু]—বিণ. অতিরিক্ত নরম ॥ [দেখ পচ্পচা+এ]।

পচ'লা=[ফ, ঢা]—বি., বিণ. ময়লা, পচা অংশ ॥ [<পচ(<পচা) +লা প্র.]।

পচলত, পাচলাত=[রং]—বি. দুষ্টামী ॥ [অনু.]।

পছ পছ করা=[রং]—ক্রি. তাড়াতাড়ি করা ॥ [<পছপছ(অনু.)+করা]।

পযল=[চট্ট]—বি. দয়া ॥ আল্লার্ পযলে ভালা আসি। [<ফযল فضل আঃ]।

পটা=[ব, রা]—বি. বারান্দা ॥ পটা দ্যাওয়া লাগ্‌বে না ? [দেখ পঁঠে]।

পটাইং=[সি]—বি. ধুচুনী ॥ চাউলের্ পটাইং।

পটি=[কুম]—বি. পাঠশালা ॥ [< পীঠ ; বিদ্যাপীঠ]।

২=[রা]—বি. তালি ॥ [<পট্টি (<পট্টিকা সং)]।

৩=[বা, দি]—বি. তাক ॥ পটির্ উপর্ বৈ রাখ্। [দেখ পঁঠে]।

৪=[রা]—বি. লজ্জা ॥ চোখের্ পটি নি!

পটে=[খু]—বি. সিঁড়ি ॥ [দেখ পঁঠে]।

পট্যা=[পা]—বি. চারিটি কাপড়ের থান ॥

২=[পা]—বি. যোগাড়, কোনকিছু যোগান ॥ [<পটাইয়া<পটানো]।

পটৈ=[সি]—বি. টুনটুনি পাখী ॥

পট=[রা]—ক্রি. বিণ. উপুড় ॥ [পট হিং ; চিতের বিপরীত]।

২=[ফ]—বি. সিঁড়ি ॥ [দেখ পঁঠে]।

৩=[পা]—বি. ভালবাসা ॥ তার্ শাথে আমার্ পট্ নাই। [<পটানো]।

৪=[খু]—বি. সরু পথ ॥ [<পটি]।

৫=[রা]—বি. সাপের ফণা ॥ গোখুরো শাপ্ পট্ ধরেছে। [<ফট সং]।

৬=[চট্ট]—বিণ. অসৎ ॥ পোয়া উয়া পট্। [<শঠ]।

৭=[য]—বি. কচুরি পানা ॥

পটকন=[সি]—বি. আছাড়, হোচট ॥ [<পটকান ; তুং পট্‌কনা হিং]।

পট করা্যা=[ফ]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ [<পট (অনু.)=সাধু ফট করিয়া]।

পটকা=[খু]—বি. পটকা, গাছ বিশেষ ॥

২=[ঢা, কুম]—বি. পাগড়ি ॥ [< পট্‌কা হিং]।

পটকানো=[খু, রা]—ক্রি. সম্মত করা ॥ [<পটানো]।

পটকান=[খু, ফ]—বি. আছাড় ॥ [দেখ পট্‌কন্]।

পটকিনা=[ব]—বি. প্রভাব ॥ লোক্‌টার্ খুব্ পট্‌কিনা আসে। [দেখ পট্‌কানো]।

পটটর=[কুম]—ক্রি. বিণ. হঠাৎ ॥ ডাক্‌তার্ আশি পট্টর্ করি ইন্‌যেক্‌শন্ দি গেল্। [অনু.]।

পটটশ=[ব]—অব্য. শব্দ বিশেষ ॥ [ধ্বন্যা.]।

পটটি=[ঢা]—বি. টালবাহানা বা ফাঁকি দিয়া সরাইয়া লওয়ার ভাব ॥ হালারে পট্টি দিয়া শরাইসি। [<পট্ট <পট্টী হিং]।

পটটি নেওয়া=[ঢা]—ক্রি. শাস্তি লওয়া ॥

পটটি পটটি=[ম]—ক্রি. বিণ. সবিস্তারে ॥ [পংক্তি]।

পটটিবাজ=[রা]—বিণ. ফাঁকিবাজ, প্রবঞ্চক ॥ ছেলেটি বড় পটটিবাজ্। [দেখ পট্টি+বায باز ফা.]।

পটটি মারা=[ম]—ক্রি. ঠকানো ॥ [দেখ পট্টি+মারা]।

পটনে=[খু]—বি. সিঁড়ি, সোপান ॥ [দেখ পঁঠে]।

পটপটে=[খু]—বিণ. বাক্‌পটু ॥ সোক্‌রাটা খুব্ পট্‌পটে। [<পট্‌পট্ (অনু.)+এ প্র.]।

পটপট্যা=[চট্ট]—বিণ. তাজা, সাদা ॥ খাই দাই পোয়া এখন্ বেশ্ পট্‌পট্যা ঐয়ে। [<ফট্‌ফট্ (অনু.)+ইয়া প্র.]।

২=[সা]—বিণ. সম্পূর্ণ, ভরপুর ॥ [অর্থ প্র.]।

পটপড়াইয়া=[চট্ট]—ক্রি. বিণ. ঝাড়িয়া ॥ ধান্‌রি পট্‌পড়াইয়া লও। [দেখ পট্‌পট্যা ; পট্‌পট্টানো ; পট পটাইয়া]।

পটপৈট্যা=[চট্ট]—বিণ. সুষ্ঠু, সুন্দর ॥ হেতার্ কাম্ বড় পট্‌পৈট্যা। [দেঃ পট্‌পট্যা]।

পঠানো=[সি]—ক্রি. অন্যকে বশীভূত করা ॥ [<পটানো]।

পঠি=[সি]—বি. সুরের একটি কলি বা স্তর ॥ [<পদ+ই]।

পঠে=[য]—বি. বারান্দার সিঁড়ি ॥ [দেখ পঁঠে]।

পডি=[বা]—বি. মাছ প্রবেশ ও বাহির করিবার পথ ॥

পডিশন=[ঢা]—বি. অহঙ্কার ॥ এত পডিশন্ বালা নয়্। [দেখ পচি'শন্]।

পড়ন=[য]—ক্রি. বিণ. ঠিকমত ॥ [< পড় (<পড়া)+অন্ প্র.]।

পড়া=[চট্ট]—ক্রি. ভুলিয়া যাওয়া ॥ আমি কাপড়্‌খানি পড়া গেসি। [অর্থ. প্র.]।

পড়ে=[পা]—বি. ছাত্র ॥ [<√পড় (<পড়া)+ এ প্র.]।

পড়েত=[কু, খু]—বি. মজুর, জন ॥ [<ফড়িয়া]।

পড়ে থাকা=[রা]—ক্রি. অসুস্থ হওয়া ॥ [<পড়িয়া থাকা]।

পড়ে হওয়া=[পা]—ক্রি. নতি স্বীকার করা, নম্র হওয়া ॥ [<পড়িয়া হওয়া]।

পড়=[খু]-বি. পানের চারা ॥ আমার্ বরযে অনেক্ পড় সেড়েসে।

২=[রা]—বি. ছোট নালা ॥ পড় দিয়ে পানি জাচ্ছে।

পড়তালি=[খু]—ক্রি. বিণ. দ্বিতীয় বার পরীক্ষা ॥ [<পরতাল হিং+ই প্র.]।

পতন=[চট্ট]—বি. স্তর, ভাঁজ ॥ [< পত্তন (<√পত্+তন সং)]।

পতর্=[ম]—বি. প্রভাত, সেহরি খাওয়ার সময় ।। পতরে আমারে ডাক্ দিশ্ । [<প্রাতর্ সং] ।

২=[চট্ট]—বি. চাই বা মৎস্য ধরার বেতের ফাঁদের মধ্যে মৎস্যের প্রবেশ পথ ।। আনুতা চা'ইয়ত্ পচ্' পতর্ ।

পতাকাল্=[সি]—বি. শেষরাত্রি ।। আমি পতাকাল উঠ্সিলাম্ । [<প্রাতঃ-কাল] ।

পতান্=[রা]—বি. প্রস্থে ।। [পতা< প্রস্থ+ন প্র.] ।

পতান্‌ন বাজার্=[বা]—বি. মন্দা বাজার ।। [<পতন+অ প্র.+বাযার بازار ফা.] ।

পতাবর্=[ম]—বি. ভোর ।। পতাবর ঘুমেত্তু উইঠ্যা যাওন্ লাগ্‌বো । [দেখ পতর্] ।

পতাবালা=[সি]—বি. রাতদ্বিপ্রহর ।। পাতাবালা কি কর্‌বা ? [দেখ পতাকাল্ ; প্রাতঃ+বেলা] ।

পতারন্=[কুম]—বি. তিরস্কার ।। তরে পতারন্ না দিলে কাম্ বালা কৈর‍্যা করস্ না ।

২=[কুম]—ক্রি. বি. পরতাল দেওয়া, পরীক্ষা করা ।। বিষ্টা পতাইরা দেহ । [দেখ পড়তালি ; পরতাল+অন প্র.] ।

পতার্=[কুম]—বি. বুদ্ধি ।। তোমার্ পতার্ সারা কাম্ ।

পতি=[ঢা]—বি. নাতি বা নাতনীর সন্তান ।। আমি এই বুরি বেটির্ পতি লাগি । [<পুতি (<পৌত্রী সং] ।

পতিংগা=[ম]—বি. ঘুড়ি ।। [< পতঙ্গ সং] ।

পতিন্=[চট্ট]—বি. প্রপৌত্রী ।। ই বুড়া নাতিনর্ ঘরের্ পতিন্ দেখি মৈর্‌ব । [দেখ পতি+ন প্র. ; স্ত্রীলিঙ্গ] ।

পতিবার্=[ঢা]—ক্রি. বিণ. প্রত্যেক-বার ।। পতিবার্ কি হোআ ? [< প্রতিবার] ।

পতিবায্=[ব]—বি. বন্যবৃক্ষ বিশেষ ।।

পতুকা=[রং]—বি. বস্ত্রখণ্ড, উত্তরীয় ।। পতুকা কান্দে করি যাও কোন্ঠে ? [দেখ পট্‌কা$_2$] ।

পতেংগা=[খু]—বি. ঘুড়ি বিশেষ ।। [দেখ পতিংগা] ।

পতেন্=[খু]—বি. শিয়রের বিপরীত দিক ।। [<পদস্থান+এ (বিভক্তি)] ।

পত্যান্=[পা]—বি. পায়ের তলা ।। [দেখ পতেন্] ।

পত্যায়্=[রং]—ক্রি. বিণ. প্রত্যহ ।। [<প্রত্যহ] ।

পত্=[চট্ট]—বি. বিশ্বাস ।। তার্ কথায় আঁই পত্ ন্ যাই । [<প্রত্যয়] ।

পত্‌তন্=[য]—বি. আবাদ, ফসল ।। যমিতো পত্‌তন্ হয় নাই । [<পত্তন] ।

২=[রা]—বি. মাটির ঢাকনি ।। পত্‌তন্ দিয়ে ভাত্ ঢাক্ ।

৩=[ঢা]—বি. স্থাপন ।। [দেখ পত্‌তন্]

পততন্ দেওয়া=[ঢা]—ক্রি. কাজ আরম্ভ করা ।। আইয্ নাওএর্ পত্‌তন্ দিসি । [দেখ পত্‌তন্+দেওয়া] ।

পত্‌তর্=[পা]—বি. পাহারা ।। [দেখ পত্তর্]] ।

২=[কুম]—বি. আলো ।। [দেখ পত্তর্] ।

৩=[পা]—বি. প্রহর ।। [দেখ পত্তর্৩] ।

পত্‌তা=[ব, রা]—বি. লাংগলের পিছনে লাগানো বাঁশ । [<পশ্চা (< পশ্চাৎ)] ।

২=[রা, রং]—বি. মরিচ ।।

পত্‌তাও=[রং]—ক্রি. বিণ. প্রত্যহ ।। পত্‌তাও পত্‌তাও ঝগ্‌ড়া কৈর্‌লে শনি-ধরে । [<প্রত্যহ] ।

পত্‌তাশ্=[খু, পা]—বি. প্রত্যাশা, আশা ।। [<প্রত্যাশা] ।

পত্‌তি=[ঢা]—বিণ. প্রতি, ক্ষুদ্র, অংশ ।। পত্‌তি কতায় কি আমার্ দোশ্ ? [<প্রতি] ।

২=[রা]—বি. উঁচু জমি ।। [< পতিত] ।

৩=[বা]—বি. পথ্য ।। [<পথ্য] ।

৪=[রং]—ক্রি. বিণ. প্রত্যহ ।। [<প্রত্যহ] ।

পত্‌তিকর্=[ঢা]—ক্রি. বিণ. প্রত্যেকবার ।। পত্‌তিকির্ ঐকি হোআ ? [<প্রত্যেকবার] ।

পত্‌তি দিন্=[রং]—ক্রি. বিণ. প্রত্যহ ।। পত্‌তি দিন্ খোদার্ এবাদত্ করা লাগে । [<প্রতি দিন] ।

পত্‌তিন্=[চট্ট]—ক্রি. বিণ. প্রত্যহ ।। পত্‌তিন্ ইতে যায়ত্ । [দেখ পত্‌তি দিন্] ।

পত্‌তি বালা=[কুম]—ক্রি. বিণ. প্রত্যেকবার ।। পত্‌তিবালা এক্ কতা বালা না । [<প্রতি+বেলা] ।

পত্‌তুয়া=[কু]—বি. পথে কুড়ানো ছেলে মেয়ে ।। [<পথ+উয়া প্র.] ।

পত্‌তুর্=[সি]—বিণ. পাতলা, হালকা ।। [<পত্‌তুল <পাতল< পাতলা (<পত্র সং+লা)] ।

পত্‌তুশ্ বিয়ানে=[রং]—বি. অতি প্রত্যুষে ।। পত্‌তুশ্ বিয়ানে উঠে মুই জাইম্ । [প্রত্যুষ+বিহান (< বিভান সং)] ।

পত্‌ত্যা=[ব]—বি. মরিচ ।। পত্‌ত্যা বড় ঝাঁল্ ।

পত্‌তৈ=[স]—ক্রি. বিণ. দৈনিক ।। পত্‌তৈ আছে । [<প্রত্যহ] ।

পত্ দেওয়া=[কুম]—ক্রি. রওয়ানা হওয়া । [<পথ+দেওয়া] !

পত্‌নি=[রা]—বি. ছোট মেটে পাতিল ।। [<পাত্র+নি প্র.] ।

পত্‌নে=[রা]—বি. ঘরে উঠিবার সিঁড়ি ।। [দেখ পঁঠে] ।

পথা=[সি]—বি. শেষরাত্রি ।। [দেখ পতাকাল] ।

পথান্=[ফ]—বি. ছোট বারান্দা ।। [পৈঠান<পীঠস্থান] ।

পথুয়া=[চট্ট]—বি. পথিক ।। [< পথ+উয়া প্র.] ।

২=[সি]—বিণ. অকেজো ।। [অর্থ প্র.] ।

পথৈক্যা=[স]—বি. পথিক ॥ পথৈক্যা ব্যাডা। [<পথিক+ইয়া প্র.]।

পথ্নেে=[ফ]—বি. ঘরের মেটে সিঁড়ি॥ পথ্নেডা বাংগলে কোনায়্? [দেখ পত্নে]।

পথ্ ফারাগ অওয়া=[ঢা]—ক্রি. বিপদ দূর হওয়া ॥ আলায় বালায় পথ্ ফারাগ ঐসে। [<পথ+ফরক فرق আং+হওয়া]।

পথর্ পথর্ করা=[ফ]—ক্রি. বিড় বিড় করা ॥ কথা কৈতে লাগ্লেই পদর্ পদর্ করোস্ ক্যা। [<পদর্ পদর্ (অনু.)+করা]।

পদা=[রা]—বি. যে কম শুনে॥ পদার্ কথা বাদ্ দে।

পদাই=[চট্ট]—বি. সৃষ্টি ॥ খোদায় আমাগরে পদাই কৈর্সে। [<পয়দা پیدا ফা.]।

পদানো=[কুম]—ক্রি. গালাগালি করা॥ [<পদ (মর্যাদা)+আনো প্র.; নামধাতু; অর্থ প্র.]।

২=[বা]—ক্রি. বাড়ান, অতিরঞ্জিত করা॥ আরে বেটা আর্ পদাইশ্ না। [অর্থ প্র.]।

পদাপদি=[কুম]—বি. গালাগালি ॥ [দেখ পদানো]।

পদাল্=[নো]—বিণ. শ্রেষ্ঠ ॥ [< পদ (মর্যাদা)+আল প্র.]।

পদাশ্বর্=[দি]—বি. স্বাদযুক্ত খাদ্য॥

পদি=[ব]—বিণ. অহঙ্কারী, দেমাগী॥ কি মোর্ পদিরে! [<পদ (মর্যাদা) +ই প্র.]।

পদিগ্গিরি=[পা]—বি. সম্মান, গর্ব ॥ বড় বেশি পদিগ্গিরি করিস্ না। [<পদ (মর্যাদা)+ই গীরী گیری ফা.]।

পদিনা=[য]—বি. শাক বিশেষ ॥ [<পোদিনহ্ پودینه ফা.]।

পদিশ্টা=[রা]—বি. অকারণ বা ঠুনকো মর্যাদাবোধ ॥ এটা খাবে না ওটা খাবে না ছোট লোকের্! পদিশ্টা কত! [<প্রতিষ্ঠা]।

২=[রা]—বি. প্রশংসা ॥ ভাল লোকের্ শকলেই পদিশ্টা করে। [অর্থ প্র.]।

পদুগিরি=[ম]—বি. অহঙ্কার ॥ লোক্টা বর পদুগিরি দেখায়্। [দেখ পদিগ্গিরি]।

পদুনি=[ঢা]—বি. বিলাসিনী ॥ এমন্ পদুনি আর্ নাই। [<পদ(মর্যাদা) +উনি প্র.]।

পদোরন্=[স]—ক্রি. তোষামোদ করা॥ আমি অত পদোরতে যামু না। [<পদ +√ধর্+অন প্র.]।

পদ্=[কুম]—বি. গালি ॥ [শ্লোক অর্থে; অর্থ প্র.]।

২=[রং]—বি. স্বাদ, জাত ॥ [অবস্থা অর্থে; অর্থ প্র.]।

৩=[স]-বি. ধরণ, স্বভাব ॥ মানুশ্টার্ পদ্ বালা না। [অর্থ প্র.]।

৪=[ঢা]—বি. আহ্লাদ, আদর ॥ বর পদ্ পাইয়া গেসত্ তুই। [অর্থ প্র.]।

পদ্দে কাত্তোল্=[ঢা]—বি. তিনসের হইতে ছয়সের মাপিবার উপকরণ॥

পদ্দে গেউরো=[বা]—বি. <পদ্ম গোখরো॥

পদ্দে গন্ধরয্=[ঢা]—বি. কবিরাজী ঔষধের গাছ বিশেষ॥ [<পদ্ম গুলঞ্চ]।

পদ্দে ফারাগ্=[ঢা]—ক্রি. বিণ. বহু দূর, অনেকদূর ॥ শয়্তান্টা এত দিনে পদ্দ ফারাগ্ হৈসে। [দেখ পথ্ ফারাগ্ অওয়া]।

পদ্দরন্=[চট্ট]—ক্রি. পায়ে ধরা॥ বৌ কুশ্লানির্ খালি পদ্ দরুতে বাকি। [দেখ পদোরন্]।

পদ্দা, পদ্দাদা=[খু]—বি. প্রজাপতি ॥ পদ্দা ধরিশ্নে। [<পরজা <প্রজা (+পতি)]।

পদ্দাপতি=[চট্ট]—বি. প্রজাপতি॥ [<প্রজাপতি]।

পদ্দার্=[বা]—বি. প্রজাপতি॥ 'গুমাও যাদু গুমাও, পদ্দারর্ পাহায় বাতাশ্ দিমু আর্ দিমু যা চাঁ'ও'। [দেখ পদ্দা+র]।

পদ্দি=[ব]—বি. বংশের খেতাব॥ খন্কার্ পদ্দি মোর্ শাকিন্ শাচা নয়? [<পদবী সং]।

পদ্ দুলাল্=[ব]—বি. আমন ধান বিশেষ। [<পদ্ম+লাল]।

পদ্ দেওয়া=[কুম]—ক্রি. রওয়ানা হওয়া ॥ [দেখ পত্ দেওয়া]।

২=[কুম]—ক্রি. গালি দেওয়া। আর্ পদ্ দিলে মাইরা লামু। [দেখ পদ্ +দেওয়া]।

পদ্নি পাতা=[বা]-বি. টাকা পাতা, থানকুনি পাতা॥

পদ্রো=[সি]—বি. পরদা, ঝিল্লি ॥ [< পর্দহ্ پرده ফা.; বর্ণ বিপর্যয়]।

পদ্রোনাশি=[পা]—বিণ. পর্দানশীন॥ [দেখ পদ্রা+নশীন نشین ফা.]।

পনর্ পনর্=[কুম]—ক্রি. বিণ. বিড়বিড় ॥ কিরে শব্ শময় তুই অত পনর্পনর্ করস্ কেরে? [অনু.]।

পনা=[সি]—বি. পোনা, মাছের বাচ্চা ॥ [<পোনা (<পোতাধান সং)]

পনা মাস্=[বা]—বি. রুই মাছ॥ [দেখ পনা+মাছ]।

পন্য়া=[দি]—বি. পানি রাখার পাত্র॥ [<পানি+উয়া প্র.]।

পন্চম্=[রা]—বি. পায়ের অলঙ্কার বিশেষ॥

পন্চাত্=[রা]—বি. মজলিশ॥ [<পঞ্চায়েত হিং]।

পন্চাম্খ্=[স]—বি. সুখ॥ তার্ পন্চাঁমুখে দিন্ যায়্। [<পঞ্চমুখ +এ (বিভক্তি)]।

পন্চাশ্বর্=[ম]—বি. উচ্চস্বর॥ [<পঞ্চম+স্বর]।

পন্খির্=[ঢা]—বি. এক প্রকার শুকনা হালুয়া॥

পন্ঠি=[দি]—বি. গরু তাড়াইবার লাঠি॥ ও বেটা গরুর্ পন্ঠিটা কৈ রাখ্চিশ্। [<পান্চি<পাচনী (< প্রাজন সং)]।

পন্‌ডো=[য]—বি. উপায় ॥ [< পন্থা]।

২=[খু]—বি. খোঁয়াড় ॥ [< Pound ইং]।

পন্‌তা=[ব, বং, রা, দি]—বি. পান্তাভাত ॥ [<পান্তা (<পান< পানি+তা প্র.)]।

পন্‌তি=[সি]—বি. নাতি বা নাতনীর সন্তান ॥ [দেখ পতি]।

পন্‌দরো=[রং]—বিণ. পনর ॥ মোর্‌ কাছে পন্‌দরো টাকা আছে। [<পনর (<পঞ্চদশ সং)]।

পন্‌না=[পা]—বি. পড়া ॥ [< পড়(<পড়া)+না প্র.]।

পন্‌নাঘর্‌=[চট্ট]—বি. পড়িবার ঘর ॥ [দেখ পন্‌না+ঘর]।

পন্‌নে=[খু]—বি. সিঁড়ি ॥ পন্‌নের্‌ উপর্‌ বশিশুনে। [দেখ পঁঠে]।

পন্‌পনি=[সি]—অব্য. একপ্রকার ধ্বনি ॥ হে খালি পন্‌পনি করে। [<পন্‌পন্‌ (অনু.)+ই প্র.]।

পন্‌পন্‌=[ঢা]—অব্য. গুনগুন, প্যান্‌প্যান ॥ পন্‌পন্‌ কৈর্‌যা কি কস্‌? [অনু.]।

২=[ম]—ক্রি. বিণ. দ্রুত বেগে ॥ পন্‌পন্‌ যাওগা নৈলে দেখা পাইতা না। [ধ্বন্যা.]।

পপিজ্‌=[রা]—বি. পেঁপে ॥ [< পাপিয়া<papaya পোর্তু.]।

পবন্‌ খরান্‌=[পা]—ক্রি. প্রসব হইতে দেরী হওয়ায় নবজাত শিশুর বায়ু পাইতে দেরী হওয়া ॥ [পবন +খর+আন প্র.]।

পবন্‌ গাস্‌=[ঢা,নো]—বি. দেবদারু গাছ ॥ [<পবন+গাছ]।

পবা=[রা]—বি. মাছ বিশেষ ॥

পবিয়া=[সি]—বি. পাবদা মাছ ॥

পবিস্‌তর্‌=[রং]—বিণ. পবিত্র ॥ পবিস্‌তর্‌ হয়া নামাজ্‌ পড়। [<পবিত্র সং]।

পব্‌তা=[রা]—বি. মরিচ ॥ পব্‌তা পোড়া দি ভাত্‌ খামু আজ্‌। [দেখ পত্‌তা২]।

পম্‌=[চট্ট]—বি. রস ॥ যমিতে পম্‌ নাই।

পয়ল্‌=[চট্ট]—বি. লোট, উদুখল ॥

পয়া=[রং]—বি. আঁটি ॥ আমের্‌ পয়া থাকি গাছ হয়্‌।

২=[ঢা]—বি. মাছ বিশেষ ॥

৩=[রং]—বি. গাড়ির চাকা ॥ [< পা<পাদ+আ প্র.]।

পয়াইতা=[পা]—বি. শেষরাত্রি ॥ [<প্রভাত+ইয়া প্র.]।

পয়ান্‌=[খু]—বি. ছোটনালা ॥ [<পয়নালা]।

২=[য]—বি. গাড়ী চলার পথ রেখা ॥ [অর্থ প্র.]।

৩=[রা]—বি. অনুপান ॥ [< অনুপান এর সং. রূ.]।

পয়ারি=[নো]—অস. ক্রি. ভুলিয়া ॥ [<পাসরিয়া <পাসরণ <অপস্মারণ সং]।

পয়ার্‌=[রং]—বি. লাঙ্গলের উভয় পার্শ্ব ॥

২=[খু]—বি. পাখীর পালক ॥ [<পর پر ফা.]।

৩=[রা, খু]—বি. বিস্তার। [< প্রসার সং]।

৪=[খু]—বি. পাতা বিশেষ ॥

পয়োষি=[সি]—বিণ. আহারে অরুচি আছে যাহার ॥

পয়েন্‌=[কু]—বি. পথ, রাস্তা ॥ [দেখ পয়ান্‌]।

পয়েন্‌টা=[য]—বি. প্রনালী, ধারা ॥ [<পয়েণ্ট point ইং+টা]।

পয়্‌জামা=[রং]—বি. পায়জামা ॥ [<পায়জামহ্‌ پاىجامه ফা.]।

পয়্‌বাবার্‌=[বা]—বি. বরযাত্রী ॥ পয়্‌বাবার্‌ বিয়াত্‌ চ'ল্‌সে।

পয়্‌যার্‌=[কুম]—বি. জুতা ॥ শহরে পয়্‌যার্‌ সারা চ'লন্‌ যায়্‌ না। [< পয়যার پزار ফা.]।

২=[খু]—বিণ. ভীষণ মার ॥ [অর্থ প্র.]।

৩=[ম]—বি. লাথি ॥ [অর্থ প্র.]।

৪=[ম]—বি. ধারালো লৌহ যন্ত্র ॥

পয়্‌যেন্‌=[য]—বি. ক্রিয়া ॥ এখন্‌ও শে অশুদের্‌ পয়যেন্‌ আসে। [< পয়জন poison ইং=বিষ]।

পয়্‌যো=[ম]—বি. স্যাওলা ॥ পয়যো পায়্‌ দাও। [দেখ পয়্‌যার্‌]।

পয়্‌তা=[ফ]—বিণ. বাজে রকম, ভাল মন্দ মিশ্রিত ॥ পয়্‌তা মরিচে'র্‌ মোটেই দর্‌ নাই। [<পাত (<পত্র সং)+ উয়া প্র.; বর্ণ বিপর্যয়]।

২=[রা]—বি. সদ্ভাব, মিল ॥ ভাই ভাই পয়্‌তা নাই। [<প্রত্যয় সং]।

পয়্‌দান্‌=[কুম]—বি. গালি ॥ দেখ্‌ পয়্‌দান্‌ দিস্‌ না বালা ঐবো না কিন্‌তু। [দেখ পদ্‌+আন প্র.]।

পয়্‌দিশ্‌=[সি]—বি. জন্ম ॥ হারামের্‌ পয়দিশ্‌। [<পয়দাইশ پیدائش ফা.]।

পয়্‌নো=[খু]—বি. নালা ॥ [দেখ পয়ান্‌]।

পয়্‌নামা=[বা]—বি. বিবাহের পূর্বে কন্যাকে বরপক্ষের দেয় আনুষ্ঠানিক কাপড় ॥ [<বয়' নামহ্‌ بیعنامه আং+ ফা.]।

পয়্‌পয়্‌ করা=[রা, কুম]—ক্রি. বার বার করা ॥ [<পর পর করা]।

পয়্‌মানা=[খু]—বি. বিয়ের পূর্বে পাত্রের তরফ হইতে পাত্রীকে দেওয়া কাপড় তেল সাবান ইত্যাদি ॥ [দেখ পয়্‌নামা]।

পয়্‌মান্‌=[কুম]—বি. আয়ু ॥ [< পরমায়ু সং]।

পয়্‌মালি=[সি]—ক্রি. বিণ. নষ্ট ॥ অনুনের্‌ চি'র্‌ পয়্‌মালি করন্‌ বালা না। [<পায়মাল پایمال ফা.+ই]।

পয়্‌মাল্‌=[পা]—বি. শূকর ॥ [< দেখ পয়্‌মালি; পয়মাল করে যে]।

২=[কুম, পা]-বি. আবর্জনা, গালি ॥ পয়্‌লমাডি শুরু কর্‌সে কি? [অর্থ প্র.]।

পয়্‌রা=[সি]—বি. বেলুন ॥ পয়্‌রা উরাইবা? [মূল অর্থ পায়রা ; সদৃশ অর্থে; তুং ঘুড়ি, পতঙ্গ]।

পয়লাউ=[সি]—ক্রি. বিণ. প্রথমে ।। তারা পয়লাউ সিনেমা গেসিল্ । [< পয়লা (<পহমিল্ল প্রাং<প্রথম সং+ইল্ল প্র.)+উ] ।

পয়লা দিয়া=[চা]—ক্রি. বিণ. প্রথম-দিয়া ।। পয়্লাদিয়া হগল্ কামেই এক্টু কশ্ট অয়্ । [দেখ পয়্লাউ+দিয়া] ।

পয়লা মুরগের বাগে=[ম] —ক্রি. বিণ. যত ভোরে পারা যায় তত ভোরে, মোরগ ডাকার সঙ্গে সঙ্গে ।। পয়লা মুর্গের বাগে গুম্তে উঠ্সি । [পয়লা (=প্রথম)+মুরগ(<মুরগ مرغ ফা.) +এর (সম্বন্ধে)+বাঙ্গ بانگ ফা.= উচ্চশব্দ+এ অধিকরণে] ।

পয়শোবার=[খু]—বি. বরযাত্রী ।। [দেখ পয়্যাবার্] ।

পয়শোট্ট=[রং]—বি. বেনিয়ার দোকান ।।

পয়হালা=[খু]—ক্রি. বিণ. চূড়ান্ত ।। তোমার্ হিশাব্টার্ পয়্হালা না করে টাকা দেয়্ কি করে ? [<ফয়সালা <ফয়সল: فیصله আং] ।

পরংগা=[ম]—বি. অসময়ের আউশ ধান ।।

পরক্ করা=[চা]—ক্রি. পরীক্ষা করা ।।লোক্টা শত্ বা অশত্ পরক্ কৈরা দেহা দর্কার্ । [<পরখ(<পরীক্ষা)+করা] ।

পরকখো=[পা]—বি. পরীক্ষা, পরখ ।। [<পরীক্ষা] ।

পরটা=[ম]—বি. খড়ম ।।

পরত=[কু]—বি. ভাঁজ ।। [<পত্র সং ; তুং ফরদ فرد আং] ।

পরন্=[বা]—বি. পড়তা, গড়ে দাম ।। তোর্ মালের্ মন্করা পরন্ কত ? [<পড় (<পড়া)+অন] ।

পরন্তি=[চা]—বিণ. শেষ ।। পরন্তি কালে আর্ কি আশা কর্মু ? [<পড় (<পড়া)+অন+তি প্র.] ।

পরন্ পেপ্লা=[খু]—বি. হলুদ রংয়ের ফুল বিশিষ্ট গাছ ।।

পরম্ কতা=[চা, কু]—বি. গল্প, কাহিনী ।। [<পরম কথা] ।

পরল=[কু]—বি. ধুন্দুল ।।

২=[খু]—বিণ. স্তর ।। এ্যাক্ পরল্ মাটি । [<পলল সং] ।

পরশ=[চট]—বি. অস্পৃশ্যতা ।। সুঁইলে পরশ্ ঐব । [<স্পর্শ ; অর্থ প্র.] ।

পরশ্ পরশ্=[চা]—ক্রি. বিণ. প্রাণের মত, অতিশয় যত্ন ।। আমি পরশ্ পরশ্ কৈরা রাখি ট্যাকাডা খরচ্‌' করি না । [অনু.] ।

পরশবেতা=[কুম]—বি. প্রসববেদনা ।। [<প্রসব ব্যথা] ।

পরস্তা=[খু]—বি. কাল্পনিক গল্প ।। [<প্রস্তাব সং)] ।

পরস্তাপ্=[চা]—বি. রূপকথা, কাহিনী ।। দাদি এক্টা পরস্তাপ্ কওনা ! [দেখ পরস্তা] ।

পরস্তাব=[কুম]—বি. পৌরাণিক গল্প ।। হেহ বারির্ কনিড্যায়্ পরস্তাব্ কৈত্যারে বালা । [দেখ পরস্তা] ।

পরস্তে=[ম]—ক্রি. বিণ. বারবার ।। [<প্রস্ত+এ (বিভক্তি)] ।

পরা=[সি]—বি. ভূতের আছর ।। [<পরী پری ফা.+আ] ।

২=[ম]—বি. কামলা, মজুর ।।

পরাইত=[পা]—বি. মজুর, কামলা ।।

পরাইল্লা=[চট]—বি. প্রতিবেশী ।। [<পাড়া+ল+ইয়া প্র.] ।

পরাউল্লা=[চট]—বি. পরগাছা ।। গাসের্ মৈদ্দে পরাউল্লা সাই গ্যাসে । [<পর+আ(+উল্+আ== ওয়ালা)] ।

পরাংদান=[কুম]—বি. আউশধান বিশেষ ।। [দেখ পরংগা+ধান] ।

পরাচি'ত্তি=[ম]—বি. প্রায়শ্চিত্ত ।। তর্ পরাচি'ত্তির্ কি ঐল্ । [<প্রায়শ্চিত্ত সং] ।

পরাদ=[নো]—বি. শ্রাদ্ধ ।। [< হরাদ<সরাদ (<শ্রাদ্ধ সং)] ।

পরানের রঘুনাথ=[রং]—বি. প্রিয়তম ।। আঁয়্ উয়ার্ পরানের্ রঘুনাথ্ । [<প্রাণের রঘুনাথ] ।

পরান্=[চট]—ক্রি. বিণ. মত, এই মত ।। আই গেলে বালা অয়্ পরান্ লাগে । [<প্রাণ ; অর্থ প্র.] ।

পরাননান=[চট]—বি. প্রাণটা ।। আঁর্ পরান্নান্ খালি কোঅন্ যানি করে ? [<প্রাণ খান] ।

পরান্ পুরা=[কুম]—ক্রি. বিণ. মায়া লাগা ।। আমার্ বর পরান্ পুরে । [<প্রাণ+পোড়া] ।

পরাব=[ম]—বি. পরাভব, পরাজয় ।। তারে কৈতে কৈতে অহনে পরাব্ ঐসি । [<পরাভব সং] ।

২=[ম]—বি. বিপদ ।। তার্ পরাবের্ কতা হুন্‌চ'স্ না বুঝি ? [অর্থ প্র.] ।

পরামশো=[খু]—বি. পরামর্শ ।। আয়্ পরামশো করি । [<পরামর্শ সং] ।

পরামানিক=[রা]—বি. গ্রামের প্রাচীনলোক ।। [<প্রামাণিক ; উপাধি বিশেষ] ।

পরামিন=[চট]—বিণ. নিরপেক্ষ ।। [প্রবীন সং ; অর্থ প্র.] ।

পরামিশ=[কুম]—বি. পরামর্শ ।। তুমি কি পরামিশ্ কর ? [দেখ পরামশো] ।

পরায়্=[পা]—ক্রি. বিণ. প্রায় ।। আমি ওহানে পরায়্ খাইতাম্ । [< প্রায়] ।

পরার=[সি]—অব্য. পরের ।। [< পর+আর==এর (সম্বন্ধে)] ।

পরার্ অওয়া=[ম]—ক্রি. শীতে কষ্ট পাওয়া ।। গরিব্ বেডিডা শিতে পরার্ ঐতাসে । [দেখ পরাব্+ হওয়া] ।

পরারবাড়ি=[রং]—বি. শ্বশুরালয় ।। [দেখ পরার্+বাড়ি] ।

পরার্ বাত্ হুটকি পোরা=[সি] —অন্যের কাঁধে দোষ ।। [<পরের ভাত শুঁট্কি পোড়া (র ন্যায়)] ।

পরাল=[কুম]—বি. আভাস, খোঁজ ।।

পরাল্ল্যা=[চট্ট]—বি. পরগাছা ॥ [দেখ পরাউল্লা]।

পরাল্লুয়া=[চট্ট]—বি. পরগাছা, পরাশ্রয়ী লোক ॥ তুঁই হলি পরাল্লুয়া আর্ আঁই শাদিন্। [দেখ পরাউল্লা]।

পরাশ্=[ম]—বি. বিছানার চাদর ॥ পরাশ্ কৈরা বৈশাসে। [<ফর্শ্ فرش আং]।

পরাসিত্=[সি]—বি. প্রায়শ্চিত্ত ॥ [<প্রায়শ্চিত্ত সং]।

পরি=[ঢা]—বি. গুষ্টি, গোত্র, বংশ ॥ [<পড়শী <প্রতিবেশী সং]।

২ =[সি]—বি. পড়শী ॥ পরির্ লগে বিবাদ্ করা বালা না। [পূর্বে দেখ]।

৩=[ঢা, বা]—বি. পাহারা ॥ হারা রাইত্ যাইগ্যা পরি দিসি। [<প্রহরী সং]।

পরিউল্=[সি]—বি. পাহারাদার, প্রতিবেশী ॥ [দেখ পরি$_{৩}$+ওয়ালা প্র.]।

পরিক্শাল=[রং]—বি. পরীক্ষার ঘর॥ পরিক্শালে যাইয়া মাথা ঘৈরাছে। [<পরীক্ষা শালা]।

পরিয=[ঢা]—বি. খাসি বা মোরগের মাংসের কালিয়া ॥ [<পর্হেয্ پرهیز ফা.+ই প্র.]।

পরি দেওয়া=[কুম]—ক্রি. পাহারা দেওয়া ॥ কুত্তা রাইতে রারি পরি দেয়্। [দেখ পরি$_{৩}$+দেওয়া]।

পরিন্দা=[সি]—বি. পক্ষী ॥ [< পরেন্দহ্ پرنده ফা.]।

পরিন্না=[কুম]—বিণ. পড়ুয়া, যে পড়ে ॥ সাওয়ালুডা খুব পরিন্না। [<পড়(<পড়া)+অন+ইয়া প্র.]।

পরিবাশ=[রং]—বি. বহির্বাস ॥ [<পর(=উপর)<বাস]।

পরিয়ান্=[বা]—বি. যাহা দিয়া ওজন করা হয় ॥ [<পরিমান]।

পরিশ্কারি=[ম]—বি. পুরস্কার ॥ [<পুরস্কার+ই প্র.]।

পরু=[কুম]—বি. পরশু ॥ পরু গেসে আইয়ে না। [<পরশু (<পরশ্বস্ সং)]।

২=[রং]—বি. মহিষের বাচ্চা ॥

পরুত্যা=[সি]—বি. পোলাপান ॥ পরুত্যা হগল্ ইহানে কিতা কৈর্সে?

পরুন্=[চট্ট, কুম, সি]—বি. রসুন ॥ [< হরুন < সরুন < রসুন; বর্ণ বিপর্যয়]।

পরুয়া=[চট্ট]—বি. পরশু ॥ আযিয়া কালিয়া ন আইলে পরুয়া যাইম্। [দেখ পরু+আ]।

পরুলি=[চট্ট]—বি. পাখা ॥ পরুলি দিয়া কান্ খাইয়্যায়্। [দেখ পয়ার্$_{২}$+উলি প্র.]।

পরেক্ দুইকর্=[ঢা]—বি. বেশ কিছুক্ষণ ॥ এতগুলি মুরি খাইয়া পরেক্ দুইকর্ থাক্তে পারস্ না? [< পর<প্রহর+এক+দুই প্রহর]।

পরেন্দা=[বা]—বি. পক্ষী ॥ [দেখ পরিন্দা]।

পরে পরে=[সি]—ক্রি. বিণ. ঘণ্টায় ঘণ্টায় ॥ [<প্রহরে প্রহরে]।

পরে পরে হরে হরে=[ম]—বিণ. অনাত্মীয়, পর ॥ কানু বৌরেই পরোয়া করে না, আর্ আম্রাতো পরে পরে হরে হরে। [<পর+এ(বিভক্তি)+পরে; হরে<হরি (দেবতা বিশেষের নাম) বিপদত্রানের জন্য উচ্চারিত; হরে হরে]।

পরেয়া=[চট্ট]—বি. পর ॥ 'যে করে পরেয়ার্ আশ্, তে খাইয়ে বনের্ ঘাশ্।' [<পর+এ+আ প্র. ; তুং পরায়া হিং]।

পরের্ উপ্রে মুকি মারা=[ঢা]--ক্রি. অন্যের উপর কর্তৃত্ব করা ॥ তুমি ক্যাবল্ পার পরের্ উপ্রে মুকি মার্তে। [<পরের উপরে মুক্কী (=কিল)+মারা; মুক্কী হিং]।

পর্যাল=[বা]—বি. গরুকে ঘাস দেওয়ার স্থান ॥

পরের্ বাড়ি=[খু, ফ]—বি. শ্বশুর বাড়ী ॥ কায্ কাম্ শেখ্বানাতো পরের্ বাড়ি যাইয়া কৈর্বা কি? [অর্থ প্র.]।

পরো=[সি]—বি. পাহারা ॥ [< পর (<প্রহরা)]।

২ =[সি]—ক্রি. বিণ. তীরে ॥ [< পাড় (<পাটক সং)]।

পরোন্ কথা=[খু]—বি. রূপকথা ॥ দাদির্ কাসে বৈশা পরোন্ কথা শুনতে বেশ্ ভাল লাগে। [<পুরান+কথা]।

পর্=[কুম]—বি. প্রভাত ॥ কাউয়ার্ ডাহের্ লগে রাইত্ পর্ হয়্। [<পহর (<প্রসর)]।

২=[কুম]—বি. পালক ॥ মুরগির্ পর্। [<পর پر ফা.]।

৩ =[বা]—বি. পাহারা ॥ [<প্রহরা সং]।

৪=[সি, কুম]—বি. আলো ॥ এক্টু পর্ আনোসে। [<পসর]।

পর্ অওয়া=[কুম]—ক্রি. প্রসব করা ॥ আমাগো গাইডা রাইতে পর্ ঐসে। [<প্রসব+হওয়া]।

পর্ উঠা=[সি]—ক্রি. পালক গজান ॥ [দেখ পর্$_{২}$+উঠা]।

পর্কত্=[নো]—বি. উচিত ॥ [< প্রকৃত ; অর্থ প্র.]।

পর্কাটি=[ম]—বি. ভাংগা লাংগলের খুঁটি ॥ [<পর+কাঠ(<কাষ্ঠ সং) +ই]।

পর্কালা=[ম]—বি. অগ্নিস্ফুলিংগ ॥ [<পর্কালহ্ پرکاله ফা.]।

পর্কিত্=[চট্ট]—বিণ. প্রকৃত॥ [<প্রকৃত]।

পর্খাই=[ম]—বি. পরীক্ষা, পরখ ॥ কন্যার রূপ্ পর্খাই না কৈরা বিয়া কর্মু? [<পরিকখাই<পরীক্ষা]।

পর্ খাইক্যা=[ম]—বিণ. যে পরেরটা খাইতে ভালবাসে ॥ এই বেডা পর্খাইক্যা! [<পর+√খা+ইক্ +ইয়া প্র.]।

পর্ খাওরি=[ম]—বি. পাখী বিশেষ, যে পরের ধরা শিকার খায় ॥ পর্ খাওরি চুপ্ কর্যা বৈশ্যা রৈসে।

পর্খান্=[সি]—বি. পরেরটি ।। তার্ পর্খান্ আমি খামু । [<পর+খান]।

পর্খাম্কা=[স]—বিণ. অন্ন সংস্থানের জন্য যে সকলের উপর নির্ভর করে ।। তুই তো বরাবরৈ পর্খাম্কা । [দেখ পর্খাইক্যা]।

পর্খালা=[কু]—বি. গর্ত, তাঁতের কাজে ব্যবহৃত গর্ত ।। [<পর+খাল+আ প্র.]।

পর্খি=[ফ]—বি. যন্ত্র বিশেষ ।। [<পরখ(<পরীক্ষা)+ই প্র.]।

পর্ খেলা=[চট্ট]—বি. একপ্রকার গ্রাম্য ক্রীড়া ।।

পর্গাই=[বা]—বি. প্রথম নগদ বিক্রয় ।।

পর্চ'া=[ম]—বি. (বরকন্যাকে) বরণ ।। হোরি পুতের্ বৌরে পর্চ'া কৈরা গরে নিল্ ।

২=[রা]—বি. বউ দেখা ।। পর্চার্ দুটা টাকাও নাই মোর্ ।

৩=[কুম]—বি. ব্যবস্থা, জমি সংক্রান্ত কাগজপত্র ।। আমার্ পর্চ'ায়্ অন্ন শরিক্ নাই । [<পরচহ্ پرچه ফা.]।

৪=[কুম]—ক্রি. বিণ. গড় পড়তা ।। [<পড়তা <পড় (<পড়া)+তা প্র.]।

পর্চ'ার্=[চট্ট]—বি. প্রচার ।। ই খবর্ পর্চ'ার্ কর্ল কেডা ? [< প্রচার সং]।

পর্চ'াল্=[কুম]—বি. চালের ছাঁইচ ।। আমাদের্ গোয়াল্ গরের্ পর্চ'াল্ খুবৈ লম্বা । [পর+চাল]।

পর্চু'ল্=[চা]—বি. কিছু সাদা কিছু লাল সরু ধান বিশেষ ।।

পর্ছন্=[রা]—বি. বরণ ।। বৌ পর্ছন্ কর ।

পর্জা=[দি]—বি. প্রজা ।। [< প্রজা]।

২=[রা]—বি. উৎসবের মেলা ।।

পর্যত্—[নো]—বি. শায়েস্তা ।। এক্সার্ পর্যত্ করি দিম্ । [<পর্যু-দস্ত সং]।

পর্যা=[বা]—বি. প্রজাপতি ।। পর্যাডা কি শোন্দর্ । [<প্রজা+পতি]।

পর্যান্ত=[চট্ট]—অব্য. পর্যন্ত ।। 'মল্লার্ দু'র্ মর্যেদ্ পর্যান্ত'—প্রবাদ । [<পর্যন্ত]।

পর্যুন্ত=[য]—অব্য. পর্যন্ত ।। কোন্ পরযুন্ত যাবা । [<পর্যন্ত]।

পর্য্যাল্=[চট্ট]—বি. ঔষধের মাত্রা, পুরিয়া ।। দিনে তিন্ পর্য্যাল্ খাইয়ে । [<পুরযহ্ پرزه ফা.+আল প্র.]।

পর্তা=[ম, চা, ফ]—বি. ধার্য মূল্য ।। চ'াউলের্ কত্ পর্তা ? [<পড়তা ; দেখ পর্চ'া$_{৪}$]।

২=[দি]—বিণ. দুর্বল ।। চ্যাংরা কোনা খুব্ পর্তা । [অর্থ প্র.]।

৩=[খু]—বি. সুযোগ, অবস্থা ।। এবার্কার্ ব্যাব্শায়্ পর্তা ভাল নয়্ । [অর্থ প্র.]।

৪=[বা]—বি. দুই প্রকার দ্রব্য রাখার জন্য মাঝে ব্যবহৃত চিহ্ন বা বস্তু ।। দুই রকম্ দানের্ মৈদ্দে পর্তা দেওন্ লাগ্বো । [দেখ পরত্+আ প্র.]।

৫=[দি]—বি. লাঙ্গল সোজা করিয়া ধরিয়া রাখার জন্য ব্যবহৃত বাঁশের দণ্ড ।।

৬=[চা]—বিণ. কচি ।। পর্তা পানে মযা নাই । [<পত্র.সং ; অর্থ প্র.]।

পর্তান্=[কুম]—ক্রি. যাচাই করা ।। তোমার্ বাট্খারা পর্তানি লাগ্বো । [দেখ পড়্তালি]।

পর্তাল্=[ম, কু]—বি. পরীক্ষা ।। [দেখ পড়্তালি]।

২=[পা]—বি. তুলনা ।। [পূর্বে দেখ]।

পর্তি=[ম]—ক্রি. বিণ. প্রত্যহ ।। [<প্রতি]।

২=[সি]—বিণ. ভাটি, অস্তগামী ।। পর্তি বেলায় আমি যামু । [<পড়্ (<পড়া)+তি প্র.]।

৩=[সি]—বিণ. প্রসূতি ।। পর্তি সাগল্তে বালা করি গাশ্ খাওয়াও । [<প্রসূতি সং]।

৪=[ব]—বি. পরিধান ।। পর্তির্ কাপড় । [<√পর্ (<পরা)+তি প্র.]।

পর্তিগ্গ্যা=[ম]—বি. প্রতিজ্ঞা ।। পর্তিগ্গ্যা কৈরা ক । [<প্রতিজ্ঞা সং]।

পর্তিদিন্=[চা]-ক্রি. বিণ. প্রত্যহ ।। পর্তিদিন্ যাইমু না । [<প্রতিদিন]।

পর্তেক্=[চা]—অব্য. প্রত্যেক ।। পর্তেকের্ অগ্গা কৈরা আম্ দেও । [<প্রত্যেক সং]।

পর্থমা=[চট্ট]—বি. রুটি বেলিবার অতিরিক্ত গুঁড়ি ।। পর্থমার্ গুড়ি সাড়া রুটি কি দি বৈলুম্ ? [<প্রথমা সং]।

পর্থম্=[রং]—ক্রি. বিণ. প্রথম ।। হাওয়াই যাহায্ এই পর্থম্ দেখ্লাম্ ।। [প্রথম সং]।

পর্দা=[বা]—বি. প্রজাপতি ।। [দেখ পর্যা]।

২=[চট্ট]—বি. চক্ষুঃলজ্জা ।। পুরিউয়ার্ এক্টুক্ পর্দা ন আসে । [<পরদহ پرده ফা. ; অর্থ প্র.]।

পর্দাইন্যা=[চা, কুম]—বি. প্রধান, নেতা ।। করিম্ ব্যাপারি গায়ের্ পর্-দাইন্যা । [<প্রধান+ইয়া প্র.]।

পর্দাদা=[বা]—বি. প্রপিতামহ ।। [<প্র+দাদা=প্রপিতামহ]।

পর্দি=[ম]—বিণ. বংশানুক্রমিক ।।

পর্দিম্=[ম]—বি. প্রদীপ ।। আনদাইর্ গরে পর্দিম্ যালাও । [< প্রদীপ]।

পর্ দেওয়া=[বা]—ক্রি. পাহারা দেওয়া ।। [দেখ পর্$_{৩}$+দেওয়া]।

পর্ধান্=[পা]—বি. মোড়ল ।। পর্ধানৈ বুদ্দি দিল্ মাম্লা করার্ লিগা । [<প্রধান]।

পর.না=[ম]—বি. পরোয়ানা ॥ [< পরৱানহ پروانه ফা.]।

পর. পটান.=[রা]—বি. অহঙ্কার, গর্ব ॥ [<পট্ পট্ (অনু.)+আন প্র.]।

পর. পরিন্দা=[ম]—বি. নড়াচড়া, শব্দ ॥ এই বারির্ কেঐর্ পর্পরিন্দা নাই ক্যা ? [<পর (অনুঃ)+দেখ পরিন্দা]।

পর. পর. করা=[সি]-ক্রি. এক রকমের শব্দ করা ॥ [পর্পর্ (ধ্বন্যা.)+করা]।

পর. পাচ.'চ'া=[সি]—বি. পাহারা ॥ পর্ পাচ্'চ'া দিয়া রাইত্ কাটাইলাম্ । [দেখ পর্৩+পাছ (<পশ্চাৎ সং)+আ প্র.]।

পর.পুয়া=[ঢা]—বি. অন্যের কাজ করিতে ভালবাসে যে ॥ তোর্ মতন্ পর্পুয়া আর্ দেহি না । [<পর+পোষ্য]।

পর.বত.=[চট্ট]—বি. সান্ত্বনা ॥ তঁরে কি দি পর্বত্ দিঅম্ । [<প্রবোধ]।

পর.বা=[চট্ট]—বি. ভয় ॥ [<পর্ৱা پروا ফা.]।

২ =[চট্ট]—বি. চিন্তা, ভাবনা, ঔৎসুক্য ॥ পর্বা আইস্সে কর্বা কি ? [অর্থ প্র.]।

পর.বাত.=[ম]—বি. প্রভাত ॥ আয্কে পর্বাতে উঠ্যা মাড যাইবা ? [< প্রভাত সং]।

পর.বাশি=[খু]-বি. ধান কাটা মজুর॥ [<প্রবাসী সং]।

পর.বিদিগার.=[কুম]—বি. পালনকর্ত্তা ॥ পর্বিদিগার্ যা করে শবৈ বালা । [<পর্ৱর্দিগার پروردگار ফা.]।

পর.বিশ.=[সি]—বি. প্রতিপালন ॥ আমি তারার্ পর্বিশের্ বার্ নিত্যাম্ না । [<পর্ৱরিশ پرورش ফা.]।

পর.বোদ.=[ঢা]—বি. প্রবোধ, বুঝ ॥ মনে পর্বোদ্ মানে না । [<প্রবোধ সং]।

পর.ভাত.=[রং]—বি. শেষ রাত্রি ॥ [<প্রভাত]।

পরভূম.=[ব]—বি. বিদেশ ॥ পর্ভুম্ থাক্যা চি'ঠি দিয়েক্ । [<পর+ভূমি]।

পর.মাই=[সি]—বি. জ্ঞান, হুঁশ ॥ [<পরমায়ু সং ; অর্থ প্র.]।

পর.মাদ.=[সি]—বি. বিপদ ॥ [< প্রমাদ]।

পর.মানি=[ম]—বিণ. পরিমাণ ॥ চু'ল্ পর্মানি যমিও তার্ নাই । [< পরিমাণ+ই প্র]।

পর.মান.=[রং]—বি. পায়স, মিষ্টান্ন বিশেষ ॥ [পরমান্ন<পরম+অন্ন সং]।

পর.মূল.=[নো]—বি. পাটখড়ি ॥ [<পর+মূল]।

পর.রিশ.=[সি]—বি. প্রতিপালন ॥ তোমাদের্ পর্রিশ্ চ'লে কেম্নে ? [দেখ পর্বিশ্]।

পর.শ=[দি]—বি. প্রসব, গর্ভবতীর ছেলেমেয়ে হওয়ার মুহূর্ত্ত ॥ [দেখ পর্ অওয়া]।

পর.শনি=[রা]—বি. পরিবেশনকারী ॥ কেমন্ পর্শনি তুমি হে, তর্কারি কম্ পড়ে গেল্ ! [< পরিবেশন সং+ই প্র.]।

পর.শাদ.=[ব]—বি. পুরস্কার ॥ খেলার্ পরসাদ্ । [<প্রসাদ সং]।

পর.শন.=[ ]—বি. পাতিলের ঢাকনা ॥

পর.সং=[কুম]—বি. ধান্য বিশেষ ॥

পর.সা=[ম]—বি. জমি সংক্রান্ত কাগজ পত্র, সেটেলমেণ্ট রেকর্ড ॥ পর্সা কার্ নামে ঐসে ? [দেখ পর্চ'া৩]।

পর.সাই করা=[বা]—ক্রি. লাভজনক পহেলা বিক্রি করা ॥ [দেখ পর্গাই +করা]।

পর.সাত.=[ম]—ক্রি. বিণ. পশ্চাৎ ॥ এই কাম্ কৈর্লে পর্সাত্ মাইন্শে মন্দ কৈব । [<পশ্চাৎ সং]।

পর.হাই=[বা, খু]—বি. বউনি, দিনের প্রথম বিক্রয় ॥ [দেখ পর্সাই করা]।

পর.হারা=[ঢা]—বি. পরগাছা বিশেষ ॥ [<পর+চারা]।

পলট.=[রা]—বি. প্লট, জমির খণ্ড বিশেষ ॥ [<প্লট plot ইং]।

২ =[রা]—বি. ভাঁজ ॥ [দেখ পরত্]।

পলদ.=[কুম, চট্ট]—বি. ঢেঁকি চালনা, গুঁতা, ধাক্কা ॥ এক্যনে ঢেঁইত্ পলদ দেয় আর্ এক্যনে আল্লাই দেয়(চট্ট)।

পলন.=[চট্ট]—ক্রি. বি. টুকরা টুকরা করিয়া কাটা ॥

পলনটে=[ম]—ক্রি. বিণ. কায়দায় ॥ আমি বালা কোন পলন্টে কথাকৈ আর্ তারা বালা কোন্ পলন্টে কয় । [দেখ পয়েন্টা]।

পলা=[ম, সি]—ক্রি. বিণ. কুচি কুচি করিয়া কাটা ॥ এমন্ কোরে কোপাইসে এক্বারে পলা ঐয়া গেসে ।

২=[ম]—বি. ছেলে॥ এটা কার্ পলা ? [<পো (<পুত্র সং)+লা প্র.]।

পলাই=[রং]—বি. বাঁশের কাঠি দ্বারা তৈয়ারী মাছ ধরিবার যন্ত্র ॥ [<পলো (<পলব সং)]।

পলাংগা=[রা]—বি. গরুকে খাওয়ানোর স্থান ॥ পলাংগায় গরু বাইন্বিনা ।

পলাটি=[য]—বি. ফন্দি, চালাকি ॥ ওর্ শাথে পলাটি করে তুই পারিশ্নে । [<পলিসী Policy ইং]।

২=[পা]—বিণ. প্রথম প্রসূতি ॥ আমার্ এটা পলাটি গাই । [দেখ পলুন্টি, পলুন্তি]।

পলানে বাড়ি=[পা]—বি. পতিত বাড়ী, যে বাড়ীতে লোকজন নাই ॥ [< পলানে (দেখ পলানে বৌ)+বাটী]।

পলানে বৌ=[পা]—বি. যে বউ পলাইয়া যায় ॥ ওখানে এক্টা পলানে বৌ দেখে এলাম্ । [<পলান+এ প্র.+বউ (<বধূ সং)]।

পলান.=[ম]—বি. শিকারী ॥ [< পহ্লৱান پهلوان ফা.]।

পলান. পলান.=[ম]-বি. লুকোচুরি॥ সোড়ু বেলায় পলান্ পলান্ খেইল্সি। [<পলায়ন পলায়ন]।

পলাপলি=[ঢা]—বি. লুকোচুরি ॥ [<পলানো+পলি অনুঃ]।

পলাপান্=[রা]—বি. ছেলেমেয়ে ॥ [দেখ পলা$_2$+পান (<পাল) বহু বচনে]।

পলাপ্‌ন্‌যি, পলাবুর্‌যি=[ম]—বি. লুকোচুরি ॥ [দেখ পলাপলি ; পুন্‌যি <খুঁজি]।

পলায় মিসিল্=[সি]—বি. উড়োজাহাজ ॥ পলায় মিসিল্ আয়সেরে।

পলারা=[ম]—বি. পুত্র ॥ স্টু পলারা বিদেশে যালে। [দেখ পলা$_2$+রা=টা]।

পলারি=[খু]—বি. কাঁসা নির্মিত ছোট থালা ॥ [<ফলার (<ফলাহার) +ই প্র.]।

পলাশ্=[ম]—বি. ঝরিয়া পড়ে এমন ধান ॥ খ্যাতে অনেক্ পলাশ্ ঐসে।

২=[নো]—বি. ঘরের পুরাতন খুঁটির সঙ্গে নূতন কাঠের জোড়া দিয়া তৈরী আস্ত খুঁটি ॥

পলিয্=[খু]—বি. কৌশল ॥ [দেখ পলাটি]।

পলিয্ বায্=[খু]-বি. কৌশলবাজ ॥ লোক্‌ঠা দারুন্ পলিয্‌বায্। [দেখ পলিয্ +বায ﺑﺎﺯ ফা.]।

পলি পলি=[কুম]—ক্রি. বিণ. কুচি কুচি ॥ আলু পলি পলি কৈরা কুড্। [<ফল্ (<ফলক সং)+ই প্র. ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

পলিয়া=[দি]—বি. তফশিলী সম্প্রদায়ের একটি শাখা ॥

পলুন্‌টি=[ম]—ক্রি. বিণ. পহেলা ॥ এই গাইটা পলুন্‌টি বিয়াইব। [< পহেলোটি হিং]।

পলুন্‌তি=[ম]-বিণ. প্রথম গর্ভবতী ॥ [দেখ পলুন্‌টি]।

পলুমুখি=[রা]—বি. তড়বড় করিয়া কথা বলে যে ॥ ওরে আমার্ পলুমুখি একটুতেই কেমন্ কথা বলে। [দেখ পলাই+মুখী]।

পলেন্‌টি=[কু]—বি. প্রথম বাচ্চা দিবে এমন গরু ॥ [দেখ পলুন্‌টি]।

পল্যাই=[রা]—বি. মাছ ধরিবার যন্ত্র বিশেষ ॥ [দেখ পলাই]।

পলৈ=[সি]—বি. মাছ ধরিবার ফাঁদ বিশেষ ॥ [দেখ পলাই]।

পলোয়ার্=[সি]—বি. বড় নৌকা ॥ পলোয়ার কৈরা দান্ আইন্‌সে।

পল্=[কুম]—বি. বাঁশের তৈয়ারী হাঁস মুরগী রাখিবার খাঁচা ॥ পল্‌ডা দিয়া মুর্‌গিডা ঠ্যামাও। [দেখ পলাই]।

২=[ঢা]—বিণ. বাজে ॥ পল্ কাট্ দিয়া নাও বানাইতাম্ না। [<পলকা]।

৩=[ঢা]—বি. বিশ্রাম ॥ কামের্ এক্ গরিও পল্ পাই না।

৪=[বা]—বি. মাড়াই করা খড় ॥ [<পালুই (<পল্ল সং)]।

পল্‌কন্=[চট]—ক্রি. বি. ক্ষেতের পুরোনো চারার পরিবর্তে নতুন চারা রোপণ ॥ বহুত্ মরিচ'র্ চ'ারা মরি গেইয়ে চ'ারা পল্‌কন্ পড়িব।

পল্‌গর্=[চট]—ক্রি. বিণ. পলকের ॥ পল্‌গর্ ভিতর্ আই গেল্ গৈ। [পলগ <পলক ﭘﻠﮏ ফা.+এর (সম্বন্ধে)]।

পল্‌টান্=[রং]—ক্রি. জড়াইয়া যাওয়া ॥ সুতা পল্‌টাইছে।

২=[খু]—বি. দল, ঝাঁক ॥ [< পল্টন (<platoon ইং)]।

পল্‌টুকথা=[কুম]—বি. বাজে কথা, অবাঞ্ছনীয় কথা ॥ আয্‌কাল্‌কার্ লোক্ পল্‌টু কথায় ওস্‌তাদ্। [<ফালতু হিং]।

পল্‌ঠি=[রা]—বি. ময়লা ॥ [< পলীদ ﭘﻠﯿﺪ ফা.+ই]।

পল্‌ডানো=[সি]—ক্রি. উল্টাইয়া পাল্টাইয়া গিলা বা খাওয়া ॥ দেরি করস্ কেন্ পল্‌ডাইয়া ফেল্। [< পালটানো]।

পল্‌তানো=[খু]—ক্রি. আলো বা প্রদীপ জ্বালানো ॥ এখনও চে'রাগ্‌টা পল্‌তাতে পার নাই। [<পলীতহ্ ﭘﻠﯿﺘﻪ ফা.+আনো প্র. ; নামধাতু]।

পল্‌দান্=[চট]—ক্রি. জোরের সহিত মাটিতে খুঁটি গাঁড়া ॥

পল্‌পেল্যাই=[রা]—বিণ. অতিরিক্ত পাকা ॥ আম্‌টা পল্‌পেল্যাই ঐসে। [<পল্‌পল্(অনু.)+আই প্র.]।

পল্‌লট্ খাওয়া=[কুম]—ক্রি. আছাড় খাইয়া উল্টাইয়া যাওয়া ॥ [<পালট+খাওয়া]।

পল্‌লট্ দেওয়া=[কুম]—ক্রি. উল্টাইয়া রাখা ॥ পল্‌লট্ দিয়া থুইসে। [<পালটাইয়া দেওয়া]।

পল্‌লব্=[ঢা]—বি. ঔষধের প্রলেপ ॥ [<প্রলেপ সং]।

পল্‌লব্ দেওয়া=[ম]—ক্রি. প্রলেপ দেওয়া ॥ এই অশৈদ্ দিয়া পল্‌লব্ দেও। [দেখ পল্‌লব্+দেওয়া]।

পল্‌লব্ সল্‌লব্=[ঢা]—বি. ফাঁকি, প্রবঞ্চনা ॥ তোমার্ পল্‌লব্ সল্‌লব্ হগলৈ বুঝি। [<প্রলোভ(<প্রলোভন) +সললব (অনুঃ)]।

পল্‌লা=[রা]—বি. কবাট, দাঁড়ি পাল্লা ॥ [<পাল্লা ; তুঃ পল্লহ্ ﭘﻠﻪ ফা.]।

২=[ম]—বি. হাঁস মোরগ ঢাকিবার খাঁচা ॥ [দেখ পলাই]।

৩=[ঢা]—বি. ক্ষেতে পতিত ধান হইতে উদ্‌গত চারা ॥

৪=[কুম]—বি. জমিতে পানি জমা হইবার গর্ত ॥ পল্‌লাডা আর কুর্।

৫=[ম, কুম]—বি. স্তর ॥ মার্‌তে মার্‌তে এক্‌পল্‌লা সাল্ উঠ্যা গেসে। [<পরতা<পরত<ফর্দ ﻓﺮﺩ আঃ]।

৬=[কুম, বা, ম]—বি. জমির আগাছা ॥ খেত অনেক্ পল্‌লা ওট্‌সে। [দেখ পর্‌উল্‌লা]।

পল্‌লি=[রা]—বি. গলা ॥ কল্‌শির্ পল্‌লি নাই।

পল্‌লুয়া=[ম]—বি. যে ধান আগে ঝরিয়া পড়ে ॥ খ্যাতে অনেক্ পল্‌লুয়া ঐসে। [দেখ পললা$_6$]।

পল্‌লো=[কুম]—বি. ভাঁজ ॥ বিসানার্ উপর্ এক্ পল্‌লো দুল্‌লা যমে আসে। [দেখ পললা$_5$]।

পল.শি=[ম, ফ]—বি. ফালিকরা শুকনা আম ॥ [<ফল+শি প্র.]।

পশর.=[ম, ফ, সি, কুম]—বি. আলোক, ফর্সা ॥ চ'ান্নি উযাল্ পশর্। [<প্রসর সং]।
২=[ম]—বি. পাশা খেলা ॥ [< পাশা(<পাশক সং)]।

পশানো=[দি]—ক্রি. বি. প্রস্রাব করা ॥ ছাওয়াটা পশায়া দিছে। [<পেশাব+আনো প্র. ; নামধাতু]।

পশারি=[পা]—বি. ডালা ॥ [< পসার+ই প্র.]।

পশ্‌ন.=[বা]—বি. সরা, ঢাকনা ॥
২=[রা]—বি. মাটির পাত্র বিশেষ ॥

পশ.=[রা]—বি. ছিদ্র ॥

পশ.কি=[চট]—বি. আস্কারা ॥ বাদর্রে পশ্‌কি দিলে কাঁদত্ চ'ড়ে। [<ফুস্(<ফুসলানো)+কি প্র.]।

পশ.চি'মা=[কুম]—বি. বসন্ত রোগ বিশেষ ॥ [<পশ্চিমা ; অর্থ প্র.]।

পশ.চি'মাল.=[ম]—বিণ. পশ্চিম দিকের ॥ [<পশ্চিম+আল প্র.]।

পশ.চিয়া=[রং]—বি. পশ্চিম দেশীয় লোক। [<পশ্চিম+আ প্র.]।

পশ.তেগর্. দিন.=[খু]—বি. আগামী কিংবা গত পরশুদিন ॥ [<পরশু <পরশ্ব+কার (সম্বন্ধে)+দিন]।

পশ.রা=[ম]—বিণ. আলোকিত ॥ মাইয়ার্ রূপে গর্ পশ্‌রা ঐল্। [< ফরসা ; বর্ণবিপর্যয় ; দেখ পশর্]।

পশ.রি=[রং]—বি. প্রহরী ॥ [< পহরী<প্রহরী সং]।

পশ.শা=[ব]—বি. পয়সা ॥ এ্যাটা পশ্‌শা দে'তো। [<পয়সা (<পাদ সং+সা প্র.)]।

পশ.শি=[ঢা]—বি. পড়সী ॥ আমাগো বারি এক্‌যন্ পশ্‌শি আনন্ লাগ্‌ব। [<পড়সী<প্রতিবেশী সং)]।

পশ.শি যোন.=[ম]—বি. প্রতিবেশী ॥ তার্ কান্দন্ শুইন্যা পশ্‌শিযোন্ আইল্। [দেখ পশ্‌শি+জন]।

পশ.শিন.=[চট]—বি. পোষ্য ॥ পশ্‌শিন আইন্যে। [<পোষ্য]।

পশ.শু=[কুম, বা]—বি. পরশু ॥ [<পরশু<পরশ্ব]।

পসারি=[পা]—বি. পাঁচড়া, ঘা ॥ [<পাঁচড়া (<পিচেট সং)]।

পসিনা=[কুম]—বি. ঘাম ॥ [< পসীনা হিং]।

পসিমত. করা=[কুম]—ক্রি. দ্বিধা করা, ইতস্ততঃ করা ॥ বালা কামে পসিমত কৈর না। [<পুশ্‌ত হিম্মত پشت همت ফা.+করা]।

পস.তানা=[রা]—বিণ দুঃখিত, মনোক্ষুণ্ণ ॥ ব্যাটা পরিক্ষা ফেল্ করয়া বড় পস্‌তানা হৈল্। [<পস্তানো (<পশ্চাত্তাপ সং)]।

পস.তানি=[রা]—ক্রি. বি. আফসোস করা ॥ [দেখ পস্‌তানা]।

পস.তানো=[য]—ক্রি. ঠকা ॥ দেখ পস্‌তানা]।

পস.তান.=[চট]—ক্রি. পরাজিত হওয়া, পিছাইয়া যাওয়া ॥ [<পাছ টান]।

পস.তারা=[কু]—বি. গরুর গাড়ীর মাথার গোঁজ ॥

পস.তে=[খু]—বি. পড়শী ॥

পস.সাত.=[খু]—বি. পরিণাম, ভবিষ্যৎ ॥ পস্‌সাতের্ ভাব্‌না কয়্‌যনে ভাবে ? [<পশ্চাৎ সং]।

পহক্যা=[রা]—বি. পদক। [< পঅক<পদক+ইয়া প্র.]।

পহর.=[য]—বি. পাহারা ॥ পহর্ দিও। [<প্রহরা সং]।
২=[নো]—বিণ. পুকুর ॥ [<পুকুর (<পুষ্কর সং)]।
৩=[কু]—বি. আলো। বাতির পহর্ খুব্ কম্। [দেখ পশর্]।
৪=[খু]—বি. প্রহর ॥ [<প্রহর সং]।

পহর. পারা=[ম]—ক্রি. পাহারা দেওয়া ॥ [দেখ পহর্+পাড়া]।

পহল.=[নো]—বি. ঢেঁকির উদুখল ॥

পহা=[ঢা]—বি. পয়সা ॥ শারাদিনে কয় পহার্ কাম্ কৈর্‌স ? [দেখ পশ্‌শা]।
২=[রা]—বি. জমিতে জল সেচনের জন্য তৈরী ছোট গর্ত ॥

পহারা বান.দিয়া=[রং]—অস. ক্রি. সতর্ক হইয়া ॥ পহারা বান্দিয়া কাম্ কর। [দেখ পহর্+বাঁধিয়া]।

পহি=[রং]—বি. পক্ষী ॥ ওটে কি পহি ? [<পক্ষী]।

পহিত. বেত.=[পা]—বিণ. আয়ত্তাধীন, অনুগত ॥

পহির. মত=[ফ]—ক্রি. বিণ. কায়েদা মাফিক ॥ [<ফিকির (<ফিক্‌র فكر আঃ)+মত]।

পহিসা=[ঢা]—বি. রাক্ষস, অতি ভোজনকারী ॥ পহিসার্ মত এ্যাত খাইস্ না। [<পিশাচ+আ]।

পা

পাঅদ.দরন.=[চট]—ক্রি. পায়ে ধরা ॥ [দেখ পদোরন্]।

পাঅনা=[চট]—বি. পাকা ॥ পাঅনা ঘরের। [<পাক্ (<পক্ক সং)+না প্র.]।

পাঅরন.=[ঢা]—ক্রি. ভুলা ॥ আমি তর্ কতা পাঅর্‌তে পারি না। [< পাসরণ <অপস্মারণ সং]।

পাঅর.বালাই=[চট]—বি. আপদ, বিপদ ॥ ই পাঅর্ বালাই কত্‌তুন্ আইয়ে ? [<পা (<পদ সং)+এর (সম্বন্ধে)+বলা' بلا আঃ+ই প্র.]।

পাঅল.=[চট]—বি. পাগল ॥ ইতারে ক্যা মাইনুশে পাঅল্ ডাকে। [দেখ পঅলা]।

পাআ=[চট্ট]—বি. চুলা ॥ [<পাক (<√পচ্ সং)+আ প্র. ; তুং আখা]।

পাআর্=[কুম]—বি. চাপ, গুতা ॥ [<পা<পাদ সং+আর প্র.]।

পাই=[কুম, চট্ট]—বি. সঁূচ, কোদাল ইত্যাদির ছিদ্র ॥ [<ফাঁই (<ফাঁক)]।

২=[খু]—বি. ধানের সারি, লাইন ॥ [<হাইর<সাইর<সারি]।

৩=[সি]—বি. পাখি শিকারের বাঁশের যন্ত্র ॥

৪=[পা, খু, ব]—বি. নিড়ানি দিবার সারি, একজন যতটুকু স্থান নিড়ানি দেয় ॥ এক্ পাই তুইলাই এক্ সেলাম্ তামাক্ (পা) ? [দেখ পাই$_{১}$]।

৫=[য]—বি. পঁচিশ বিঘা জমি ॥ [<পাখী]।

৬=[রা]—বি. নালা ॥ [<পয়: সং=জল ; পয়োনালী ; অর্থ প্র.]।

৭=[ঢা]—বি. দশসেরি বেতের ঝুড়ি বিশেষ ॥ পাইডা দিয়া দান্ দুগা মাপ্।

পাইংকা=[ফ]—অস. ক্রি. উদ্দেশ্য করিয়া ॥ [<পাঙ্গিয়া<পাঙ্গা=বুঝা, চেনা]।

পাইংখা=[ঢা]—বিণ. কৃপণ, হিসাবী ॥ তুই বর পাইংখারে।

পাইংগা=[বা]—ক্রি. বিণ. উদ্দেশ্য করিয়া ॥ [দেখ পাইংকা]।

পাইংগানো=[কুম]—ক্রি. আলসেমি করা ॥ না পাইংগাইয়া কাম যাও।

পাইকা=[ম]—বিণ. পানসে, জলীয় ॥ এ গাসের্ আম্ পাইকা। [<পাইন্< পানি+কা প্র.]।

২ =[পা]—বি. বাঁশ দ্বারা তৈরী মাছ ধরার একপ্রকার যন্ত্র ॥

৩ =[ফ,খু]—বি. ধান মাপার পাত্র ॥ কয়্ পাইকা দান্ হৈল্ এবার্ ?

পাইকারি চু'লা=[ফ]—বি. মাটির তৈরী চুলা বিশেষ ॥

পাইকার্=[রা]—বি, দালাল ॥ [<পয়কার پیکار ফা.]।

পাইকি=[কু, পা]—বি. পাঁজর ॥

২=[কু, পা]—বিণ. পাজি ॥ লোক্টি খুব্ পাইকি।

পাইক্=[কুম, চট্ট]—বি. এক গিরা হইতে আর এক গিরার মধ্যাংশ ॥ আরে এক্ পাইক্ আউক্ দ্যাও।

২=[নো]-বি. শিষ্য ॥ [<পদাতিক সং ; অর্থ প্র.]।

৩=[চট্ট]-বি. পক্ষী ॥ [<পাখী]।

৪=[ঢা]—বি. প্রজা ॥ [দেখ পাইক্ ; অর্থ প্র.]।

পাইক্কা=[কু]—বি. বড় টুকরী ॥

পাইখ্পঅল্=[চট্ট]—বি. পশুপক্ষী ॥ পাইখ্ পঅলে খাইসে। [দেখ পাইক্$_{৩}$ +হগল<সকল]।

পাইচ'ন্=[ঢা, ফ]—বি. গরু তাড়ানোর লাঠি, পাচন ॥ পাইচ'নের্ পিডান্ না দিলে এই গরু লর্ব না। [<পাচন (<প্রাজন সং)]।

পাইচ'া=[পা, ম, ঢা]—বি. ঘাস আনার বংশ নির্মিত টুকরী ॥ পাইচ'া বোযাই গাশ্।

২=[ঢা]—বি. মাটির পাত্র ॥ শকাল্ বেলা এক্ পাইচ'া না মার্লেতো তোর্ অয়্ না।

পাইচ'ালি=[ঢা, কুম]—বি. নোংরা ও বাজে কথাবার্তা, কৌতুক ॥ কি হগল্ পাইচ'ালি শুরু কৈর্সে। [< পাইজ<পাজি (<পাজী پاجی ফা.) +আলি প্র.]।

পাইছা=[রা]—বি. আবর্জনা ফেলার পাত্র ॥

পাইছ্যা=[রং, রা]—বি. ঝুড়ি ॥ এ্যাক্ পাইছ্যা আম্। [< পাঁজা ; দেখ পাইজা]।

পাইছ্লা বাড়ি=[রং]—বি. বাড়ীর পশ্চাৎভাগ ॥ [<পাছ্ (<পশ্চাৎ সং) +লা প্র.+বাড়ি]।

পাইজা=[রা]—বি. বিরাট আকারের ডালা ॥ পাইজা না হলে মজলিশের্ ভাত্ ঢাল্বু কোন্ঠে ? [<পাঁজা]।

পাইয্যামি=[ঢা]—বি. পাজিপনা, হীনকাজ ॥ এত পাইয্যামি করস্ ক্যান্ ? [দেখ পাইচ'ালি +আমি প্র.]।

পাইয্কা=[ম]—বিণ. অর্ধপচা ॥ [<পচ্ (<পচা)+কা প্র.]।

পাইয্যালি=[চট্ট]—বি. দুষ্টপনা ॥ অডা পাইয্যালি কৈর্লে মাইর্ খাবি। [দেখ পাইচ'ালি]।

পাইয্লামি=[ঢা]—বি. দুষ্টামি, কৌতুক ॥ এত পাইয্লামি করিস্ না। [<ফাজলামি<ফাযিল فاضل আঃ +আমি প্র.]।

পাইটা শাড়ি=[পা]—বি. পাটের তৈরী শাড়ী ॥ পাইটা শাড়ির্ দামে এত চ'ান্ ? [<পাট+ইয়া প্র.+ শাড়ি (<শাটী সং)]।

পাইটেসালা=[ফ]—বি. গরম হাড়ি পাতিল ধরার ন্যাকড়া ॥ [<পাট+ ইয়া+ছালা (<স্থালী সং ?)]।

পাইট্যাইল্লা=[ফ]—বি. যে পাটি তৈয়ার করে ॥ পাইট্যাইল্লা পাটিত্ হুতে না। [<পাটি (<পট্ট সং ?) +আল প্র.+ইয়া প্র.]।

পাইট্=[ফ, বা]—বিণ. সমান ॥ যমিটা পাইট্ ঐসে ? [<পাটি সং]।

২=[ম]—বিণ. প্রস্তুত ॥ [<অর্থ প্র.]।

৩=[রা. পা, রং]—বি. দিন মজুর ॥

৪=[ফ]—বি. সুযোগ ॥

৫=[সি]—বি. ধারা ॥ কোন্ পাইটে কাম্ লাগাইসে ? [দেখ পাইট্]।

৬=[কুম]—বি. সারি ॥ [<পাতি (<পঙ্ক্তি সং) ; দেখ পাইত্]।

পাইট্ করা=[খু]—ক্রি. সজ্জা করা, ফসল রক্ষা করা ॥ [দেখ পাইট্+করা]।

২=[ম, ঢা]—বি. ক্রি. প্রহার করা, দুরবস্থা করা ॥ এক্দিন্ ধৈরা বালা কৈরা পাইট্ কৈরা দিবি তয়্ ঠিক্ ঐয়া যাইবো। [অর্থ প্র.]।

পাইট্কা=[রা]—বি. ইটের টুকরা ॥ পাইট্কা দিয়া কাকো ঢ্যালাইশ্ না। [<পাটকেল]।

পাইট্কাল্, পাইট্খোল্=[পা]—বি. ইট ।। [দেখ পাইট্কা]।

পাইট্লা=[সি]—বি. মাটির হাঁড়ি ।। সালনর্ পাইট্লা। [<পাতিল+আ প্র.]।

পাইঠ্যাল্=[ফ]—বি. মাটি কাটা শ্রমিক ।।

পাইড্=[কুম]—ক্রি.বিণ. পরিপাটি।। কাপর্ডি পাইড্ কৈরা থোও। [দেখ পাইট্]।

পাইড্ডাতা=[নো]—বি. পাটি পাতা ।। পাইড্ডাতা দি চি'উনি বানা। [দেখ পাটী+পাতা (<পত্র সং)]।

পাইড়া ফ্যালা=[রং]—ক্রি. ধরাশায়ী করা ।। আগে পাইরা ফ্যালা নে তার্পর্ লাগাইমু লাত্তি। [<পাড়িয়া +ফেলা]।

পাইড়াম্=[রং]—বি. দেমাগ, অহ-ঙ্কার ।। ছোড়ার্ বড় পাইড়াম্ বাড়ছে।

পাইড়্=[রা]—বি. বাঁশের তৈরী ঝুড়ি ।।

পাইতলি=[য]—বি. এলাকা ।। এই পাইতলির্ মৈদ্দে বালা বিদ্দান্ লোক্ নাই। [দেখ পাইত্রাক্]।

পাইতল্=[রং]—বি. প্রস্থ ।। এই কাপড়্খান্ পাইতলে আড়াই হাত্। [<পাত (<পত্ত <প্রস্থ সং)+আল প্র.]।

পাইতা পাইতি=[চট্ট]—বি. ছোটদের খেলা বিশেষ ।।

পাইতারা=[খু]—বি. পাড়ায় পাড়ায় ঘুরা ।। [<পাঁয়তারা (<পদান্তর সং?)]।

২=[কুম]—বি. গাছ বিশেষ ।।

পাইতাল্=[দি, রা]—বি. চিতল মাছ, চওড়ার দিক ।। শিতের দিনে পাই-তালের্ পেটি খুব্ মজা লাগে।

পাইত্যাল্=[রা]—বি. সরু ও লম্বা খড়ি বিশেষ ।। আগের্ দিনে পাই-ত্যালের্ কল্মে মানুশ্ খাতা লিখ্ত।

পাইত্=[চট্ট]—ক্রি, বিণ. সুষ্ঠু ভাবে সাজানো ।। মাল্গুন্ পাইত্ গরি রাগ্। [দেখ পাইট্]।

২=[খু]—বি. একপ্রকার গুটি খেলা ।। পাইত্ খেল্বে?

৩=[বা]—বি. সারি ।। [দেখ পাইট্$_{৬}$]।

৪=[কুম]—বি. সুযোগ ।। [দেখ পাইট্$_{৪}$]।

পাইত্ করা=[কুম]—ক্রি. সুবিধা করা ।। [দেখ পাইট্ করা]।

পাইত্রা=[বা]—বি. পাটী তৈরীর জন্য প্রয়োজনীয় উদ্ভিদ ।।

পাইত্রাক্=[খু]—বি. অঞ্চল ।।

পাইত্লা=[ম]—বি. পাতিল, ব্যঞ্জনের পাত্র ।। [দেখ পাইট্লা]।

২=[সি]—বি. বাসন, পাত্র ।। দুইড্যা পাইত্লা আন্।

পাইনা=[ম]—বি. ঘাস বিশেষ ।।

পাইন্যা=[ঢা, চট্ট, বা]—বিণ. পানির ন্যায় তরল।। পাউডা বর পাইন্যা। [<পানি+ইয়া প্র.]।

পাইন্যা কচু'=[চট্ট]—বি. কচু বিশেষ ।। [দেখ পাইন্যা+কচু]।

পাইনোন্=[য]—বি. প্রহার ।।

পাইন্=[কুম]—বি. খাতির, নমুনা ।।

২=[খু]—বি. পানি ।। পোরানে ওর্ পাইন্ নি। [<পানি]।

৩=[বা]—বি. দা কুড়াল ইত্যাদির ঝালাই ।। [অর্থ প্র.]।

৪=[ম]—বি. জাল বিশেষ ।।

৫=[রং]—বি. শ্রী, সৌন্দর্য, চেহারা ।। [দেখ পাইন্$_{২}$; অর্থ প্র.]।

৬=[র]—বি. কালাই, রং ।। হাড়িটাত্ পাইন্ দেইম্। [দেখ পাইন$_{৩}$]।

৭=[ম]—বি. বারুজীবী ।। পাইন্ এক্ বিরা পান্ লৈয়াও হাটে গেল্। [<পান (<পর্ণ সং)+ই প্র.]।

পাইন্ করা=[বা]—ক্রি. সর্বনাশ করা ।। সাগলে কদু গাসের্ পাইন্ কৈর্সে। [দেখ পাইন্$_{২}$+করা]।

পাইন্কা=[ঢা]—বিণ. কৃপণ ।। বর পাইন্কা মানু। [দেখ পাইংখা]।

পাইন্চ'া=[ম]—বিণ. স্বাদবিহীন, পানসা ।। [দেখ পাইন্$_{১}$+সা প্র.]।

পাইন্দা=[রা]—বিণ. স্বাদহীন ।। [দেখ পাইন্চ'া]।

পাইন্না=[রং]—বি. কাঁঠাল ।। [দেখ পাইন্না$_{১}$; অর্থ প্র.]।

২=[কুম, চট্ট]—বিণ. জলীয়, পাতলা ।। [<পানি+আ+প্র.]।

পাইন্নাউল্যা গ্যাস্=[কুম]—বি. এক প্রকার গাছ ।। [<পানিয়া+ওয়ালা+গাছ]।

পাইন্না কচু'=[কুম]—বি. তর-কারী বিশেষ ।। অনেকে পাইন্না কচু' খায়। [দেখ পাইন্যা কচু']।

পাইন্না গিরা=[কুম]—বি. ভিজা থাকার দরুণ চুলে জাত একরূপ গিঁঠ ।। পাইন্না গিরা ঐলে চু'ল্ শ্যাশ্। [দেখ পাইন্না$_{২}$+গিরা]।

পাইন্না গোডা=[চট্ট]—বি. কাঁটা-যুক্ত গাছের সুপারির মত একপ্রকার ফল ।। [দেখ পাইন্না$_{২}$+গোটা]।

পাইন্নাট্ করা=[পা]—ক্রি. আগুনে তা দেওয়া, লবণের জলে ভিজাইয়া লোহার যন্ত্রপাতি গরম করিয়া পিঠাইয়া ধার দেওয়া ।।

পাইন্না তাল্=[চট্ট]—বি. কচি তাল।। পাইন্না তাল্ আর্ কচি' ডাব্ হাট্ বাযারে কি অভাব্। [দেখ পাইন্না$_{২}$+তাল]।

পাইন্না তোরা=[চট্ট]—বি. তীক্ষ্ণাগ্র কাঁট যুক্ত গাছের ফল বিশেষ ।।

পাইন্না মাদার=[চট্ট]—বি. যে মাঁদার গাছ পানিতেও বাঁচে।। [দেখ পাইন্না$_{২}$+মন্দার সং]।

পাইন্নানো=[কুম]—ক্রি. পানিতে ভিজানো ।। কাডেরে কদ্দিন্ পাইন্নানো দর্কার্। [দেখ পাইন্না$_{২}$+নো প্র.; নামধাতু]।

২=[পা]—ক্রি. জলমগ্ন হওয়া ।। [অর্থ প্র.]।

পাইন্নাল্=[চট্ট]-বি. এক প্রকার ধান ।।

২=[বা]—বি. আমলিচু বা আমরুজ ফল ॥ [দেখ পাইন্না২ +ল প্র.]।

পাইন্ মারা=[বা]—ক্রি. সর্বনাশ করা ॥ [দেখ পাইন্ করা ; পানি+মারা]।

পাইন্শাপড়া=[রং]—বিণ. টক, বাসি ॥ পাইন্শাপড়া তরকারি খাইস্ না। [দেখ পাইন্চ'া+পড়া]।

পাইন্সা=[ম, ঢা, পা]—বিণ. পানসে ॥ ঝিংগা পাইন্সা তর্কারি। [দেখ পাইন্চা]।

পাইপা=[রং]—বি. পেঁপে ॥ তুমরা বুঝি পাইপা খাও না। [<পেপিয়া papaya পোর্তু.]।

পাই পাই=[খু]—ক্রি.বিণ. তন্ন তন্ন ॥ শোমোস্তো গেরাম্ পাই পাই করে তালাশ করেও শে দিন্ তোমার্ দেহা পাই নাই। [<পই পই (<পদে পদে ?)]।

পাইবার্ গাছ্=[রা]—বি. বটবৃক্ষ, বট গাছ ॥

পাইবাশি=[য]—বি. তর্ক ॥ সেলেটা কথায় কথায় পাইবাশি করে।

পাইবেট্=[ম]—বিণ. গোপন ॥ [<প্রাইভেট private ইং]।

পাইব্যা=[বা]—বি. বোয়াল মাছের আকৃতিবিশিষ্ট ক্ষুদ্র মাছ বিশেষ ॥

পাইব্=[কুম]—বি. ঘরের পাইর ॥ [<পাইপ pipe ইং]।

পাইব্ করা=[ম]—ক্রি. পরিপাটি করা ॥ খ্যাত মৈ দিয়া পাইব্ কৈরা রোয়ন্ লাগ্বো। [দেখ পাইট্ করা]।

পাইয়া=[বা]—বি. বাঁশের তৈরী মাছ ধরার যন্ত্র ॥

২=[নো]—বি. পেঁপে ॥

৩=[কুম]—বি. ধান মাপার কাঠের পাত্র বিশেষ ॥

পাইয়্যা=[নো]—বি. ধান মাপার বেতের তৈরী পাত্র ॥ এক্ পাইর‍্যাতে দশ্ শের্ দান্ দরে।

২=[ফ]—বি. বেতের তৈরী মাছ ধরার যন্ত্র ॥

পাইরবি=[চট্ট]—বি. সেবা ॥ আঁাই পিরর্ পাইরবি গরি। [<পয়্রো پرور ফা.+ই প্র.]।

পাইরা=[পা]—বিণ. রংবেরঙ্গের, নানান রংএর ॥ পাইরা গরু দেখ্তে খুব্ শুন্দর্।

২=[ম]—অস. ক্রি. শোয়াইয়া ॥ মাইরা এ্যাহাবারে পাইরা ফালাইসে। [<পাড়িয়া]।

৩=[রা]—বি. গাছ বিশেষ ॥ বাড়ির শাম্নে পাচ্ পাইরা গাছ্ কৈ জি ?

৪=[ঢা]—বি. দুইস্রোতের মাঝামাঝি ॥ পাইরায় নাও পর্লে বিপদ্।

পাইরায্=[চট্ট]—বি. আমন ধান বিশেষ ॥

পাইরা দরা=[ম]—ক্রি. বিণ. সাপটিয়া ধরা ॥ [<পাড়িয়া ধরা]।

পাইরাম্=[ম]—বি. ফুটানি ॥ তোমার্ পাইরাম্ দেইহা আর্ বাচিঁনা। [দেখ পাইড়াম্]।

পারৈবি=[নো]—বি. তাঁবেদারী ॥ [দেখ পাইরবি]।

পাইর্=[কুম, ম, সি]—বি. কাপড়ের পাড় ॥ [<পাড়(<পট্ট সং)]।

২=[চট্ট]—বি. ঘরের খুঁটির আগায় স্থাপিত লম্বা দণ্ড ॥ দোতালা ঘরত্ দুই পাইর্। [<পাড়]।

৩=[সি]—বি. ঘরের খুঁটির সারি ॥ [<পাইল(<পালি সং)]।

পাইলন্=[ফ]—বি. অবসর ॥

পাইলা=[বা]—বি. বাঁশের চুবড়ি ॥ তোলা পাইলাটা কোনায়্? [দেখ পাইলা১ ; অর্থ প্র.]।

২=[সি]—বি. বাসন ॥ [দেখ পাইট্লা]।

৩=[কুম, ম]—বি. পাতিল ॥ ও পুরি পাইলাডি দুইয়া রৈদ দে। [দেখ পাইলা২]।

৪=[সি]—বি. বীরত্ব ॥ আমার কাসে পাইলা দেহাইও না। [দেখ পলান্+ই প্র.]।

পাইলান্=[ফ]—বি. হাল চাষ করার সময় বিশ্রাম ॥ আমারে এখন্ একুটা পাইলান্ দ্যাও। [দেখ পাইলন্]।

পাইলা বান্ডা=[ঢা]—ক্রি. গোপন কথা ফাঁস করিয়া দেওয়া ॥ তার্ পাইলা বাইন্ডা দিমু। [দেখ পাইলা৩ +ভাঙ্গা]।

পাইলাম্=[বা]—বি. হাল চাষ করার সময় যাহার বদলে বিশ্রাম করা হয় এমন লোক ॥ [দেখ পাইলান্]।

পাইলি=[রা]—বি. মাটির হাঁড়ি ॥ পাইলিঠা কত দাম্? [দেখ পাইট্লা+ই]।

পাইল্যা=[ঢা, ম]—বি. পাতিল ॥ পিত্নার্ পাইল্যা খুব্ বালা। [দেখ পাইট্লা]।

২=[চট্ট]—বিণ. ধোয়া, ধৌত, পরিষ্কার ॥ পাইল্যা বাশন্। [<পাকালিয়া<পাখাল (<প্রক্ষালন)+ইয়া প্র.]।

পাইল্=[সি, বা]—বি. সারি ॥ [দেখ পাইর্৩]।

২=[চট্ট]—বি. পাল, বাদাম ॥ [<পাল]।

৩=[কুম]—বি. পাড় ॥ [দেখ পাইর্]।

৪=[ব]—বি. পালি, যাহারা গানের ধূয়া ধরে, দোহার ॥

৫=[ঢা, পা]—বি. প্রকার, রকম, ধরণ ॥ আল্লায় যেই পাইলে রাকে হেই পাইলেই থাক্তে ঐব। [দেখ পাইল্; অর্থ প্র.]।

৬=[ম]-বি. দিক ॥ কিশের্ পাইল্ চ'াইয়া রৈচ'স্? [<পাইন<পানে]।

৭=[নো]—বি. ঘরের পাইর ॥ [দেখ পাইর্]।

৮=[ঢা]—বি. হাঁড়ি পাতিল ॥ [দেখ পাইট্লা]।

পাইল্ করা=[কুম, রা]—ক্রি. কাত করা, গাব বা আলকাতরা দেওয়ার সময় নৌকা উপুড় করা ॥

২=[পা]—ক্রি. পৃথক্ করা ॥ গরু পাইল্ কর্।

পাইলঠা=[রা]—বি. যে লোক প্রায় কথাতেই রসিকতা করে ।। [দেখ পাইল্$_{৪}$+টা প্র.] ।

পাইল দুয়ার=[ম]—বি. ঘরের পার্শ্বের বা পেছনের দরজা ।। [দেখ পাইল্$_{৭}$+দুয়ার (<দ্বার সং)] ।

পাইল দেওয়া=[বা]—ক্রি. নৌকা মেরামতের জন্য কাত করা ।। বর নৌকাডা পাইল্ দিতে ঐব ।

২=[কুম]—ক্রি. বাতাস দেওয়া ।। গরম্ লাগে পাইল্ দেও ।

পাইল দোহারি=[ম]—বি. গানের দোহার বা সহকারী ।। পাইল্ দোহারি বালা ঐলে গাহান্ বালা অয় । [< দেখ পাইল্ দোহার্] ।

পাইল দোহার=[বা]—বি. গান করিবার সময় তাল ধরার সঙ্গোপাঙ্গ ।। পাইল্দোহার্ না থাইক্লে গান্ যমে না । [দেখ পাইল্$_{৪}$+দোহার (< ধ্রুবকার সং)] ।

পাইল পালান=[ম]—বি. শিকারীর সহকারী ।। [দেখ পাইল্$_{৪}$+দেখ পলান্] ।

পাইললো=[ব, পা]—বি. রান্না করিবার পাত্র ।। পাইল্লোডার্ দাম্ কত? [দেখ পাইট্লা] ।

পাইশ=[কুম]—বি. জুতা ।। তোমার্ পাইশ্যোরা কত ঐসে ? [<পাপোশ پاپوش ফা.] ।

পাইশ পাইশ=[পা]—বিণ. ঘন ।।

পাইসা=[ঢা]—বি. পেটুক, অতি-ভোজী ।। খালি পাইসার্ লাহান্ খাওয়ন্ হিক্স । [দেখ পাইসা$_{২}$] ।

২=[ঢা]—বি. ফেরিওয়ালাদের ঝুরি, ঝাঁকা ।। [দেখ পাইচা] ।

পাইসালি করা=[ঢা]—ক্রি. কৌতুক করা, দুষ্টামি করা ।। এত পাইসালি করন্ বালা না । [দেখ পাইচালি+করা] ।

পাইসে=[ফ]—বি. জিয়াফতের আট দশ মুখী উনোন ।।

পাইহা=[বা, খু]—বি. লম্বা দাগ ।। পাইহা কাটি গুবারির্ গাস্ নাগাতি হবে ।

২=[ম]—বি. ছোট ডোবা, ছোট জলাশয় ।। পাইহায় গুরা মাস্ পাওয়া যায় ।

৩=[ঢা, বা]—বি. গরুর গাড়ীর চাকা ।। পাইহাটা লিয়ে গেলি দিয়ে যাশ্ না কেন্ ?

পাইহ্যা=[রা, বা]—বি. চাকা ।। গরুর্ গারির ইক্লা পাইহ্যাই আসে (বা) ।

পাউঅট=[কুম]—বি. ধান একত্র করিবার কাষ্ঠযন্ত্র ।। [<পাব (<পর্ব সং)+ট প্র.] ।

পাউংলা=[রং]—বিণ. খোঁড়া ।। মানুশ্টা পাউংলা । [<পাউং (<পঙ্গু সং)+লা প্র.] ।

পাউককা=[বা]—বিণ. অতিরিক্ত পালকবিশিষ্ট ।। [<পাখ (<পক্ষ সং)+উয়া প্র.] ।

পাউখ=[ম]—বি. পক্ষী ।। [< পাখী<পক্ষী] ।

পাউচান=[রং]—ক্রি. পশ্চাৎ গমন ।। পাউচাচ্ছো কেনে বাহে ? [<পাছ (< পশ্চাৎ সং) + আনো প্র. ; নামধাতু] ।

পাউয দুয়ার=[ঢা]—বি. পেছনের দরজা ।। পাউয্দুয়ার্ দা যায়ন্ বালা না । [<পাছ(<পশ্চাৎ সং)+দ্বার সং] ।

পাউটি দেওয়া=[রা]—ক্রি. ভিটিতে দেওয়া ।। [<পাও(<পদ সং)+ ঠিহা<ঠিকা+দেওয়া] ।

পাউটটা=[ঢা]—বিণ. পাট বপন করা হইয়াছিল এমন ।। পাউট্টা যমিতে ফশল্ বালা অয় । [<পাট+উয়া প্র.] ।

২=[ঢা]—বি. গরম হাঁড়ি ধরার ন্যাকড়া ।। [অর্থ প্র.] ।

৩=[ঢা]—বি. পাটের ব্যাপারী ।। ঐ পাউট্টা বারি যা । [অর্থ প্র.] ।

পাউড়া=[ব]—বি. ধান একত্র করিবার জন্য ব্যবহৃত কোদালের মত যন্ত্র ।। পাউড়াডা নিয়া আইশ্যা ধান্ গুলা যড়াওতো । [দেখ পাউঅট] ।

পাউড়ি=[য]—বি. পাড়ি, অতিক্রম ।। [<পাড়ি] ।

পাউড়=[পা]—বি. পালোয়ান, শক্তি-শালী লোক, বীর ।। [পাও(<পদ সং)+ড় প্র.] ।

পাউতা=[খু]—বি. পাখীর কবল হইতে বোনা ধান কলা পাতার ঢাকা দিয়া রক্ষা করিবার প্রক্রিয়া বিশেষ ।। [< পাত (<পত্র)+উয়া প্র.] ।

২=[রা]—বি. কাঁচা মরিচ ।।

পাউনড=[য]—বি. লিঙ্গ ।। পাউন্ড-চোশা যাত্ । [<পিণ্ড <পিণ্ডি সং] ।

পাউনদি=[চট্ট]—বি. রবিশস্য, তর-কারীর জমি ।।

পাউপ্যা=[কুম]—বি. পেঁপে ।। পাউপ্যা বর শাদ্ । [দেখ পাইপা] ।

পাউপপা=[নো]—বি. পেঁপে ।। পাউপ্পার্ দাম্ কত ? [দেখ পাইপা] ।

পাউয়া=[কু, কুম, ম]—বিণ. বিনা শ্রমে লব্ধ ।। পাউয়া দন্ পাইয়া পোদ্দারি । [<ফাউ+য়া প্র.] ।

২=[কুম]—বি. এক প্রকার জলজ গাছ ।। গরু পাউয়া গাশ্ খুব্ খায় ।

পাউয়াই=[ব, রং]—বি. বাঁশের থাম বা খুঁটি ।।

পাউয়ার বাল কাশিনাথ=[খু]—বিণ. হঠাৎ ধনী ।। [বাগ্ধারা ; মূল অর্থ তলপেটের চুল কাশীনাথ নাম ; পাউয়া, দেখ পাউল্লা] ।

পাউয়াল=[ঢা]—বিণ. মেঘলা ।। আশ্মান্ডা কেমন্ পাউয়াল্ করল ?

পাউয়্যাল পাউয়্যাল=[ঢা]—বি. মেঘলা মেঘলা ভাব ।। দুইদিন্ দৈরা পাউয়্যাল্ পাউয়্যাল্ কৈরা রৈসে কুনতু মেগ্ আহে না ।

পাউরন=[সি]—ক্রি. ভুলিয়া যাওয়া [<পাসরন] ।

পাউরা=[সি]—বি. ডুলী ।।

২=[কুম]—বি. খড়ম ।। [<পাও (<পদ সং)+রা] ।

পাউরি=[সি]—বি. যে করিতে পারে এমন ॥ তাইন্ বর পাউরির্ গরের্ পাউরি। [<পার<পারা=ই প্র. ; বর্ণবিপর্যয়]।
২=[কুম]—অস. ক্রি. ভুলিয়া ॥ [<পাসরি ; দেখ পাউরন্]।
৩=[কুম]—বি. খড়ম ॥ আমার্ লাগি পাউরি আনিস্। [<পাও [< পদ সং)+রি প্র.]।

পাউর্=[পা]—বিণ. কর্মঠ ॥ [দেখ পাউড়্]।

পাউলি=[য]—বি. বড় ঘটি ॥ [<পাওরা হিং+ওয়ালি প্র.]।

পাউলে=[বা]—বি. পুরা, চাউল মাপার বেতের পাত্র॥ পাউলেটা কে নিলো ? [<পোয়া (<পাদ সং) +লে প্র.]।

পাউল্যা=[বা]—বিণ. পাতিল ॥ [<পাল (<পালন)+ইয়া প্র.]।

পাউল্লা=[চা]—বি. উরুদেশ, নিতম্ব, তলপেট ॥ আমার্ পাউল্লার্ মৈদদে একটা ফোত্ হৈসে।

পাউশ্=[রা]—বি. গোবর সার ॥ [<পাঁউশ (<পাংশু সং)]।

পাউসাল্=[ফ]—বি. বিশ্রাম ॥ হাইলারে পাউসাল্ দিতে অয়্।

পাঐ=[রা]—বি. খুঁটি ॥ [<পা (<পদ সং)+ই প্র.]।

পাঐরা=[ম]—অস. ক্রি. ভুলিয়া ॥ মুনে পাঐরা ট্যাহা আনি নাই [<পাসরিয়া]।

পাঐশ্=[চট্ট]—বি. ছুতা, ছল ॥

পাও=[রা, চা,]—বি. পা ॥ [<পা (<পদ সং)]।

পাওট্=[য]—বি. ছড়ান ধান একত্রিত করিবার জন্য কাঠের উপকরণ ॥ [দেখ পাউঅট্]।
২=[পা]—বি. যেখানে পা রাখা হয়, যেইখানে দাঁড়াইয়া চাপ দিয়া পানি সেচন করা হয় ॥ [দেখ পাও +ট প্র.]।
৩=[পা]—বি. কলুর ঘানির গরু যে স্থান দিয়া হাটে ॥ [দেখ পাওট্₂]।
৪=[ফ]—বি. গুড় তৈরী করিবার কাঠ ॥

পাওট্রা=[চা]—বি. গরম পাতিল ইত্যাদি নামানোর জন্য ব্যবহৃত কাপড় বা চটের ন্যাকড়া ॥ [<পাট +রা প্র.]।

পাওডি=[চা]—বি. খড়ম ॥ লাল্ বিবির্ পাওডি পায়্। [দেখ পাউরি]।

পাওড্=[বা]—বি ঢেঁকির পিছনে পা দেওয়ার জায়গা ॥ পাওডে পা দিয়া বৌয়েরা দান্ বানে। [দেখ পাওট্₂]।
২=[কম]—বি. ধান কুড়াইবার কাঠের খন্তা ॥ [দেখ পাওট্]।

পাওদিন্=[কুম]—ক্রি. বিণ. প্রত্যহ ॥ [<পাত<প্রতি+দিন]।

পাওপাতা=[রা]—বি. পায়ের অলঙ্কার বিশেষ ॥ [<পাও (<পদ সং)+ পাত (<পত্র সং)+আ]।

পাওপ্পা=[কুম]—বি. পেঁপে ॥ [দেখ পাইপা]।

পাওয়া=[র]—বি. গাড়ীর চাকা ॥ [<পইয়া হিং]।
২=[চা]—বি. পড়িয়া পাওয়া সম্পদ্ ॥ পাওয়ার্ পয়শায়্ তুমি এত দনি ঐস। [অর্থ প্র.]।

পাওরন্=[কুম]—ক্রি. ভুলিয়া যাওয়া ॥ আমি তার্ কতা পাওরাইসি। [<পাসরন]।

পাওরা=[কুম]—বি. ধান টানিবার যন্ত্র ॥ পাওরা দি দান্ থুবাও। [দেখ পাউঅট্]।

পাওর্=[সি]—বি. ক্ষমতা ॥ আমার্ লগে পাওর্ দেহাইস্ না। [<power ইং]।
২=[কুম]—বি. কৃষি জমি ॥

পাংকা=[কুম]—বি. পাখা ॥ গরমের্ দিনে পাংকা না ঐলে শুক্ নাই। [< পাখা<পাখ(<পক্ষ সং)+আ প্র.]।

পাংখা গাস্=[নো]—বি. গাছ বিশেষ ॥

পাংগঠি=[খু]—বি. পাট কাঠি ॥ গাংগঠি ভাংগিশ্ নে। [<পাট+ কঠি]।

পাংগনা=[সি]—বি. কোনও কাজের পরিকল্পনা ॥ [দেখ পাংগা]।

পাংগন্=[চা]—বি. আইড় মাছের গর্ত ॥

পাংগা=[রা]—বি. অনুমান ॥ পাংগা এই ধান্ কমন্ হবি।
২=[চা]—বি. ধানের নাড়া ॥
৩=[রা]—বিণ. খোলা, ওজন ছাড়া ॥ [দেখ পাংগা]।

পাংগাইলা=[রা]—বি. বৈঠকখানা ॥

পাংগাটি=[খু]—বি. পাটকাঠি ॥ পাংগাটি ভাংগিশ্ না। [দেখ পাংগাটি]।

পাংগারি=[বা]—বি. কই মাছ ॥

পাংগাশ্=[রা]—বি. সার ॥ [দেখ পাউশ্]।
২=[ম]—বি. এক প্রকার মাছ (যে মাছের পেটে ঝিনুক থাকে) ॥ পাংগাশ্ মাসে ত্যাল্ বেশি।

পাংগে=[ফ]—বি. ছোট বিল ॥

পাংতি=[চা]—বি. অনুমান ॥ এই কাপর্ডার্ দাম্ কত পাংতি অয়্ ? [দেখ পাংগা+তে প্র.]।

পাংনা=[নো, কুম]—বিণ. পক্ব ॥ গাসের্ আম্ পাংনা। [<পাক(< পক্ব)+না প্র.]।

পাংনি=[সি]—বি. আন্দাজ, ঠাহর ॥ পাংনি করে কও। [দেখ পাংগা+ নি প্র.]।

পাংপাংবেলা=[ম]—বি. কাছাকাছি সময় ॥ [<পাংপাং (অনু.)+বেলা]।

পাংরা=[ফ]—বিণ. পাও দ্বারা মাড়াই করা ॥
২=[কুম]—বি. ছোট গরু ॥ পাংরাডা খুব্ তাযা।

পাংরা পুয়াইন্=[সি]—বি. বয়ঃপ্রাপ্ত দুষ্ট ছেলে ॥ পাংরা পুয়াইনর্ যন্ত- নায়্ পারা গেল্ না। [দেখ পাংরা, +পো(<পুত্র সং)+গুলিন]।

পাংলা=[রা]—বি. উঠান ।। পাংলায়্‌ এত জংগ্‌লা কেন্‌ ?

পাংশামাস্‌=[য, খু]—বি. লোনা নদীর মাছ বিশেষ ।।

পাঁঅ্যারা=[চট]—বি. কোদালী ।। পাঁঅ্যারা যুইত্‌ আসে। [<ফাওড়া]।

পাঁইত্‌=[রা]—বি. সুযোগ ।। [দেখ পাইট্‌ ৪]।

২=[চট]—বি. শৃঙ্খলা ।। আঁর্‌ কাযে পাঁইত্‌ আসে। [<পাঁতি(< পঙক্তি সং)]।

পাঁইহ্যা=[রা]—বি. গাড়ীর চাকা ।।

পাঁউইয্‌=[চট]—বি. জুতা ।। [দেখ পাইশ্‌]।

পাঁওয়া=[রা, দি]—বি. এক প্রকার গাছ ।।

পাঁউশ্‌=[রা]—বি. গোবরের সার ।। জমিতে খুব্‌ কৈরে পাঁউশ্‌ দ্যাও। [দেখ পাউশ্‌]।

পাঁঐল্‌=[চট]—বি. বাঁশের বা কাঠের দণ্ড ।। পাঁঐল্‌ মারি আম্‌ পার্‌ ।

পাঁও উচা হওয়া=[রা]—ক্রি. পালাইয়া যাওয়ার সাহস বাড়া ।। [<পাও(<পদ সং) + উচচ+হওয়া। বাগ্‌ধারা]।

পাঁকাল্‌=[ব]—বি. বি. কর্দম ।। [<পাঁক(<পঙ্ক সং)+আল প্র.]।

পাঁকৈ=[দি]—বি. বি. পায়ের ঘা ।। [<পা (<পদ সং) + খাই (<ক্ষত সং)]।

পাঁক্‌কৈ=[চট]—বি. জল সেচিবার পাত্র ।।

পাঁক্‌রি=[রা]—বি. কচি ডাল ।। [<পাপড়ি(<পর্ব সং)]।

পাঁচ'র্‌=[চট]—বিণ. পঞ্চম ।। হিতার্‌ বেড়া সাওয়া পাঁচ'র্‌ সেন্‌নিত্‌ পড়ে। [<পাঁচ+র (সম্বন্ধে)]।

পাঁচা=[রা]—বি. শিকের কোঁচ ।।

২=[কু]—বি. ডাণ্ডাগুটি খেলার হিসাবে পাঁচ ।। [<পাঁচ+আ]।

পাঁচ'পাচি'=[খু]—ক্রি. বিণ. হেলাফেলা ।। তুই আর্‌ পাঁচ'া পাচি' করিস্‌ না। [<পাছ+আ+পাছি+করা]।

পাঁচ'ালি=[খু]—বি. প্যাচানো কথা ।। অত পাঁচ'ালি পাড়িশ্‌ না যা করেসিশ্‌ তাই বল্‌। [<প্যাচাল+ই প্র.]।

পাঁচি =[ব]—বি. পচান চাউলের তৈরী একপ্রকারের নেশাজনক পানীয় ।। সাওতাল্‌রা পাঁচি'খায়্‌। [<পচা+ই প্র.]।

পাঁচু'লি=[খু]—বি. প্রাচীর ।। [< পাঁচিল (<প্রাচীর সং)+ই]।

পাঁচে'য়া=[চট]—বিণ. বিবিধ রকমের, মিশানো ।। [<পাঁচ+উয়া প্র.]।

পাঁচ্‌'কট্‌ম্‌বিতা=[ব]—বি. বিবাহের বিশেষ ভোজ ।। পাঁচ্‌'কুটুম্বিতায়্‌ তোমার্‌ শশুর্‌ আশ্‌ল না ? [<পাঁচ+কুটুম্বিতা]।

পাঁচ্‌দানি=[রা]—বি. হাতের অলংকার বিশেষ ।।

পাঁচ্‌বিবি=[রা]—বি. যাহারা বিয়ের কনে সাজায় ।। [<পাঁচ+বিবি]।

পাঁজির্‌ পান্‌তা=[রা]—বি. চালগুড়া করিয়া ভিজাইয়া রাখিয়া তৈরী পান্তা বিশেষ ।। [<কাঁজির পান্তা]।

পাঁযি=[নো]—বিণ. দুষ্ট ।। হোলাগা বারি পাঁযি। [<পাজী پاجی ফা.]।

পাঁটা=[রা]—বি. বাচ্চা ।। ছাগলের্‌ পাঁটা। [<পাঁটা ; অর্থ প্র.]।

২=[খু]—বি. বাঁশের শলাকা দ্বারা নির্মিত মাছ ধরিবার যন্ত্র ।।

পাঁট্‌কাটি=[খু, য]—বি. পাটখড়ি ।। [<পাট+কাটি]।

পাঁড়ল্‌=[রা]—বি. তসরুপকারী ।। [পাঁড়্‌ (<পণ্ড সং)+অল প্র.]।

পাঁড়া=[দি]—বি. পুরুষ মহিষ ।।

পাঁড়াল্‌=[ব]—বি. পরের টাকা আত্মসাৎকারী ।। শালা বড় পাঁড়াল্‌। [দেখ পাঁড়ল্‌]।

পাঁড়ি=[দি]—বি. স্ত্রী মহিষ ।।

পাঁতি=[য্‌]—বি. মুড়ি খাইবার ছোট ডালা বিশেষ ।। [<পাত (<পাত্র) ই প্র.]।

পাঁত্‌=[কু]—বি. ওষ্ঠ ।।

পাঁথার্‌=[রা, দি]— বি. মাঠ ।। [< প্রান্তর সং]।

পাঁদা=[খু]—ক্রি. গুহ্য দ্বার দিয়া বায়ু নির্গত হওয়া ।। [<পাদ (<পর্দন সং)+আ প্র.]।

পাঁদুরি=[খু]—বিণ. যে বেশী পাদে। লোক্‌টা পাঁদুরি। [দেখ পাদা ; পাদ+উরি প্র.]।

২ =[খু]—বিণ. দুর্গন্ধময় ।। শাক্‌টি পাঁদুরি ।। [অর্থ প্র.]।

পাঁন্‌ডরা=[চট]—বি. বিলাতী কোদাল ।।

পাঁপ্‌ড়ি=[চট]—বি. বিখাউজ ।। [< [<পাপড়ি (<পর্ব সং]।

পাঁপলোশ্‌=[রা]—বি. বাতাবী লেবু ।।

পাঁয়া=[দি]—বি. গাড়ীর চাকা ।। [<পা (<পদ সং)+আ ; পইয়া হিং]।

পাঁরা=[চট]—বি. পদক্ষেপ, পদচিহ্ন ।। [<পাড়া<পা (<পদ সং)+ড়া]।

পাঁলান্‌=[য]—বি. ওলান ।। [< পালান (<পল্যয়ন সং) অর্থ প্র.]।

পাঁল্‌লার্‌=[চট]—অব্য. হয়তো, সম্ভবতঃ ।।

পাঁশ্‌কুড়্‌=[য]—বি. গোবরের গাদা ।। [দেখ পাউশ্‌+কুঁড় (<কুণ্ড সং)]।

পাঁহট্‌টা=[রা]—বি. পায়ের দাগ ।। [দেখ পাওট্‌ +আ প্র.]।

পাঁহিড়্যা=[রা]—বি. স্ত্রীলোকের পায়ে ব্যবহৃত রূপার এক প্রকার মল জাতীয় অলঙ্কার ।।

পাঁহিয়্যা=[রা]—বি. চাকা ।। গাড়ির্‌ পাঁহিয়্যা ঢুবি গেছে। [দেখ পাঁয়া]।

পাকন্‌পিঠা=[ফ]—বি. তৈল দ্বারা ভাজা ময়দার মিষ্ট খাদ্যদ্রব্য বিশেষ ।। [<পাকান+পিঠা]।

পাকর্‌=[বা]—বি. অশ্বত্থ গাছের শ্রেণী বিশেষ ।। পাকর্‌ গাছের্‌ পাতা লাল্‌। [<পাকুড়(<পর্কটি সং)]।

পাকল=[চট্ট]—বি. পাগল ॥ [< পাগল সং]।

পাকাই চু'কাই=[সি]—অস. ক্রি. বেড়াইয়া ॥ আম্‌রা বারি যাইও, পাকাই চু'কাই আইবায়্‌। [<পাকদিয়া (দেখ পাকাইন্‌)+ চুকাইয়া (চুকানো); সহ শব্দ]।

পাকাইন=[সি]—ক্রি. ঘুরাফিরা করা ॥ [<√পাক্‌+আন প্র.]।

পাকাটি=[য]—বি. পাটখড়ি ॥ [< পাট+কাঠি]।

পাকাটে=[খু]—বিণ. রোগা ॥ [< দেখ পাকাটি; অর্থ প্র.]।

পাকাঠি=[খু]—বি. পাটকাঠি ॥ পাকাঠি ভাংগিশ্‌নে। [দেখ পাকাটি]।

পাকাড়ে=[খু]—বিণ. অতি চালাক ॥ সেলেটা বড় পাকাড়ে। [<পাক< পক্ব+আড়ে প্র.]।

পাকাড়=[রা]—বি. উচু জমির ধার ॥ [<পাকাট<পাটিক সং; বর্ণ বিপর্যয়]।

পাকাদি=[সি]—অস. ক্রি. ফিরিয়া ॥ [<পাক+দিয়া]।

পাকা দুল দুল=[রা]—বিণ. ভাল ভাবে পাকা ॥ পাকা দুল্‌দুল্‌ একেবারে। [<পাকা+দুল্‌দুল্‌ (অনু.)]।

পাকানি=[সি]—ক্রি. বি. পোক্ত করা, পাকানো ॥ [<পাকা(<পক্ব)+নি প্র.]।

২=[সি]—ক্রি. বি. বেড়ানো, পরিভ্রমণ ॥ [দেখ পাকাইন্‌]।

পাকানো=[সি]—বি. বেড়ানো ॥ হান্নাদিন্‌ পাকাইলে বালা লাগে কিনা। [দেখ পাকাইন্‌]।

২=[চা]—ক্রি. গুছান, পরামর্শ করা ॥ পাকাইয়া সাফাইয়া যেইলন্‌ কর্‌তে পার করগা। [দেখ পাকানি]।

পাকান=[রা]—বি. বড়া ॥ [< পকবান হিং; দেখ পাকান্‌ পিঠা]।

পাকান পিঠা=[ফ, পা, কুম]—বি. তেলেভাজা মিষ্টি পিঠা ॥ [দেখ পাকন্‌ পিঠা]।

পাকা মারা=[য]—ক্রি. ছুড়িয়া মারা ॥ [<ফেকে (<ক্ষেপণ সং)<ফেকিয়া +মারা; বর্ণবিপর্যয়]।

পাকামোহর=[ব]—বি. এক প্রকার দই ॥

পাকালিমাস=[খু]—বি. এক প্রকার মাছ ॥ [<পাঁকাল+মাছ]।

পাকাল=[সি]—বি. রান্না ঘর ॥ [< পাক্‌শাল<পাকশালা]।

২=[রা]—বি. ইস্পাত ॥ [<পাকা লোহা]।

পাকাল মাস=[য]—বি. বাইন মাছ ॥ [দেখ পাকালি মাস]।

পাকি=[ফ]—বি. গরু বাঁধিবার ছোট দড়ি ॥ [তুং পাগি (সি)]।

২=[রা]—বি. পক্ষী ॥ [<পাখি]।

৩=[রা]—বি. ভূমির মাপ বা পরিমাণ বিশেষ ॥ [দেখ পাখি]।

পাকিয়া=[রং]—বি. পেঁপে ॥ [দেখ পাইপা]।

পাকির=[সি]—বি. প্রকার ॥ [< প্রকার]।

পাকুরিয়া=[য]—বি. যে পাক করে, রন্ধনকারী ॥ এক্‌টা পাকুরিয়া রাখন্‌ লাগ্‌ব। [<পাক+আর+ইয়া প্র.]।

পাকে=[য]—বি. গাড়ীর চাকার কাঠ ॥

২=[সি]—ক্রি. বিণ. দিকে ॥ কোন পাকে যাবু? [<পাক+এ (বিভক্তি)]।

পাকে পাকে=[সি]—ক্রি. বিণ. বার বার ॥ [দেখ পাকে+পাকে]।

পাকের গরু=[বা]—বি. ধান মাড়াইতে জোড়া ডান দিকের গরু ॥ [<পাক+এর (সম্বন্ধে)+গরু]।

পাকো=[য]—বি. গাড়ীর চাকার ভিতরের লম্বা কাঠ ॥

পাকোরা=[সি]—বি. তেলে ভাজা খাবার ॥ [<পাকোড়া হিং]।

পাকোর=[খু]—বি. শ্বেত কুষ্ঠ ॥ [< পাখর]।

পাক=[খু]—বি. পাখা ॥ [<পাখ (<পক্ষ সং)]।

২=[চা]—অব্য. পাতি হাঁসকে ডাকার বুলি ॥ আয়্‌ পাক্‌ পাক্‌। [ধ্বন্যা.]।

৩=[খু, রং]—বি. দিক্‌, বার ॥ চোর্‌টা কোন্‌ পাক্‌ দিয়া পলাইল্‌ (রং)। [<ফাঁক]।

৪=[কুম]—বি. ঘূর্ণিবাত্যা ॥ [< পাক]।

পাককেন=[নো]—বি. পিঠাবিশেষ ॥ [<পাক্‌বান হিং]।

পাকা=[রা]—বিণ. কুটিল, খল ॥ লোক্‌টা বড় পাক্‌কা। [<পাকা]।

পাককাইয়া=[চট্ট]—অস. ক্রি. ঘুরিয়া ॥ [<পাক+খাইয়া]।

পাককান পিডা=[চা]—বি. এক প্রকার পিঠা ॥ [দেখ পাকান্‌ পিঠা]।

পাককো মারা=[কুম]—ক্রি. ঢিল ছোড়া ॥ [দেখ পাকা মারা]।

পাককার=[চট্ট]—বি. চক্কর, ঘোরা ॥ পাক্‌কার্‌ ফেরয়া বাড়িত্‌ ন যাবি? [< পাক+আর]।

পাককুত=[ব]—বি. বন্যবৃক্ষবিশেষ ॥

পাককুয়া=[চট্ট]—বি. কাদায় চলার ফলে পায়ের আংগুলের জোড়ায় সৃষ্ট ঘা বিশেষ ॥ [<পাঁক (পক সং)+ উয়া প্র.]।

২=[চট্ট]—বিণ. কাদাযুক্ত ॥ পাক্‌কুয়া মাস্‌ খাইতে হোয়াদ্‌ ন। [পুর্বে দেখ]।

পাকখৈশ=[চট্ট]—বি. অগভীর লোহার কড়াই ॥

পাকচ'কর=সি]—বি. দুরভিসন্ধি ॥ [<পাক+চক্র]।

পাকচে'নো=[পা]—ক্রি. শাকসব্জীর কুঁড়ি হওয়া ॥

পাকটি=[রং]—বি. কাঁচা কূপ ॥

পাকড়া=[ফ, খু]—বি. কচি সুপারি ॥

২=[নো]—বি. ধান চাউল প্রভৃতি টানিয়া একত্র করার জন্য ছোট বাঁশের হাতলযুক্ত উপকরণ বিশেষ ॥ পাক্‌ড়াদি দান্‌গুন্‌ থুবাই হালা। [দেখ পাওট্‌+ আ প্র.]।

৩=[রং]—বি. খড়মের খুঁটি, বৌলা ॥

৪=[খু, ফ, কু]—বি. শিমুল, শিমুলের ফল।। পাক্‌ড়ার্ কাটা পায়ে ফুটসে। [<পাকুড় (<পর্কটী সং)]।
৫=[খু]—বি. একপ্রকার পাখী।।
পাকড়ি=[খু]—বি. পাগড়ি।।
পাকড়াপাকড়ি=[পা]—বিণ. নানা রংগের।। [<পাখরা পাখরি]।
পাকতো=[পা]—বিণ. পারদর্শী।। [<পাক (<পাকা)+তো প্র.]।
পাক দেওয়া=[সি]—ক্রি. তৈরী করা।। ওরা দরি পাক্ দেয়্।
পাকনা=[সি, কুম]—বিণ. পক্ব।। গাসে অনেক পাক্‌না আম্ আসে। [<পাক্ (<পক্ব)+না প্র.]।
২=[ম]—বিণ. পাকা চুলযুক্ত।। [অর্থ প্র.]।
৩=[ফ]—বি. হাঁস মোরগের ডানা।। [<পাখ (<পক্ষ সং)+না প্র.]।
পাকনামি=[ঢা]—বি. পাকামি, জেঠামি।। এ সেম্‌রা, এহেন পাক্‌নামি করিস্ না। [দেখ পাক্‌না+মি প্র.]।
পাকনামিডাই=[ঢা]—বিণ. কথায় পটু, বাচাল।। এই সেরাডা এক্‌টা পাক্‌না মিডাই। [দেখ পাক্‌না+মিঠাই]।
পাকনিতা=[সি]—বি. বেড়ানো।। আমি পাক্‌নিতায় গেস্‌লাম্। [দেখ পাকাইন্+ত]।
পাক পাক করা=[ঢা]—ক্রি. হৈ চৈ করা।। ব্যাটা বেশি পাক্ পাক্ করিস্ না। [<পাক্ পাক্(ধ্বন্যা.)+করা]।
পাক পাড়া=[খু]—বি. কলু পাড়া।।
২=[পা]—ক্রি. ঘোরা।। ক্যান্ কোনে পাকৈ পাইড্‌তাচি'। [<পাক+পাড়া]।
পাক ফিরা=[কুম]—ক্রি. ঘুরা ফিরা করা।। [<পাক+ফিরা]।
পাকবরশেরখানা=[কুম]—ক্রি. বি. বিবাহের মজলিসে নতুন কনেকে- লইয়া খানা ও আহ্লাদ।। পাক্ বরশের্‌খানা খাইতে খরচ্' আসে। [<পাক স্পর্শের খানা]।
পাকমোটা=[পা]—বি. ডালের ভাজি।।
পাকরা=[কুম]—বি. বুনো ঘাস বিশেষ।।
২=[সি, বা]—বি. কাঁচা সুপারী।।
৩=[ঢা]—বিণ. বিভিন্ন রংবিশিষ্ট অথবা দুই রঙ্গে চিত্রিত।। পাক্‌রা গাইড্যা বাঁলৈ দ্যাহা যায়্। [<পাখরা]।
৪=[সি]—বি. রজ্জু তৈরীর প্রণালী বিশেষ।
৫=[কুম]—বি. ডাল ঘুঁটিবার যন্ত্র।।
পাকরি=[ঢা]—বি. কাউনের সদ্য বহির্গত ছড়া।।
পাকলা=[সি]—বি. ঘা, হাঁজা।। তার্ পাওত্ পাক্‌লা ঐসে। [<পাঁক (<পঙ্ক সং)+লা প্র.]।
পাকলাইয়া=[ঢা]—অস. ক্রি. ধুইয়া।। [<পাখলানো <প্রক্ষালন সং]।
পাকলাড়া দেওয়া=[পা]—ক্রি. পাক দেওয়া, পাক দিয়া নামান।। [<পাখ+নাড়া+দেওয়া]।
পাকসুট=[খু]—বি. পলায়ন।। লোকের্ শাড়া পাই চো'র্ পাক্‌সুট্ দিল্। [<পাখসাট < পাখ(পক্ষ সং)+ঝাট =ঝাড়া]।
পাখল—[চট]—বি. পাগল।। ইতে পোয়ার্ লাই পাখল্ ঐয়ে। [<পাগল সং]।
পাখা=[বা]—বি. জলন্ত চুলা।। পাখায়্ এখন্ গোশ্‌তু আসে।
পাখাইয্যা=[চট]—বিণ. উল্টা।। পাখাইয্যা কতা কও কেন্।
পাখাইলল্যা=[পা]—বি. পান্তা ভাত।।
পাখারা=[ব]—বি. কাদায় পায়ের দাগ।। [পাঁক+আরা]।
পাখারি=[রা]—বি. মালিক।।
পাখালি=[রা]—বি. আখের পাতা।। গরু খুব্ পাখালিখায়্।
পাখালিয়া=[ম]—বি. ঘরকুণো। সেলেটা বর পাখালিয়া। [<পাখ(<পক্ষ সং)+আল+ইয়া প্র.]।
পাখাল=[সি]—বি. চুলা।।
২=[ব]—বি. ধার।। কাস্তে টাতে মোটেই পাখাল্ নাই, কাটা যাবে না এ দিয়ে। [দেখ পাকাল্$_২$]।
৩=[ঢা]—ক্রি. বি. প্রক্ষালন।। [<প্রক্ষালন]।
৪=[ম,ফ]—বি. শস্যহানি, অজন্মা।। দান্ পান্ যা বুন্‌সিলাম্ তাও পাখাল্ গেল্।
পাখাল যাওয়া=[কুম, চট]—ক্রি. অজন্মা হওয়া।। [দেখ পাখাল্$_৪$+যাওয়া]।
পাখি=[কুম, য]—বি. ঝাঁকা, টুকরী।। এই কারিডায় কয় পাখি দান্ ঐবো ?
২=[কুম]—বি. জমির মাপ বিশেষ।। তার্ বার পাখি যমিন্ আসে।
পাখে পানি না বাদা=[ম]—ক্রি. কোন অসুবিধায় না পড়া।। তোম্‌রার্ কি গরের্ দানের্ বাত্ খাও দান্ চ'াইলের্ দরে তোম্‌রার্ পাখে পানি বাদ্‌তো না। [<পাখায় পানি না বাধা ; বাগ্‌ধারা]।
পাখোয়ায=[ঢা]—বিণ. ধুরন্ধর, চালাক।। হে বর পাখোয়ায্ লোক্। [দেখ পাখ্+বায جاز ফা.]।
পাখ=[বা]—বি. পাখীর ডানা।। পাখিটার্ এক্‌টা পাখ্ বাংগা। [<পক্ষ]।
পাখড়া=[রং]—বি. খড়মের খুঁটি।। খরমের্ পাখ্‌ড়াগুলি এত খারাপ্ পা ঘা হয়ে জায়্
পাখনা=[ঢা]—বিণ. চালাক, চতুর।। সেরাডা যবর্ পাখ্‌না। [দেখ পাক্‌না]।
পাখ পাখালি=[বা]—বি. পাখী ইত্যাদি।। [<পাখ (<পক্ষী সং)+পাখ+আলি প্র.]।
পাখরা=[রা, ব]—বি. চিত্রিত [illegible] বিশিষ্ট।।
পাখরির খয়ের=[কুম]—বি. একপ্রকার খয়ের।। [<পাপড়ি (<পর্প সং)+খদির সং]।

পাখলা=[কু]—বি. ভিজার দরুন হাত পার ঘা ॥ পাখ্লাত্ পানি লাগান্ নিশেদ্ । [দেখ পাক্লা] ।

পাখলানো=[বা]—বি. ধৌত করা । [দেখ পাক্লাইয়া] ।

পাগলের চৈ'ত্ পরব=[কুম]—বি. আবিবেচকের কাজ, পাগলামী ॥ তুফানে গর্ না শাম্লাইয়া ব্যাডা আম্ কুরাইত গেসে পাগলের্ চৈ'ত্ পরব্ লাগ্সে । [পাগলের চৈত্র পর্ব ; বাগ্ধারা] ।

পাগা=[ঢা, ম, কুম]—বি. গরু বাঁধিবার দড়ি বিশেষ ॥ ল অক্গা পাগা পাহাই ।

২=[চট্ট]—বিণ. পাকা ॥ ব্যাল্ পাইগ্লে কাউয়ার্ কি ? [<পাকা] ।

পাগাট=[রং]—বি. বাসন ॥

পাগাড়=[রা, রং]—বি. জমির ঢালু অংশ ॥ পাগাড়ে তামাক্ ভাল হয় । [<পগার (প্রকার সং)] ।

পাগারি আট্কানো=[ঢা]—ক্রি. অতিরিক্ত ইচ্ছা হওয়া, একান্ত লোভ লাগা ॥ এই শব্বন্দের্ লাইগ্যা তুমার্ পাগারি আট্কাইসে ? [দেখ পাক্ড়ি+আট্কানো] ।

পাগার=[পা, ম, খু, কু]—বি. ডোবা, গর্ত. জলাভূমি, নালা ॥ পাগারে খুব মাস্ আসে । [দেখ পাগাড়্] ।

২=[রা]—বি. উঁচু ভিটার ধার ॥ [দেখ পাগাড়্] ।

৩=[রা, কুম]—বি. জঙ্গল, বাদা ॥ পাগার বুতুম্ পৈখে ডাইক্তেসে । [অর্থ প্র.] ।

৪=[কুম]—বি. পায়খানা ॥ মুর্গিডা খালি পাগার যায়্গা । [অর্থ প্র.] ।

৫=[ফ]—বি. বাড়ী সংলগ্ন জমি ॥ [অর্থ প্র.] ।

পাগালে=[কু]—বি. আখের মাথার পাতা ॥ কিসু পাগালে নিয়ে আয় ।

পাগাল=[খু, রং, ম, ফ, কুম, সি]—বি. ইস্পাত, ধার, তেজ ॥ দাওত বানাইস, পাগাল্ দিসতো দার্মাদি (ম) ? [দেখ পাকাল্$_২$] ।

পাগাল দেওয়া=[রং]—ক্রি. শান দেওয়া ॥ দাডো পাগাল্ দিয়া নিয়া আশিশ্ । [দেখ পাগাল্+দেওয়া] ।

পাগাল যাওয়া=[কু]—ক্রি. বি. পতিত যাওয়া । আমার্ পাঁচ্' বিঘা যদি এবার্ পাগাল্ গেসে ।

পাগি=[ফ]—বি. গরুর দড়ি ॥

২=[বা]—বি. দাঁত বিশেষ ॥ শেশে তোমার্ পাগিগুলাম্ ওট্ল ।

পাগব্যা=[রং]—বি. পরগাছা ॥

পাগোড়=[খু]—বি. পগার, ডোবা, খাল ॥ [দেখ পগাড়্] ।

পাগ=[চট্ট]—বি. পাখা ॥ পিপ্ড়ার্ পাগ্ উডে মৈর্বার্ লাগি । [<পাখ (<পক্ষ সং)] ।

২=[কুম]—বি. বলক, ফুটকি ॥ বাত যেমন্ পাগ্ উঠ্সে । [<পাক] ।

৩=[চট্ট]—বি. নিক্ষেপ ॥ তোরে পাগ্ মাইরম্ অাঁই ।

পাগ অওয়া=[কুম]—ক্রি. উতলানো ॥ দুদ পাগ্ আইসে । [দেখ পাগ্$_২$+হওয়া] ।

পাগ উঠা=[কুম]—ক্রি. তরল কিছু ফুটন্ত হওয়া ॥ দুদে এক্টা পাগ্ উঠ্লেই নামাইয়া লৈও । [দেখ পাগ্$_২$+উঠা] ।

পাগরা=[ব]—বি. আমন ধান বিশেষ ॥

পাগরান=[ঢা]—ক্রি. মারপিট করা ॥ কায়দামতন্ পাইলে তারে পাগ্র্যাইমু । [<পাকড়ান ; তুঃ পকড়না হিং] ।

পাঘা=[দি, রা]—বি. গরুর গলার মোটা রশি ॥

পাঘার=[দি]—বি. ক্ষেতের চারি পার্শ্বে তৈয়ারী বেড়া ॥ [দেখ পাগাড়] ।

পাঘাল=[রা]—বি. ইস্পাত ॥ ছুরি-টাত্ পাঘাল্ না দিলে কাট্চেই না । [দেখ পাকাল্$_২$] ।

পাঘলান=[রা]—ক্রি. সামান্য পানিতে ধোওয়া ॥ থালাটা এক্টু পাঘ্লাই আন্ । [<প্রক্ষালন] ।

পাচ'ন=[পা]—ক্রি. নিড়ানী ॥ [দেখ পাচ'ন্$_২$] ।

২=[ঢা, ফ]—বি. কৃষকের লাঠি, গরু তাড়ানোর লাঠি । [<প্রাজন সং] ।

৩=[ঢা]—বি. কলা গাছের বাকল বা ছাল ॥

পাচ'নি=[খু]—বি. কৃষকের ছড়ি ॥ পাচ'নিটা দাও দেখি । [দেখ পাচ'ন্ +ই প্র.] ।

পাচ'ল=[ফ]—বি. কলা গাছের বাকল ॥ কেলার্ পাচ'ল্ দিয়া দিলে বেশি দান্ হিদি করা যাইবো ।

২=[সি]—বি. শুপারী গাছের শুকনা পাতা ॥

পাচ'া=[খু, য]—বি. নিন্দা, বাজে কথা ॥ মাগো পাচ'া আর্ শুনতে পারি না । [<পাছ (<পশ্চাৎ সং) +আ প্র.] ।

২=[বা]—বি. মাটির ঘটি ॥

পাচ'াইয়া=[বা]—অস. ক্রি. সমস্তখানি জুড়িয়া, তাহার উপরে ফেলিয়া ॥ ঘাট্টা পাচ'াইয়া এক্টি খেও দেও । [< প্যাচাইয়া] ।

পাচ'া করা=[খু]—ক্রি. অপরের নিন্দা করা । [দেখ পাচ'া+করা] ।

পাচ'ানো=[সি]—ক্রি. নির্দেশ দেওয়া, বিন্যাস করা ॥

পাচ'ারি=[পা]—বি. পাঁচড়া ॥ [<পাঁচড়া+ই প্র.] ।

পাচার=[রা]—বি. আছাড় ॥ বৈশ্যাকালে পত পিস্লা ঐলে মানুশে পাচ'ার্ খায় । [<পাছাড়] ।

পাচুত পচুত=[রা]—ক্রি. ছ্যাব-লামো করা ॥ কাজের্ শময় এত পাচুত্ পুচুত্ করা কেন্ । [অনু.] ।

পাচুঁনি=[খু]—বি. গরু ছাগল তাড়া-ইবার জন্য লাঠি ॥ [দেখ পাচ'নি] ।

পাচুঁলি=[কুম]—বি. পাকামি ॥ পোলা পরার্ বেলায় বোবা আর্ পাচুঁলির্ বেলায় ওস্তাদ্ । [< পাঁচালী] ।

২=[ম]—বি. <পাশুলী, পদাঙ্গুলীর আভরণ ॥ পায়ে পাচুঁলি পিনসে ।

[<পাঁইজর(<পা پا+যেবর زیور ফা.)+ই প্র.]।

পাচু'ল্=[খু]—বি. প্রাচীর ॥ পাচু'ল্ ডিংগিয়ে চে'ার্ আইয়েচে'। [<পাচিল্ <প্রাচীর সং]।

পাচে=[রং]—ক্রি. বিণ. পরে ॥ এলা প্যাট্ ভরা আছে, মুই পাচে এলা ভাত্ খাইম্। [<পাছে]।

পাচ্যা=[ফ]—বি. ঘাস আনিবার বড় ঝুড়ি ॥ এক্ পাচ্য'া গাশ্ আনিশ্।

পাচৈ'ন্=[বা]—বি. গরু তাড়ানোর লাঠি ॥ [দেখ পাচ'নি]।

পাচে'নি=[খু]—বি. ছড়ি ॥ [দেখ পাচ'নি]।

পাচে'কা=[ম]—বি. মাছ জাতীয় এক প্রকার ছোট প্রাণী ॥

পাচ্'=[সি]—ক্রি. বি. ঘরের চাল বা বেড়া মাঝে মাঝে বাঁধ দিয়া মেরামত করণ ॥ ব্যারা শব্ পাচি'য়া না বাইন্লে খৈয়া পরি যাইবো।

পাচ্'আংগুল্ গি=[ম]—বি. নানারকম সুখ সুবিধা ॥ তার্ এ্যাহন্ পাচ্' আংগুল্ গিতে। [< পাঁচ+ আঙ্গুল +ঘি(পরিমাণ)]।

পাচ্'আত্তা=[চা]—বি. মন, খায়েশ, লোভ ॥ বর কৈডার্ মৈদ্দে তার্ পচ্'আত্তা ডুইব্যা রৈসে। [< পঞ্চ+আত্মা]।

পাচ্'কৈর‍্যা=[চা]—বিণ. আছাটা ॥ পাচ'কৈর‍্যা চ'াউলের্ বাত্ সারা সারা লাগে।

পাচ্'গেরো=[চা]—ক্রি. বিণ. পিছনে ॥ হে আমার্ পাচ্'গেরো আসে। [পাছ+গেরো=গ্রন্থি]।

পাচ্'চ'া=[সি]—ক্রি. বি. সুযোগের সন্ধান করা ॥ [<পর্চা হিং]।

পাচ্'চ'াইয়া=[সি]—বিণ. পাঁচবার চাষ করা হইয়াছে এমন ॥ [<পাঁচ +চাষিয়া]।

পাচ্'চ'াত্=[সি]—বি. সন্ধান ॥ [দেখ পাচ্'চ'া]।

পাচ্'চ'ান্=[চট্ট]—বিণ. পাঁচখানা ॥ [<পাঁচ+খান]।

পাচ্চিন্=[রা]—ক্রি. বিণ. বাতিল ॥ আমার্ শব্ মিন্নত্ পাচ্চিন্ গ্যাল্।

পাচ্'চৈ'খা=[ম]—বি. আড়াআড়ি বুনটের বেড়া, ভাঙ্গা কালো হাঁড়িতে চুণ দিয়া অংকিত চক্ষু ॥ [<পাঁচ+ চোখ+ইয়া প্র.]।

পাচ্চোকা=[রং]—বি. এক প্রকার মাছ ॥ [<পাঁচ+চোখ+আ]।

পাচ্টি=[রং]—বি. সদ্যপ্রসূত শিশু ॥

পাচ্'দ্বুয়ার্=[চা]—বি. ঘরের সম্মুখের জায়গা ॥ পাচ্'দুয়ারে দান্ রৌদ্ দে। [<পাছ (পশ্চাৎ)+দ্বার]।

২=[রং]—বি. খিড়কি, জানালা ॥ [অর্থ প্র.]।

পাচ্'নি=[সি]—বি. ফরমায়েশ ॥ পাচ্'নি হুনে না।

পাচ্'মন্=[সি]—বি. নানা দিক্ ॥ আমার্ পাচ্'মনের্ চি'ন্তা। [<পাঁচ +মন]।

পাচ্'মোরা=[চা]—ক্রি. বিণ. হাত পা ইত্যাদি ঠাসিয়া ॥ হেরে আয়্গা পাচ্'মোরা বান্দিয়া বাইরামু। [< পাছ (<পশ্ছাৎ সং)+মোড়া]।

পাচ্'রা=[ফ]—বি. এক প্রকার ঘাস ॥

পাচ্'লানো=[রা]—ক্রি. উপযুক্ত শাস্তি দেওয়া ॥ [<পাছ (<পশ্চাৎ সং)+লা+নো প্র.]।

পাছত্=[রং]—ক্রি. বিণ. পিছনে ॥ মোর্ পাছত্ জাইশ্নে। [<পশ্চাৎ সং]।

পাছন্=[রা]—ক্রি. ধার দেওয়া ॥

পাছা=[রং]—বি. লৌহ ফলকযুক্ত মাছ মারার যন্ত্র ॥

পাছাড়্=[রা]—বি. বার ॥ এ্যাক পাছাড়্ নোড্যালে। [অর্থ প্র.]।

পাছা বেলা=[রং,রা]—বি. বিকাল ॥ এখ্ন টেকা নাই, পাছাবেলা আশিশ্ দিমু। [<পাছ (<পশ্চাৎ সং)+ বেলা]।

পাছিলা=[রং]—বি. দেহের নিম্নাংশ ॥ ছুরিডার্ পাছিলা খুব্ মোডা। [<পাছ (<পশ্চাৎ সং)+ইল+আ প্র.]।

পাছ্ বেল্=[রা]—বি. বিকাল বেলা ॥ [দেখ পাছা বেলা]।

পাছ্রান্=[র]—ক্রি. ঢেঁকির গর্তের ধান ঝাড়া ॥

পাছ্লা=[রা]—বি. গালি ॥ হামাক পাছ্লা দ্যাও কেন্?

২=[রা]—বি. অপমান, প্রহার ॥ মুখের কথা পছন্দ হল না পাছ্লা জুড়লে বুঝ্বি বাহে। [দেখ পাচ্'লানো]।

পাজা=[রা]—বি. মুখ ॥ মেয়েটার্ পাজা দেখা গেল্না।

২=[রং]—বি. স্তূপ ॥ এক্পাজা খের্ গরুকে দে। [<পুঞ্জ সং]।

৩=[রা]—বি. দুই বাহুর বেষ্টনী ॥ [<পন্জহ্ پنجه ফা.]।

পাজ্বেল্=[র]—বি. বিকাল বেলা ॥ [দেখ পাছবেল্]।

পাযন্=[কুম, চট্ট]—বি. পাচন ॥ আলিরে পাযন্ডার্ মৈদ্দে যলুই লাগাইসত্নি (কুম)! [দেখ পাচ'ন্$_2$]।

পাযা=[চট্ট]—বি. বিরাম, কমবেশ ॥ দুইদিন্ ধরি যরর্ পাযা নাই।

২=[ম]—বি. দড়ি বিশেষ ॥ পাযা দিয়া সাগল্ বান্।

পাযার্$_1$=[ম]—বিণ. মোটা ॥ রহিম্ বর পাযারু।

২=[চা]—বি. কায়দা, কৌশল ॥

পাযি=[ফ]—বি. গাছে উঠিবার জন্য ব্যবহৃত রজ্জু বা গরু বাঁধার মোটা রশি ॥

পাযানো=[খু]—ক্রি. নিবাইয়া দেওয়া ॥ টেমিডা পাযাই দ্যাও না।

২=[চট্ট, ম]—ক্রি. জাবর কাটা, বিশ্রাম করা ॥ দুপুরে গরু খের্ খাই গাস্ তলে পাযায়্।

পাযির্ দোনা=[পা]—বি. অতিশয় দুষ্ট ॥ তুই এক্যন্ পাযির্ দোনা। [<পাজী پاجی ফা.+র (সম্বন্ধে)+ দ্বিগুণ+আ প্র.]।

পায়ইন্=[সি]—বি. আল্যা পায়ুইন্ তর্ পিডত্ বাংমু। [দেখ পাচ'ন্]।

পায়ন্=[কুম]—বি. ছোটলাঠি ॥ [দেখ পাচ'ন্₁]।

পায়য়া=[সি]—বি. চুনা পাথর চুন করার গর্ত ॥ [পযাবহ پزاوہ ফা.]।

পায়েন্=[সি]—বি. কঞ্চি, বাঁশের শাখা ॥ [দেখ পাচ'ন্₂]।

পায়্=[সি]—বি. সুর, তাল ॥

পায়্যেন্=[কুম]—বি. বিচার সভা বা পাঁচ জন ॥ তোমরা তোম্রা হামাহা গোল্মাল্ কৈর না পায়্যন্ লৈয়া যা কৈর্বার্ কৈর। [<পাঁচ+জন= পঞ্চায়েৎ]।

পায়্যালি=[কুম]—বি. অসদাচরণ ॥ হগলের্ লগে পায়্যালি করা বালা না। [দেখ পাইচ'ালি]।

পায়্যেয়া=[ম]—বি. পোড়াইবার জন্য দেওয়া স্তুপ ॥ ইটের পায়ুয়ায়্ আগুন্ দেওয়া হৈসে ? [দেখ পায়ুয়া]।

পায়্রা=[রা]—বি., বিণ. অধম ॥ [<পা+ঝাড়া]।

পায়্রানো=[ঢা]—ক্রি. জর জর ভাব হওয়া ॥ আমার্ গাওডা পায়্রাইতাসে।

২=[ঢা]—ক্রি. জড়াইয়া ধরা ॥ আমারে পায়্রাইয়া দর্। [< পাছড়ানো]।

পায়্রা পায়্রি=[ঢা]—ক্রি. বিণ. হুড়াহুড়ি ॥ তোরা পায়্রা পায়্রি করিস্ না। [<পাছড়া পাছড়ি]।

পায়্রার কাঠি=[খু]—বি. দুর্ভাগ্য ॥ [দেখ পায়্রা+র (সম্বন্ধে)+কাঠি]।

পায়্লানো=[ঢা]—ক্রি. টিপ মারা ॥ এক্টু চে'াখ্ পায়্লায়েন্।

পাটা=[রং]—বি. পাট গাছ ॥ [< পাট+আ]।

২=[পা]—বি. শ্রমিক ॥

৩=[সি, নো, খু]—বি. মরিচ বাটার শিল নোড়া ॥ এক্টা পাটা পুতানির দাম্ কত ঐব ? [<পট্টক সং]।

৪=[রা, খু, ম]—বি. মাছ ধরিবার ফাঁদ ॥ খালে পাটা দাওত মাছ্ পড়বে (রা)।

৫=[পা]—বিণ. পাঁঠা, বোকা ॥ তুই এ্যাক্টা আসত পাটা। [< পাঁঠা]।

৬=[পা]—বি. সিঁড়ি ॥ [<পৈঠা <প্রতিষ্ঠা সং]।

পাটাইং=[সি]—বি. বেতের তৈরী পানের বাটা ॥ [দেখ পাটা₃+আন প্র.]।

পাটাংগি=[সি]—বি. থালি ॥ [দেখ পাটাইং]।

পাটাতন্=[রা, ঢা, ম]—বি. নৌকার গোড়ার উপর বিছানো তক্তা। [দেখ পাটা₆+তন প্র.]।

পাটানি=[রা, রং]—বি. মেয়েদের পরনের খাটো কাপড় ॥ পর্বার্ এখানা পাটানি তাও কপালে জুটে না। [দেখ পাটা+নি প্র.]।

পাটারি=[খু]—বি. পাটালী গুড় ॥ পাটারির্ দাম্ কমেসে। [<পাটালি]।

পাটালু=[পা]—বি. নৌকার পার্শ্বের তক্তা ॥ [দেখ পাটা+লু প্র.]।

পাটাল্=[রা]—বি. পাড়া ॥

পাটাশি=[ব, রং]—বি. শুকনা পাট গাছ ॥ [<পাট+আঁশ (<অংশু সং)+ই প্র.]।

পাটাশোলা=[পা]—বি. ফতুয়া, গেঞ্জী ॥

পাটি=[বা]—বি. মই ॥ তোমাগ দেশে যেটা মৈ বলে শেঠা মোগ দেশে পাটি বলে। [দেখ পাটা₆+ই প্র.]।

পাটিকা=[রং]—বি. ইট ॥ ঘরের পাটিকা খৈ গেইচে। [<পাটক সং ; ক্ষুদ্রার্থে]।

পাটি গাস্=[ফ]—বি. পাটি তৈয়ারীর গাছ বিশেষ ॥ [<পাটি+গাছ]।

পাটি জরা=[রা]—বি. চাউলের আটার পিঠা বিশেষ ॥ জামাই আশ্ছে পাটিজরা কর। [<পাটি+জড়া <জড়ানো]।

পাটি শপ্তা=[খু]-বি. পিঠা বিশেষ ॥ [<পাটি সাপটা]।

পাটি শব্লো=[ফ]—বি. এক প্রকার পিঠা ॥

পাটি শুই=[কু]—বি. বড় আকৃতির সূচ ॥ [<পাটি+সুঁই (<সূচী সং)]।

পাটুয়া=[বা]—বি. কটির নিম্নের দুই দিক্ ॥

পাটুয়ারি=[ঢা]—বি. গদী ॥ [< পাটোয়ার+ই প্র.]।

২=[ম]—বি. আমলা ॥ [পূর্বে দেখ]।

পাটুলি=[খু]—বি., বিণ. পরিপাটি ভাবে চলে যে ॥ আরে আমার্ পাটুলি। [<পাট (<পাটি সং)+ওয়ালি প্র.]।

পাটে=[কু]—বি. চুলা হইতে পাতিল নামাইবার কাজে ব্যবহৃত ন্যাকড়া ॥ [<পাট+এ প্র.]।

পাটেরা=[সি]—বি. বেত নির্মিত বাক্স বিশেষ ॥ [<পেটরা (<পেটক সং)]।

পাটের পাছড়া=[রং]—বি. রেশমের কাপড় বিশেষ ॥ [<পাট+এর (সম্বন্ধে)+পাছড়া (প্রচ্ছদপট সং)]।

পাটেল্=[খু]—বি. পাট ক্ষেতের কৃষক ॥ [<পাট+এল প্র.]।

পাট্=[ঢা]—বি. পুল বা সেতুর এক একটি অংশ॥ এই পাট্টা চে'ারে লৈয়া গেসে। [<পাট (<পট্ট সং)]।

২=[পা]—বি. কামলা, শ্রমিক ॥

৩=[ঢা]—বি. নদীর ঘাটে পাথরের তৈরী সোপান ॥ [দেখ পাটা]।

৪=[চট্ট]—বি. পিড়ি॥ মানুষ্ ইগরে বৈবার্ পাট্ দে। [অর্থ প্র.]।

পাট্ করা=[কু]—ক্রি. চামড়া ছাড়ান॥

পাট্কা=[ব]—বি. খেলার সঙ্গী ॥

পাট্কি=[রং]—বি. মাটির কুয়া ॥ পাট্কির্ জল্ খুব্ ঠান্ডা। [<পাত কূয়া]।

পাট্কেল্=[ঢা]—বি. ইট ॥ পাট্-কেলের্ শ কত ? [<পাটকোল]।

পাট্টা=[পা]—বি. কুম্ভকারের চাক, বলাকা ॥ [দেখ পাটা₃ ; পাট্টা]।

পাট্‌টাউ=[খ]—বি. সুতা পাকাইবার উপকরণ বিশেষ ॥ এ পাট্‌টাউডা ভাল না। [পাট+টাকু(<তর্কু সং)]।

পাট্‌টাউর্‌=[য, ফ]—বি. দড়ি পাকাইবার যন্ত্র ॥ পাট্‌টাউর্‌টা দাওতো। [দেখ পাট্‌টাউ]।

পাট্‌টি=[ম]—বি. খেলার অংশ ॥ আম্‌রা এক্‌ পাট্‌টি যিত্‌সি। [< পার্টি party ইং]।

পাট্‌টুয়া=[সি]—বি. এক রকমের ছোট জোঁক ॥ আমারে পাট্‌টুয়ায়্‌ খাইয়া রাখে নাই।

পাট্‌ট্যা=[রা, দি, কুম]—বি. ছেঁড়া ন্যাকড়া ॥ পাট্‌ট্যা দি চুলার্‌ পাতিল্‌ নামাও (রা)। [<পাট+ইয়া প্র.]।

পাট্‌ট্যা মাস্‌=[ফ]—বি. তৈলহীন মাছ ॥ পাট্‌ট্যা মাসে শাদ্‌ কম্‌।

পাট্‌ট্যাল্‌=[পা]—বি. কামলা, মজুর ॥

পাট্‌নাই=[রা]—বি. একটি ধানের নাম ॥

পাট্‌পিট্‌না=[রা]—বি. যে মোটা কাঠি দিয়া পাট পিটাইয়া নরম করা হয় ॥ [<পাট+পিটানো]।

পাট্‌মাদ্‌দৈ=[ফ]—বি. পাট গাছের ন্যায় এক প্রকার ছোট গাছ ॥

পাট্‌রাকোর্‌=[খু]—বি. পাটের দড়ি পাকাইবার কাঠি ॥ [দেখ পাট্‌টাউ]।

পাট্‌রি=[চট্ট]—বি. মিথ্যা, ছল ॥ [<পাটোয়ারি ; অর্থ প্র.]।

পাট্‌লাশ্‌=[পা]—বি. যক্ষের ধন ॥

পাট্‌লি=[ম]—বি. বাছুর ॥ পাট্‌লি হাম্‌বা কৈরা ডাক্‌তাসে।

পাট্‌শায়্‌=[রা]—বি. ধান গুছাইবার তক্তা বিশেষ ॥

পাট্‌হাতি=[ম]—বি. রাজহাতী ॥ [দেখ পাট্‌+হাতী]।

পাঠা=[ব]—বি. বন্য বৃক্ষ বিশেষ ॥

পাঠি=[রা]—বি. গরু চরানোর দড়ি ॥

পাঠেল্‌=[খু]—বি. বরজের কাজ করে যে ॥ তোম্‌রা কয়্‌ যন্‌ পাঠেল্‌ রেখেস ?

পাঠ্‌=[কুম]—ক্রি. বিণ. ওৎ ॥ মার্‌তে পাঠ্‌ পাত্‌সে।

পাঠ্‌রা=[রা]—বিণ. মোটাসোটা ॥ পাঠ্‌রা হৈয়্যা আছিশ্‌ তাও কেনে কাম্‌ পারিশ্‌ না। [<পাঁঠ<পাঁঠা+রা প্র.]।

পাডা=[বা. কুম]—বি. পাঁঠা ॥ [< পাঁঠা]।

২=[চট্ট, ফ, কুম]—বি. মরিচ পিষার শিলনোড়া ॥ 'পাডা বাডাইনে গশা-গশি মরিচ'র্‌ যিবন্‌ শ্যাশ্‌' (চট্ট)। [দেখ পাটা৩]।

পাডাইয়া দেওয়া=[ঢা]—ক্রি. পাঠাইয়া দেওয়া ॥ ডর্‌ দেহাইয়া বারিত্‌ পাডাইয়া দ্যাও। [<পাঠাইয়া দেওয়া]।

পাডাতন্‌=[কুম, ফ]—বি. নৌকার উপর বসিবার জন্য বাঁশের নির্মিত আসন ॥ [দেখ পাটাতন্‌]।

পাডারি=[কু]—বি. পাট ব্যবসায়ী ॥ পাডারির্‌ যি বিয়া কৈরা দেমাগ্‌ কি ? [<পাট+আরী প্র.]।

পাডি=[কুম]—বি. অল্প বয়স্ক ছাগী ॥ আমার্‌ ঐন্‌না পাডিডা পন্‌র টেহা দাম্‌ ঐসে। [পাঁঠি]।

পাডিবা=[চট্ট]—বি. পাটিখানা ॥ [পাটি+বা]।

পাডিহাব্‌ডা=[ঢা]—বি. পাটিসাপটা পিঠা ॥ [< পাটি+সাপটা < সাপটানো]।

পাডের্‌ বুর্‌=[ঢা]—বি. ভিজাইবার জন্য পাটের স্তূপ ॥ পাডের্‌ বুর্‌ডা আইসেনি। [<পাটের+ভেলা< ভেলক সং]।

পাডোল্‌=[ঢা]—বি. পাখী বিশেষ ॥ পাডোল্‌ পৈক্‌ খাইতে খুব্‌ শাদ্‌।

পাড়ং=[খু]—বি. ঘাস জঙ্গলশূন্য ইট কাটার স্থান বিশেষ ॥

পাড়ল্‌=[নো]—বি. মাছ ধরার যন্ত্র বিশেষ (দুই মুখ খোলা থাকে, মাছ প্রবেশ করিলে বাহির হইতে পারে না) ॥

পাড়া=[খু]—ক্রি. সজোরে ফেলিয়া দেওয়া ॥ [অর্থ প্র.]।

পাড়ানো=[খু]—ক্রি. মাড়ানো, পদদলিত করা ॥ [<পাড়া+নো প্র.]।

পাড়ান্‌=[খু]—বি. মাচান ॥ [< পাট(<পট্ট সং)+আন প্র.]।

পাড়াপাড়ি=[বং, পা]—বি. প্রতিযোগিতা, হুড়াহুড়ি ॥ [<পাড়া+পাড়া+ই]।

২=[খু, রা]—ক্রি. বিণ. জড়াজড়ি, তাড়াহুড়া ॥ [<অর্থ প্র.]।

পাড়াপ্যাড়ি=[পা]—ক্রি.বিণ. ধড়ফড়, অস্থিরতা ॥ [দেখ পাড়াপাড়ি]।

পাড়াল্‌ হওয়া=[পা]—ক্রি. কোন বিষয়ে বাধা সৃষ্টি করা ॥

পাড়া হাকা=[রং]—ক্রি. গান গাহিয়া গ্রামে গ্রামে ভ্রমণ করা ॥ চ্যাংরাটা দিন্‌মানে পাড়া হাকে ব্যাড়ায়্‌। [পাড়া(<পত্র সং)+হাঁক (<হুংকার সং)+আ]।

পাড়িয়া=[নো]—বি. একপ্রকার ধান ॥ পাড়িয়া দানের্‌ বাত্‌ বালা অয়্‌ ন।

পাড়ু=[রা]—বিণ. শেষ ॥ [< পাড়া(=পতিত করা)+উ প্র.]।

পাড়েম্‌=[পা, কুম]—বি. আড়ং, ঘর তোলার আগে খাম খুঁটি লাগাইবার জন্য তৈয়ারী মাচা বিশেষ ॥

পাড়েল্‌=[য]—বি. নদীর পাড়ের ঢালু অংশ ॥ [<পাড়(<পাটক সং) +এল প্র.]।

পাড়ো=[রা]—ক্রি. বিণ. আয়ত্ত, কবলিত ॥ [<√পাড়<পাড়া+ও প্র.]।

পাড়োন্‌=[রা]—ক্রি. বি. ফেলানো, বিছানো ॥ পাড়োনৈ হয়্‌নি। [<√পাড়্‌ <পাড়া+অন প্র.]।

পাড়োল্‌=[ব]—বি. মৌমাছির চাক কাটে যে ॥

পাড়্‌=[ফ]—বি. ঘর তৈরীর বাঁশ বিশেষ ॥

২=[কুম]—বি. খেলার আরম্ভ হইতে শেষ পর্যন্ত সময় ॥

৩=[পা, ব]—বি. ঘরের পাইড় বিশেষ, ডাব বিশেষ ॥ [<পাড় (<পট্ট সং); অর্থ প্র.]।

৪=[রা]—বিণ. শেষ॥ [দেখ পাড়্২]।

৫=[ফ]—বি. চাইয়ের মধ্যে মাছ ঢুকিবার জায়গা॥ [দেখ পাড়েল্]।

পাড় দেওয়া=[রং, পা]—ক্রি. ধান ভানিবার জন্য ঢেঁকির উপর পায়ের চাপ দেওয়া॥ [<পাড় (<পাত সং)+দেওয়া]।

পাতন=[কুম]—বি. প্রপৌত্র॥ পাতনের্ বিয়া ঐসে। [<পোতা <পৌত্র+ন প্র.]।

২=[ফ]—ক্রি. বিণ. ওৎ॥ বিড়াল্ পাতন্ দিয়া ইন্দুর্ মারে। [<√পাত্<পাতা+অন প্র.]

পাতন দেওয়া=[খু, রা]—ক্রি. বি. গোপন কথা শুনিবার জন লোকজনের অগোচরে অবস্থান করা॥ [দেখ পাতন্২+দেওয়া]।

পাতন লওয়া=[খু]—ক্রি. বি. ওৎ পাতিয়া কিছু শোনা॥ [<দেখ পাতন্২+লওয়া]।

পাতর=[কুম]—বি. মা॥ গরুটা পাতরে গাশ্ খায়্। [< প্রান্তর সং]।

পাতল=[রং, ম]—বি. পাতলা॥ গিলাশ্টা এ্যাহেবারেই পা ল্। [< পাত্(<পত্র সং)+ল প্র.।

২=[য়া]—বি. প্রস্থ [<পাত্ (<প্রস্থ সং)+অল প্র.]।

পাতল পাওয়া=[পা —ক্রি. বি. শূন্য বোধ করা, আরাম ধ হওয়া॥ [দেখ পাতল্+পাওয়া]

পাতা=[রা]—বি. চর লুকাইয়া যে অন্যের কথা শুনে॥ [দে পাতন্২]।

২=[কুম]—বি. অলং র বিশেষ॥ [পাতা(<পত্র সং); অর্থ প্র.]।

৩=[বা]—বি. দাঁড়ের ইত সংলগ্ন কাঠ॥

৪=[য]—বি. ধানের চ ॥ [দেখ পাতা২; অর্থ প্র.]।

৫=[সি]—বি. মেঘে ডাকে মাছের উজান উঠিয়া ভিড় বাঁধিব স্থান॥

৬=[রা]—বি. সাপুড়ে॥

৭=[চা]—ক্রি. আরম্ভ করা॥ মাইরের্ চে'াড়ে চি'ল্লানি পাত্সে। [অর্থ প্র.]।

পাতাই=[রং]—বি. শুকনা ঝরা পাতা॥ পাতাই পড়ে পড়ে আংনাটা উব্তি ঐছে। [<পাত্ (<পত্র সং) +আই প্র.]।

পাতাইত=[খু]—বি. উচ্চ বংশ॥ তুইতো পাতাইতের্ সেলে। [<পাত্র +ইত প্র.]।

পাতাইন করা=[রা]—ক্রি. বাধা সৃষ্টি করা॥ [দেখ পাতান্২+করা ; অর্থ প্র.]।

পাতাইল্যা=[ম]—ক্রি. বিণ. কাজ নষ্ট, ঠেকা॥ [দেখ পাতল্২+ইয়া প্র. ; অর্থ প্র.]।

২=[চা, ফ]—বিণ. বাঁকা, একগুঁয়ে, জেদী॥ হেয়্ আবার্ পাতাইল্যা ঐসে এই কাম্ কৈর্ত (চা)। [অর্থ প্র.]।

পাতাইল্যা কোল=[ম]—বি. মাথা এক হাতের উপর আর পা অন্য হাতের উপর রাখিয়া কোলে লইবার রীতি॥ [দেখ পাতাইল্যা+কোল]।

পাতাল্যাপানা=[চা]—বি. বিরুদ্ধাচারণ, বিপক্ষ অবলম্বন॥ তার্তো আছে কেবল্ পাতাইল্যাপানা। [দেখ পাতাইল্যা+পানা<পনা]।

পাতাইল=[পা]—বি. চওড়া। [দেখ পাতল্]।

পাতাইললা=[কু]—বিণ. প্রস্থের, চওড়ার॥ ও করিম্ পাতাইল্লা পত্ দিয়ে যে বাবার্ যাইশ্? [দেখ পাতাইল্যা]।

পাতাইলামি=[বা]—বি. একগুঁয়েপনা॥ পাতাইল্লামি করিস্ না। [দেখ পাতাইল্যা+মি প্র.]।

পাতা করা=[পা]—বি. শিকার ধরার জন্য ওঁৎ পাতা॥ [দেখ পাতন্২+করা]।

পাতা কাটা=[বা]—বি. বড়শির ফাতনা বা টোপ॥ বালা পাতাকাটা না ঐলে মাস্ দরে না। [<পাতা (<পত্র)+কাঠি]।

পাতা কাঠি=[ম]—বি. ফাতনা॥ ময়ুরের্ পাখের্ পাতাকাঠি বালা অয়্। [দেখ পাতাকাটা]।

পাতাড়ি=[রা]—বি. পান॥ [<পাতা <পত্র সং+ড়ি প্র. ; অর্থ প্র.]।

২=[য, পা]—বি. বড়শীর ফাতনা॥ পাতাড়ি ডুবাইলেই সিপে টান্ দিবি। [অর্থ প্র.]।

৩=[রা, দি, রং]—বি. শুকনা ঝরা পাতা॥ কিছু পাতাড়ি শাম্টে আন্॥ [অর্থ প্র.]।

২=[রা, দি, যি, খু]—বি. দক্ষিণ সাগরীয় মাছ বিশেষ, ছোট কোরাল মাছ॥

পাতান=[দি, রা, রং]—বি. ধানের চিটা॥ [<পাতা (<পত্র সং)+ন প্র.]।

পাতা পড়া=[পা]—ক্রি. চুপ থাকা, বিরত থাকা, একত্রিত হওয়া॥ [< পাতা (<পত্র সং)+পড়া ; অর্থ]।

পাতা বাহার=[রা]—বি. হাতের অলঙ্কার বিশেষ॥ [<পাতা (পত্র সং) +বহার بهار ফা.]।

পাতাম=[বা,চা,ম,কুম]—বি. নৌকায় ব্যবহৃত হয় এমন এক প্রকার লোহা॥ ম্যাস্তরি নায়্তে পাতাম্ মারে। [< পাতা (<পত্র সং)+ম প্র.]।

২=[কুম,ফ,রা]—বি. লম্বা নৌকা॥ পাতাম্ খুব্ চ'লে। [অর্থ. প্র]।

পাতাম লোয়া=[কুম]—বি. নৌকায় ব্যবহৃত লোহা বিশেষ॥ [দেখ পাতাম্ +লোই সং]।

পাতাম লোহা=[রা]—বি. নৌকার তক্তা জোড়া দেওয়ার জন্য ব্যবহৃত একপ্রকার লোহা॥ [দেখ পাতাম্ লোয়া]।

পাতারি=[ফ]—বিণ. অসভ্য॥ তুমি বড় পাতারি। [<পাত্ (<পত্র সং) +আরি প্র. ; তুং ফাত্রা (য)]।

২=[বা]—বি. কৃষক, চাষী॥ পাতারি খ্যাতে গেসে। [<পাতার <প্রান্তর সং+ই প্র]।

পাতার়$_1$=[রং]—বি. চাষী ॥ পাতারু এখন্ও বাড়ি আশে না। [দেখ পাতারি +উ প্র]।

পাতারে=[সি, ম]—ক্রি. বিণ. প্রস্থে ॥ গর্ খানি পাতারে পন্‌র আত্। [<পাতা (<প্রস্থ সং)+আর+এ (বিভক্তি)]।

পাতার‍্যা=[ম]—বি. পাঁজা ॥ পাতার‍্যা কোল কৈরা বারিত্ আনন্ লাগ্‌ব। [দেখ পাতাইল্যা]।

পাতার়=[ম]—বি. প্রস্থ ॥ [দেখ পাতারে]।

২=[রা]—বি. মাঠ ॥ [<প্রান্তর সং]।

৩=[রং]—বি. স্ত্রীলোকের প্রস্রাব পায়খানার স্থান ॥ [অর্থ প্র.]।

পাতার় কাড়়=[রং]—বি. পায়খানা ॥ [দেখ পাতার্$_2$+কাঁড় (কাণ্ড সং)+ই প্র.]।

পাতালি=[নো, কুম]-ক্রি. বিণ. প্রস্থে ॥ গাং পাতালি হাতার্ দিসে। [দেখ পাতাইল্যা]।

২=[ঢা]—বিণ. সোজা ॥ এই পাতালি রাস্তা দিয়া যাও। [অর্থ প্র.]।

৩=[ফ]—ক্রি. বিণ. আড়াআড়ি ভাবে ॥ কদুডা পাতালি কাড। [অর্থ প্র.]।

পাতাল়=[রা]—বি. প্রস্থ ॥ ঘরের্ পাতাল্ কত? [দেখ পাতল্$_2$]।

পাতাল় কোলা=[রা]—ক্রি. বিণ. পাঁজা কোলা ॥ পাতাল্‌কোলা ছল্‌ক নিয়ে মুই জাবা পার্‌মু না। [দেখ পাতল্$_2$+কোল+আ প্র.]।

পাতাল় টেপা=[পা]—বিণ. যে কর্তব্যে অবহেলা করে ॥ এই বেটা বড় পাতাল্ টেপা। [<পাতাল (<পত্+অল)+টেপা]।

পাতাল় ফোর়=[রা]—বি. কেঁচো ॥ [<পাতাল+ফোঁড় (<স্ফুট্ সং)]।

পাতাল় বাশি=[নো,বা]—বি. আশ্বিন মাসের চরের জমিনের পোকা বিশেষ ॥ [<পাতাল+বাশী]।

পাতাশি=[রা]—বিণ. পাতলা ॥ ছেলেটা একেবারে পাতাশি। [<পাতা (<পত্র সং)+শি প্র.]।

২=[রা, দি]—বি. এক প্রকার ক্ষুদ্র মাছ ॥

পাতা শিরি=[কুম]—বি. পাটা রাখিবার উঁচু তাক ॥ পাতাশিরি লেপ্। [দেখ পাটা$_3$+সিঁড়ি (<শ্রেণী সং)]।

পাতা সিদ্‌র় করা=[ম]—ক্রি. উপকারীর অপকার করা ॥ যার্ বাত্ খাও, তার্ পাতা সিদ্‌র কর তুমি কি কম্ বেইমান্। [<পাতা (<পত্র সং) +ছিদ্র করা]।

পাতি=[খু]—বি. পরিমাণ করিবার পাত্র ॥ [<পাত (+পাত্র সং)+ই প্র.]।

২=[রং]—বি. বাঁশের চিকন শলাকা বা বেত ॥ [<পাত (<পত্র সং)+ই প্র.]।

৩=[কুম, ম, ঢা]—বি. বাঁশের তৈরী পাত্র, টুকরী, চাংগারী, ঝুড়ি, ধামা, সাজি ॥ আমগুন্ পাতিত্ রাহ। [দেখ পাতি; অর্থ প্র.]।

৪=[ম]—বি. ব্যবস্থাপত্র ॥ [<পাঁতি <পঙ্‌ক্তি সং]।

৫=[রং]—বি. শশা ॥

৬=[রা]—বি. সমূহ ॥ শালুন্‌পাতি নশ্ট হৈল্। [<পাঁতি(<পঙ্‌ক্তি সং)]।

৭=[রা]—বি. আখের কচি গাছ ॥ [দেখ পাতি$_2$; অর্থ প্র.]।

৮=[য]—বি. গাড়ীর পাতির কাঠ ॥ [দেখ পাতি$_6$]।

৯=[কুম]—বি. চক্ষুর পাতা, ব্রু ॥ গন্ গন্ চে'খের্ পাতি মারা বালা না। [দেখ পাতি$_8$; অর্থপ্র.]।

পাতি ডাল়=[বা]—বি. গাছের উঁচু ছোট ডাল ॥ [<পাতি (উপসর্গ)+ডাল]।

পাতিত়=[কুম]—বি. (গরুকে লাঙ্গল টানা শিখানোর জন্য) হালের পাশ ॥ গরুডারে দুই একদিন পাতিত্ গুরাইয়া লও। [দেখ পাতি$_2$+ত(বিভক্তি)]।

পাতি নেওয়া=[পা]—ক্রি. বুদ্ধি বা যুক্তি নেওয়া ॥ [দেখ পাতি$_4$+নেওয়া]।

পাতি পাত়তর়=[বা]—বি. বিয়ের কথাবার্তা ॥ বিয়ের্ পাতি পাত্‌তর্ ঠিক্ কর। [দেখ পাতি$_4$+পাত্র সং]।

পাতি লেম্‌বরা=[ঢা]—বি. সাদা আমন ধান বিশেষ ॥

পাতিল=[য]—বি. শৃগাল ॥ [<পাতি শিয়াল]।

পাতি হাব়লা=[ঢা]—বি. এক প্রকার পিঠা ॥ [<পাটি+সাপরা<সাপটা <সাপটান]।

পাতুরি=[ম]—বি. শিম ॥

২=[ফ, কুম]—বি. ঘন করিয়া পাক করা মাছ তরকারী, শুকনা ব্যঞ্জন ॥ গুরা মাসুগুন্ আইয়্গা পাতুরি কৈর্‌বা। [<পাত্(<পত্র সং)+উরি প্র.]।

পাতুলি=[কুম]—বিণ. ছোট, নীরস, দুর্বল ॥ পুরান্ শোনা পাতুলি। [<পাতা<পত্র সং+উলি]।

পাতে দেওয়া=[বা]—বি. খাওয়ার অবস্থায় থালায় দেওয়া ॥ তর্‌কারি আমার্ পাতে দ্যাও। [<পাত(<পাত্র সং)+এ(বিভক্তি)+দেওয়া]।

পাত্যালা=[রা]—বি. মই ॥ [দেখ পাটি+আল<হাল(<হল সং)]।

পাতো=[য, বা, ফ, খু]—বি. ধানের চারা ॥ [<পাত(<পত্র সং)+ও প্র.]।

পাতোন়=[ফ]—ক্রি. বি. পানিতে রাখা ॥ বেশি পানিতে চ'াই পাতোন্ যায় না। [পাত্+ <পাতা+অন প্র.]।

পাতোরা=[কুম]—বি. ব্যঞ্জন বিশেষ ॥ ইচ'া মাসের্ পাতোরা বালা। [দেখ পাতুরি$_2$]।

পাতোর় কুটি=[রা]—বি. ধানের শ্রেণী বিশেষ ॥ [<পাথর কুটি]।

পাতোর বান্দা=[চা]—বিণ. মাঠ-জোড়া ॥ পাতোর্ বান্দা আমাগ যমিন্। [পাতর (<প্রান্তর সং)+বাঁধা]।

পাত=[চা]—বি. পাত্র, থালা ॥ এই পাতে এক্টু গোস্তো দ্যাও। [<পাত্র সং]।

২=[সি]—বি. সম্মুখ ॥ পাতর্ বাত্ খাইস্ না।

৩=[সি]—বি. ব্লেড ॥ ই পাতর্ দাম্ কত। [<পত্র সং]।

৪=[পা]—ক্রি. বি. বাদ যাওয়া, জমিতে ফসল বোনার সময় কিছু জায়গা বাদ পড়া ॥ এ যাগায় দান্ গাস্ উঠে নাই, বিস্থন্ বুনার্ শময় পাত্ ফেল্সে। [<পাত সং]।

৫=[বা]—বি. গুহ্যদ্বার দিয়া নির্গত বায়ু ॥ [<পাদ (<পর্দন সং)]।

পাত করে=[খু]—ক্রি. বিণ. তাড়া-তাড়ি ॥ [<পাত(অনু.)+করিয়া]।

পাত কাইর=[সি]—বি. ধান ইত্যাদি আনা নেওয়ার জন্য বাঁশের উপকরণ ॥ দান্ আন্বার্ লাগি পাত্কাইর্ লৈয়া যাও।

পাত কাল্যা=[রা]—বি. একটি ধানের নাম ॥

পাত কুটালি=[ম]—বি. খড়ের ছোট টুকরা বা আঁশ ॥ পাত্কুটালি যরাইয়া থু, যরিতে উইর‍্যা যাইবগা। [<পাত(<পত্র সং)+কুটা+লি প্র.]।

পাত কুড়=[রা]—বি., বিণ. কৃতঘ্ন, নিমকহারাম ॥ তুমি জার্ খাও তারৈ খতি কর, পাত্কুড্ কোথাকার্। [পাত (+পাত্র)+ফোঁড়]।

পাতকো=[খু]—বি. পাতকুয়া ॥ [<পাতকুয়া]।

পাতযির=[কুম]—বি. ছোট কেঁচো ॥ পাত্যির্ দিয়া মাস্ দরন্ যায়। [<পাতি(উপসর্গ)+জির(কেঁচো)]।

পাততর=[রং]—বি. বর ॥ [<পাত্র সং]।

পাততা=[ম, ফ, সি, রা]—বি. খোঁজ খবর, নিকাশ ॥ তোমার্ পাত্তাই মিল্ল না। [<পত্তহ্ হিং]।

পাততি=[সি]—বি. মাছের আঁশ ॥ কৈ মাসের্ পাত্তি। [<পাত(<পত্র সং)+ই প্র.]।

পাততিরি=[রং]—বি. কনে, পাত্রী ॥ এটা বিয়ার্ পাত্তিরি। [<পাত্রী সং]।

পাততুয়া=[বা]—বি. হাতে টানা মই ॥ বিয্ ফ্যালাইসি বাইল্না পখিতে খাইতে পারে পাত্তুয়া টাইনা দ্যাও। [<পাত(<পত্র সং)+উয়া প্র.]।

পাততে=[খু]—বি. ধানের চারা ॥ [<পাত্(<পত্র সং)+এ প্র.]।

পাততোর=[ফ, পা]—বি. বর ॥ মেয়েডা বালা এক্টা পাত্তোর্ দেইখ্যা বিয়া দ্যাও। [<পাত্র সং]।

২=[ফ, পা]—বি. পাত্র, আধার ॥ পাত্তোর্ অবাবে দান্ডি মাটিতে রৈল্। [পূর্বে দেখ]।

পাতনা=[ফ, চা]—বি. সাময়িক ভাবে পুঁতিয়া রাখার অবস্থা ॥ [<পাত সং+না প্র.]।

২=[খু]—বি. গরুকে খাদ্য দেওয়ার বড় মাটির গামলা, চাড়ি ॥ [<পাত (<পাত্র সং)+না প্র.]।

পাতনা যাল=[য, খু]—বি. মাছ ধরার ভাসমান জাল বিশেষ ॥ পাত্না যাল্ বাশালে মাস্ বাযে। [<√পাত্ (<পাতা)+না প্র.+জাল]।

পাতনা দেওয়া=[চা]—বিণ. জুড়িয়া রাখা ॥ পাত্না দেওয়া বিয়া বালা না। [দেখ পাত্না+দেওয়া]।

পাতনি=[সি]—বি. সূচনা ॥ কতা খানের্ পাত্নি দিলাম্। [<পত্তন+ই প্র.]।

পাতনি পাতা=[বা]—ক্রি. ওৎ পাতিয়া গোপন কথা শুনা ॥ [দেখ পাত্নি+পাতা]।

পাত পাত=[সি]—বিণ. পাতলা পাতলা, ফাঁকফাঁক ॥ [<পাত(<পত্র সং ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

পাতরা=[ফ]—বি. রোদ বৃষ্টির সময় কৃষকগণ মাথায় দেয় এমন ছাতা, মাথাল ॥ এই রোদে পাত্রা না হৈলে খেতে থাকোন্ যাইবো না। [<পাত (পত্র সং)+রা]।

২=[বা]—বি. কলাপাতায় মুড়িয়া আগুনে পুড়াইয়া পাককরা তরকারী ॥ ইসা মাসের্ পাত্রা দ্যাও। [অর্থ প্র.]।

পাতরানো=[চা]—ক্রি. আখ প্রভৃতির শিকড় গাছ হইতে ছাড়ান ॥ আখ্গুলি পাত্রাও। [দেখ পাত্রা+নো প্র. ; নামধাতু]।

২=[বা]—ক্রি. জমির নাড়া কাটিয়া রাখা ॥ দান্ খ্যাতুডা পাত্রাই থোও। [অর্থ প্র.]।

পাতরি=[ফ]—বি. মোরগের চামড়া ॥ [দেখ পাত্রা+ই প্র.]।

২=[চা]—বি. শুকনা ছালুন ॥ মাস্গুলা পাত্রি কর। [দেখ পাত্রা+ই]।

পাতরো=[ফ]—বি. ক্ষেত, মাঠ ॥ তোম্রা অহন্ পাত্রো যাইবা নিহি। [<পাতার<প্রান্তর সং]।

পাতলা=[কুম, ম, চা]—বি. মাথাল টোকা ॥ পাত্লার্ যোরা আড্ আনা। [দেখ পাত্রা]।

পাতলা চ'তলা=[সি, ফ]—বিণ. হালকা পাতলা ॥ [<পাতলা (<পত্র+লা)+চাতলা (অনুঃ)]।

পাতশেল=[খু]—বি. শৃগাল ॥ পাত্শেল্ মুর্গি দরেচে'। [<পাতি (উপসর্গ)+শিয়াল(<শৃগাল সং)]।

পাথর=[কুম]—বি. মাঠ, শস্যক্ষেত্র ॥ আইয্ কোন্ পাথরে আল্ নেওয়া ঐবো ? [দেখ পাত্রো]।

পাথর চি'নি=[খু]—বি. ছোট এক প্রকার গাছ (ইহার পাতা পুরু ও অম্ল স্বাদবিশিষ্ট। ইহার পাতা মাটিতে পড়িলে পাতা হইতেই চারা নির্গত হয়। পেটের অসুখের ভাল ঔষধ) ॥

পাথর্ শান্=[ম]—বি. পাথুরে ইঁট॥ পাথর্‌শান্ দিয়া গাট্ বান্‌দাইসে। [<পাথর(<প্রস্তর সং)+শান(<শো+অন সং)]।

পাথাইর্=[সি]—ক্রি. বিণ. প্রস্থের দিক্, আড়াআড়ি॥ [দেখ পাতার্]।

২=[সি]—বি. মধ্যস্থ॥ এ দর্‌বারে যদির্ মিয়া পাথাইর্ না হৈলে মিমাংশা হৈত না। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

পাথাইর্ কুল্=[ম]—বি. মাথা এক হাতের উপর এবং পা দুটি অন্য হাতের উপর রাখিয়া কোলে লইবার রীতি॥ বৌয়েরে পাথাইর্ কুলে লৈয়া পালকিত্ উডাও। [দেখ পাতাল্ কোলা]।

পাথাইলা=[পা]—বি. প্রস্থ॥ পাথাইলা কয় হাত। [দেখ পাতাইল্যা]।

পাথাইল্যা=[ম]—ক্রি. বিণ. কোনা কুনি, পাশাপাশি॥ [দেখ পাতাইল্যা]।

পাথারি=[খু]—বি. জমিতে পানি আটকাইবার উঁচু আলি॥

পাথারে=[সি]—ক্রি. বিণ. প্রস্থের দিকে, কোনাকুনি॥ [দেখ পাতারে]।

পাথার্=[ফ, পা]—বি. মাঠ॥ [<প্রান্ত সং]।

পাথালি=[ঢা]—ক্রি. বি. পা ধরিয়া তোলা॥ [দেখ পাতাল্ কোলা]।

পাথাল্=[সি]—ক্রি. বিণ. (জলে) ফসল নষ্ট॥

পাথি=[ঢা, সি, রা, কুম]—বি. বাঁশের বেতের তৈয়ারী ডালি বিশেষ॥ পাথিত্ আলুগুলা রাখ্।

পাথ্‌লা=[সি]—বি. পাতিল॥ এক্ পাথ্‌লা দৈ। [<পাতিল+আ]।

২=[রা]—বি. মাথাল॥

পাদা=[খু, য,]—ক্রি. মলদ্বার দিয়া দুর্গন্ধ বায়ু নির্গত হওয়া॥ [<√পাদ্(<পর্দন সং)+আ]।

২=[পা]—ক্রি. ভীত হওয়া॥ [অর্থ প্র.]।

পাদাই=[ঢা]—বি. অত্যন্ত শোচনীয় ভাবে পরাজয়॥ [<√পাদ+আই]।

পাদানো=[ম]—ক্রি. ঠকান, পরাজিত করা॥ হেরে খুব্ পাদান্ পাদাইসে। [দেখ পাদা+নো প্র.]।

পাদা পাদি=[সি]—বি. ভয়ে কাঁপা॥ ডরাইয়া পাদাপাদি শুরু কৈর্‌সে। [দেখ পাদা২+পাদি]।

পাদাম্=[ম]—বি. দেমাগ, আভিজাত্য॥ বেটায় বর পাদাম্ দেখায়। [<পদ (মর্যাদা)+আম প্র.]।

পাদাম্ নাও=[কুম]—বি. ছোট ছই-ওয়ালা একমাল্লা নাও॥ [দেখ পাতাম্২+নৌ সং]।

পাদু=[ঢা]—বি. পশ্চাৎ॥ [<পাত <পাছ(<পশ্চাৎ সং)+উ]।

পাদু তোলা=[খু]—ক্রি. বি. শায়িত অবস্থায় পা তোলা॥ [<পাদ(<পদ সং)+উ+তোলা]।

পাদুম্=[সি]—বি. সন্ত্রস্তভাব॥ [<পাদিব(ক্রি.); বাগ্‌ধারা]।

পাদুম্ পুদুম্=[খু]—ক্রি. বিণ. ভারী জিনিস বহনে অক্ষমতা প্রকাশ॥ [দেখ পাদুম্+পুদুম(অনুঃ)]।

পাদেম্ কম্‌বল্=[সি]—বি. সাহস, শক্তি॥ ডরে পাদেম্ কম্‌বল্ এক্‌খানো ঐ গেল্। [দেখ পাদুম্+কম্বল+এ বিভক্তি]।

পা দোয়া=[কু]—ক্রি. প্রস্রাব করিতে যাওয়া॥ আমি পা দুইতে যাই। [<পা+ধোয়া; সুভাষণে]।

পাদ্ গুরা কথা=[খ]—বি. কুকথা॥ আমি তার্ পাদ্ গুরা কথা শুন্‌তে পারি না। [<পাদ+ঘোরা+কথা]।

পাদ্‌চম্‌কা=[রা]—বিণ. অতিশয় ভীত॥ তোমার মত পাদ্‌চম্‌কা লোকের্ কাজ্ নয়্। [<পাদ+চমকা=পাদের শব্দে যে চমকিয়া উঠে]।

পাদ্‌দ করা=[রং]—ক্রি. বায়ু ত্যাগ করা॥ এত মানুশির্ মাঝে পাদ্‌দ করুল কে? [<পাদ+দ প্র.+করা]।

পাদ্‌দি=[ম]—বি. নিয়ম, পদ্ধতি॥ [<পদবী সং]।

২=[বা]—বি. খেতাব, বংশ গৌরবের চিহ্ন॥ তোংগ পাদ্‌দি কি? [<পদবী]।

পাদ্‌পোরা=[সি]—বিণ. অকাল পক্ক॥ সেলেটার্ পাদ্‌পোরা কথা শয্য অয় না। [<পাদ+পোড়া]।

পাদ্‌রা=[কুম]—বি. এক প্রকার লতানো গাছ॥ পাদ্‌রা গাসের্ পাতায় বেশি বদ্ গন্দ।

পাদ্ সারা=[সি]—ক্রি. সঙ্গ ছাড়া॥ আমি হেতারার্ পাদ্ সারি দিসি। [<পাদ+ছাড়া]।

পানক্=[কুম]—বি. গোখরো, সাপ বিশেষ॥ পানক্ শাপের্ বেশি বিশ্।

২=[নো]—বি. মাটির বাসন॥ পানক্‌গুন্ হরিশ্‌কার্ কর্। [<হানক <সানক (<সহনক صحنك আং)]।

পানা=[রা, ম, ঢা]—বি. প্রস্থ, চওড়া॥ এ কাপরুডার্ এ্যালাও পানা নাই (ম)। [পনা হিং]।

২=[রং, খু]-অব্য. মত প্রকার ইত্যাদি বোধক॥ ধল্‌পানা এক্ গ্যাদাক এই হানে দিয়া জাইবার্ দেইছ না (রং)? [<পনা (<ত্বন সং)]।

৩=[ঢা, ম, কুম, বা]—বি. মুক্তি, আরোগ্য, সাহায্য॥ আল্লা তাল্লার্ কাসে পানা চাও। [<পনাহ پناه ফা.]।

পানাই=[বা, খু]—বি. তালের কচি পাতা॥

২=[ফ, পা, রা, দি]—বি. হালচষা কালীন পায়ে দিবার মহিষের চামড়া দ্বারা নির্মিত পাদুকা॥ আমার্ পানাই ছাড়া লাংগল্ বাইবার্ জো নাই (রা)। [<উপানহ সং]।

৩=[সি]—বি. মহিষের হালের একটি উপকরণ॥

পানাইল্=[ফ]—বি. জুতা॥ আমার পানাইল্ যোড়া দ্যাও। [দেখ পানাই২]।

২=[কু]—বি. খড়ম॥ [অর্থ প্র.]।

পানা কাপর্=[বা]—বি. বিছানার চাদর॥ পানা কাপর্‌টা কোথায় গো? [পানা+কাপড়]।

পানা গুনুষি=[ম]—বি. লুকোচুরি॥ সেলেরা পানা গুনুষি খেল্‌সে। [দেখ পলা পুনুষি]।

পানাট্‌=[রা]—ক্রি. বিণ. পানিতে রাখিয়া পোক্ত ॥ কাবারি গুলো পানাট্ কর্ । [<পানি+ট প্র.] ।

পানাতি=[রং]—বি. পান বিক্রী করে যে ॥ পানাতি, পানের শও কত করি । [<পান(<পর্ণ সং)+তি প্র.] ।

পানা দেওয়া=[সি]—ক্রি. বি. ধান কিংবা টাকার বদলে হালের গরুকে কয়েক মাসের জন্য ভাড়া দেওয়া ॥

পানানো=[খু]—ক্রি. বি. অনুরোধ করা, খোশামদ করা ॥ অত পানানো বালা লাগেনা, যা খুশি কর্ । [অর্থ প্র. ; পরে দেখ] ।

২=[ঢা, খু, পা, সি]—ক্রি. দোহন করা ॥ গাইটা পানাইয়া দে (ম) ।

পানাশ্‌=[ম]—বি. ফানুস ॥ আশ্‌মানে পানাশ্ উরে । [<ফানুস< ফানুস فانوس আং] ।

পানাহ্‌=[সি]—বি. মুক্তি ॥ পানাহ্ চ'াই, মাবুদ্ পানাহ্ চ'াই । [দেখ পানা৩] ।

পানি=[ঢা]—বিণ. খুব সহজ ॥ কাম্‌ডা এক্‌কেরে পানি । [<পানি <পানীয় সং ; অর্থ প্র.] ।

২=[চট্ট]—অব্য. বোধ হয় ॥ শাধু চ'লি গেইয়ে পানি । [<পা+নি] ।

পানিআন্‌=[ফ]—ক্রি. পানিতে ভিজাইয়া রাখা ॥ বাশ্ গুলাক বালা করি পানিআ নাঐলে গুনে দৈর্‌বো । [<পানি+আন প্র. ; নামধাতু] ।

পানি এলাইচ্‌'=[ফ]—বি. শাক বিশেষ ॥ পানি এলাইচ্' হগোল্‌তে খাইতে চ'য় না ।

পানি কড়ি=[চট্ট]—বি. পানকৌড়ি ॥ পানিকড়ি পানিত্ ডুব্ পারে । [<পান কৌড়ি] ।

পানিকদ্দু=[রা]—বি. দেশী লাউ ॥ বাজার্ থাইক্যা কডা পানিকদু আইনত । [<পানি+কদু كدو ফা.] ।

পানি করা=[দি]—ক্রি. বন্যা হওয়া ॥ এবার্ পানি কর্‌তে পারে । [পানি+করা] ।

পানি কাউরি=[ম]—বি. পানকৌড়ি ॥ পানিকাউরির্ গুস্ মযা নাই । [দেখ পানিকড়ি] ।

পানিকাউর্‌=[পা]—বি. পান কৌড়ি ॥ [দেখ পানি কড়ি] ।

পানি কাটা=[খু]—বি. জলীয় উদ্ভিদ বিশেষ (ইহা পায়ে লাগিলে ঘা হয়) ॥ পানি কাটার্ যন্য ভুই রোয়ার্ যো নেই ।

পানিকাঠ্‌=[কুম]—বি. ইশ ॥ পানিকাঠ্ যোয়ালের্ লগে বান্‌দা অয় । [<পানি+কাঠ] ।

পানি কাঁথ=[রা]—বি. মাটির কলসী রাখিবার স্থান ॥ [<পানি+ কাঁদি<কাঁধ(স্কন্ধ সং)+ই প্র.] ।

পানি কান্‌যি=[ঢা]—বি. জলকাদা ॥ অহন্ তলায় পানি কান্‌যি অয় নাই । [<পানি+কাঁজি (<কাঞ্জিক সং) ; সহ শব্দ] ।

পানি কাম্‌ড়ি=[রা]—বি. জলের বিষাক্ত পোকা বিশেষ ॥ এই পুকুরে অনেক্ পানি কাম্‌ড়ি আছে । [< পানি+কামড়+ই প্র.] ।

পানি কামরিও নাই ভুর্‌ভুরিও নাই =[খু]—কোন কাজে আগ্রহ না থাকার অবস্থা ॥

পানি কুম্‌ড়্‌=[রং]—বি. চাল কুমড়া ॥ [< পানি + কুমড়া (< কুষ্মাণ্ড সং)] ।

পানিকেল্‌=[ম]—বি. কর্মকারদের কাজ করিবার জলের এক প্রকার চৌবাচ্চা ॥ পানি কেলের্ মৈদ্‌দে দাওডা থ ।

পানিকোপ্‌=[রা]—বি. পাকস্থলী ॥ পানি কোপে আঘাত্ কর্‌লে ভিশন্ কশ্‌ট হয় । [<পানি+কূপ সং] ।

পানি খরচ্‌ করা=[রং]—ক্রি. শৌচ কার্য করা ॥ [সুভাষণে] ।

পানিখাউরি=[কুম]—বি. পানকৌড়ি ॥ [দেখ পানিকড়ি] ।

পানিখাওরি=[চট্ট]—বি. পানির উপর লম্ফঝম্ফকারী লম্বা পা ও হাল্কা দেহ বিশিষ্ট পোকা ॥ পানিখাওরি নাকি পানি শাপ্ করে । [দেখ পানিকড়ি] ।

পানিচ'ার্‌=[সি]—বি. রান্নাঘরে পানির কলসী রাখিবার স্থান ॥ [পানি +সারি] ।

পানিটানি=[ব]—বি. নাশতা ॥ এনা পানিটানি খান্ । [<পানি+ টানি (অনুঃ)] ।

পানিঠিকে=[খু]—বি. পানির পিপাসা ॥ আমার্ বড় পানিঠিকে লেগেসে । [<পানি+ঠেকা] ।

পানিঠোশ্‌=[ঢা]—বি. প্রসব কালে পানিতে পূর্ণ যে থলিয়া বাহির হয় ॥ পানি ঠোশ্‌টা বাইংগা হালাও । [< পানি+ঠোস] ।

পানিতারা=[ঢা]—বি. এক প্রকার আমন ধান ॥ পানিতারা দানের বাত্ বালা ।

পানিতাল্‌=[ঢা]—বি. তালের শাঁস, কচি তাল ॥ [<পানি (র ন্যায়)+ তাল] ।

পানিত্‌ পরা=[সি]—ক্রি. বিপদে পড়া ॥ তুমি আমার্ এখানে কি পানিত্ পর্‌সনি ? [<পানি+ত (বিভক্তি)+ পড়া ; বাগ্‌ধারা] ।

পানি দেওয়া=[ঢা]—ক্রি. দা কাস্তের ধার দেওয়া বা মেরামত করা ॥ এই দাউডা পানি দিয়া আন । [সাধু, পান (পাইন) দেওয়া] ।

পানিপড়া=[নো]—বি. দোয়া দরুদ পড়িয়া ফুঁ দেওয়া পানি ॥ ক্যাবল্ পানিপড়াতেই হোলা অয়্‌না । [অর্থ প্র.] ।

পানি পাওয়া=[ঢা]—ক্রি. মেয়েদের প্রথম ঋতুস্রাব হওয়া ॥ রুবি পানি পাইসে । [অর্থ প্র.] ।

২ =[ঢা]—ক্রি. সুযোগ পাওয়া বা সুযোগ আসা ॥ তোম্‌রা বুঝি অহনে পানি পাইসো । [<(হালে পানি)+ পাওয়া ; বাগ্‌ধারা] ।

পানিপাতা=[কুম]—বি. প্রসবের পূর্বে নির্গত পানির থলি ॥ পানিপাতা

আগে বাং্গলে বিপদ্ । [<পানি+পাত (<পাত্র সং)+আ]।

পানিবওশা=[পা]—বি. জলা জায়গার একপ্রকার গাছ ॥

পানিবল্লাশ্=[চা]—বি. একপ্রকার গাছ ॥

পানিবশ্টি=[র]—বি. প্রসবের পূর্বে পিচ্ছিল পানি পূর্ণ থলিয়া ॥ [<পানি+বস্তি <বস্তি (তলপেট)]।

পানিবাংগা=[বা]—ক্রি. পানি পূর্ণ পথে চলা ॥ [<পানি+ভাংগা]।

পানি বাতে গি মাহা=[চা]—ক্রি. অপব্যয় করা ॥ পানি বাতে আর্ কত গি মাহাবি? [<পানি ভাতে=পান্তা ভাতে ঘি মাখানো]।

পানিমাগ্নি=[চট্ট]—বি. ছোটদের খেলা বিশেষ ॥ এইবার্ বৈশাখ্ মাশে যা খরান্ ঐতাসে বিরিশ্টির্ যন্ন হোলা হানে পানি মাগ্নি খেলাইব।

পানিম্থারি=[রং]—বি. এক প্রকার কাঁটা গাছ ॥

পানিমেদেংবা=[সি]—বি. পানির রাখবার পিড়ি ॥ [<পানি+মৃদঙ্গ; অর্থ প্র.]।

পানিয়াটুপটুপা=[রং]—বিণ. রক্ত হীন ॥ মানুশ্টা পানিয়া টুপ্টপা। [<পানি+আ প্র.+টুপটুপ্ (অনু.)+আ প্র.]।

পানিয়াল্=[রং]—বি. মার্বেলের মত গোল এক প্রকার ফল (পাকিলে কালো হয় এবং খাওয়া যায়) ॥

পানির্ঠিল্লা=[ফ]—বি. মাটির জলের পাত্র ॥ [<পানি+র (সম্বন্ধে)+ঠিল্লা হিং]।

পানিলাউ=[সি]—বি. চাল কুমড়া ॥ পানি লাউ খাওন্ যাইতো না। [<পানি+লাবু (<অলাবু সং)]।

পানিলেচ'া=[চা]—ক্রি. বিণ. সিদ্ধ ধানের মাত্র পানি শুকায় এইরূপ ভাবে শুকানো ॥ মেগ্লায় দান্ পানিলেচ'াও ঐল্ না। [<পানি+লাছা (<লাস্য সং)=দোলন, নাড়ন]।

পানিশাইল্=[ব]—বি. আমন ধান বিশেষ ॥ [পানি+শাইল <শালি=জন্য]।

পানিশাল্=[কু]—বি. কলসী রাখার উঁচু স্থান ॥ [পানি+শালা]।

পানুয়া=[বা]—বি. পান ব্যবসায়ী ॥ [<পান (<পণ সং)+উয়া প্র.]।

পানে দেওন্=[চট্ট]—ক্রি. পশু বিশেষতঃ গরু এক ফসল চাষের জন্য ধানের পরিবর্তে লাগান ॥

পানৈয়া=[চট্ট]—বি. পেঁপে ॥

পানোট্=[কু]—বি. এলাকা ॥ এই পানোটে গরু খুযে পাওয়া যায় না।

পানোরি=[বা]—বি. ধান গাছের পোকা (পাতার উপরে কালো কালো দেখা যায়) ॥

পানোশ্=[বা]—বি. ফানুস ॥ [<ফানূস فانوس আং]।

পান্কাচ'=[চা,কুম]—বি. সরু ও সাদা আমন ধান বিশেষ ॥

পান্কাইয্=[চা]—বি. সরু আমন ধান বিশেষ ॥ পান্কাইয্ দান্ খুব্ লম্বা ॥

পান্কি=[চট্ট]—বি. পিঠা বিশেষ (নারিকেল চাউলের গুড়া ও আখের গুড় দিয়া তৈয়ারী) ॥

পান্খাওনি=[চা]—বি. চূন ॥ কৈগো বাতাশির্ মা, উট্টানি পান্খাওনি দেস্ না। [দেখ পান খাইক্যা; √খা+অন্+ই প্র.]।

পান্খাক্যা=[ম]—বি. চূন ॥ একটু পান্ খাইক্যা দ্যাও তো। [<পান [<পর্ণ সং]+খা+ইক+আ প্র.]।

পান্খিলি=[নো]—বি. পিঠা বিশেষ ॥

পান্চ'=[কুম, পা]—বিণ. স্বাদহীন, বিস্বাদ ॥ রান্না পান্চ' হয়েসে (কু)। [<পানসা]।

পান্চ'াতি=[চা]—বিণ. সামাজিক ॥ আরে পান্চ'াতি বৈডকে কৈসে। [<পঞ্চায়েৎ হিং+ই প্র.]।

পান্চালি=[রা]—বি. রেকাবী ॥ [<পান+থালি<থালা(স্থাল সং)]।

পান্চি'নি=[চা, ম, কুম]—বি. বিবাহের পূর্বে বরপক্ষ হইতে দেওয়া ভোজ, পাকা কথা ॥ বিয়া ঠিক্ ঐল্ এইবার্ পান্চি'নির্ যোগার্ কর।

পান্চু'নি=[ম]—বি. বরযাত্রীদের দেওয়া মিষ্টি পান ইত্যাদি ॥ নওশা মিয়া বিয়া কর্তে আইল্ পান্চু'নি কৈ? [দেখ পান্চি'নি]।

পান্চে'া=[পা]—বি. আঁশহীন মাছ বিশেষ ॥

২=[পা]—বি. রক্তহীন, রোগা ॥ [দেখ পান্চ']।

পান্জা=[রা]—বি. স্তূপ, গাদা ॥ খ্যাড়ের্ পান্জা। [<পয্বহ্ پزوه ফা.]।

পান্জার্=[রং]—বি. পার্শ্ব ॥ হামার্ পান্জারত্ বশ। [<পাঞ্জর সং]।

পান্যনি=[ফ]—বি. পায়ে পরিবার গহনা ॥ মাইয়ার্ যন্ন এক্যোরা পান্যনি আন্তে ঐবো।

পান্যর্=[সি]—বি. কাঠামো, কং-কাল ॥ [দেখ পান্জার্]।

পান্যা=[ব]—বিণ. দুই হাতে যত খানি ধরা যায় সেই পরিমাণ ॥ [<পন্জহ্ پنجه ফা.]।

২=[কুম]—বিণ. পাঁচ ॥ আমার্ এক্ আতে পান্যা আংগুল্ আসে। [<পঞ্চ সং]।

৩=[সি]—বি. কাঠামো ॥ [দেখ পান্জা]।

পান্যাইশ্=[চট্ট]—বিণ. পঞ্চাশ ॥ তার্ বয়শ্ পান্যাইশ্ বসর্ হৈয়ে। [<পঞ্চাশ]।

পান্যা দিয়া=[ম]—ক্রি. বিণ. দুই হাতে জড়াইয়া ॥ বোযাডা পান্যা দিয়া দর্। [দেখ পান্যা+দিয়া]।

পান্যান্তে=[কুম]—ক্রি. বিণ. সুচারু রূপে ॥ পান্যান্তে চ'লিশ্।

পান্‌যালে=[চা, কুম]—ক্রি. বিণ. শান্ত শিষ্ট ভাবে ॥ আরে বেটা পান্‌যালে আয়্‌।

২=[কুম]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ ওই শয়্‌তান্‌ এহানে কি করস্‌ পান্‌যালে বাইত্‌ গিয়া বাত্‌ খা। [<পা+চালাইয়া]।

পান্‌যাল্‌তে=[কুম]—ক্রি. বিণ. শক্ত করিয়া, সুচারুরূপে ॥ গেলাশ্‌টা পান্‌যাল্‌তে দর্‌।

পান্‌যো=[য]—বিণ. জব্দ ॥ [দেখ পান্‌যা]।

পান্‌টি=[রা]—বি. রাখালের পাচন ॥ [<প্রাজন সং+টি প্র.]।

পান্‌ঠানো=[ব]—ক্রি. রাখালের লাঠি দিয়া পিটুনি দেওয়া ॥ [দেখ পান্‌টি+আনো প্র.; নামধাতু]।

পান্‌ঠি=[রা]—বি. ছড়ি ॥ [দেখ পান্‌টি]।

পান্‌তা=[য]—বি. পান রাখার পাত্র ॥ পান্‌তা খালি নাকি দেখ্‌তো। [< পান(<পর্ণ সং)+তা.প্র.]।

পান্‌তাপড়া যমি=[কুম]—বি. স্যাঁতস্যাতে জমি, আলো বাতাসহীন জায়গা ॥ [<পান (<পানি) +তা প্র.+পড়া +যমীন زمین ফা.]।

পান্‌তাবাত্‌=[কুম]—বি. সাধারণ জিনিস ॥ [<পান্তা ভাত; অর্থ প্র.]।

পান্‌তি=[সি]—বি. নাতির সন্তান ॥ [<পর্‌নাতি<প্রনপ্তৃক সং]।

পান্‌থা=[ফ]—বিণ. বাসি ॥ এক্‌ থাল্‌ পান্‌থা বাত্‌ রৈচে'। [<পান (<পানীয়)+তা প্র.]।

২=[রং]—বি. সকালের নাশ্‌তা ॥ গরম ভাত্‌ আর্‌ আলুর্‌ চাট্‌নি দিয়েই পান্‌থা খেলাম্‌। [অর্থ প্র.]]।

পান্‌দা=[চা]—বি. পান্তা ॥ [< দেখ পান্‌থা]।

পান্‌চে'=[য]—ক্রি. নির্বাপিত করা ॥

২=[য]—ক্রি জাবর কা.া ॥

পান্‌দান্‌=[ফ]—বি. পান রাখিবার ভাণ্ড ॥ পান্‌দানে পান্‌ রাহ। [< পান(<পর্ণ সং)+দান دان ফা. প্র.]।

পান্‌দাপানি=[চা]—বি. পান্তা ভাত ॥ অহনে পান্‌দাপানি খাইয়া পাতরে যাও। [দেখ পান্‌থা+পানি]।

পান্‌দ্যো=[ফ]—বি. পানি দেওয়া ভাত ॥ [দেখ পান্‌থা]।

পান্‌নো=[বা]—বি. পুকুরের কিনারা ॥ [<দেখ পাড়্‌ (<পাটক সং)+না প্র.]।

২=[চট]—বি. জুতা ॥ তোমার্‌ পান্‌নাযোড়ার্‌ কত দাম্‌? [দেখ পানাই$_{২}$]।

৩=[কুম]—বি. বিছানার চাদর ॥

পান্‌নাত্‌=[রং]—বি. পান বিক্রী করে যে ॥ [<পান(< পর্ণ সং)+ত প্র.]।

পান্‌নে=[বা]—অব্য. জন্য ॥ তোমার্‌ পান্‌নে বৈয়া রৈলাম্‌ আমি, আর তুমি গ্যালা হালাইয়া।

পান্‌পত্‌তর্‌=[য]—বি. কথাবার্তা ॥ করিমের্‌ বিয়ার্‌ পান্‌পত্‌তর্‌ ঠিক্‌ হৈয়া গেসে। [<পানপত্র]।

পান্‌পিটে= [য]—বি. পাকান পিঠা ॥ পান্‌ পিটে খাতি যাবে না?

পান্‌ফুল্‌=[ব]—বি. উপহার ॥ যামাই কি পান্‌ফুল্‌ দিসেন্‌?

২=[কুম]—বি. নুতন জামাইকে শ্বশুর বাড়ী হইতে পানের বাটা সাজাইয়া পানদ্বারা কৃত নিমন্ত্রণ ॥

পান্‌রে=[কুম]—বি. পনর ॥ [< পনর<পন্নরহ প্রাং<পঞ্চদশ সং]।

পান্‌লার্‌=[চট]—অব্য. সম্ভবতঃ, বোধ হয় ॥ বদ্‌দা আইশ্যে পান্‌লার্‌।

পান্‌শল্‌লা=[নো]—বি. বিবাহের কথাবার্তা ॥ [< পান (<পর্ণ সং) +শল্লা<সিলাহ صلاح আং]।

২=[চা]—বি. সভা, আলোচনা ॥ [<পান্‌ (<পঞ্চ সং)+শল্লা<সিলাহ صلاح আং]।

পান্‌শা=[ফ]—বিণ. ক্ষণজীবী ॥ পান্‌শা মাসের্‌ দাম্‌ কম্‌। [দেখ পান্‌চ'; অর্থ প্র.]।

২=[কুম]—বি. জলবসন্ত ॥ তার্‌ পান্‌শা হৈসে। [তুং পানি বসন্ত]।

পান্‌শাগ্‌=[খু]—বি. কলমি শাক ॥ পান্‌শাগ্‌ ভালা তর্‌কারি। [<পান শাক]।

পান্‌শোড়া=[খু]—বি. গাছ বিশেষ ॥

পান্‌শিদাড়ি=[রা, দি]—বি. বড় নৌকার বৈঠা আটকাইবার দড়ি ॥ [পানশি+দড়ি]।

পান্‌শে=[পা]—বি. মাছের শ্রেণী বিশেষ ॥

পান্‌শেরা=[রা]—বি. পশুরি ॥ কি চপের্‌ পান্‌শেরা আনিচে। [<পান (<পঞ্চ সং)+সের+আ]।

পান্‌সালাত্‌=[য]—বি. সভা ॥ [দেখ পান্‌ শল্‌লা$_{২}$]।

পান্‌হা=[রা]—বি. বাখারীর তৈয়ারী বাঁশের চেপ্টা লাঠি বিশেষ ॥ পান্‌হা দিয়ে গোটা কতক্‌ দে তবে।

পান্‌হাফ্‌=[কুম]—বি. বিষধর সর্প বিশেষ ॥ [<পানি সাপ]।

পান্‌হে=[বা]—অব্য. জন্য ॥ সেই পান্‌হে বশে আসি।

পাপাতি=[রা]—বি. ধানের শ্রেণী বিশেষ ॥

পাপিতা=[সি]—বি. পেঁপে ॥ পাকা পাপিতা বাক্‌কা মিডা। [দেখ পাইপা]।

পাপুয়া=[চা]—বি. পেঁপে ॥ পাপুয়ার্‌ তর্‌কারি বালা। [দেখ পাইপা]।

পাপ্‌=[চা]—বি. আখ বা বাঁশের দুই গিটার মধ্যস্থল ॥ বাশ্‌টার্‌ এই পাপ্‌টা কাইট্যা হালাও। [<পাব (<পর্ব সং)]।

পাপ্‌ড়া=[খু]—বি. শিমুল ফল ॥

২=[দি]—বি. মিষ্টি খাদ্য বিশেষ ॥ দুই গন্‌ডা পাপ্‌ড়া কর।

পাপ্‌ড়ি=[খু]—বি. গাছ বিশেষ (বট গাছের মত দেখিতে) ॥

২=[পা]—বি. অণ্ডকোষের চর্মরোগ বিশেষ ॥

পাপ্‌তা=[দি, ম]—বি. বোয়াল জাতীয় ছোট মাছ ॥ পাপ্‌তা বাযা বর মযা (ম)। [<পাবদা (<পর্ব্বত সং)]।

পাপ্‌পা=[কুম]—বি. পেঁপে ॥ এত্‌তারা পাপ্‌পা কৈত্‌তে আনস্‌ বাবা! [দেখ পাইপা]।

পাপ্‌রিবাযা=[কুম]—বি. এক রূপ পিঠা ॥ পাপ্‌রি বাযা পোলাপানেরে দ্যাও। [<পাপড়ি+ভাজা]।

পাফিয়া=[রং]—বি. পেঁপে ॥ পাফিয়ার্‌ তর্‌কারি খুব্‌ ভালো। [দেখ পাইপা]।

পাফ্‌রা=[রা]—বি., বিণ. ফটকা, সাদা কাল রং মিশ্রিত ॥ পাফ্‌রা গরুর্‌ দুধ্‌ মিঠা। [দেখ পাখরা]।

পাবন্‌দ=[সি]—বিণ. অনুসরণকারী ॥ লোক্‌টা কোরান্‌ সুন্নার্‌ পাবন্‌দ। [< পাবন্‌দ پابند ফা.]।

পাবর্‌=[ম]—বি. পুকুরের চতুষ্পার্শ্বস্থ উঁচুপাড় ॥ পাবরে কয়্‌টা কলাগাস্‌ লাগাতে হবে? [<প্রবর সং= প্রাচীর]।

পাব্‌ইয়া=[কুম]—বি. এক প্রকার সাদা মাছ ॥ [দেখ পাপ্‌তা]।

পাবেতা=[কুম]—বি. খেলার চাল বিশেষ ॥

পাব্‌টি=[রা]—বি. ক্ষেপণের যোগ্য নড়ি বিশেষ ॥ পাব্‌টি দিয়েই আম্‌গুলা মুই পাড়্‌মু। [দেখ পাপ্‌+টি প্র.]।

পাব্‌দা=[ম]—বি. পেঁপে ॥ পাব্‌দা দিয়া সালুন্‌ অয়্‌। [দেখ পাইপা]।

পা মারে চলা বা যাওয়া=[কু,পা]—ক্রি. নিঃশব্দে চলা ॥ এমন্‌ভাবে পা মারে যাও যেন্‌ কেও যান্‌তে না পারে। [<পা+মারিয়া চলা বা যাওয়া]।

পাম্‌রি=[ফ]—বি. একপ্রকার পোকা ॥ পাম্‌রিতে বান্‌গুলি একেবারে খাইয়া ফালাইসে।

২=[দি]—বি. মশারি ॥

পায়ট্‌=[ঢা]—বি. কলাই একত্র করার পাত্র ॥ পশ্‌চিমের্‌ বারির্‌ পায়ট্‌টা লৈয়া আয়্‌। [দেখ পাউঅট্‌]।

পায়র্‌=[কুম]—বি. পাহাড় ॥ পায়রে খুব্‌ বর হাপ্‌ থাযে। [<পাহাড় (< পাষান সং]।

পায়া=[রা]—বি. দড়ি ॥ নারিকলের্‌ পায়া ॥

২=[নো]—বি. চুল্লী, উনান ॥ [দেখ পাখা]।

পায়াল্‌=[কুম]—বি. চুলা, উনান ॥ [দেখ পাকাল্‌]।

পায়ে=[রা]—বি. খুঁটি ॥ ঘরে পায়ে দ্যান্‌। [<পা (পাদ সং)+এ প্র.]।

পায়ের্‌ তলা=[ফ]—অব্য. চাষের সময় গরু তাড়াইবার শব্দবিশেষ ॥

পায়ের্‌ পয়্‌যার্‌=[ঢা]—বিণ. তুচ্ছ, নগণ্য ॥ এই কয়্‌ডা টেকা আমার্‌ পায়ের্‌ পয়্‌যার্‌। [পা+এর (সম্বন্ধে)+দেখ পয়্‌যার্‌]।

পায়্‌ চ'ককোরে=[খু]—ক্রি. বিণ. কৌশলে ॥ [<পাক+এ (বিভক্তি) +চক্র সং+এ (বিভক্তি)]।

পায়্‌ড়া=[পা]—বি. যব, গম জাতীয় শস্য ॥ পায়্‌ড়া সাতু খুব্‌ বালা লাগে।

পায়্‌তারা=[সি]—বি. প্রস্তুতি, তৈরী হওয়া ॥ খালি পায়্‌তারা না, কাম কর। [দেখ পাইতারা]।

পায়্‌তি=[ফ]—বি. জিন্দা পীরের কবর ॥

পায়্‌না=[কুম]—বি. পাখা ॥ তোমার্‌ এখন্‌ পায়্‌না হয়ে গেসে, বয়্‌ কি? [< পাখ্‌(<পক্ষ সং)+না প্র.]।

২=[রা]—বি. লাঠি ॥ পায়্‌না থাক্‌লে দেখ্‌তুম্‌ তুমি কি রকম্‌।

পায়্‌পান্‌=[য]—বি. পাজামা ॥ [<পা+এ (বিভক্তি) + পিন্ধ (< পিনদ্ধ)]।

পায়্‌ মাডি না পাওয়া=[ঢা]—ক্রি. দৌড়াইয়া হয়রান হওয়া ॥ [<পা +এ (বিভক্তি)+মাটি+না পাওয়া]।

পায়্‌রা=[খু]—বি. শিমুলের ফল তুলায় পরিণত হওয়ার অবস্থা ॥

২=[য, খু]—বি. যব ॥

পায়্‌রা চ'াদা=[খু]—বি. একপ্রকার চাঁদা মাছ ॥

পায়্‌রাবি=[রা]—বি. খোসামোদ ॥ পরের্‌ পায়্‌রাবি করা আমার্‌ ভাল লাগে না। [দেখ পাইরবি]।

পায়্‌রা মাস্‌=[য, খু]—বি. সাদা-কালো ডোরাওয়ালা মাছ বিশেষ ॥ [মাস<মাছ]।

পায়্‌রুবি=[কুম]—বি. যত্ন, সেবা ॥ বাবার্‌ পায়রুবি করা দর্‌কার্‌। [দেখ পাইরবি]।

পায়্‌লা মান্‌দার্‌=[ঢা]—বি. এক শ্রেণীর মাঁদার গাছ ॥ পায়্‌লা মান্‌দারের্‌ কাট্‌ কোনু কামের্‌ না।

পায়্‌শা কথা=[কুম]—বি বাজে কথা ॥ সেলেটা পায়্‌শা কথা বেশি বলে। [< ফাহিশঃ فاحشه আঃ+ কথা]।

পায়্‌হানা=[ঢা]—বি. পায়খানা ॥ [<পায়খানা (<পায়খানহ্‌ پاے خانه ফা.)]।

পারক্‌ করা=[পা]—ক্রি. কাবু করা, কমজোর করা ॥

পারগ্‌গড়ে=[খু]—বিণ. অলস, যে পারিয়াও পারে না ॥ লোক্‌টি নেহায়েত্‌ পারগ্‌গড়ে। [<পারক +কুড়ে]।

পারন্‌=[রং]—বি. উদ্ধার, ত্রাণ ॥ পারনের্‌ উপায়্‌ কি? [< পারন√ পার]।

২=[পা]—বি. ঢেঁকির গড়ের কাঠ ॥ [<পাড়ন]।

৩—[বা, ফ, সি]—বি. বড় চাই, ফাঁদ ॥

পারশ্‌=[ম]—বি. অন্ন ব্যঞ্জনাদির দ্বারা সজ্জিত খাবারের বাসন ॥ হেরার্‌ বারিত্‌ থাইক্যা পারশ্‌ পাঠাইসে।

পারা=[সি]—বি. পুং পায়রা ॥ পারা বক্‌বকম্‌ ডাকে। [<পায়রা (<পারাবত সং)]।

২=[বা]—বি. যে স্থানে ধান বপন করিয়া পরে ঐ চারাগুলি অন্যত্র বপন

করা হয় ।। [<পাড়া(<পত্র সং) ; অর্থ প্র.] ।

৩=[চা, ব,সি]—বি. ধান কোদাল ।। যল্দি কৈরে এক্টা পারা আন্ দান্ টান্তে হবে। [<ফাওড়া] ।

৪=[কুম, নো, সি, ম, চা]—বি. স্তুপ ।। দানের্ পারাত্ মোরগ্ হর্সে। [দেখ পারা২ ; অর্থ প্র.]।

৫=[ম]—বি. ঘরের খুঁটি বিশেষ ।। আমার্ পারাডা তুপানে ফালাইয়া দিসে। [<পালা(<পল্লব সং)]।

৬=[বা, কুম]—বি. পদচিহ্ন, পায়ের দাগ ।। [দেখ পাড়ানো]।

৭=[ফ]—বি. নৌকা বাঁধিয়া রাখা, নোঙ্গর ।। এইখানে নৌকা পারা দ্যাও।

৮=[বা]—বি. নৌকা বাঁধিবার দড়ি ।।

৯=[পা, খু]—বি. যব ।।

পারাইয়্যা=[বা]—অস. ক্রি. পার হইয়া ।। চ'র্ (সাঁকো) পারাইয়্যা যাইতে ঔবো। [<পার+হইয়া]।

পারাইল্যা=[চট্ট]—বি. প্রতিবেশী ।। [দেখ পারাইল্ল্যা]।

পারাইলল্যা=[কুম]-বি. প্রতিবেশী ।। [<পাড়া+ইলল্যা প্র.]।

পারা কুপা=[ম]—ক্রি. নায়ের লগি পুঁতিয়া রাখা ।। [দেখ পারা৭ + কুপা =পোঁতা]।

পারা দেওয়া=[খু]—ক্রি. ধানের চারা তুলিয়া ফাঁক করিয়া দেওয়া ।।

পারানি=[চা]—বি. শব্দ বিশেষ, প্রহার ।। তুই কয়ড়া পারানি না খাইলে ঠিক্ ঐবি না। [<পার<ফাড় (< স্ফুট সং)+আনি প্র.]।

২=[কুম]—বি. নিড়ানী, কৃষিযন্ত্র ।। শময় মত দান্ খেত পারানি দিতে অয়্।

৩=[ম]—ক্রি. পাড় দেওয়া ।। দান্ পারানি। [পাড্ (<পাদ অথবা পত্ সং)+আনি প্র.]।

পারানো=[বা]—ক্রি. বি. মাড়ান, পদদলিত করা ।। আমার্ পুই গাস্ পারাইল্ কে ? [দেখ পাড়ানো]।

পারান্=[ফ]—বি. মাছ ধরার বড় ফাঁদ ।।

পারা পর্শশি=[কুম]—বি. পাড়া-প্রতিবেশী ।। পারা পর্শশির্ লগে বিবাদ্ করা বালা না। [<পাড়া(<পত্র সং) +পড়শী (<প্রতিবেশী সং)]।

পারাবারি=[সি]—ক্রি. বিণ. পীড়াপীড়ি ।। [<পাড়াপাড়ি]।

পারাপারি করা=[পা]—ক্রি. তাড়াতাড়ি করা ।। [দেখ পারাপারি + করা]।

পারাবারি=[কুম]—বি. বোর ক্ষেতে পানি দেওয়ার জন্য ব্যবহৃত বাঁশ ।। পারাবারি সারা কুন্ দিয়া পানি হেচ'ন্ যায় না। [দেখ পারা+বাঁট (<বণ্ট সং)+ই প্র.]।

পারামানিক্=[খু]—বি. মাতব্বর ।। [<পরামানিক (<প্রামাণিক সং)]।

পারার্=[খু]—ক্রি. বি. কোন আত্মীয়কে নূতন বস্ত্রদান ।।

পারাল্বাশি=[বা]—বি. একপ্রকার ঘাস ।। সাগলেরে পারাল্বাশি দে।

পারা হুদ্দা=[চট্ট]—বিণ. পাড়া শুদ্ধ ।। পরা হুদ্দা বেআগ্গুন্ মানুশ্ আই গেল্গৈ। [<পাড়া+শুদ্ধ]।

পারি=[সি]—বি. স্ত্রী কবুতর ।। [< পায়রী <পারাবতী সং]।

২=[ম]—বি. প্রসিদ্ধ গুড় বিশেষ ।।

৩=[কুম, ফ,চা]—বি. এক পশুরী ।। এক্ পারি পাট্ দেও। [<পশুরী (< পঞ্চসেরী সং)]।

পারিজাত=[রা]—বি. একপ্রকার ধান ।।

পারিন্দা=[পা]—বি. কিনারা ।। নদির্ পারিন্দার্ উপ্রে দাড়াইতে নাই। [<পাড় (<পাটক সং)+কানদা (<স্কন্ধ সং)]

পারি পাওয়া=[চা]—ক্রি. নৌকায় ঠিকমত নদী পার হওয়া ।। [<পাড়ি +পাওয়া]।

পারিয়াত্=[পা]—বি. কামলা ।।

পারির্ পরা=[সি]—বি. ওজন করিবার পাত্র (যে পাত্রে ৫ সের ধরে) ।।

পারি শাথি=[ম]—বি. সহচর, অনুচর ।। [<প্রহরী+সাথী]।

পারে ফেলা=[রা]—ক্রি. পাকড়াইয়া ফেলা ।। [<পাড়িয়া ফেলা]।

পারেম্=[পা]—বি. উল্লাস, আনন্দ এত পারেম্ করে কোথায় যাচ্'সো ? [<প্রেম ; অর্থ প্র.]।

পার্যাম্=[পা]—বি. প্রয়োজন ।। আর্ যা হোক্ পার্যাম্ আসে কাযের্।

পারৈ=[পা]—বি. প্রধান ।। গায়ের পারৈ মরয়া গ্যাসে। [<পরবিন< প্রবীণ সং]।

পারৈল্=[পা]—বি. নারিকেল ।। পারৈল্ গাস্। [নারৈল<নারিকেল]।

পারো=[সি]—বি. কবুতর ।। [দেখ পারা]।

পারো করা=[পা]—বিণ. শক্তিহীন করা ।।

পারোক্=[বা]—ক্রি. বিণ. অধীন, করায়ত্ত ।।

পারোন্=[বা]—বি. উদুখল, গাইল ।। [<পাড়ন ; দেখ পারন্]।

পার্=[ফ, প]—বি. গুতা, আঘাত ।। [দেখ পারানি]।

২=[খু]—বি. ঢেঁকিতে আঘাত, ঢেঁকির পাড় ।। [দেখ পারানি]।

৩=[ম]—বি. পাহাড়, কান্দা ।। গারোপারের্ কিসু কিসু অংশ পাকিস্তানে পর্সে। [<পাহাড় (<পাষাণ সং)]।

৩=[বা]—বি. চাইয়ের অংশ বিশেষ ।। [<পাড় (<পাটক সং) ; অর্থ প্র.]।

পার্কা=[খু]—বিণ. চিত্রবিচিত্র, নানান রংবিশিষ্ট ।। [<পাখরা]।

২=[ম]—বি. শিমুল তুলা ।।

পার্কা পার্কি=[ম]—বিণ. রঙবেরঙ ।। [<পাখরা পাখরি]।

পার্খা=[পা]—বিণ. ক্ষমতা না থাকা সত্বেও গর্বকারী ।। তুমি দেহি পার্খার্ মত কথা কও।

পার্ খাওয়া=[ঢা]—ক্রি. মার খাওয়া ।। তুই পার্ খাবি । [দেখ পার্+খাওয়া] ।

পার্‌গাটা=[য]—বি. খেয়াঘাটা ।। [<পার+ঘাট+আ প্র.] ।

পার্‌গোছা=[রা]—বি. কূপের পানি তোলার বাঁশ বা আড়ানী ।। পারগোছাতে থাকে কাউয়াডা কুয়ার্ মদ্দে হাগে দিল্ ।

পার্‌চ'াপার্‌চি'=[কুম]—বি. ধস্তাধস্তি, মল্লযুদ্ধ ।। শব্ শময়্ পার্চা পারচি' বালা লাগে না । [<পাছড়া] ।

পার্‌জোয়ার্=[রা]—বি. এতদ্‌অঞ্চল ।। পার্জোয়ারে এতবড় লোক্ আর্ কেউ নেই । [<পাড়া+জিবার جوار আং] ।

পার্‌তিকে=[ঢা]—ক্রি. বিণ. পারত পক্ষে, পারা সত্ত্বে ।। পারতিকে কাওর্ খেতি করন্ বালা না । [<পারত পক্ষে] ।

পার্‌তে শাদ্‌দে=[খু]—ক্রি. বিণ. পারত পক্ষে ।। পার্তে শাদ্দে কেউ এ কাম্ করে ? [<পার (<পার)+ইতে প্র.+সাধ্য+এ(বিভক্তি)] ।

পার্ দেওয়া=[সি, রা]—ক্রি. শিং দিয়া গুতা দেওয়া, খোঁচা মারা ।। গরু পার্ দিসে । [দেখ পার্+দেওয়া] ।

পার্‌দৈর্=[ঢা]—বি. মারপিট ।। পার্দৈর্ না খাইলে তুই শৈ ঐবি না । [দেখ পার্+দৈর (অনুঃ)] ।

পার্‌নি=[ঢা]—বি. চামচ ।। পার্নি দিয়া সালুন্ দেহিস্ । [<বাড়নি<বাড় (বাড়া <বাটা <বণ্টন সং)+নি. প্র.] ।

২=[পা]—বি. বিছাইয়া শুইবার বড় কাঁথা ।। [<পাড়নি <পাতন সং+ই প্র. ; অর্থ প্র.] ।

পার্‌নিগন্‌ডা=[রং]—বি. ব্রহ্মপুত্র নদ ।।

পার্‌লা=[ম]—বি. দরজা ।। [<পাল্লা <পল্লহ্ پله ফা.] ।

পার্‌শি বালি=[রং, খু]—বি. কানের অলংকার ।। [=পারশী সম্প্রদায়ের ব্যবহৃত বালি] ।

পার্‌সা পার্‌সি=[সি]—ক্রি. বিণ. ধস্তাধস্তি, টানাটানি ।। [দেখ পার্চ'া পার্চি'] ।

পার্‌সিন্‌দা=[ঢা]—বি. ভাঙ্গাহাড়ির গলা (যাহার উপর হাড়ি পাতিল বসানো হয়) ।।

পার্‌হা=[বা]—বি. সিদ্ধ ডাইল ঘুঁটিবার উপকরণ ।।

পার্‌হাতা=[ঢা]—বি. পায়ের পাতা ।। আমার্ পার্হাতাডা বেদ্না করে । [<পায়ের পাতা] ।

পালংগা=[রা]—বি. গরু মহিষের ঘর ।। [<পালান (<পল্যয়ন সং)+ঘর] ।

২=[ব]—বি. বৈঠকখানা ।। [<পালং (<প্রাঙ্গন সং)+ঘর] ।

পালক্‌পুত্=[কুম]—বি. পোষ্যপুত্র ।। [<পালক=পোষ্য+পুত্র] ।

পালট্=[সি]—বি. লাঙ্গল দ্বারা কর্ষিত জমির পথ ।। [<পল্লট প্রাং<পর্যস্ত সং] ।

পালট্ করা=[পা]—ক্রি. সমান করা, মাটির সঙ্গে মিশাইয়া দেওয়া ।। দান্ গুলি খচ'ায়ে পালট্ করে ফেল্লে । [দেখ পালট্+করা] ।

পালন্=[চট]—ক্রি. বি. ধোয়া ।। পালন্ পড়িব ।

২=[পা]—ক্রি. বি. দোহন, দোহনের প্রস্তুতি ।। [<পালন সং ; অর্থ প্র.] ।

পালা=[রা]—বি. স্তূপ, গাদা ।। এত বড় খড়ের পালাটা কার্ ? [<পাল সং=সমূহ] ।

২=[ঢা]—বি. নিক্তি ।। [দেখ পার্লা] ।

৩=[পা, রা, দি]—বি. ঘন শিশির ।। শিতের্ রাইতে পালা পড়ে (পা) । [<প্রালেয় সং] ।

৪=[বা]—বি. নারিকেলের মালা দ্বারা তৈয়ারী হাতল বিহীন চামচ ।। পালা দিয়া শালুন্ বারে । [<পল্লব সং] ।

৫=[চট, পা, খু, কুম, সি, নো, রা]—বি. খুঁটি, থাম ।। গরে ওগ্‌গা পালাও নাই । [দেখ পালা ; অর্থ প্র.] ।

পালান্=[ঢা, ম, পা, ফ]—বি. বাড়ীসংলগ্ন শাকসব্জির ক্ষেত ।। [<প্রাঙ্গণ সং] ।

২=[ঢা]—বিণ. দুই হাতে জড়াইয়া যতটুক নাগাল পাওয়া যায় সেই পরিমাণ ।।

পালাপালি=[কুম]—বি. লুকোচুরি খেলা ।। [<পলা (<পলানো)+পলি] ।

পালা পেচা বাধ্=[রা]—বি. ঘরের খুঁটিতে দেওয়া বাঁধ ।। [দেখ পালা+পেঁচানো+বাঁধ] ।

পালা বিলাই=[ম]—বি. গৃহপালিত বিড়াল ।। আমাগো পালা বিলাই আসে । [<পালা=পালিত+বিড়াল] ।

পালাম্=[খু]—বি. পালংশাক ।। [<পালং<পালঙ্কী সং] ।

পালাহৈর্=[বা]—বি. ভিত্তি ।। [দেখ পালা+হৈর<সারি] ।

পালি=[কুম]—বি. জলপানের জন্য ব্যবহৃত পিতল বা কাঁচের একপ্রকার গ্লাস ।।

২=[কুম, ম, সি, কু, খু, ঢা]—বি. পরিমাপ বিশেষ ।।

পালিশ্=[চট]—বি. মালিশ ।। মাথাডা পালিশ্ কৈর‍্যা দ্যাও । [<পলিশ polish ইং] ।

২=[নো]—বি. নৌকার দাঁড় ।।

পালুই=[খু]—বি. খড়ের গাদা ।। [দেখ পালা+ই প্র.] ।

পালে=[য, ফ]—বি. ছোট মেটে হাঁড়ি ।। পালেত্ কি আসে ? [<পাইল <পাতিল+আ] ।

পালেবরাতে=[সি]—ক্রি. বিণ. সদলবলে ।। [<পাল+এ (বিভক্তি) +বরাত হিং<বরযাত্রী সং+এ (বিভক্তি)] ।

পালৈ=[সি]—বি. ঢেঁকিশাক, একজাতীয় শাক ।।

২=[খু]—বিণ. নূতন ।। পালৈ পান্ যাল্ লাগে ।

পালো=[সি]—বি. মাচা, লতা জাতীয় উদ্ভিদের আশ্রয়স্থল ।। উরি গাসের্ পালো দাও । [<পালঙ্ক সং] ।

পালোট্=[খু]—বি. জমিতে মই দেওয়ার সময় কোন নির্দিষ্ট দিকে কিছু দূর চলাকে পালোট বলে ।। [দেখ পালট্] ।

পাল্=[দি]—বি. শামিয়ানা ।। [< পাইল ; অর্থ প্র.] ।

২=[রা]—বি. ষাঁড় দেখানো ।।

৩=[য]—বি. সঙ্গী, সাথী ।। 'পাল্ বয়াতি শংগি লয়ে চ'ল্ উত্তর্ দেশে' —লোক সঙ্গীত ।

৪=[কুম, নো]—বি. রান্নার চুল্লী বা উনান ।। [দেখ পাকাল্] ।

৫=[খু]—বি. গাদা, স্তূপীকৃত বিচালি ।। [দেখ পালা] ।

৬=[খু]—বি. উপায় ।।

৭=[কুম]—বি. লাঙ্গলের লোহার অংশ ।। পাল্ডা দারাও । [<ফাল] ।

পাল্কা=[সি]—বিণ. পোষা, যাহাকে পালন করা হইয়াছে ।। [দেখ পালক্-পুত্] ।

পাল্কিবার্=[রা]—বি. রবিবার ।। [দেখ পাল্টি বার] ।

পাল্ক্যা=[চট্ট]—বি.পোষ্য পুত্র ।। [দেখ পালক্ পুত্ ; পালক+ইয়া প্র.] ।

পাল্টা=[বা]—বি. ধান ভানার পর্যায় বিশেষ ।। এক্ পাল্টা দিয়া দে৷ পাল্টা দে । [দেখ পালট্+আ প্র.] ।

২=[ফ,ম]—বিণ. অর্ধকাড়া, আছাঁটা ।। পাল্টা চ'াইলের্ বাত্ বালা না (ম) । [অর্থ প্র.] ।

পাল্টাংগি=[ঢা]—বি পাল খাটাইবার বাঁশ ।। পালটাংগি বাইংগা গেসে । [দেখ পাল্+টাংগানো ; টাং+ই] ।

পাল্টানো=[কুম, পা]—ক্রি. ধান ভানা ।। [দেখ পাল্টা+নো প্র.] ।

২=[পা]—বি. পাল উড়াইবার কাছি বিশেষ ।। [দেখ পাল্টাংগি] ।

পাল্টি=[রা]—বি. ইশারা ।।

পাল্টিবার্=[বা, পা]—বি. সপ্তাহের নির্দিষ্ট বার (কোন লোকের নামের সাথে মিল থাকায় সেই বারকে পাল্টিবার বলা হয়) ।। [=যে বার পালটাইয়া আসে] ।

পাল্টি মাশ্=[ম]—বি. আষাঢ় মাস ।।

পাল্ঠ্যা=[রা]—বিণ. হাসি ঠাট্টা করে যে ।। ছেলেটা খুব্ পাল্ঠ্যা ।

পাল্ডানো=[ঢা]—ক্রি. বিণ. উলট পালট করা, পালা বদলান ।। বাশাডা পাল্ডাইতে ঐব । [পালট্ < পল্লট প্রাং<পর্যস্ত সং+আনো প্র.] ।

পাল্ডি=[ম]—ক্রি. বিণ. পাল্লা ।। আইয়্ পাল্ডি দিয়া গান্ ঐবো । [< পালটা ; দেখ পাল্ট+ই প্র.] ।

পাল্ড্বীশিনে=[পা]—বিণ. দলের সঙ্গে মিল নাই এমন ।। [<পান (দল)+চুঁসানে=চুঁসায় যে] ।

পাল্তানি=[রা]—বিণ. ছোট বাচচা ।। [<পলিতহ্ پلیته ফা.+নি প্র ; অর্থ প্র.] ।

পাল্তো=[খু]—বি. হালুয়া ।।

পাল্দরি=[পা]—বি. পাল উড়ানোর খুঁটি ।। পাল্দড়ির বান্ পাকা নাঐলে যুত্ হয় না । [দেখ পাল্+দড়ি] ।

পাল্ দেওয়া=[ব, খু, পা]—বি. পশুদের সঙ্গম দেওয়ানো ।। গাইডার্ ডাক্ আইচে', পাল্ দিয়াই আন্ (ব) । [দেখ পাল্$_2$+দেওয়া] ।

পাল্নি=[বা]—বি. স্তনের বোঁটার উপরিভাগ ।।

পাল্পল্লি=[খু]—বিণ. অনেক, ঝাঁক ।। পাল্পল্লি যতসব্ এশে গাসের্ আম্গুলি শব্ শেশ্ কর্লো । [দেখ পাল্$_5$+পাল+ই] ।

পাল্মতন্=[য]—ক্রি. বিণ. সুযোগ মত ।। [দেখ পাল্$_5$+মতন] ।

পাল্লা=[কুম]—বি. খুঁটি ।। [দেখ পালা$_6$] ।

২=[ব,রা]—বি. হাঁড়ি ।। ঘরে চাল্ নাই পাল্লা চল্বে না (রা) । [<পাইলা<পাতিল+আ] ।

৩=[ব, রা]—বি. শিশির ।। [দেখ পালা$_3$] ।

পাল্লানিয়র্=[রা]—বি. শিশির ।। [দেখ পালা$_3$+নীহার সং ; সহশব্দ] ।

পাল্লা পাতর্=[কুম]—বি. দাঁড়ি-পাল্লা ।। [দেখ পাল্লা +পাথর (< প্রস্তর সং] ।

পাল্লা পাত্থর্=[সি]—বি. বাট-খাড়া ।। [দেখ পাল্লাপাতর্] ।

পাল্লায় পাল্লায়=[কুম]—ক্রি. বিণ. বারে বারে ।। পাল্লায় পাল্লায় আইয়া বরিতি নেয় । [পালায় পালায়] ।

পাল্লারা=[ম]—ক্রি. (ঘাড় ধরিয়া) ঘুরানো ।।

পাল্লি=[কুম]—বি. তরাজু, দাঁড়ি-পাল্লা ।। আট্ পাল্লিয়ে এক্ মন্ অয় । [দেখ পাল্লা+ই প্র.] ।

পাল্লে=[রং]—বি. হাঁড়ি, পাতিল ।। [দেখ পাল্লা$_2$] ।

পাল্ল্যা=[ফ, সি, পা]—বি. পাতিল, ভাতের হাঁড়ি ।। হাট্ থেকে একটা পাল্ল্যা কিনে আইনো । [দেখ পাল্লা$_1$] ।

পাল্শে মান্দার্=[য]—বি. বুনো-গাছ বিশেষ ।।

পাশড়্=[ফ]—বি. পাঁজরা, পার্শ্ব দেশ ।। [<পার্শ্ব+ড় প্র.] ।

পাশন্ডি=[চট্ট]—বিণ. নিষ্ঠুর ।। হায় পাশন্ডি বোঝাই (বোনাই) । [< পাষণ্ড সং+ই প্র.] ।

পাশা=[রা]—বি. পয়সা ।। মাছটির্ দাম্ দশ্ পাশা । [<পয়সা] ।

২=[পা]—বি. স্ত্রীলিঙ্গ ।।

পাশাইল্=[কুম]—বিণ. প্রস্থবিশিষ্ট ।। [<পাশ(<পার্শ্ব সং)+আল প্র] ।

পাশাড়্=[খু]—বি. পার্শ্ব দেশ ।। [দেখ পাশড়্] ।

২=[য]—বি. পাঁজর ।। [অর্থ প্র.] ।

পাশাল্=[ম, রা]—বি. প্রশস্ত, দূর-বর্তী ।। তার্ কপাল্ খুব্ পাশাল্ । [দেখ পাশাইল্] ।

২=[রা]-বিণ. আড়াল ।। [অর্থ প্র.] ।

৩=[রা]—বিণ. পাতলা, ফাঁক ফাঁক ॥ [অর্থ প্র.]।

পাশি=[রা]—বি. লাঙ্গলের ফালের লোহার খিল ॥ [<পাশ (<পার্শ্ব সং) +ই ; অর্থ প্র.]।

২=[রা]—বি. খাটের পায়ার সঙ্গে লাগানো চার খানা লম্বা কাঠ ॥ [অর্থ প্র.]।

পাশিন্দার্=[য]—বি. যাত্রী ॥ নাওটায় বহু পাশিন্দার্ উটেসে। [< প্যাসেঞ্জার passenger ইং]।

পাশুন্=[রং, পা, কুম, রা, দি, ম]—বি. খুরপী, মাটি খুঁড়িবার ছোট খন্তা, নিড়ানি ॥

পাশুরি=[দি]—বি. মশারী ॥ মশার্ উত্পাত্ খুব্ পাশুরিটা খাঁঠাতে হবে।

পাশ্=[চা,সি]—বি., বিণ. পুরু, চওড়া, প্রস্ত ॥ চ'টিটা পাশে খুব্ বর (চা)। [< পার্শ্ব সং]।

পাশ্কোরি=[চা]—বি. ক্ষুদ্র বিছানা ॥

পাশ্কোল্, পাশ্খোল =[বা]—বি. চুলা হইতে হাঁড়ি পাতিল তুলিবার জন্য ব্যবহৃত সুপারীর খোল ॥

পাশ্চ'াতি=[চট্ট]—বি. খড়ের ঘরের বেড়াকে বৃষ্টি হইতে রক্ষা করিবার জন্য ব্যবহৃত বেড়া ॥ [<পশ্চাৎ সং+ই প্র.]।

পাশ্টিঘর্=[রং]—বি. প্রসূতি ঘর ॥ [<প্রসূতি+ঘর]।

পাশ্নি=[রা]—বি. পাটের জমির ঘাস পরিস্কার করিবার অস্ত্র ॥

পাশ্ পাশ্=[সি]-বিণ. অতি সন্তুষ্ট ॥ বোটি নাইওর্ যাইতো বুলিয়া পাশ্ পাশ্। [پاش پاش ফা.=টুকরা টুক্রা]।

পাশ্ফেট্=[সি]—বি. ছাড়পত্র ॥ [<পাস্পোর্ট pass port ইং]।

পাশ্রা=[চট্ট]—বিণ. বেকুফ ॥ একেবারে পাশ্রা বানাইয়ে। [<ফাঁস (< ফাশ فاش ফা.)+রা প্র.]।

পাশ্লি=[সি, রং]—বি. পায়ের অলঙ্কার বিশেষ ॥

পাশ্শব্দি=[সি]—বি. শোরগোল ॥ [<পাঁচ+শব্দ+ই প্র.]।

পাশ্শেমাস্=[য, খু]—বি. দক্ষিণ সাগরীয় মাছ বিশেষ ॥ [<পারশে মাছ]।

পাশ্শেল্=[খু]—বি. শৃগাল ॥ পাশ্শেল্ মুরগি ধরেচে'। [<পাতি= শিয়াল]।

পাসা=[চট্ট]—বি. গায়ের প্রান্ত ॥ গাঅর্ পাসা কঅর্? [দেখ পাশ+অ প্র.]।

২=[বা]—বি. ছোট আঁটি ॥

৩=[বা]—বি. ঘাট ॥ পাসাডা গেল্ কৈ?

পাসাআত্=[ব]—বি. শেষরাত্রি ॥ পাসাআতেতি হাঁইযাই কর্যা উঠ্সি। [<পাছ (<পশ্চাৎ সং)+আ+রাত্র সং]।

পাসাইরা=[ম]—অস. ক্রি. জোর করিয়া ॥ আবুডারে পাসাইরা দৈরা লও। [<পাছাড়িয়া]।

পাসাড়্=[পা]—বি. কুস্তী ॥ [< পাছাড়]।

পাসাড়্ দরা=[পা]—ক্রি. মারামারি করা, দ্বন্দ্ব যুদ্ধ করা ॥ [দেখ পাসাড়্+ ধরা।

পাসানা=[সি]—বিণ. চেনা ॥ [পহ্চান্না হিং]।

পাসান্=[সি]—বি. আন্দাজ ॥ হকলে পাসান্ কর্সেন্ হটা বাগর্ ডাক্। [< পসন্দ پسند ফা.]।

পাসাপাইরা=[ম]—বিণ. পিছনে পাড় যুক্ত ॥ তোমার্ পাসা পাইরা শারিটা কোনায়? [<পাছা (<পশ্চাৎ সং)+ পাড়+ইয়া প্র.]।

পাসা পাসি=[চা]—বি. কুস্তি ॥ [দেখ পারচ্'া পারচি']।

পাসামরা=[পা]—বিণ. দুর্বল ॥ [< পাছা (<পশ্চাৎ সং)+মরা]।

পাসামুরা=[চা]—বি. পেছন দিক্, অগ্রভাগ ॥ তুমি পাসামুরায় বহ। [< পাছা (<পাশ্চাৎ সং)+মুডা (<মুণ্ড সং)]।

পাসার্=[সি]—বি. প্রাণে আঘাত ॥ ইতার্ তাপে শে পাসার্ দিয়া গেল্ গৈ। [<পাছাড়]।

২=[সি]—বি. আছাড়, হোচট ॥ [পূর্বে দেখ]।

৩=[চা]—ক্রি. জোর করিয়া ধরা, নিক্ষেপ করা ॥ [পূর্বে দেখ]।

পাসার্ করা=[চা]—ক্রি. পরীক্ষা করা ॥ [দেখ পাসার্+করা]।

পাসার্ দরা=[চা]—ক্রি. শক্তি পরীক্ষা করা ॥ পাসার্ দর্ত দেহি কে যেতে? [দেখ পাসাড়্ দরা]॥

২ =[ম]—ক্রি. কুস্তি ধরা ॥ [অর্থ প্র.]।

পাসিলা=[কুম]—বিণ. পরবর্তী, পরের ॥ পাসিলা গুনা মাপ্ চ'াও। [<পাছ (<পশ্চাৎ সং)+ইল+আ]।

পাসিল্=[ম]—বিণ. ফাঁকফাঁক ॥ পাসিল্ কর্যা আম্ গাস্ রৌঅন্ নাগ্বো। [দেখ পাশাইল্]।

পাসুরি=[ম]—অব্য. পশ্চাৎ ॥ তার্ পাসুরি কৈ যাও? [<পাছ (<পশ্চাৎ সং)+উরি]।

পাসে অডা=[চা]—ক্রি. পেছনে হটিয়া যাওয়া ॥ খরচ্' দেইক্যা পাসে ঐড না। [<পাছে হটা]।

পাস্=[য]—বি. অতিক্রম ॥ [< পাস pass ইং]।

পাস্ উল্ট্যা=[ম]—ক্রি. বিণ. পশ্চাৎভাগ উলটা ॥ পাস্ উল্ট্যা কর্যা দেখস্ নে ॥ [<পাছ(পশ্চাৎ সং)+ উলটা]।

পাস্কুল্=[বা]—বি. পশ্চাৎ দিক্ ॥ [<পাছ+কুল]।

পাস্গুরা=[চা]—বি. একপ্রকার ছোট কীট ॥ পাস্গুরার্ গন্দ খুব্ খারাপ্।

পাস্টান্=[চা]—বি. অভাব, অনটন ॥ [<পাছ+টান]।

পাস্তর্=[পা]—বি. পিছন ॥ চে'য়ারটা তোমার্ পাস্তরে রাখো। [<পাছ+থর (<স্তর সং)]।

পাস্‌দুয়ার্‌=[বা]—বি. পিছনের দরজা ।। পাস্‌দুয়ারে বৌ আসে । [< পশ্চাদ্বার] ।
২=[বা, খু]—বি. অন্দরমহল ।। [অর্থ প্র.] ।
পাস্‌পরান্‌=[ঢা, ফ]—বি. আত্মা ।। আমার্‌ পাস্‌পরান্‌ দাপ্‌পুর্‌ দুপ্‌পুর্‌ করে । [<পাঁচ+প্রাণ] ।
পাস্‌বারানে=[ঢা]—অব্য. পাছে-পাছে ।। পান্‌শির্‌ পাস্‌বারানে নাও চ'লে । [<পাছ+বাড়া (<বৃদ্ধি সং) +স্থানে] ।
পাস্‌বায়্‌=[ম]—ক্রি. বিণ. বাড়ীতে ।। অর্‌ গুশা হোলে পাস্‌বায়্‌ যাবাক্‌ না চ'ায়্‌ । [<পাছ+পায় (<পানে)] ।
পাস্‌মিলে=[ঢা]—ক্রি. বিণ. মিশ্রিত ভাবে, ছোট বড় না বাছিয়া ।। পাস্‌মিলে যিনিশ্‌ কিন্‌লে পর্‌তা কম্‌ পরে । [< পাঁচ মিলে] ।
পাস্‌রান্‌=[সি]—ক্রি. আছাড় মারা ।। তোমারে পাস্‌রাইয়া মাইরা ফালাইমু । [<পাছড়ান] ।
২=[ঢা]—ক্রি. পরাজিত করা ।। হে তারে পাস্‌রাইয়া ফালাইসে । [অর্থ প্র.] ।
পাস্‌রা পাস্‌রি=[ঢা]—বি. দ্বন্দ্ব-যুদ্ধ, কুস্তি ।। তরা এমুন্‌ পাস্‌রা পাস্‌রি করছ' ক্যান্‌ ? [দেখ পার্‌চ'া পার্‌চি'] ।
২=[কুম, সি]—বি. মারামারি ।। দুইডা পোলায়্‌ পাস্‌রা পাস্‌রি লাগ্‌সে । [অর্থ প্র.] ।
পাস্‌রালি=[ম]—ক্রি. বিণ. নড়িতে না পারে এমন ভাবে ।। তারে পাস্‌রালি কৈর‍্যা দর্‌ । [দেখ পাছড়ান্‌ ; পাছড়া+লি প্র.] ।
পাস্‌সান্‌=[নো]—ক্রি. বি. পিছু হটা, পশ্চাৎপদ হওয়া ।। বালা কামে পাস্‌সান্‌ উচি'ত্‌ ন । [<পাছ (< পশ্চাৎ সং)+আন প্র. ; নামধাতু] ।
পাহট্‌=[পা]—বি. জেব ।। চে'ারেরা দিনেও পাহট্‌ কাটে । [<পকেট pocket ইং] ।

পাহর্‌=[ফ]—বি. শ্বেতী, শ্বেতকুষ্ঠ ।। মুখে পাহর্‌ ঐসে । [<পাখর] ।
২=[ফ]—বি. পাইর, ঘরের চতুর্দিকের উপরকার কাঠ ।। [<পাড়< পট্ট সং] ।
পাহল্‌=[ম]—বি. ছোলা ।।
পাহা=[কুম]—বি. বি. মিষ্ট ।। তোম্‌রা যে বিয়াতে গেসিলা পাহা খাওয়াইসেনি ? [<পাকা ; অর্থ প্র.] ।
২=[ম]—বি. জালের ছিদ্র ।। যালের্‌ পাহা বর হওন্‌ উচি'ত্‌ ।
৩=[ঢা]—বি. খালি ।।
৪=[কুম, ঢা, বা]—বি. চুলা ।। পাহা বাংগিশ্‌ না (ঢা) ।
৫=[খু]—বি. পায়া ।। [<পায়া <পা (<পাদ সং)+আ] ।
৬=[য]—বি. পাখা ।। গরমেতে কি পাহা নাহলে চ'লে । [<পাখা< পাখ (পক্ষ সং)+আ] ।
পাহাইল্‌লা=[কুম]—বিণ. নোংরা ।। আত্‌পায়্‌ সালি মাইখ্যা পাহাইল্‌লা ঐয়া রৈসে ।
পাহাযাল্‌=[ঢা]—বি. বড় খোপ বিশিষ্ট জাল ।। পাহাযালে রুহিত্‌ মাস্‌ দরুন্‌ যায়্‌ । [দেখ পাহা$_{১}$+জাল] ।
পাহাড়ি=[রা, খু]—বি. বেড়া ।। [<পাড় (<পাটক সং)+ই প্র. পাহাড়ের সাদৃশ্যে "হ" আগম] ।
পাহাড়্‌=[রা, খু]—বি. তীর, পাড় ।। নদির্‌ পাহাড়্‌ । [দেখ পাহাড়ি] ।
পাহাড়্‌ড্যা শাইল্‌=[রা]—বি. একটি ধানের নাম ।।
পাহাড়্‌ দেওয়া=[রা]—ক্রি. ঢেঁকিতে পাড় দেওয়া, ধান ভানা ।। [দেখ পারানি$_{৩}$+দেওয়া] ।
পাহানি=[য]—বি. পাচক ।। তুমি বালা পাহানি এখনো হতি পারনি । [<√ পাক (<পাকানো) + আনি প্র.] ।
পাহান্‌=[চট্ট]—অব্য. বোধ হয়, বুঝি, মত ।। [দেখ পাসান্‌] ।
পাহারি=[ম, ফ]—বিণ. পশুরী ।। এ্যাক্‌ পাহারি দান্‌ দেও (ম) । [< পশুরী(<পঞ্চসেরী)] ।
পাহারিলতা=[ঢা]—বি. এক প্রকার লতা ।। [<পাহাড়ী লতা] ।
পাহার্‌=[বা]—বি. আছাড় ।। পাহার্‌ খায়ে পরেসে । [<পাছাড়=আছাড়] ।
পাহালন্‌=[চট্ট]—ক্রি. প্রক্ষালন করা, ধোওয়া, সাও করা ।। হাত্‌ মু্‌খ্‌ পাহাল । [<প্রক্ষালন সং] ।
পাহাল্‌=[কুম]—বি. চুলা ।। [দেখ পাকাল্‌] ।
২=[বা]—বি. ইস্পাত ।। দাতে একেবারে পাহাল্‌ নাই । [দেখ পাকাল্‌$_{১}$] ।
৩=[রা, ঢা, দি, ম]—বি. জমিতে কিছুই উৎপন্ন না হওয়া, অজন্মা ।।
৪=[ঢা]—বি. রাগ, ক্রোধ ।। তার্‌ এত পাহাল্‌ কেন্‌রে ? [দেখ পাহাল্‌$_{২}$; অর্থ প্র.] ।
পাহি=[খু]—বি. বিঘা ।। আমার্‌ মাতুর চ'ার্‌ পাহি যমি ।। [<পাখী (জমির পরিমাণ বিশেষ)] ।
২=[ফ]—বি. মোটা রশি ।। পাহি দিয়া গরুটা বান্‌দ । [<পাহ<পাশ সং+ই প্র.] ।
৩=[রা]—বি. ক্ষেতের চুক্তি, কাজের অংশ ।।
৪=[য]—বি. পাখী ।। পাহির্‌ সা ফুটেনে ? [<পাখী<পক্ষী] ।
৫=[ঢা]—বি. বেতের কাঁটা দিয়া তৈয়ারী এক প্রকার মাছ ধরার যন্ত্র ।।
পাহিল্‌=[ঢা]—বিণ. ফাঁক ।। যানা-লাডা বর পাহিল্‌ । [দেখ পাশাইল্‌] ।
পাহুটা=[রা]—বি. পদচিহ্ন ।। [< পাও (<পদ সং)+টা প্র.] ।
পাহুড়্‌=[রা]—ক্রি. বিণ. ছটফট ।। [<পাক+উড় প্র.] ।
পাহুর্‌=[ম]—বি. দৌড় ।। [দেখ পাহড়্‌] ।
পাহুর্‌বার্‌ পারা=[ম]—ক্রি. ভুলিতে পারা ।। রুপাই শোনার্‌ কতা পাহুর্‌বার্‌ পারে না । [<পাসরিবার(<পাসরণ) =পাসরিতে পারা] ।

পাহেরা=[বা]—বি. পাহারা ॥ [<প্রহরা সং]।

পাহৈ=[য]—বি. বট গাছ ॥ [<পাকুড়(<পর্কটী সং)]।

পাহৈর্=[ম]—বি. দৌড় ॥ বাস্সুরটা খুব্ পাহৈর্ দিতাসে। [দেখ পাহুড়্]।

২=[কুম]—বি. কাঁচা সুপারি ॥

পাহোর্=[ফ]—বি. শ্বেতকুষ্ঠ ॥ লোক্‌টার্ পাহোর্ হৈচে'। [<পাখর]।

পাহোর্ গাস্=[ঢা, বা]—বি. বট-গাছ ॥ পাহোর্ গাস খুব্ বর অয়্। [দেখ পাহৈর্+গাছ]।

পাহ্‌ড়া=[য]—বি. শিমুল ফল ॥

পাহ্‌না=[ম]—বিণ. পক্ব ॥ পাহ্‌না আম্। [<পাক(<পক্ব)+না প্র.]।

পাহ্‌লন্=[নো]—ক্রি. ধৌত করা ॥ [দেখ পাহালন্]।

পি

পি=[কুম]—বি. পিসি ॥ পিগো তোমার্ পুয়া ঐসে? [<পিই< পিসি (<পিতৃস্বসা সং)]।

পিআ=[চট্ট]—বি. ফুপা ॥ পিআর্ বারিত্ যাইয়্‌ম্। [দেখ পি]।

পিইনারি=[চট্ট]—বি. হিংসা ॥ পিইনারি করেয়েত্। [<পিশুন সং) +আরি প্র.]।

পিইন্=[নো]—বি. নাকের শ্লেষ্মা ॥ হোলাহাইনের্ নাক্ দি হগল্ শময় ক্যাবল্ পিইন্ হড়ে। [<পিনাস (<পীনস সং)]।

পিইন্‌দারি=[চট্ট]—বি. হিংসা, ঈর্ষা ॥ অাঁর্ উন্নতি দেইরে তোরার্ পিইন্-দারি ঐয়ে। [দেখ পিইনারি; পিশুন +দারী داری ফা.]।

পিউন্=[চট্ট]—বি. হিংসা ॥ হিতে পিউনে আর্ বাচে' ন। [দেখ পিইনারি]।

পিউন্‌দাইগ্‌গা=[চট্ট]—বি. পরশ্রী-কাতর ॥ ফৈরাডা বর পিউন্‌দাইগ্‌গা। [দেখ পিউন্+দাগ داغ ফা.+ ইয়া]।

পিউরি=[ম]—বি. পদ্মের পাঁপড়ি॥ 'কৈন্নার্ মুখ্ যেন্ পিউরি দিয়া গাথা' (গ্রাম্য গান)। [<পাপড়ি (<পর্ব সং)]।

২=[চট্ট]—বি. বাতের বেদনা ॥

পিংগা=[ম]—বি. পীতবর্ণ ॥ হের্ চু'ল্ পিংগা। [<পিঙ্গ+আ]।

পিংগাশি কথা=[সি]—বি. খোটা, গঞ্জনা, অসহনীয় কথা ॥ পিংগাশি কথা আর্ মাতিও না।

পিংগিরায়্=[ফ]—বি. একপ্রকার গাছ (ইহার ফলের বীজ হইতে তৈল হয়) ॥ পিংগিরায্ গোটার্ ত্যাল্ বালা অয়্। [<ভৃঙ্গরাজ সং]।

পিংলা=[সি]—বিণ. ফ্যাকাশে ॥ বোরা লোক্‌টার্ চ'খ্ পিংলা ঐ গ্যাসে। [<পিঙ্গল+আ]।

পিংলান্=[রং]—বি. উৎপাত ॥

পি'আইচ্'=[চট্ট]—বি. পিয়াজ ॥ হিদুরা পিআইচ্' ন খায়্। [<পিয়াজ (<পিয়ায پیاز ফা.)]।

পি'উরা=[চট্ট]—বি. পিপীলিকা ॥ [<পিঁপড়া (<পিপীলিকা সং]।

পি'কি=[রা]—বি. কাদা ॥ [<পাঁক (<পঙ্ক সং)+ই প্র.]।

পি'ক্‌রানো=[রা]—ক্রি. দৌরাত্ম্য বা অত্যাচার করা ॥ তুই পিক্‌রাইতে শুরু কর্‌লি ক্যান্?

পি'য্‌তি=[খু]—বি. চোখের ময়লা, পিচুটি ॥ [<পিঁচুটি <পিচ্চট সং]।

পি'ড়ি=[রা]—বি. পুরুষ, বংশ ॥ মোর্ শাত্ পিঁড়িত্ এমন্ কাম্ কেউ করে নাই। [<পিণ্ডি সং; তুং পিঢ়ী হিং]।

পি'দন্=[চট্ট]—ক্রি. পিন্ধন, পরিধান করা ॥ [<পিধন <পিন্ধ (< পিনদ্ধ সং)]।

পি'শ্‌টি=[রা]—ক্রি. পিচুটি ॥ [দেখ পিঁয্‌তি]।

পিক্যানি=[রা]—বি. ময়লা ॥ [দেখ পিঁকি+আনি প্র.]।

পিক্=[রং]—বি. পুঁজ ॥ ফোড়ায় পিক্ ঐছে। [পীব্, পীপ্ হিং]।

পিক্‌রা=[রং]—বি. পিঁপড়া, পিপী-লিকা ॥ পিক্‌রার্ কামর বড় বিশ্। [দেখ পিঁউরা]।

পিচ'ট্=[ম]—বিণ. নোংরা ॥ করিমের্ বৌটা বর পিচ'ট্। [<পিচ্চট সং]।

পিচ'া=[খু]—বি. পেচক ॥ দিন্‌মানে পিচ'া পুলাই থাকে। [<পেঁচা (< পেচক সং)]।

পিচ'াট্=[পা]—বিণ. খারাপ ॥ [< পিচাশ]।

পিচারা=[রা]—বি. পাছা, নিতম্ব ॥ [<পিছা(<পিছ বা পুচ্ছ)+রা প্র.]।

পিচারি=[রা]—বি. পশ্চাৎ ॥ পরের্ পিচারি দেখার্ আগে নিজের্ পিচারিটা শাম্‌লাও। [<পিছাড়ী হিং]।

পিচ'াশ্=[ঢা]—বি. নোংরা লোক, খুব হিসাবী লোক, যাহারা সামর্থ্য থাকিতে ও খরচ করিতে চায় না এমন ॥ এমন্ পিচ'াশের্ তা কে খাইব? [দেখ পিচ'াট্]।

পিচে'=[য]—বি. ঝাটা ॥ [<পিছা (<পিচ্ছ সং)]।

পিচে'ট্=[খু]—বিণ. দুষ্ট ॥ পিচে'ট্ সেলে। [দেখ পিচ'াট্]।

২=[ফ]—বি. পিশাচ ॥ পিচে'টের্ আড্‌ডা। [পূর্বে দেখ]।

পিচে'ল=[খু]—বি. ফন্দীবাজ ।। [<প্যাচ+এল প্র.] ।

পিচে'শ=[খু]—বিণ. অপরিষ্কার, পিশাচ ।। তুই তো ভারি পিচে'শ্ । [দেখ পিচ'াট্] ।

পিচ'্যাট=[পা]—বিণ. নোংরা, পিশাচ, দুষ্ট ।। [দেখ পিচ'াট্] ।

পিচ'=[ম]—বি. ভাতের ফেন ।। অকালের্ দিনে পিচ্' খাইয়াও অনেকে দিন্ কাটায় । [<পীচ হিং] ।

পিচ'কা=[ফ]—বি. গুচ্ছ, থোকা ।। পাট্গুলা পিচ্'কা দিয়া এই খানে থোও ।

পিচ'কাতাও=[সি]-ক্রি. বিণ. ছুটিয়া যাইতে ।। তাইন্ কেনে পিচ'কাতাও পার্তো না । [<পিছ+কা+ধাও (<ধাওয়া)] ।

পিচ'কান=[সি]—ক্রি. খোসা ছাড়ান ।। সানা পিচ্'কাইয়া বালা সালন্ অয় ।

পি'কা পিচ'কি=[সি]—ক্রি. বিণ. ফসকিয়া যাওয়ার চেষ্টা ।। চে'র্টা পি'কা পিচ'কি কর্তাসে । [<ফসকা ফসকি] ।

পিচ'কি=[খু, ম, কু]—বি. পানের পিক, থুথু ।। পানের্ পিচ্'কির্ দাগ্ ওডে না । [<পীক হিং+টি প্র. ; বর্ণ বিপর্যয়] ।

পিচ'কুনডি=[সি]—ক্রি. বিণ. পিছনে হাত ।। [<পিছ (দেখ পিচারা) +খান+দিয়া] ।

পিচ'গদুন=[ঢা]—বি. গুহ্যদ্বার ।। [<পিছ (দেখ পিচারা)+কুণ্ড সং] ।

পিচ'চ'া দেওয়া=[ঢা]—ক্রি. অনুসরণ করা, সঙ্গী হওয়া ।। তুই আবার্ পিচ্'চ'া দিলি কেরে ? [<পিছা (<পিচ্ছ বা পুচ্ছ)+দেওয়া] ।

পিচলা=[রং]—বিণ. ভয়ানক অবাধ্য ।। [দেখ পিছ্লা₁ ; অর্থ প্র.] ।

২=[রং, পা]—বিণ. পিচ্ছিল ।। পিছ্লা গাটায়্ গেছিলাম্, ঠাশ্ ঐয়া পড়্ছিলাম্ (রং) । [<পিছল (< পিচ্ছল সং)+আ প্র.] ।

পিছা=[রা]—বি. সম্মার্জনী, ঝাঁটা ।। তোর্ নাহাল্ দাম্ড়ার্ গালে পিছা দ্যা মারা উচিত্ । [দেখ পিচে'] ।

পিছাড়ি=[রা]—বি. গাড়ির পশ্চাদ্ভাগ ।। গাড়ির্ পিছাড়ি ভাংগা । [দেখ পিচারি] ।

পিছ্যা=[রং]—বি. সম্মার্জনী, ঝাঁটা ।। [দেখ পিচে'] ।

পিছ্লা=[রং]—বিণ. পাজী, শয়তান ।। অমন্ পিছ্লা লোক্ আর্ দেখি না মুই । [দেখ পিচ্লা] ।

পিছ্লা পিছ্লি=[রং]—বি. ঠাট্টা-তামাসা ।। চেংড়াগুনাক্ হর্হামেশা পিছ্লা পিছ্লি করে । [দেখ পিছ্লা +পিছলি] ।

পিজুর=[রা]—বি. চোখের ময়লা, পিচুটি ।। চোখের্ পিজুর্ ধুয়ে আয় । [দেখ পিঁয্তি] ।

পিযদের=[খুম]—বি. অন্দর বাড়ী ।। [<পিছদুয়ার <পশ্চাদ্দ্বার] ।

পিয়হর=[কুম]—বি. অন্দর বাড়ী ।। যেমন্ তেমন্ বারিতে পিয়্হর্ থাকে । [<পিছ (দেখ পিচারা)+ঘর] ।

পিটা=[রং]—বি. পিঠা ।। বুবু কৈছে আজ্ পিটা বানাইব । [<পিঠা(< পিষ্টক সং)] ।

পিটাই ধরি মিটাই খিলান=[দি]—ক্রি. বিণ. আচ্ছা করিয়া মার ।। এ কাজ্টা না কর্লে তোকে পিটাই ধরি মিটাই খিলাবু । [<পিটাইয়া ধরিয়া মিঠাই খাওয়ান (তুং খিলানা হিং)] ।

পিটাগাটা করা=[ম]—ক্রি. রীতিমত ভাবে বকুনি দেওয়া, গালি গালাজ করা ।। [<পিটা(<পিটানো)+ঝাঁটা (সহশব্দ)+করা] ।

পিটা দেওয়া=[সি]—ক্রি. প্রহার করা, মার দেওয়া ।। [<পেটা দেওয়া] ।

পিটির পিটির=[খু]—ক্রি. বিণ. মিটমিট ।। [অনু.] ।

পিট্যান=[কুম]—ক্রি. গালি দেওয়া ।। [দেখ পিটোন্ ; অর্থ প্র.] ।

পিটোন=[খু]—বি. মারপিট ।। [<পেটান] ।

পিটকানি=[ঢা]—বি. পরিহাস ।।

পিটকির=[ঢা]—বি. এক প্রকার বনজ গাছ ।। পিট্কির্ গোড়ায় লাটিম্ অয় ।

পিটকিলা=[ঢা]—বি. এক প্রকার বনজ গাছ ।। পিট্কিলা গাসের্ পাতা খশ্খশ্ করে ।

পিটটা=[ফ]—বি. চালের ছন বাঁধিবার কাঠি, আটন ।।

পিটটাও=[রং]—ক্রি. বি. ধাওয়া করা ।। [দেখ পিট্ঠি ; পিঠ+আন প্র.] ।

পিটঠি=[ম]—বি. পিঠ ।। পিট্ঠিত গা হৈসে খুব্ বিশ্ । [<পিঠি ম. বাং <পিট্ঠী প্রাং<পৃষ্ঠ সং] ।

পিটনা=[রা]—বি. কাঁচা অসম্পূর্ণ মৃৎপাত্র সম্পূর্ণ করিবার জন্য কাষ্ঠ-নির্মিত যন্ত্র ।। [<পিট (<পিটা, পেটা)+না প্র.] ।

পিটনে=[খু]—বি. দেওয়াল কিংবা ক্ষেত পিটাইবার মুগর বিশেষ ।। পিটনে টা কন থুলি ? [দেখ পিট্না] ।

পিট মাচ'াইল=[ঢা]—বি. নৌকার ছৈয়ের উপরে দেওয়া বাঁশের চিকন কালা ।। পিট মাচ'াইল্ বান্দন্ লাইগব্ । [<পিঠ+মাচা (<মঞ্চ সং)+ল প্র.] ।

পিঠা পিঠা=[খু]—বিণ. রোগা রোগা ।। [<পিঠ (<পৃষ্ঠ সং)+আ প্র. ; অল্পার্থে শব্দদ্বিত্ব] ।

পিঠালি=[ব]—বি. এক প্রকার ভেষজ গাছ ।।

২=[রা]—বি. এক প্রকার ফল ।।

পিঠেম=[খু]—বিণ. অনুকূল ।।

পিঠ=[চট]—বি. পৃষ্ঠা ।। কয় পিঠ্ লেখা হৈয়ে ? [<পৃষ্ঠা সং] ।

২=[খু]—বি. দিক ।। চে'রটা উত্তর্ পিঠে দৌড়্ দিসে । [<পিঠ পৃষ্ঠ] ।

পিডা=[কুম]—বি. পিঠা ।। আমারে এট্টা পিডা দ্যান্ । [দেখ পিটা] ।

২=[কুম, ঢা]—ক্রি. প্রহার করা ।। সেলেরে তার্ বাপে খুব্ পিডাইসে। [দেখ পিটা দেওয়া] ।

পিডাপিডি=[ফ]—বিণ. পিঠাপিঠি, পরপর ।। করিম্ আর্ রহিম্ পিডা পিডি বাই। [<পিঠ (<পৃষ্ঠ সং) + আ + পিঠি] ।

পিড্‌লি=[চট্ট]—বি. পেটি ।। রৌমাসের্ পিড্‌লি। [<পেট+লি প্র.] ।

পিড়ল্=[রং]—বি. এক প্রকার বন্য ফল ।।

পিড়াদারি=[পা]—বি. পোঁতা ।। [< পিড়া (<পিণ্ডিকা সং)+ধার+ই] ।

পিড়ানি=[রং]—বি. ঘরের চারিধার ।। পিড়ানি ন্যাপা লাগে। [দেখ পিড়াদারি; পিড়া+নি প্র.] ।

পিড়ান্=[য]—বি. পিঁপড়া ।। [< পিঁপড়া (<পিপীলিকা সং)] ।

পিড়ালি=[রং]—বি. ঘরের মেঝের ধার, ঘরের বেড়ার বাহিরের উচুঁ অংশ ।। [দেখ পিড়ানি; পিড়া+লি প্র.] ।

পিড়ি=[ব]—বি. কলসী রাখার জন্য মাটীর তৈরী উচচ ঢিবি ।। [দেখ পিড়ালি] ।

পিড়ে=[খু, পা]—বি. বারান্দা ।। [দেখ পিড়ালি] ।

পিড়েয় বশে পাড়ের খবর নেওয়া= [কু]—ক্রি. বাড়ীর ভিতর হইতে বাহিরের বাড়ীর সব খবর নেওয়া ।। [<পিড়া (দেখ পিড়ালি)+য় (বিভক্তি) +বসিয়া+পাড়ার খবর নেওয়া; তুং পিঁড়ের বসে পেঁড়োর (=পাণ্ডুয়ার) খবর] ।

পিড়্যা=[রা]—বি. বসিবার পিঁড়ি, ঘরের বারান্দা ।। [<পিণ্ডিকা সং] ।

পিড়্=[রং]—বি. কাঁদি ।। এক পিড়্ কলা আনছে ? [<পিণ্ড সং] ।

২=[রং]—বি. পিঠ ।। মার‍্যা পিড় কাট্যা ফেলিমু। [<পিঠ<পৃষ্ঠ সং] ।

পিতলের গাছা=[রং]—বি. সখের জিনিস ।। [পিতলের+গাছ+আ প্র.] ।

পিতায়্=[চট্ট]—বি. গাছ বিশেষ ।।

পিতানি=[ঢা]—বি. লোভ, প্রবৃত্তি ।। তর্ এডুক্ মাসের্ লাইগ্যা পিতানি রৈয়া গেল্ ? [<পিত্ত + আনি প্র.] ।

পিতানো=[চট্ট]—ক্রি. বেশী দিন রাখিয়া পচাঁইয়া শুকান ।। ভোগ্ পিতাই গেইয়ে। [দেখ পিতানি; নামধাতু; অর্থ প্র.] ।

পিতান্‌তি=[ঢা]—বি. কাঁসার থালার কষ ।। চুঁকা লওনে থাল্‌ডার্ পিতান্‌তি ওঠ্‌সে। [<পিতল(<পিত্তল সং)+তি প্র.] ।

পিতামি=[ঢা]—বি. মাছের খাদ্য ।। পিতামি দিয়া পুডি মাস্ দর্ ।

পিতালন্=[চট্ট]—ক্রি. বি. বিরক্ত করা ।। তার্ পিতালন্ আই শৈ ন পারি। [<পিত্ (<পিত্ত সং)+ জ্বালন=জ্বালানো] ।

পিতাশ্=[চট্ট]—বিণ. পিশাচ, অতিলোভী, ভোজনবিলাসী ।। [<পিচাশ সং] ।

২=[ঢা]—বি. ক্ষুধা ও তৃষ্ণায় কাতর ।। [<পিত্তিনাশ<পিত্তনাশ] ।

পিতিপিতি=[রা]—ক্রি. বিণ. তন্ন তন্ন, পঁইপঁই ।। তামাম্ পিতি পিতি করি ট্যাকা কগুন্ মোটেই পালু না। [তুং পাঁতিপাঁতি (<পঙক্তি সং)] ।

পিতিমি=[ঢা, কু, বা, ফ]—বি. পৃথিবী ।। [<পৃথিবী] ।

পিতিয়ে যাওয়া=[খু]—ক্রি. কৃশ হইয়া যাওয়া ।। [দেখ পিতানো] ।

পিতিহিয়াল্=[কুম]—বি. শৃগাল বিশেষ ।। [<পাতি শিয়াল] ।

পিত্=[সি,ঢা,ম]—বি. পিত রসপূর্ণ থলি ।। মাসের্ পিত্ গৈল্যা মাস্‌গুলা তিত্যা ঐয়া গেসে (ঢা)। [<পিত্ত সং] ।

পিত্‌তি=[খু]—বি. আমের আঁটির ভিতরের সাদা অংশ ।। [দেখ পিত্; অর্থ প্র.] ।

২=[খু]—বিণ. কৃপণ ।।

৩ =[রং]—বি. প্রত্যেক ।। [< প্রতি] ।

পিত্‌তি যলা=[য]—ক্রি. রাগ হওয়া ।। তোর্ কতা স্থন্‌লে আমার্ পিত্‌তি যলি যায়্। [<পিত্ত জ্বলা] ।

পিত্‌তি নাহা=[ঢা]—বিণ. লজ্জাহীন ।। তর্‌মতন্ পিত্‌তিনাহা আর নাই। [<পিত্ত(লজ্জা)+নাহি] ।

পিত্‌তিপালন্=[ঢা]—বি. লালন পালন ।। এই এতিম্ পোলাডারে কে পিত্‌তি পালন্ কর্‌বো ? [<প্রতি পালন] ।

পিত্‌তিমা=[ঢা, কুম, বা, ফ]—বি. প্রতিমা ।। [<প্রতিমা সং] ।

পিত্‌তিমি=[রা]—বি. পৃথিবী ।। [<পৃথিবী] ।

পিত্‌তিমে=[খু]—বি. প্রতিমা ।। [<প্রতিমা সং] ।

পিত্‌তিম্=[খু]—বি. পৃথিবী ।। তোর্ মত মানুশ্ পিত্‌তিমে নি। [দেখ পিত্‌তিমি] ।

পিত্‌তিরায্=[খু]—বি. বড় বৃক্ষ বিশেষ ।। [<পৃথীরাজ] ।

পিত্‌তুম্=[য]—বি. পৃথিবী ।। [দেখ পিত্‌তিমি] ।

পিত্‌তে জালা=[রং]—বিণ. ক্রোধ সৃষ্টি করে এমন ।। পিত্‌তেজালা কতা কৈছ্ না। [দেখ পিত্‌তি যলা] ।

পিত্‌তেরায্=[খু]—বি. গাছ বিশেষ। [দেখ পিত্‌তিরায্] ।

পিত্‌তৈ=[রা]—অব্য. প্রত্যহ, প্রতিদিন ।। পিত্‌তৈ তুই ইশ্‌কুল্ পালাশ্। [<প্রত্যহ] ।

পিত্‌পালায় দেওয়া=[সি]—ক্রি. অহিংস হওয়া ।। মানুশ্‌টা পিত্‌পালায় দিসে। [<পিত্ত (সং) +ফালাইয়া দেওয়া] ।

পিত্‌পিত্‌ত্যা=[রা]—ক্রি. বিণ. অতিষ্ঠ ।। [<পিত্‌পিত্ (অনু.)+ইয়া প্র.] ।

পিত্‌পোরা=[কুম]-বি. আঘাতের ফলে সৃষ্ট নীল দাগ ।। [<পিত্ত+পোড়া] ।

পিত্লা=[ম]—বি. মাছ জিয়াইয়া রাখিবার বাঁশের পাত্র ॥ পিত্লার্ মাস্ উপ্রে তোল্ ।

পিত্লানি=[চট্ট]—বি. লাঞ্ছনা, বিরক্তি ॥ [দেখ পিতালন্] ।

পিত্লানো=[রং]—ক্রি. বিরক্ত করা ॥ মোক্ তায় পিত্লাইছ্ না । [দেখ পিতালন্] ।

পিত্লা শখ্=[ম]—বি. বিলাসিতা ॥ অত পিত্ল্যা শখ বালা না । [<পিতল +আ প্র.+শখ<শওক شوق আং] ।

পিত্ল্যা চে'াখ্যা =[কুম]—বিণ. নির্লজ্জ ॥ তোর্ মতো পিত্ল্যা চে'াখ্যা মানুশ্ কম্ দেখ্সি । [<পিতল+ইয়া +চোখ+ইয়া প্র.] ।

পিত্ল্যান্যা=[রা]—ক্রি. বিণ. বিরক্ত, বিস্বাদ ॥ [দেখ পিতালন্+ইয়া প্র.] ।

পিদান্=[চা]—বি. জামা ॥ সেলেটার্ পিদান্ নাই । [দেখ পিঁদন্] ।

পিদি'টো=[পা]—বি. সম্মান ॥ [< প্রতিষ্ঠা সং] ।

পিদ১ম্=[খু]—বি. প্রদীপ ॥ পিদুম্ বালা দেখি । [<পিদিম (<প্রদীপ সং)] ।

পিদ১লা=[রা]—বিণ. যে সহজে কোন কথায় কান্ দেয় না ॥ [<পিত.(< পিত্ত সং+উলা প্র.] ।

পিদ১ল২=[পা]—বি. পিটালি, আতপ চাউলের গুড়া ॥ [<পিত <পিঠ (<পিঠা)+উলি প্র.] ।

পিদোড়া=[রা]—বি. ঘোড়ার লাথি ॥ [<পা <পদ সং+ঝাড়া] ।

পিদ্দ১ক্, পিদ্দ১ম্=[খু]—বি. প্রদীপ ॥ পিদ্দুম্ বাল । [দেখ পিদুম্] ।

পিদ্দ১শ্=[ফ]—বি. প্রদীপ, চেরাগ ॥ পিদ্দুশে এক্টু ত্যাল্ দ্যাও । [দেখ পিদুম্] ।

পিনিচ্'=[চট্ট]—বি. ছোট প্লেট ॥ পিনিচ' করি সালন্ দে । [<পিরিচ (<পিরেচ pires পোর্তু.)] ।

পিনিপিনি=[চা]—ক্রি. বিণ. নিবু নিবু ॥ বাতিডা পিনিপিনি কৈর্তাসে । [অনু.] ।

পিনিয়া=[ম]—ক্রি. পিন্দাইয়া, পরাইয়া ॥ এগো পিনিয়া দে । [দেখ পিঁদন্ ; পিন্ধিয়া] ।

পিনিশল্ পাওয়া=[ন]—ক্রি. পেনসন পাওয়া ॥ [<পেনশন pension ইং] ।

পিনিশ্ নাও=[কুম]—বি. বজরা ॥ মওলানাশাব্ পিনিশ্ নাওয়ে থাকেন্ । [<পিনেস pinnace ইং+নৌ সং] ।

পিন১ন্=[চট্ট]—বি. পরিধান ॥ বৌর্ পিনুনে নতুন্ কাপড়্ । [দেখ পিঁদন্] ।

পিন্চিল্=[চট্ট]—বি. পেন্সন ॥ অ'ারার্ যয্শাবে পিন্চি'ল্ পাইয়ে । [দেখ পিনিশল্ পাওয়া] ।

পিন্যা=[সি]—ক্রি. রস বাহির করা ॥

পিন্ডা=[রং]—বি. প্রাণ ॥ এই শব্ উত্পাত্ কার্ পিন্ডায় শয় ? [<পিণ্ড সং ; অর্থ প্র. ; পরে দেখ] ।

২=[রা]—বি. শরীর, দেহ ॥ শংশারের্ লাই পিন্ডা মাটি করে দিলাম্ কিন্তু কেউ শন্তুশ্ট না ।

পিন্ডি=[চট্ট]—বি. অতিসার ॥ [<পাণ্ডু] ।

পিন্তা=[রা]—বি. দেহ ॥ খেটে খেটে মোর্ পিন্তা গেল্ । [দেখ পিন্ডা২] ।

পিন্দন্=[কুম]—ক্রি. বি. পরিধান করা ॥ কাপড়্ পিন্দন্ডাও হিকসত্ না ? [দেখ পিঁদন্] ।

পিন্দা=[রং]—বি. শরীর ॥ [দেখ পিন্ডা২] ।

২=[কুম]—ক্রি. বি. কাপড় বা অলংকার পরিধান করা ॥ [দেখ পিঁদন্] ।

পিন্দাউরি=[সি]—বি. গহনা ॥ তোমার্ অনেক্ পিন্দাউরি আসে । [দেখ পিন্দা২+উরি প্র.] ।

পিন্দারি=[চা]—বি. হিংসা ॥ [দেখ পিইন্দারি] ।

পিন্ধা=[দি]—ক্রি. বি. পরিধান করা ॥ [দেখ পিন্দা২] ।

পিন্নত্=[রা]—ক্রি বিণ. পরণে ॥ পিন্নত্ কাপড় নাই, ছেলেগুলি কার্ ? [দেখ পিন্ধা ; পিন্ধা+ত(বিভক্তি)] ।

পিন্নারি=[কুম]—বি. হিংসা ॥ হতিনে হতিনে পিন্নারি বেশি । [দেখ পিইন্দারি] ।

পিন্নি=[রা]—বি. মাছ কুটার পিঁড়ি ॥ [< পিঁড়্ < পিঁড়ি+নি প্র.] ।

পিন্নে=[খু]—অব্য. জন্য ॥ কির্ পিন্নে এ কায্ করস্ ?

পিন্পিনি=[চট্ট]—বি. ইলশেগুড়ি, বিন্দুবিন্দু বৃষ্টি ॥ [দেখ পিন্পিন্+ ই প্র.] ।

পিন্পিন্=[স]—বি. পোকা, কীট ॥ [অনু.] ।

পিন্রা=[ম]—বি. পিঞ্জর ॥ পিন্রা বাইংগা পাইখ্ গেসে উইরা । [< পিঞ্জরা<পিঞ্জর সং] ।

পিন্শিল্=[চট্ট]—বি. পেনশন ॥ [দেখ পিনিশল্ পাওয়া] ।

পিন্শ১ল্=[য]—বি. পেনসিল ॥ পিন্শুল্টার্ দাম্ কত ? [<পেন্সিল pencil ইং] ।

পিন্শ্যা=[রা, দি]—বিণ. রক্তশূন্য ॥ কালাজরে শে পিন্শ্যা হয়ে গেছে । [<পানি+শা প্র.] ।

পিপা=[রং]—বি. পেঁপে ॥ পিপা পাইক্চে না ? [দেখ পাইপা] ।

পিপি=[কু]-বিণ. হেংলা ॥ পিপির্ মত শৈল্ শে কি কাম্ কর্তে পার্ব ? [দেখ পিপি২ ; অর্থ প্র.] ।

২=[বা]—বি. পানা বিশিষ্ট পুকুরে বিচরণকারী পাখী বিশেষ ॥

পিপ১ই=[কুম]—বি. একপ্রকার টক ফল ॥ পিপুই পাইরা আন্ ।

পিপ১র্=[বা]—বি. পেঁপে ॥ [দেখ পিপা] ।

পিপৈল্ চ'াউলা=[সি]—বি. চাউলবিরানি, ভাজা চাউল সিদ্ধ করিয়া

পিয়াজ লঙ্কা লবণ সহ ঘিয়ে ভুনিয়া প্রস্তুত খাদ্য ॥ [পিপুল+চাউল=আ প্র.]।

পিপোল=[ঢা]—বি. ভেষজ গাছ ॥

পিপ্‌রি লাগা=[ঢা]—ক্রি. গুটিগুটি হইয়া যাওয়া ॥ দরিডা পিপ্‌রি লাগ্‌সে।

পিয়ন=[কুম]—বি. হিংসা ॥ [দেখ পিউন্]।

পিয়ল্যা=[নো]—বি. শেওলা ॥

পিয়া=[কুম]—অস. ক্রি. তরলদ্রব্য গিলিয়া ॥ দুদ্‌ডা পিয়া খাও। [<পী (পানে)সং+আ প্র.; তুং পীনা হিং]।

পিয়া খাওয়া=[পা]—ক্রি. দুধ দোহাইবার পূর্বে বাছুরের খাইয়া ফেলা ॥ বাস্থুরটা বেদে ফেল্, যেন্ দুদ্ পিয়া না খেতে পারে। [দেখ পিয়া+খাওয়া]।

পিয়াযের খ্যাপে যাওয়া=[ম]—ক্রি. মৃত্যু হওয়া ॥ শে পিয়াযের্ খ্যাপে গেসে। [<পিয়াজের ক্ষেপে যাওয়া; অর্থ প্র.]।

পিয়ানি=[রা]—বি. জামা ॥ [<পিরান (<পয়রাহন پیراهن ফা.)+ই প্র.]।

পিয়ারা=[চট্ট]—বি. লাল পিঁপড়া ॥ [<পিঁপড়া <পিপীলিকা সং]।

পিয়ালা=[য]—বিণ. লাল ॥ [দেখ পিংলা]।

পিরন=[ঢা, কুম]—বি. জামা ॥ [দেখ পিয়ানি]।

পিরনপিরন=[ঢা]—ক্রি. বিণ. দোমনা, ইতস্ততঃ ॥ পিরন্‌পিরন্ কৈর‍্যা কোন্ কাম্ হয়্ না। [অনু.]।

পিরম=[রা]—বি. জামা ॥ পিরম্‌টা লাল রংয়ের্। [দেখ পিয়ানি, পিরন্]।

পিরা=[কুম, নো, চট্ট, ঢা, ফ, ম]—বি. বারান্দা, ঘরের চারিধার ॥ [দেখ পিড়ানি]।

২=[সি]—বি. হাতে তৈরী মাটির ইট ॥ পিরা দিয়া চু'লা বানাউকা। [<পিঁড়া (<পিণ্ড সং)]।

৩=[কুম, চট্ট]—বি. পিঁড়ি ॥ পিরাত্ বও। [<পীঠিকা সং]।

পিরাইন=[রা]—বি. স্ত্রী কবিরাজ ॥ তোমার্ বৌয়ের্ লাগি পিরাইন্ ডাক্যা আন। [<পীর پیر ফা.+নি প্র.]।

পিরাইল্যা=[চট্ট]—বি. অসুস্থ ॥ পিরাইল্যা পোয়া লৈ কৈ যাইয়্‌ম্? [<পীড়া+ল+ইয়া প্র.]।

পিরা যাতরা=[কুম]—বি. বিবাহের পর মেয়ের পক্ষ হইতে ছেলের বাড়ীতে আগত যাত্রী ॥ [<ফিরা+যাত্রা]।

পিরান=[পা]—বি. মাছের ডিম প্রসবকাল ॥ [ভিড়+আন; নামধাতু; অর্থ প্র.]।

পিরাপিরি=[কুম]—বি. কড়াকড়ি ॥ [<পীড়াপীড়ি]।

পিরাম=[রা, পা]—বি. জামা ॥ আমার্ পিরাম্‌টা দে, হাটে যাই ॥ [দেখ পিয়ানি]।

পিরার বানদি=[ম]—বি. দ্বারের প্রহরী ॥ পিরার্ বান্‌দি যানে গরের্ খবর্। [দেখ পিরা+র (সম্বন্ধে)+ বাঁদী]।

পিরালি=[ম]—বি. পীরের বৃত্তি ॥ [দেখ পিরাইন্; পীর+আলি প্র.]।

পিরি=[ম]—বি. বংশ ॥ তারা তিন্ পিরি দৈরা এহানে থাইহেন্। [দেখ পিঁড়ি]।

২=[কুম, ম]—বি. খাট ॥ [দেখ পিরা৩]।

পিরিংগা=[রা]—বি. ফল বিশেষ ॥

পিরিলা=[সি]—বি. বাবুই পাখি ॥ পিরিলা তাল্ গাসে বাশা বান্‌দিসে।

পিরুন=[কুম, ঢা]—বি. জামা ॥ [দেখ পিয়ানি]।

পিরের মাস=[ঢা]—বি. সঙ্গমরত মাছ ॥ আমি চ'াইর্‌ডা পিরের্ মাস্ পাইসি। [দেখ পিরান্; পিঁড়ের মাছ]।

পিরোন=[ঢা]—বি.জামা ॥ পিরোন্‌টা লৈয়া লও। [দেখ পিয়ানি]।

পির=[কম, ব, ঢা,ম]—বি. নারিকেল বা তালের ছড়া, কাঁদি ॥ [পিণ্ড সং; অর্থ প্র.]।

পিরকাই=[সি]—বি. খৈল ॥

পিরকি=[সি]—বি. পীর বা সাধুর আলৌকিক ক্ষমতা ॥ পিরের্ পির্‌কি বার বস্‌সর্। [দেখ পিরাইন্; পীর+কি প্র.]।

পিরযা=[ফ]—বি. প্রজা ॥ রহিম্ আমার্ বিটা বাড়ির্ পির্‌যা। [<প্রজা সং]॥

পিরতিকার=[বা]—বি. প্রতিকার ॥ আম্‌রা ইয়ার্ পির্‌তিকার্ চ'াই। [<প্রতিকার সং]।

পিরতোক=[ফ]—বি. ভিন্ন, পৃথক্ ॥ তোম্‌রা বাই বাই পির্‌তোক্ ঐসো নিহি? [<পৃথক্]।

পিরথক=[পা]—বি. আলাদা ॥ মির্ শাহেবের্ পোলারা পির্‌থক্ ঐসে। [দেখ পির্‌তোক্]।

পিরথিমবি=[চট্ট]—বি. পৃথিবী ॥ পির্‌থিম্‌বিত্ কেউ থাক্‌ত ন। [দেখ পির্‌থিবি]।

পিরথিবি=[ফ]—বি. সংসার ॥ পির্‌থিবি কি আযব্! [<পৃথিবী সং]।

পির দরা=[ঢা]—ক্রি. সঙ্গমের উদ্দেশ্যে মাছের একত্র হওয়া ॥ এইবার্‌কার্ যোয়াইরা পানিত্ অনেক্ বোয়ালে পির্ দর্‌সিল্। [দেখ পিরান্]।

পিরদিম=[রা]—বি. প্রদীপ ॥ [<পিদিম<প্রদীপ সং]।

পিরপা=[খুম, ফ]—বি. পিঁপড়া ॥ [<পিঁপড়া (<পিপীলিকা সং); বর্ণ বিপর্যয়]।

পিরপানের খাকি=[ম]—বি. অতি-তুচ্ছ ব্যক্তি ॥ পির্‌পানের্ খাকি মাইনশের্ কাপর্ দোয়। [খাকি<খাক خاک ফা.=মাটি+ই প্র.]।

পিরপিরি=[ঢা]—বি. বাজে অনুযোগ, পরের কাজে ত্রুটি ধরা ॥ এ্যাত পির্‌পিরি কর্‌লে তুমার্ কাম্ কর্‌মু না। [দেখ পিরাপিরি]।

পির্পির্=[য]—ক্রি. বিণ. সুড়সুড়॥ পিট্টা পির্পির্ কৈর্তাসে। [< অনু.]।
২=[রা]—বি. ধীর গতি॥ [অনু.]।
পির্ফা=[কুম]—বি. পিঁপড়া॥ বাতে পির্ফায় দৈর্সে। [দেখ পির্পা]।
পির্ফিতি=[ফ]—বি. ইচ্ছা, স্বভাব, ভক্তি॥ আমার্ হাগ্ খাইতে পির্ফিতি অয় না। [< প্রবৃত্তি সং]।
পির্ভিন্=[রা]—বিণ. বিরাট। [< প্রবীণ সং; অর্থ প্র.]।
পির্মান্=[য]—বি. প্রমাণ॥ [< প্রমাণ সং]।
পির্ মারা=[পা]—ক্রি. বর্ষাকালে ডিম ছাড়ার সময় জোড়ধরা মাছ মারা॥ [দেখ পিরান্]।
পির্ লাগা=[রং]—ক্রি. কামোত্তেজিত মৎস্যের একত্র হওয়া॥ [দেখ পিরান্]।
পির্নু্ন্=[বা]—বি. পিঁপড়া, পিপীলিকা॥ [দেখ পির্পা]।
পিলা=[ম]—ক্রি. বি. ঈষৎ বিষণ্ণ॥ মুখ্ এমন্ পিলা কৈরা রাখ কেন্? [দেখ পিংলা]।
পিলাই=[চট্ট]—বি. প্লীহা॥ তোর্ ত পিলাই ঐচে। [< পিলা < প্লীহা সং]।
২=[কুম]-বি. হিংসা॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।
পিলি=[খু]—বি. আলি॥ [< পীঠিকা সং]।
পিলিক্=[খ]—বি. ঝিলিক, চমক॥ দ্যাখ্ কিরুম্ পিলিক্ মার্তাসে। [তুং ঝিলিক]।
পিলিয়ার্=[ঢা]—বি. খেলোয়াড়॥ বল্ খেলার্ পিলিয়ার্ আইসে। [< প্লেয়ার player ইং]।
পিলু=[বা]—অব্য. হাঁসের বাচচা ডাকার শব্দ॥ আয়্ পিলু পিলু। [ধ্বন্যা.]।
২=[খু]—বি. সারি, লাইন (ররজের)॥
পিলুই=[ম, কুম]—বি. হিংসা॥ এত পিলুই কৈর্বা না। [দেখ পিলাই২]।
পিলুইয়া=[ম, কুম]—বি. হিংসুক॥ বৌ বর পিলুইয়া॥ [দেখ পিলাই২ + ইয়া প্র.]।
পিলে=[খু]—বি. মুরগীর বাচচা॥ [< পুলে < পোলা < পুত্র+লা; অর্থ প্র.]।
পিলৈ=[ঢা, ম]—বি. প্লীহা॥ তার্ পিলৈ ঐসে (ঢা)। [দেখ পিলাই]।
পিলোট্=[ফ]—বি. বর্তন, চীনা মাটির বাসন॥ এক্ ডযন্ শাদা পিলোট্ কিন্তে ঐবো। [< প্লেট plate ইং]]।
পিল্=[কু]—বি. মার্বেল খেলার গর্ত॥
পিল্ দেওয়া=[পা]—ক্রি. কাঁদি দেওয়া, পরপর সাজাইয়া রাখা॥ [< পাইল pile ইং+দেওয়া]।
পিল্পিলানো=[রং, ঢা]—ক্রি. চুলকান॥ গাডা পিল্পিলায়। [দেখ পিল্পিল্+আনো প্র.]।
পিল্পিলি=[চট্ট,ম]—বি. চুলকানি॥ যায়্গাটায়্ পিল্পিলি দৈর্সে (ম)। [দেখ পিল্পিল্+ই প্র.]।
পিল্পিল্=[ম]—ক্রি. বিণ. মৃদু জ্বালা॥ ফোরাডা পিল্পিল্ কৈরসে। [অনু.]।
পিল্লা=[ফ]—বি. একগুঁয়েমি॥ [দেখ পিলাই২; অর্থ প্র.]।
পিল্লাপ্=[য]—বি. প্রলেপ॥ [< প্রলেপ সং]।
পিল্লিকা কওয়া=[ঢা]—ক্রি. গঞ্জনা দিয়া কাহাকেও অপমান করা॥ [< প্রহেলিকা কহা]।
পিল্লিকা সারা=[ঢা]—ক্রি. খোঁটা দেওয়া॥ তোমার্ পিল্লিকা সারনের্ চো'ডে আর্ টিক্‌ন যাইব না। [দেখ পিল্লিকা কওয়া; শ্লোক+ছাড়া]।
পিশাগশা=[সি]—ক্রি. মশলা বাটা॥ [< পিষা ঘষা]।
পিশু=[বা]—অব্য. বিড়াল ডাকিবার শব্দ॥ আয়্ পিশু পিশু। [ধ্বন্যা.]।
পিশ্টি=[সি]—বি. এক প্রকার ছোট লাল গাছ॥
পিশ্ঠে পরানে=[ম]—ক্রি. বিণ. আপ্রাণ চেষ্টায়॥ পিশ্ঠে পরানে লেহা পরা কর্। [< পৃষ্ঠে+প্রাণে]।
পিশ্তে পিশ্তে=[ঢা]—ক্রি. বিণ. পোষণ করিতে করিতে॥ তরে পিশ্তে পিশ্তে হালে শালে উডাইমু। [< পিষিতে পিষিতে]।
পিশ্কানো=[রা]—ক্রি. ফাজলেমি করা॥ ছেলেরা বুড়ার শংগে কি রকম্ পিশ্কায়্ দেখ্‌লেই রাগ্ হয়্। [< ফচ্কানো; ফচকে=বাচাল]।
পিসন্পাক্=[চা]—বি. পিছন দিক্॥ [< পিছন + পা (পানে)+ক (বিভক্তি)]।
পিসা=[নো,য,বা]—বি. ঝাড়ু॥ আরে পিসাটা দ্যাস্ না (বা)? [দেখ পিচে']।
২=[চট্ট]—বি. ঢেঁকির পিছনের মাটির ঢিপি (যাহাতে পা রাখিয়া ঢেঁকিতে পাড় দেওয়া হয়)॥ [< পিছে +আ]।
পিসানি=[কুম]—বিণ. পিশাচের মত চলে যে॥ মাইয়াডা একেবারে পিসানি ঐ গেসে। [< পিচাশ+নি প্র.]।
পিসারা=[কুম]—বি. বসতবাটির পশ্চাদ্ভাগ॥ [দেখ পিচারা]।
পিসালা=[চট্ট]—বি. ফোলা, বেদনা॥ ঠান্ডা লাগি গলাত্ পিসালা দিয়ে।
পিসালি=[বা]—বি. বগলের ফোঁড়া॥ তার্ বগলে পিসালি হৈসে।
পিসি=[কুম]—বি. সরু কাঠি॥ পিসি দিয়া শুষি রান্দ।
২=[কুম,ঢা,বা]—বি. মুড়ি খৈ ভাজিবার শলা॥ পিসির্ মোডাডা খুইল্যা গেসে। [দেখ পিচে'; অর্থ প্র.]।
৩=[কুম, বা]—বি. চোখের ভ্রূ॥
পিসিটেন্=[ঢা]—বি. প্রেসিডেন্ট॥ তোমাদের্ পিসিটেন্ কে? [< প্রেসিডেন্ট president ইং]।

পিসিডেন্=[ম]—বি. প্রেসিডেন্ট ॥ [দেখ পিসিটেন্]।

পিসিলা=[কুম,নো]-বিণ. অতীতের ॥ পিসিলা কতা বুলি যাও। [দেখ পিচারা; পিছ+ইল+আ প্র.]।

পিস্যা=[ফ]—বি. সম্মার্জনী, ঝাড়ু ॥ পিস্যার্ আটি খৈশ্যা গেসে। [দেখ পিচে']।

পিস্কা=[সি]—বিণ. ছোট ॥ পিস্কা বোয়াল্।

পিস্কি=[কুম]—বি. পানের রস, থুথু ॥ [দেখ পিচ্'কি]।

পিস্কিনি=[সি]—ক্রি. বি. খসিয়া পড়া ॥ [<ফসকানি]।

পিস্কুন্দা মারা=[সি]—ক্রি. পিছনের দিকে কাপড় গুঁজিয়া রাখা ॥ [<পিছ্(<পিছন)+গুঁজা]।

পিস্কোমর্, পিস্কোম্=[কুম]—বি. গুহ্যদ্বার ॥ [<পিছ+কমর کمر ফা.]।

পিস্দি=[চট্ট]—ক্রি. বিণ. পিছনে ॥ [<পিছন+দিয়া]।

পিস্লা=[চা, ব]—বিণ. যে কাজে গড়িমসি করে ॥ এমুন্ পিস্লা মানুশ্ দেহি নাই। [<পিছল (<পিচ্ছল সং)+আ প্র.]।

২=[চা, পা]—বিণ. কৃপণ ॥ তুমি বর পিস্লা মানুশ্। [অর্থ প্র.]।

পিস্লা খানা=[চা]—বি. পোলাও (ব্যঙ্গার্থে) ॥ [দেখ পিস্লা + খানা হিং]।

পিস্লা মাল্=[সি]—বি. ধৈর্যশীল কুস্তিগীর ॥ পোয়াটা একেবারে পিস্লা মাল্। [দেখ পিস্লা+মাল (<মল্ল সং)]।

পিস্লি=[কুম]—বি. ঘা ॥ পিস্লি পাক্সে। [দেখ পিস্লি২]।

২=[সি]—বি. কোমর ও উরুর সঙ্গমস্থল ॥ তার্ পিস্লিতে আগাত্ পাইসে।

পিস্সারা=[কুম]—বি. বাড়ির পশ্চাতে পস্রাব পায়খানায় স্থান ॥ [দেখ পিচারা]।

পিস্সার্=[ম]—বি. বাড়ির পশ্চাদ্ভাগ ॥ [দেখ পিচারা]।

পিহলি=[কুম]—বি. বাগী ঘা ॥ [দেখ পিস্লি]।

পিহি=[ফ]—বি. খৈ মুড়ি নাড়িবার শলাকা ॥ বালা পিহি না ঐলে কি খৈ বায়্দে পারে ?

পিহেন্=[খু]—ক্রি. বাছুরে গাভীর দুধ খাইয়া ফেলা ॥ [দেখ পিয়া+ন]।

পু

পুঅনি=[চট্ট]—বি. শুটকি মাছ ॥ [<হুক্নি <শুকনি <শুক (<শুষ্ক সং)+নি প্র.]।

পুই=[চট্ট]—বি. পাহাড়িয়া পলতা, তরকারী বিশেষ ॥

২=[রং]—বি. খুঁটি ॥ ঘরের্ পুই বদ্লাতে হবু।

পুইকা=[ম]—বিণ. বিদ্বেষপরায়ণ ॥ ওর্ লাগান্ পুইকা মানুশ্ দুন্যাইত্ আসে নাকি! [<পোক (<পোকা <পুত্তিকা সং)+ইয়া প্র.]।

২=[ম]—বিণ. ছোট ॥ তুই এক্টা পুইকা সেরি তর্ এ্যাত কতা! [পূর্বে দেখ ; তুং পুঁচ্কে]।

পুইক্কা=[কুম]—বিণ. খুব ছোট ॥ পুইক্কা হিং মার্সত্ ক্যারে? [দেখ পুইকা]।

পুইযালি=[চা]—বি. ছোট উকুন ॥ পুইযালিতে মাথা বৈরা গেসে। [<পুঁচকে+লিকি<লিক্ষা সং]।

পুইটা=[ম]—বিণ. ছোট, ক্ষুদ্র ॥ [<পুঁটি(<প্রোষ্ঠী সং)+আ প্র.]।

২=[চা]—বি. তারকাটা ॥

পুইট্=[ম]—বি. মাছের প্রশ্বাস ॥ মাসের্ পুইট্ দেখ্খ্যা খ্যাও দ্যাও। [ফুট (<স্ফুট সং)]।

২=[ম]—বি. ফোঁড়া, পাঁচড়া ॥ হারাডা গাও পুইটে বৈর্রা গেসে। [পূর্বে দেখ]।

পুইট্কান্=[কুম]—ক্রি. গালিগালাজ করা ॥ হেতে রাইয়াল্ গো, দেরি ঐলে হাইবানি পুইট্কাই বান্বো।

পুইট্টা=[ম]—বিণ. বেঁটে ॥ পুইট্টা বেডা। [দেখ পুইটা]।

২=[কুম]—বিণ. ছোট ॥ পুইট্টা হিংগে (শিং মাছ) গাই দিলে টের্ পাইবা। [দেখ পুইটা]।

পুইঠান্=[ম]—বি. সিঁড়ি ॥ গরের্ পুইঠান্ বান্দাইয়া দিসে। [<পৈঠা+ন]।

পুইড্ডা=[বা]—বি. পেরেক ॥ [দেখ পুইটা]।

পুইড্ বড়ি=[নো]—বি. ছোট মাছ ধরিবার বড়শি বিশেষ ॥ পুইড্ বড় দি হোলাহাইনে মাস্ দরে। [দেখ পুইটা +বড়শি]।

পুইত্কাঠি=[সি]—বি. ছোট এক প্রকার কাঠি ॥ [দেখ পুইটা+কাঠি]।

পুইন্যা=[ফ]—বিণ. পোষ্য, পালক ॥ আমি বলে পুইন্যা পোলা। [<পোষণ +ইয়া প্র.]।

পুইন্=[চা]—বি. কুম্ভকারের চুলা ॥ এই পুইন্ডা অনেক্ বর। [<পনী ম. বাং (শ্রীকৃষ্ণকীর্ত্তন)]।

২ =[ম]—বি. ধানের বিচালির এক বিশেষ ধরণের স্তূপ ॥ খেরের্ পুইন্ দিয়া গিরস্ চি'নন্ যায়্। [<পুন (<পুঞ্জ সং)]।

পুইন্যাল্=[ম]—বি. ছোট উকুন ॥ [দেখ পুইযালি]।

পুইনয়=[কুম]—বি. পুঁজ ॥ [<পুঁজ (<পুষ সং)]।

পুইনদাঁড়ি=[ফ]—বি. জালের লোহা সংযুক্ত রজ্জু ॥

পুইননা=[ফ]—বি. আরম্ভ, শুরু ॥ [<পুণ্যাহ<পুণ্য+অহন্ সং; অর্থ প্র.]।

২=[কুম]-বি. জমিদারীর বাৎসরিক উৎসব ॥ পুইন্নাত্ কত খাশি মুরগি রং তাম্শা ঐসে। [পুর্বে দেখ]।

পুইপুটরা=[কুম]—বিণ. বাইরে সাধারণ ভিতরে অবস্থা ভাল, গুড়ি গুড়ি ॥ বাইরে পুই পুট্রা মেগ্ পরে। [<পুটপুট (অনু.)+রা প্র. এবং ফুট (<স্ফুট সং)+ফুট+রা প্র.; তুং ফুটি ফুটি]।।

পুইয়াটিংরা=[কুম]—বি. অধিক বাছবিচারকারী ॥ তোর্ মতন্ পুইয়া টিংরা আর্ নাই।

পুইয়া=[চট্ট]—বি. পাঁকাল মাছ, একজাতীয় মাছ ॥

২=[কুম]—অস. ক্রি. পান করিয়া ॥ দুদ্ডি পুইয়া খাও। [দেখ পিয়া]।

পুইর=[নো, কুম]—বি. পুকুর ॥ এই পুইরে ম্যালা ম্যালা মাস্ আসে। [<পুকুর (<পুষ্করিণী সং)।

পুইল্যা=[ম]—বিণ. ছিন্ন, ছেঁড়া ॥ পুইল্যা খেতা।

পুইশা=[ম]—বি. পয়সা ॥ আইয়্ কাইল্ পুইশার্ বর অবাব্। [<পয়সা (পাদ সং+সা প্র.)]।

পুইশ=[চট্ট]—বি. ছন ॥ [<ফুস্ হিং]।

পুইসা=[ম]—অস. ক্রি. মুছিয়া ॥ গাও থিক্যা পানি পুইসা ফালাও ॥ [<পুছিয়া (<প্রোঞ্ছন সং)]।

পুইস=[ম]—বি. জিজ্ঞাসা ॥ তারে পুইস্ কর। [<পুছ (<প্রচ্ছ সং)]।

পুউইনা=[ম]—বি. পোষ্য ॥ আট্ খুর লোকেরা পুউইনা রাখে। [দেখ পুইন্যা]।

পুইসসা=[কুম]—অস. ক্রি. মুছিয়া ॥ টেবিল্ডা পুইস্সা দ্যাও। [দেখ পুইসা]।

পুওরা=[পা]—বি. হিন্দুদের মেলা ॥ পৌশ্মাশের্ শ্যাশ্ পুওরা অয়্। [<পুসারা<পৌষ+রা প্র.]।

পুকটি লাগা=[খু]—ক্রি. পাপ লাগা ॥

পুংগর=[কুম]—বি. পুরুষ ॥ [<পুদ্গল বৌদ্ধ সং=আত্মা]।

পুংগা=[সি]—বি. জারজ ॥ পুংগারত পুংগানি সারা কাম্ নাই। [দেখ পুংগা$_1$+; অর্থ প্র.]।

২=[য]—বি. গুহ্যদ্বার ॥ [<পোঁদ (<প্রোথ সং)+আ প্র.]।

পুংগির পুত=[ম]—বি. গালি বিশেষ ॥ পুংগির্ পুতে বল্বো এত বর কথা। [ফুংগী=বর্মী বৌদ্ধ সন্ন্যাসী; পুংগি+র (সম্বন্ধে)+পুত্র সং]।

পুংডাল্যাম=[ঢা]—বি. দুষ্টামি ॥ পুংডাল্যাম্ কৈর্লে মাইর্ খাবি। [দেখ পুংগা+ল+ইয়া+ম প্র.]।

পুঁইয়া=[চট্ট]—বি. পেঁপে ॥ অঁাই এড়্ডুল্লা পুঁইয়া ন খাই।

২=[চট্ট]—বি. এক জাতীয় মাছ ॥

পুঁইশ=[চট্ট]—বি. জুতা ॥ [<পাপোশ پاپوش ফা.]।

পুঁউচি=[চট্ট]—বি. চাঁদির উচুঁ দাঁড়া বা বাঁধের উপর কাজ করা হাতের বড় বালা বিশেষ ॥ [<পৌঁহচী হিং]।

পুচড়ান=[রা]—ক্রি. ভরান, লেপ-টান ॥

পুঁজ=[দি]—বি. স্তূপ, পালা, গাদা ॥ ধান্ডি পুঁজ্ করি রাখ্হে। [দেখ পুইন্$_2$]।

পুঁষলি=[খু]—বি. ছোট উকুন ॥ [দেখ পুইষালি]।

পুঁটে=[কু]—বি. গরুর গাড়ীর চাকার বেড়ের অংশ ॥ [<পুট্ (আবরণ)+এ প্র.]।

পুঁয়া=[রা]—বি. পিঠা জাতীয় খাদ্যদ্রব্য ॥ [<পুয়া<পূপ সং]।

পুকাইদাদি=[সি]—বি. অনিষ্টকারী, খল ॥ এন্রে চি'নোনা এইন্ মান্লতের পুকাইদাদি। [<পোকা+ই+দাদী (হিং)=প্রবীণা]।

পুকাইয়া=[ম]—অস. ক্রি. পোকা বাছিয়া ॥ আম্ডা পুকাইয়া খা। [<পোকা+নো প্র.; নামধাতু]।

পুকি=[সি]—বি. ধানের শীর্ষের ক্ষুদ্র অংশ ॥ দান্যমি বেশি হ গইলে পুকি বাংগি যায়্গি। [<? বুকি<মুখ+ই প্র.]।

২=[চট্ট]—বি. উঁকি ॥ পুকি মারি শহর্তলা দেখি। [<বুকি<মুকি<উঁকি]।

৩=[সি, রা]—বি. ছোট পোকা বিশেষ ॥ আওরে হাইন্যাবালা পুকিয়ে নাও বরি যায়্গি। [<পোকা; ক্ষুদ্রার্থে]।

পুকুড়া=[রা, দি]—বিণ. শীতার্ত, শীতে কাতর ॥ অত পুকুড়া হলি চলে না, গা ধুতে জাও।

পুকি হিংগি=[সি]—বি. ছোট শিং মাছ ॥ পুকি হিংগিতে যবর্ গালা দেয়্। [দেখ পুকি$_3$+শিঙ্গি]।

পুকৈ=[রং]—বি. কাদা ॥ পুকৈতে মাখামাখি হলু। [<পাঁক+ই প্র.]।

পুকৈর=[সি]—বি. পুষ্করিণী ॥ [দেখ পুইর্]।

পুক=[সি]—বি. পোকা ॥ [<পুত্তিকা সং]।

পুককা=[বা]-বিণ. পোকায় ভর্তি ॥ আম্টি পুক্কা। [দেখ পুক্+উয়া প্র.]।

পুককুনি=[চট্ট]—বিণ. ছোট ॥ পুক্কুনি মাস্। [দেখ পুক্+উনি]।

পুকটানি=[কু]—বি. অহঙ্কার, বড় মানষি ॥ সোট লোক্দের পুক্টানি দেখ্লে গা যলি যায়্। [<ফুট (<স্ফুট সং)+আনি প্র.; বর্ণ বিপর্যয়]।

পুকটি=[রা]—বি. মলদ্বার ॥ [<পুটকি (দেখ পুটকি$_2$); বর্ণবিপর্যয়]।

২=[ব]—বি. নাড়ী ॥ [<পোঁটা (<পিণ্ড সং)+কি প্র.]।

পুক্‌টিলাগা=[সি]—ক্রি. শীর্ণ হওয়া ॥ [দেখ পুট্‌কি$_2$+লাগা]।

পুক্‌ড়া=[রা]—বিণ. দুর্বল, নিস্তেজ॥ মানুটা কেমন্ জেন্ পুক্‌ড়া। [দেখ পুক্+ড়া প্র.]।

পুক্‌পুকি=[রা]—বি. পেঁচা ॥ পুক্‌পুকি দিনে ঘুমায়্ ও আইতোতে জাগে।

পুক্‌রা=[রা]—বি. পোকালাগা আমের শ্রেণী বিশেষ॥ [দেখ পুক্‌ড়া]।

পুখি=[ম]—বি. অঙ্কুর, নবপল্লব॥ দান্ গাসে পুখি মেল্‌সে। [দেখ পুকি]।

পুখৈর্=[সি]—বি. পুকুর॥ পুখৈরির্ পার্। [দেখ পুকৈর্]।

পুগৈর্=[ফ]—বি. পুকুর, পুষ্করিণী॥ আমাদের্ পুগৈর্‌টার্ পানি বালা না॥ [দেখ পুকৈর্]।

পুগ্=[চট্ট]—বি. পূর্ব॥ পুগ্ দিগত্ বেলা উডের্। [<পূর্ব]।

পুচিʼ=[বা]—বি. গলার তাবিজ॥ মেয়েটির্ গলায় পুচিʼ। [<পুঁতি (<প্রোত সং)]।

পুচুরপুচুর করা=[রং]—ক্রি. অনাবশ্যক কথা বলা, নড়াচড়া করা॥ তুই অত পুচুর্ পুচুর্ কর্‌সিশ্ কেন্? [<পুচুর পুচুর (অনু.)+করা]।

পুচ্=[রং]—বি. পুঁজ॥ ঘাওটাত্ পুচে ভর্তি গেছে। [দেখ পুইন্‌য]।

পুচ্ʼ করা=[কুম, চট্ট]—ক্রি. জিজ্ঞাসা করা॥ পুচ্ʼ কর্ কন্‌তে আইসে। [দেখ পুইস্]।

পুচ্ʼকা=[ব]—বিণ. ক্ষুদ্র, ছোট॥ [<পুঁচকে]।

পুচ্ʼকি=[ফ]—ক্রি. বিণ. চুপিসারে দেখা, উকি॥ পুচ্ʼকি মার কেনে, শামনে আইও। [<চুপ+কি; বর্ণ বিপর্যয়]।

২=[ফ]—বিণ. ছোট॥ [দেখ পুচ্ʼকা]।

পুচ্‌কুনি=[রা]—বিণ. অতি ছোট, ক্ষুদ্র॥ [দেখ পুচ্ʼকা+উনি প্র.]।

পুচ্‌তি=[রা]—বি. আফিম, নেশা॥ শে পুচ্‌তি ছাড়া থাক্‌তে পারে না। [< পোস্‌তী پوستی ফা.=আফিমখোর]।

পুজ্=[রং]—বি. গাদা, পালা॥ ধান্‌গুলাক্ পুজ্ করেক্। [<পুঞ্জ সং]।

পুযাইল্=[সি]—বি. ছোট উকুন॥ মাথার্ পুযাইল্। [দেখ পুইযালি]।

পুযানো=[কু]—ক্রি. পূরণ করা॥ [দেখ পুযি আটা; পুঁজি+আনো প্র. নামধাতু]।

পুযিআটা=[পা]—বি. মূলধন॥ খাশির্ পুযিআটার টান্ পড়্‌সে। [< পুঁজি<পুঞ্জ সং+আটা<পাটা (<পত্র সং)]।

পুযুল্=[পা]—বি. ছোট উকুন॥ [দেখ পুইযালি]।

পুয্‌যা=[খু]—বি. নুতন কাপড়ের পার্শ্বের খোলা সুতা॥ [<পুর্‌যহ پرزه ফা.]।

পুয্‌রা পুয্‌রা=[ম]—বিণ. ছিন্ন ভিন্ন, খণ্ডখণ্ড॥ তার্ কাপর্‌খানা সিরা্যা পুয্‌রা পুয্‌রা ঐয়া গেসে। [দেখ পুয্‌যা; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

পুয্‌রো পুয্‌রো=[য]—বিণ. ছিন্ন ভিন্ন, খণ্ডখণ্ড॥ কাপড়্‌খানা কাইটা পুয্‌রো পুয্‌রো করে ফেলেসে। [দেখ পুয্‌রা পুয্‌রা]।

পুটা=[দি]—বি. রুই জাতীয় মাছ বিশেষ॥ [<পুঁটি (<প্রোষ্ঠি সং); বৃহদার্থে]।

২=[খু, য]—বি. নাকের ময়লা॥ কে এখানে পুটা ফেলেসে? [<পোঁটা (<পিণ্ড সং)]।

পুটি=[রং]—বি. আট বা সাড়ে আট ছটাকে এক পুটি॥ মুই দুই পুটি পাইচু।

২=[রং]—বি. ষোল কুড়িতে এক পুটি॥ এক্ পুটি কৈ মাছ আনুম্। [<১০টিতে ১ গা, ২০ গায় ১ কুড়ি, ১৬ কুড়িতে ১ পুটি]।

৩=[খু]—বি. ছোট মেয়ের আদুরে ডাক॥ আমাদের্ পুটি খুকি কনে গেল্? [<পুত্রী সং]

পুটিযাল্=[য]—বি. পুটি মাছ ধরার জাল॥ [<পুঁটি+জাল]।

পুটিমাসের্ যান্=[সি]—বি. ক্ষীণ প্রাণ শক্তি॥ মানুশ্‌টার্ পুটি মাসের্ যান্। [<পুঁটি মাছের+জান جان ফা.]।

পুটিয়ারা=[সি]—বি. পুঁটি মাছ ধরার বাঁশ বেতের তৈরী সরঞ্জাম॥ [পুঁটি+মারা]।

পুটিয়া লোহা=[খু]—বি. তার কাঁটা॥ [দেখ পুইটা$_2$+লৌহ]।

পুটুর্ পুটুর্=[দি]—ক্রি. বিণ. আস্তে আস্তে॥ [অনু.]।

পুটুলি=[খু]—ক্রি. বি. প্রথম ক্রয় করণ॥ [<পোটলি; অর্থ প্র.]।

পুটে=[য]—বি. গাড়ীর চাকার যে অংশ মাটিতে ঠেকে॥ [দেখ পুঁটে]।

২=[খু]—বিণ. ছোট, ক্ষুদ্র॥ [দেখ পুইটা]।

পুট্=[সি[—বি. প্রলেপ॥

২=[ঢা]—বি. পুস্তকের পিঠ॥ কিতাব্‌টার্ পুট্‌টা শক্ত। [<পিট <পিঠ (<পৃষ্ঠ সং)]।

৩=[চ]—বি. কাদা॥

পুট্‌কাদল্=[ম]—বি. এক প্রকার জলজ তৃণ॥ গুরারে পুটুকাদল্ তুইলা দ্যাও।

পুট্‌কাপুট্‌কি=[সি]—বি. অল্পকথার কেচ্ছা॥ আমি পুটুকাপুটুকি বহুত্ যানি। [দেখ পুইটা; পুঁটিকা+পুঁটিকি; ক্ষুদ্রার্থে]।

পুট্‌কি=[সি]—বি. এক প্রকার তৃণ॥ হাওরে পুটুকি বন্ অয়্।

২=[সি]—বি. ছিদ্র॥ [পুঁটকি (দেখ পুক্‌টি)]।

৩=[খু, বা]—বি. মলদ্বার॥ [দেখ পুক্‌টি]।

পুট্‌কি পুবাইলা=[ম]—ক্রি. বিণ. নিশ্চিন্ত॥ এমন্ পুটুকি পুবাইলা কৈরা রৈস ক্যা? [দেখ পুটুকি$_3$+পুবাল (<পূর্ব+ল)+ইয়া প্র.]।

পুট্‌কিমারানি=[ঢা]—ক্রি. বি. প্রবঞ্চিত হওয়া॥ হেইতার্ কাসে গির

পুটকি মারানি খুব যুইত্ লাগে তর্। [দেখ পুটকি৩+মারা+নি প্র. ; বাগ্ধারা]।

পুটকি সিনাইল্যামি=[ঢা]—বি. প্রবঞ্চনা, ধোকা॥ বেশি পুটকি সিনাইল্যামি করিস্ না। [দেখ পুটকি৩+ছিনাল+আমি প্র.]।

পুটকি হারামযাদা=[খু]—বি. গালি বিশেষ, শয়তান॥ [দেখ পুটকি৩+হরাম حرام আং+যাদহ্ زاده ফা.]।

পুটটা=[রা]—বি. নিতম্ব॥ পুটটা চুলক্যাশ্ নাতো। [দেখ পুকটি ; পোট+আ]।

পুটপাট=[সি]—বি. সামর্থ্য॥ মানুশটার্ বেশ্ পুটপাট্ আসে। [অনু.]।

পুটপুটা=[সি]—বিণ. তাজা॥ সাগলুটা পুটপুটা। [<পুটপুট (অনু.)+আ প্র.]।

পুটপুটে=[খু]—বিণ. অল্প, কম, কিছু কিছু॥ [অনু.]।

=[সি]—বি. পেটারা, বাক্স॥ কাপরের্ পুটমেন্। [<পোর্টমেণ্টো Portmanteau ইং]।

পুটলি=[য]—বি. পাখী বিশেষ॥

পুটলিশৈ=[রং]—বি. আত্মসাৎ॥ টাকা পয়শাগুলা পুটলিশৈ কর্ছে। [<পোটলিকা সং+সই (<সহী صحی ফা.)]।

পুঠা=[রং]—বি. ঘরের লম্বা কাঠ॥

পুডা=[কুম]—বিণ. ছিদ্র॥ এক্টা পুডা পাতিল্ কেন্ সয় পয়শা দিয়া কিন্লা? [<ফুটা(<স্ফুট সং)]।

পুডাইল=[সি]—বি. নোড়া, পাটায় মসলা বাটার গোল লম্বা প্রস্তর খণ্ড॥ পাটায় পুডাইল্ দিয়া মশ্লা বাটে। [দেখ পুতা২+ইল<হিল<শিলা সং]।

পুডামি=[চট্ট]—বি. বাহাদুরী, গৌরব, আত্মপ্রশংসা॥ অত পুডামি কর কেন্? [<ফুটানি]।

পুডুর পুডুর=[চট্ট]—বি. কাহারও বিরুদ্ধে ষড়যন্ত্র, কানাকানি॥ তোমরা যে হদ্দার্ রাইত্ পুডুর্ পাডুর্ কর আঁই কি কিস্সু বুঝি ন? [অনু.]।

২=[ঢা]—অব্য. শব্দ বিশেষ॥

পুডুর পুডুর করা=[ঢা]—ক্রি. পেট ডাকা॥ পেডে অশুখ্ ঐসে খালি পুডুর পুডুর করে। [দেখ পুডুর পুডুর +করা]।

২=[বা]—ক্রি. চাপা স্বরে কথা বলা॥ তোরা দুইযনে পুডুর পুডুর কৈর‍্যা কওকি? [অর্থ প্র.]।

পুড়লা=[খু]—বি. মাটির ছোট খোপ॥ পুড়লুডা ভেংগে গেসে।

পুড়=[কু]—বি. পাকা॥ পুড় কুমড়া না হলে বড়ি দেওয়া যায় না। [<পুর<পূর্ণ সং]।

পুড় পুড়ি=[ব]—বি. বেশী মসলা যুক্ত মাছের ব্যাঞ্জন, চচ্চড়ি॥ [<পোড়া+পুড়ি]।

পুতা=[ন]—বি. নাতী॥ [<পোতা (<পৌত্র সং)]।

২=[নো, ম]—বি. শিল॥ মরিচ বাইট্তে পুতা লাগে (নো)। [দেখ পুতা১ ; অর্থ প্র.]।

৩=[সি]—বি. ভিটা॥ পুতাটা বহু পুরান্। [<পোঁতা]।

৪=[সি]—বি. ঘরের জায়গা॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৫=[সি]—বি. তলপেট, নাভীর নিম্নাংশ॥ [দেখ পুট্টা]।

পুতাইল=[সি]—বি. মসলা বাটার শিল॥ আমি এক্টা পুতাইল্ কিন্তাম্। [দেখ পুডাইল্]।

২=[সি]—বিণ. দুইখণ্ড॥

পুতাননি=[ঢা]—বি. গালি বিশেষ॥ পুতান্নির্ কতা হোন্। [<পুত্র খাদিনী]।

পুতারা=[চট্ট]—বি. পুত্রবধূ বা জামাতার ভ্রাতা॥ তাবৈ পুতারার্ মদ্দেই কার্বার্ চ'লে। [<পুত্র+আ]।

পুতি=[সি]—বি. পৌত্র॥ [<পৌত্র সং+ই প্র.]।

২=[রা]—বি. ফুফু॥ [অর্থ প্র.]।

৩=[চট্ট]—বিণ. খুদে, ছোট॥ [<পুঁতি(<প্রোত সং)]।

৪=[ম]—বি. নাতনী, বেটা বা বেটির মেয়ে॥ [<পৌত্রী]।

পুতিপুতি=[কুম]—ক্রি. বিণ. পুঙ্খানুপুঙ্খ ভাবে॥ পুতি পুতি কৈরা দেখ্। [দেখ পুতি৩ ; তুং পাঁতি পাঁতি]।

২=[ম]—বিণ. শতছিন্ন॥ যামাডা সিইরা পুতিপুতি ঐ গেসে। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

পুতিযামাই=[ম]—বি. নাতনি জামাই॥ [দেখ পুতি +জামাতা]।

পুতিযাম=[চট্ট]—বি. ছোট জাম ফল॥ [দেখ পুতি৩+জাম]।

পুতু=[ম]—বি. চাচা॥ [<পুত<পুত্র+উ প্র.]।

পুতুইলা=[চট্ট]—বি. ছোট ছেলে॥ পুতুইল্লার্ লাই যামা আন্সেনি? [<পুতুল (<পুত্র+ল প্র. সং)+ইয়া]।

পুতুরা=[ম নো]—বি. জামাতার ভাই, পুত্রের শালা॥ পুতুরা আইসে। [দেখ পুতারা]।

পুতুর পুতুর=[ব]—বি. আস্তে আস্তে পরামর্শ॥ পুতুর্ পুতুর্ কর কেন্? [দেখ পুডুর্ পুডুর্]।

পুত্যা=[খু]—বি. বাটনা বাটার শিল॥ এই পুত্যা দ্যা কিস্সু বাটা যায় নাকি? [দেখ পুতা২]।

পুতো=[য]—বি. পাত্র বিশেষ॥

২=[য]—বি. নোড়া॥ পুতো দিয়ে মশ্লা পিশ্তে হয়। [দেখ পুতা২]।

পুত=[ফ]—বি. পুতুল, খেলনা॥ [<পুত্র সং ; অর্থ প্র.]।

২=[রা]—বি. চাচা, বাপের ছোট ভাই॥ [<পুত্র সং]।

পুত খাওয়া=[সি]—বি. গালি বিশেষ॥ পুত্ খাওয়ার্ পুয়ায় আমার্ গাসের্ হগাল্টি নারিওল্ নিসেগি। [<পুত্র খাদক সং]।

পুতাতি পানটি=[চট্ট]—বি. ডাংগুলি খেলা॥

পুতত্যা=[চট্ট]—বি. মরিচ ॥

পুতনি=[বা]—বি. পৌত্রী ॥ [দেখ পুতি+নি স্ত্রী প্র.]।

২=[ঢা]—বি. পুত্রশোকী (গালি অর্থে) ॥ কোন্ পুত্নির্ যি পুত্নি এমন্ কৈর্ল। [দেখ পুতানুনি]।

পুতপুতি=[সি]—বি. বাঁশী ॥ [< পুত্পুত্ (ধ্বন্যা.)+ই প্র.]।

পুতরা=[ম, নো]—বি. ছেলের শালা বা মেয়ের দেওর ভাশুর ॥ [দেখ পুতারা]।

পুতরু=[ম]—বি. পুত্র ॥ পুত্রু শোগ্ বর শোগ্। [<পুত্র সং]।

পুতলা=[রং]—বি. পুতরা, বিয়াইপো ॥ [দেখ পুতারা]।

পুতলা বেটা=[রং]—বি. বিহাইর ছেলে ॥ পুত্লা বেটার্ মুখে শুন্লু যাই ভাল আছে। [দেখ পুত্লা+বেটা]।

পুতল্যা=[ফ]—বি. পুতুল ॥ আইয্ রাইত্ পুত্ল্যা নাচ' দেখ্পো। [< পুতুল+ইয়া প্র.]।

পুতশোগ=[রা]—বিণ. পুত্র শোকে কাতর ॥ [<পুত্র+শোক+ই প্র.]।

পুতশোকি=[ঢা]—বি. যাহার ছেলে মারা গিয়াছে ॥ পুত্ শোকি তুই বেশি কতা কৈস্ না। [দেখ পুত্ শুগি]।

পুতশোগি=[বা]—বি. পুত্রের জন্য শোকার্ত ॥ তোমার্ মত পুত্ শোগি আর্ বারিতে না থাক্লে কি অবো? [দেখ পুত্ শোকি]।

পুথাইল=[কি]—বি. নোড়া ॥ [দেখ পুডাইল্]।

পুথুম=[খু]—বি. পৃথিবী ॥ পুথুম্ ভর্ খোঁয্ করেও গরুটা পালাম্ না। [<পিথিম <পৃথিবী সং]।

পুদিন=[কুল]—বি. সুদিন, রবি শস্যের সময় ॥

পুদো=[খু]–বি. নীচ জাতীয় লোক ॥

পুদদার=[ম]—বি. স্বর্ণকার, খাজাঞ্চি ॥ দুল্টা নিয়া পুদ্দার্ বারি যাও। [<পোদ্দার (<ফওতহ্দার فوطه‌دار ফা.]।

পুনাই=[য]—বি. ছেলে ॥ তার্ পাঁচ্' পুনাই আসে। [<পোনা (< পোতাধান সং)+ই প্র.]।

২=[ফ]—বি. পূর্ণিমা ॥ পুনাইর্ দিন্ কোন্হানে যাইস্নারে। [< পূর্ণিমা সং]।

পুনি=[বা]—বি. ধাঁধাঁ ॥

২=[রং]—বি. ক্ষার জল প্রস্তুত করার পাত্র ॥

পুনিয়া=[বা]—বি. গোলমাল, হৈচৈ ॥ বাবারা এখন তোদের পুনিয়া শ্যাশ্ কর।

পুনুরপুনুর=[ঢা]—ক্রি. বিণ. আস্তে আস্তে কথা বলা ॥ পুনুর্পুনুর্ করে কেডা? [অনু.]।

পুন্যা=[ম]—বি. পোষ্য ॥ সোডু সেরিডা পুন্যা আন্সি। [<পোষণ+ইয়া ; দেখ পুশন্যা]।

পুন্যাল=[নো]—বি. গাছ ও ফল বিশেষ (এই গাছের তেল হইতে সাবান তৈরী হয়) ॥

পুন=[সি]—বি. স্ত্রীযোনি ॥ [< পোঁদ (<প্রোথ সং)]।

২=[রা]—বি. বাচচা ॥ [দেখ পুনাই]।

৩=[রা]—বি. কুম্ভকারের মাটির পাত্র পোড়ার স্থান ॥ [<পনী ম. বাং (শ্রীকৃষ্ণকীর্তন)]।

৪=[রা, দি]—বি. পুণ্য ॥ [< পুন্য সং]।

পুনকে=[খু]—বি. মাপার ছোট পাত্র বিশেষ ॥ [দেখ পুনাই]।

পুনযাইল=[কুম]-বি. ছোট উকুন ॥ পুন্যাইলে মাথা বৈরা গেসে। [দেখ পুইযালি]।

পুনতি=[রা]—বি. নেশাখোর ॥ [<পুস্তি<পোস্তা+ই প্র.; অর্থ প্র.]।

পুনদা=[সি]—বি. পিছন দিক ॥ গরুর্ পুন্দায় আটাই থাকে। [দেখ পুন্ ; পোঁদ+আ]।

পুনদা পুনদি=[সি]—বি. ঝগড়া ॥ [দেখ পুন্দা+পুন্দি ; অশ্লীল]।

পুনদি=[ম]—বি. খড়ের পালা বিশেষ ॥ [<পুঞ্জ সং+ই প্র.]।

পুনদেমুখে=[সি]—ক্রি. বিণ. দুই মুখে ॥ পুন্দে মুখে কতা কও ক্যা? [দেখ পুন্দা ; পোঁদ+এ+মুখ+এ বিভক্তি]।

পুনদে=[ম]—বি.পিছন, পাছা ॥ হের্ পুন্দে লাগ্সে কেন্? [দেখ পুন্দা]।

পুনন=[ম]—বিণ. পূর্ণ ॥ তার্ বশ্ কুরি বসর্ পুন্ন ঐসে। [পূর্ণ সং]।

পুননো=[ব, রং]—বিণ. পুরাতন ॥ [<পুরানো]।

পুননামি=[ম]—বি. প্রণাম ॥ আমার্ পুন্নামি লৈঅ। [<প্রণাম+ই প্র.]।

পুননি=[সি]—বি. পূর্ণিমা ॥ [দেখ পুনাই২]।

পুননিত=[ম]—বি. পূর্ণ ॥ [< পূর্ণিত<পূর্ণ+ইত প্র.]।

পুননিমাশি=[ম]—বি. পূর্ণিমা ॥ আইয্ পুন্নিমাশি। [<পূর্ণিমা+নিশি]।

পুননু=[ম]—বি. পূর্ণ ॥ তিন্মাশ্ তের্ দিন্ পুন্নু ঐসে। [<পূর্ণ সং]।

পুননে=[খু]—বি. সিঁড়ি ॥ [< পোঁত (<পোঁতা)+নে প্র.]।

পুনপুন করা=[বা]—ক্রি. চুপি চুপি কথা বলা ॥ [<পুন্পুন্ (অনু.)+করা]।

পুনশেল=[খু]—বি. বড় উনুন বিশেষ ॥ [দেখ পঁয্শেল্]।

পুপু=[চট্ট]—বি. পিসিমা ॥ পুপুকে ডাক্। [<ফুফু]।

পুবাল্যা=[ম]—বি. পূর্বদেশবাসী ॥ পুবাল্যা মাইন্শের্ কতা আলাদা। [<পূর্ব+আল+ইয়া প্র.]।

পুবিয়া=[রং]—বি. পূর্বদেশীয় লোক ॥ পুবিয়ারা এদেশে আশে না। [<পুব(<পূর্ব সং)+ইয়া প্র.]।

পুবমুখ=[কুম]—বি. পূর্ব অঞ্চল ॥ পুবমুখে যাইস্ না। [<পূর্ব+মুখ]।

পুয়া=[রা]—বি. মাছ বিশেষ ॥
২=[রা]—বি. একপ্রকার রুটি ॥ [<পোয়া(<পূপ সং)]।
৩=[সি]—বি. ছেলে, বালক ॥ পুয়া বর বেশি মাতৈন্। [<পো (<পুত্র সং)+আ প্র.]।

পুয়াগ=[সি]—বি. পুত্রটা ॥ আমার্ পুয়াগু বেমার্। [দেখ পুয়া৩ +গো]।

পুয়াদ দেওয়া=[চট্ট]—ক্রি. শুকাইতে দেওয়া, রৌদ্রে দেওয়া ॥ ভিযা কঅর্আন্ পুয়াদ্ দে। [<হুকা <শুকা (<শুষ্ক সং) + ত(বিভক্তি) +দেওয়া]।

পুয়ানা=[চট্ট]—বিণ. শুষ্ক ॥ [<হুক্না <শুক(শুষ্ক)+না প্র.]।

পুয়াপাংরা=[সি]—বি. বোকাছেলে ॥ পুয়াপাংরার্ কতা দরিস্ না। [দেখ পুয়া৩+পান+রা]।

পুয়াপিরা=[কুম]—বি. তেলে ভাজা পিঠা ॥ পুয়াপিরা খামু। [দেখ পুয়া২ +পিঠা]।

পুয়াপুরি=[সি]—বি. ছেলে মেয়ে ॥ তার্ বৌত্ পুয়াপুরি। [দেখ পুয়া৩ +পুতী]।

পুয়ালি=[রা]—বি. চারা গাছ ॥ [<পোত সং+আলি প্র.]।

পুয়াল=[কুম]—বি. খড়, শুকনা ধানগাছ ॥ [<পলাল সং; সাধু পোয়াল]।

পুয়ি=[খু]—বি. মেয়ে ॥ পুয়িড়া আমার্ বালা। [দেখ পুয়াপুরি]।

পুরন=[য]—বি. চুক্তি ॥ [< ফুরান=চুকান]।

পুরল=[চা]—বি. চিচিংগা, সব্জী বিশেষ ॥ পুরল্গুনা তুইল্যা আন্।
২ =[ম]—বিণ. ফাঁপা ॥ পুরলের্ চে'হারা কোনু কাযের্ না।

পুরা=[ম]—বি. গোলা ॥ পুরা বরা দান্। [<পুর(পূর্ণ সং)+আ প্র.]।
২=[চট্ট]—বি. পিপঁড়া ॥ [< পিঁপড়া(<পিপীলিকা সং)]।
৩=[ম]—বি. বনভোজন ॥
৪=[চা, কুম, বা]—বি. বাঁশের বা বেতের পাত্র ॥ [দেখ পুরা]।
৫=[রা]—ক্রি. প্রমাণ করা ॥ [< পুরানো <পুর(<পূর্ণ সং)+আনো ; নামধাতু]।
৬=[রং]—বি. মেসতা আলু, মাটির নীচের আলু ॥ পুরার্ শের্ কত বাহে ?

পুরাইত=[ফ]—বি. ঠাকুর, ব্রাহ্মণ, পুরোহিত ॥ [<পুরোহিত সং]।

পুরাযিননি=[চট্ট]—বি. আমনধান বিশেষ ॥

পুরাট=[রং]—বিণ. উপযুক্ত ॥ [< পুর (<পূর্ণ সং)+ট প্র.]।

পুরি=[কুম]—বি. চাকরানী ॥ ও পুরি যল্দি কৈরা কাম্ডি শ্যাশ্ কৈরা লা। [দেখ পুয়ি কিংবা পুর প্রা. বাং <পুত্র সং+ই স্ত্রীলিঙ্গে]।
২=[ম, কুম, সি]-বি. মেয়ে, বালিকা ॥ [পূর্বে দেখ]।
৩=[কুম, নো]—বি. বংশ, সংসার ॥ [<পুরী সং]।
৪ =[কুম]—বি. অবিবাহিতা মেয়ে॥ পুরি মাইয়া আসে তর্ ? [দেখ পুরি ; অর্থ প্র.]।

পুরিত=[ম]—বিণ. পূর্ণ ॥ আশা পুরিত্ ঐসে। [<পূরিত সং]।

পুরিনদা=[কুম]—বি. পুরিয়া, মোড়ক ॥ আড়ু পুরিন্দা অশুদ্ এক্ টেহা। [<পুরিয়া (<পুলিন্দ)]।

পুরিনদা পুক=[সি]—বি. জন প্রাণী ॥ হেইআনে পুরিন্দা পুক্ নাই। [<পরেদন্হ্ پرندہ ফা.+পাখী]।

পুরিপাইন=[কুম, চা]—বি. মেয়ে ছেলে ॥ এই কায্ পুরিপাইন্রা করে। [দেখ পুয়াপাংরা]।

পুরি বৈর‍্যা=[চা]—ক্রি. বিণ. গুষ্টির সকল লোক ॥ পুরিবৈর‍্যা খাওয়ান্ কি আমার্ কাম্ ? [<পুরী ভরিয়া]।

পুরুইননা=[চট্ট]—বি. ঝাড়ুদার ॥ তেঅর্ পুরুইন্না বুলি মনে অয়্।

পুরুল=[খু]—বি. কামরা ॥
২=[খু]—বি. ছোট ভাঁড় ॥ ক পুরুল্ রশ্ হলো ?

পুরেন=[সি]—ক্রি. বি. ঝাট দেওয়া ॥ গরু বারি পুরেন্ না মোড়েই। [দেখ পুরুইন্না]।

পুর‍্যা=[ফ]—বিণ. গুঁড়া ঔষধের মাত্রা ॥ দৈনিক্ তিন্ পুর‍্যা ঐশুদ্ খাওয়াইবা। [দেখ পুরিন্দা]।

পুর‍্যান=[ফ]—বিণ. পুরাতন ॥ পুর‍্যান্ চা'ইলের্ বাত্ বালা। [দেখ পুরানো]।

পুরো=[বা]—বি. ছোট ধামা ॥

পুরোক=[রং]-বিণ. পূর্ণ ॥ এলা শেনে মোর প্যাট্ পুরোক্ হলো। [< পুর(<পূর্ণ সং)+ক প্র.]।

পুরোট=[য]—বিণ. মোটা ॥ চা'দর্ খান্ পুরোট্। [দেখ পুরাট্]।

পুরোনা=[য]—বিণ. <পুরাতন ॥

পুরোয়ে=[য]—অস. ক্রি. সমান করিয়া ॥ [<পুরাইয়া]।

পুরোল=[খু]—বি. ধুন্দোল, তরকারী বিশেষ ॥ পুরোল্ গুলি পাড়ি ফেলা।

পুর=[চা]—বি. খেলার বিরতি সূচক ধ্বনি ॥ [ধ্বন্যা.]।
২=[রা]—বিণ. মোটা ॥ কাপড়্ টা খুব্ পুর্। [<পুরু]।

পুরকাল=[ফ]—বি. দুধ মাপার পাত্র বিশেষ ॥

পুরকি=[ফ]—বি. খাটাল ॥ পুরুকিটা ছড়ি দাও।

পুরচুংগি=[দি, সি]—ক্রি. উস্কানি ॥ তুমি আর্ পুরচুংগি দিও না (দি)।

পুরযা পুরযা=[ম, সি, চা]—বিণ. খুব নরম, টুকরা টুকরা ॥ [<পুরযহ্ پرزہ ফা. ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

পুরশি=[খু]—বি. খড়ের ঘরের উপকরণ বিশেষ ॥

পুলা=[নো, সি]—বি. বালক ॥ এ পুলা যাস্ কৈ? [<পোলা<পো (<পুত্র)+লা প্র.]।

২=[ম]—বি. শোলা, একপ্রকার গাছ ।। [<হোলা<শোলা]।।

পুলাপুতি=[ম]—বি. ছেলে মেয়ে।। পুলাপুতির্ যালায় আর্ বাচ্'লাম্ না। [দেখ পুলা+দেখ পুতি]।

পুলি=[নো]—বি. বালিকা ।। এ পুলি যাস্ কৈ ? [দেখ পুলা+ই স্ত্রী প্র.]।

২=[সি]—বি. কোঠা, কামরা ।। এ পুলি, হ পুলি (এ কোঠা ও কোঠা)।

৩=[সি]—বি. ভিটা, মেঝে ।।

৪=[র]—বি. চারা গাছ ।।

৫=[রং]—বি. বংশ ।। কুমানুশের্ পুলি না হলে কি এমন্ খারাপ্ কাজ্ করে। [দেখ পুলা+ই ; অর্থ প্র.]।

পুলিনদা=[ম]—বিণ. হৃষ্টপুষ্ট ।। খাশিটা খাইতে খাইতে পুলিন্দা ঐ গেসে। [দেখ পুরিন্দা ; অর্থ প্র.]।

পুলুনি=[কুম]—বি. নির্দিষ্ট সময়ের জন্য জমি বন্ধক ।। পুলুনি রাখ্সশ্ নাহি ?

পুল=[রা]—বি. বেগুন, মরিচ, কপি ইত্যাদির চারা ।।

২=[সি]—বি. ছিদ্র ।। নাকর্ পুল্।

পুলকি=[ফ]—বি. গাছের নুতন পাতা ।। বাইগন্ গাসটার্ পুল্কিগুলা খাইল্ কিয়ে? [দেখ পুল্+কি প্র.]।

পুলকিমাদবর=[ঢা]—বি. অল্প বয়স্ক মাতবর।। পুল্কি মাদ্বরের্ যালায় আর্ দেশ থাহন্ যাইব না। [দেখ পুলকি+মুদব্বির مدبر আং]।

পুলতা=[কুম]—বি. তরকারী বিশেষ।। পুল্তার্ তর্কারি বর শাদ্। [সাধু পলতা]।

পুলপুলি=[রা, দি]—বি. একপ্রকার ছোট মরিচ।। পুল্পুলি খুব্ জাল্।

২=[রা, দি]—বিণ. যাহার খুব ঘন ঘন সন্তান হয় ।। [অনু.]।

পুলবুলে=[খু]—বিণ. যাহার বুদ্ধি নাই।। ও এক্টা পুল্বুলে।

পুললা=[রা]—বি. <পটল।। আজ্ পুল্লা চার্ আনা শের্।

পুলালি=[সি]—বি. ঘরের কামরা ।।

পুলুলুক=[ঢা]—বি. আনন্দ, আহ্লাদ।। তর্ এত পুলুলুক্ উঠ্সে কেন্? [<পুলক]।

পুলুলুক পুলুলুক=[ঢা]—বি. আনন্দাতিশয্য।। তর পুলুলুক্ পুল্লুক্ দেখ্লে বালা লাগে না। [দেখ পুলুলুক্ ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

পুশন্যা=[ম]—বিণ. পোষা।। পুশন্যা বিলাই। [দেখ পুন্যা]।

পুশিশ=[কুম]—বি. শাস্তি, জিজ্ঞাসা ।। হাশরের্ দিন্ আল্লা শব্ কিস্থু পুশিশ্ কৈর্বেন্। [<পুরসিশ্ پرسش ফাং= জিজ্ঞাসা]।

পুশকারি=[ঢা]—বি. প্রশংসা, ধন্যবাদ।। বালা কাম্ কৈর্লে মানুশের্ পুশ্কারি পাওন্ যায়। [<পুরস্কার +ই প্র.]।

পুশরা=[পা]—বি. পৌষ সংক্রান্তির বন ভোজন ।। [<পৌষ+রা]।

পুশুরে=[ফ]—বি. পৌষসংক্রান্তিতে বন ভোজন।। পুশুরে কর্বিনেরে? [দেখ পুশুরা]।

পুশ্যামাশ=[রা]—বি. পৌষমাস ।। পুশ্যামাশে খুব্ শিত্। [পৌষ+মাস]।

পুশকরা=[রং]—বি. এক প্রকার মহামারী, অপমৃত্যু।। পুশ্করা ধর্লে গেরাম্ ছাফ্ হয়।

পুশকল=[রা]—বি. পায়ের অলঙ্কার বিশেষ ।।

পুশকার=[খু]—বি. পুরস্কার ।। [<পুরস্কার]।

পুশকুনডি=[কুম]—বি. পুষ্করিণী, পুকুর।। ই পুশ্কুন্ডিত্ মাস্ আসে। [<পুষ্করিণী]।

পুশটান=[ঢা]—ক্রি. চালাকি পূর্বক ভুলান।। তরা পুশ্টাইয়া তারে নশ্ট কৈর্সত্। [তুং ফুসলান্]।

পুশতা=[রা]—বি. ঘরের পিছনের ভিত ঘেঁষিয়া উঁচু করা মাটি।। [< পুশ্ত پشت ফা.+আ প্র.]।

পুশতা পুশতি=[সি]—ক্রি. বিণ. বংশানুক্রমে।। আমার্ পুশ্তাপুশ্তি এনো যায়। [দেখ পুশ্তা+পুশ্তি]।

পুশতি=[চট্]—বিণ. দক্ষ, অত্যধিক আসক্ত।। তামাক্ খওনের্ পুশতি। [পোস্তী پوستی ফা.=আফিমখোর]।

২=[কুম]—বি. মুরগীর চামড়া ।। পুশ্তি খাইতে মযা। [পোস্ত پوست ফা.]।

পুশতিগির=[ম]—বিণ. বিত্তশালী ।। হেরা অখন্ পুশ্তিগির্। [পুশ্তী پشتی ফা.=সাহায্য+গীর گیر ফ.]।

পুশনো=[য]—বিণ. পোষ্য, পালিত।। এটা হচ্'চে' ওর্ পুশ্নো পুতুতুর্। [দেখ পুন্যা]।

পুশমাইন্যা=[ম]—বিণ. স্ত্রীগত প্রাণ।। এই রকম্ পুশ্মাইন্যা বেডাইন্ পাওয়া যায় না। [< পোষ+ মানা+ইয়া প্র.]।

পুশলান=[কুম]—ক্রি. পরামর্শ দেওয়া ।। [<ফুসলান]।

পুশশে=[ম]—বি. পুরুষ ।। পুশ্শের্ মন্ বর শক্ত। [<পুরুষ]।

পুশশেন=[চট্]—ক্রি. বি. পোষ্য দেওয়া ।। [<পোষণ]।

পুশশে=[ঢা]—ক্রি. বিণ. সমস্ত জীবন ব্যাপিয়া ।। তর্ পুশ্শে লাউ পাতা বিলাইসিল্! [<পুরুষ+এ (বিভক্তি)]।

পুশশ্যা=[খু]—বিণ. পুরুষ ।। এই বোঝাডা তুল্তে পারস্না, তুই আবার্ এক্টা পুশ্শ্যা। [দেখ পুশশ]।

পুসন=[ঢা]—ক্রি. মুছিয়া ফেলা।। টেবিলের উপ্রে চা পরি গেল্ বালা করি পুসে ফ্যালা। [<পুছন (< প্রোঞ্ছন সং)]।

পুসর করা=[কুম]—ক্রি. জিজ্ঞাসা করা।। হিতারে পুসর্ করি দ্যাখ্সে তুই নিলা কিল্লাই? [< পুছর (< প্রচ্ছ সং)+করা]।

পুসা=[ঢা]—ক্রি. জিজ্ঞাসা করা ।। [<পুছা√পৃচ্ছ সং]।

২=[সি]—বিণ. মাংশপেশী ।। পাওর্ পুসা।

৩=[সি]—ক্রি. পোঁছা, মোছা ॥ 'গরুর্ কুটুম্ লেইলে পুস্লে, মানুশের্ কুটুম্ আইলে গেলে'—প্রবাদ। [দেখ পুসন্]।

পসার করা=[ঢা]—ক্রি. সোহাগ করা ॥ বৌরে পুসার্ কর? [দেখ পুসর্+করা ; অর্থ প্র.]।

পসার লওয়া=[চট্ট]—ক্রি. জিজ্ঞাসা করা ॥ বাড়ি কন্‌ডে পুসার্ লও। [দেখ পুসার্ করা ; পুসর্+লওয়া]।

পসি=[খু]—বি. উকুনের ডিম ॥

পসিয়া=[ম]—অস. ক্রি. বরণ করিয়া ॥ নয়া ইশ্টি ঐলে পুসিয়া লৈঅ। [দেখ পুসার্ করা ; পুছিয়া]।

পসর পসর=[চট্ট]—ক্রি. বিণ. ফিসফিস ॥ তুই রাইত্ দিন্ ঐল্যার্ লগে পুস্সুর্ পুস্সুর্ কিয়ের্ ল্যাই করস্ আঁই কিস্সু ন বুঝি। [অনু.]।

পস্যা থাকা=[ম]—ক্রি. মুখ বুজিয়া থাকা ॥ মুখ্ পুস্যা থাকো কেরে? [< বুজিয়া+থাকা]।

পহানো=[য]—ক্রি. পোকা লাগা ॥ গরুডা পহায়েসে। [<পোকা+নো প্র. ; নামধাতু]।

পহরা=[নো]—বি. পৌষ সংক্রান্তি॥ [দেখ পুশুরা]।

পহৈরাত=[কুম]—বি. বাড়ির পশ্চাতে জঙ্গলময় অংশ ॥ [দেখ পুহৈর্ +আত প্র.]।

পহৈর=[ফ]—বি. পুকুর ॥ পুহৈরের্ পানি পোলাহানে গোলাইয়া হালায়ের্। [<পুকুর (<পুষ্করিণী সং)]।

পহোর=[য]—বি. পুকুর ॥ [দেখ পহৈর্]।

পে

পেইক=[কুম]—বি. পক্ষী ॥ কোহিল্ পেইক্ ডাহে।[<পইক (<পক্ষী)]।

২=[ঢা]—বি. ঘুঘু পাখী ॥ আম্ গাসে পেইকের্ বাশা। [অর্থ. প্র.]।

পেইচ'া=[ফ]—অস. ক্রি. ঘিরিয়া, পেঁচিয়া ॥ আগুন্ চ'াইর্ পাশে পেইচ'া দৈর্‌ল। [<পেঁচিয়া]।

পেইছা=[রং]—বি. পাঁচন॥ হালের্ গরু তাড়ানোর্ পেইছাটা আন্। [< পাচন (<প্রাজন সং)]।

২=[রা]—বি. বাঁশের তৈরী পাত্র ॥

পেইয=[কুম]—বি. পেয়াজ॥ [< পিয়ায پیاز ফা.]।

পেইতানি=[কুম]—বিণ. অপরিষ্কার॥ শে একেবারে পেইতানি। [< প্রেতিনী]।

পেইতনা=[কুম]—বিণ. নোংরা ॥ কাশেমের্ মত পেইতুনা আর্ দেখি নাই। [দেখ পেইতানি]।

পেইন=[রা]—বি. চেহারা ॥ ছুড়িটার্ মুখের্ পেইন্ ভাল নয়্। [<পাইন< পানি ; অর্থ প্র.]।

পেইল্যা=[ম]—অস. ক্রি. অবহেলা করিয়া ॥ [<হেলিয়া=হেলা করিয়া ; অথবা ফেলিয়া]।

পেইসসা=[ম]—বিণ. ছোট, ক্ষুদ্র, অল্পবয়স্ক ॥

পেউক=[সি]—বিণ. ইচ্ছুক ॥ সেলেটা হগ্‌ল কামে পেউক্ ঐয়া লাগে।

পেউটটা=[কুম]—বিণ. পেটমোটা ॥ তুমি পেউটট্টা মানুশ্ দৌরাইতা পার্‌বা? [<পেট+উয়া প্র.]।

পেউটরা=[কুম]—বিণ. পেটুক ॥ পেউট্‌রা লোকে অনেক্ বাত্ খায়্। [<পেট+রা প্র.]।

পে'উরা=[চট্ট]—বি. পিপীলিকা ॥ পেঁউরার্ বাশা। [<পিঁপড়া (< পিপীলিকা সং)]।

পে'চ=[দি]—বি. তৈল রাখিবার ক্ষুদ্র পাত্র ॥

পে'চি'টিন=[চট্ট]—বি. প্রেসিডেণ্ট ॥ আঁরার্ পেঁচি'টিন্ শাবে বড় ভালা মানুশ্। [<প্রেসিডেণ্ট president ইং]।

পে'তিয়াল=[নো]—বি. খেঁকশিয়াল ॥ 'রৈদ অয়্ যড়ি অয়্, পেঁতিয়ালের্ বিয়া'—ছড়া। [<পাতি শিয়াল]।

পেকি=[সি]—বি. কাদা ॥ উঠোনে পেকি লাগি গেসে। [<পাঁক (<পঙ্ক সং)+ই প্র.]।

২=[সি]—ক্রি. বিণ. অতি বৃষ্টিতে জমির মাটির শক্তাবস্থা ॥ [অর্থ প্র.]।

পেকচি'=[ম]—বি. পিক ॥ যেই-খানে শেইখানে পেকুচি' ফেলান্ বালা না। [দেখ পিচ্'কি]।

পেখিবাইন=[কুম]—বি. কাদায় জমি বপন ॥ পরাং দান্ পেখিবাইন্ সারা অয়্ না। [দেখ পেকি+বাইন< বপন]।

পেখনি=[সি]—বি. শেওলা ॥ গাটে পেখ্‌নি পর্‌সে। [দেখ পেকি ; পাঁক +নি প্র.]।

পেচি'=[ম]—বিণ. কুটিল ॥ লোক্‌টা বর পেচি'। [<প্যাচ+ই প্র.]।

২ =[ম]—বি. লাঙ্গলের হাতল বা ইশ ॥

পেচি'আটা=[সি]—বি. অনাবশ্যক বৈঠক ॥ তিন্ বেটির্ পেচি'আটা। [দেখ পেচি'+আঁটা]।

পেচি'কললা=[পা]—বি. দুষ্ট, শঠ, পাজি ॥ সেলেটা এক্‌টা পেচি'কল্‌লা। [দেখ পেচি'+কল্লহ্ کله ফা.]।

পেচি'টেংগর=[ফ]—বিণ. অতি চালাক। [দেখ পেচি'+ত্যাঁদড়]।

পেচু'ইরা=[ঢা]—বিণ. অপরিষ্কার ॥ এই সেম্‌রাডা কি পেচু'ইরা। [< পিচুইটা < পিচুট (<পিচচট সং)+ আ]।

পেচু'ক=[পা]—বিণ. কর্তব্য অবহেল করে যে॥ এ ব্যাটা বড় পেচু'ক্ লোক্। [দেখ পেচি' ; প্যাচ+উক প্র.]।

পেচ্‌'কি=[ম]—বি. পানের রস, পিচকি ॥ [দেখ পিচ্‌'কি]।

পেটি=[রা]—বি. পরিমাণ বিশেষ ॥ এক পেটি তামাকের্‌ দাম্‌ এক্‌ টাকা। [দেখ পেটি₂ ; অর্থ প্র.]।

২=[চট্ট, সি]—বি. তোরঙ্গ ॥ [< পেটিকা সং]।

৩=[পা]—বি. কোমরে বাঁধিয়া রাখার টাকার থলি ॥ [<পেট+ই প্র. ; তুং পেটী হিং]।

পেটি খাঁচ'া=[চট্ট]—বি. ছোট খাঁচা ॥ [দেখ পেটি₂+খাঁচা]।

পেট্‌'লি=[ম]—বি. গর্ভবতী ॥ পুলন্‌তি পেটুলি নিয়া ডর্‌ বেশি। [<পেট+উলি প্র.]।

পেট্‌'কি=[চট্ট]—বি. বাহাদুরী ॥

পেট্‌'রি=[ম]—বি. কোমরবন্ধ, বেল্ট ॥ পেট্‌রি আরো কশি পর। [দেখ পেটি₃ ; পেট+রি প্র.]।

পেডি=[রা]—বি. পাঁঠা ॥ [< পাঁঠা]।

পেড়ি=[খু]—বি. নরম কাদা ॥ পেড়ির্‌ ভিতর্‌ নামিস্‌ না।

পেড়ু₁=[খু, য]—বিণ. প্রিয় ॥ সাও-য়াল্‌ডা যা ওর্‌ বাপের্‌ পেড়ু কি করে রাখ্‌বে? [<পিয়ার হিং+উ প্র.]।

পেতি=[চট্ট]—বিণ. ছোট ॥ এক্‌গা পেতি কম্বল্‌ মারি আন্‌গৈ। [<পাতি <প্রতি সং; তুং প্রতিকূপ]।

পেতিবেনোর্‌=[চা]—বি. কবিরাজী ঔষধের গাছ বিশেষ ॥ পেতি বেনোর্‌ দিয়া অশৈদ্‌ বানায়্‌।

পেতিয়ান্‌=[কুম]—বি. পাতিহাঁস ॥ [<পাতি+হান<হংস]।

পেতিয়াল্‌=[কুম]—বি. খেঁকশিয়াল ॥ মুরগুড়া পেতিয়ালে নিসে। [<পাতি শিয়াল]।

পেতিহাল্‌=[নো]—বি. শৃগাল ॥ পেতিহালের ষয়ে হ্যাতে চি'লুনাই উইড্‌ লো। [দেখ পেতিয়াল্‌]।

পেতুইয়া=[কুম]—বিণ. রোগা; জিক-লিকে ॥ মেগে মুরগিডা পেতুইয়া ঐসে। [পাতা <পত্র সং+উইয়া প্র.]।

পেতুইল্‌ল্যা=[কুম]—বিণ. গর্ভবতী ॥ এমন্‌ পেতুইল্‌ল্যা মাইয়াডারে কেমন্‌ কৈরা যামাই খেদাইয়া দিল্‌। [দেখ পেটুলি+ইয়া প্র.]।

পেত্‌'তিহাল্‌=[ম]—বি. শৃগাল ॥ [দেখ পেতিয়াল্‌]।

পেথি=[রা]—বি. বেতের পাত্র ॥ এক্‌ পেথি মুড়ি আন্‌তো। [দেখ পেটি₂]।

পেদ₁=[খু, য]—বি. বাচ্চা ॥

পেদ₁ড়ি=[কুম]—ক্রি. বিণ. পচিয়া গোবরতুল্য ॥ শকালের্‌ বাত্‌ অখন্‌ পেদুড়ি ঐয়া গেসে।

পেদ₁রি=[ম]—বিণ. অত্যন্ত ক্লান্ত ॥ [দেখ পেদুড়ি; অর্থ প্র.]।

পেদ₁ল্‌=[সি]—বি. পানির নিচেকার পিচ্ছিল সবুজ শেওলা ॥

পেদ্‌'রি=[রা]—বিণ. যে বেশী কথা বলে ॥ বুড়াটা এক্‌ নম্বরের পেদ্‌রি।

২=[পা, বা]—বিণ. অবশিষ্টাংশ ॥

পেনি=[খু]—বি. খুকি ॥ আমাগো পেনি ছড়্‌ন্‌ খেতে ভালোবাশে।

পেনিষ্‌=[বা]—বি. একপ্রকার নৌকা, গলুইশূন্য নৌকা ॥ [<পিনিস্‌< পিনেস pinnace ইং]।

পেন্‌'টি=[রা]—বি. পাঁচন ॥ [< পেন্‌<পাচন(<প্রাজন সং)+টি]।

পেন্‌'ঠি=[দি]—বি. গরুকে মারিবার ছড়ি, পাঁচন ॥ [দেখ পেন্‌টি]।

পেন্‌'দি=[কু]—বি. ময়লা ॥ গাওত্‌ তিন্‌ পড়ল্‌ পেন্‌দি পড়্‌সে।

২=[ম, রা]—বি. দুষ্টা, বাঁদী ॥ এই পেন্‌দির্‌ পুত্‌ বর বর কতা কস্‌ দেহি (ম)? [<পেঁদ (<পিণ্ড সং)+ই প্র.]।

পেন্‌'শিল্‌ পাওয়া=[কুম]—ক্রি. পেনসন পাওয়া ॥ ডিপুটিবাবু পেন্‌শিল্‌ পাইসে। [দেখ পিনিশন্‌+পাওয়া]।

পেরি=[ম]—বি. মেয়ে, ছোট মেয়ে ॥ [পিয়ারী হিং=প্রিয়া]।

২=[কুম, বা, ফ]—বি. কাদার উপরের স্তর ॥ পেরি পৈর্‌লে খেত্‌ বালা অয়্‌। [দেখ পেড়ি]।

৩=[ম]—ক্রি. বি. পানির পাক তুলিয়া পোনামাছ ধরা ॥

পেরিকাডা ওচ'া=[চা]—বি. বড় ছিদ্র যুক্ত মাছ ধরিবার ফাঁদ ॥ [দেখ পেড়ি + কাটা + ওচা (উপকরণ বিশেষ)]।

পেরিহাশ্‌=[ম]—বি. পাতিহাঁস ॥ [দেখ পেড়ি+হাঁস]।

পের₁ই=[দি]—বি. ডালি, ডালা ॥ খৈগুলি পেরুইটায়্‌ রাইখ্যা দাওছি।

পের₁ইত্‌তা=[চট্ট]-বিণ. অপরিষ্কার ॥ [<পেরত (<প্রেত সং)+ইয়া প্র.]।

পের্‌'তি=[চট্ট]—বি. পেত্নী, নোংরা মেয়ে ॥ এ পের্‌তিরে বিয়া কৈর্‌ব কেডা? [<পেরত (<প্রেত সং)+ই প্র.]।

পের্‌'শি=[ব,রং]—বি. পাতলা কাদা ॥ কুয়া থেকে পের্‌শি উঠ্‌সে। [দেখ পেড়ি+শি প্র.]।

পেলনি=[রং]—বি. শাস্তি ॥ বেশি বাইরে যাইছ্‌ না, পেলনি দ্যামানে।

পেলি=[ব]—বি. শিশুদের জামা ॥

পেল₁ইন্‌, পেল₁ন্‌=[কুম]—বি. মাছ ধরার ফাঁদ বা জাল বিশেষ ॥

পেলৈন্‌=[সি]—বি. ছোট মাছ ধরার জাল ॥

পেশ্‌'টি=[রা,ব]—বি. নাকের পোঁটা ॥ [<পিচুটি (<পিচ্চট সং)]।

পেসি=[ম, কুম]—বি. চতুর, কপী-বাজ ॥ তার্‌ নাহান্‌ পেসি দুইডা দেহা যায়্‌ না (ম)। [দেহ পেচি']।

পেস₁ক্‌=[সি]—বিণ. কৌশলী, ধাপ্পা-বাজ ॥ হেতারা বর পেস্কু মানুষ্‌ [দেখ পেচু'ক্‌]।

পোঁহ=[খু,য]—বি. কাদাপূর্ণ জমি চাষের পর দেয় মই ॥ [দেখ পেকি]।

প্যা

প্যাআশ্=[চট্ট]—বি. পিপাসা ॥ [<পিয়াস (<পিপাসা)]।

প্যাঐ=[রা]—বি. খুঁটি ॥ ঘরের প্যাঐ বদ্লাতে হবে। [<পা (<পদ সং)+আই]।

প্যাওদা=[কুম]—বি. দূত ॥ যমিদারের্ প্যাওদা আইসে। [<পিয়াদহ্ پیاده ফা.]।

প্যাংগা=[পা]—বিণ. খোঁড়া ॥ [<পঙ্গুক সং]।

প্যাংগানো=[ঢা, কুম]—ক্রি. মৃদুস্বরে কাঁদা (ব্যঙ্গার্থে) ॥ বেশি প্যাংগাইলে মাইর্ খাইবি। [অনু.]।

প্যাংঘা লাগা=[রা]—ক্রি. বি. পিছু যাওয়া, অনুসরণ করা ॥ ছাওয়াটা বাপের্ প্যাংঘা লাগিচে।

প্যাংটঘা=[রং]—বি. আবদার, বায়না ॥

প্যাংডানো=[কুম]—ক্রি. কাঁদা ॥ [দেখ প্যাংগানো]।

প্যাংড়াপেংড়ি=[কু]—ক্রি. বিণ. ছড়াছড়ি ॥

প্যাংনা=[ব,রং]—বি. সেবা, শুশ্রূষা ॥ [<পেখন (<প্রেক্ষণ সং)+আ]।

২=[রা]—বি. তৃপ্তি ॥

প্যাংসা=[ম]—বি. ঢং, তামাশা, ন্যাকামী, আহ্লাদ ॥ অত্ প্যাংসা দেহান্ নাগ্বো না। [<তমাশা تماشا আং]।

প্যাংসা করা=[ঢা, সি, ম, কুম]—ক্রি. ছল করিয়া কাঁদা ॥ [দেখ প্যাংসা+করা]।

প্যাঁঅরা=[চট্ট]—বি. পিঁপড়া ॥ [<পিঁপড়া (<পিপীলিকা সং)]।

প্যাঁআইর্গা=[চট্ট]—বি. বাবুই পাখী ॥ [বাবুই+গা]।

প্যাঁকন্=[চট্ট]—ক্রি. ধান রোপণের জমি চাষ ও মই দিয়া তৈয়ার করা ॥ [দেখ পেকি+পাঁক+অন প্র]।

প্যাঁচ'নাকা=[চট্ট]—বিণ. চ্যাপ্টা নাকবিশিষ্ট ॥ প্যাঁচ'নাকা মাইয়া। [<প্যাঁচা (<পেচক সং)+নাক+আ প্র.]।

প্যাঁচে'লাই=[চট্ট]—বি. ফাজলামি, দুষ্টামি ॥ অত প্যাঁচে'লাই আর্ বালা লাগে না। [<প্যাঁচ+আল+ই প্র.]।

প্যাঁচ্'=[নো]—বি. কুটিলতা ॥ হ্যাতার্ প্যাঁচ্' ক্যাহো বুইয্তে হারে না। [<প্যাঁচ; অর্থ প্র.]।

প্যাঁডা=[চট্ট]—বি. পেটের নাড়িভুঁড়ি ॥ পাড়াদি প্যাঁডা গাইল্লর্। [<পেট+আ প্র.]।

প্যাঁডানো=[চট্ট]—ক্রি. খোঁজ করা ॥ আঁই যিনিশ্ ইখান্ প্যাঁডায়ে পাইয়ে।

প্যাঁতানি=[রা]-বি. গালি, তিরস্কার ॥ তার্ ঐ প্যাঁতানি শুনেও আবার্ আলু ॥ [<পেঁদ (<পিণ্ড সং)+আনি প্র.]।

প্যাঁদা=[কু]—বি. কাঁসা ॥

প্যাঁপা=[দি]—বি. পেঁপে ॥ [দেখ পাইপা]।

প্যাঁপু=[দি]—বি. ভেঁপু ॥ [সাধু ভেঁপু; ধ্বন্যা.]।

প্যাঁয়োলা=[দি]-বি. ছোট গোলাকার ফল বিশেষ ॥

প্যাকন্=[ম]—ক্রি. কর্দমাক্ত করা ॥ গর্ডা প্যাক্যা কি কৈর্ল? [দেখ প্যাঁকন্]।

প্যাকা=[রা]—বিণ. উগ্র প্রকৃতির ॥ [<খেপা (<ক্ষিপ্ত সং); বর্ণ বিপর্যয়]।

প্যাকানো=[সি]—ক্রি. কাদা করা ॥ [দেখ প্যাকন্]।

প্যাকাপ্যাকি=[ঢা]—বি. কাদা লইয়া বা কাদার মধ্যে কৌতুক ॥ যামাইর্ লগে হালা হালি প্যাকাপ্যাকি করে। [দেখ প্যাকন্; পাঁক+আ; পাঁক+ই]।

প্যাকেগোপরে=[সি]—ক্রি. বিণ. ভাল মন্দে ॥ আম্রার্ হৈসে প্যাকে গোপরে সান্ দিয়া চ'লা। [<পাঁক (<পঙ্ক্)+এ+গোবর+এ (বিভক্তি)]।

প্যাকের্পোকের্=[খু]-বিণ. বুদ্ধিমান্ ॥ [< পাক+এর+পোকের (অনুঃ)]।

প্যাকো=[খু]—বিণ. দুর্গন্ধময়, অপরিষ্কার ॥ [দেখ প্যাক্+ও প্র.]।

২=[য, খু]—বি. একপ্রকার ঘা ॥

প্যাক্=[পা, কুম, ঢা]—বি. কাদা ॥ [<পাঁক (পঙ্ক সং)]।

২=[মা]—বি. পাখী ॥ [<পাইখ <পাখী]।

৩=[কুম]—বি. মোড়ক ॥ বিরিগ্ প্যাক্ কত কৈর্যাও? [< প্যাক pack ইং]।

প্যাক্চুনা=[রা]—বি. চুন হলুদের রং ॥ [<পাঁক+চুন+আ]।

প্যাক্দাবার্=[রা]—ক্রি. বিণ. খুব জোরে ॥ [<ফেক্ (<ফেকা <ক্ষেপন)+দাবাড় (<দাবড়ান)]।

প্যাক্না=[ফ]—বি. অছিলা ॥ নিন্দুকে প্যাক্না তালাশ্ করে। [< পাক+না প্র.; তুঃ পাকেচক্রে; অর্থ প্র.]।

২=[দি]—বি. মায়াকান্না ॥ প্যাক্না করে লাভ্ কি? [অর্থ প্র.]।

৩=[চট্ট, ঢা, ফ, কুম, ম]—বি. ন্যাকামি, আহ্লাদ, সোহাগ ॥ প্যাক্না কর কেন্? [অর্থ প্র.]।

প্যাক্না করা=[রং]—ক্রি. জেদ করিয়া পুনঃপুনঃ চাওয়া ॥ [দেখ প্যাক্না+করা]।

প্যাক্নাস্যাক্না=[ঢা]—বি. ভাব ভঙ্গী, ঢক নমুনা ॥ থুইয়া দে তোর্ প্যাক্না স্যাক্না। [দেখ প্যাক্না+স্যাকনা (অনুঃ)]।

প্যাক্না হ্যাক্না=[ঢা]—বি. টাল-বাহানা, ফাঁকি ॥ প্যাক্না হ্যাক্না কৈর্ও না। [দেখ প্যাক্না স্যাক্না]।

প্যাক্ পারা=[ঢা]—বি. বিবাহের সময় বর কনের কাদায় পা দেওয়ার অনুষ্ঠান ॥ [<পাঁক+পাড়ানো]।

প্যাকবাশন্=[ম]—বি. শানকী, মাটির থালা ॥ [<পাঁক+বাসন (সং)]।

প্যাক্রা=[রা]—বি. ধান শুকাইবার একপ্রকার উপকরণ ॥ প্যাক্রা দিয়া ধান্ গুলি উল্টাইয়া দে।

প্যাক্স্যাক্=[কুম]—বি. কাদা ॥ প্যাক্স্যাকে পত্ চ'লন্ দায়্। [< পাঁক+স্যাক (অনুঃ)]।

প্যাখেনা=[দি]—বি. আবদার, ছল ॥ [দেখ প্যাক্না]।

প্যাখ্=[সি, কুম]—বি. কর্দম ॥ প্যাখের্ মৈদ্দে যুতা পা দি ক্যাম্নে যাইবা ? [দেখ প্যাক্]।

প্যাখ্না=[ম]—বি. গড়িমসি ॥ অখন্ প্যাখ্না করস্ কেরে ? [দেখ প্যাক্না]।

২=[কুম, সি, ঢা]—বি. আহ্লাদ, ভান ॥ অতবর ঐসত্, অহন্ এত প্যাখ্না করস্ ক্যারে ? [দেখ প্যাক্না]।

প্যাগা=[রা, কুম]—বিণ. নরম ॥ [দেখ প্যাক্+আ প্র.]।

প্যাগাম্=[ঢা]—ক্রি. বিণ. দেখিতে সুন্দর, লোভনীয় ॥ লাউ গাস্টা যা প্যাগাম্ ঐসে। [<পেখম]।

প্যাগ্=[পা]—বি. আহ্লাদ, আবদার ॥ [দেখ প্যাক্না]।

প্যাগ্লা=[ম]-বি. আবর্জনা, ময়লা ॥ [<পাঁক+লা প্র.]।

প্যাগ্লাপ্যাগ্লা=[কুম]—ক্রি. বিণ. পীড়াপীড়ি ॥

প্যাগ্লাম্=[কুম]—বি. বাহুল্য কথা ॥ এত বেশি প্যাগ্লাম্ বালা না। [<পাগল=আম প্র.]।

প্যাচ'ড়্=[খু]—ক্রি. বি. জ্বালাতন ॥ [<প্যাচাল]।

২=[রা]—বিণ. পেটুক ॥ [<পেট +ড় প্র.]।

প্যাচ'র্=[বা]—বিণ. ধূর্ত ॥ লোক্টা তো দারুন্ প্যাচ'র্! [দেখ পেচি'+র প্র.]।

প্যাচ'া=[ম]—বিণ. চেপ্টা ॥ তার্ নাক্ প্যাচ'া। [<প্যাঁচা]।

২=[বা]—বি. পিয়াজ ॥ আইয্ কাইল্ হিন্দুরা প্যাচ'া খায়্। [< পিয়ায پیاز ফা.]।

৩=[ম]—বি. ঝাঁকা ॥ [<পাঁজা< পুঞ্জ সং]।

৪=[য]—বি. গরুমারা লাঠি, পাচন ॥ ওরে আমার্ প্যাচ'া গেল্ কৈ ? [দেখ পাচন (<প্রাজন সং)]।

প্যাচ'াইল্=[ঢা]—বি. কথাবার্তা ॥ প্যাচ'াইল্ এক্টু কম্ পার। [দেখ প্যাচ'াল্]।

প্যাচ'ারশাইর্=[পা]—বি. পিছনের সারি ॥ [<পিছের সারি]।

প্যাচ'াল্=[ম, সি, খু, ফ, পা]—বি. গণ্ডগোল, বাজে কথা, তর্ক ॥ তফাত্ যা, প্যাচ'াল্ পারিশ্ না কানের্ কাসে। [< পাঁচ (পেচ پیچ ফা.)+আল প্র.]।

প্যাচ'াল্ পারা=[পা]—ক্রি. বাজে কথা বলা ॥ [দেখ প্যাচ'াল্+পাড়া]।

প্যাচ'াল্ পোটানো=[খু]—বি. বাজে কথা বলা ॥ মানুশ্ বুড়া হলে কেবল্ প্যাচ'াল্ পোটে। [দেখ প্যাচ'াল+ ফুটানো]।

প্যাচে'=[য]—বি. ছোট ঝুড়ি ॥ [দেখ প্যাচ'া৩+ইয়া প্র.]।

প্যাচে'ংবা=[খু]—বি. প্রজাপতি ॥ [<পতঙ্গ]।

২=[খু]—বি. চিচিঙ্গা ॥

প্যাচ্'=[ঢা]—বি. কুযুক্তি ॥ কতায়্ কতায়্ এত প্যাচ' দরিশ্ না। [দেখ প্যাচ'াল্]।

প্যাচ্কুটি=[রা]—বি. পিছুটান ॥ [<পিছ+কাটা+ই প্র.]।

প্যাচ্'কুলা=[ম]—বি. ফিঙ্গে পাখী ॥

প্যাচ্'গয়া=[চট্ট]—বি. গোবর ফেলিবার বা মাটি বহিবার বেতের ছোট খাঁচা ॥

প্যাচ্'ড়া=[খু]—বিণ. দুষ্ট ॥ [< প্যাঁচ (দেখ প্যাচ'াল্)+ড়া]।

প্যাচ্'পেইচ'্যা=[চট্ট]-বিণ. ঝগড়াটে ॥ প্যাচ'পেইচ'্যা মাইন্শেরে কেও ন দ্যাইকতে হারে। [<প্যাচপ্যাচ (অনু.)+ইয়া প্র.]।

প্যাচ্' পেচ'া=[পা]—বিণ. স্যাঁতসেতে ॥ [<প্যাচ্প্যাচ্ (অনু.)+ আ]।

প্যাচ্'প্যাচ'া=[ব]—ক্রি. বিণ. পচা, নরম ॥ [দেখ প্যাচ্'পেচ'া]।

প্যাচ্'রা=[সি,ম]—বি. হাম, পাঁচড়া ॥ [<পাঁচড়া]।

প্যাছা=[রা]—বি. বাঁশের তৈয়ারী ডালা ॥ হামাক্ এ্যাক্টা প্যাছা দাও।

প্যাছ্ড়া=[রা]—অস. ক্রি. পরাজিত করিয়া ॥ শালাক্ প্যাছ্ড়া দিয়েছে। [<পাছড়াইয়া<পাছড়ানো]।

প্যাজ্ বের্ করা=[রা]-ক্রি. কাঁদা ॥ [<পিয়াজ বাহির করা ; বাগ্‌ধারা]।

প্যাটা=[রা]—বি. বারান্দা ॥ [< পৈঠা]।

২=[রা]—বি. নিতম্ব, পিছনের অংশ ॥ মেয়েটির্ প্যাটা ভারি। [দেখ পট্টা]।

৩=[কুম]—বি. পাটা ॥ প্যাটাতে মরিচ্' বাটে। [< পাটা]।

৪=[দি, খু ম]—বি. শ্লেষ্মা, নাকের মধ্যে জমাট কফ সর্দি ॥ [< পোঁটা]।

প্যাটাপ্যাটি=[সি]—বি. অন্তরঙ্গতা, বন্ধুভাব ॥ [<পেট+আ+পেটি]।

প্যাটারি=[রা]—বি. চামড়ার খোল, সুটকেস ॥ [<পেট (<পেটক সং) আরি প্র.]।

প্যাটার্=[খু]—বি. কোমরবন্ধ, বেল্ট ॥ [দেখ পেটি]।

প্যাটার্ প্যাটার্=[সি]—ক্রি. বিণ. অনবরত ॥ [ধ্বন্যা.]।

প্যাটালি=[রা]—বিণ. গর্ভবতী ॥ প্যাটালি মানুশক রাতে বেড়াইতে নাই। [দেখ পেটুলি]।

প্যাটাল্=[রা]—বি. মজলিশের খাদ্য দ্রব্য ॥

২=[রা, দি]—বিণ. জব্দ, সাজা, শাস্তি ॥ তোমাকে প্যাটাল্ কর্‌বো তবে ছাড়্‌বো। [<√পেটা+আল প্র.]।

প্যাটে বাংরা=[সি]—বিণ. মূলধন ভাঙ্গিয়া খায় এমন ॥ এমন্ লোক্‌টাযে প্যাটে বাংরা।

প্যাটেবাত্=[সি]—বি. বেগার খাটা ॥ [<পেট+এ (বিভক্তি)+ভাত]।

প্যাটোয়াখেতি=[সি]—বি. খুব বড় বোরো ক্ষেত। [<পেট+উয়া প্র.+খেত (<ক্ষেত্র সং)+ই]।

প্যাটোয়ার্=[রং]—বি. প্যান্টের বেল্ট ॥ [দেখ প্যাটার্]।

প্যাট্=[রা]—বি. অভ্যাস ॥ [<পেট; অর্থ প্র.]।

প্যাট্ করা=[বা, চা]—ক্রি. অবৈধ-ভাবে গর্ভবতী হওয়া ॥ [<পেট+করা]।

প্যাট্কানি=[চট্ট]—বি. শ্লেষ বাক্য ॥

প্যাট্কাম্‌রি=[চা]-বি. পেট ব্যথা ॥ গাইডার্ প্যাট্ কাম্‌রি ওঠ্‌সে। [<পেট+কামড়+ই প্র.]।

প্যাট্কো=[খু, কু]—বিণ. লোভী. পেটুক ॥ সেলেটা খুব্ প্যাট্‌কো। [<পেটুক]।

প্যাট্খাউয়া=[কুম]—বিণ. দিন মজুর, যে দিন আনে দিন খায় ॥ হিতারা প্যাট্ খাউয়া মানুশ্। [<পেট+খাওয়া]।

প্যাট্খুরা=[সি]—বি. শেষ সন্তান ॥ ই পোয়া আমার্ প্যাট্‌খুরা। [<পেট+√কুড়া=কুড়ানো]।

প্যাট্টি=[কুম]—বি. বেল্ট, কোমর-বন্ধ ॥ পেট্‌টিডা কৈতে আনসে? [দেখ পেটি]।

প্যাট্ডাংরা=[রং]—বিণ. লিভার যুক্ত ॥ [<পেট+ডাঙ্গর<ডাগর (<দীর্ঘ)+আ]।

প্যাট্তে পড়া=[খু]—ক্রি. জন্ম গ্রহণ করা ॥ যার্ প্যাট্‌ত্তে পড়্‌ছেই কেউ তাল্‌গাস্ হয়্ না। [<পেট+থাকিয়া+পড়া]।

প্যাট্না=[সি]—বি. পার্শ্ব ॥ পতের্ প্যাট্‌নাতে বও। [<পেট+না প্র.]।

প্যাট্নাদ্‌রে=[খু]—বিণ. পেটুক ॥ তুমিতো এক্‌টা প্যাট্‌নাদুরে। [<পেট পেট+নাদা (গামলা)+ড়ে প্র.]।

প্যাট্ নাবা=[পা]—ক্রি. পেট ভার হওয়া, পেটের অসুখ হওয়া ॥ [<+পেট+নামা]।

প্যাট্ নামা=[ব, রং, চা, ফ]—ক্রি. কলেরা হওয়া, পাতলা পায়খানা হওয়া ॥ লোক্‌টার্ প্যাট্ নাম্‌ছে (রং)। [দেখ প্যাট্ নাবা; অর্থ প্র.]।

প্যাট্পাকুয়া=[রং]—বিণ. চটপটে, বুদ্ধিমান্ ॥ মানুশ্‌টা বড় প্যাট্‌পাকুয়া। [পেট+পাক+উয়া প্র.]।

প্যাট্পিস্‌লা=[চা]—বিণ. সর্বশেষ সন্তান ॥ তুই প্যাট্ পিস্‌লা পোলা। [<পেট+পিছলা (<পিচ্ছল)]।

প্যাট্পিট্=[সি, চা]—বি. প্রয়োজন, অভাব ॥ আমার্ কি প্যাট্‌পিট্ নাই? [<পেট+পিঠ; অর্থ প্র.]।

প্যাট্প্যাটা=[সি]—বিণ পেট ভরতি, ভরপেট ॥ সাগল্‌গুলা প্যাট্‌প্যাটা হয়্যা গেসে। [<পেটপেট (অনু.)+আ প্র.]।

প্যাট্প্যাটি=[সি]—ক্রি. বিণ. পেট ভরা ॥ প্যাট্‌প্যাটি ঐয়া খাইসে। [দেখ প্যাট্ প্যাটা]।

প্যাট্প্যাট্=[চট্ট]—অব্য. কুকুরকে পা দিয়া আদর করার শব্দ ॥ [অনু.]।

প্যাট্বানানো কথা=[কু]—বি. গুজব ॥ [<পেট+বানানো কথা]।

প্যাট্বেদে হাবিশ্‌শি করা=[কু]—আধপেটা খাওয়া ॥ [<পেট বাঁধিয়া হবিষ্য করা]।

প্যাট্ব্যাচ'ন্=[ম]—ক্রি. খাওয়ার বিনিময়ে কাজ করা (ব্যঙ্গার্থে) ॥ পরের্ বাইত্ প্যাট্‌ব্যাচ'তে শরম্ করে নারে? [<পেট+বেচ (<বেচা)+অন প্র.]।

প্যাট্রা=[কুম]—বিণ. পেটুক, যাহারা খাইতে বসিলে আর উঠিতে চায় না ॥ [<পেট+রা প্র.]।

প্যাট্রোগা=[রা]—বি. পেটের অসুখ ॥ প্যাট্‌রোগায় ভুগে ভুগে। ছল্‌ডা কি হচে। [<পেট+রোগ+আ]।

প্যাট্লা=[রং]—বিণ. পেটমোটা ॥ প্যাট্‌লা মানুশ্ কোনু কামের্ না। [<পেট+লা]।

২=[রা]—বিণ. পেটুক, ঔদরিক ॥ তালের্ শেখ দারুন্ প্যাট্‌লা লোক্। [অর্থ প্র.]।

৩=[সি, কুম]—বিণ. অপেক্ষাকৃত মোটা ॥ [অর্থ প্র.]।

প্যাট্ লাগানো=[রা, সি]—ক্রি. গর্ভ-বতী হওয়া ॥ [<পেট+লাগানো]।

প্যাট্ লারিয়া দেওয়া=[বা]—ক্রি. বদহজম হওয়া ॥ [<পেট+নাড়িয়া+দেওয়া]।

প্যাট্ লামা=[সি]—ক্রি. দাস্ত বমি হওয়া ॥ [দেখ প্যাট্ নাবা]।

প্যাট্লামানি=[সি]—বি. উদরাময় ॥ তার্ প্যাট্‌লামানি ঐসে। [দেখ প্যাট্+লামা+নি প্র.]।

প্যাট্ হওয়া=[পা]—ক্রি. গর্ভবতী হওয়া ॥ [<পেট+হওয়া]।

প্যাট্হড়কান্=[কু]—ক্রি. পেট খারাপ হওয়া ॥ [<পেট+হড়কান]।

প্যাঠ্=[নো]—বি. নদী বা পুকুরে বেড়জাল টানার সময় জালের সঙ্গে বাঁধিয়া দেওয়া মাটির ঢেলা ॥

প্যাড়া=[ম]—বি. নাকের ময়লা, সর্দি কফ ॥ তার্ নাক্ দিয়া প্যাডা পর্‌তাসে। [দেখ প্যাটা]।

২=[কুম]—বি. মাছের পেটের তৈল ॥ [<পেট+আ কিংবা পোঁটা; অর্থ প্র.]।

৩=[কুম]—বি. পেট ॥ [<পেট+আ]।

প্যাড়ুয়া=[কুম]—বিণ. পেটুক ॥ [<পেট+উয়া প্র.]।

প্যাডেআলে=[ঢা]—ক্রি. বিণ. অভাবে, অনাহারে ॥ লুণ্ড গুরু না মানে বৌ প্যাডেআলে যায়্?

প্যাডেকামর্ দেওয়া=[কুম]—ক্রি. পায়খানার বেগ হওয়া ॥ প্যাডে কামর্ দিসে। [দেখ প্যাট্কাম্‌রি]।

প্যাডে টিপ্ দেওয়া=[কুম]—ক্রি. পায়খানার বেগ হওয়া ॥ [<পেট+এ বিভক্তি)+টিপ দেওয়া]।

প্যাডেবাইংগা=[ঢা]—অস. ক্রি, খরচ করিয়া ॥ আতের্ টেহা শব্ প্যাডে বাইংগা খাইয়া ফালাইসি। [<পেট+ভাঙ্গিয়া]।

প্যাডেল্=[খু]—বি. জুয়া বিশেষ ॥ শে প্যাডেল্ খেলাইয়া শব্ খুয়াইসে।

প্যাড়া=[ব]—বি. মহিষের বাচ্চা ॥

২=[নো]—বি. দাওয়া ॥ [<পাট (<পট্ট সং)+আ]।

৩=[রং]—বি. যব, গমজাতীয় ফসল ॥ ইগ্‌লা তো গম্ নোয়ায়্, প্যাড়া।

প্যাড়াচ'্যাট্কা=[য]-বি. তোলপাড় ॥ কেন্ এ নিয়ে অত প্যাড়া চ'্যাট্কা কৈচ্'স? [<পাড়া+চটকানো]।

প্যাড়্=[দি]—বি. নবোদ্‌গত অংকুর ॥ আমের্ প্যাড়্। [<পেড় হিং=গাছ; অর্থ প্র.]।

প্যাড়্প্যাড়্=[রা]—বি. অত্যন্ত বাজে কথা ॥ তুমি শকল্ কাজেই প্যাড় প্যাড়্ কর। [অনু.]।

২=[রা]—বিণ. অত্যন্ত ময়লা ॥ [অর্থ প্র.]।

প্যাতম্=[রা]—বি. নাকবোঁচা (ব্যঙ্গার্থে) ॥ [<হুতুম]।

প্যাতা=[খু]—বিণ. ছোট ॥ প্যাতা শিংগির্ যোল্ খেয়ে আর্ পেরে উঠ্‌নি না। [<পাতি+আ প্র.]।

প্যাতানো=[রা]—ক্রি. লক্ষ্য করা ॥ [<প্যাতা (<প্রত্যয় সং)+নো প্র.; নামধাতু]।

প্যাতাপ্যাতা=[ঢা]—বিণ. ক্লান্ত ॥ কাম্ কৈর্‌তে কৈর্‌তে প্যাতাপ্যাতা ঐয়া গেলাম্। [অনু.]।

২=[ম]—ক্রি. বিণ. বিরক্ত ॥ আমারে প্যাতাপ্যাতা কৈর না। [অর্থ প্র.]।

প্যাতোম্=[ম]—বি. স্বামী ॥ তোর্ প্যাতোম্ কোথায় লো? [<প্রিয়তম]।

প্যাত্=[বা]—বি. মিল, স্বঘর ॥ প্যাত্ না পর্‌লে কুটুম্‌বিতা অয় না। [<পাঁতি<পঙক্তি সং]।

২=[ম]—ক্রি. বিণ. দ্রুত ॥ [অনু.]।

প্যাত্কুটি=[রা]—বিণ. ময়লা ॥ কাপড়্ এত প্যাত্‌কুটি ঐছে?

প্যাত্তর্=[দি]—বিণ. অপরিষ্কার ॥ দুর্ বেটা পেতুতর্, হর্ হকান্ থাকি। [<প্রেত+র প্র.]।

প্যাত্তানি=[দি]—বি., বিণ. পেত্নী, নোংরা ॥ এমন্ প্যাত্‌ত্যানি মেয়েত দেখনি। [<প্রেতিনী]।

প্যাত্তুইরা=[ম]—বিণ. পচা ॥ [দেখ প্যাতুতর্]।

প্যাত্তুনি=[ব]—বি. পেত্নী, নোংরা বেশভূষাসম্পন্ন ॥ প্যাতুতুনি মেয়েটা কন্‌টি গেল্‌রে? [দেখ প্যাত্‌তানি]।

প্যাত্না=[ঢা]—বিণ. নোংরা ॥ সেরাডা কি প্যাত্‌না। [দেখ প্যাত্‌-তানি]।

প্যাত্নাপড়া=[রং]—বিণ. জঘন্য ॥ এটা বড় প্যাত্‌নাপড়া মানুশ্। [দেখ প্যাত্‌না+পড়া]।

প্যাত্নামি=[ম]—বি. মেহনত ॥ [দেখ প্যাতুতানি; পেতনা+মি প্র.]।

প্যাত্প্যাতি=[ম]—ক্রি. বিণ. ঘন ঘন ॥ করিম্ মিয়ার্ প্যাত্‌প্যাতি পোলা হৈতাসে। [অনু.]।

২=[সি]—বি. ছোট বাঁশি ॥ প্যাত্‌প্যাতি এক্‌টা পাইসনি? [অর্থ প্র.]।

প্যাত্প্যাত্=[ফ]—ক্রি. বিণ. নিবু নিবু ॥ বাতিডা প্যাত্‌প্যাত্ কৈরা যলে। [অনু.]।

২=[পা]—বিণ. গোগ্রাসে, দ্রুত হাতে ॥ প্যাত্‌প্যাত্ কর্‌য়া বাত্‌গুলা খা। [অর্থ প্র.]।

প্যাদা=[ঢা]—বি. ভিজা পাট গাছে লাগা কাদার মত ময়লা ॥ প্যাদা দুইয়া আয়্।

২=[কুম]—বি. ময়লা ॥ তোমার শৈল্‌লে বর প্যাদা হৈসে।

৩=[দি]—বি. পুলিশ ॥ শর্‌কারি প্যাদা আইছেরে। [দেখ প্যাওদা]।

প্যাদাপোদা=[ঢা]—বি. ছাদনের নীচের অংশ (যাহা পাতিলের তলায় লাগিয়া থাকে) ॥ প্যাদাপোদা আসে হেইতান্ দিয়া দুগ্যা বাত্ খাবি? [<পেঁদ (<পিণ্ড সং)+আ+পোদা (অনু:)]।

প্যাদারি=[খু]—বি. ছোটমাছ বিশেষ ॥

প্যাদালি=[ঢা]—বি. পেয়াদা ॥ এক্ যম্ প্যাদালি পাডাইয়া দেও। [দেখ প্যাওদা+লি প্র.; আর্দালির সাদৃশ্যে]।

প্যাদৈল্=[নি]—বি. পচা পাঁক, দুর্গন্ধময় কাদা ॥ পুখুরির্ প্যাদৈল্। [দেখ প্যাদা+ল প্র.]।

প্যাদ্গারি=[সি]—বি. সেবা ॥

প্যাদ্ড়া=[রা, দি]—বি. নোংরা ময়লা ॥ গাওটাত্ এমন্ প্যাদ্‌ড়া হৈছে। [দেখ প্যাদা+ড়া প্র.]।

প্যাদ্দয়া=[ফ]—বি. ময়লা ॥ গায়্ প্যাদ্‌দয়া বায়্‌সে বালা করিয়া ডল্। [দেখ প্যাদা]।

প্যাদ্প্যাদা=[রং]—বিণ. নরম ময়লায় আচ্ছন্ন ॥ ছাওয়াটার্ গাও প্যাদ্‌প্যাদা। [দেখ প্যাদা]।

প্যাদ্রা=[ধ]—বিণ. ময়লা ॥ [দেখ প্যাদ্‌ড়া]।

প্যাদ্রানো=[রা]—ক্রি. বকবক করা ॥ কাজ্ কর্‌বে না, শুধু প্যাদ্‌রে বেড়াবে।

২=[রা]—ক্রি. বি. অনুযোগ করা ॥

প্যাদ্রাপড়া=[রং]—বিণ. ময়লা-যুক্ত ॥ প্যাদ্‌রাপড়া গাওখান্ ধুয়ে আশিশ্। [দেখ প্যাদ্‌রা+পড়া]।

প্যানা=[কুম]—বি. কচুরিপানা ॥ [<পানা (<পর্ণ সং)]।

২=[বা, ফ]—বি. অপ্রয়োজনীয় কথা, বেশী কথা ॥ মেয়েলোক্‌দের্ মত কত

প্যানা পিট্তে পার। [<ফেনা (<ফেনানো<ফেন সং+আনো)]।

প্যানা পিটা=[ম]—ক্রি. এক কথা পনঃপুনঃ বলা ॥ বারে বারে এক্ কতার্ প্যানা পিট্তাস ক্যারে? [দেখ প্যানা$_2$ +পিটা<পিটানো=পেটানো]।

প্যানা পিটানো=[কুম]—ক্রি. বি. এক কথা লইয়া বার বার গালিগালাজ করা ॥ এত প্যানা পিটানো বালা না। [দেখ প্যানা পিটা]।

প্যানাপ্যানি=[চা]—বি. ঈষৎ রাগারাগি ॥ তোমার্ লাইগাত আমার্ এই প্যানাপ্যানি হুইন্তে অইল। [দেখ প্যানা$_2$+প্যানি]।

প্যানাপোটা=[খু]—ক্রি. বাজে কথা অনর্গল বলা ॥ মানুশ্ বুড়া হৈলে কেবল্ প্যানা পোটে। [দেখ প্যানাপিটা]।

প্যানাপোডা=[বা]—ক্রি. বাজে কথা বলা ॥ মাগো কোনু কাম্ নাই, হ্যারা প্যানা পোডাইতে পারে। [দেখ প্যানা পিটা]।

প্যানামাতরা=[সি]—বিণ. বাচাল, যে বেশী কথা বলে ॥ প্যানামাতুরা লোকের্ বুদ্দি কম্। [দেখ প্যানা$_2$ +মাত (<মত্ত সং)+রা প্র.]।

প্যানের প্যানের=[কুম]—ক্রি. বিণ. নিজে নিজে কথা বলা ॥ [অনু.]।

প্যান=[ফ]—বি. নাকের কফ ॥ দেখ প্যান্‌দা]।

২=[য]—বি. প্যাণ্ট ॥ আমি এহানে পরব তা প্যান্ পাচ্'সিনা। [<প্যাণ্টলুন Pantaloon ইং]।

৩=[ম, বা]—বি, জননেন্দ্রিয়, স্ত্রীলিংগ ॥ [<পেঁদ <পিণ্ড সং); অর্থ প্র.]।

প্যানঝুলা=[ম]—বিণ. ছোট ॥ প্যান্‌ঝুলা সেলে। [দেখ প্যান্$_3$+ ঝুলিয়া; ঝুলিয়া আছে যাহার=বিবস্ত্র]।

প্যানটল=[চট্ট]—বি. পেণ্ট ॥ [দেখ প্যান$_2$]।

প্যানটি=[রং]—বি. লাঠি, ছড়ি ॥ [দেখ পেন্‌টি]।

প্যানটুন=[রা]—বি. পেণ্ট, ছোট ছেলেমেয়েদের ব্যবহারের কাপড় ॥ দেখ প্যান্$_2$]।

প্যানডিনি=[রা]—বি. পেত্নী ॥ [দেখ প্যাতুতানি]।

প্যানডেইশ্যা=[চট্ট]—বিণ. ছোট, ক্ষুদ্র ॥ প্যান্‌ডেইশ্যা পোয়া। [দেখ প্যান্$_3$=ঠাস (<ঠাসা)+ইয়া প্র.]।

প্যানতা=[কুম]—বিণ. ছোট ॥ প্যান্‌তা পোলার্ এত বর কথা!

প্যানদন=[ম, ব, ব, রং]—ক্রি. পরিধান করা ॥ তোমার্ লুংগি প্যান্‌দন্ বালা হয়নি (ব)। [দেখ পিঁদন্]।

প্যানদা=[কুক]—বি. কফ, থুথু ॥ যেহানে শেহানে প্যান্‌দা ফালাবা না ॥ [<ফেন+দা]।

প্যানদানি=[ম]—বি. কান্না ॥ অত প্যান্‌দানি বালা লাগে না।

প্যানদানো=[নো, ম, চ, বা]—ক্রি. কাঁদা ॥ কতা না কৈতেই প্যান্‌দাই দিলি?

২=[রং]—ক্রি. মারপিট করা ॥ চোর্‌টাকে খুব্ করি পান্‌দাইচে। [<পেঁদানো<পেঁদ (<পিণ্ড সং)+ আনো; নামধাতু]।

প্যাননের প্যাননের=[চট্ট]—বি. ন্যাকামি, সোহাগমিশ্রিত বাক্যাদি ॥ [অনু.]।

প্যাননুয়া=[চট্ট]—বিণ. প্যানপ্যানে, নাছোড়বান্দা ॥ তে বক্তর প্যান্‌নুয়া এনাদি! [দেখ প্যানা$_2$; ফেন+ উয়া]।

প্যানপ্যানি=[সি]—বি. মশা ইত্যাদি পোকার শব্দ ॥ মশার্ প্যান্‌প্যানির্ লাই ঘুম্ অয়্ না। [ধ্বন্যা.]।

প্যানপ্যান=[চা,খু,ম]—বি. বিরক্তিকর কথাবার্তা ॥ শারাদিন্ প্যানপ্যান্ হুন্‌তে বালা লাগে না। [অনু.]।

প্যানশা=[কুম]—বি. জলবসন্ত ॥ তার্ প্যান্‌শা হৈসে। [<পানি+ বসা (<বসন্ত)]।

২=[চা]—বিণ. বিস্বাদ, পানিপানি ॥ আম্‌ডা প্যান্‌শা লাগে। [<পানি +সা]।

প্যানসা=[ম]—ক্রি. বিণ. ত্যক্ত বিরক্ত, জ্বালাতন ॥ সাওয়াল্‌ডা বরৈ প্যান্‌সা কর্‌পার্ পারে।

প্যাপলটি=[পা]—বি. এক প্রকার ক্ষুদ্র ফল ॥

প্যাপু=[পা]—বি. এক প্রকার খেলা ॥

প্যাপুলা মচছ=[রং]—বি., বিণ. শামুক, ধীরগতি ॥ প্যাপুলামচ্ছ হৈলে আর্ চলে না।

প্যাপ=[রং]—বি. কাশের মত এক প্রকার ঘাসের ডাঁটা ॥

প্যাবা=[ম, পা]—বিণ. বোকা ॥ হ্যা এক্‌টা প্যাবা। [<হাবা]।

প্যাবুয়া=[বা]—বি. পেঁপে ॥ পাকা প্যাবুয়া। [দেখ পাইপা]।

প্যামা=[সি]—বিণ. অলস ॥ প্যামা গাই। [<হেমা <হিম+আ= সাড়াহীন]।

২=[সি]—বিণ. যাহার কথা বুঝা যায় না ॥ [দেখ প্যাবা]।

প্যামানি=[সি]—ক্রি. বি. আবেগ প্রকাশ করা ॥ [দেখ প্যাংগানো]।

প্যাম=[ম]—বিণ. হাবা, বোকা ॥ [দেখ প্যাবা]।

প্যায়ত=[নো]—বিণ. অপরিষ্কার, অপরিচ্ছন্ন ॥ পোলাডা এক্‌কেবারে প্যায়ত্। [দেখ প্যাতুতানি]।

প্যায়াইয=[ম]—বি. পিয়াজ ॥ এক্‌শের্ প্যায়াইয্ আন্যো। [<পিয়াজ پياز ফা.]।

প্যায়াদার পয়শা=[ম]—বি. কৃপণের অর্থ, ছোটলোকের পয়সা ॥ [দেখ প্যাওদা + র (সম্বন্ধে) পয়সা; বাগ্‌ধারা]।

প্যায়ারা=[রং]—বিণ. প্রিয় ॥ বাবুর্ আমার্ প্যায়ারা ছেলে। [<পিয়ারা হিং]।

প্যায়ালা গোডা=[চট্ট]—বি. আমড়া ॥ ভাদর আশিনে প্যায়ালা গোডা নামে।

প্যায়্‌লি=[ফ]—বি. তুলনা ॥

প্যায়াল্‌—[পা, রা]—বি. খড় ॥ [<পোয়াল<পলাল সং]।

২=[রা]—বি. ছেলে ॥ [<পো+আল প্র.]।

৩=[বা]—বি. মাপ, পরিমাপ ॥ মাল্‌টা প্যায়াল্‌ দাও। [<পরতাল হিং]।

প্যায়াস্‌=[চট্ট]—বি. পানির পিপাসা ॥ [দেখ প্যাআশ্‌]।

প্যায়্‌দা=[পা]—বি. চৌকিদার ॥ [দেখ প্যাওদা]।

প্যায়্‌লে=[য]—অস. ক্রি. স্থানান্তরিত হইয়া ॥ গেরাম্‌ থাইকা প্যায়্‌লে গেলো। [<পলাইয়া]।

প্যারত্‌=[সি, চট্ট]—বিণ. পেত্নী, নোংরা ॥ [<প্রেত সং]।

২=[চট্ট]—বি. প্রেত ॥ কিল্‌রে ভুত্‌ প্যারতেও ডরায়্‌। [পূর্বে দেখ]।

প্যারা=[পা, রা]—বি. যব ॥ প্যারা-গুলো গরুতে নশ্‌ট করে দিল্‌।

২=[রা]—বি. গৃহ ॥ প্যারা ছেড়ে বের্‌ হ বাদর্‌।

৩=[রা]—বি. থলিয়া ॥ আমাকে এক্‌ প্যারা ধান্‌ দে।

৪=[কুম]—বি. পিঁপড়া ॥ [<পিঁপড়া (<পিপীলিকা সং]।

৫=[পা]—ক্রি. তিল মাড়াইয়া পানিতে জাল করা ॥

৬=[সি]—বিণ. বাচাল ॥ এই মানুশ্‌টা এমন্‌ প্যারা কেরে। [দেখ প্যানা২]।

প্যারাই=[রা]—বি. এঁড়ে বাছুর ॥ মাঠে কয়েক্‌টা প্যারাই চর্‌ছিল্‌।

প্যারাইল্‌লা=[চট্ট]—বি. সমুদ্রতীরের অধিবাসী ॥ [<পাড়+ আল+ইয়া প্র.]।

প্যারাগ্‌=[ফ, ম; পা]—বি. বড় লোহার পেরেক ॥ [<পেরেক<প্রেগো prego পোর্তু]।

প্যারানি=[রা]—বি. ইক্ষুরস নিংড়াই-বার মজুরি ॥ প্যারানির্‌ টাকা তাগ উজাড়্‌ করে নিমো। [<পার+আনি ; অর্থ প্র.]।

২=[রা]—বি. পারিশ্রমিক ॥ [অর্থ প্র.]।

প্যারানো=[সি]—ক্রি. মাড়াই করা ॥ [<পাড় (<পাত সং)+আনো প্র.]।

প্যারান্‌=[রং]—বি. পিরহান, জামা ॥ [<পিরহান<পয়রাহন پیراهن ফা.]।

প্যারাপিরি=[কুম]—বি. বক্‌বকানি ॥ শারাদিন্‌ কত প্যারাপিরি শয্‌য করা যায়্‌? [<পীড়াপীড়ি]।

প্যারাল্‌=[রা]—বি. যেখানে গরু বাঁধা হয়, দুচালি ঘর ॥

প্যারাশনি—[ম]—বি. দুঃখ ॥ আমার্‌ লাইগা বহুত্‌ প্যারাশনি পাইলা। [দেখ প্যারাশাইন্‌+ই প্র.]।

প্যারাশাইন্‌=[ম]—বিণ. হয়রান ॥ [<পেরেশান پریشان ফা.]।

পলারিয়ান্‌=[ফ]—ক্রি. বি.পানিতে মাটির মধ্যে জাল পোতা ॥ যাল্‌ডা তরাতরি প্যারিয়ান্‌ গেল্‌ না মাস্‌টা গেল্‌ গিয়া।

প্যারেতামি=[সি]-বি. অপরিচ্ছন্নতা ॥ [দেখ প্যারত্‌+আমি প্র.]।

প্যারেত্‌=[ম]—বিণ. নোংরা ॥ সাওয়াল্‌ডা বর প্যারেত্‌। [দেখ প্যারত্‌]।

প্যারেত্‌ কেত্‌তোন্‌=[য]—বি. গোলমাল ॥ [দেখ প্যারেত্‌+কীর্তন]।

প্যারেশ্‌টরি=[ম]—বি. অযথা বাহা-দুরী ॥ প্যারেশ্‌টরি কৈর না। [< barrister ইং+ই ; অর্থ প্র.]।

প্যারেশ্‌তা=[চট্ট]—বি. স্বর্গীয় দূত ॥ [<ফরেশ্‌তা فرشته ফা.]।

প্যারেশ্‌মান্‌=[ঢা]—বি. আদর অপ্যায়ন ॥ এত প্যারেশ্‌মান্‌ কৈর্‌-লাম্‌ বেরাইল্‌ না।

প্যারোত্‌=[রা]—বি. প্রেত ॥ ভুত প্যারোত্‌ কিছু নাই। [দেখ প্যারত্‌]।

প্যারোন্‌=[রং, ম]—বি. জামা ॥ প্যারোনের্‌ দাম্‌ কত? [দেখ প্যারান্‌]।

প্যার্‌=[বা]—বি.—কলাগাছের চারা ॥

২=[রা]—বি. খড়ের চালের লম্বা বাঁশ ॥ [<পাইর (<পালি)]।

৩=[রা, দি]—বি. পাড়, শাড়ি কাপড়ের বর্ডার ॥ শাড়ির্‌ প্যার্‌টি লাল্‌ টক্‌টক্‌ কর্‌ছে। [<পাড় (<পাটক সং)]।

৪=[ম]—বি. ছিদ্র ॥ বেরার্‌ প্যার্‌। [<ফোড় (<স্ফুট সং]।

৫=[সি]—বি. শিকড়ের মত গুচ্ছ ॥ মানুশ্‌টা এত খাটিয়াও টেহা পৈশার্‌ প্যার্‌ বান্‌তে পারে নাই।

প্যার্‌কা=[পা]—বিণ. রোগা ॥ [< পলকা (<পলক+আ)]।

প্যার্‌কাশ্‌=[ফ]-বি. জাহির, প্রকাশ ॥ আমার্‌ মনের্‌ কতা কেউর্‌ কাসে প্যার্‌কাশ্‌ করুম্‌ না। [<প্রকাশ]।

প্যার্‌কুটি=[সি]—বিণ. ঝামেলাপূর্ণ, দীর্ঘসূত্রী ॥ প্যার্‌কুটি কাম্‌।

প্যার্‌কোটানো=[রা]—ক্রি. অনিচ্ছা প্রকাশ করা, অসম্মতি জানানো ॥

প্যার্‌গেন্‌তা=[কুম]—বি. আতুড় ঘরের শিশু ॥

প্যার্‌তম্‌=[রা]—ক্রি. বিণ. প্রথম ॥ প্যার্‌তম্‌ তুমি খাও, তার্‌পর্‌ আমি খামু। [<প্রথম]।

প্যার্‌তা=[সি, কুম]—বি., বিণ. নোংরা ॥ তুইত একুটা মস্‌ত প্যার্‌তা। [দেখ প্যারত্‌+আ]।

প্যার্‌তামি=[সি]—বি. নোংরামী ॥ প্যার্‌তামি শয্‌য অয়্‌ না। [দেখ প্যারত্‌ +আমি প্র.]।

প্যার্‌তুনি=[ঢা]—বি. পেত্নী, বিকট চেহারা ॥ এই প্যার্‌তুনিরে লৈয়া গর্‌ করা মুশ্‌কিল্‌। [দেখ প্যাত্‌তানি]।

প্যার্‌তুশ্‌ল্‌=[কুম]—বি. এক প্রকার গাছ ॥ প্যার্‌তুশুলের্‌ কাড্‌ দিয়া আল্‌মারি অয়্‌।

প্যার্‌তেক্ক=[চট্ট]—অব্য. প্রত্যেক ॥ গরিব্‌ দেইলে প্যার্‌তেক্ক সেপ্‌ হেইলে। [<প্রত্যেক]।

প্যার্‌তেক্‌=[ঢা]—বিণ. প্রত্যেক॥ প্যার্‌তেক্‌ দিন্‌ কেরে যাস্‌? [দেখ প্যার্‌তেঅ]।

প্যার্‌থম্‌=[পা]—ক্রি. বিণ. প্রথম॥ প্যার্‌থমে আমি গিসিলাম্‌। [প্রথম]।

প্যার্‌থেম্‌=[কুম]—বিণ. প্রথম॥ প্যার্‌থেম সেলেটাই বালা। [<প্রথম]।

প্যার্‌প্যারা=[রা]—বি. ময়লাযুক্ত॥ প্যার্‌প্যারা হাত্‌গুলা দিয়ে ভাত্‌ খাশ্‌নে জেন্‌। [অনু.]।

২=[সি]—বি. বাচাল॥ তুমি অত প্যার্‌প্যারা কেরে? [<পের্‌পের্‌(অনু.)+আ প্র.]।

প্যার্‌প্যারাইয়া=[কুম, ঢা]—ক্রি. বিণ. সশব্দে॥ নায়ের্‌ মাতিডা হেই নায়ের্‌ পিসুদিয়া এক্‌কেরে প্যার্‌ প্যারাইয়া ডুক্‌সে। [দেখ প্যার্‌প্যারানো; অর্থ প্র.]।

প্যার্‌প্যারানো=[ম, চট্ট, রা]—ক্রি. ভ্যানভ্যান করা, বাজে কথা বলা॥ ইয়ত্‌ ন প্যারপ্যারাইস্‌। [<পের্‌ পের্‌ (অনু.)+আনো প্র.]।

প্যার্‌প্যারি=[সি]—বি. অহেতুক কথা॥ বুরা মানুশ্‌টা প্যারপ্যারি করে। [দেখ প্যার্‌প্যারানো]।

প্যার্‌প্যারিয়া=[বা]—বি. বকবক কারী, অতিভাষী॥ তোমার্‌ মতন্‌ পোহান্‌ প্যার্‌প্যারিয়া খুব্‌ কম্‌ আসে। [দেখ প্যার্‌প্যারা]।

প্যার্‌প্যার্‌=[রা]—ক্রি. বিণ. চোট পাট॥ বলা নেই কওয়া নেই প্যার্‌ প্যার্‌ করে জে ঢুক্‌লে। [অনু.]।

২=[কুম]—ক্রি. বিণ. বিরক্ত॥ তুমি প্যার্‌প্যার্‌ কৈর না। [অর্থ প্র.]।

প্যার্‌বেত্‌ত=[খু]—ক্রি. বিণ. নিযুক্ত, বহাল॥ কবে কাযে প্যার্‌বেত্‌ত হৈস? [<প্রবৃত্ত]।

প্যালন্‌ডাল্‌=[চট্ট]-বি. ডাল বিশেষ॥

প্যালা=[ম]—বি. আয়েব, দোষ॥ বদ্‌মাইশি কৈর্‌লে এর্‌ প্যালা পরব্‌ আমার্‌ উপর্‌। [<পালা]।

২=[সি]—বি. পেয়ালা॥ এক্‌ প্যালা চ'া দেও। [<পিয়ালহ پیالہ ফা.]।

৩=[রা]—বি. মাটির তৈরী পাতিল॥ প্যালার্‌ দাম্‌ চার্‌ আনা। [<পাইলা <পাতিল+আ]।

৪=[সি]—বি. খুঁটি, ঠিকা, ঠেস, অবলম্বন॥ [<পেলা]।

প্যালাকাটি=[দি]—বি. দাঁতখিলাল, আহারের পর দাঁতের ফাঁকের মাংস বা ভাত বাহির করা হয় যাহা দ্বারা এমন কাঠি॥ [দেখ প্যালা+কাঠি]।

প্যালা দেওয়া=[য, খু, ব]—ক্রি. আড়ভাবে ঠেকনা দেওয়া॥ বাঁশের্‌ প্যালা দাও। [দেখ প্যালা+দেওয়া]।

প্যালান্‌=[রা]—বি. ছোট বনফল॥

প্যালান্‌ডি=[চট্ট]—বিণ. যথেষ্ট, প্রচুর॥ [<ফেলান্‌ তি]।

প্যালাপ্যালি=[রা]—বি. ঠেলাঠেলি॥

প্যালে=[খু]—ক্রি. বিণ. প্রকারে॥ এ কায্‌টি কোন্‌ প্যালে কর্‌তে হবে? [দেখ প্যালা+এ বিভক্তি]।

প্যাল্‌=[ম, সি, রা]—বি. অণ্ডকোষ, পুংলিংগ॥ [<পেল (<পেল্‌ সং); অশ্লীল]।

২=[য, খু, বা]—বি. পরিমাণ বিশেষ॥

প্যাল্‌ করা=[ঢা]—ক্রি. পরীক্ষা করা॥ তোমার্‌ পাল্‌লাডা প্যাল্‌ কৈরা দেহম্‌।

প্যাল্‌কা=[রং]—বি. খিচুড়ী॥ প্যাল্‌কা আর্‌ খাতি পারি না ভাই।

২=[রং, দি]—বি. কচুর একপ্রকার মুখরোচক ঘণ্ট॥

৩=[দি, রা, রং]—বি. পাটশাকের এক প্রকার ঝোল তরকারী॥

প্যাল্‌কানি=[রং]—বি. ক্ষারযুক্ত তরকারী বিশেষ॥ গরিব্‌ মানুশে প্যাল্‌কানি খায়্‌।

প্যাল্‌টে=[রা]—ক্রি. বিণ. জোর পূর্বক॥ ঘরের্‌ মদ্‌ধে প্যাল্‌টে ঢুকুল। [<পাল্‌টাইয়া (√পাল্‌টান]।

২=[দি]—অস. ক্রি. পরিবর্তন করিয়া॥ ধানের্‌ বস্‌তাগুলা প্যাল্‌টে নেও। [পূর্বে দেখ]।

প্যাল্‌ডাংরি=[বা]—বি. যাহার সহিত নৌকার পাল বাঁধিয়া দেওয়া হয় এমন লগি॥ [<পাল+ডাণ্ড (ডাণ্ডা) রি প্র.]।

প্যাল্‌প্যালা=[সি]—বিণ. খুব পাতলা॥ প্যাল্‌প্যালা কাপর্‌ পিন্‌লে আব্‌রু বাচে' না। [দেখ প্যাল্‌প্যাল্‌ +আ]।

প্যাল্‌প্যাল্‌=[ব]—ক্রি. বিণ. সহজে, নির্বিবাদে॥ [অনু.]।

প্যাল্‌লা=[রা]—বি. পাতিল, মাটির তৈরী ভাত তরকারী রাখিবার পাত্র॥ [দেখ প্যালা৩]।

২=[চট্ট]—বি. পটল॥ [<পরলা ম. বাং (শ্রীকৃষ্ণকীর্তন)]।

প্যাল্‌লাই=[য]—বিণ. অতিরিক্ত॥

প্যাল্‌লায়্‌=[খু]—বিণ. সাংঘাতিক॥ প্যাল্‌লায়্‌ কান্‌ড। [<প্রলয়]।

প্যাল্‌হি=[ম]—বি. শেওলা॥ পাগারের্‌ প্যাল্‌হি।

প্যাশা=[দি]—বি. পয়সা॥ একটি প্যাশা নাই। [<পয়সা]।

প্যাশাকার্‌=[ম, ফ]—বি. বেশ্যা॥ মাগির্‌ লৈযযা শরম্‌ নাই, এক্‌কেরে প্যাশাকার্‌। [<পেশহ্‌গর پیشہ گر ফা.]।

প্যাশাগার্‌=[বা]—বি. বেশ্যা রমণী॥ [দেখ প্যাশাকার্‌]।

প্যাশাতার্‌নি=[ঢা]—বি. গালি বিশেষ (বেশ্যা অর্থে)॥ [দেখ প্যাশাকার্‌+নি স্ত্রী প্র.]।

প্যাশানি=[সি]—বি. কপাল॥ [<পেশানী پیشانی ফা.]।

প্যাশাব্‌=[ঢা, কুম, ম, চট্ট]—বি. [<পেশাব پیشاب ফা.]।

প্যাশেং=[কুম]—বি. সাহেবী চালচলন॥ কলিকাইল্‌লা হোলাহাইনের্‌ প্যাশেং বেশি। [<ফ্যাশন fashion ইং]।

প্যাশো=[খু]—বিণ. অধীনস্থ, করতলগত॥ আমি কি তোমার্‌ প্যাশো যে তোমার্‌ কতা মত চ'ল্‌বো?

প্যাশ্‌টা=[রং]—বি. খড়ের তৈরী হাড়িপাতিল রাখিবার গোলাকার বিড়া ।। প্যাশ্টার্ উপর্ হারিটা থোও ।
২=[রং]=বি. লাঙ্গলের সহিত ইশ্ যুক্ত করিবার খিল বা কাঠি ।।
প্যাশ্‌নামাযি=[খু]—বি. ইমামের নমাজের বিছানা ।। প্যাশ্ নামাযিখানা হুযুরকে বিসাইয়া দ্যাও । [<পেশ নমায پیش نماز ফা.+ই প্র.] ।
প্যাশ্‌পান্‌=[কুম]—বি. ধ্বংস ।। খোদা তোরে প্যাশ্পান্ করুক্ । [পশীমান্ پشیمان ফা.=অপমানিত, লজ্জিত] ।
প্যাসাব্‌=[খু]—বি. প্রস্রাব ।। [দেখ প্যাশাব্] ।
প্যাসাল্‌=[ম]—বি. আবোল তাবোল ।। পাগোলের্ মত কি প্যাসল্ পার । [দেখ প্যাচাল্] ।
প্যাস্‌ন্‌=[ম]—বিণ. না করা সত্ত্বেও যে আবদার করে ।। [দেখ প্যাসাল্] ।
প্যাসুয়া=[সি]—বিণ. কৌশলী ।। প্যাসুয়া লোক্ । [<প্যাচ+উয়া প্র.] ।
প্যাস্‌=[সি]—বি. চক্কর, ফাঁদ ।। [<প্যাঁচ] ।
প্যাস্‌কুন্‌দা—[সি]—বি. মালকোচা ।। [<পাছ(<পশ্চাৎ)+গুঁজা] ।
প্যাস্‌তাআলু=[কুম]—বি. মাটির নীচের আলু বিশেষ ।। প্যাস্তা আলুর্ সালন্ বর শাদ্ ।
প্যাস্‌প্যাস্‌=[সি]—বি. কৌশল ।। [দেখ প্যাস্] ।
প্যাস্‌রা=[সি]—বি. চোখের ময়লা ।। চোঁখের্ প্যাস্রা শাফ্ কর । [<পিচুট(<পিচ্চট সং)+আ] ।
প্যাস্‌লামি=[চা]—ক্রি. বিণ. টালবাহানা ।। প্যাস্লামি কৈরা ট্যাহা দেয় না । [দেখ প্যাস্+লা+মি প্র.] ।
প্যাস্‌সাব্‌=[চা, ফ]—বি. প্রস্রাব ।। রুগির্ প্যাস্সাব্ বন্দ (চা) । [দেখ প্যাশাব্] ।
প্যাহম্‌ দরা=[কুম]—বি. সজ্জা করা, কাপড়চোপড় পরিয়া সাজিয়া থাকা ।। আপ্নে যে প্যাহম্ দরি রৈসেন্ কাম্টাম্ কৈরব কেডা ? [<পেখম ধরা ; বাগ্ধারা] ।
প্যাহর্‌=[চা]—বি. কাদা ।। পুশ্কুনিডাত্ প্যাহর্ বরা । [<পাঁক+র] ।
প্যাহানো=[কুম]—ক্রি. কর্দমাক্ত করা ।। গরুডা প্যাহাইল্ কে ? [<পাঁক+আনো প্র. ; নামধাতু] ।
প্যাহান্‌=[রা]—বি. ঝাঁপনি ।।
২=[খু]—ক্রি. জমি কর্দমাক্ত করা ।। [দেখ প্যাহানো] ।
প্যাহাম্‌বরি=[চা]—বি. পয়গম্বরী ।। [<পয়গম্বরী پیغمبری ফা.] ।
২=[চা]—বি. ছোট ছেলেদের লিংগের অগ্রভাগে এক প্রকার ঘা হইয়া খৎনার মত হওয়া ।। কলুর্ পোলাডার্ প্যাহাম্বরি ঐসে । [অর্থ প্র.] ।
প্যাহাম্‌মরি করা=[কুম]—ক্রি. খৎনা করা ।। কাইল্ আমার্ পোলার্ প্যাহাম্মরি কৈর্তে হৈব । [দেখ প্যাহাম্বরি+করা] ।

পৈ

পৈ=[খু]—বি. পায়ে পায়ে সৃষ্ট পথের রেখা ।। পৈ পড়ি গেসে । [<পাদ সং] ।
২=[খু]—বি. যে খুঁটির উপর ঢেঁকি থাকে ।। [<পাদ সং] ।
৩=[রং]—বি. ঘরের খুঁটি ।। [দেখ পৈ$_2$] ।
৪=[সি]—বি. ধাঁধাঁ, হেঁয়ালি ।। এক্টা পৈ কও হুনি ।
৫=[য]—বি. মাছ ধরিবার ছোট পথ বা নালা ।। পৈ সেড়ে দাও মাস্ আশুক্ । [< পয়নালা (<পয়ঃ-প্রণালী) ; সং. রূ.] ।
৬=[রা]—বি. নালা, অল্প পরিসর খাল ।। [দেখ পৈ^{5}] ।
পৈআন্‌=[রা, দি]—বি. পায়ের দিক্ ।। [<পৈথান<পাদস্থান] ।
পৈঁ=[চট]—বি. বৈঠা, ছোটদাঁড় ।। নাওয়ের্ পৈঁ টিক্ করি ধর্ ।
পৈঁত্যা=[চট]—বি. সেহেরির খানা ।। পৈলা রোযায় আঁআরা পৈত্যা বাত্ ন খাইয়ে । [<প্রভাত+ইয়া প্র.] ।
পৈকর্‌=[ব]—বি. পকুর ।। [<পুকুর (<পুষ্করিণী সং)] ।
পৈকা=[ফ]—বি. বেতের পাত্র, ধান মাপিবার ধামা ।। পৈকাডা আন্ ।
পৈক্‌=[রং]—বি. পক্ষী ।। [<পক্ষী] ।
পৈক্‌ক=[চট]—বি. পক্ষ ।। কার্ পৈক্ক কতা কৈবান্ । [<পক্ষ] ।
পৈক্‌কা=[রা]—বি. পাখী শিকারী ।। [দেখ পৈক্+আ প্র.] ।
পৈক্‌কুন্‌=[চট]—বি. পাখীগুলি ।। পৈক্কুন্ উঅর্ দি উড়ি যায়ের্ । [<পক্ষীগুলি] ।
পৈক্‌ পাক্‌লা—[কুম]—বি. পাখী= পৈক্ পাক্লার্ ডাকে গুম্ অয় না । [দেখ পৈক্+পাখ (<পাখী)+লা] ।
পৈখর্‌=[রা]—বি. পুকুর ।। [দেখ পৈকর্] ।
পৈখ্‌=[কুম]—বি. পাখী ।। [দেখ পৈক্] ।
পৈঘর্‌=[রং]—বি. পশুশালা ।। [<পশু+ঘর] ।
পৈচ'্যা=[ম, নো]—বি. পৈঠা, যাহার উপর হাড়ি রাখা হয় ।। [<পৈটা<পৈঠা] ।
পৈচ্‌চয়্‌=[রং]—বি. <পরিচয় ।।

পৈচ্‌'চ'া=[ম, সি]—ক্রি. বিণ. খেলায় বাদ ॥ করিম্ পৈচ্'চ'া গেসে। [< পচিয়া (যাওয়া)]।

পৈছ্‌ছটি=[রা]—বি. প্রাচীর ॥

২=[রা]—বি. খড়ের তৈয়ারী প্রাচীরের মাথায় বক্রাকারে দেওয়া খড়ের ঢাকনি ॥

পৈছ্‌ছত্‌=[রা]—বি. ত্যাগ ॥ থাক্ তুই পৈছ্ছত্ দে। [<পশ্চাৎ ; অর্থ প্র.]।

পৈছ্‌ছদ্‌ দেওয়া=[রা]—ক্রি. পশ্চাদ-পসরণ করা ॥ [দেখ পৈছ্ছত্+ দেওয়া]।

পৈটা=[সি]—বি. দফা, বার ॥ এ্যাক্ পৈটা খেলিয়া যাও। [<পাটি]।

২=[সি, পা]—বি. সিঁড়ি, ঘাটের সিড়ি ॥ [<পৈঠা <প্রতিষ্ঠা সং]।

৩=[বা]—বি. বারান্দা ॥ [অর্থ প্র.]।

৪=[সি]—বি. চিচিঙ্গা ॥

পৈটি=[কু, পা]—সিঁড়ি, সোপান, থাক ॥ [দেখ পৈটা$_{2}$]।

পৈটে=[কু]—বি. সিঁড়ি ॥ [দেখ পৈটা$_{2}$]।

পৈট্‌=[খু, রা, পা]—বি. মিল-মহববত, পড়তা ॥ [দেখ পৈটা]।

২=[খু]—বি. সরু পথ ॥ ধান্ খেতে পৈট্ পড়েচে'। [<পটি< পঙ্‌ক্তি সং]।

৩=[রা]—বি. যাতায়াত ॥ তার্ বাড়িত্তে হামার্ পৈট্ নাই।

৪=[ম]—ক্রি. বিণ. ঘাস ও খড় পচিয়া মিশিয়া যাওয়া ॥ বিশুটিতে খ্যারের্ পালায় পৈট্ প্রসে।

পৈট্‌ করা=[সি]—ক্রি. বিন্যস্ত করা, সাজানো ॥ কাপর্গুলি পৈট্ কর্। [দেখ পৈটা+করা]।

পৈট্‌টা=[ঢা]—বি. মই ॥ পৈট্টাডা আনগো বুঝি। [<পাটি+আ প্র.]।

পৈট্‌টাপৈট্‌রি=[ঢা]—বি. বাছা বাছি ॥ বেশি পেট্টাপৈট্রি করনের্ কাম্ নাই, মাইয়া দিয়া হালাও। [দেখ পৈটা+পৈট+রি প্র.]।

পৈট্‌টালি=[চট্ট]—ক্রি বি. যাচাই করা ॥ তে টেআ পাইয়ে ন ন পাইয়ে পৈট্টালি চ'াইঅত্ গেল্। [< পরতাল হিং+ই]।

পৈঠা=[কুম, বা]—বি. হাঁড়ী কলসি ইত্যাদি রাখার জন্য মাটির গোলাকার বেদী ॥ [দেখ পৈটা$_{2}$]।

২=[সি]—বি. পুকুরের ঘাটের সিঁড়ি ॥ পৈঠাত্ বৈস্ না, কত মাইয়া সেল্যা আইয়ে পানির্ লাগি। [দেখ পৈটা$_{2}$]।

৩=[ব, রা]—বি. বারান্দা ॥ দাওটা পেইঠাত্ আছিল্ (রা)। [দেখ পৈঠা$_{1}$]।

৪ =[সি]—বি. চিচিঙ্গা, এক জাতীয় তরকারী ॥

পৈডা=[বা]—বি. জাল সোজা করিবার জন্য নিচের দিকে ঝুলান পাতলা ইট ॥ [দেখ পৈটা]।

২=[ম, চট্ট]—বি. সিঁড়ি ॥ তুমি পৈডার্ উপরে্ বৈস ক্যান্ (ম)। [দেখ পৈটা$_{2}$]।

৩=[কুন]—বি. ঘরের ধার ॥ ও মাইয়্যা পৈডার্ মৈদ্দে বৈস্ না বাংগি যাইব গা। [দেখ পৈটা$_{3}$]।

৪ =[পা]—বি, মরিচ ॥

৫ =[কু]—বি. উঁচুস্থান, ঢিবি ॥ পৈডাত্ কলশ্ রাহ।

পৈডাল্‌=[কুম]—বি. কলসি রাখার উচুঁ পিঁড়ি বা ঢিবি ॥ [দেখ পৈটা$_{2}$ +ল]।

পৈড্‌ডা=[ফ]—বি. লোহার পেরেক ॥

পৈতর্‌=[কুম, চট্ট]—বি চাইয়ের ভিতরের ফাঁদ বা দরজা ॥ পৈতরের্ বিত্‌রে মাস্ ডুক্‌লে বাইর্ অয় না।

পৈতাদান=[ফ]—বি. যে ধান ঝরিয়া পড়িয়া যায় ॥ [<পৈতা <পতিত সং+ধান]।

পৈতান্‌=[রা]—ক্রি. প্রত্যয় করা, বিশ্বাস করা ॥ তাঁরা হামার্ কতা পৈতান্ না। [<পৈত্ (<প্রত্যয় সং)+আন প্র.]।

২=[সি, ম]—বি. শিথানের বিপরীত দিক ॥ [দেখ পৈআন্]।

পৈতে পৈতে=[সি]—ক্রি. বিণ. স্তরে স্তরে ॥ ই কতাটা তোমারে পৈতে পৈতে আমি মন করাইয়া দিসি। [<পরত (<পত্র সং)+এ (বিভক্তি)]।

পৈত্যা=[রা]—বি. সলিতা ॥ বাতিতে পৈত্যা দ্যাও। [<পলিতহ্ فلیته ফা.]।

২=[পা]—বি. মরিচ ॥ এত পৈত্যা দিলে তরকারি খাওন যায়?

৩=[চট্ট]—বি. প্রত্যয়, বিশ্বাস ॥ তোঁয়ার্ কতাত্ আঁর্ পৈত্যা ন ঐয়ে। [<প্রত্যয়]।

পৈত্‌=[কুম]—বিণ. শেষ ॥ [< ফওত فوت আং]।

পৈত্‌তে=[চট্ট]—অস. ক্রি. পড়িতে ॥ তেঁ আঁর্ হোঁগে পৈত্তে পলাই গেল্ গৈ।

পৈত্‌না=[রা, ঢা]—বি. মাটির উঁচু থাক ॥ বাতের্ পাতিলটা পৈত্‌নার্ উপর্ রাখ্ (ঢা)। [দেখ পৈটা$_{1}$ +না প্র.]।

পৈত্‌পৈত্‌=[সি]—বিণ. তন্ন তন্ন ॥ [< পাতি পাতি (< পঙ্‌ক্তি সং)]।

পৈত্‌ ফুলা=[ম]—ক্রি. বি. পাট বা ধান সুন্দরভাবে গজানো ॥ [<পাতি <পংক্তি সং+ফুলা]।

পৈথ্যান্‌=[ম, সি]—বি. পথের দিক্ ॥ [<পথ+আন]।

২=[রা, ঢা]—বি. বিছানার পায়ের দিক্ ॥ পসির্ দিকে পৈথ্যান্ করন্ গুনা (ঢা)। [দেখ পৈআন্]।

পৈদালন্‌=[চট্ট]—ক্রি. বি. পদদলিত করা ॥ আবাদের্ যদি পৈদালন্ ভালা ন আসে। [<পদ দলন]।

পৈনা=[ম]—বি. জমিদারগণের বাৎসরিক উৎসব (যাহাতে [illegible] [illegible] [illegible] দিতে হয়) ॥ [illegible] পৈনায় বেশি মানু অয় নাই। [< পুণ্যাহ]।

পৈন্=[রা]—বি. মৃৎপাত্র পোড়াইবার স্থান ॥ [<পনী ম. বাং (শ্রীকৃষ্ণকীর্তন)]।
২=[নো]—বি. ভাঁপা পিঠার হাঁড়ি ॥
৩=[কুম]—বি. জালের লোহা যুক্ত রজ্জু ॥

পৈন্ মারা=[খু]—ক্রি. বিনষ্ট করা ॥ মোর্ শনের্ পৈন্ মার্লা তুমি। [< পোঁদ+মারা; বাগ্ ধারা]।

পৈপৈ=[খু]—ক্রি. বিণ. পুনঃপুনঃ ॥ শর্কারি আদেশ্ না শুনি করিম্ পৈপৈ যেল্ খাট্সে। [<পায় পায়<পদে পদে]।

পৈব্যান্=[বা]—বি. ওজন দিবার বস্তু ॥

পৈমা=[কুম]—বি. ঠগ, প্রবঞ্চক ॥ [দেখ পৈমাল্]।

পৈমাল্=[চা]—বি. ক্ষতি, লোকসান ॥ শব্ কামেই পৈমাল্ শুরু ঐসে। [< পয়মাল پایمال ফা.]।

পৈয়া=[চা]—বি. গাছের মূল, শিকড় ॥ [<পা<পদ+আ প্র.]।
২=[রং]—বি. আমের আঁটি ॥ পৈয়াডা ডৈয়া দ্যাও, গাছ্ হবেনি। [অর্থ প্র.]।

পৈরত্=[চা]—বি. বদলি কামলা, মজুর ॥ তগ খ্যাতে আইযুগা কয়্যন্ পৈরত্ লৈসত্?

পৈরন্=[চট]—বি. গায়ের ও মাথার কাপড় ॥ বিবির্ পৈরন্ বাতাশে ফেলাই দিয়ে। [দেখ পৈরন্ ৩]।
২=[বা]—বি. বাটখারা ॥
৩=[রা, ম]—বি. পরিধান ॥ পৈরনে নিলাম্বুরি শারি। [<পরিধান]।

পৈরম্=[সি]—বি. পূর্ণিমা ॥ পৈরমের্ রাইতে তাইন্ ঐসেন্। [<পুরনিম <পূর্ণিমা]

পৈরশ্=[ম]—বি. মিল ॥ তর্ লগে আমার্ পৈরশ্ ঐত না।

পৈরা=[রং]—বি. সাঁতার ॥ পৈরা জানছ্ না, নদির্ কূলে জাইছ্ না ॥ [<পৈর্না হিং]।

পৈরাত্=[ফ]-বি. জনমজুর, কামলা ॥ পৈরাতের্ আয়ে প্যাট্ চ'লে না।

পৈরাগুর্=[য]—বি. ঝোলাগুড় ॥ পৈরাগুর্ দি তামুক্ মাখাতি হয়।

পৈরানি=[নো]—বি. বাটখারা ॥
২=[ম]—বি. পরী ॥ মাইয়াডা য্যান্ পৈরানির্ নাহাল্ শোন্দর্। [<পরী রাণী]।

পৈরান্=[ফ, কুম]—বি. সূতা ॥ চ'র্কার্ পৈরান্ মোড়া।
২=[ম, পা, ফ]—বি. বাটখারা, ওজন করিবার পাথর ॥

পৈরি=[খু]—বি. জিন, পরী ॥ তারে পৈরিতে পাইসে। [<পরী پری ফা.]।

পৈরাশ্=[ম]—বি. পরিহাস ॥ যামাই বর পৈরাশ্ কর্তে যানে। [<পরিহাস]।

পৈরেশ্=[খু]—বি. সম্মান, কদর ॥

পৈর্=[কুম]—বি. পালক ॥ পৈক্ ইগার্ পৈর্গুন্ সিরি হালাই দিও। [< পর پر ফা.]।
২=[নো]—বি. পুকুর ॥ [দেখ পৈকর্]।

পৈর্গ্যা=[চট]—বি. ওস্তাদ, পীর, ফকির ॥ হিতে পৈর্গ্যা ঐগেসে গৈ। [<পীর پیر ফা.+গা]।

পৈর্চা'=[বা]—বি. বিড়া, হাড়ি পাতিল রাখার আধার ॥ পৈর্চা'য় পাইলা থোও।

পৈর্দাদা=[সি]—বি. দাদার দাদা ॥ আমার্ পৈর্দাদায় বাইচা' আসৈন্। [<পর+দাদা]।

পৈর্য়্যা=[চট]—বি. প্রহর ॥ তিন্ পৈর্য়্যা বালা, আর্তক্ বাত্ ন খাইয়ে। [<পর(<প্রহর সং)+ইয়া প্র.]।

পৈর্স্যা=[কুম, বা, কু]—বি. হাঁড়ি-পাতিল রাখার চিবি বা বিড়া ॥

পৈর্হ্যা=[ম]—বি. কাপড়ের বড় থলিয়া ॥

পৈলা=[চট]—বিণ. পয়লা, প্রথম ॥ হিতার্ পৈলা পোয়া মরি গেইয়ে। [< পহেলা<পহমিল্ল প্রাং<প্রথম সং+ইল্ল প্র.]।

পৈল্=[চট]—বি. গাছের ফল পাড়িবার কাঠ বা বংশদণ্ড ॥
২=[কুম]—বি. কাদামাটি ॥ পৈলের্ মাডিত্ হশল্ বালা অয়্। [<পলি]।
৩=[রং]—বি. ছোট চারাগাছ ॥ বাগুনের্ পৈলর্ শও কত? [<পৈল্ল <পল্লব সং]।

পৈল্ডা=[ফ]—বি. তরকারীর হাঁড়ি রাখিবার স্থান ॥ তর্কারির্ হাড়িডা পৈল্ডার্ উপ্রে রাখ। [দেখ পৈটা$_2$]।

পৈল্তা=[রা, ম]—বি. সলিতা, প্রদীপের সলিতা ॥ [দেখ পৈত্যা]।
২=[বা]—বি. পট্টি, পলিতা ॥ [অর্থ প্র.]।
৩=[পা]—বি. বরবটি, এক জাতীয় তরকারি ॥

পৈল্লা=[চট]—বিণ. প্রথম, পহেলা ॥ ইতান্ তার্ পৈল্লা বিবি। [দেখ পৈলা]।

পৈল্হ্যাশ্=[রা]—বি. হাতের নখের গোড়ার চামড়া ॥ নখের্ পৈল্হ্যাশ্ উট্লে বড় বিশ্ করে।

পৈশা=[কুম, রং]—বি. পয়সা ॥ [<পয়সা]।

পৈশ্লু=[রা]—বি. বনভোজন ॥ পোশ্মাশে চল্ পৈশুলুত্ জাই। [< পৌষা+লু প্র.]।

পৈশ্=[চট]—বি. জুতা ॥ পাঅত্ পৈশ্ দ্যাও। [<পাপোশ پاپوش ফা.]।

পৈশ্পারি=[রং]—ক্রি. বিণ. ক্রমানুয়ে, নিঃশেষ করিয়া ॥ পৈশ্পারি শৌগ্ কতা কলু। [পরম্পর+ই প্র.]।

পৈসা=[চট]—বি. পয়সা ॥ আগ্গুয়া পৈসা দে। [<পয়সা]।
২=[চট]—বি. ভাণ্ড বসাইবার বেতের পাকানো আংটা ॥ পৈসার্ উপর্ পাইল্যা বোয়ান্।
৩=[কু]—বি. হাঁটুর নীচের অংশ ॥ পৈসাত্ খাড়ু লাগাও।
৪=[কুম]—বি. মেয়েদের হাতের অলঙ্কার ॥ বৌয়ের্ পৈসা বন্দক্ থুইয়া দান্ কিন্সি।

পৈসাল্=[ম]—বি. চৈত্র মাসে পশ্চিম

দিক্‌ হইতে প্রবাহিত বায়ু ॥ [< পশ্চিম+আল প্র.]।

পৈস্‌মালিয়া=[ম]—বিণ. পশ্চিম দিকের, পশ্চিমের ॥ পৈস্‌মালিয়া দ্যাশে আসিল্‌ এ্যাক্‌ রাযা। [দেখ পৈসাল্‌+ইয়া প্র.]।

পৈহের্‌=[বা]—বিণ. পশ্চিমের ॥ পৈহের্‌ দিগে পাও দিও না। [< পশ্চিম+এর (সম্বন্ধে)]॥

পো

পো=[চা, নো]—বি. সাপ ॥ [< পোয়া<পোকা ; অর্থ প্র.]।

২=[চা]—বি. ছেলে (গালি ও তুচ্ছার্থে) ॥ ঐ হালার্‌ পো। [< পুত্র সং]।

পোয়াইলা=[চট্ট]—বিণ. প্রথম ॥ [দেখ পৈলা]।

পোং=[ম]—বি. গুহ্যদ্বার ॥ তার্‌ পোংগে গা ঐসে। [<পোঁদ]।

২=[চা]—বি. ছেলে (গালি অর্থে) ॥ [দেখ পো২]।

পোংগা=[ঢা]—বি. মলদ্বার ॥ পোং-গায়্‌ গা হয়েসে। [দেখ পোং+আ]।

২=[চা]—বি. কাজের বাধা, অসুখ ॥ তার্‌ খালি পোংগা লাইগা থাহে। [অর্থ প্র.]।

৩=[য]—বি. পাছা, নিতম্ব ॥ [দেখ পোংগা]।

৪=[ম]—বি. জারজ সন্তান ॥ [দেখ পোংগা ; অর্থ প্র.]।

পোংগাইলা=[ম]—বি. অসময়ের, অকালের ॥ পোংগাইলা তেতুই বর বালা। [দেখ পোং+ল+ইয়া প্র.]।

পোংটা=[কুম]—বিণ. দুষ্ট (গালি বিশেষ) ॥ তুই বর পোংটা ॥ [< পাণ্ডা]।

২=[কুম]—বিণ. জারজ, অবৈধ ॥ পোংটা পোলাও পোংটামি করবে। [দেখ পোং+টা]।

পোংডা=[কুম, ঢা]—বিণ. দুষ্ট, খারাপ ॥ পোংডা পোলা মরে না। [দেখ পোংটা]।

২=[কুম]—বিণ. চালাক ॥ পোংডা মানশ্‌ বালা না। [অর্থ প্র.]।

পোংডামি=[কুম]—বি. বদমায়েশি ॥ পোংটা পোলাও পোংডামি করবে। [দেখ পোংডা+মি প্র.]।

পোঁআইত্‌তা=[চট্ট]—বি. শেষ রাত্রি ॥ রয্‌যানে পোঁআইত্‌তা ভাত্‌ খাওন্‌ পড়ে। [<প্রভাত+ইয়া প্র.]।

পোঁওরা=[চট্ট]—বিণ. পোকাধরা, পোকাখাওয়া ॥ পোঁওরা আম্‌। [< পোক<পোকা+ধরা]।

২=[চট্ট]—বি. প্রশ্ন, অনুমতি ॥

পোঁকৈল্‌=[রা]—বি. বীজের অঙ্কুর বা গাছের ডালে গজানো কচি পাতা ॥

পোঁচ'া=[চট্ট]—বিণ. পচা ॥ পোঁচ'া মাস্‌ আই ন খাইয়্‌ম্‌। [<পচা]।

পোঁচৈ'শ্‌=[চট্ট]—বিণ. পঁচিশ ॥ পোচৈ'শ্‌ টেয়াদি অগ্‌গুয়া দাঅরা ডেয়া কিন্‌সি। [<পঁচিশ (<পঞ্চবিংশতি)]।

পোঁঝা=[চট্ট]—বি. বোঝা, দায়িত্ব ভার ॥ লাক্‌ড়ির্‌ পোঁঝা। [<বোঝা]।

পোঁটা=[রা]—বি. নাড়িভুড়ি ॥ [অর্থ প্র.]।

পোঁতাম=[রা]—বি. ভিত্তি ॥

পোঁত্‌বাপারা=[রা]—ক্রি. নাছোড় বান্দা হইয়া বসা ॥ [<পোতা (< প্রোথিত)+পারা]।

পোঁথ=[চট্ট]—বি. পথ ॥ পৈশা উয়াদি পোঁথত্‌ কিস্‌সু কিনি খাইস্‌। [< পথ+ত (বিভক্তি)+]।

পোঁথার্‌=[ব]—বি. ক্ষেত, জমি ॥ বড় বেটা পোঁথার্‌ গেসে। [<পাথার (<প্রান্তর সং)]।

পোঁদর=[চট্ট]—বিণ. পনেরো ॥ ইডার্‌ দাম্‌ পোঁদর টেঁআ। [<পনর< পণ্ণরহ প্রাং<পঞ্চদশ সং]।

পোঁদাপদ্দি=[চট্ট]—ক্রি. বিণ. খুব ব্যস্ততা ॥ [দেখ পোঁদ্‌+আ+পুঁদি]।

পোঁন্‌ ধরি=[চট্ট]—বি. মোরগের লেজের মাংস ॥ কুরার্‌ পোঁন্‌ধরি খাতি মযা। [দেখ পোঁদ্‌+রি প্র.]।

পোঁন্‌ধাইন্‌না=[চট্ট]—বি. গোড়া ॥

পোঁম্‌=[রা]—বি. মাটির রস ॥

পোয়াইক্‌কামি=[চট্ট]—বি. ছেলেমি ॥ [<পোয়া<পো (<পুত্র সং)+আ +কাম+ই প্র.]।

পোঁয়াইত্‌তা=[চট্ট]-বিণ. প্রভাতিয়া ॥ [<প্রভাত+ইয়া প্র.]।

পোঁয়াক্‌কানি=[চট্ট]—বি. ছেলেমি ॥ আইযো তুমি পোঁয়াক্‌কানি করো অদ্দে কিল্‌লাই ? [দেখ পোঁয়াইক্‌কামি]।

পোঁয়াল্‌=[রা, দি]—বি. বিচালি ॥ গাইটাক্‌ ভাল করে পোঁয়াল্‌ খাওয়াশ্‌। [<পোয়াল<পলাল সং]।

পোঁহা=[রা, দি]—বি. পানি সেচন করার স্থান ॥

পোঁহাত্‌=[দি]—বি. ভোর বেলা ॥ [<প্রভাত]।

পোকা=[চা]—বি. সাপ ॥ [অর্থ প্র.]।

পো দেওয়া=[পা]—ক্রি. যৌনলিপ্সা হওয়া ॥ [দেখ পোকা+দেওয়া]।

পোকাপক্‌কি=[বা]—বি. কীটপতঙ্গ ॥ [<পোকা+পোক+ই]।

পোকা পক্‌কি হো=[পা]—বি. এক প্রকার পাখী (ডাকার সময় পকাপুকি হো শব্দ করে বলিয়া) ॥

পোকা পক্‌কু=[পা]—বি. ছয় (গুলি বাড়ি খেলায় ছয়ের একক) ॥

পোকা মরা=[প]—ক্রি. যৌন লিপ্সা হ্রাস পাওয়া ॥ [<পোকা+মরা ; অর্থ প্র.]।

পোকের মিঠে=[খু]—বি. মধু ॥ [<পোকার মিষ্টি]।

পোকে সোঁয়া=[চট]—ক্রি. সাপে কামড়ানো ॥ আষাত্যা পোঁকে সুঁইয়ে। [দেখ পোকা+এ(বিভক্তি)+ছোঁয়া]।

পোক=[ম]—বি. পাখি ॥ বিয়ানে পোক্ ডাকে। [< পক< পক্ষী সং]।

পোককাইয়া=[চট]—বিণ. পোকে ধরা ॥ পোক্‌কাইয়া আম্। [< পোক+ইয়া প্র.]।

পোকটা=[ব]—বিণ. কাহিল, জরা-গ্রস্ত ॥ শেখের পোক্‌টা কুড়ে বলদ্ মরে গেলু। [<পোক (<পোকা) +টা প্র.]।

পোকডামি=[কুম]—বি. দুষ্টামি ॥ সেলেটা খুব্ পোক্‌ডামি করে। [দেখ পোক্‌টা+মি প্র.]।

পোকড়া=[খু]—বিণ. যাহাতে পোকা ধরিয়াছে ॥ এই আম্‌টি পোক্‌ড়া। [দেখ পোক্‌টা]।

পোকত=[কুম, খু, রা]—বিণ. বড়, পুষ্ট ॥ কাঠাল্‌টা পোক্‌ত হয়্ নাই। [<পোক্ত< پخته ফা.]।

২=[কুম, ম]—বিণ. শক্ত, পুরু ॥ [অর্থ প্র.]।

পোকতা=[চা]—বিণ. পাকা ॥ পোক্‌তা খুঁটি দিয়া গর্ বানাও। [দেখ পোক্‌ত]।

২=[ম, রং]—বিণ. দক্ষ, পটু ॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

পোকদা=[য]—বি. মাছের শ্রেণী বিশেষ ॥

পোকপাহালি=[সি]—বি. পক্ষী ॥ [দেখ পোক্+পাখ (<পক্ষ) + আলি প্র.]।

পোকআল=[ম]—বি. দল, ঝাঁক ॥

পোকরা=[ক, চা]—ক্রি. বিণ. পোকে কাটা ॥ [দেখ পোক্‌ড়া]।

পোখার=[রা]—বি. পুকুর ॥ [দেখ পৈকর্]।

পোখি=[রা]—বি. পাখি ॥ [< পক্ষী]।

পোগাল=[কুম]—বি. গর্ত ॥ [< পগার<পঙ্কাগার সং ; পগার হিং]।

পোগ=[চট]—বি. পোকা ॥ আমত্ পোগ্ ভরা। [দেখ পো]।

পোচ'া=[কুম]—বি. খড় গোবর দিয়া তৈরী জ্বালানি বিশেষ ॥

পোচ'=[য, খু]—বি. ঘর লেপার ন্যাকড়া ॥ ঘর্ লেপিবি তো পোচ্' কৈ? [<পুছ্ (<পোঁছা<প্রোঞ্ছন সং)]।

২=[বা]—বি. কোপ, চাপ ॥ আরাই পোচে' মুরগি যবাই।

পোচ'চ'রা=[চট]-বিণ. পোকাযুক্ত ॥ পোচ'চ'রা আম্‌গুইন্ ফেলাই দে। [দেখ পোক্‌ড়া]।

পোচ'না=[চা]—বি. নিন্দাবাদ ॥ পরের্ পোচ্'না করিস্ না।

পোছকোটা=[রং]—বিণ. রুগ্ন, শীর্ণ ॥। পোছ্‌কোটা ছাওয়া

পোঝা=[চা কুম]—বি. বোঝা ॥ [দেখ পোঁযা]।

পোযালা=[চট]—বি. উকুনের বাচ্চা ॥ [দেখ পুইযালি]।

পোষ দেওয়া=[চা]—ক্রি. ঝাট দেওয়া ॥ গর্‌ডা একটু পোষ্ দেও। [দেখ পোচ্'+দেওয়া]।

পোটা=[য, খু, ম]—বি. নাকের শ্লেষ্মা, কফ ॥ পোটা ফেলে দাও মা। [দেখ পোঁটা]।

পোটানো=[খু]—ক্রি. চারা অঙ্কুরিত হওয়া ॥

পোটে=[য,খু]—বি. সিঁড়ি ॥ পোটে দিয়ে উঠে যাও। [<পৈঠা<প্রতিষ্ঠা সং]।

পোট=[সি]—বি. কোন জিনিস প্রস্তুতের নির্দিষ্ট সময় ॥

২=[রং]—বি. গ্রন্থি, ভিত্তিমূল ॥ এই ঝগড়ার্ পোট্ কি ?

পোটকা=[চা, নো]—বি. বুদ্‌বুদ ॥ [<ফোঁট (<স্ফোটন)+কা প্র.]।

২=[চা, বা]—অব্য. কিছুই না ॥ তুমি যান পোট্‌কা ॥ [অর্থ প্র.]।

৩=[চা]—বি. মাছ বিশেষ ॥ পোট্‌কা মাসে বিশ্ আসে।

৪=[খু,বা]—বি. খোকা ॥ [< পোট (<পুত্র)+কা]।

৫=[রা]—বি. গুহ্যদ্বার ॥

৬=[ম]—বি. একপ্রকার জলজ ঘাস (মধ্যভাগ ফাঁপা ও বায়ু ভর্তি)॥

পোটকানা=[রা]—বিণ. অপরিচ্ছন্নতা দেখিয়া নাক সিটকায় যে ॥ তুই বড় পোট্‌কানা হচুরে।

পোটপান=[ফ]—বি. লোহার তোরঙ্গ ॥ পোট্‌পানে কাপড় রাখ্। [দেখ পুটমেন্]।

পোটমান=[চা, নো]—বি. তোরঙ্গ ॥ [দেখ পুট্‌মেন্]।

পোটমেন=[কুম]—বি. বাক্স ॥ পোট্‌মেন্ খোল্। [দেখ পুট্‌মেন্]।

পোটমেল=[নো]—বি. তোরঙ্গ ॥ পোট্‌মেল্‌ডা চো'রে লৈ গেসে। [দেখ পুট্‌মেন্]।

পোটম্যান=[ফ]—বি. বাক্স ॥ পোট্‌ম্যানে ট্যাহা আসে। [দেখ পট্‌মেন্]।

পোটম্যানট=[খু]-বি. বিছানাপত্র ॥ পোটম্যান্‌টের্ মৈদদে টাহা রাখ্‌লাম্। [দেখ পোট্‌ম্যান্ ; অর্থ প্র.]।

পোঠে=[খু]—বি. মাটির ঘরের সিঁড়ি (নারিকেল গাছ প্রভৃতি দিয়া তৈয়ারী) ॥ পোঠে দিয়ে উঠ্। [দেখ পোটে]।

পোডা=[চট]—ক্রি. বিণ. হালকা, দুর্বল ॥ গাইডা পোডা হৈ গিয়ে। [দেখ পোট্‌কা]।

পোডানো=[চচ]—ক্রি. ফুটকি দেওয়া ॥ পুকুইরে মাসে পোডায়। [< ফোঁটা+নো প্র.]।

পোড্যান=[ব]—বি. উদ্বাস্তু ॥

পোডোল=[চা]—বি. মাছ ধরার এক প্রকার কৌশল ॥

পোড়াতর্না=[য]—অব্য. বিরক্তি-সূচক শব্দ ॥ পোড়াতর্না আর্ বাচি'নে তোদের্ যানায় ।

পোড়াদ্=[য]—বিণ. অল্প, কম ॥ আমাকে পোড়াদ্ মুড়ি দাও ।

পোড়ালু=[রা]—বি. পুড়িয়া ও তরকারিতে খাওয়ার উপযুক্ত আলু বিশেষ ॥ [<পোড়া+আলু] ।

পোড়া লহ্‌ড্‌ডা=[ফ]—বি. এক প্রকার ঘাস ॥

পোড়াল্, পোড়্যাল্=[রা]—বি. গরু বাঁধিবার স্থান ॥

পোড়ি=[চট্ট]—বি. সিন্দুক ॥ [< পেটি (<পেটিকা সং)] ।

পোড়্=[রা, দি]—বি. বাঁশের এক গিঁট হইতে অন্য গিঁট পর্যন্ত অংশ ॥ [<পাব (<পর্ব)+ড় প্র.] ।
২=[পা]—বি. গিরা ॥ [পূর্ব দেখ] ।
৩=[রং]—বি. আগুনের কুণ্ড ॥ আইজ্ বড় জার্, পোড় আজাও ।

পোড়্‌কালো=[খু]—বিণ. ঘন কৃষ্ণ বর্ণের ॥ [পোড়া+কাল] ।

পোড়্‌পোড়া=[ফ, রা]—বি. চচ্চড়ি ॥ মাছ্‌টা পোড়্‌পোড়া কর (রা) । [< পোড়া পোড়া] ।

পোতা=[সি]—বি. শেষরাত্রের খানা, সেহরি ॥ [দেখ পোঁয়াইতুতা] ।
২=[ব,ম]—ক্রি. প্রোথিত করা, মাটির নীচে রাখা, গাড়া ॥ [<পোঁতা< প্রোথিত সং] ।
৩=[বা]—বি. পৌত্র ॥ এটা আমার্ মেয়্ পোতা । [<পৌত্র সং] ।
৪=[খু]—বি. ঘরের মাটি বিশেষ ॥
৫=[ম]—বি. অণ্ডকোষ ॥ পোতা ফুলার্ নাম্ কোরল্ । [<ফুতহ্ فوطه ফা.] ।
৬=[কুম]—বি. শিলনোড়া ॥

পোতাইক্যা=[ঢা]—বিণ. কোড়ল বিশিষ্ট ॥ পোতাইক্যা মাইন্‌শের্ চ'ল্‌তে বর কশ্‌ট । [দেখ পোতা৫+ক+ইয়া প্র.] ।

পোতান্=[ব]—বি. বিপাক ॥ রোগের পোতানে পড়ে আমার্ শব্ গেল্ ।
২=[কুম]—ক্রি. মিইয়ে যাওয়া, ঠাণ্ডা হওয়া, থেতলান ॥ উরুম্‌ডি পোতাইয়া গেসে । [<পোত্ (<পত্র) +আন প্র.] ।
৩=[চট্ট]—বি. শিয়রের বিপরীত দিক ॥ [দেখ পৈআন্] ।

পোতারি=[পা]—বি. ফাৎনা ॥ [<পাতা আরি<পাতা কাটি] ।

পোতালা=[চট্ট]—বি. পুতুল ॥ [<পুতুল(<পুত্তলিকা সং)+ই আ] ।

পোতালি=[চট্ট]—বি. চোখের মণি ॥ চে'াগর্ পোতালি কালা । [দেখ পোতালা +ই প্র.] ।

পোত্যা=[ব]—বি. মরিচ, লঙ্কা ॥ তর্‌কারিত্ পোত্যা কম্ করে দিও ।
২=[কুম]—বি. লিঙ্গ ॥ [দেখ পোতা৫] ।

পোত্যান্=[পা]—বি. পৈথান, পায়ের দিক্ ॥ [দেখ পৈআন্] ।

পোত্‌কৈ=[য]—বি. ছোট মাছ বিশেষ ॥ [পোত <পাতি+কৈ< কবয়ী সং] ।

পোত্‌না=[ঢা]—বি. মাটির পোচ বা পাতলা লেপ ॥ [দেখ পোচ্'+না] ।

পোত্‌লা=[চট্ট]—বি. পুতুল, মূর্তি ॥ আতত্‌তান্ পোত্‌লা আইন্‌নো । [দেখ পোতালা] ।

পোদা=[কুম]—বি. বোঝা ॥ ও বাই, আমার্ পোদাডা কদ্‌দুয়া মাতাত্ তুলি দ্যাও ।

পোদিনা=[রং]—বি. এক প্রকার শাক ॥ মোর্ পুকুর্ ঘাটে খুব্ পোদিনা হয়েছে । [<পোদীনহ্ پودينه ফা.] ।

পোদিশ্‌টি=[পা]—বি. আহ্লাদ, সোহাগ ॥ [প্রতিষ্ঠা+ই] ।

পোদে=[পা]—ক্রি. বিণ. পেছনে ॥ সাওয়াল্‌ডা তার্ পোদে লাগ্যাই আসে । [<পোঁদ (প্রোথ)+এ বিভক্তি] ।

পোদোম্=[ঢা]—ক্রি. বিণ. ভয়ে জড়সড় ॥ লোক্‌টা বয়ে বয়ে পোদোম্ ঐল্ । [<পাদুম <পাদিব (<√পাদ্) ; বাগ্‌ধারা] ।

পোদ্=[ফ]—বিণ. বোকা ॥ কিস্সুই বুযস্ না পোদ্ কোতাকার্ । [দেখ পোদে ; অর্থ প্র.] ।

পোদ্‌দারি=[ফ]—বি. ভাল তামাকের নাম বিশেষ ॥ পোদ্‌দারি কিনা খাও । [দেখ পুদ্‌দার্+ই প্র.] ।

পোদ্‌দারি পাতা=[ঢা]—বি. তামাক পাতা ॥ দুই পয়্‌শার্ পোদ্‌দারি পাতা আইন্‌ন । [দেখ পোদ্‌দারি+পাতা (পত্র)] ।

পোদ্‌দার্=[ঢা]—বি. যে লোক টাকা বাছাই করে ॥ পোদ্‌দার্ খারাপ্ টাকা চি'ন্‌তে পারে । [দেখ পুদ্‌দার্ ; অর্থ প্র.] ।

পোনাই=[ম, চট্ট, ফ]—বি. ছোট ছেলে, শিশু ॥ এইডা কারির্ পোনাই । [পোনা (<পোতাধান সং)+ই প্র.] ।

পোনানো=[বা]—ক্রি. ধান বা ঘাস কাটা, নিড়ানি দেওয়া ॥ গাশ্ পোনাইতে হয় ।

পোনে দ্‌পর্=[পা]—বি. বেলা দশটা ॥ [<পৌণে দ্বিপ্রহর] ।

পোনে হারাম্=[খু]—বি. বড় শয়তান ॥ [<পৌণে হারামজাদা] ।

পোন্=[চট্ট]—বি. গুহ্যদ্বার ॥ [<পোঁদ] ।
২=[চট্ট]—বি. পাঁঠা ॥ যামাই আইয়ে পোন্ মার ।
৩=[কুম]—বিণ. পরিষ্কার ॥ এক্‌টু পোন্ পানিতে গোসল্ কর । [<পুণ্য সং ; অর্থ প্র.] ।

পোন্‌কা=[রা]—বি. একপ্রকার লাল শাক ॥

পোন্‌খুরানি=[নো]—বি. মাছ ধরিবার ফাঁদ বিশেষ ॥ এরিও পোন্‌খুরানিডা নিয়া আইয়গা মাসু দৈর্‌তাম্ যাই ।

পোন্‌যিরা=[চট্ট]—বি. পঞ্জিকা ॥ [<পঞ্জিকা] ।

পোন্ডা=[কুম]—বিণ. দুষ্ট ।। ওর্ কথা আর্ বল্য না বারি পোন্ডা সেলে। [দেখ পোংটা]।

পোন্তা=[রা]—বি. পানি দেওয়া বাসি ভাত ।। [<পান্তা] ।

২ =[ব]—বি. নাশতা, জলখাবার ।। বশ্যা এনা পোন্তা খান্ । [অর্থ প্র.]।

পোন্দর=[রং]—বিণ. পনর ।। পোন্দর ট্যাকা দি কিন্ছি। [দেখ পোঁদ্রঅ]।

পোন্দা=[বা]—বি. লাঙ্গলের ইশ ।। পোন্দা বাইংগা গেসে।

২=[কুম]—বি. সহবাস ।। [পোঁদ +আ প্র.] ।

পোন্দানো=[বা]—ক্রি. গালি দেওয়া ।। হ্যাতারাগ পোন্দাশ্ ক্যা ? [দেখ পোন্দা২+নো প্র.] ।

২ =[বা]—ক্রি. বিণ. ধীরে ধীরে, ক্রমে ক্রমে ।।

পোন্দে=[চা]—ক্রি. বিণ. পিছনে।। তবুও পোন্দে পোন্দে আইবি। [< পোঁদে]।

পোন্দে বাশ্ দ্যাওয়া=[ম]—ক্রি. সর্বনাশ করা ।। [পোঁদে+বাঁশ দেওয়া; বাগ্ধারা]।

পোন্দে—[কুম]—বি. গুহ্যদ্বার ।। বাইরাইয়া পোন্দের্ চাম্রা উঠাইয়া লমু। [<পোঁদ] ।

২=[য]--বি. নিতম্ব, পশ্চাদ্‌ভাগ ।। পোন্দে ওর্ মানুশ্ এক্টা লেগেই আসে। [পূর্বে দেখ]।

৩=[সি]—বি. স্ত্রীলিঙ্গ ।। [পূর্বে দেখ]।

পোন্নাচানি=[চট্ট]—বি. খঞ্জন পাখী ।। পোন্ নাচানি খালি পোন্ নাচায়। [পোঁদ+নাচ (<নৃত্য)+ আনি প্র.]।

পোন্রৈ আট্=[ম]—বি. গত হাটের আগের হাট ।। [<পনরই হাট]।

পোপ্টা=[চা]—বি. ছেলে, পুত্র ।। তর্ মত পোপ্টা দিয়্যা কোন্ কাম্ অয় ?

পোম্=[পা]—বি. ঘুড়ির অঙ্গ বিশেষ ।। বাতাশের্ তেয্ বেশি ঐলে গুড়িত্ পোম্ দিতে হয় ।

২=[ম, রা]—বি. মাটির রস ।। খরাইনা বাইনের্ চেয়ে পোমের্ বাইন্ ভালা (রা)। [দেখ পোঁম্]।

৩=[কু]—বি. অবকাশ ।।

পোম্বা=[বা]—বি. পেঁপে ।। পাকা পোম্বা। [দেখ পাইপা]।

পোম্রা=[কুম]—বিণ. ভ্যাপসা, খারাপ ।। ফিন্নিত্ কেমন্ পোম্রা গন্দ। [<পোড়া] ।

২=[বা]—বি. পেঁপে ।। পোম্রার্ দাম্ চাইর্ আনা। [দেখ পোম্বা]।

পোয়া=[খু]—বি. ঢেঁকির অংশ বিশেষ ।।

২=[চট্ট, কুম, খু]—বি. ছেলে ।। তোঁয়ার্ কওয়া পোয়া আসে অবা ? [পো(<পুত্র সং)+আ প্র.]।

৩=[য]—বি. ধান মাপিবার পাত্র বিশেষ ।।

৪=[রং]—বি. খুরের খুঁটি, খাম ।। [<পদ<আ প্র.] ।

৫ =[পা]—বি. চারা, ছোটগাছ ।।

৬=[সি]—বি. পৌষ মাস ।। [<পৌষ +আ প্র.]।

৭=[রা, ফ, দি]—বি. কলাগাছের মূল হইতে নির্গত কলার চারা ।। [< পদ+আ]।

৮=[চা]—বি. মালপোয়া, মিষ্টান্ন বিশেষ ।। বাযার্তেনে পোয়া আইন্ন। [<পূপ সং]।

পোয়াই=[রং]—অস. ক্রি. পোহাইয়া, কাটাইয়া ।। [<পোহানো]।

২=[রং]—বি. ঘরের খুঁটি ।। [দেখ পোয়া+ই]।

পোয়াইয়া=[চা]-অস. ক্রি. পোহাইয়া ।। রাইত্ পোহাইয়া গেসে। [<পোহাইয়া]।

পোয়াইত্যা=[চট্ট]—বি. মধ্যরাত্র ।। রোযাত্ পোয়াইত্যায় উঠ্তে হয়। [দেখ পোঁয়াইত্তা]।

পোয়াইত্তারা=[চা]—বি. প্রভাতী তারা ।। পোয়াইত্তারা উঠ্সে রাইত্ বেশি নাই। [দেখ পোয়াইত্যা+তারা (<তারকা)]।

পোয়াং=[চট্ট]—বি. দলের নেতা ।।

পোয়াতা=[রা]—বি. আসন্ন প্রসবার স্বামী ।। [<পোয়াতি (<পুত্রবতী সং) ; পুংলিঙ্গে]।

পোয়াত্=[কুম, রং]—বি. শেষরাত্রি, ভোর বেলা ।। [<প্রভাত সং]।

পোয়াদ্দ্যা=[চট্ট]—বি. স্বাদ ।। পোয়াদ্দ্যা খাই যিব্ লম্বা হৈ গেসে। [<হোয়াদ <সোয়াদ <স্বাদ+ইয়া প্র.]।

পোয়ানাড়ি=[খু]—বি. জরায়ু ।। [পুত্র+নাড়ী]।

পোয়ানো=[চা, রং]—ক্রি. পোহানো ।। [<পোহানো]।

পোয়ান্=[রা]—ক্রি. কুলানো, সামাল দেওয়া ।। [দেখ পোয়ানো ; অর্থ প্র.]।

২ =[রা]—বি. ছোট বাচ্চা ।। [দেখ পোয়া]।

৩=[চট]—ক্রি. বি. রৌদ্রের তাপে বা আগুনের কাছে বসা ।। [দেখ পোয়ানো]।

পোয়াপাংরা=[সি]—বি. ছেলে ছোকরা ।। পোয়াপাংরার্ লগে কিতা মাত। [দেখ পোয়া+পান+রা]।

পোয়াপিঠা=[চা]—বি. একপ্রকার পিঠার নাম ।। [<পোয়া (<পূপ সং) +পিষ্টক]।

পোয়াপুই=[নো]—বি. ছেলেমেয়ে ।। আল্লা হেতারে দুগা পোয়াপুই দিসে। [দেখ পোয়া+পো+ই প্র.]।

পোয়ারা=[ম]—বি. কড়াই ।।

পোয়ালন্=[কুম]—ক্রি. ধৌত করা ।। মুআন্ পোয়ালিয়া আই। [<পাখালন (<প্রক্ষালন সং)।

পোয়াল্=[পা]—বি. পিয়াজের চারা ।।

পোয়াল্দি=[চট]—ক্রি. বিণ. পার্শ্ব দিয়া ।। আমার্ এই পোয়াল্দি তুমি শোও। [পোয়াল্<পসলী হিং+ দিয়া]।

পোয়ে=[য]—বি. বেতনির্মিত ধান ইত্যাদি মাপিবার পাত্র ॥ তিন্ পোয়ে দান্ দাও ।

পোরংগা=[কুম]—বি. নিশানা দিবার লাঠি ॥

পোরল্=[কু]—বি. গুণ, ভাঁজ ॥ কাপড়্খানা কয়েক্ পোরল্ করে যড়ায়ে রাখ্ ।

২=[ম]—বি. তরকারী বিশেষ ॥ পোরল্ বালা তর্কারি । [<পরলা ম. বাং=পটল] ।

পোরা=[সি]—বি. ধান মাপিবার পাত্র বিশেষ ॥

পোরাইতন্=[কুম]—বি. মেয়েলোক ॥ দুরে শব্ পোরাইতন্ আইতাসে ।

পোরানি=[চা]—বি. জ্বালা ॥ এ্যাত ট্যাহা নুক্শান্ গেসে তার্ পোরানি কি কম্ কতা । [<পোড়া+নি প্র.] ।

পোরাপাতিল্=[পা]—বি. মুড়ি ভাজার পাত্র ॥ [<পোড়া+পাতিল] ।

পোরায়্=[রা]—অব্য. প্রায় ॥ [< প্রায়] ।

পোর্ই=[চট্ট]—বি. ঝাঁটা ॥

পোর্যা=[চট্ট]—বি. পশুর (ঘোড়ার) জরায়ু ॥

পোর্যাত্=[পা]-বি. কামলা, শ্রমিক ॥ [পরভৃত] ।

পোর্=[রং]—বি. গোয়ালঘরের আগুনের কুণ্ডলী ॥ [<পোড়] ।

২=[রং]—বি. প্রহর ॥ [<পর< প্রহর সং] ।

৩=[ফ]—বি. কাদা ॥ পোর্ সাপাইলে বাইন্ মাস্ পাওয়া যায় ।

৪=[রা, পা]—বি. বাঁশের বা আখের দুই গাঁটের মধ্যের অংশ ॥ [<পর্ব সং] ।

পোর্কা=[চট্ট]-বিণ. কীটে খাওয়া ॥ [দেখ পোক্‌ড়া ; বর্ণ বিপর্যয়] ।

পোর্কাইয়া=[কুম]—বিণ. সচ্ছিদ্র, কীটে খাওয়া ॥ আম্‌ডা পোর্কাইয়া ॥ [দেখ পোর্কা+ইয়া প্র.] ।

পোর্ বৌ=[বা]—বি. পুত্রবধূ ॥ তোর্ পোর্ বৌর্ বাপের্ বারি কোথায় ? [<পো (<পুত্র)+ র(সম্বন্ধে)+বৌ (<বধূ)] ।

পোলা=[খু, কুম]—বি. ছেলে ॥ পোলাডা বালা শানুত । [<পো (< পুত্র)+লা প্র.] ।

২=[খু]—বি. চামচ ॥ এক্ পোলা চিঁনি দ্যাও ।

৩=[বা]—বি. বাঁশের কঞ্চির দ্বারা তৈরী মাছ ধরিবার হাতিয়ার বিশেষ ॥ [সাধু পোলো] ।

পোলাডি=[রং]—বি. লোকটি ॥ পোলাডি এ্যাহেবারে বেশরম্ । [দেখ পোলা+টি] ।

পোলাতি=[চা]—বি. সদ্য প্রসবা স্ত্রীলোক ॥ পোলাতির্ পোলা কান্দে । [দেখ পোয়াতা] ।

পোলাদ্=[চট্ট]—বি. ইস্পাত ॥ [<পূলাদ پولاد ফা.] ।

পোলানি=[খু]—বি. যে স্ত্রীলোক অন্য পুরুষকে ভালবাসিয়া স্বামীর গৃহ হইতে চলিয়া যায় ॥ [<পলা(< পলায়ন)+নি প্র.] ।

পোলাপাইন্=[কুম, ম]—বি. ছেলে মেয়ে ॥ পোলাপাইন্‌রা কৈ ? [দেখ পোলাপান্] ।

পোলাপান্=[ম]—বি. ছেলে মেয়ে ॥ পোলাপান্ শব্ চুঁপ্ কর । [দেখ পোলা +পান] ।

পোলাপুলি=[খু]—বি. লুকোচুরি ॥ পোলাপুলি খেল্‌বি ? [<পলা (< পলানো)+পলি] ।

পোলু=[রা]—বি. রেশম কীট ॥ আজ্‌কাল্ পোলুতে খুব্ লাব্ ।

পোলুয়া=[ম]—বি. পোলাও ॥ [<পলাও پلاو ফা. ; তুং পলান্ন সং] ।

পোল্যা=[বা]—বি. উচ্ছে, করলা ॥

পোল্যাটি=[পা]—বিণ. প্রথম, প্রথম জাত ॥ [<পলুঠী হিং] ।

পোলো=[ব]—বি. মাছ ধরিবার যন্ত্র ॥ [<পলো(<পলব সং)] ।

পোল্=[কু]—বি. বন, জঙ্গল ॥ [দেখ পোল্$_{২}$; অর্থ প্র.] ।

২=[রা]—বি. খড় ॥ [<পল< পোয়াল (<পলাল)] ।

৩=[চট্ট]—বি. ছিদ্র ॥ পরের্ পোল্ তোয়াই থাকিশ্ ।

৪=[খু]—বি. মাছ ধরার জন্য বাঁশের তৈরী উপকরণ বিশেষ ॥ [দেখ পোলো] ।

৫=[য]—বি. পুল ॥ চ'ল্ পোলির্ পারে বেড়াইগে । [<পুল پل ফা.] ।

৬=[নো]—বি. ঘরের ধার ॥

৭=[চট্ট, সি]—বি. ভিতরের ফাঁকা স্থান ॥ মুলায় পোল্ হৈয়ে । [দেখ পোল্$_{৩}$] ।

৮=[চা, নো]—বি. চারা ॥

পোল্টা=[চা, কুম]—বি. পোটলা বা মোচা ॥ [<পোটলা (<পোট্টলী সং) ; বর্ণবিপর্যয়] ।

পোল্ডা=[চা]—বি. পুটুলি ॥ নুনের্ পোল্ডাটা দেওসেন্ । [দেখ পোল্টা] ।

পোল্তা=[রা]—বি. ঝাল, মরিচ ॥ ভিটা থেকে পোল্তা তুলে আন্ ।

২=[চা]—বি. পুটলী ॥ তোর্ পোল্তায় কি আসে ? [দেখ পোল্টা] ।

৩=[খু, কুম, য]—বি. পটল, তরকারী বিশেষ ॥ পোল্তার্ পাতা ।

পোল্লা=[রং]—বি. পটল ॥ [< পরলা ম. বাং] ।

পোশা=[চা]—বিণ. শিকারী ॥ [< পোষ (<পোষণ)+আ ; অর্থ প্র.] ।

পোশা আন্দি=[ম]—বি. পৌষমাসে ঘন কুয়াসা জনিত অন্ধকার ॥ পোশা আন্দিত্ শৈম্‌কে কিস্যু দেওন্ যায় না । [<পৌষ+আ প্র.+আঁধি<আঁধ (<অন্ধ সং)+ই] ।

পোশানো=[রা]—বি. দুধ খাওয়াইবার আগ্রহ দেখান ॥

২=[ম]—ক্রি. পোহানো ॥ শুক্কের্ নিশি তরাতরি পোশায় । [<পোহানো] ।

পোশাবর, পোশাবার=[বা, ফ, নো] —বি. বরযাত্রী ॥

পোশাল=[রা]—বি. বন ভোজন ॥ ছেলেরা এখানে পোশাল্ কর্ছে। [< পৌষ+আলু প্র]।

পোশ=[বা]—বি. পিজবোর্ড, এক প্রকার বোর্ড ॥

২=[পা]—বি. পোষ্য, পরিবারের লোক ॥ আপনার পরিবারে পোশ্ কত যন্? [<পোষ্য]।

পোশ্‌ত=[রং]—বি. আফিম বীজ ॥ [<পোস্ত پوست ফা.]।

পোশ্‌তা=[কুম, নো]—ক্রি. বিণ. পাকা ॥ শিরিডা পোশ্‌তা কর্। [<পুখ্‌তহ্ پخته ফা.]।

২=[সি]—বিণ. জারজ॥ বাপের্ নাম্ যানে না হেডা পোশ্‌তা।

পোশ্‌তে=[খু]—বি. কোন বস্তুর শেষাংশ॥ [<পুশ্‌ত پشت ফা.+এ (বিভক্তি)]।

পোশ্‌তো=[নো]—বিণ. পাকা ॥ হ্যাতে এই ব্যাপারে পোশ্‌তো॥ [দেখ পোশ্‌তা]।

পোশ্‌নানো=[খু]—ক্রি. গরু ছাগল ইত্যাদি গর্ভবতী হওয়ার আগে যেরূপ কামভাব দেখা যায় তদ্রূপ দেখান॥

পোশ্‌ন্যা=[চা]—বি. পোষা॥ খাচ'র্ পোশ্‌ন্যা পৈখ্ পলাইসে। [<পোষণ +ইয়া প্র.]।

পোশ্‌শান=[ক]—ক্রি. বিণ. পোষ্য॥ মাও মরা সেরারে পোশ্‌শান্ দ্যাও। [দেখ পোশ্‌ন্যা]।

পোসা=[খু]—বি. মৎস্যাদির লেজ॥ আমি শিং মাসের্ পোসা খাই না। [< (<পুচ্ছ)+আ প্র.]।

২=[চট, ফ]—ক্রি. মুছিয়া ফেলা॥ [<পোঁছা (<প্রোঞ্ছন সং)।

৩=[সি]—বি. পেশী॥ [<পোঁচা <পেঁচা হিং]।

৪=[খু]—ক্রি. জিজ্ঞাসা করা॥ বাড়ি ঘরের্ খবর্ পোসা দর্কার্। [< পোঁছা (<প্রচ্ছ বা প্রশ্ন সং)]।

পোসা দেওয়া=[চা]—ক্রি. লেপা॥ গর্ডা পোসা দেও। [দেখ পোসা₂ +দেওয়া]।

পোসানো=[ফ]—ক্রি. গ্রাহ্য করা, সম্মান করা॥ [দেখ পোসা₄+নো প্র.]।

পোসার=[খু]—বি. লেপ॥ ঘর্টা পোসার্ দ্যাও। [দেখ পোসা দেওয়া]।

পোস=[বা]—বি. ঘুড়ির খেলা॥ পুবের্ মাডে আইয্ গুরির্ পোস্ হৈবে।

২=[বা]—বি. কোপ, পোচ, চাপ টান॥ [<পোঁচ]।

পোস্‌গিরি=[পা]—বি. বাবুগিরি॥ [<পোশ (<পোশাক)+গীরী گیری ফা.]।

পোস্‌সারা=[চট]—বিণ. কীটভুক্ত॥ [<পোক+সারা]।

পোহত=[রা]—বি. সকাল, ভোর॥ পোহতে তোদের্ বাড়ি জাবু। [< প্রভাত সং]।

পোহা=[রং]—বি. পোকা॥ পোহায় কাইটা ফালাইচে। [<পোকা]।

পোহান=[রা, দি]—বি. মাছের পোনা॥ ঐ ডোবাডাতে শোল্ মাছের্ পোহান্ হৈছে। [<পোআন<পোনা (<পোতাধান সং)]।

পোহিন=[রা]—বি. মাছের পোনা॥ এক্ হাজার্ রুইতের্ পোহিন্ ছাড়্‌নু। [দেখ পোহান্]।

পোহির সাও=[ব, পা]—বি. পাখীর ছানা॥ পোহির্ সাও দেখ্‌সুরে? [<পাখীর ছাও]।

পোহিল=[সি]—বি. কাদামাটি॥ [<পঙ্কিল]।

পোহ্‌না=[রা]—বি. বাচ্চা মাছ॥ [দেখ পোহান্]।

পৌ

পৌআ=[রা]—বি. পানি সঞ্চয়ের গর্ত (ইহা হইতে নালা কাটিয়া জমিতে পানি সিঞ্চন করা হয়)॥ [<পৌরা <পুকুর+আ]।

পৌকর=[বং]—বি.<পুকুর॥

পৌক্‌পাহালি=[য]—বি. পাখী, পশু পাখী॥ যংগলে বৌত্ পোক্ পাহালি। [<পাখী পাখালী]।

পৌচা=[রা]—বি. বারান্দা॥ হাবাদের্ পৌচা খুব্ ছোটু।

পৌড়া=[রং]—বি. তামাক ক্ষেতে পানি দেওয়ার জন্য নালার মুখের গর্ত॥ পৌড়াত্ পানি নাই, দেখশ্ নাই? [দেখ পৌআ]।

পৌত্‌তা=[কুম]-বিণ. শেষ, বিনাশ॥ আম্‌রা একেবারে পৌতৃতা হৈয়া গেসি। [ফওত فوت আং+আ]।

পৌথা=[ফ]—বিণ. পথে পাওয়া, অসহায়॥ পৌথা মেয়ে। [<পথ+ উয়া প্র.]।

পৌদ=[সি]—বি. পদ্ম॥ পুইকের্ বরা পৌদ্। [<পদ্ম]।

পৌদ্‌দার=[সি]—বি. স্বর্ণকার, সেকরা॥ পৌদ্‌দারের্ ঠাই যিকৈও চ'াই শোনার্ দাম্ কত? [দেখ পুদ্‌দার্]।

পৌয়া জিগা=[রং]—বি. এক প্রকার গাছ॥ পৌয়া জিগার্ কাঠ্ ঘরে লাগে।

পৌরশ=[সি]—বি. গৌরব॥ [< পৌরুষ]।

পৌর‍্যা=[ফ]—বিণ. নীরস, নিকৃষ্ট॥

পৌর্কো=[চা]—বি. আগামী বা

গত পরশু ॥ পৌর্‌কা ডাহা যামু। [<পরশুকা]।

পোর্‌ত্যা=[না]—বিণ. কদর্য ॥ [<পেরত(<প্রেত)+ইয়া প্র.]।

পোশা আন্‌দারি=[রং]—বি. পৌষ মাসের মেঘ বাদলা ॥ [দেখ পোশা আন্‌দি]।

পোশ্‌দান্‌=[কুম]—বি. শাইল ধান ॥ [পৌষ+ধান]।

পোসার=[চট্ট]—ক্রি. জিজ্ঞাসা করা ॥ বাড়ির্‌ কতা পৌসার্‌ কৈর্‌গে। [দেখ পোসানো]।

ফ

ফঅল্‌=[চট্ট]—বি. গর্ত ॥ চে'গত্‌ ফঅল্‌ পৈর্‌গে। [<? ফুকর (< ভুকর<ভূক সং)]।

ফওট্‌রা=[ম]—বিণ. নিঃস্ব ॥ যুয়া খেলাইয়া হেরা এ্যাহাবারে ফওট্‌রা ঐসে। [<ফওত فوت আং+রা প্র.]।

ফওরা=[চট্ট]—বি. বড় কোদাল ॥ ফওরা দি মেডি কাড। [<ফাওড়া হিং]।

ফংগ্‌য়া=[দি]—বি. গুণ্ডা, আড্ডাবাজ, বাবু ॥ ছাওয়াডা ফংগুয়া হলো।

ফ'কাল্‌=[রা]—বিণ. দাঁত বিহীন ॥ ফঁকাল্‌ মুখ্‌ দেখতে মানায়্‌ না। [< ফোক্‌লা হিং]।

ফকট্‌=[পা]—বি. বদমাইশ ॥ বেটা একটা ফকট্‌। [<ফোকট হিং]।

ফকন্‌নি=[রা]—বি. ভিখারিণী ॥ [<ফকীর فقير আং+নি স্ত্রী প্র.]।

ফকর্‌=[সি, ঢা]—বি. গর্ব. অহংকার, দোষ ॥ সোটু লোকে বেশি ফকর্‌ করে। [<ফখর فخر আং]।

ফকর্‌দালালি=[রা]—বি. অতিরিক্ত কথা বলা ॥ যা ফকর্‌দালালি কর্‌তে হবে না। [<কফড়<কপড় হিং+ দালাল<দল্লাল دلال আং+ই প্র.]।

ফকিন্‌=[ম]—বি. শকুনী ॥ ফকিন্‌ মরা গরু খায়্‌। [<হকুন<শকুন]।

ফকিরান্‌দি=[পা]—বি. মারফতি ॥ গেরামে ফকিরানুদি গানের্‌ আশর্‌ বশে। [<ফকীর فقير আং<অন্ত+ই প্র.; তুং বেদান্ত]।

ফকোর্‌=[খু]—বি. গর্ব ॥ বেশি ফকোর্‌ করা ভাল না। [দেখ ফকর্‌]।

ফক্‌চ'মি=[য]—বি. ফাজলামি ॥ [<ফচকামি]।

ফক্‌চে'মি=[য]-বি. দুষ্টামি, চেংরামি ॥ তোমার্‌ ক্যাবল্‌ ফক্‌চে'মি। [দেখ ফক্‌চ'মি]।

ফক্‌তা=[কুম]—বি. যাহার টাকা পয়সা বিশেষ নাই ॥ তোমার্‌ মত ফক্‌তার্‌ লগে না চৈ'ল্‌লা একটা ফকিরের্‌ লগে চ'লন্‌ বালা। [<ফক (<ফক্ক=ফাঁকি দেওয়া)+তা প্র.]।

২=[ব]—বি. ঘুঘু ॥ [<ফাখ্‌তহ্‌ فاخته ফা.]।

ফক্‌ফকা=[রা, সি, রং]—বিণ. পরিষ্কার, ধবধবে ॥ ফক্‌ফকা কাপর্‌ পরে কাম্‌ত্‌ যাইঅম্‌ (সি)। [<ফক্‌ ফক্‌ (অনু.)+আ প্র.]।

ফক্‌ফকানো=[কুম]—ক্রি. খুশীতে মুখর হওয়া ॥ এত ফক্‌ফকাইস্‌ না। [<ফক্‌ফক্‌ (ধ্বন্যা.)+আনো প্র.]।

ফক্‌ফকার্‌=[রা]—বি. মোরগের ডাক ॥ [দেখ ফক্‌ফকানো]।

ফক্‌ফকে=[পা]—বিণ. সাদা ॥ কাপড়্‌ খানা ফক্‌ফকে। [দেখ ফক্‌ফকা]।

ফক্‌ফৈক্যা=[ফ]—বি. খুব ফরসা ॥ ম্যায়াডা ফক্‌ফৈক্যা। [দেখ ফক্‌ফকা]।

ফক্‌রা=[সি]-বি. কৃপণ (তুচ্ছার্থে) ॥ [ফকির+আ প্র.]।

২=[দি]—বিণ. যে অতিরিক্ত বাজে কথা বলে ॥ ছেরেটা বড় ফক্‌রা। [<ফক্কড়]।

ফক্‌ফৈক্‌কা=[কুম]—বিণ. ফরসা ॥ পুয়াডা দলা ফক্‌ফৈক্‌কা। [দেখ ফক্‌ ফৈক্যা]।

ফক্‌রামি=[রং, চট্ট, ব]—বি. আত্মম্ভরিতা, চালাকি ॥ তার্‌ ফক্‌রামি দেইখ্‌লে গা যলি যায়্‌। [দেখ ফক্‌রা$_2$+মি প্র. কিংবা ফখ্‌র فخر আং+আমি প্র.]।

ফক্‌শাল্‌=[য]—বি. বিরাম, অবসর। [<ফাঁক+তাল]।

ফখ্‌রিয়া=[সি]—বি. কর্ম বিমুখতা, আলসেমি ॥ ফখ্‌রিয়া করিস্‌ না বা ॥ [দেখ ফক্‌রা$_2$+ইয়া প্র.]।

ফচ'র্‌ ফচ'র্‌=[ম]—ক্রি. বিণ. বারবার ॥ তুমি ফচ'র্‌ ফচ'র্‌ এনু আইও ক্যা? [অনু.]।

২=[য]—বি. বকাবকি, বাচালতা ॥ বেশি, ফচ'র্‌ ফচ'র্‌ করিশ্‌ না বল্‌সি। [অর্থ প্র.]।

ফচি=[রা]—বি. বিপদ ॥ [<প্যাঁচ+ই কিংবা ফসাদ فساد আং]।

২=[রা]—বি. দোষ ॥ কথায় কথায় ফচি ধৈর্‌লে কি আর্‌ চলে। [<ফসীহ فصيح আং=শুদ্ধ; কিংবা পূর্বে দেখ]।

৩=[য]—ক্রি. বিণ. পুনরাবৃত্তি ॥ ফচি' করে না, অম্‌নি চু'প্‌ করে শোন্‌। [দেখ ফচি]।

ফচি'র্‌=[য]—বিণ. নিঃস্ব, রিক্ত, সর্বত্যাগী ॥ 'গাযি বলে কালু ভাই চ'ল্‌ মোরা ফচি'র্‌ হৈয়ে যাই'। [দেখ ফকন্‌নি; ফকীর]।

ফচু'র্‌ ফাচু'র্‌=[সি]—বি. তামাশা সহকারে আলাপ আলোচনা ॥ ফচু'র্‌ ফাচু'র্‌ কতা আমার্‌ লগে বল্‌বায়্‌ না। [দেখ ফচ'র্‌ ফচ'র্‌]।

ফচ্‌'কা=[পা]—বি. পিচকারি ॥ [<পিচকারী হিং]।

২=[রা]—বিণ. বিরক্তিকর স্বভাব যাহার ।। অমন্ ফচ্‌কার্ শাতে বেটির্ বিয়া ? [<ফচকিয়া, ফচকে]।

৩=[পা]—বি. মাছ মারার যন্ত্র বিশেষ ।।

ফজর্ শাইল্=[রা]—বি. ধানের নাম বিশেষ ।।

ফজ্বুন্=[রা]—বিণ. বাজে ।। [< ফযূল فضول আং]।

ফযল্=[খু]—বিণ. অযথা ।। ফযল্ খরচ্‌' করা উচি'ত্ না। [দেখ ফজুন্]।

ফয্বুর্ খর্চি'= [ম]—বি. অমিত-ব্যয়িতা ।। ফযুর্ খর্চি' হলে শংশার্ চ'লে না। [দেখ ফজুন্+খরচ خرچ ফা.+ই প্র.]।

ফয্ করা=[সি]—ক্রি. জমি ভালো রকম চাষ করা ।। খুব্ ফয্ করি দান্ লাগাও।

ফয্‌কিয়া=[ব]—বিণ. বিলাসী ।। ফয্‌কিয়া লোকের্ হিশাব্ কম্। [দেখ ফচ্‌কা₂]।

ফয্‌য্বুল্=[খু]—বিণ. অনর্থক ।। ফয্‌যুল খরচ্‌' করা ভাল না। [দেখ ফজুন্]।

ফটক্=[টা]—বি. আলোক চিত্র, ফটো ।। যিন্‌না শাবের্ ফটক্‌টা কৈ রাখ্‌সে ? [<ফটো photo ইং+ক]।

ফটর্ ফটর্ করা=[পা]—বি. অধিক কথা বলা ।। সে ফটর্ ফটর্ করে। [<ফটর ফটর (অনু.)+ করা]।

ফটাং=[রা]—ক্রি. বিণ. চট করিয়া, তাড়াতাড়ি ।। পুলিশ্ চো'রের্ গালে ফটাং করি এক্ চড় কশে দিল্। [অনু.]।

ফটিং=[দি]—বিণ. ধবধবে ।। ফটিং জোশ্‌না। [ফটিক<স্ফটিক সং]।

ফটিংগের্ গ্যালাশ্=[পা]—বি. কাঁচের গ্লাশ ।। ফটিংগের্ গ্যালাশ্ অল্‌পতেই বাংগে। [দেখ ফটিং+ এর (সম্বন্ধে)+গ্লাস glass ইং]।

ফটিং গেলেশ্=[খু]—বি. কাঁচের গ্লাশ ।। ফটিং গেলেশ্ দ্যা পানি খাবা ভালো। [দেখ ফটিংগের্ গ্যালাশ্]।

ফটিংচাদ্=[রা]—বি. ভবঘুরে ।। কাজ নাই ফটিংচাদের্ মত ঘুরিশ্ খালি। [<ফটিকচাঁদ(নাম বিশেষ); অর্থ প্র.]।

ফটিক্=[য]—বিণ. অল্প ।। আমাদের পুকুরে এ্যাকেবারে ফটিক্ পানি। [দেখ ফটিং]।

ফটিক্‌খিরা=[কুম, ফ, ম]—বি. সাদা রংএর আংগুর জাতীয় ফল।। [দেখ ফটিং+খিরা হিং]।

ফটিক্ চাঁদ্=[কুম, ফ]—বি. ফুলবাবু ।। [দেখ ফটিংচাদ্]।

ফটো=[খু]—ক্রি. বিণ. একাকী ।। হরিন্ ফটো বাহির্ হয্ না।

ফটোক্=[ফ]—বি. আলোকচিত্র ।। আমার্ এক্‌টা ফটোক্ তুলা দর্‌কার্। [দেখ ফটক্]।

ফট্=[সি]—বি. ফণা ।। [<ফটা সং]।

ফট্‌কা=[পা]—বি. পিচকারী ।। [অর্থ প্র.]।

২=[রা]—বিণ. মিথ্যাবাদী ।। ফট্‌কা লোকের্ গল্‌পেই শার্। [অর্থ প্র.]।

ফট্‌কানো=[কুম]—ক্রি. ঝাড়া, ধূলা হইতে কোন বস্তুকে পৃথক্ করা ।। [<ফট হিং=ফাঁক+ক+আনো প্র.]।

ফট্‌কি=[রা]—বি. হেঁয়ালী ।। [তুং ফষ্টিনষ্টি]।

ফট্‌টেল্ বিয়ান—[ম]—বি. খুব সকাল ।। আমি ফট্‌টেল্ বিয়ানে আইসি। [<ফুট (স্ফুট)+আল+ বিয়ান (<বিভাত সং)]।

ফট্‌তাত্ করি=[সি]—ক্রি. বিণ. হঠাৎ, কথায় কথায় ।। [<হঠাৎ করিয়া]।

ফট্‌কিনাট্‌কি=[য]—বিণ. তুচ্ছ, ক্ষুদ্র ।। ফট্‌কি নাট্‌কি যিনিশ্ নিয়ে যগড়া কর্‌তি নাই। [তুং ফষ্টিনষ্টি]।

ফট্‌ফটা=[ম, রা, সি, পা]—বিণ. পরিষ্কার, ফুটফুটে ।। [<ফট্‌ফট্ (অনু.)+আ প্র.]।

ফট্‌ফটানো=[পা]—বি. না বুঝিয়া ঘন ঘন কথা বলা ।। অমন্ ফট্‌ফট্টাইস্ না, বুযস্ না ? [<ফট্‌ফট্ (অনু.)+ আনো প্র.]।

ফট্‌ফটে=[রা]–বিণ. অতি পরিষ্কার ।। [দেখ ফট্‌ফটা]।

ফট্‌ফট্যা=[টা]-বিণ. অতি পরিষ্কার ।। ফট্‌ফট্যা যোস্‌না আসে যাঅন্ যাইব। [দেখ ফট্‌ফটা]।

ফট্‌ফট্ করা=[ফ]—ক্রি. বেশী বক বক করা ।। অত ফট্‌ফট্ করিস্ না বল্‌সি। [দেখ ফট্‌ফটানো]।

২=[ব, রং]—ক্রি. অত্যন্ত পরিষ্কার দেখানো ।। কাপড়্‌খানা ফট্‌ফট করছে (রং)। [দেখ ফট্‌ফটা ; ফট্‌ফট্ +করা]।

ফট্‌ফডানো=[ব]—ক্রি. বড় বড় কথা বলা ।। যানি তোগো চো'দ্দ পুরুশের্ খবর্ ফট্‌ফডাইবি না। [দেখ ফট্‌ফটানো]।

ফট্‌ফডি=[ম]—ক্রি. বিণ. তাডা তাড়ি ।। ফট্‌ফডি কাম্ শাইরা ফেল্। [অনু.]।

ফট্‌ফৈটা মডর্=[চট]—বি. মোটর সাইকেল ।। [<ফট্‌ফট্ (ধ্বন্যা.)+ ইয়া+মোটর motor ইং]।

ফট্‌ফৈট্রো=[চট]—বিণ. ফুট্‌ফুটে ।। মাইয়াপোয়া ইয়া ফট্‌ফৈট্রো শুন্দর্। [দেখ ফট্‌ফটা+রা]।

ফট্‌ফৈডা=[ম]—বিণ. পাতলা ।। তুই বর ফট্‌ফৈডা মানুশ্। [দেখ ফট্ ফটা ; অর্থ প্র.]।

ফট্ মেলি=[সি]—অস. ক্রি. ফণা বিস্তার করিয়া ।। শাপ্‌টা ফট্ মেলি উবাইসে। [দেখ ফট্+মেলিয়া]।

ফট্‌রারিয়া=[ব]—অস. ক্রি. হঠাৎ করিয়া ।। না বুইয্যা ফট্‌রারিয়া কতা কওয়া বালা না। [<ফট্(ধ্বন্যা.)+ করিয়া]।

ফডর্ ফডর্ করা=[ঢা]—ক্রি. তাড়া হুড়া করা ।। বেশি ফডর্ ফডর্ কৈর্লে খেইল্তে লৈমু না । [<ফডর ফডর (অনু.)+করা]।

ফডিক্=[কুম]—বি. কাঁচ ।। ফডিকের্ গেলেশ্ দিয়া পানি লও । [দেখ ফটিং]।

ফড়্য়া=[রং]—বি. ফাঁকিবাজ ।। [<ফড়িয়া, ফড়ে (<ফড়্য়া হিং)]।

ফড়্=[রা]—বি. সুযোগ ।। ফড় বুইঝা কাম্ কর । [<ফট হিং=ফাঁক]।

২=[খু]—বি. জুয়া ।। ফড় খেলা হারাম্ । [<ফট সং]।

৩=[কু]—বি. গোরুর গাড়ির পাশের লম্বা বাঁশ ।। ফড়ের্ বাঁশ্ বাইংগা গেসে গাড়ি চ'লানো মশ্‌কিল্ । [দেখ ফড়্]।

ফড়্যন্ত=[খু]—বি. আত্মীয় ।। আয়্মলের্ ফড়্যন্ত রহিম্ । [< ফরযন্দ্ فرزند ফা.]।

ফতক্=[কুম]—বি. কূট কৌশল ।। ও'' আট্কান্ মুশ্‌কিল্ নানান্ ফতক্ ?।নে । [<ফতক فتق আং]।

ফতর্ ফতর্=[ঢা]—ক্রি. বিণ. তালিবালি ।। কামের্ শুমে ফতর্ ফতর্ করিস্ না । [অনু.]।

ফতন্=[কু, ফ]—ক্রি. বিণ. পয়লা ।।

ফতা=[দি, রা]—বি. স্ত্রীলোকদের পরিধেয় সেলাই বিহীন লুঙ্গি, চাদর জাতীয় বস্ত্র ।। [<ফতুয়া <ফতুহী فتوحی আং]।

ফতার্=[সি]—বি. সেহেরির সময় ।। [<ইফ্তার افطار আং ; অর্থ প্র.]।

ফতুয়া=[ফ]—বি. নিঃস্ব, দরিদ্র ।। [<ফুতুর فتور আং+আ প্র.]।

ফতে=[খু]—বিণ. শেষ ।। [<ফতহ্ فتح আং; অর্থ প্র.]।

ফত্যা=[ব]—বি. মৃত ব্যক্তির আত্মার মঙ্গলের জন্য দেয় ভোজ ।। তোর বাপের্ ফত্যাডা কর্‌লু না ? [<ফা'তিয়া <ফাতিহঃ فاتحه আং]।

ফত্তা=[কুম]—বি. ফতোয়া । মৌলবি শাব্ ফত্তা দিলেন্ । [< ফত্ত্বা فتوی আং]।

ফত্তে=[রা]—ক্রি. বিণ. শেষ ।। ঐ রোগি ফত্তে হয়েছে । [<ফওত فوت আং]।

ফতৈর্=[ঢা]—বি. শৃঙ্খলা ।। তার্ কামের্ কোনু ফতৈর্ নাই ।

ফত্ফতাইয়া=[সি]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ।। বেইল্ গেল্গৈ, ফত্-ফতাইয়া চ'লুক্কা । [<ফত্ফত্ (অনু.) +আ+ইয়া প্র.]।

ফত্ফাত=[সি]—বি. দ্রুত চলার শব্দ ।। [দেখ ফত্ফতাইয়া]।

ফত্রাঘি=[খু]—বি. বাড়াবাড়ি ।। ফত্রাঘি করিস্ না ।

ফত্না=[চট্ট]—বি. ফাঁপা বেলুন ।।

ফদোলি=[খু]—বি. অনাহুত ভাবে নিজেকে জড়িত করার অভ্যাস ।। [দেখ ফজুল্+ই প্র.]।

ফদ্দ=[চট্ট]—বি. ফর্দ ।। হিসাবের ফদ্দ । [<ফর্দ فرد আং]।

ফনা=[কুম]-বি. মাছের ছোট বাচ্চা ।। মাসের্ ফনা খাইতে খুব্ শাদ্ । [< পোনা (<পোতাধান সং)]।

ফনাত্ করি=[য]—ক্রি. বিণ. চিন্তা না করিয়া ।। ফনাত্ করি যা তা করে বশ না । [<ফনাত্ (অনু.)=হঠাৎ+ করিয়া]।

ফনাফল্=[য]—ক্রি. বিণ. দ্রুত ।। [<ফন্ ফন্ (অনু.)]।

ফনি=[কুম]—বি. দুই মাথাবিশিষ্ট চিরুনী ।। ফনি দি মাতা আচ্'রাও ।

ফনোশত্=[য]—অব্য. কিন্তু ।। [< পুনশ্চ]।

ফনোশ্=[চট্ট]—বিণ. পরিষ্কার ।। [<ফরসা (<স্ফর সং+সা)]।

ফন্=[খু, সি]—বি. ফাঁদ, ফন্দি ।। [<ফাঁদ; তুং ফনদ্ হিং فند ফা.]।

ফন্কারি=[য]—ক্রি. বিণ. শীঘ্র, তাড়াতাড়ি ।। বেশি দেরি করো না, ফন্ করি চ'লে আশুবে, বুযুলে ? [< ফন্ (অনু.)+করিয়া]।

ফন্টি=[পা]—বি. ঢং ।। ওশব্ ফন্টি বাদ্ দাও । [দেখ ফট্‌কি ; <ফন্দী (ফনদ্ হিং)]।

ফন্দি সন্দি=[পা]—বি. ফিকির, মতলব ।। ওশব্ ফন্দি সন্দি সাড় ।

ফন্দ্=[য]—বি. ছল ।। [দেখ ফন্]।

ফন্পাইন্যা=[চট্ট]—বি. দেমাগী, অসুখী ।। মুই ফন্পাইন্যা মানুশ্ দেখ্তা হার্তাম্ ন । [<ফন্ফন্ (অনু.)+ ইয়া প্র.]।

২=[চট্ট]—বিণ. বিস্তৃত ।। ফন্-পাইন্যা মাট্দ্যা এক্‌লা যাইতে ন পারো ? [অর্থ প্র.]।

ফন্ফনায়ে=[য]—ক্রি. বিণ. দ্রুত বেগে ।। শে ফন্ফনায়ে চ'লে গেল্ । [<ফন্ ফন্ (অনু.)+আ+ইয়া]।

ফন্ফনিয়া=[ব]—বিণ. তাজা ।। [ফন্ফন্ (অনু.)+ইয়া প্র.]।

ফন্ফন্=[ঢা]—ক্রি. বিণ. ডগমগ ।। লাউ গাস্‌টা ফন্ ফন্ করে । [অনু.]।

ফন্ফৈন্আ=[চট্ট]—বিণ. শুষ্ক, ঝর ঝরে ।। [দেখ ফন্ফনিয়া ; অর্থ প্র.]।

ফফেকার্=[পা]—বিণ. বাজে কথা বলা অভ্যাস যাহার ।। সেলেটি বড় ফফেকার্ । [দেখ ফকর্ দালালি ; ফফড় <ফক্কড়]।

ফফ্চ'া=[য]—বি. মাছ ধরার যন্ত্র ।। ফফ্চ'া দিয়া দুইদিন্ মাস্ দৈর্‌লাম্ ।

ফবেফবে=[পা]—ক্রি. বিণ. বারবার [<পব (<পর্ব সং)+এ (বিভক্তি) +পর্বে]।

ফম্=[ব]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ।। [অনু.]।

২=[রং, চট্ট, কু]—বি. স্মরণ ।। আউ মোর্ ফমে না আছ্‌লো (রং) । [<ফহম্ فهم আং]।

ফম্ হওয়া=[রা]—ক্রি. খেয়াল বা হুঁশ হওয়া ।। [দেখ ফম্$_2$ +হওয়া]।

ফয়ার্=[চট্ট]—বি. শেষ ।। [দেখ ফতুয়া ; ফুতুর]।

ফয়েগা=[বা]—বি. হালকা কথা ।।

ফয়চলা=[রং]—বি. ফাঁকি ।। মুই তোর্ ফয়চলা কতা না শোনো। [<ফয়সলঃ فيصله আং; অর্থ প্র.]।

ফয়তা=[পা, রা]—বি. ফাতেহা, মৃত্য ব্যক্তির পুন্যার্থে দেয় ভোজ ।। চা'চা মিয়ার্ ফয়তা পড়ান্ নাইগ্‌ব (পা)। [দেখ ফত্যা]।

ফয়ত্যা=[ব]—বি. ভোজ ।। লোক্টা এত টাকা পয়্শা রাখি গেল্ আর্ সেলেরা এক্টা ফয়ত্যাও দিল্ না। [দেখ ফত্যা]।

ফয়দা=[ম, য]—বি. শ্রাদ্ধ ।। [দেখ ফত্যা]।

ফয়রান=[সি]—বিণ. ক্লান্ত, হয়রান ।। [<হয়রান حيران আং]।

ফয়লা=[য, ফ, ম]—বি., বিণ. ফাঁক, ময়দান, প্রশস্ত, পরিষ্কার, ঐশ্বর্যশালী, গরব ।। কাডের্ ফয়লাটা বেশি বর করিশ্ না (ম)। [<ফাসিলঃ فاصله আং]।

ফয়লি=[চট্ট]-বি. পাগলী, পাগলিনী ।। ই ফয়লিডা বড় শৈতান্। [<পায়লী <পাগল+ই স্ত্রী প্র.]।

ফয়সল=[ফ]—বি. মীমাংসা ।। তার্ কামের্ এ্যাক্টা ফয়সল্ কৈর‍্যা দ্যাও। [<ফয়সলঃ فيصله আং]।

ফয়সাদ=[ম]—বি. ঝগড়া, বিবাদ ।। এ্যাত ফয়সাদ্ কর কিল্লাই? [<ফসাদ فساد আং]।

ফরং ফরং করা=[সি]—ক্রি. বাবুগিরি করা, ফুটানি করা ।। বেশি ফরং ফরং করিস্ না। [<ফরং ফরং (অনু.) +করা]।

ফরত=[ম]—বি. ভাঁজ ।। কাপর্ দুই ফরত্ করি গাও দ্যাও। [<পরত (<পত্র)+; তুং ফরদ فرد আং]।

ফরদ=[কুম]—বি. তালিকা ।। [দেখ ফর্দ]।

২=[চট্ট]—বি. পাতা ।। [দেখ ফরদ্; অর্থ প্র.]।

ফরল্যা=[ম]—বিণ. বন্ধ্যা ।। ফরল্যা সাগির্ আয়ু কম্।

ফরল ভাশান=[রা]—বি. বর কনের অদৃষ্ট নির্দেশক গণনা ।।

ফরা=[ম]—বি. সরা, ঢাকনী ।। পাইল্‌ল্যার্ মুহে এ্যাক্টা ফরা দ্যাও। [< হরা<সরা]।

২=[ব, রা]—বি. পাখা, পালক ।। মুরগির্ ফরা দিয়ে কানের্ বিতর্ চুল্‌কালে আরাম্ লাগে (ব)। [<পর پر ফা.+আ প্র.]।

ফরাঅত=[চট্ট]—বিণ. প্রচুর ।। [<ফরাগত فراغت আং]।

ফরাইং=[ঢা]—বি. <ফড়িং ।।

ফরাইয=[ফ]—বি. উত্তরাধিকারত্ব বন্টন ।। ফরাইয্ অনুশারে যা পাও তা নিয়া যাও। [<ফরাইয فرائض আং]।

ফরাও=[রং]-বি. আহ্লাদ ।। ছেলেটার্ বড় ফরাও হৈছে। [<ফুর (<স্ফুর সং)+আও প্র.]।

ফরাগত=[খু]—বি. গর্ব ।। কেরানির চা'ক্‌রি কৈর‍্যা এত ফরাগত্? [দেখ ফরাঅত্]।

২=[চট্ট]—বি. তফাৎ ।। হেইতার্ লগে ফরাগত্ খুব্ বেশি রৈল্। [অর্থ প্র.]।

৩=[সি]—বিণ. সম্পদশালী, ধনবান্ ।। তাইন বর ফরাগত্ মানুশ্ আসৈন্। [অর্থ প্র.]।

ফরাযি=[ম, কুম]—বিণ. পুণ্যবান, ধার্মিক ।। উনি ফরাযি মানুশ্। [দেখ ফরাইয্+ই প্র.; অর্থ প্র.; উপাধি বিশেষ; যিনি শরিয়তের আদেশ নিষেধ পালন করেন]।

ফরাদি, ফরাদিয়া=[সি]—বিণ. নিকৃষ্ট ।। দানের্ চিয়্ যান্ ফরাদি না অয় বদ্‌নামি ঐবো।

ফরানি=[ফ]—বি. মসল্লা ।। [< ফোড়ন (<স্ফুরন সং)+ই প্র.]।

ফরানো=[ফ]—ক্রি. মারধোর করা ।। [পরে দেখ; অর্থ প্র.]।

২=[কুম]—ক্রি. শেষ হওয়া ।। [< ফুরানো (<পূরণ<পূর্ণ)]।

ফরাশ=[সি]—বি. এক রকম মোটা বরবটি ।। ফরাশ্ গাস্ বেশি বর অয় না।

ফরাসত=[চট্ট]—বিণ. সন্তুষ্ট, যথেষ্ট ।। ফরাসত হৈয়ে আর্ ট্যাহা ন লাইগ্‌ব। [দেখ ফরাঅত্]।

ফরি=[চট্ট]—বি. পাহাড়া ।। [< পহর<প্রহরা সং]।

ফরিংগা=[ঢা]—বিণ. শুকনা কাঁচা ।। ফরিংগা মরিচ্'ও টেকা হের্ বিকাইয়া গেল্।

ফরিদান=[চট্ট]-বি. ভাজিবার চ্যাপটা হাতলবিশিষ্ট পাত্র ।। ফরিদানত্ করি আন্‌ডা ভাব্। [<ফরাই<ফ্রাই fry ইং+দান دان ফা. প্র.]।

ফরিনদা=[রং]—বিণ. কর্মতৎপর ।। লোক্টা খব্ ফরিনদা। [<কারিন্দহ্ کارنده ফা.]।

ফরিয়া=[রং কুম]—বি. ছোট কারবারী ।। [<ফড়িয়া<ফড়ুয়া হিং]।

২=[সি, রং]—বিণ. সুচতুর ।। পুয়াটা বর ফরিয়া। [অর্থ প্র.]।

৩=[কুম]—বি. চিতল মাছ ।।

৪=[ঢা]—বি. ফেরিওয়ালা ।। ফরিয়া আইসে। [দেখ ফরিয়া]।

ফরু=[ম]—বি. সরিষা ।। ফরুর্ তেল্ আন। [<হরু<সরু (<সর্ষপ সং)]।

২=[সি]—বিণ. ছোট ।। আমার্ ফরু পোলা বাত্ খায্ না। [অর্থ প্র.]।

ফরুবাত্‌তি=[সি]-বিণ. প্রায় পাকা ।। [দেখ ফরু (অল্প) + বাত্তি (বাদি সং) =পক্ক; অর্থ প্র.]।

ফরুয়া=[চট্ট]—ক্রি. বিণ. পরশু ।। আঁই ফরুয়া আইয়্যে। [<পরশু +গ]।

২=[রং]—বিণ. দুষ্ট ।। আছ্ছা ফরুয় চ্যাংড়া। [<হওর < শওর (< কর)+উয়া প্র.]।

ফরেদি=[ফ]—বি. ফরিয়াদী ।। তোমার্ বিরুদ্দে অনেক্ ফরেদি খাড়া সে। [<ফরয়াদ فریاد ফা.+ই প্র.]।

ফর‍্যা=[পা]—বি. পালক ॥ মুরগির্ ফর‍্যাত্ ত্যাল্ বরাইয়্যা কানে দ্যাও। [দেখ ফরা১]।

ফরেশ‌শা=[চট্ট]—বি. এক প্রকার পুষ্পযুক্ত ছোট গাছ ॥ ফরেশ্‌শা গাসের্ ফুল্ শোন্দর্।

ফর=[কুম]—বি. আলো ॥ যানালা খুইলা দ্যাও, ফর্ আইবো। [<পহর <প্রসর সং]।

২=[সি]—বি. প্রজাপতি ॥ [< ফড়িং (<পতঙ্গ সং)]।

৩=[কুম, ফ]—বি. পালক ॥ মুরগির্ ফর্ ফালাও। [দেখ ফরা১]।

৪=[রা]—বি. পরিকল্পনা ॥ [< হড়<ষড়(যন্ত্র)]।

৫=[রং, রা]—বি. গাড়ীর উপরিভাগে লম্বালম্বি রাখা বাঁশ ॥ [<ফটা সং]।

৬=[চট্ট]—বি. দুধের সর ॥ দুধত্ ফর্ ন্ পড়ে। [<হর<সর সং]।

৭=[চট্ট]—বি. কাদা ॥ ফরত্ বাইম্ মাস্ শিং মাস্ থাযে।

ফরকন দেওয়া=[চট্ট]—ক্রি. রাগ হওয়া ॥ কতাডা না কৈতেই ওরা ফর্‌কন্ দিয়া ওডে। [<ফরকান (<ফরক فرق আং+আন প্র.)+দেওয়া]।

ফর করা=[রা]—ক্রি. বাজেট করা ॥ মজ্‌লিশের্ বাজারের্ এক্‌টা ফর্ কর। [দেখ ফদ্দ+করা]।

ফরকা=[চট্ট]—বিণ. চালাক ॥ ফর্‌কা চ'াকর্। [<ফক্কর+আ]।

২=[রং]—বি. ঝলক ॥ [দেখ ফর্‌কানো১]।

ফরকানো=[রা]—ক্রি. রাগে গরগর করা ॥ [দেখ ফর্‌কন্ দেওয়া]।

২=[রা, ব]—ক্রি. চমকানো ॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

ফরযন=[ম]—বি. সন্তান ॥ [দেখ ফড্ যন্ত]।

ফরডাশি=[কুম]—বি. বাঁশের তৈরী বন্দুক ॥

ফরতা=[কুম]—বি. চড়া বাজার ॥ ফর্‌তা বাযারে মাল্ বেচ'া দর্‌কার্।

ফরতি=[চট্ট]—বি. কচিপাতা ॥ [পতর (<পত্র)+ই প্র.]।

ফরদ=[ম, য]—বি. তালিকা ॥ যেওরের্ ফর্‌দ কর। [দেখ ফদ্দ]।

ফরদ ফরাগ=[ব]–ক্রি. বিণ. পৃথক, আলাদা ॥ [<ফর্‌দ فرد আং+ফরক فرق আং]।

ফরদা=[খু]—বি. মুক্ত, খোলা ॥ [দেখ ফরাঅত্+আ প্র.]।

২=[চট্ট]—বি. মার্বেল খেলার গর্ত ॥ মার্‌বেলগুটি ফর্‌দাত্ পৈর্‌গ্যে।

৩=[খু]—ক্রি. বিণ. অনর্থক, অকারণ ॥ ফর্‌দা বশি গপ্ করিশ্ না।

ফরদে=[ম]—ক্রি. বিণ. দূরে ॥ [দেখ ফর্‌দা+এ (বিভক্তি)]।

ফর দেওয়া=[কুম]—ক্রি. পাহারা দেওয়া ॥ আউখ্‌গুলা বর ঐলে ফর্ দিতে ঐব নৈলে হিয়ালে খাইয়া হ্যালাইব। [দেখ ফরি+দেওয়া]।

ফরদো দিয়া=[পা]—ক্রি. বিণ. ফাঁক দিয়া, দূর দিয়া, তফাৎ দিয়া ॥ এক্‌টু ফর্‌দো দিয়া যাইশ্। [দেখ ফর্‌দা+দিয়া]।

ফরপোডা=[চট্ট]-বি. বড় পুঁটিমাছ ॥ [<বড়+পোঁটা(<পুঁটি) ; বৃহদার্থে]।

ফরফরা=[নো]—বিণ. নিঃসন্দেহে সন্তুষ্ট, সন্দেহ মুক্ত ॥ ওর্ কতা হুনি মন্‌ডা ফর্‌ফরা ঐ গেল্ গৈ। [< ফর্‌ফর (অন.)+আ]।

২=[সি]—বিণ. চালাক ॥ সেলেটা বর ফর্‌ফরা। [অর্থ প্র.]।

৩=[পা]—বিণ. পরিষ্কার ॥ ফর্‌ফরা কাপড়্। [অর্থ প্র.]।

ফর ফরাই=[চট্ট]—অস. ক্রি. ফর ফর করিয়া ॥ ই পোয়াউয়া ফরফরাই কথা কৈতে হারে। [দেখ ফর্‌ফরানো]।

ফরফরানো=[ম]—বি. অতিরিক্ত কথা বলা ॥ [<ফরফর(ধ্বন্যা.)+আনো প্র.]।

ফরফরিয়া=[ব]—বিণ. ধারালো ॥ [দেখ ফর্‌ফর্+ইয়া প্র.]।

ফরফরো=[ফ]-বি. ছোট প্রজাপতি ॥

ফরফর=[ঢা, য]—বি. চাতুরি, চঞ্চলতা ॥ কত আর্ ফর্‌ফর্ কর্‌বি ? [অনু.]।

ফরফহরা=[ঢা]—বিণ. বাচাল ॥ লোক্‌টা বর ফর্‌ফহ্‌রা। [দেখ ফর্‌ফরা২]।

ফরফৈরা=[ঢা]—বিণ. ফুটফুটে, পরিষ্কার ॥ ফর্‌ফৈরা রাইত্। [দেখ ফর্‌ফরা৩]।

ফরবা=[চট্ট]— বি. উদ্বেগ ॥ গর্‌বা আইলে ফর্‌বা কি ? [<পর্‌বা پروا ফা.]।

ফর বাইর করা=[প]—ক্রি. কোন বিষয় অতিরঞ্জিত করা ॥ [দেখ ফরা২ +বাহির করা]।

ফরমতি=[চট্ট]—বি. পাটখড়ি ॥ ফর্‌মতি দি আউন্ ধরা ॥

ফরমাইচ'=[ঢা]—বি. আদেশ, চাহিদা ॥ [<ফরমাইশ্ فرمائش ফা.]।

ফরমাইয=[ফ]—বি. কোন কিছু করিতে বলা ॥ [দেখ ফর্‌মাইচ্']।

ফরমাশি=[ম]—বিণ. আদেশ কৃত ॥ [দেখ ফর্‌মাইচ্'+ই প্র.]।

ফররা=[ফ]—বি. কাগজের নিশান ॥ [<ফরৈরা হিং]।

২=[ব]—বি. বেশী মূল্য, অতিরিক্ত দাম ॥

ফরলা=[সি]—বি, পাখী শিকারের বাঁশের যন্ত্র বিশেষ ॥

ফরশ=[য]—বিছানা ॥ [<ফর্‌শ فرش আং]।

ফরশা=[রা]—বি. ফলকবিশিষ্ট লৌহ যন্ত্র, বল্লম ॥ এ্যাক্‌টা ফর্‌শা থাক্‌লে চার্‌টে ডাকাত্‌ও কিছু না। [<বর্শা]।

ফরসাং=[য]—বি. তিন মাইল পরিমাণ দূরত্ব ॥ [<ফরসংগ فرسنگ ফা.]।

ফরসাত=[পা]—বি. ফিরিস্তি ॥ এ্যাত শব্ শদায়ের্ ফর্‌সাত্ দিত্যাম্, পয়্‌শায়্‌তো কুলাইবো না। [< ফিহ্‌রস্ত فهرست ফা.]।

ফর্‌সি=[ম,য]—বি. হুঁকা ।। ফর্‌সিডায়্‌ তামুক্‌ দ্যাও। [দেখ ফর্‌শ+ই প্র.]।

ফর্‌সির্‌=[কুম]—বি. গড়গড়া ।। ফর্‌সির্‌ উক্‌কাডা লৈয়া আইস্‌। [দেখ ফর্‌সি]।

ফলং=[সি]—বি. লম্ফ ।। পুয়াডা ফলং দিল্‌। [<ফাল<লাফ<লম্ফ সং]।

ফলদ্‌=[চট্ট]—বি. (ঢেঁকিতে) পাড় ।। যল্‌দি ফলদ্‌ দেঐ যাগৈ।

ফলা=[রং]—বি. তক্তা ।। তামাম্‌ গাছটা ফলা কর্‌। [<ফলক সং]।

২=[ম, সি]—বি. ছোট লাঠি ।। আলের্‌ ফলা কৈ? [<ফলক; অর্থ প্র.]।

৩=[ব, খু]—বি. অর্ধাংশ, অর্ধেক ভাগ ।। এক্‌ ফলা নারিকেল্‌। [দেখ ফলা]।

৪=[চট্ট]—বি. মাছের কানের নিচের জালি, কানকো ।। মাসর্‌ ফলা চুঁশি ফেলি দে ।।

৫=[খু]—বি. অনুসরণ ।। ভাল লোকের্‌ ফলা করা উচিত্‌। [<ফলো follow ইং]।

ফলাকাচি'=[চট্ট]—বি. চারা রোপণের জন্য ছোট গর্ত করার উপকরণ ।। ফলাকাচি'দি বাইয়নর্‌ চ'রার্‌ গান্‌তি কর্‌। [দেখ ফলা$_2$+কাঁচি]।

ফলান্‌ দফান্‌=[য]—ক্রি. বিণ. যাচ্ছেতাই ।। [দেখ ফল্‌নাদফ্‌না; ফুলান فلان আং=অমুক+দফান অনুঃ; তুং অমুক তমুক]।

ফলাল্‌=[ঢা]—বি. অপচয়, অপব্যয় ।। ট্যাহা পয়শা ফলাল্‌ কৈরা ফালাইল্‌। [<হালাল<হজাল حلال আং; অর্থ প্র.]।

ফলাশ্‌=[চট্ট]—বি. ধান বিশেষ ।।

ফলি=[পা, দি, ঢা]—বি. এক প্রকার মাছ, চিতল মাছ। [<ফলী সং]।

২=[ঢা]—বি. শুকনা আম, আমের আচার ।। বাইরা মাশে ফলি খাইতে বালা। [<ফলই<ফলশি (<ফল+শি)]।

৩=[য]—বি. চেরা বাঁশের অংশ ।। [দেখ ফলা+ই প্র. ক্ষুদ্র অর্থে]।

ফলিকানি=[চট্ট]—বি. ফলি মাছের বাচ্চা ।। এই পুগুইড়্‌ডায়্‌ ফলিকানি বড়া।

ফলিয়া=[সি]—বি. এক প্রকার কাল মাছ ।। [দেখ ফলি]।

ফলৈ=[চট্ট]—বি. বাঁশের শেল ।। [দেখ ফলি$_3$]।

ফল্‌=[চট্ট]—বি. শশা ।। ফল্‌ খাইলে তিরাশ্‌ কমে। [অর্থ প্র.]।

২=[রা]—বি. আম ।। [অর্থ প্র.]।

৩=[রং]—বি. ডিম ।। ফল্‌ ভাজা দি ভাত্‌ খাছু। [অর্থ প্র.]।

৪=[ব, রা]—বি. সজিনা। [অর্থ প্র.]।

ফল্‌কি=[য]—বি. ফলুই মাছ ।। [দেখ ফলি+কি]।

ফল্‌কিয়া=[য]—অস. ক্রি. লাফাইয়া ।। [দেখ ফর্‌কানো; অথবা দেখ ফলং+আনো]।

ফল্‌টি=[রা]—বি. জাল বুনার কাঠি ।। [দেখ ফলি$_3$+টি প্র.]।

২=[সি]—বি. অপক্ক ।। ফল্‌টি আম্‌গুইন্‌ পাইর না। [<ফল+টি প্র.]।

ফল্‌তা=[রা]—বি. বাড়তি অংশ ।। একেবারে চাউল্‌ ভাতে ফল্‌তা দিছ্‌ছে। [<ফালতূ উর্দু]।

২=[কু]—বি. বড়শীর ফাতনা ।। ফল্‌তা ডুবে গিসে তাও টান্‌ মার্‌স না কেন্‌। [<ফাতনা<ফাতা<পাতা (পত্র)+না প্র.]।

ফল্‌ দেখা=[রং, ফ]—ক্রি. মেয়েদের প্রথম ঋতুস্রাব হওয়া ।। [অর্থ প্র.]।

ফল্‌না=[রা]—বি. গালি বিশেষ ।। [<ফুলান فلان আং=অমুক]।

২=[ম]—বি. যোনিদ্বার ।। [পূর্বে দেখ; তুং ফলান হিং]।

৩=[খু]—বি. স্তন ।। আল্‌গা ফল্‌না পেলে কেউ কি বশে থাকে। [অর্থ প্র.]।

ফল্‌না তপ্‌শি=[সি]—বি. অমুক তমুক ।। [দেখ ফল্‌না + তস্‌কা (অনুঃ)]।

ফল্‌না দফ্‌না=[ফ]—বি. অমুক তমুক ।। [দেখ ফলান্‌ দফান্‌]।

ফল্‌নি=[বা]—বি. জালের ফাঁস ।।

ফল্‌ফলা=[রং]—ক্রি. বিণ. সাদা ধবধবে ।। কাপড়্‌খান্‌ দুয়ে ফল্‌ফলা কর। [ফল্‌ফল্‌ (অনু.)+আ]।

ফল্‌ফলি=[ঢা, কুম,]—বি. ঘটা, জাঁক ।। তার্‌ খাওয়ার্‌ ফল্‌ফলি আসে খুব। [দেখ ফল্‌ফলা+ই প্র.]।

ফল্‌ফাখ্‌রা=[চট্ট]—বি. গাছের ফল ।। ফল্‌ফাখ্‌রা ব্যাবাক্‌গুইন্‌ বাদুরে খাই-লাইয়ে। [<ফল + পাব (<পর্ব) +ড়া প্র.]।

ফল্‌বাশ্‌শে=[কুম]—বি. অমাবস্যা ।। ফলবাশ্‌শে রাইতে রোগির্‌ বাত্‌ খাওন্‌ মানা। [< অমা > আম=ফল+বস্যা; বিশেষ প্রয়োগ]।

ফল্‌লা=[কুম]—বি. বড় টুকরা ।। [দেখ ফলা]।

২=[ম]—সর্ব. অমুক ।। ফল্‌না লোক্‌টা বালা না। [দেখ ফল্‌না]।

ফল্‌লানো=[কুম]—ক্রি. ফালিফালি করা ।। কুমরাডা ফল্‌লাইয়া ফেলি? [দেখ ফল্‌লা+নো প্র.]।

ফল্‌লান্‌=[চট্ট]—ক্রি. ফুসলানো ।। ফল্‌লাই ফল্‌লাই তারে বাশাত্‌ নেয়্‌। [<ফুসলান]।

ফল্‌শা=[সি]—বি. ফুসফুস ।। [< ফেপ্‌সা<ফুপ্‌পুস সং]।

ফল্‌শি=[সি, ফ, পা]—বি. টক ফলের আচার, আমসি ।। [দেখ ফলি$_2$]।

ফশল্‌ কথা=[খু]—বি. রূপকথা ।। [< ফসল فصل আং; আসলের বিপরীত অর্থে=কৃত্রিম]।

ফশাফশ্‌=[কুম]—অব্য. ধান কাটিবার আওয়াজ ।। [ধ্বন্যা.]।

ফশাফস্‌তি=[দি]—বি. গণ্ডগোল ।। ভাইয়ে ভাইয়ে ফশাফস্‌তি করাটা ভাল

নয়। [দেখ ফয়দাদ্ + ফসাদি ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

ফশি=[য]—ক্রি. বিণ. মীমাংসা ।। সোজা তার্ লগে দেখা করে বিশয়টা ফশি কর্সি। [<ফসীহ فصيح আং ; অর্থ প্র.]।

ফশের বেপার=[ব]—বি. প্রতারণা-মূলক কার্য ।। [<ফস(অনু.) + এর (সম্বন্ধে)+ব্যাপার]।

ফশকাট যাওয়া=[দি]—ক্রি. ছুটিয়া যাওয়া। [<ফসকাইয়া যাওয়া]।

ফশকরি দেওয়া=[রা]—ক্রি. বি. কানমন্তর দেওয়া ।। ফশ্করি দিয়ে মোর্ চাকরে ভাগ্ নিয়ে গেল্। [< ফস্ (অনু.)+করিয়া দেওয়া]।

ফশকল=[পা]—বি. খোলা স্থান, ফাঁক ।। এক্টুও ফশ্কল্ নাই। [< ফশ্কা+ল প্র.]।

ফশকা=[ম]—বিণ. দুষ্ট ।। [< ফাসিক فاسق আং]।

ফশকানো=[রা]—ক্রি. পালাইয়া যাওয়া ।। চোর্টা ওর্ হাত্ হতে ফশ্কে গেল্। [ফসকানো ; নামধাতু]।

ফশক্যা=[ফ]—বিণ. ফাজিল, দুষ্ট ।। [দেখ ফশ্কা]।

ফশটানি=[খু]-বি. চাতুরি, প্রতারণা ।। [দেখ ফশ্টি+আনি প্র.]।

ফশটি=[ফ, পা]—বি. চাল, স্ফূর্তি।। [<ফষ্টি<পরিহাস+টি প্র.]।

২=[রা, ম]—বি. আড়ম্বর, গর্ব ।। [অর্থ প্র.]।

৩=[রা]—বি. ঘৃণা ।। ফশ্টি করা ভাল না। [অর্থ প্র.]।

৪=[রা]—বি. ধাঁধা ।। কর্মা চাচা ফশ্টি কৈত্যে পারে রে। [< অর্থ প্র.]।

ফশটি করা=[চা]—ক্রি. অহংকার করা ।। [দেখ ফশ্টি+করা]।

২=[চা]—ক্রি. বেশী বাছবিচার করা ।। ফশ্টি কৈর্তে কৈর্তে তোমার্ মাইয়া বুরি ঐল্। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

ফশটি গুতানো=[পা]—ক্রি. বি. আড়ম্বরপূর্ণ কথা বলা ।। দ্যাখ্ বেশি ফশ্টি গুতাশ্ না। [দেখ ফশ্টি+গুঁতা +নো প্র.]।

ফশফশাইয়া=[ফ]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ।। ফশ্ফশাইয়া কাম্ শাইর্যা নও। [ফস্ফস্ (অনু.) +আ+ইয়া প্র.]।

ফশফশি=[ম]-ক্রি. বিণ. তাড়াতাড়ি।। [দেখ ফশ্ফশাইয়া]।

ফশফশ=[চা]—বি. এক প্রকার ফাঁকা আওয়াজ ।। হাপ্টা ফশ্ফশ্ করে। [ধ্বন্যা.]।

ফশফৈশশা=[চট্ট]—বিণ. খসখসে।। লাউপাতা ফশ্ফৈশ্শা, পুঁই পাতা মুলায়্। [<ফস্ফস্ (অনু.)+ইয়া প্র.]।

ফশ ভাশা=[রা]—ক্রি. খেয়াল বা হুঁশ হওয়া ।। শব্ টাকা পয়্শা নশ্ট করে ফশ্ ভাশালে কি আর্ হবে?

ফশলা=[রা]—বি. আমসি, আচার বিশেষ ।। ফশ্লা গুলাক্ এথা রাখিনু, তুই কি খাইয়েছিশ্? [<ফলশি]।

ফসর ফসর=[ফ]—ক্রি. বিণ. বক বক ।। [অনু.]।

ফসাত=[ফ]—বি. গণ্ডগোল ।। [< ফসাদ فساد আং]।

ফসাদি=[সি, ম]-বি. হাংগামাকারী ।। লোক্টা বর ফসাদি। [দেখ ফসাত্+ই প্র.]।

ফসিনা=[ম]—বি. ঘাম ।। কামের্ ঠেলায় শরিল্ দিয়া ফসিনা যৈর্তাসে। [<পসীনা হিং]।

ফসকা=[কুম]—ক্রি. বিণ. ঢিলা ।। ফস্কা বাইন্দ না। [ফস্খ فسخ আং]।

২=[চা]—বিণ. বেফাশ, ঢিলা ।। ফস্কা কতা কৈও না। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

ফসফাস=[ব]-বি. আলগা মাতব্বরী ।। [দেখ ফশ্ফশি]।

ফসফ্যাসা=[রা]—বিণ. নরম ও ঢিলা ।। ফস্ফ্যাসা করি বাধ কেন্? [<ফস্ফস্ (অনু.)+আ প্র.]।

ফসলা=[কুম]—বি. মীমাংসা ।। কাইয্যার্ এ্যাক্টা ফস্লা কর। [দেখ ফয়্সল্]।

ফসসাত করি=[সি]—ক্রি. বিণ. চট্ করিয়া, হঠাৎ করিয়া ।। ফস্সাত্ করি ফুযুল্ কতা মাতিও না। [<ফস্ সাৎ (অনু.)+করিয়া]।

ফসসি খেলা=[ম]——বি. ছোট শিশুদের লুকোচুরি খেলা বিশেষ ।।

ফহর=[ম]—বি. গর্ব ।। হে ফহর্ করে। [দেখ ফকর্]।

ফহির=[ব, চা]—বি. ফকির, ভিক্ষুক ।। ফহির্ডারে বাত্ দেও। [দেখ ফকনি]।

ফা

ফাআদোল=[নো]—বি. বড় ছিদ্র-বিশিষ্ট জাল ।। আমার্ একটা ফাআদোল্ আসে। [<ফাঁকা+জাল]।

ফাই=[খু]—বি. ফাঁকি, মিথ্যা ।। সেলেটা কি দুশ্ট ফাই দিয়ে চ'লি গেল্। [<ফাঁকি]।

২=[কুম]—বি. দিক্ ।। চ'ল্ এই ফাই যাইগ্যা। [<পাই<পানে]।

৩=[বা]—বি. মাছ ধরিবার ফাঁদ ।।

৪=[কুম]—বি. (জালের) ঘাই ।। যালের্ ফাই সিরা গেসে। [<ফাঁই< ফাঁক (<ভাগ<ভগ্ন)]।

ফাইকেড়্=[য]—বি. চতুর ।। ওর্ মত ফাইকেড়্ তির্ভুবনে নেই। [<পাইকার<পয়কর پیکر ফা.]।

ফাইগ্যা=[কুম]—বি. অসুবিধা ।।

ফাইছালা=[রা]—বি. মীমাংসা ।। মাম্‌লাডা আর্ কত কাল্ ঐব, ফাইছালা ঐব না ? [দেখ ফয়্‌সল্]।

ফাইয্‌লামি=[ব]—বি. চালাকী ।। বেশি ফাইয্‌লামি করো না। [<ফাযিল فاضل আং+আমি প্র. ; অর্থ বিকৃতি]।

ফাইট্=[ম]—বি. দূর ।। আমারে শব্ সময় ফাইটে রাখ্‌ত চাঁও কেরে ? [<ফাট(<স্ফট সং)]।

২=[ফ]—বি. সুযোগ, অবসর ।। বাবান্ আমারে এক্ ফাইটে আইশা দেইহ্যা যাইবা। [অর্থ প্র.]।

৩=[ম, নো, কুম]—বি. ফাঁক ।। বেরার্ মৈদ্দের্ ফাইট্ দিয়া আলো দ্যাহা যায়। [দেখ ফাইট্]।

৪=[কু, ফ]—বিণ. তৈয়ার, উপযুক্ত ।। [<পাইট<পাটী সং]।

ফাইড্=[চট্ট]—ক্রি. বিণ. দূর ।। একেবারে বিরিস্ না কিন্তু ফাইড অ। [দেখ ফাইট্]।

ফাইড়া=[কু]—বি. ছোট চিতল মাছ ।। ফাইড়ার্ যা কাটা কেমন্ করে খাবো। [দেখ ফলি]।

ফাইন্‌দা=[ম]—ক্রি. বিণ. চটিয়া, জোরে লাফাইয়া ।। তার্ কতায় হে ফাইন্‌দা উঠিল্। [<ফাল <লাফ (<লম্ফ)+দিয়া]।

ফাইত্‌লা=[ম]—বি. পাতিল ।। ফাইত্‌লাত্ আলু আসে। [<পাতিল+আ]।

ফাই ফাই করা=[রং]—ক্রি. খুব ক্লান্ত হইয়া নিঃশ্বাস ফেলা ।। এতটুক্‌কু দৌড়াই ফাই ফাই কর্‌ছ? [ফাইফাই (অনু.) +করা ; সাধু হাঁই ফাঁই করা]।

ফাই ফ্‌ই=[ঢা]—বিণ. বাজে ।। বেশি ফাইফুই কতা কৈও না। [<ফাঁকি ফুকি]।

২=[কুম]—বি. ফাঁকি ।। ফাইফুইর্ মাল্ বেশিদিন্ টিহে না। [পূর্বে দেখ]।

ফাইবাংগা=[বা]—বি. অতিরিক্ত চালাক ।। ফাইবাংগার্ ঠাই নাই। [দেখ ফাই +ভাঙ্গা=ভাঙ্গে বা ছিঁড়ে যে]।

ফাইয়া=[কুম]—বি. ওজনের আট সের ।। দানের্ ফাইয়ার্ দাম্ এ্যাক্ টেহা।

ফাইরা=[চট্ট]—বি. ভিক্ষুক ।। ফাইরায় আবার্ সলা বিসায়্। [দেখ ফহির্+আ প্র.]।

ফাইরা যাওয়া=[ঢা]—ক্রি. ছিঁড়িয়া যাওয়া ।। কাপর্‌ডা ফাইরা গেল্। [<ফাড়িয়া যাওয়া]।

ফাইর‍্যা=[কুম]—অস. ক্রি. ছিঁড়িয়া ।। আমার্ যামাটা কন্‌চিঁত্ বাইয়া ফাইর‍্যা গ্যাসে। [দেখ ফাইরা যাওয়া]।

ফাইর্=[কুম]—বি. পাড়, সীমন্ত ।। কাপরের্ ফাইর্‌ডা লাল্। [< পাইড় <পাড় (<পাটক সং)]।

ফাইলা=[কুম]—বি. পাতিল ।। এক্ ফাইলা বাত্ বশা। [দেখ ফাইত্‌লা]।

২=[কুম]—বি. চটের খণ্ডিত অংশ ।। বারান্দায়্ ফাইলাটা বিসাইয়া বৈশ্। [<ফালি]।

৩=[রং]—বি. ফিতা ।। মাথার্ ফাইলাটা কৈ ? [দেখ ফাইল্যা]।

ফাইল্যা=[রং]—বি. মাথার ফিতা ।। [দেখ ফাইলা ৩]।

ফাইল্=[য]—বি. চেরা কাঠ খণ্ড ।। [<ফালা<ফাল (ফলক সং)+আ প্র.]।

২=[রা]—বি. চাষ করা জমির বড় ঢেলা ।।

৩ =[ফ]—বি. চুলের ফিতা ।। [দেখ ফাইলা ৩]।

৪=[কুম, ফ]—বি. ফালি ।। কুম্‌রাডা ফাইল্ দ্যাও। [দেখ ফাইলা২]।

৫=[চট্ট]—বি. কাঠের চিরুনী ।।

৬=[কুম]—বি. দিক ।। এ দ্যাশের্ মোশল্‌মানে পশ্‌চিঁম্ ফাইলে নামায্ হরে। [<পাইন<পানে]।

৭=[ঢা]—বি. ঘাটে বিছানো লম্বা কাঠ ।। ফাইলের্ উপ্‌রে বৈয়া কাপরে শাবান্ দ্যাও। [দেখ ফাইল্]।

৮=[পা]—ক্রি. বিণ. শৃঙ্খলামত ।। [<ফাইল file ইং]।

ফাইল্, ফাইল্=[সি]—বিণ. ডোরা কাটা ।। ফাইল্ ফাইল্ কাপর্। [দেখ ফাইলা২ ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

ফাইল্‌তা=[খু]—বিণ. বাজে, অপ্রয়োজনীয় ।। ফাইল্‌তা কতা কৈয়া লাব্ কি ? [দেখ ফল্‌তা]।

ফাইল্‌তো=[খু]—বিণ. অর্থহীন ।। [দেখ ফল্‌তা]।

ফাইল্‌লা=[কুম]—বি. মাছ বিশেষ ।। ফাইল্‌লা মাসের্ ছুট্‌কি রান্‌দ। [দেখ ফলি]।

ফাইশা=[ফ]—অস. ক্রি. ছিঁড়িয়া ।। কাপড়্‌খানা ফাইশা গেসে। [< ফাঁসিয়া (<ফাঁসা<স্ফট্ সং)]।

ফাইশ্যা=[চট্ট]—বি. একপ্রকার মাছ ।।

ফাউক্=[খু]—বি. বাশ বা ইক্ষুর দুই গিরার মধ্যাংশ ।। আমারে এক্ ফাউক্ আউখ্ দেও না? [<ফাঁক; অর্থ প্র.]।

২=[কুম]—বি. ইদুঁর মারিবার যন্ত্র ।। ফাউকাত্ আর্ ইদুর্ আট্‌কে নাই। [অর্থ প্র.]।

ফাউগানো=[ব]—ক্রি. খুশিতে গলিয়া পড়া ।। [<ফগু (<ফল্গু সং)+আনো ; নামধাতু]।

২=[খু]—বি. খুব বেশী ছড়ানো ।। ফাউগাইয়া বোইস কেনে। [অর্থ প্র.]।

ফাউগ্=[খু]—বি. দুই গিরার মাঝের অংশ ।। আমারে এক্ ফাউগ্ আউখ্ দেও না। [দেখ ফাউক্]।

ফাউটারি=[পা]—বি. বদমাইশি ।। ফাউটারি করার্ আর্ যায়্‌গা পেলা না ? [<পাটোয়ারী (<পটু+আরি) ; উপাধি বিশেষ ; অর্থ বিকৃতি]।

ফাউট্=[কুম]—বি. সিঁড়ি ।। গাস্ কাইট্‌তে ফাউট্‌টা নৈয়া যাও। [< <পৈটা<প্রতিষ্ঠা সং]।

ফাউঁড়ি=[রং]—বি. ধান স্তুপ করার জন্য ব্যবহৃত হাতল লাগান কাঠের উপকরণ বিশেষ ॥ [<পাব (<পর্ব সং)+ড়ি প্র.]।

ফাউত্=[খু]—বিণ. নষ্ট ॥ [<ফওত فوت আং]।

ফাউন্=[চট]—বি. ফাল্গুন ॥ [<ফাল্গুন]।

ফাউন্দা পড়া=[ফ]—ক্রি. ছাতা পড়া, নষ্ট হওয়া ॥ অল্দিত্ ফাউন্দা পড়্সে। [<ফকুন্দী হিং+পড়া]।

ফাউল্লো পোকা=[চা]—বি. এক প্রকার সাদা পোকা ॥ কোন্ কোন্ মাশে ফাউল্লা পোহা পরে?

ফাউশা=[ফ]—বিণ. হিসাবের বাহিরে, অকেজো ॥ [<ফাহিশ: فاحشة আং]।

ফাউশ্=[ব, পা, ম]—বি. সার ॥ ভুইয়ে ফাউশ্ দিমু (ব)। [<পাংশু]।

ফাউশ্কো=[রং]—বিণ. যে মাথায় তৈল দেয় না ॥ ফাউশ্কাদের্ চুল্ এলোমেলো থাকে। [দেখ ফাউশ+আ প্র.]।

২=[পা]—বি. বোকা ॥ তুই বড় ফাউশ্কা মানুশ্। [দেখ ফশ্কা]।

ফাও=[ব]—বিণ. অনাহূত ॥ [<স্ফায় সং; অর্থ প্র.]।

২=[খু]—ক্রি. বিণ. অযথা ॥ পয়্শা ফাও খরচ্' কর কেন্? [অর্থ প্র.]।

৩=[খু]—বিণ. হিসারের বাহিরে ॥

ফাওড়া=[য]—বি. কোদাল ॥ ফাওড়া-টার্ দার্ খুব্। [<ফাউড়া হিং]।

ফাওড়ি=[রং]—বি. ধান ছড়াইবার এক প্রকার কাঠের হাতল ॥ ফাওড়ি দিয়ে ধান্ ছড়ানো শুবিধা। [দেখ ফাউড়া]।

ফাওতা=[ম]—বিণ. অযথা ॥ ফাওতা কথা বলে লাব্ কি? [দেখ ফল্তা]।

ফাওরন্=[নো]—ক্রি. ভুলিয়া যাওয়া ॥ [<পাসরণ]।

ফাংড়ি=[খু]—বি. বংশ, জাতি ॥ [<পিড়ী<পিঢ়ী হিং<পীঠিকা সং]।

ফাংফাং করা=[রং]—ক্রি. খোলা থাকা, খালি থাকা, খা খা করা ॥ [ফাং ফাং (অনু.)+করা]।

ফাংশি=[খু]—বিণ. কচি ॥ যাম্ গাসের্ ফাংশি ডাল্ খুব্ নরম্।

ফাঁই=[চট]—বি. ফাঁসি ॥ খুনি আশামির্ ফাঁই হৈয়ে। [<ফাঁসি]।

ফাঁইসাড়্=[রা]—বিণ. যে লোক খুন করিতে বা ঘরে আগুন দিতে পারে, বেপরোয়া ॥ ফাঁইস্যাড় লোক্কে শবাই ভয়্ করে। [<ফাঁসাড়, ফাঁসুড়ে]।

ফাঁউরা=[ব]—বি. শুকনা গোবর ॥ ফাঁউরা রৈদে না দিলে যলে না। [দেখ ফাউশ্+রা প্র.]।

ফাঁকল্=[রা]—বি. ফাঁকিবাজ ॥ ফাঁকলের্ কথায়্ বিশ্শাশ্ নাই। [<ফাঁক্ (<ফাঁকি)+আল প্র.]।

ফাঁকোর্=[রা]—বি. গ্রাস ॥ অতগুলা মুড়ি একৃকি ফাঁকোরে খালু। [<ফাঁক+র]।

ফাঁক্=[রা]—বি. মাছের টুকরা ॥ এক্টা মাগুরের্ আর্ কয়্টা ফাঁক্ হয়্? [অর্থ প্র.]।

ফাঁক্রা=[র]—বি. গ্রাস ॥ এক্কি ফাঁক্রায়ে ব্যাক্ খালু। [দেখ ফাঁকোর্]।

ফাঁট্=[রা, রা]—বি. ফাঁক ॥ [ফাট]।

ফাঁডাই=[চট]—বি. বদমাসী ॥ যেডে এডে ফাঁডাই ন চ'ল্।

ফাঁড়ি=[কু]—বি. পেট ॥ তোর্ ফাঁড়িতে কত দরে? [<ফাঁড় (<ফণ্ড সং)+ই প্র.]।

ফাঁড়িফুরি=[রা]—বি. দুষ্টামি ॥ তোর্ ফাঁড়িফুরি মার্যা দিম্। [দেখ ফাঁড়ি+ফুরি (অনু:); অর্থ প্র.]।

ফাঁদি=[খু]—বি. ফাঁদ, তৈল ঢালিবার চোঙ্গা ॥ ফাঁদি দিয়ে হেরিকেন্টায়্ তেল্ ডালো। [<ফুঁদেল<funnel ইং]।

ফাঁপোর্ লাগা=[রা]—ক্রি. দম আটকাইয়া যাওয়া ॥ ছল্ মরে যাওয়ার্ পর্ মোক ফ্যাঁপোর্ লাগ্ছে বু। [<ফাঁপর+লাগা]।

ফাঁরা=[ব, রা]—ক্রি. বি. চেরা, ছেঁড়া ॥ কাঠ্ ফাঁরা বড় কঠিন্ কাজ্ (রা)। [<ফাড়া]।

ফাঁরি=[রা]—বি. গর্ব, অহঙ্কার ॥ [দেখ ফাঁড়ি]।

ফাঁশা=[রা]—বি. মাছ বিশেষ ॥ ফাঁশা মাসের্ কাটা খুব্ বেশি। [দেখ ফাইশ্যা]।

২=[খু]—বি. ছিদ্র ॥ ফাঁশা দিয়ে আলো এশে পড়ল। [দেখ ফাইশা; ফাঁস+আ প্র.]।

ফাকন্=[কুম]—ক্রি. অত্যধিক বৃদ্ধি পাওয়া ॥ ঠিক্দারিতে তার্ অবস্তা ফাক্সে। [<ফাঁপ্(<ফাঁপা স্ফায় সং)+অন প্র.]।

ফাকর্ খাওয়া=[রং]—বি. দম আটকাইয়া যাওয়া ॥ এই ভিড়ে ফাকর্ খায়া মরিম্। [দেখ ফাঁপোর্ লাগা]।

ফাকা=[রং]—ক্রি. (সুপারী) কাটা ॥ গুয়াগুলা ফাকেন্ তো। [<ফাঁক+আ প্র.; নামধাতু]।

২=[ম]—বি. অনশন ॥ দুইদিন দৈরা ফাকা চৈ'ল্সে। [<ফাক: فاقة আং]।

ফাকাকশি=[ম]—বি. উপবাস ॥ [দেখ ফাকা২+কশী کشی ফা.]।

ফাকাযুকি=[সি]—বি. প্রতারণা ॥ কাউরে ফাকাযুকি কৈর না। [<ফাঁকি জুঁখি]।

ফাকাতুরা=[ম]—বি. শিশুদের জিহ্বার এক প্রকার ঘা ॥

ফাকাশা=[রং]—বি. যাই যাই অবস্থা ॥

২=[রা]—বিণ. মিথ্যাবাদী, প্রতারক ॥ লোক্টা বড় ফাকাশা। [দেখ ফশ্কা; বর্ণবিপর্যয়]।

ফাকুচ্' ফ্কুচ্'=[য]—ক্রি. বিণ. লম্ফ ঝম্ফ ॥ ফাকুচ্' ফুকুচ্' কৈর্লেই কায়্ হয়্ না। [অনু.]।

ফাকুন্দা=[ফ, খু]—বি. ছাতা ॥ [দেখ ফাউন্দা পড়া]।

২=[ব]—বিণ. বেশী বুড়া ॥ [অর্থ প্র.]।

ফাকুম্ ফকুম্=[কুম, সি]—বি. গর্ব ॥ এত ফাকুম্ ফুকুম্ করিশ্ না।

ফাকুর্ ফকুর্=[খু]—বি. কায়দা ॥ [<ফিকর فکر আং+ফুকুর(অনুঃ)]।

ফাক্=[নো]—বি. পাপ ॥ আঁই দর্মের কাসে কত যে ফাক্ কৈছ্‌চিঁ। [<পাপ]।

২=[রং]—বি. বুদ্ধি, প্রতিভা ॥ অহিমের্ খুব্ ফাক্।

৩=[ফ]—বি. দুই গিরার মধ্যস্থল ॥ এক্ ফাক্ আখ্ দে। [দেখ ফাঁক]।

ফাক্‌কর্=[সি]—বিণ. ফাঁকিবাজ ॥ ফাক্‌কড় লোক্‌কে বিশ্‌শাশ্ করিস্ না। [<ফক্কর]।

২=[ব]—বিণ. ফাজিল ॥ ফাক্‌কর্ সেলের্ কতায় বিশ্‌শাশ্ নাই। [অর্থ প্র.]।

ফাক্‌কা=[কুম]—বিণ. শূন্য ॥ [<ফাঁকা]।

ফাক্‌কি=[কুম]—বি. গুঁড়া ॥ মাইচে'র্ ফাক্‌কি দিয়া রান্‌দ। [<ফাগ (<ফল্গু সং) + ই প্র.; অর্থ প্র. অথবা<ফক্কিকা সং]।

ফাক্‌ড়া=[য, খু]—বি. অর্থপূর্ণ বচন, রসাল কথা ॥ সেলেটা ত খুব্ ফাক্‌ড়া যানে।

২=[য]—বি. শিমুল ॥

৩=[য]—বিণ. বাজে, ভিত্তিহীন ॥ [<ফাঁপ্(<ফাঁপা)+ড়া প্র.]।

ফাক্‌তান্=[রা]—বি. সুযোগ ॥ ফাক্‌তানে চোর্ চুরি করেছে। [< ফাঁকতাল]।

ফাক্‌তে=[রং]--ক্রি. বিণ. আন্দাজে ॥ ফাক্‌তে কিছু কওয়া ঠিক্ হবে না। [<ফাঁকা+তে (বিভক্তি)]।

ফাক্‌রানো=[সি]—ক্রি. রাগে চক্ষু লাল করা ॥ চোঁখ্ ফাক্‌রাইতেই পুয়াউগা কান্‌দি দিল্।

ফাক্‌রামি=[সি]-বি. ঠকামি, প্রবঞ্চনা ॥ ফাক্‌রামির্ আর্ যাগা পাস্ না। [< ফক্কর+আমি প্র.]।

ফাক্‌রি=[সি]—বি. বিকৃত মুখ ॥ [দেখ ফাক্‌রানো]।

২=[ঢা]—বি. দমক। হাওয়া ॥ ফাক্‌রি আইত্যাসে।

ফাক্‌শা=[খু]—বি. বৃথা কথা ॥ অত ফাক্‌শা ভালা নয়। [দেখ ফাউশা]।

২=[পা]—বিণ. ময়লা ॥ ফাক্‌শা কাপড় পিন্‌দে তুই যাশ্ না য্যান্। [< ফ্যাকাসে<ফ্যাকাসিয়া]।

৩=[রং]—বিণ. দুর্গন্ধযুক্ত ॥ ছি কি ফাক্‌শা গোন্‌দ। [<ভাপ (<বাষ্প সং)+সা প্র.]।

৪=[রা]—বি. ছাতা ॥ রুটি গুলাতে ফাক্‌শা পড়িচে একিবারে। [দেখ ফাক্‌শা]।

ফাক্‌শে=[ব]—বি. মিথ্যা ॥ তোর্ যত ফাক্‌শে গপ্প। [দেখ ফাউশা]।

ফাক্‌শু=[রং]—বিণ. বাজে ॥ তোর্ ফাক্‌শু গপ্প আর্ না শুনো। [দেখ ফাউশা]।

ফাখি=[কুম]—বি. গুঁড়ি ॥ [দেখ ফাক্‌কি]।

ফাগাইয়া=[ম]—অস. ক্রি. ছড়াইয়া ॥ অত ফাগাইয়া খাইস কেরে। [দেখ ফাগানো]।

২=[কুম]—অস. ক্রি. ফাক করিয়া ॥ কাপর্‌টা ফাগাইয়া দর্।

ফাগা উঠা=[কুম]—ক্রি. শিশুর হাতের হাড় নড়িয়া যাওয়া ॥ গেদার্ ফাগা উঠ্‌সে কেবল্ কান্‌দে।

ফাগানো=[ঢা]—ক্রি. ফাক করা ॥ পাও ফাগাইয়া দারাও। [<ফাক+ আনো প্র.]।

ফাগুন্‌দা দরা=[পা]—ক্রি. গন্ধ হওয়া ॥ খাবারে ফাগুন্‌দা দরে গেসে। [দেখ ফাউন্‌দা পড়া]।

ফাগুয়া=[রা]—বিণ. কৌতুকসৃষ্টিকারী ॥ ফাগুয়া লোক্ শকল্‌কে হাশাতে পারে।

ফাগ্যানো=[রা]—ক্রি. ফাজলেমি করা ॥ এমন্ ফাগ্যাচ্ছো কেন্ ?

ফাচুঁয়া=[সি]—বিণ. সরু, হালকা ॥ ফাচুঁয়া ডালোত্ যাইস্ না। [<ফাঁস (<পাশ সং) =আঁশ+উয়া প্র.]।

ফাচুঁর্ ফচুঁর্=[পা]—ক্রি. বিণ. চুপিচুপি ॥ তোম্‌রা ফাচুঁর্‌ফুচুঁর্ কি কৈতাস ? [অনু.]।

ফাচ্ঁ=[কুম, পা]—বি. প্রথম ॥ [<ফাষ্ট<ফার্ষ্ট first ইং]।

ফাচ্ঁকুলা=[সি]—বি. কলাগাছের গা হইতে উঠানো দড়ির মত আঁশ ॥ কলার্ ফাচ্ঁকুলার্ বান্‌দে কদিন্ টিক্‌বো। [দেখ ফাচুঁয়া ; ফাঁশ+ খোলা(<খোল সং)]।

ফছাদ=[রা]—বি. গণ্ডগোল ॥ তুমি একাজে ফাছাদ্ বাঁধালে ক্যান্ ? [দেখ ফয়্‌সাদ্]।

ফাযানো—[খু]-ক্রি. নিবাইয়া দেওয়া ॥ [<বুজানো]।

ফাযিল্=[ন]--বি. পণ্ডিত, মান্যগণ্য ॥ আলেম্ ফাযিলের্ কতা মান। [< ফাযিল فاضل আং]।

২=[কুম]—বিণ. চালাক ॥ পোলাডা খুব্ ফাযিল্ ॥ [অর্থ প্র.]।

৩=[ম, নো]—বিণ. বেআদব ॥ হোলাগা বর ফাযিল্। [অর্থ প্র.]।

ফাযুন্=[সি]—বি. পাচন, অগ্রে আলযুক্ত হালের গরু চালাইবার লাঠি ॥ [<পাচন<প্রাজন সং]।

ফাযুল্=[কুম]—বিণ. বাজে ॥ ফাযুল্ কাযে মন্ দিও না। [<ফুযুল فضول আং]।

২=[সি]—বিণ. অতিরিক্ত ॥ [অর্থ প্র.]।

ফায্‌কপাল্=[ম]—বি. সৌভাগ্য ॥ তর্ কি ফায্‌কপাল্! [দেখ ফাচ্ঁ+ কপাল]।

ফায্‌লামাউ=[খু]—বি. ইয়ার্কি ॥ আমার্ শাথে ফায্‌লামাউ করো না। [দেখ ফাইয্‌লামি]।

ফাটক্=[ম]—বি. ফাঁদ ॥ এইবার্ শে ফাটকে পর্‌সে। [<ফাটক হিং]।

ফাটাকপাইলা=[ম, পা]—বিণ. সৌভাগ্যবান্ ॥ তুমি ফাটাকপাইলা

মানুশ্। [< ফাটা+কপাল+ইয়া প্র.]।

ফাটা কপাল্ল্যা=[ব]—বিণ. সৌভাগ্যবান্॥ তুমি বড় ফাটা কপাল্ল্যা। [দেখ ফাটা কপাইলা]।

ফাটান্ন্যা=[কুম]—বিণ. অতিশয়॥ আইয়্ ফাটান্ন্যা রৈদ্ পর্সে। [< ফাটান+ইয়া প্র.]।

ফাটাফাটি=[ম]—বি. রাগারাগি, ঝগড়া॥ গাইডা খেতের্ পারে না যাইতেই ফাটাফাটি লাগাইসে। [অর্থ প্র.]।

ফাট্ইয়া=[খু]-ক্রি. বিণ. ক্রোধভরে॥ [<ফাটাইয়া]।

ফাট্র্ ফট্র্=[পা]—বি. তর্জন গর্জন॥ [অনু.]।

ফাটোক্=[রা, ফ]—বি. জেল॥ [দেখ ফাটক্]।

ফাট্=[কুম]—বি. তাপ॥ আগুনের্ ফাট্ কত। [দেখ ফাট্১; অর্থ প্র.]।

২=[পা]—বি. ছিদ্র॥ [<ফাট (<স্ফুট সং)]।

ফাট্কা=[ব]—বি. ফাঁকি॥ ফাট্কা দেওয়া ভালো নয়্। [তুং ফাট্কি]।

ফাট্কানো=[ম]—ক্রি. ফাঁক করা॥ বেরা ফাট্কাইয়া কি দেহ? [দেখ ফাট্২+ক+আনো প্র.]।

ফাট্কারা=[রা]—বিণ. ফুলবাবু, বাচাল॥ [<পাট+করা; তুং ফিটফাট]।

ফাট্কাল্=[ঢা]—বি. বিপদ্॥ এখানে আশি আছ্'সা ফাট্কালে পর্লাম্। [দেখ ফাট্১+কল]।

ফাট্কি=[রা]—বি. গৌরব॥ তোমার্ এত ফাট্কি থাক্বে না। [দেখ ফাট্+কি প্র.]।

২=[ব]—বিণ. মিথ্যা॥ ফাট্কি কতাডাও বোঝে না।

৩=[বা]—বি. উভয় সংকট॥ কি বিশম্ ফাট্কিতেই না পৈর্লাম্। [দেখ ফাট্২+কি প্র.]।

৪=[পা]—বি. ফাঁকি॥ যামাই নাকি তোরে ফাট্কি দিয়া চৈ'ল্যা গেল্ রে ফেকি? [দেখ ফাট্কি৩]।

ফাট্কিদার্=[খু]—বি. গাজির গানের দোহার॥

২=[ঢা]—বি. ফাঁকিবাজ॥ ফাট্কিদারেরে কেঐ বিশ্শাশ্ করে না। [দেখ ফাট্কি+দার ১।১ ফা.]।

ফাট্কি নাট্কি=[পা, য]—বি. অনাবশ্যক ছোটখাট জিনিস॥ গর্ কর্তে ফাট্কি নাট্কি যিনিশ্ কি কম লাগে। [<ফাটকি (<ফুটকল্ হিং) +নাট্কি (অনুঃ)]।

ফাট্টা=[ফ]—বি. শেষ॥ [<ফাটা; অর্থ প্র.]।

ফাট্টে যাওয়া=[ফ]—ক্রি. ফাটিয়া যাওয়া॥ এহান্কের্ মাটি ফাট্কে গ্যাসে। [<ফাটিয়া+যাওয়া]।

ফাট্রা=[কুম]—বিণ. দুষ্ট॥ তুমি বর্ ফাট্রা মানুশ্। [<ফাতরা<পাত (<পত্র সং)+রা প্র.]।

২=[সি]—বিণ. বাজিতে হারিয়া গিয়াছে এমন॥ ফাট্রা গোরা কিনি লাব্ নাই। [অর্থ প্র.]।

ফাট্রো=[রং]—ক্রি. বিণ. ফাঁক, বাদ॥ [দেখ ফাট্রা; অর্থ প্র.]।

ফাট্ লওয়া=[সি]—ক্রি. গোপনে কথা শুনা। কিগুরে রাইত্ কাইল্ ফাট্ লয়্ ফাটুরারে পিটো। [দেখ ফাট্২+লওয়া]।

ফাডক্=[চট্ট]—বি. সৌখিনতা॥ সোটু লোকের্ পোয়া টেঁয়া পাইয়েরে ফাডক্ করের্। [দেখ ফাট্২+ক প্র.]।

ফাডা=[য]—বি. ফাৎনা॥ [<ফাটা <ফাতা<পাত (<পত্র সং)+আ প্র.]।

২=[চট্ট]—বিণ. ছেঁড়া॥ [< ফাটা]।

৩=[ফ, রং]—বিণ. <ফাটা॥

৪=[চট্ট]—বি. মরিচ পিষার শিলনোড়া॥ [<পাটা (<পট্ট সং)]।

ফাডাফাডি=[চট্ট]—ক্রি. বিণ. ফাটাফাটি॥ এই কাম্ডা কৈর্তে ঐ তর্ ফাডাফাডি পড়িব। [দেখ ফাটাফাটি]।

ফাড্ডা=[ঢা]—বিণ. যে সবার পেছনে পড়ে॥ তুই ফাড্ডা ঐসত্। [দেখ ফাট্রো]।

ফাড্ড্শ্=[সি]—বি. ভবঘুরে॥ ফাড্ডুশর্ কাম্ নাই।

ফাড়া=[ফ]—বি. ফাটল, দ্বিখণ্ডিত স্থানের মধ্যভাগ॥ ফাড়ার্ মৈদ্দে পানি ডাইল্লে কি হৈবো? [দেখ ফাটা২]।

ফাড়ায় পড়া=[চট্ট]—ক্রি. মুমূর্ষু অবস্থা হওয়া॥ [ফাঁড়া+য় (বিভক্তি) +পড়া]।

ফাড়িক্=[ফ, য]—বিণ. আলাদা॥ [<ফর্ক فرق আং]।

ফাড়িক্ মারা=[খু]—ক্রি. পলায়ন করা॥ চে'র্ডা ফাড়িক্ মার্সে। [দেখ ফাড়িক্+মারা]।

ফাতা=[কু, পা, ফ, য, খু, ব]—বি. ঝগড়া॥

২=[য]—বি. গোঁড়ামি॥ বল্লাম্ না যে ফাতা দেহাশ্নে। [<ফতুরা فتوى আং]।

৩=[রা]—বি. ফাতনা॥ ফাতা ডাঁশ্কা দিলেই খোঁচা মার্মু। [দেখ ফাডা]।

ফাতাইল্লা=[কুম]—বিণ. যে কোন কথায় পড়ে না॥ ফাতাইল্লা লোকের্ লগে যগ্রা করিস্ না। [<পাত (< প্রস্ত সং)+আল+ইয়া প্র.]।

ফাতাং=[রা]—বিণ. পোষাক পরিচ্ছদে ফুলবাবু এবং কথায় চটকদার॥ [< ফুটান<ফুটানি]।

ফাতাংগি=[রা]—বি. বাচাল॥

ফাতাড়া=[চট্ট]—বি. একপ্রকার মাছ॥

ফাতানাতা=[রা]—বি. চিহ্ন॥ কয়্দিন্ ধরে ওর্ ফাতানাতা কিছু দেখা যাচ্ছে না। [<পাত্তা (<পতহ্ হিং)+ নাতা (অনুঃ)]।

২=[য]—ক্রি. বিণ. ছিন্নভিন্ন॥ কাপর্খানা সিঁড়ে ফাতানাতা করে

সেড়েসে। [<পাত (<পত্র)+আ প্র.+নাতা (অনুঃ)]।

ফাতাফাতা=[কুম]—ক্রি. বিণ. ছিন্ন ভিন্ন ।। কাপর্ড়া ফাতাফাতা ঐসে। [দেখ ফাতানাতা২ ; ফাতা+ফাতা]।

ফাতারা=[রা]—বি. ঠকবাজ, ঠগ ।। চোধ্রির্ ব্যাটা মসত বড় ফাতারা। [ফত্তান فتان আং]।

ফাতারি=[খু]—বি. আলি ।। ফাতারি বাইয়া যাইশ্। [<বাতর (<বর্ত্ম সং) +ই প্র.]।

ফাতার্=[ফ]—বি. মাঠ ।। ফাতারে যা। [<পাথার (<প্রান্তর সং)]।

ফাতাহারা=[রা]—বিণ. দিশেহারা ।। ঘরের্ চাবি হারৈ মুই ক্যামোন্ ফাতা হারা হয়ে জাঁও। [<পথ হারা]।

ফাতেড়া=[দি]—বিণ. চরিত্রহীন, গুণ্ডা ।। তুমিও তো এক্টা ফাতেড়া লোক্হে। [দেখ ফাতারা]।

ফাতুম্ ফাতুম্=[সি]—ক্রি. বিণ. ফাটিয়া পড়িবার উপক্রম ।। [<ফাটুম <ফাটিব+ফাটুম]।

ফাত্ করিয়া উঠা=[সি]—ক্রি. বি. রাগে জ্বলিয়া উঠা ।। চে'ার্রে চে'ার্ কৈলে ফাত্ করিয়া উডে। [<ফাৎ (অনু.)+করিয়া উঠা]।

ফাত্ করে=[খু]—ক্রি. বিণ. তাড়াতাড়ি করিয়া ।। [দেখ ফাত্ করিয়া উঠা]।

ফাত্তা=[ব, রা]—বি. ফাতনা ।। [দেখ ফাডা]।

ফাত্তা ফরায্=[ম]—বি. ধর্মীয় বিধান।। ফাত্তা ফরায্ মতে আমি মামুর্ বারিতে তিন্ কানি যমি পামু। [দেখ ফাতা২ +দেখ ফরাইয্]।

ফাত্তুনি=[ম]—বি. ছিনাল স্ত্রীলোক, দুষ্টা ।। [<প্রেতিনী কিংবা ফত্তান فتان+ই স্ত্রী প্র.]।

ফাত্ফাত্=[ফ]—বি. রাগ ।। এ্যাত ফাত্ফাত্ কর ক্যা? [অনু.]।

ফাত্ফাত্ করা=[ঢা]—ক্রি. বি. জোরে শোরে বকাবকি করা ।। এত ফাত্ফাত্ কৈর্স কেরে? [দেখ ফাত্ফাত্+করা]।

ফাত্ফাত্ কৈরা=[ঢা]—ক্রি. বিণ. সশব্দে ।। হেয় ফাত্ফাত্ কৈরা আইল্ আর্ গেল্। [দেখ ফাত্ফাত্ করা]।

ফাত্রা=[সি, রং, ঢা]—বিণ. ফাঁকিবাজ ।। লোক্টা বর ফাত্রা (সি)। [দেখ ফাতারা]।

২=[খু]—বি. খেজুর গাছের মাথার ছাল বিশেষ ।। [পূর্বে দেখ]।

৩=[কুম]—বিণ. মেয়েলি স্বভাবের ।। তুই বর ফাত্রা। [দেখ ফাতারা ; অর্থ প্র.]।

৪=[খু, ব, কুম, নো, ম]—বি. কলার শুকনা পাতা ।। সোটা কিনার্ কাম্ কি? ক্যালার্ ফাত্রা পুইরা খার্ বানাও। [দেখ ফাতারা]।

৫=[ঢা]—বিণ. ঝালহীন ।। ফাত্রা মৈচ্' সালনে বেশি লাগে। [পূর্বে দেখ]।

৬=[কুম]—বিণ. বোকা ।। হেয় এ্যাক্টা ফাত্রা পুয়া। [দেখ ফাতারা]।

৭=[রা]—বিণ. বাজে ।। ফাত্রা মানুশের্ ফাত্রা জিনিশ্। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৮=[ফ, সি, পা, ঢা, নো]—বিণ. বাচাল, যাহার কথার কোন স্থিরতা নাই ।। ফাত্রা লোকের্ কতায় বিশ্শাশ্ নাই (নো)। [অর্থ প্র.]।

ফাত্রামি=[চট্ট]—বি. দুষ্টামি ।। বেশি ফাত্রামি বালা না। [দেখ ফাত্রামি করা]।

ফাত্রামি করা=[পা]—ক্রি. দুষ্টামি করা ।। ফাত্রামি কর ক্যা হে? [দেখ ফাতারা+মি প্র.+করা]।

ফাদা=[পা, চট্ট]—বিণ. ছিন্ন, ফাটা ।। [<ফাতা<ফাটা]।

২=[পা]—ক্রি. লাফ দিয়া ডিঙ্গাইয়া যাওয়া ।। ফাদি কাদাটুক্ পার্ অয়্যা যাও। [<ফাল<লাফ (<লম্ফ সং)+দিয়া]।

ফাদালে=[ফ]—ক্রি. বিণ. ফাঁক ফাঁক করিয়া ।। বাগুনের্ চ'ারাগুইন্ ফাদালে কৈর্যা লাগাও। [<ফাট+ল প্র.+এ (বিভক্তি)]।

ফাদিল্=[খু]—বিণ. অর্থহীন ।। মুরুব্বিদের্ শাথে ফাদিল্ কতা বল্তে নেই। [দেখ ফাযুল্]।

ফাদ্=[কুম]—বি. অধঃবায়ু ।। ফাদ্ দিলি অযু বাইংগা যায়। [<পাদ< পর্দ সং]।

ফাদ্বিলাই=[কুম]—বিণ. ভীতু ।। হেয় এ্যাক্টা ফাদ্ বিলাই। [দেখ ফাদ +বিড়াল]।

ফাদ্লা=[রং]—বি. আবোল তাবোল কথা ।। তুই এ্যাত ফাদ্লা লড়িশ্! [দেখ ফায্লামাউ]।

ফানা=[পা]—বি. ছুরি ।। এক্খানা ফানা দ্যাও।

২=[য]—বিণ. হাতলহীন, বাটহীন ।। ফানা দাখানা দেতো। [দেখ ফানা]।

৩=[কুম]—বিণ. টুকরা ।। মুরগ্ডা ফানা ফানা কর। [<ফালা (<ফল্ সং+আ প্র.)]।

৪=[খু, ম]—বি. কলার ছড়া ।। এক্ ফানা কলার্ দাম্ কত? [<ফনা সং ; তুঃ ফেণী]।

৫=[ম, সি, পা, চট্ট]—বিণ. পাগল প্রায় ।। আমি ফানা ঐয়া হেরে খুয্তাসি (ম)। [<ফনা' فنا আং]।

ফানাই=[খু]—বি. জোয়ালের ছোট কাঠ ।।

ফানাযাল্=[ম]—বি. বড় ছিপজাল বিশেষ ।।

ফানানো=[খু]—ক্রি. বাছুর দিয়া বাটে দুধ আনা ।। [<পানানো< পানি আনান (< পানহানা হিং < পহ্না সং)]।

২ =[খু, ম]—ক্রি. কলার ছড়া বড় কাঁদি হইতে কাটিয়া পৃথক্ করা ।। ক্যালার্ সরিডা ফানাইয়া থু (ম)। [দেখ ফানা৪+নো ; নামধাতু]।

ফানান্=[খু]—বি. গরুর বাঁট ।। [<পালান(<পলায়ন সং)]।

ফানাপিঠা=[ম]—বি. পিঠাবিশেষ ॥

ফানাফানা=[ব]—বিণ. খণ্ড খণ্ড ॥ [দেখ ফানা ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

ফানাবের করা=[খু]—ক্রি. দাঁত বাহির করা ॥ [<ফনা সং+বাহির করা]।

ফানায়ে যাওয়া=[য]—ক্রি. অসহ্য হওয়া ॥ দেরি কর না, ফানায়ে গেল্ নাকি ?

ফানপশাপ=[কুম]—বি. গোখরো সাপ ॥ ফানুপশাপ্ খুব্ রাগি।

ফানুয়া=[ব]—বি. মাটির বড় ঢেলা ॥ [দেখ ফানা$_{৩}$+উয়া প্র.]।

ফান্=[চট্, খু, ব]—বি. কৌশল, ফাঁদ ॥ হিতে বস্অর ফান্ যানে (চট্)। [<ফাঁদ]।

২=[ম]—বি. গোড়া, মুখ ॥ হালুকের্ ফান্ তুল্লেই হালুক্ পাইবা। [<ফনা সং]।

৩=[চট্]—অব্য. বোধ হয় ॥

ফানচ'া=[কুম]—বিণ. বুদ্ধিমান্ ॥

ফান্দা=[কুম]—বিণ. জরুরী ॥ এ কাম্ আমার্ ফান্দা।

২=[খু]—ক্রি. যোজনা করা ॥ [< ফাঁদা]।

ফান্দাইন=[ব]—বিণ. অতিরিক্ত ॥ [<ফাঁদ+আন+ইয়া প্র. ; অর্থ প্র.]।

ফান্দাইল=[ম]—বি. ছিদ্র ॥ [দেখ ফাদালে]।

ফান্দানো=[রং]—ক্রি. আটকানো ॥ [দেখ ফান্দা$_{২}$+নো প্র.]।

ফান্দি=[পা]—বি. দুই আংগুলের মিলন স্থান ॥ [<ফাঁদ+ই ; অর্থ প্র.]।

২=[রা]—বি. হা, গহ্বর ॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩=[রা]—বি. ফাঁস ॥ ফান্দি এটেইত ছাগল্টা মারা গেল্। [অর্থ প্র.]।

৪=[রা]—বিণ. অল্পপরিসর বা সরু ॥ জাগাডা বড় ফান্দি। [অর্থ প্র.]।

৫=[ম]—বি. লাফ ॥ বাগ্ এক্ ফান্দিতে বার হাত্ যাইত পারে। [<ফাল<লাফ+দিয়া]।

৬=[খু]—বি. গাছে উঠিবার সময় পায়ে দেওয়ার দড়ি ॥ [দেখ ফান্দি$_{৩}$]।

ফান্দে ফেলা=[কুম]—ক্রি. মুশকিলে ফেলা ॥ তারে ফান্দে ফালাইয়া টাহাডা আদায়্ কর্‌মু। [<ফাঁদে ফেলা]।

ফান্না তাইশ্‌ক্যা=[রা]—বিণ. অশ্লীল ॥ তুই আমারে ফান্না তাইশ্‌ক্যা গালি দিলি কেন্ ? [দেখ ফল্‌না তপ্‌শি]।

ফান্মুচি'=[চট্]—বি. সন্তান জন্মের পূর্বক্ষণে নির্গত পানির থলিয়া ॥ [< পানি+মুটি]।

ফান্সা=[খু]—বিণ. ফেনযুক্ত ॥ আয্‌কার্ ভাত্ ফান্সা রয়েসে। [< ফেন+সা প্র.]।

ফাপর=[কুম]—বি. ঝাপটা বৃষ্টি বা তুফান ॥

২=[কুম]—বি. সমস্যা, বিপদ ॥ কি ফাপরেই না পর্‌লাম্ রে বাবা ? [<ফেফরী হিং]।

৩=[ম, ফ]—বিণ. হতবুদ্ধি ॥ টাকা পয়্‌শা না থাকায়্ শে বর ফাপর্ ঐয়া পর্‌সে। [পূর্বে দেখ]।

৪=[য]—বি. গরম ॥ এত ফাপরে আমি থাক্‌তে পারি না। [<ভাপ< বাষ্প সং+র প্র.]।

ফাপর ঠ্যাকা=[ম]—ক্রি. দম বন্ধ হওয়ার মত বোধ হওয়া ॥ [দেখ ফাপর্$_{৩}$ +ঠেকা]।

ফাপারাংগা=[সি]—বিণ. উষ্ণ ভাবাপন্ন ॥ [দেখ ফাপর$_{৪}$+রাঙ্গা]।

ফাপি=[পা]—বি. খণ্ড ॥ চ'ান্দের্ উপরে ম্যাগের্ ফাপি। [<পাব (পর্ব সং)+ই প্র.]।

ফাপে=[খু]—বি. পেঁপে ॥ [দেখ পাইপা]।

ফাপ্=[সি]—বি. ভাঁপ, গ্যাস ॥ ফাপ্ গেলেই হাল্‌কা ঐবো। [<ভাপ (<বাষ্প সং)]।

ফাপ্‌রা=[সি]—বিণ. শ্বাসরুদ্ধ ॥ [দেখ ফাপর্+আ প্র.]।

ফাপরি=[বা, ফ, সি]—বি. ঝাপটা বাতাস ॥ [দেখ ফাপর্+ই প্র.]।

ফাফর=[চট্]—বি. বিপদ্ ॥ তোয়ারে লৈ আয়ি ফাফুরে হৈড়্‌সি। [দেখ ফাপর্$_{২}$]।

ফাফর লাগা=[পা]—ক্রি. দম বন্ধ হওয়ার উপক্রম হওয়া ॥ [দেখ ফাপর্$_{৪}$ +লাগা]।

ফাফক্=[কুম, সি]—বি. গরম ॥ খুব্ ফাক্ লাগ্‌সে। [দেখ ফাপ্]।

ফাফশা=[রা, ব, দি]—বি. ছাতা, ময়লা ॥ [দেখ ফাক্‌শা$_{১}$]।

২=[রং]—বিণ. নোংরা ॥ [দেখ ফাক্‌শা$_{২}$]।

ফাবা=[রং]—বি. কাজের অগ্রগতি ॥

ফাম্=[য]—বি. কৌশল ॥ [< ফহম فهم আং]।

২=[কুম]—বি. বাতাস ॥ বল্ ফাম্ দিসি। [<পাম্প pump ইং]।

ফায়াট্=[নো—বি. পকেট, জেব ॥ [<পয়েট<পকেট pocket ইং]।

ফায়ালা=[রং]—ক্রি. জমির চাষ বিশেষ ॥ [<ফাই<ফাঁক+হাল+ আ প্র.]।

ফায়েক্=[য, কুম]—বিণ. অভিজ্ঞ, সুচতুর ॥ তুমি বুঝি ফায়েক্ হৈয়া গেস, লেখা পরার্ কাম্ নাই (কুম) ? [<ফাই'ক فائق আং]।

ফায়্‌তা=[কুম]—বি. কলেরা ॥ [দেখ ফত্যা ; অর্থ প্র.]।

ফায়্ ফশল=[সি]—বি. উৎপন্ন দ্রব্য ॥ আমার্ এবার্ ফায়্ ফশল্ কম্। [<ফায় (অনুঃ)+ফসল فصل আং)]।

ফায়ফ্‌রান=[সি]—ক্রি. বিণ. ঠিকঠাক ॥ বিয়ার্ বিশয়্ ফায়্ ফুরান্ ঐসে। [<ফায় (অনুঃ)+ফুরান]।

ফায়্রা=[খু]—বিণ. বিচিত্র, নানা রংগের॥ বাস্তুরটির্ গায়ের্ রং ফায়্রা। [<পাখরা]।

ফায়্শা=[রং, খু, রা]—বিণ. খারাপ॥ ফায়্শা কথা বল্লে পাপ্ হয়্। [দেখ ফাউশা]।

২=[সি]—বিণ. নির্লজ্জ। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

ফারক্=[খু]—ক্রি. বিণ. দূর॥ আয্ তাকে ফারকে দেখেসি। [দেখ ফাড়িক্]।

ফারা=[সি]—বিণ. ছিঁড়া॥ ফারা কাপর্ কার্? [<ফাড়া<ফাটা]।

ফারাগাত্=[খু]—বি. পৃথক্॥ বৌতে বৌতে ঝগ্ড়া করে ভাই ভাই ফারাগাত্ হয়েসে। [দেখ ফরাগত্]।

ফারাগ্=[ঢা]—ক্রি. বিণ. দূর॥ এহন্ তোরা ফারাগ্ যা, আমার্ মন্ বালা না। [দেখ ফাড়িক্]।

২=[ফ]—বি. মাসিক ঋতু (স্ত্রীলোকের)॥ বুযান্ তোমার্ ফারাগে গন্ডগোল্ আসে। [অর্থ প্র.]।

ফারাযি=[খু]—বি. মৌলভী॥ [দেখ ফরাযি]।

ফারাটি=[রং]—বি. দ্বিখণ্ডিত বাঁশ॥ [দেখ ফারা+টি প্র.]।

ফারান্=[য]—ক্রি. ফাঁক করা॥ পা ফারায়ে দাড়ালে কেন্। [দেখ ফারা+ন প্র.]।

ফারাম্=[রা]—বি. বাজে হুজুগ, অন্যায় আবদার॥

২=[ঢা]—বি. আখের শ্রেণী বিশেষ॥ ফারাম্ আউকো ফোল্ বয়া।

৩=[রা]—বি. এক প্রকার ধান॥

৪=[রা]—বি. [illegible]॥ তোর্ ফারাম্ দেইখা ঘিন্ লাগ্ছে। [দেখ ফারাম্]।

৫=[ম]—বি. ছেঁড়া পাটি॥

ফারাশ্=[ম]—বি. ফন্দি॥ [< ফাঁস]।

২=[কুম]—বি. বড় পাতা বিছানা॥ দুলারে ফারাশে বওয়াও। [দেখ ফর্‌শ]।

৩=[পা]—বি. রহস্য॥ [< ফার্স farce ইং]।

ফারি=[পা]—বি. গালি বিশেষ॥

ফারিফ্রি=[ব]—বি. জারিজুরি॥ এবার্ আর্ তোমার্ ফারিফুরি লাগ্‌বি না। [অনু.]।

ফারিয়া=[সি]—বিণ. ছোট॥ ফারিয়া চিঁতল্ মাসের্ কুপ্তা বর শাদ্। [দেখ ফলি+আ]।

ফার্=[রা]—বিণ. খণ্ড, ফালা॥ কুমুরের একটা ফার্ দে। [<পাড়<পাত সং]।

২=[বা]—বি. প্রহর॥ বেলা এখন্ এক্‌ফার্। [<পর(<প্রহর)]।

৩=[সি]—বিণ. চওড়াই॥ ঘরটার্ ফার্ পনর হাত্। [<ফাড় (<স্ফাত সং)]।

৪=[সি]—বি. কোঁচড়, কোমরের কাপড়ের বের॥ ফারের্ মদদে পৈশা রাখ্।

ফারকো=[কুম]—বিণ. নানা রং মিশ্রিত॥ গরুটার্ গায়ের্ রং ফার্‌কা। [দেখ ফায়্রা]।

ফারদ=[রা]—বি. তালিকা॥ হাট্ ফার্‌দটা দেখি। [দেখ ফর্দ]।

ফার্রা=[রা]—বি. কোদাল॥ [দেখ ফাওড়া]।

ফার্র‍্যা=[ঢা]—বিণ. যে হারিয়া গিয়াছে॥ তুই ফার্‌র‍্যা, তোর্ লগে আর্ খিলাইম্ না। [<হার+ইয়া প্র.]।

ফার্হা=[ব]—বি. বড় কোদাল॥ [দেখ ফার্‌রা]।

ফালং=[ম, রা]—বি. আস্ফালন, দর্প॥ অর্ বড় ফালং হইছে (রা)। [<ফালন<লম্ফন (<লম্ফ সং)]।

ফালা=[রং]—বি. তক্তা॥ আড়াকিশ্ ডাকি গাছ্ ফালা কর্তে হবি। [< ফলক সং+আ প্র. ; দীর্ঘার্থে]।

২=[ম]—ক্রি. বিছানো॥ পাটি ফালাই দে বৌ। [<ফেলানো]।

৩=[ম, ফ]—বি. বল্লম, বর্শা, কাতরা॥ ফালা মাইরা হালারে শেষ্ কর্। [<ভালা<ভল্ল সং]।

৪=[খু, য]—বি. মাছ ধরিবার এক প্রকার কৌশল॥ [পূর্বে দেখ]।

ফালাইনা=[পা]—বিণ. অবজ্ঞার বস্তু॥ আমার্ সাওয়াল্ ফালাইনা ঐচে'? [< ফেলান < ফেলানো=ফেলিয়া দেওয়া+ইয়া প্র.]।

ফালাইয়ারে=[চট্ট]—অস. ক্রি. লাফাইয়া॥ তে ফালাইয়ারে কুইর্‌গার্ মাতার্ উপর্ উডি বৈয়ে। [<ফালাইয়া <লাফাইয়া+রে]।

ফালাইন্যা=[ঢা]—বিণ. ফেলিয়া দেওয়ার মত॥ ইশ্‌টি খ্যাশিটা কি ফালাইন্যা। [দেখ ফালাইনা]।

ফালানো=[ম, য]—ক্রি. ফেলিয়া দেওয়া॥ দুদ্‌গুনা ফালাইসশ্ কেম্‌নে? (ম)। [<ফেলানো]।

২=[সি]—ক্রি. দেওয়া॥ [অর্থ প্র.]।

৩=[ম]—ক্রি. লাফান॥ [< লাফানো]।

৪=[খু]—ক্রি. বি. ক্রোধে লাফানো॥ কতাডা না শুনেই শে ফালাইতে শুরু করেসে। [অর্থ প্র.]।

ফালান্=[চট্ট]—বিণ. ফাড়া বা ছিঁড়া॥ [<ফালা+ন প্র.]।

ফালি=[রা]—বি. মাথার ফিতা॥ [অর্থ প্র.]।

২=[ম]—ক্রি. বিণ. মুক্ত, অবসর॥ চ'হর্‌ডা আর্ তিন্‌মাশ্ বাদে ফালি ঐব।

৩=[পা]—বি. একপ্রকার মাছ, চিতল মাছের ছোট বাচ্চা॥ ফালি মাছের্ কাটা বেশি। [দেখ ফলি]।

৪=[চট্ট]—বি. রসিদের গোড়া॥

ফালু=[চট্ট]—বি. পায়ের গোড়ালির মাংসল স্থান॥

ফাল্ক্ ফাল্ক্=[খু]—ক্রি. বিণ. ইতস্ততঃ চতুর্দিক্ তাকান॥ [অনু.]।

ফালুদা=[ঢা]—বি. একপ্রকার খাদ্য। [<ফালুদঃ فالوده আং]।

ফালুয়া=[সি]—বি. বড় ফাল বিশিষ্ট লাঙ্গল ॥ [<ফাল < ফলা +উয়া প্র.] ।

ফালেয়্=[ম]—বি. পক্ষাঘাত ॥ তার্ ফালেযের্ বেরাম্ ঐসে। [< ফালিজ ফালিজ আং] ।

ফালৈ=[খু]—বি. পানের লতার প্রশাখা ॥ তিন্‌কুড়ি ফালৈর্ দাম্ এ্যাক্‌কুড়ি ভালা পানের্ শমান্ ।

ফালো=[খু, য]—বি. ধানের নাড়া তুলিয়া ফেলিবার জন্য ব্যবহৃত বাঁকা ডাল দিয়া তৈরী খুঁটা ॥

ফাল্=[কুম]—বি. শস্যের মড়ক ॥

২=[কুম, ঢা]—বি. লাফ ॥ এক্‌টা ফাল্ দেও দেহি। [<লাফ(<লম্ফ সং)] ।

৩=[ম, খু]—ক্রি. বিণ. ফালি, ছোট অংশ ॥ সুপারিগুন্ ফাল্ কৈরা লও। [<ফালা] ।

ফাল্ উডা=[ঢা]-ক্রি. আনন্দ হওয়া ॥ মামুগো বারি যাওনের্ লৈগ্যা অর্ ফাল্ উড্‌সে। [দেখ ফাল্₂+উঠা] ।

ফাল্‌টা=[রং]—বিণ. টুকরা, বাকলি, ফালা ॥ গাছটা ফাল্‌টা করি ফারো ॥ [দেখ ফাল্₃+টা প্র.] ।

২=[পা]—বি. বাঁশের বাখারি ॥ [অর্থ প্র.] ।

৩=[ম]—বিণ. আধখানা ॥ [অর্থ প্র.] ।

৪=[ফ, পা]—বিণ. চৌচির, ফাটা ॥ অর্থ প্র.] ।

৫=[ম]—বি. ফাটা বা ফাড়া অংশ ॥ [পূর্বে দেখ] ।

৬=[খু]—বি. ধান ভানার দ্বিতীয় স্তর ॥

ফাল্‌টু=[পা, কুম]—বিণ. অকেজো ॥ ফাল্‌টু কতা কয়া লাব্ কি? [দেখ ফল্‌তা] ।

২=[সি, ব, খু, পা]—বিণ. কান পাতলা, যে বাজে কথা বলে ॥ পুয়াটা ফাল্‌টু। [পূর্বে দেখ; অর্থ প্র.] ।

ফাল্‌টো=[খু]—বিণ. উচ্ছৃঙ্খল ॥ সেলেটা বড়ো ফাল্‌টো হয়ে গেসে। [দেখ ফাল্‌টু] ।

ফাল্‌ডান্=[ফ]—ক্রি. ফাটান ॥ [দেখ ফাল্‌টা+ন প্র.: নামধাতু] ।

ফাল্‌তা=[খু]—বিণ. ফাঁড়া, ফাঁক, ফাটল ॥ মাঠের্ যমিতে ফাল্‌তা হয়্। [<ফাটল+আ প্র.; বর্ণ বিপর্যয়] ।

২=[সি]—বি. ফাড়া বাঁশের টুকরা, ফালি ॥ বাশ্‌টা তিন্‌ডা ফাল্‌তা করি লাও। [দেখ ফাল্‌টা] ।

ফাল্‌তি=[কুম]—বিণ. অনর্থক ॥ ফাল্‌তি কতা বালো নয়্। [দেখ ফাল্‌টু] ।

ফাল্‌না=[রা]—বি. অমুক ॥ [দেখ ফল্‌না] ।

ফাল্‌নাতাশ্‌কা=[রা]—বি. অমুক তমুক ॥ [দেখ ফল্‌না তপ্‌শি] ।

ফাল্‌পাড়া=[পা]-ক্রি. লাফ দেওয়া ॥ বেশি ফাল্ পাড়িস্ না। [<লাফ+ পাড়া] ।

ফাল্‌ফারা=[ঢা, চট্ট]—ক্রি. লাফা লাফি করা ॥ বেশি ফাল্ ফারিস্ না (ঢা)। [দেখ ফাল্‌পাড়া] ।

ফাল্ ফার্‌নি=[ঢা]—বি. ব্যাঙ ॥ গরে এ্যাক্‌টা ফাল্ ফার্‌নি আসে। [দেখ ফাল্‌পাড়া+নি প্র.] ।

ফাল্‌ফুল্=[সি]—বি. লম্ফ ঝাম্ফ, আস্ফালন ॥ তোমার্ ফাল্‌ফুল্ কেঐ কেয়ার্ করে না। [দেখ ফাল্+ফুল (অনু:)] ।

ফাল্‌লা=[রং]—বি. অমুক ॥ [দেখ ফল্‌না] ।

ফাল্‌শে মাদাল্=[খু]—বি. এক প্রকার কাটাওয়ালা বৃক্ষ ॥

ফাল্‌স=[চট্ট]—বিণ. ফালতু, বাজে ॥ ফাল্‌স কতা ন কৈস্। [দেখ ফাউশা] ।

ফাশন্=[কুম]—ক্রি. বি. বেড়াজালে আটকানো ॥ [<ফাঁস+অন প্র.] ।

ফাশা=[চট্ট]—বিণ. অশালীন, অকথ্য ॥ ফাশা কতা না কৈঅ। [দেখ ফাউশা] ।

২=[কুম]—বিণ. বাজে, অহেতুক ॥ এ্যাত ফাশা কতাও কৈতে পারস্। [অর্থ প্র.] ।

৩=[ফ, বু, ম]—বি. ছিদ্র, ফাঁক ॥ যালের্ ফাশা বর ঐয়া গেসে, এত্ মাস্ থাক্‌পে না। [<ফাঁস+আ প্র.; অর্থ প্র.] ।

ফাশাইয়া=[ফ]—অস. ক্রি. বাহির হইয়া ॥ যালের্ মদ্দে গোনে মাস্‌টা ফাশাইয়া গেল্। [<ফাঁসাইয়া] ।

ফাশাদ্=[রা]—বি. দলাদলি ॥ এত ফাশাদ্ করা ভাল নয়্। [দেখ ফয়্‌সাদ্] ।

ফাশায়ে যাওয়া=[য]—ক্রি. ফসকিয়া যাওয়া, ছুটিয়া যাওয়া ॥ শক্ত কৈরা মাস্‌টা ধৈরো, যেন্ ফাশায়ে না যায়্। [দেখ ফাশাইয়া+যাওয়া] ।

ফাশারা=[ম]—বিণ. অকথ্য ॥ যে লোকে ফাশারা কতা কয়্ তার্ কাসে বদ্র লোকে যায়্ না। [দেখ ফাশা+ রা] ।

ফাশাল্=[রং]—বিণ. পাতলা ॥ এত ফাশাল্ জাল্ মাছ্ আট্‌কাবো কেমন্ করে। [দেখ ফাশা+ল প্র.] ।

ফাশি=[খু]—বি. লাঙ্গলের ফাল আটকাইবার লোহা বিশেষ ॥ [< ফাঁসি; অর্থ প্র.] ।

ফাশ্=[কুম, সি]—বি. সার ॥ [দেখ ফাউশ্] ।

ফাশ্‌কা=[রা]—বি. তরকারীর হাঁড়িতে লাগিয়া থাকা আনাজ ॥

২=[চট্ট]—বিণ. স্বাদহীন ॥ ফাশ্‌কা আম্। [দেখ ফাক্‌শা] ।

ফাশ্‌কা পড়া=[ব, রং]—ক্রি. ছাতা পড়া বা ধরা ॥ [দেখ ফাক্‌শা₁+ পড়া] ।

ফাশ্‌টিয়া=[রং]—বিণ. ফালতু, বাজে ॥ তোমার্ মতন্ ফাশ্‌টিয়া মানুশ্ আর্ দেহো নাই মুই। [<ফষ্টি+ইয়া প্র.] ।

ফাশ্‌ফুশ্=[রা, রং]—ক্রি. বিণ. চুপিচুপি ॥ ফাশ্‌ফুশ্ করে যাই বল না কেন্ বুঝতে পারি। [অনু.] ।

ফাশ্‌লা=[ঢা]—বি. কলাগাছের ছিলকা ॥ রশি না পাও ফাশ্‌লা দিয়া বান্দ।

ফাশ্‌শা=[খু]—বিণ. পরিষ্কার ॥ মেয়েটা খুব্‌ ফাশ্‌শা । [<ফরসা] ।

ফাসল্‌=[কুম]—বি. কলাগাছের ডোঙ্গা ॥ অ মিয়া ! এক্‌টা কলার্‌ ফাসল্‌ আন । [দেখ ফাশ্‌লা] ।

ফাসল্‌ দেওয়া=[কুম]—ক্রি. পচাইবার জন্য পানিতে রাখা, জাগ দেওয়া ॥ নাইল্‌লার্‌ ফাসল্‌ দিস কোন্‌হানে ?

ফাসাদি=[চট্ট]—বিণ. ঝগড়াটে ॥ হে বড় ফাসাদি লোক্‌ । [দেখ ফয়্‌সাদ্‌+ই প্র.] ।

ফাসেদ্‌=[ম]—বি. দুর্বৃত্ত, দুষ্ট ॥ কোন্‌ দুশ্‌ট ফাসেদে এই কায্‌ কর্‌সে । [<ফাসিদ فاسد আং=নষ্ট] ।

ফাস্‌=[খু]—ক্রি. বিণ. প্রথম ॥ [দেখ ফার্চ্‌] ।

ফাস্‌লা=[চট্ট]-বি. ব্যবধান, পার্থক্য ॥ তাঁর্‌ বাড়ি অাঁর্‌ বাড়িতৈন্‌ পন্‌চা'শ্‌ আত্‌ ফাস্‌লা । [ফাসিল: فاصله আং] ।

ফাহর্‌=[ব]—বি. শ্বেতকুষ্ঠ ॥ [< পাখর] ।

ফাহা=[ফ]—বি. পাখা ॥ ফাহাখান্‌ দেও । [<পাখা (<পক্ষ সং)] ।

ফাহাল্‌=[কুম]—বি. চুলা ॥ ফাহালে আগুন্‌ ফালাও । [<পাকাল<পাক শালা] ।

ফাহি=[কুম]—বি. ফাঁকি ॥ লোক্‌টা বর ফাহি দেয়্‌ । [<ফাঁকি] ।

ফাহিয়ুহি=[ব]—ক্রি. বি. ফাঁকি দেওয়া ॥ তোর্‌ ফাহিয়ুহি আর্‌ চ'ল্‌বে না । [<ফাঁকিজুঁখি] ।

ফাহ্‌ক্‌বিদ্‌দা=[ম]—বি. উপস্থিত বিদ্যা ॥ আরে মিয়া দর্‌বারে গেলে কিসু কিসু ফাহক্‌ বিদ্‌দা তো দর্‌কার্‌ ।

ফাহ্‌ন্‌দা=[রং]—বিণ. বোকা ॥ [পরে দেখ ; অর্থ প্র.] ।

২=[ম]—বিণ. ছাতা, ফলের ভিতরের নষ্ট শাঁস ॥ [দেখ ফাউন্‌দা পড়া] ।

ফাহেশা=[য]—বিণ. অশ্লীল ॥ [দেখ ফাউশা] ।

২=[ম]—বিণ. কুলটা ॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.] ।

ফাহেশ্‌=[ম]—বিণ. অশ্লীল ॥ ফাহেশ্‌ কতা কৈও না । [দেখ ফাহেশা] ।

ফাহোরা=[কুম]—বি. ছিদ্র ॥ ফাহোরা দিয়া পানি ডুক্‌সে [<ফাড়া] ।

ফি

ফি=[ম]—বি. দিক্‌, দিশা ॥ [< পি<পাই<পানে] ।

ফিইক্যা=[কুম, ম]—অস. ক্রি. ছুঁড়িয়া ॥ শে কলম্‌টি ফিইক্যা দিল্‌ । [< ফেকিয়া(<ফেকা< ক্ষেপা< ক্ষেপন সং)] ।

ফিংগ্যা=[রা]—বি. কঙ্কাল ॥ [< পিঞ্জার<পিঞ্জরা<পঞ্জর সং ; অথবা <ফিঙ্গা (পাখী বিশেষ) ; অর্থ প্র.] ।

ফিংশে করা=[য]—ক্রি. গ্রাহ্য না করা ॥ ঐ দেখিলি আমারে ফিংশে করে কি করে ! [<হিংসা করা ; অর্থ প্র.] ।

ফিঁক্‌রানো=[রা]—ক্রি. ফোঁপাইয়া কাঁদা ॥ মারের্‌ চোটে এ্যাকোন্‌ ফিঁক্‌রোচে । [<ফুকরানো] ।

ফিঁচি=[রা]—বি. কচুরি বিশেষ ॥ ফিঁচিরে গাড়া বোঝাই ।

ফিঁরিন=[চট্ট]—বি. ব্যথা ॥

ফিঁশা=[ব, রা]—বি. পাটের ছেঁড়া অংশ ॥ [<ফাঁস(<পাশ সং) + ইয়া প্র.] ।

ফিকল্‌=[সি]—বি. এক প্রকার লোহার অস্ত্র ॥ আমার্‌ এক্‌খানা ফিকল্‌ আসে ।

ফিকা=[য]—বি. কৌশল ॥ কেমন্‌ ফিকার্‌ শাতে কায়্‌ডা শার্‌ল দেখ্‌লে ? [<ফিক্‌র فكر আং] ।

২=[রং]—ক্রি. ফুলা ॥ অয়্‌ রাগে ফিকিচে ।

ফিকানো=[ব,রা]—ক্রি. ঢিল ছোড়া ॥ [দেখ ফিইক্যা ; ফেকা+নো প্র.] ।

ফিকাবায্‌=[য]—বিণ. অতি চতুর ॥ লোক্‌টা ফিকাবায্‌ । [<ফাঁকি+বায باز ফা. প্র.] ।

ফিকে মারা=[পা, ফ]—ক্রি. ছুঁড়িয়া মারা ॥ বৈখানা ফিকে মার্‌লে কেন্‌ ? [দেখ ফিইক্যা+মারা] ।

ফিক্‌=[ব]—বি. খুঁটি ॥

ফিক্‌ দরা=[সি]—ক্রি. বেগে নির্গত হওয়া ॥ আত্‌ কাটি ফিক্‌ দরি লৌ পরের্‌ । [< ফিনিক্‌ (স্ফুলিঙ্গ সং)+ধরা] ।

২=[পা]—ক্রি. আক্রমণের জন্য পশুর প্রস্তুত হওয়া ॥ এ্যাক্‌টা শার্‌ আর্‌ এ্যাক্‌টা দেখ্‌লেই ফিক্‌ দরে । [দেখ ফিকা২ ; ফিক্‌+ধরা] ।

ফিক্‌ দেওয়া=[ব]—ক্রি. ছুঁড়িয়া ফেলা ॥ যিনিশ্‌টা ফিক্‌ দিলা কেনে ? [দেখ ফিইক্যা+দেওয়া] ।

২=[ব]—ক্রি. ঠেকা লাগান ॥ ঘর্‌-খানা ফিক্‌ দিয়া শোযা কর্‌ । [দেখ ফিক্‌+দেওয়া] ।

ফিক্‌ ধরা=[রা]—ক্রি. ঔষধ প্রয়োগে কৃত্রিম স্বাস্থ্যবান্‌ হওয়া ॥ জর্‌ থাকে উটে ফিক্‌ ধরিচে । [দেখ ফিক্‌ দরা২] ।

২=[রা]—ক্রি. দম বন্ধ করা ॥ তুই ফিক্‌ ধরে কতখন্‌ থাক্‌তে পারিশ্‌ ?

ফিক্‌না=[ফ]—বি. প্যালা, ঠেকানি ॥

ফিচা=[দি]—বি. মাছের লেজ, পুচ্ছ ॥ [<পিছা(<পুচ্ছ)] ।

ফিচা তেড়েংগা=[দি]—বিণ. যে অল্পতে রাগ করে ॥ এমন ফিচা তেড়েংগা ছেলেত দেখি না, শব্‌ কথায়্‌ মার্‌তে আশে । [<প্যাঁচ+আ প্র +ডিন+রং+আ প্র.] ।

ফিচ'্যাল=[য]—বিণ. চতুর ॥ [প্যাঁচ +আল প্র.]।

ফিচ্'কা=[সি]—বি. খিল ॥ ফিচ্'কা হারাও (ঢুকাও)।

ফিচকা তাতা=[রা]—বিণ. রাগান্বিত ॥ [< ফচকিয়া+তাতা (< তপ্ত সং)]।

ফিচ্'লা=[কুম]—বিণ. পিচ্ছিল ॥ ফিচ্'লা ফত্ দিয়া যাইস্ না, কৈর‍্যা যাইবে। [<পিছলা<পিচ্ছিল]।

ফিটানো=[চট]—ক্রি. মিশান ॥ [<ফেটানো<ফাঁট্ (<ফাণ্ট)+আনো প্র.]।

ফিটেম্=[খু]—বিণ. উল্টোর বিপরীত অর্থাৎ সোজা ॥

ফিট্‌ফিটা=[রা]—বিণ. সাদা ॥ শারা আকাশ্ ফিট্‌ফিটা। [<ফিট্‌ফিট্ (অনু.)+আ প্র.]।

ফিডা=[চা]—ক্রি. বি. জোরে নাড়া ॥ [দেখ ফিটানো]।

২=[চা]—বি. পিঠা ॥ তেলের্ ফিডা বানাও। [<পিঠা<পিষ্টক সং]।

ফিড়া=[রা]—বি. পিঁড়ি ॥ ফিড়াতে বশ্। [<পিঁড়া (<পীঠিকা সং)]।

ফিড়ি=[ব]—বি. পিঁড়ি ॥ এক্‌টা ফিড়ি বৈতে দেরে। [দেখ ফিড়া]।

ফিডে=[খু]—বি. বসিবার কাষ্টাসন ॥ [দেখ ফিড়া]।

ফিড়েপাড়্=[রা]—বি. বারান্দা ॥ যাও ফিড়েপাড়ে বশ গিয়ে। [<পৈঠা +পাট]।

ফিতিফিতি=[চট]—ক্রি. বিণ. তন্ন তন্ন ॥ [<পাতিপাতি]]।

ফিত্‌তি=[রং]—বিণ. ফেরত ॥ ফিত্‌তি পয়শা দাও। [<ফেরৎ (<ফেরতা হিং)+ই প্র.]।

ফিত্‌নাবায্=[সি]—বিণ. গোলমেলে ॥ কাদের্ বর ফিত্‌নাবায্ লোক্। [<ফিত্‌নঃ فتنه আং+বায باز ফা.]।

ফিদ্দা=[সি]—বি. পাগল প্রায় ॥ মানুশ্‌টি পুত্ শোকে ফিদ্দা ঐ গেসে। [<ফিদা' فدا আং]।

ফিদ্‌দাবি=[য]—বিণ. অধম ॥ এই ফিদ্‌দাবির্ কতায় কিস্সু মনে কৈর্‌বেন্ না। [<ফিদ্‌বী فدوی আং]।

ফিদ্‌দি=[রা]—বি. সেবক ॥ [দেখ ফিদ্‌দাবি]।

ফিনি=[কুম]—বি. চিরুণী ॥ ফিনি দি চু'ল্ আচ্'রাইমু।

ফিনিশ্=[য]—বিণ. কারুকার্য করা, সুন্দর ॥ [<ফিনিশ finish ইং; অর্থ প্র.]।

২=[য]—বি. সুন্দর রংগীন নৌকা ॥ বুবুগো দেইহ্যা যাও, এক্‌খানি ফিনিশ আইত্যাসে। [<পিনিস<পিনেস; তুং pinnace ইং]।

৩=[য]—বি. বিলাতি মাটি ॥

ফিন্‌দন্=[চা]—বি. পরিধান ॥ ফিন্‌দনে কিস্সুই নাই। [<পিন্ধন <পিনদ্ধ সং]।

ফিন্‌দা=[ফ, খু, চা]—ক্রি. পরিধান করা, পরা ॥ [দেখ ফিনদন্]।

ফিন্‌দিয়া=[সি]—অস. ক্রি. পরিধান করিয়া ॥ কাপর্ ফিন্‌দিয়া আয়্ চ'াইন্। [পিন্ধিয়া; দেখ ফিন্‌দন্]।

ফিন্‌নি=[কুম]—বি. পায়েস ॥ ফিন্‌নিতে চি'নি কম্ দিলে অয়্ না। [<ফির্‌নি]।

ফিন্‌নে=[খু]—বি. ঠেকা, ঠেস ॥ খুটিতে ফিন্‌নে না দিলে পড়ে যাবে।

ফিফ্‌রা=[কুম]—বি. পিপীলিকা ॥ ফিফ্‌রায়্ গর্ বৈর‍্যা গ্যাসে। [< পিঁপড়া (<পিপীলিকা সং)]।

ফিফ্‌রানো=[ম]—ক্রি. বিণ. ফোঁপাইয়া কাঁদা ॥ মাইয়াডা ফিফ্‌রাইতাসে। [<ফুকরানো]।

ফিয়াল্=[সি]—বি. নেশা ॥ তরে ফিয়ালে ইতা কর্‌সে।

ফিরা=[ম, ফ]—বি. পিড়ি ॥ ফিরাডা দেরে হালানি। [দেখ ফিড়া]।

২=[ব]—বি. বার ॥ [<ফিরা (<ফের হিং); অর্থ প্র.]।

৩=[কুম]—বি. ভ্রমণ ॥ আব্‌বা ফিরায়্ যাই ন্। [<ফিরা (তুং ফেরনা হিং)]।

ফিরাউল্‌টা=[চা]—বি. বিবাহের পর বরের শ্বশুর গৃহে গমন ॥ [দেখ ফিরা +উল্টা]।

ফিরাওরা=[কুম]—বি. ফিরানি, বিবাহের পর পুনরায় স্বামীসহ পিতৃগৃহে গমন ॥ [দেখ ফিরা উল্‌টা]।

ফিরা গাই=[সি]—বি. যৌন তাড়নায় ক্ষিপ্ত গাভী ॥ বাপ্‌রে ফিরা গাইর্ লগে কডা ডেকা। [দেখ ফিরা$_৩$ (=চঞ্চল) +গাভী]।

ফিরাগ্=[সি]—বিণ. চঞ্চল, আকুল ॥ [<ফিরাক فراق আং]।

ফিরা যাত্‌রা=[কুম]—বি. দ্বিতীয় বার শ্বশুর গৃহে গমন ॥ [দেখ ফিরা +যাত্রা]।

ফিরা নাইওর্=[সি]—বি. বিবাহের পর স্বামীর বাড়ী হইতে প্রথম বাপের বাড়ীতে আসা। [দেখ ফিরা$_২$+নাইওর <জ্ঞাতিঘর<জ্ঞাতিগৃহ সং]।

ফিরানি=[ফ, ম]—বি. বিয়ের কয়েকদিন পরে বরসহ বধূর পিতৃগৃহে আগমন ॥ [দেখ ফিরা$_৩$+নি প্র.]।

ফিরানি কুটুম্=[য, পা, কু]—বি. ফিরানি উপলক্ষে বরপক্ষ হইতে আগত কুটুম্ব ॥ [দেখ ফিরানি+কুটুম্ব]।

ফিরান্=[চা]—বি. ফেরি ॥ হেইতে দেশে দেশে ফিরান্ কৈরা চ'লে। [দেখ ফিরা$_৩$+ন প্র.]।

ফোচ' করা=[ব]—ক্রি. রাগ করা ॥ ফোচ্' কর্যা লাব্ নাই, কায্ না করলে ভাত্ নাই। [<ফোস্ (অনু.)+ করা]।

ফোচ'কামি=[কুম]—বি. ফাজলামি ॥ ফোচ্'কামি রাহি পরাশুনা কর্। [দেখ ফৈচ্‌কা+মি প্র.]।

ফোচ'কে=[খু]—বি., বিণ. লম্পট ॥ [দেখ ফৈচ্‌কা]।

ফোযা=[চট্ট]—বিণ. রাশি ॥ ফোযা ফোযা বৈ। [দেখ ফোঁষা]।

ফোয্=[কুম]—বি. শোধ ॥ উদার্ ফোয্ কর্।

ফোয্‌লেদামি=[য]—বি. বেহিসেবী খরচ ॥ শে ফোয্‌লুমি কোরে শব্ খোয়াইয়ে দিল্। [দেখ ফজুল্+আমি প্র.]।

ফোটা=[কু]—বি. কলা গাছের খোল ॥ কলার্ ফোটা পানিতে বাশে।

ফোটে=[খু]—বি. মাটির সিঁড়ি ॥ [<পৈঠা (<প্রতিষ্ঠা)]।

ফোট্=[কুম]—বি. টীকা ॥ আমি বশনতের্ ফোট্ দিসি। [দেখ ফোঁর্ দেওয়া]।

২=[ফ]—বি. বৃষ্টির বড় বড় ফোঁটা ॥ [<ফোঁটা<স্ফুট সং]।

৩=[য]—বি. দাগ ॥ [অর্থ প্র.]।

৪=[ফ]—বিণ. জালের পরিমাণ বিশেষ ॥ [অর্থ প্র.]।

৫=[সি, রং, পা, চা, ম]—বি. ফোঁড়া ॥ [<ফোঁড়া<স্ফোট]।

ফোট্‌কা=[কুম]—বি. বুদ্‌বুদ্ ॥ শাবানের্ ফোট্‌কা খুব্ বেশি উঠে। [দেখ ফোট্₂+কা প্র.]।

ফোট্‌নাই=[সি]—বি. দম্ভ ॥ অতু ফোট্‌নাই কিয়ের্? [ফুটানি; বর্ণ বিপর্যয়]।

ফোট্‌মেন্=[কুম]—বি. তোরঙ্গ ॥ ফোট্‌মেন্ খুলি যামা আন্। [<পোর্ট মেন্ট্ portmanteau ইং]।

ফোডা=[পা]—বি. গায়ের পাতলা চাদর ॥ [দেখ ফতা]।

২=[চা, চট্ট]—বিণ. বাসি ॥

৩=[চট্ট]—বি. অণ্ডকোষ ॥ [< ফোতহ্ فوته ফা.]।

ফোড়ন্=[খু]—বি. সুপারি ছুলিবার বাঁশের তৈয়ারী সরঞ্জাম বিশেষ ॥

ফোড়া=[খু]—ক্রি. সিলাই করা ॥ [< ফোঁড়া]।

ফোড়াফোড়ি=[চট্ট]—বি. মনোমালিন্য ॥ ফোড়াফোড়ি ন গরিশ্। [<ফোঁড়া+ফোঁড়+ই প্র.]।

ফোড়ে=[ব]—বি. ব্যাপারী ॥ [দেখ ফড়িয়া]।

ফোড়ের বাশ্=[খু]—বি. গরুর গাড়ীর পিছনের মাচানের উভয় পার্শ্বের লম্বা বাঁশ ॥ [<ফড় (<ফটা সং) +এর (সম্বন্ধে)+বাঁশ]।

ফোড়্=[খু, ফ]—বি. নিড়ানী ॥ ফোঁড়্ না হলি গাশ্ ওট্‌বে না। [দেখ ফোঁড়]।

ফোড়্‌কি=[খু]—বি. অঙ্কুর বা নতুন পাতা ॥ গাস্‌টার্ ফোড়্‌কি উঠিসে। [<ফুল্(<ফুল্ল)+কি প্র. কিংবা ফুট্ <স্ফুট সং+কি প্র.]।

ফোতা=[রং]—বি. ছোট বহরের শাড়ী বিশেষ ॥ কোচের্ বৌ ছাওয়ারা ফোতা পিন্দি থাকে ॥ [দেখ ফতা]।

২=[রা]—বি. ওড়না ॥ বাজনি হামার্ লাগি হাটত্ লাল্ ফোতা আনো। [দেখ ফতা]।

ফোতালা=[ফ]—বি. পুতুল, খেলনা ॥ [<পুতুল+আ প্র.]।

ফোত্‌তা=[চট্ট]—বি. শেষ ॥ [দেখ ফতুয়া]।

ফোত্‌না=[চট্ট]—বি. ফাঁপা বেলুন ॥ [<ফোট্(<ফোটা)+না প্র.]।

ফোত্‌শাশে=[কুম, ফ]—ক্রি. বিণ. এক নিঃশ্বাসে, ফুঁ দিয়া ॥ ফোত্‌শাশে শব্ উরাইয়া দ্যাও। [<ফুৎ+শ্বাস +এ (বিভক্তি)]।

ফোদল্=[বা]—বি ফাগ ॥

ফোদ্দালি=[খু]—বি. বাবুগিরি ॥ [দেখ ফজুল্+ই প্র.]।

ফোদ্‌না=[চট্ট]—বি. পটকা, মাছের ভিতরকার বায়ুপূর্ণ থলি ॥ [দেখ ফোত্‌না]।

ফোন্ কৈরা=[চা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ ফোন্ কৈরা আয়্। [< ফন্(অনু.)+করিয়া]।

ফোন্দা=[ম]—বি. নাকের ছিদ্র ॥ মুনিমের্ নাকের্ ফোন্‌দা খুব্ বর। [<বিন্দ (প্রা. বাং)+আ]।

ফোপোল্=[পা]—বি. নারিকেলের শাঁস ॥ [দেখ ফোঁপ্রা]।

ফোপ্রা=[ম, কুম, ফ]—বি. নারিকেলের শাঁস ॥ চি'নি দিয়া নারৈলের্ ফোপ্রা খাইতে বর মযা লাগে। [দেখ ফোঁপ্রা]।

২=[পা]—বি. ফুস্ফুস্ ॥ [দেখ ফ্যাপ্ড়ি]।

ফোপ্রানো=[রা]—ক্রি. ফুঁ পাইয়া ॥ কাঁদা ॥ ফোপ্রাশ্ কেন্রে তোক কে মার্লো ? [<ফুক্রানো]।

ফোফ্রা=[চা]—বি. তাল বা নারিকেলের শাঁস ॥ [দেখ ফোঁপ্রা]।

ফোফ্শা=[রং]—বিণ. ভীষণ দুর্গন্ধ যুক্ত ॥ [<ভেঁপ্শা<ভাপ্ (<বাষ্প সং)+শা প্র.]।

ফোম্=[ব, য, খু]—বি. জ্ঞান ॥ এত্খন্ পর্ তোমার্ ফোম্ হল। [< ফহম فهم আং]।

ফোম্ফাটা=[ব, রা, দি]—বিণ. হিতাহিত জ্ঞানশূন্য, অবিবেচক ॥ [দেখ ফোম্+ফাটা]।

ফোয়া=[কুম]—বি. শশা ॥

২=[চট্ট]—বি. ছোট মাটির ঘটি ॥

ফোয়াদ্=[চা]—বি. ঝামেলা ॥ আমার্ ফোয়াদ্ আর্ ফুরায়্ না। [<ফেসাদ]।

ফোয়ানো=[চা]—ক্রি. শেষ হওয়া ॥ রাহত্ ফোয়াইসে। [<পোহানো]।

ফোয়েল্=[চট্ট]—বি. কর্ম, কাজ ॥ [<ফি'ল فعل আং]।

ফোরন্=[চট্ট]-ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ এই কাম্ করি ফোরন্ বাড়িত্ যাগে। [<ফওরান্ فورا আং]।

ফোরল্=[কুম]—বি. ছিদ্র ॥ [দেখ ফোকর্ ; বর্ণ বিপর্যয়]।

ফোরা=[নো]—বি. আবর্জনা ॥ [দেখ ফুরুইন্ ; ফুরা]।

২=[রা]—বি. পালক ॥ [<পর پر ফা.+উয়া প্র.]।

৩=[ম]—বি. ব্যবসায়ী ॥ চ'ালের্ ফোরারা আইয়্কাইল্ লাল্ ঐয়া গেল্। [দেখ ফড়ুয়া]।

৪=[কুম]—বি. ঝাট দেওয়া ময়লা ॥

ফোরাগ্=[রা]—বি. ছোট মেয়েদের জামা, ফ্রক ॥ ফোরাগ্টা দ্যাখ্তে বেশ্। [<ফ্রক frock ইং]।

ফোরাদাইর্=[চট্ট]—বি. মেটে দেওয়ালের জন্য প্রোথিত লম্বা কাঠ বিশেষ ॥ [<পোটা<পুঁতা+ধার]।

ফোরামাইল্=[চট্ট]—বি. ধ্বংস ॥ [<পয়মাল پیمال ফা.]।

ফোরেন্=[চট্ট]—বি. এঁটো ভাত মাছের কাঁটা প্রভৃতি পরিষ্কার করার ছনের তৈরী ঝাড় ॥ [দেখ ফোরৈন্]।

ফোরৈন্=[চট্ট]—বি. ঝাঁটা ॥ [দেখ ফোরা, ফুরুইন্]।

ফোর্=[চা]—বিণ. প্রহর ॥ এক-ফোর্ রাইত্ ঐসে অহন্তলাশ্ আইয়ে না। [<পহর (<প্রহর)]।

২=[চা]—বি. ছিদ্র ॥ কল্শিডা ফোর্ ঐসে। [<ফোঁড় (<ফুট< স্ফুট]।

ফোর্চ'া=[চট্ট]—বি. চিঠিপত্র ॥ [<পর্চহ্ پرچہ ফা.]।

ফোর্ দ্যাওয়া=[ম]—ক্রি. ভেজাল দেওয়া ॥ গিয়ে হাপের্ চ'র্বি ফোর্ দ্যায়্। [<ফোড়ন দেওয়া ; অর্থ প্র.]।

২=[ম]—ক্রি. সেলাই করা ॥ [< ফেঁড় দেওয়া]।

ফোর্হা=[ব]—বি. অঙ্কুরের নিম্ন ভাগের শাঁস ॥ নাইর্কেলের্ ফোর্হা খাইতে মযা।

ফোলা=[পা]—ক্রি. রাগ হওয়া ॥ [অর্থ প্র.]।

২=[চট্ট]—বি. শোলা ॥ [হোলা< শোলা]।

ফোলাকাঠি=[খু]—বি. পাট ॥ [দেখ ফোলা+কাঠি]।

ফোলাফুলি=[পা]—বি. রাগারাগি ॥ আর বেশি ফোলাফুলি করিস্ না। [দেখ ফোলা+ফুলি]।

ফোল্=[চট্ট]—বি. ছিদ্র ॥ নাং ইয়ান্ ফোল্ ঐয়েত্। [ফোঁড়]।

ফোল্টি=[রা]—বি. জালের সুতার কাজ করার যন্ত্র বিশেষ ॥

ফোশা=[রা]—বি. ফোস্কা ॥ [< ফোস্কা]।

ফোশি করা=[পা]—ক্রি. এক কথা বারবার জিজ্ঞাসা করা ॥ তুই বড় ফোশি কর্তে যানিশ্। [দেখ ফচিং+করা]।

ফোশ্=[রা]—বি. কুযুক্তি ॥ নিজের্ খেয়ে পর্কে ফোশ্ দেওয়া ভাল না। [<ফুস (মন্তর) ; অনু.]।

২=[কুম]—বি. প্রশ্রয় ॥ শয়্তানেরে ফোশ্ দিও না। [অর্থ প্র.]।

৩=[চা]—বি. মাটির রস ॥ খ্যাত্টাত্ ফোশ্ নাই।

ফোশ্কো টালা=[ম]—ক্রি. বি. বোকা ভাবিয়া ত্যাক্ত বিরক্ত করা ॥

ফোশ্ মারা=[য]—ক্রি. বি. ফাঁকি দেওয়া ॥ অত্ ফোশ্ মারা বালা না। [দেখ ফোশ্+মারা]।

ফোশ্ফোশা=[রং]—বিণ. পচিয়া নষ্ট ॥ ফোশফোশা বাশ্। [<ফোশ্ ফোশ্ (অনু.)+আ]।

ফৌ

ফৌক্রা=[সি]—বিণ. ফকির ॥ ফৌক্রা ব্যাডায়্ খাইতো চ'ায়্। [< ফকীর فقیر আং+ইয়া প্র.]।

ফৌজ্দারি=[দি]—বিণ. জরুরী ॥ ফৌজ্দারি কাম্ আগে শার। [< ফৌজদার <ফওজদার فوجدار ফা. +ই প্র.]।

ফৌয্দারি=[য]—বি. দাঙ্গা হাঙ্গামা। [দেখ ফৌজ্দারি]।

ফোড়্যা=[ব]—বি. দালাল, প্রবঞ্চক।। তার্ মতন্ ফোড়্যা আর্ নাই। [দেখ ফড়ুয়া]।

ফোতা=[পা]—বিণ. মালিকবিহীন।। একি ফোতা মাল্ পাইস নাকি ? [< ফওত فوت আং+আ]।

২=[খু]—ক্রি. বিণ. নিঃস্বার্থ ভাবে।। এই অকালে কে কারে ফোতা ট্যাকা দেয় ? [অর্থ প্র.]।

ফোতি=[ম]—বি. কুড়াইয়া পাওয়া মাল।। ইডা কি ফোতি পাইস ? [দেখ ফোতা+ই]।

২=[ম]—বিণ. পলাতক।। ফৌতি আশামি দরা পর্‌সে। [অর্থ প্র.]।

ফৌতিয়া=[সি]—বিণ. দেউলিয়া।। [দেখ ফৌতি+আ প্র.]।

ফৌতিয়াপড়া=[পা]—বিণ. যে আর্থিক ও নৈতিক উভয় দিকেই অবনতির চরম সীমায় গিয়াছে।। [দেখ ফৌতিয়া+পড়া]।

ফৌত্যা=[নো]—বি. মিথ্যাবাদী।। ফৌত্যার্ কতায় কাম্ করিস্ না। [দেখ ফৌতিয়া]।

ফৌত্=[ফ, পা, নো]—বিণ. সর্বস্বান্ত, ফতুর, নিঃশেষ।। সাইলারে পরাইতে পরাইতে আমি ফৌত্ ঐয়া গেলাম্ (সি)। [দেখ ফৌতা]।

ফৌন্=[চট্ট]—বি. ফাল্গুন।। [< ফাউন<ফাল্গুন]।

ফৌরা=[কুম]—বি. সরিষা।। এই বত্‌শর্ ফৌরার্ দাম্ খুব্ বেশি। [<হরিহা <সরিষা (<সর্ষপ সং)]।

ব

ব=[চট্ট]—অব্য. গরু বা মহিষকে খামাইবার সংকেত।। [<ধ্বন্যা.]।

বঅ=[খু]—বি. কচুর বড় শিকড়।। দস্‌তা কচু'র্ বঅ শিদ্দ কর।

২=[বা]—বি. কাবজ উত্তেজনা বশত: পশুর ডাক।। [ধ্বন্যা.]।

বঅর=[চট্ট]—বিণ. বড়।। [<বড় <বড্ড<বড্র সং]।

বঅনা=[চট্ট]—বিণ. অগ্রিম।। বঅনা দিয়ে ? [<বায়না<বয়'আনহ্ بيعانه ফা <ব'ই بيع আং]।

বঅরা=[নো]—বিণ. কালা, বধির।। হ্যাতে কি বঅরা, হুনে না কিল্লাই ? [<বহির<বধির+আ প্র.]।

বঅর্=[চট্ট]—বি. ধনিয়া।। বঅর্‌র্ পাতা তর্‌কারিত দিলে শুগন্দ অয়্।

বঅর্ আগের্ কথা=[চট্ট]—বি. বড় বড় কথা।। পোয়াউয়া বঅর্ আগের্ কথা কর্। [দেখ বঅর+ আগ (অগ্র সং) + এর (সম্বন্ধে) + কথা]।

বঅর্‌সি=[চট্ট]—বি. বাবুর্চি।। বঅর্‌সি আসেতে, তোর্‌রে কাম কৈর্‌ত কৈয়্ কনে ? [<বাবরচী باورچی ফা.]।

বঅলি=[চট্ট]—বি. মোচা।। কলার্ বঅলি দি তর্‌কারি খায়্। [<বউল <বউল<মুকুল+ই প্র.]।

বআল্=[ফ, সি]—বিণ. বহাল, নিযুক্ত।। কাইল্ হে চ'াক্‌রিতে বআল্ ঐসে। [<বহাল بحال ফা.]।

বঐ=[চট্ট]—অস. ক্রি. বসিয়া।। ই অত্ বঐ কি কর ? [<বইয়া< বসিয়া]।

বও=[পা]—বি. কাপড় টানা দিবার তাঁতের অংশ বিশেষ।।

২=[চট্ট]—বি. গরু, মহিষ থামাইবার বুলি।। বও দি গরু থামা। [ধ্বন্যা.]।

৩=[পা]—বি. প্রস্থ, বহর।। এ কাপড়ে বও কম্। [<বওর<বহর]।

৪=[কু]—বি. পাকানো চিকন সুতা।। বও সাড়া কাপড়্ বোনা যায়্ না। দেখ বও]।

বওড়া=[খু]—বি. বড়শি।। সে বওড়া পাতিসে।

বওনা=[দি]—বিণ. বেঁটে, বামন।। লোক্‌টা বওনা। [<বাওনা<বামন +আ প্র.]।

বওনাই=[রং]—বি. ভগ্নীপতি।। বড় বওনাইর্ বাড়ি জাইমু। [<বহিন (<ভগিনী সং)+আই<পতি সং]।

বওলি=[চট্ট]—বি. কলাগাছের ভিতরের নরম দণ্ড।। [দেখ বঅলি]।

বওয়া=[কুম]—বিণ. লাজুক।। হে এ্যাক্ নম্বরের্ বওয়া কতা কৈতে হারে না। [<বউ (বধূ সং)+ আ প্র.]।

২=[পা]—ক্রি. ঘানি টানা।। [< বহা=বহন করা]।

৩=[পা]—ক্রি. চড়া, উঠা।। [< বাওয়া<বাহা]।

৪=[সি]—ক্রি. বসা।। [<বহা <বসা]।

বওর্=[চট্ট]—বি. ধনিয়া।। বওর্ পাতা সালনত্ দিলে হাইর্ হয়্।

২=[রা]—বি. বহর, সমুদ্র।। [< বহর بحر আং]।

৩=[পা]—বি. পাল, কাফেলা।। মহিস্ বওর্ দরি খোঁয়াড়ে দিয়ে গেল্। [<বহর; অর্থ]।

বওলা=[পা]—বি. একপ্রকার ফলের আঠা।। বওলা দিয়া গুন্‌নি তৈরি কর্। [<বাবলা]।

বওল্=[পা]—ক্রি. বিণ. ঠিক।। আমার্ চ'াক্‌রিটা যেন্ বওল্ থাকে। [দেখ বআল্]।

বং=[রং]—বি. টিন।। বংগের্ দাম্ কয় ট্যাহা ? [<বঙ্গ সং]।

২=[নো]—বি. ভান ॥ রহিম্ বং দৈস্সে। [<ভং<ভঙ্গ]।

বংগিল্=[বা]—বিণ. নদীর যে স্থান ভাঙ্গিতেছে॥ বংগিল কূলের খাইযর্ গাস্। [<ভাঙ্গ+ইল প্র.]।

বংচ'ং=[ম, চা, ফ, পা]—বি. টাল-বাহানা, ফাঁকিবাজি॥ তোমার্ বংচ'ং কিস্সু খাট্‌বো না (চা)। [দেখ বং+সং (সহশব্দ)]।

২=[কুম]—বি. ঠাট্টা, ইয়ারকি॥ বংচ'ং কর্‌লেই বাত্ পাবি না। [অর্থ প্র.]।

বং দরা=[ম]—ক্রি. ভান করা॥ কাম্ দেইখ্যা হেয়্ খালি গাতা বিশের্ বং দরে। [দেখ বং+ধরা]।

বংদেইশ্যা=[চট্ট]—বি. বিদেশী॥ [<ভিন্<ভিন্ন+দেশ+ইয়া প্র.]।

বংসং=[চা]—বি. এলোমেলো কাজ॥ এ্যাত বংসং কর ক্যান্? [দেখ বংচ'ং]।

বঁঅঁড়া=[চট্ট]-ক্রি. বিণ. জাপটাইয়া॥ তরে বঁঅঁড়া মারি ধৈর্‌গুম্। [<বুক+মোড়া]।

বঁঅঁন্=[চট্ট]—বিণ. বেঁটে, বামন॥ মানুশ্ ইবা এব্‌বারে বঁঅঁন্ এলা। [দেখ বওনা]।

বঁঅরি=[চট্ট]—বি. একপ্রকার গাসের নাম॥ বঁঅরি গাস্ খুব্ দরো।

বকন্=[ম]—বি. কমবয়স্ক গাভী॥ [<বক্না (<বস্কয়নী সং)]।

বকর্=[সি]—বি. জ্বর॥ আমার্ বকর্ আইলো যাইতাম্ পারতাম্ নায়। [<বুখার بخار ফা.]।

বকর্‌বকর্=[সি]—ক্রি. বিণ. বক বক, আজেবাজে কথা॥ বকর্ বকর্ করিস্ না। [অনু.]।

বকলম্=[কুম, চা]—বিণ. নিরক্ষর॥ লোক্‌টা বকলম্। [<বকলম بقلم আং; অর্থ প্র.]।

বকাইট্‌টা=[কুম]—বিণ. বখাটে, বোম্বেটে॥ বকাইট্‌টা মাইন্‌শের্ উন্‌নতি নাই। [<বখাটিয়া, বখাটে]।

বকি=[সি]—বি. বকরি, ছাগী॥ [<বকই<বকরী হিং]।

বকিয়ুকি=[কুম]—বি. ফাঁকিবাজি॥ বকিয়ুকি কৈরা ট্যাহা মারন্ বালা না। [<ফাঁকি জুকি]।

বকিয়া=[ম]—বি. সেলাই বিশেষ॥ বকিয়া করা শ্যাশ্ ঐসে? [<বকেয়া<বখ্‌য়হ্ بخیه ফা.]।

বকুন্=[চা]—বি. যে গাইগরুর বাছুর আছে; কিন্তু দুধ দেয় না॥ [দেখ বকন্]।

বকুলা=[সি]—বি. বক॥ এ্যাক্ যাক্ বকুলা। [<বক+উলা প্র.; তুং বগ্‌লা হিং]।

বকে যাওয়া=[ব]—ক্রি. কৃশ হওয়া॥ সোঁড়াটা দিন্ দিন্ বকে যাচ'সে। [<বকে<বকুয়া (<বকা+উয়া প্র.)+যাওয়া]।

বক্=[চট্ট]—বি বোঝা বহিবার উপকরণ॥ বকদ্ করি ধান্ আনিস্। [<বাঁক<বাঁহুক ম. নাং]।

২=[পা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি॥ বক্ কৈর্‌য়া আইও। [অনু.]।

বক্‌কত্=[চা]—অব্য., ক্রি. বিণ. একপ্রকার শব্দ, হঠাৎ॥ ক্যাদার্ মৈদ্‌দে বক্‌বত্ কৈর্‌য়া পাও পৈর্‌য়া গেল্। [ধ্বন্য.]।

বক্‌কর্=[চট্ট]—বিণ. শঠ, ধূর্ত্ত, দুষ্ট॥ বক্‌কর্ গাউরত্‌তুন্ ফারাগ্ থাকিশ্। [<ফক্কড়]।

বক্‌কর্‌চ'ক্‌কর্=[চা, ম]—বি. তালবাহানা, ইতরামি, দুষ্টামি॥ এত বক্‌কর্ চ'ক্‌কর্ কর্‌লে বালা ঐবো না। [অনু.]।

বক্‌কাট্‌টা=[ম]—ক্রি. বি. ঘুড়ির সূতা কাটিয়া যাওয়া॥ [<বেক্<বেবাক (<বে بی ফা.+বাকী باقی আং)+কাটা]।

বক্‌কিল্=[ম]—বিণ. কৃপণ॥ বক্‌কিলের্ দনে কি কাম্ অয়? [<বখীল بخیل আং]।

বক্‌কুবায্=[নো, ফ]-বিণ. ফাঁকি বাজ॥ [<ফক্ক (ফাঁকি)+বায باز ফা.]।

বক্‌কেতা=[নো]—বি. বক্তৃতা॥ [<বক্তৃতা]।

বক্‌খিলা=[সি]—বি., বিণ. কৃপণ॥ 'খা খা বক্‌খিলারে খা'। [দেখ বক্‌খিল্+আ প্র.]।

বক্‌খিল্=[সি]—বি., বিণ. বখিল, কৃপণ॥ বক্‌খিলের্ দন্ টিক্‌শৈ অয় না। [দেখ বক্‌কিল্]।

বক্‌চ'রা=[বা]—বি. পুকুর পাড়ের চরা জায়গা॥ বক্‌চ'রায় খারাইয়া যাল্ ফেইকা মাস্ দরে। [দেখ বক্‌চর্+আ]।

বক্‌চর্=[রা]—বি. পুকুর পাড়ের উঁচু জায়গা॥ [বক চরে যেথায়]।

বক্‌যোরা=[চা]—বি. পুকুর পাড়ের ঢালু অংশ॥ গরুটা বক্‌যোরায় নিয়া যাও। [<বক+ঝোরা (নির্ঝর, জলাশয়)]।

বক্‌ত=[পা, চট্ট, কুম]—বি. ভাগ্য, কপাল॥ তোমার্ বক্‌তে যা লেখা তাই গট্‌লো। [<বখত্ بخت ফা.]।

বক্‌তা=[ফ]—বিণ. চূর্ণ, পিষ্ট॥ ডাইল্‌গুন্ বাটাইয়া বক্‌তা কর্। [ভর্তা<ভুরতা হিং]।

বক্‌তি=[চা]—বি. প্রবৃত্তি॥ তর্‌কারিডা খাইতে আমার্ এক্‌টুও বক্‌তি লাগে না। [<ভক্তি]।

বক্‌দুল্=[রং]—বি. বাদুড়॥ বক্‌দুল্ কদম্ খায়্। [<বাদুড় (<বাতুলি সং)]।

বক্‌ধুর্=[দি]—বি. বাদুড়॥ [দেখ বক্‌দুল্]।

বক্‌নি=[খু]—বি. বকা, গালি॥ বক্‌নি শুনা ভাল না। [<বকুনি<(<বকা)+উনি প্র.]।

বক্‌রা=[কুম]—বিণ. পুরানো, বাকী॥ বক্‌রা খায্‌না শুদ্ কর। [বকিয়: بقیه আং]।

বক্‌রি নিন্‌দা=[পা]—বি. এক প্রকার ধান (ইহা ভাদ্র মাসে পাকে)॥

বক্‌লানো=[সি]—ক্রি. ফুলিয়া উঠা॥ পাগারের্ পানি বক্‌লাইসে। [<বলক+আনো প্র.; বর্ণবিপর্যয়]।

বক্শকচু=[রং]—বি. লম্বা মূল-বিশিষ্ট কচু ॥

বখাইট্টা=[কুম]—বিণ. ভবঘুরে ॥ এমুন্ বখাইট্টা সেলে পুলে দিয়া শংশার্ চ'ল্বে না। [বকাইটা]।

বখার্=[সি]—সি. সর্দি গর্মি, ইনফ্লুয়েনজা ॥ [দেখ বকর্]।

বখিয়া=[পা]—অস. ক্রি. নষ্ট হইয়া ॥ [দেখ বকাইট্টা ; বক (<বকা)+ইয়া প্র. ; দেখ বকে যাওয়া]।

বখ্ত=[ম]—বি. ভাগ্য, কপাল ॥ বখ্তে যা আসে তাই ঐবো। [<বখ্ত بخت ফা.]।

বখ্বখা=[সি]—বিণ. পচা, বাজে, বিশ্রী ॥ বখ্বখা গন্ কয়্। [<বখ্বখ্ (অনু.)+আ প্র.]।

বগমান্=[ম]—বি. ভগবান ॥ [< ভগবান]।

বগর্=[রং]—বি. কুল, বরই ॥ [< বদর সং]।

বগর্বগর্=[ঢা, কুম]—বি. প্যান প্যানানি, বকাবকি ॥ শারাদিন্ এ্যাত বগর্বগর্ কর ক্যান্? [অনু.]।

বগর্সগর্=[নো, সি]—বি. প্রবঞ্চনা, ফাঁকি ॥ হৈসা নো দেওনের্ লাগি বগর্সগর্ শুরু কৈর্সে। [অনু.]।

বগল্=[ফ]—বি. পার্শ্ব, কিনারা ॥ রাস্তার বগল্ দিয়া চ'ল্। [<বগল بغل ফা.]।

২=[ম, রং, সি]—অব্য. নিকট ॥ তোমার্ বারির্ বগলে নদি আসে যে (ম)? [অর্থ প্র.]।

বগল্ দেওয়া=[রা]—ক্রি. ভেজাল দেওয়া ॥

বগা=[ব]—বি. গাছ গাছড়ার রোগের নাম বিশেষ ॥ আউশের্ খ্যাতে বগা দর্সে।

২=[ম]—বি. লিঙ্গ ॥ বগা কাট্টিয়া আইসেরে লেন্টি পিন্দো। [<ভগ+আ প্র. ; অথ প্র.]।

বগাকাসি=[কুম,ঢা]—বি. বকের গলার মত লম্বা একপ্রকার কাস্তে ॥ বগাকাসি দিয়া পাট্ কাডে। [দেখ বগা+কাঁচি]।

বগাট্যা=[ম]—বিণ. বোকা ॥ এডা বগাট্যা সেরা। [দেখ বকাইট্টা ; অর্থ প্র.]।

বগাডল্=[ব]—বি. অত্যধিক প্লাবন ॥ একেবারে বগাডল্ মার্সে ॥ [দেখ বগা+চল ; মাঠের চারি দিক ভাসিয়া যায় এবং বকের পাখার ন্যায় সাদা দেখায়]।

বগার্আদার্=[ঢা]—বি. সামান্য খাদ্য ॥ এই বগার্ আদারে কি হের্ পেট্ বর্‌ব। [<বক+এর (সম্বন্ধে)+আধার (খাদ্য) ; প্রা. বাং ; ডাকের বচনে]।

বগার্ক্যাপ্=[সি]—বিণ. বোকা, নির্বোধ ॥

বগার্পাচ'া=[ব]—ক্রি. বি. আলাপ করা ॥

ব গাতা=[কুম]—ক্রি. কাপড়বুনার সুতা গাঁথা ॥ কাপরের্ ব না গাতুলে কাপর্ বুনা যায় না। [দেখ বও+গাঁথা]।

বগি=[রা]-বি. বাঁকা দা ॥ আমাদের্ বগি ধারাল্ আছে। [দেখ বগা কাসি, বক+ই প্র.]।

২=[কুম]—বি. লম্বা মেয়েলোক ॥ [দেখ বগি ; অর্থ প্র.]।

৩=[সি]—বি. স্ত্রী বক ॥ [<বক +ই প্র.]।

৪=[ম]—বি. নিঃসহায় মেয়েলোক ॥ বগিরে লৈয়া আর্ কতদিন্ গুরমু? [দেখ বগি]।

৫=[কুম]—বি. আংটা ॥ বগি দিয়া গাসের্ তোন্ আম্গুলা পার্।

বগিযগি=[নো]—বি. গোলমাল, ভঙ্গি ॥ বগিযগি থুইয়া হযা কতা কও। [<বক(বক)+ই প্র.+যগি (অনুঃ)]।

বগিলা=[রং]—বি. বক ॥ বগিলা খালোত্ মাছ খাএক্। [<বক+ইলা প্র. ; দেখ বকুলা]।

বগুনা=[ঢা]—বি. পিলসুঁজ, বাতিদান ॥ বাতিটা বগুনার্ উপুরে দ্যাও।

২=[রং]—বি. ছোট ডেকচি ॥ বগুনাত্ চাউল্ চড়াও।

বগুরা=[ম]—বি. বক ॥ বগুরা খাইতে শাদ্। [দেখ বগিলা]।

বগুলা=[কুম]—বি. বক ॥ [<বক+উলা প্র. ; পূর্বে দেখ]।

বগুলি=[ম]—বি. ঢেঁকির সিঁথানে প্রোথিত খুঁটি ॥ ডেকির্ বগুলি।

বগৈ=[ফ]—বি. ফল বিশেষ (ইহা তরকারি হিসাবেও ব্যবহৃত হয়) ॥

২=[রং]—বি. কুল, বরই ॥ [দেখ বগর্]।

বগোয্=[পা, ফ]—বিণ. ধোঁকাবাজ, দোমনা ॥ বগোয্ লোকের্ উপ্রে বর্শা কৈর না। [<বৌগ্যাস bogus ইং]।

বগ্গারানি=[কুম]—বি. রাখাল ছেলেদের লাঠি দিয়া এক প্রকার খেলা ॥ লরে, বগ্গারানি খেলি।

বগ্যল্=[ম]—বি. ধান বিশেষ ॥

বগ্ঠুকান্=[পা]—বি. নিড়ানি ॥ [দেখ বগি+ঠুকান]।

বগ্দুড়্=[রা, ব]—বি. বাদুড় ॥ পাকা কলার্ ছড়িটা বগ্দুড় খাইয়া ফেল্ছে (রা)। [দেখ বক্দুল্]।

বগ্দুল্=[রং]—বি. বাদুড় ॥ বগ্দুল্ কলা খায়। [দেখ বক্দুল্]।

বগ্না=[রা]—বি. পানের বাটা ॥ ঘরের্ মৈধ্যে বগ্নায় পান্ আছে।

২=[রা, দি]—বি. পিতলের তৈরী গামলা ॥ বগ্নার্ দাম্ কত ভাই?

বগ্নি=[পা]—বি. শুভারম্ভ, যাত্রা ॥ বগ্নি করি নাই। [<বউনি]।

২=[সি, রং]—বি. জাউ, চাউল দ্বারা রান্না করা এক প্রকার তরল খাদ্য ॥

বগ্বগ্ করা=[ঢা, পা]—ক্রি. বেশী কথা বলা ॥ এত্ বগ্বগ্ কেন্? [<বক্বক্ (অনু.)+করা]।

২=[পা]—ক্রি. কলসীতে পানি ভরার সময় শব্দ করা ॥ [বকবক (ধ্বন্যা.)+করা]।

বগ্রা=[কুম]—বি. অংশ, ভাগ ॥ [<বখ্রহ্ بخره ফা.]।

বগ্‌লামি=[সি]—বি. ভেল্কী, ভান ॥ হিতান্‌ পির্‌ শাষিয়া বগ্‌লামি দর্‌সৈন্‌। [দেখ বগ্‌লি৩ ; ভেলক+আমি প্র.]।

বগ্‌লি=[রং]—বি. গাঁট্‌রি, ঝোলা ॥ [দেখ বগল্‌+ই. প্র.]।

২=[রা]—বি. বগলের লোম ॥ [দেখ বগল্‌+ই প্র.]।

৩=[নো]—বি. ভঙ্গি, ছলাকলা ॥ কত বগ্‌লিই যানস্‌। [<ভেলকী ; বর্ণবিপর্যয়]।

বগ্‌লে=[পা]—বি. বক ॥ [দেখ বগুলা]।

বচ'ন্‌=[পা]—বি. গালি ॥ [অর্থ প্র.]।

বচ'র্‌=[ম]—বি. বস্ত্র, কাপড় ॥ [<বস্তর<বস্ত্র সং]।

বচি'=[সি]—বি. যোনি ॥

২=[চট্ট]—বি. মাটির বাসন ॥ আঁয়ি বচি'তে বাত্‌ ন খাই।

বচুরিয়া=[রং]—বিণ. বোঁটা বিহীন ॥ [<বুঁচা (<√ব্যহত্‌ সং+আ)+উরি+আ প্র.]।

বচে'নি<[কুম]—বি. মাছ ধরিবার ফাঁদ বিশেষ ॥

বচ্‌'=[চা, কুম, ম]—অব্য. বাস ॥ বচ্‌' বাত্‌ আর্‌ লাগ্‌বো না। [<বস্‌ بس ফা.]।

বচ্‌' করা=[সি]—ক্রি. স্বমতে আনা ॥ রহিম্‌ করিমরে বচ্‌' কৈর্‌সে। [<বশ+করা]।

বচ্‌'কানা=[খু]—বিণ. ছোট ॥ বচ্‌'-কানা কাপ্‌ড়ের্‌ দাম্‌ও আইয়্‌কাল্‌ বড় কাপ্‌ড়ের্‌ শমানেই। [<বচ্‌ (বাচ্চা <বৎস সং)+কা, কু+না প্র.]।

বচ্‌'কোনা=[কু]—বিণ. মাঝারি ॥ [দেখ বচ্‌'কানা]।

বচ্‌'না=[কু]—বিণ. বাচাল॥ [<বচন+আ প্র.]।

বচ্‌'নি=[চা]—বি. ছোট মাছ ধরার যন্ত্র ॥ বচ্‌'নিতে অনেক্‌ মাস্‌ ঐব।

বচ্‌'নে=[খু]—বি. মাছ ধরিবার বাঁশের যন্ত্র বিশেষ ॥

বচ্‌'নো=[সি]—বি. মাছ ধরিবার ঘন জাল ॥ বর্‌শার্‌ শময়্‌ আরা গোরায়্‌ চ'রি বচ্‌'নো পাতি আর্‌ চে'লা পুটি দরি খাই।

বচ্‌' হওয়া=[নো]—ক্রি. ঠিক মত হওয়া ॥ বাত্‌ সালন্‌ বচ্‌' ঐসে। [দেখ বচ্‌'+হওয়া]।

বজা=[রা]—বি. ডিম ॥ বজা ভাজা বড় মজা। [<বয়যঃ بيضه আং]।

বযগঠ=[সি]—ক্রি. বিণ. অনর্থক বিলম্ব ॥ বিয়ায়্‌ বযগঠ কর কিতাল্‌লাই ? [<ভজকট]।

বযগড=[ম, চা]—বি. ঝমেলা ॥ [দেখ বযগঠ] ।

বযপট=[পা]—বি. গোলমাল ॥ [দেখ বযগঠ]।

বযমটো=[সি]—বি. টালবাহানা ॥ বযমটো কৈল্‌লে ই কাম্‌ ঐতোনায়্‌। [দেখ বযগঠ]।

বযরা=[য]—বি. ছোট মাছ বিশেষ ॥ বযরা মাস্‌ খুব্‌ শাদের্‌।

বযরি=[চা]—বি. ছোট মাছ ॥ বয্‌রির্‌ কাটা লাগ্‌লে কশ্‌ট অয়্‌। [দেখ বযরা]।

বযা=[পা]—বি. ক্ষতি পূরণ ॥ তুমি যামিন্‌ ঐস তুমারৈ বযা দিওন্‌ লাগ্‌বো। [<ভজা (<√ভজ্‌+আ সং) ; অর্থ প্র.]।

২=[সি]—ক্রি. বি. তোষামোদ করা ॥ তারে বযা শোযা না। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩=[খু]—বি. ডিম ॥ [দেখ বজা]।

বযাইল=[ম]—বি. আমন ধান বিশেষ ॥

বযানো=[ম, সি]—ক্রি. যথেষ্ট প্রমাণ দেওয়া ॥ লোক্‌টা কতা বযাইতে পারে নাই। [<ভজানো]।

বযারি=[কু]—বি. ছোট টেংরা মাছ ॥

বয্‌রিমাস=[কুম]—বি. তিন কাঁটা যুক্ত ছোট মাছ ॥ [দেখ বযারি+মাছ]।

বয্‌র=[চা]—বিণ. খুব বেশী ॥ বয়ুর্‌ হয়্‌তান্‌ এই পোলাডা। [<বড়+যোর زور ফা.]।

বযেরী মাড়ি=[ব]—বি. ছোট মাছ বিশেষ ॥

বয্‌যোর=[চা]—বিণ. দারুন ॥ বয্‌যোর্‌ তেরাশ্‌ লাগ্‌সে। [দেখ বয়ুর]।

বয্‌বযে=[খু]—বিণ. পঁচা, প্যাঁচ-পেঁচে ॥ বয্‌বযে কাদা হোয়েসে। [<বয্‌বয্‌(অনু.)+এ প্র.]।

বয্‌বয়ে=[খ]—বিণ. ময়লাযুক্ত ॥ [দেখ বয্‌বযে]।

বয্‌বৈষ্যা=[কুম, চা]—বিণ. পচিয়া গলিয়া যাওয়া ॥ বয্‌বৈষ্যা আম্‌। [<বয্‌বয্‌(অনু.)+ইয়া প্র.]।

বয্‌রা=[খু]—বি. পালকী ॥ [<বোঝ+রা]।

২=[সি]—বি. ভাঙ্গাতরী ॥ [<বাজ্‌রা budgerow<barge ইং]।

বয্‌রা কচ'া=[য]—বিণ. খুব বড় ॥ গাস্‌টা বয্‌রা কচ'া।

বটর্‌=[ফ]—বি. এক প্রকার ছোট পাখী ॥ [<বটের হিং]।

বটা=[সি]—বিণ. মোটা, বড় ॥ বিশ্‌টির্‌ ফুটা বটা বটা। [<বড্ড<বড় সং]।

বটাত্‌=[সি]—বি. অব্য. অমঙ্গল ধ্বনি ॥ [ধ্বন্য.]।

বটার্‌=[খু]—বি. বর্ডার, সীমানা ॥ এবার্‌ বটারে খুব্‌ পুলিশ্‌ দিচে'। [<বর্ডার border ইং]।

বটি=[সি]—বি. পুরুষের লিঙ্গ ॥

২=[কু]—বি. মাছ ও তরকারি কুটিবার উপকরণ ॥ এই বটি দিয়া রুই মাস্‌ কোটা যাবে না। [<বঁটি (মুণ্ডা শব্দ)]।

বট্‌ক=[রা]—বি. হুঁকা রাখিবার উপকরণ ॥ [<বৈঠক]।

বট্‌য়া=[বা]—বি. ধান মাপিবার পাত্র বিশেষ ॥

বটেনি=[পা]—বি. ঘানি ।। কলুরা বটেনি গুরায়্ ।

বটেশ্শর=[ঢা]—বি. এক প্রকার আউশ ধান ।।

বটে=[সি]—বি. লিঙ্গ ।। [দেখ বটি] ।

বট্=[রং]—বি. কড়ি ।। এক্টা বট্ও নাই ঘরত্ ।

২ =[ফ]—বি. মন্ত্র ।।

বট্কা=[পা]—বিণ. পানসে ।। এহ্হে আম্ডা এ্যাহাবারে বট্কা ।

বট্কিরা=[কুম]—বি. বামন ।। ও বট্কিরা আর্ বর ঐত না । [<বট <বেঁটে(<বণ্ঠ সং)+কি+রা প্র.] ।

বট্কে=[কুম]—অস. ক্রি. হাত ছাড়া হইয়া ।। একে একে শব বট্কে গেল্ । [ভট্<ভ্রষ্ট সং+কে প্র.] ।

বট্টা=[কুম]—বি. সুতা দ্বারা পাকানো রশি ।। [<বট সং=শণসূত্র+উয়া প্র.] ।

বট্টু=[ম]—বিণ. আকারে ছোট ।। মানুশ্টা বরো বট্টু । [দেখ বট্কিরা] ।

বট্নি=[ঢা, কুম]—বি. বঁটি ।। বট্নি দার্ দিয়া আন্ দেহি । [দেখ বটি] ।

২=[ঢা, কুম]—বি. কানে ধরিয়া ওঠা বসা করা ।। কুরিডা বট্ নিল । [< বৈঠানি<বয়ঠানা হিং+ই] ।

৩=[চট]—বি. নমাযের মসল্লা ।। [<বৈঠন<বয়ঠ্না হিং+ই প্র.] ।

৪=[সি]—বি. যাহার উপর বাতি রাখা হয় ।। বট্নির্ উপ্রে ল্যাম্ রাখ্ । [পূর্বে দেখ ; অর্থ প্র.] ।

বট্নে=[য]—বি. ঘাস কাটার অস্ত্র বিশেষ ।। [দেখ বটি$_2$ +নে প্র.] ।

২ =[য]—বি. বঁটির নীচের কাঠ ।। [দেখ বটি$_2$ +নে প্র.] ।

বট্বটা=[সি]—বিণ. আসন্ন প্রসবা ।। বক্রিডার্ বট্বটা গাব্ । [<বট্বট্ (অনু.)+আ] ।

বট্বট্=[ঢা]—বি. বেশী কথা, বকবক ।। অত বট্বট্ করিশ্ না । [অনু.] ।

বট্ বট্ আত্তি বট্=[সি]—অব্য. হাতী বসাইবার সংকেত ।। [<বৈঠ (<বয়ঠ্ হিং) ; আতুতি<হাতী< হস্তী সং] ।

বট্ বাংগা=[সি]—ক্রি. হাটে হাঁড়ি ভাঙ্গা, গুমোর ফাঁক করা ।। বেশি মাতিও না, বট্ বাংগি দিআম্ । [< বোঁটা (<বৃন্ত সং)+ভাঙ্গা] ।

বট্মারি=[ম]—বি. কমিক, হাস্যরস ।। গানের্ বিত্রে বট্মারি ঐলে বালা অয় ।

বট্রা=[সি]—বি. পাতিলের সরার গোলাকার ধরনী ।।

বট্লা=[সি]—বিণ. মোটা ।। ওলা বট্লা বেটা । [<বর্তুল (<বৃৎ+ উল সং)+আ প্র.] ।

বঠি=[ঢা, রা]—বি. মাছ কাটিবার উপকরণ ।। বঠিডা আনুতো মাস্ কুটি (ঢা) । [দেখ বটি$_2$] ।

২ =[ঢা]—বি. বকরি, ছাগল ।। [<বরি<বকরী হিং] ।

বট্কি=[চট, কুম]—বি. লোহার তৈরী অস্ত্র বিশেষ ।। [দেখ বঠি+ কি প্র.] ।

বডন্=[চট]—ক্রি. পাকাইয়া রশিতে পরিণত করা, ভাঁজ করা, গুটানো ।। [তুং বটনা হিং] ।

বডর্ করিয়া=[কুম]—ক্রি. বিণ. টপ করিয়া, সহজে, হঠাৎ ।। [< বডর (অনু.)+করিয়া] ।

বডর্ বডর্=[কুম]—বি. বাজে আলাপ ।। এ্যাত বড়র্ বড়র্ আর্ বালা লাগে না । [অনু.] ।

বডারা=[ঢা]—বি. বণ্টন ।। বিন্ন বডারা ঐয়া গেসে । [<বাটোয়ারা <বট্রারা হিং] ।

বডি=[ঢা]—বি. বঁটি, যাহা দ্বারা মাছ তরকারী কুটা হয় ।। বডিডা দ্যা মাস্টা কুইট্টা ফালা যল্দি । [দেখ বটি$_2$] ।

২ =[কুম]—বি. যাহার উপর নৌকার মাল সাজাইয়া রাখা হয় ।। বডির্ উব্রপে মাল্ডি হাযাইয়া রাহ্ ।

৩ =[ঢা]—বি. বাজার দর ।। কম্লার্ বডি কত ?

৪ =[ঢা, ফ]—বি. নিরামিষ ।। বডি দিয়া বাত্ খাও ।

৫ =[কুম]—বি. নৌকার তলায় প্রস্থে ব্যবহৃত কাঠ ।। বডি না দিলে নৌকা শক্ত অয় না । [দেখ বডি$_2$] ।

৬=[কুম]—বিণ. অনুর্বর ।। বডি খেতের্ দর্ কম্ ।

বডি বাত্=[কুম]—বি. মাড় না গালিয়া পাক করা ভাত ।। বডি বাত্ রান্স ?

বড়$_4$=[কুম]—বি. বোঁটা ।। আমের্ বড় সিরা গেসে । [<বটু <বোঁটা (<বৃন্ত সং) ; বর্ণ বিপর্যয়] ।

বড়$_4$ক্=[ঢা]—বিণ. শোভা বর্ধক ।। গরীব ঐলেও তারা বংশের্ বডুক্ । [<মটুক<মুকুট ; বর্ণ বিপর্যয়] ।

বড়ুয়া=[নো]—বি. হাঁড়ির মুখের ঢাকনি ।।

বডেশ্শর্=[কুম, ফ]—বি. এক প্রকার ধান ।।

বডৈয়া=[নো]—বি. ঢাকনি, সরা ।।

বড্ডা=[নো, বা]—বিণ. বড় ।। বড্ডা মিয়া কৈ ? [<বড় আদিম প্রাং] ।

বড্বা=[নো]—বি. সরা ।। বড্বা দিয়া বাতের্ পাতিল্ ডাকি থও ।

বড়কাপড়্=[নো]—বি. বিয়ের প্রধান কাপড় ।। কিরকম্ বড় কাপড় আইন্সো ? [<বড়+কাপড়] ।

বড়চ'্যাং=[চট]—বি. টাকি মাছ ।। বাযারে বড়চ'্যাং উড্সে । [<বড়+ চ্যাং (মাছ বিশেষ)] ।

বড়ন্=[রা]—বি. ধানের নাম বিশেষ ।।

বড়বা=[রং]—বি. জ্যাঠা ।। বড়বা কোথায় গেলেন্ ? [<বড়+বাবা] ।

বড়মিয়া=[রা]—বি. ভাশুর ।। বড় মিয়া বাড়িত্ নাই । [বড়+মিয়াঁ میاں ফা.] ।

বড়রাবানি=[য]—বি. মাছ ধরার যন্ত্র বিশেষ ।। বড়রাবানি আইন্যা মাস্ দর্তি হবে ।

বড়র্‌=[ব]—বি. এক প্রকার পাখী ॥

বড়া=[পা]—বি. ডাল ময়দার তৈয়ারি এক প্রকার বড়া ॥ বড়া দিয়ে বাত্‌ খাইসি। [<বড়া হিং]।

২=[চট্ট]—বি. বাঁশ বিশেষ ॥

৩=[রা]—বি. পিঠা ॥ [দেখ বড়া]।

বড়াই=[পা]—বি. কুল ॥ [<বরই <বদরী সং]।

বড়াইদান্‌নি=[খু]—বিণ. গর্বিত ॥ এত বড়াইদান্‌নি তুমি কবে হৈলে। [<বড়াই (<বড়+আই প্র.)+দার دار ফা.+নি প্র.]।

বড়াইল্‌=[চট্ট]—বি. দড়ি, রশি ॥ বড়াইল্‌ দিয়া বোঝা বান্‌দ। [তুং বড়]।

বড়ান্‌=[খু]—বি. দেরীতে হয় যে ধান ॥

বড়াবড়ি=[নো]—বি. পিতৃপুরুষ ॥ [<বড় (বয়সে বড়)+বড়ি স্ত্রীং]।

বড়ালি=[খু]—বি. গাছ বিশেষ ॥ বড়ালি পাতা অনেক্‌ কাযে লাগে।

বড়ু=[খু]—বি. বড় মেয়ে ॥ মোল্লা বাড়ির্‌ বড়ু বাপের্‌ বাড়ি এল। [<বড় +উ প্র.]।

বড়ুয়া=[য, খু]—বি. ধান মাপা পাত্র ॥ বড়ুয়াটা দ্যাও দান্‌ মাপিবু।

বড়ে=[য]—বি. পাটকাঠি ও গোবর সমন্বয়ে তৈরী জ্বালানি ॥

বড়ে বড়ে=[চট্ট]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ বড়ে বড়ে যাও। [অনু.]।

বড়েমো=[কু]-ক্রি. বি. কান ভাংগানো, কথা লাগানো ॥ [<বড়+আমো প্র.; তুং জ্যাঠামো]।

বড়োয়ালি=[রং]—বি. অহঙ্কার ॥ বেশি বড়োয়ালি করিশ্‌ না বাহে। [< বড়+আলি প্র.]।

বড়োয়াল্‌=[রং]—বি. কাঁঠালের মত কোষওয়ালা ফল বিশেষ ॥ ছেলেরা বড়োয়াল্‌ খাতে ভালবাশে।

বড়্‌কি=[চট্ট]—বি. বড়শী ॥ [< বড়হি<বড়শী]।

বড়্‌বিন্‌তি=[কু]—বি. সকালবেলা ॥ বড়্‌বিন্‌তি যগ্‌ড়া লাগ্‌লো। [<বড়+বিহান<বিভান সং+তে অধিকরণে]।

বড়্‌ বেমার্‌=[ফ]—বি. কুষ্ঠরোগ ॥ [<বড়+বিমারী بیماری ফা.]।

বড়্‌শর্‌টি=[পা]—বি. বরবটি, তরকারী বিশেষ ॥ [<বরবটী সং]।

বড়্‌শি=[রা]—বি. আগুনের পাত্র ॥ বড়্‌শিতে আগুন্‌ নাই।

বড়্‌হল্‌=[রা]—বি. গাছ বিশেষ ॥ বড়্‌হল্‌ গাছের্‌ ছলি তুইল্‌লা আন্‌।

বতক্‌=[ম, রা]—বি. হাঁস ॥ বতক্‌ গুল্যা পানিতে নাম্‌সে। [<বত্তক بطک কিংবা বত্তখ بطخ ফা. <বত্ত بط আং]।

বতর্‌=[কুম, রা, খু]—বি. ধান কাটিবার মৌসুম ॥ বতরের্‌ শময়্‌ দানের্‌ দর্‌ শস্‌তা হয়্‌ (খু)।

২=[পা]—বি. আবাদ ॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।

বতর্‌ বতর্‌=[কুম]—ক্রি. বিণ. তাড়াতাড়ি, অনিয়মিতভাবে, অভদ্রের মত ॥ মানুশ্‌ডা বতর্‌ বতর্‌ কৈর‍্যা বাত্‌ খাই উড়্‌সে। [অনু.]।

বতা=[রা]—বি. শাক বিশেষ ॥

বতার্‌ বতার্‌ করা=[সি]—ক্রি. বি. অতিরিক্ত কথা বলা ॥ অতো বতার্‌ বতার্‌ করো কিতা? [দেখ বতর্‌ বতর্‌ +করা]।

বতাল্‌=[পা]—বিণ. চরিত্রহীন ॥ ওই বতাল্‌ ম্যায়ার্‌ লগে কথা কৈও না। [<বত্তাল بطال আং]।

বতি=[কুম]—বি. ছিদ্র বন্ধ করিবার ডিপা ॥ নাওয়ের্‌ ফুলাকে বতি দ্যাও। [<বাতি; দেখ বতি৩]।

২=[ব]—বিণ. পোক্ত ॥ ক্যালা বতি ঐয়া গেসে।

৩=[কুম]—বি. সলিতা ॥ বাতি লাগাও। [<বাতি<বতিকা সং]।

৪=[কুম]—বি. ছিপি ॥ বোতলডায়্‌ বালা কৈরা বতি দ্যাও। [দেখ বতি]।

বতু=[কুম]—বি. খেলায় হারজিতের এক পর্ব ॥

২=[রা]—বিণ. বশীভূত ॥ ছোড়াটা ম্যারার্‌ বতু। [<ভীতু]।

বতুকি=[কুম]—বি. ভক্তি ॥ মানুশ্‌ডা খুব্‌ বতুকি যানে। [<ভকুতি< ভক্তি সং; বর্ণ বিপর্যয়]।

বতুয়া=[রং]—বি. এক প্রকার শাক ॥ বতুয়ার্‌ আগা নল্‌ফল্‌ নল্‌ফল্‌ করে।

বতুরন্‌=[ম]—ক্রি. গরু ছাগল ইত্যাদির গর্ভবতী হওয়ার জন্য সঙ্গম কামনা করা ॥ [<বাত্‌+√উঠ্‌ +অন প্র.]।

বতে=[রা]—বি. ভাত ॥ বতে খাও না কেন্‌? [<ভত্ত<ভক্ত]।

বতেল্‌=[সি]—বিণ. বৈতাল, ছিনাল, অসচ্চরিত্রা ॥ তুই বর বতেল্‌। [দেখ বতাল্‌]।

বত্যাল্‌=[রা]—বিণ. দুষ্ট ॥ ছেলেটা এত বত্যাল্‌ হৈয়াছে! [দেখ বতাল]।

বতোক্‌=[রা]—বি. পাতিহাঁস ॥ বতোকের্‌ ডিম্‌ আকারে বড় হয়্‌। [দেখ বতক্‌]।

বতোর্‌=[বা]—বি. মৌশুম ॥ বর্‌শার্‌ বতোরে বিলান্‌চ'লে শাপ্‌লা যম্‌মে। [দেখ বতর্‌]।

বত্‌তচ্‌'খানা=[চট্ট]—বি. পাকঘর ॥ বত্‌তচ্‌'খানাত্‌ ভাত্‌ খাবি কেনে? [<বাব্বরচীখানাহ্‌ باورچی خانه ফা.]।

বত্‌তট্‌=[ফ]—বি. বড় কোরাল মাছ ॥ বত্‌তটার্‌ দাম কি?

বত্‌তন্‌=[চট্ট]—বি. থালা ॥ বত্‌তন্‌ বাইঅনর্‌ সালন্‌ বায়ে ন। [<বর্‌তন হিং]।

বত্‌তর্‌=[সি]—বিণ. খারাপ হইতে খারাপ, মন্দতর ॥ [<বদ্‌তর্‌ بدتر ফা.]।

বত্‌তা=[দি]—বিণ. জীবিত ॥ মুই বত্‌তা থাক্‌তেই এম্‌ন, মর্‌লে না জানি তোরা কি করিশ্‌। [<বত্তঅ প্রাং <বর্তক (বৃৎ ধাতুজ)]।

২=[চট্ট]—বি. ডেউয়ার ফল ॥ বত্‌তা ফল্‌ খাট্টা মিঠা।

বত্‌তি=[চট্ট]—বি. ফিতা ॥ হাড়িকেনের্ বত্তি। [দেখ বতি$_{৩}$]।
২=[ম]—বি. পূজারিণী ॥ বাত্তির্ পাদ দুশ্ নাই। [<ভক্তি সং ; অর্থ প্র.]।

বত্‌তিশা=[সি]—বিণ. খুব বড় ॥ ঐ বত্তিশা আম্ডা আমার্। [< বত্রিশ+আ প্র. ; অর্থ প্র.]।

বত্‌তুক্‌=[ ]—বি. ক্ষতি পূরণ ॥ [<ভতি+ক প্র.]।

বদংগা=[সি]—বিণ. অসুন্দর, বিকৃত গড়ন ॥ এই নাওখান্ বদংগা। [< বে بے ফা.+ঢং+আ প্র.]।

বদন্‌=[নো]—বি. শরীর ॥ ওয়ার্ বদনো বশন্তের্ দাগ্। [বদন بدن আং]।

বদন্‌ খেলা=[ফ]—বি. এক প্রকার খেলার নাম ॥

বদর্‌=[খু]—বিণ. শেয়াকুল ॥ বদরের্ কাঁটা গায়ে যড়াইয়া গেলে সাড়ান মুশ্কিল্। [বদর কুল ; অর্থ প্র.]।

বদর্‌ চ'দর্‌=[চট্ট]—বি. টালবাহানা ॥ [অনু.]।

বদর্‌দিগালে=[কুম]—ক্রি. বিণ. এলোমেলোভাবে ॥ বদর্দিগালে হাটাহুটা করিস্ না।

বদর্‌ দেওয়া=[চট্ট]—ক্রি. দলবদ্ধ হইয়া ধান্য রোপণ করা ॥ [<বদল بدل আং+দেওয়া]।

বদর্‌বদর্‌=[কুম, সি]—বি. বাজে কথা বলা, বাচলামি ॥ বদর্বদর্ কর্লে বালা ঐত না। [অনু.]।

বদর্‌বিলাই=[কুম]—ক্রি. বিণ. গোলমাল, অদৃশ্য, নিখোঁজ ॥ আমার্ কলম্ডা বদর্বিলাই ঐসে। [দেখ বদর্ দিগালে]।

বদর্‌বিল্‌=[ম]—ক্রি. বিণ. ক্ষতি, পরিবর্ত্তন ॥ যিনিশ্টা যানি কোনু বদর্বিল্ না অয়্ খেয়াল্ কৈরো। [দেখ বদর্ বিলাই]।

বদা=[য, খ]—বিণ. নির্বোধ ॥ তুই এক্টা আস্ত বদা। [<ভন্দা হিং]।
২=[ঢা, কুম]—বি. আণ্ডা ॥ বদা সান্দা বাত্ খামু। [দেখ বজা]।
৩=[সি]--বি. লিঙ্গের নিকটস্থ কোমল অংশ ॥

বদাইল্যা=[ফ]—বিণ. ডিম দিবে এমন অবস্থা প্রাপ্ত ॥ মোর্গিটা বদাইল্যা। [দেখ বদা$_{২}$+ল+ইয়া প্র.]।

বদাইশ্যা=[কু]—বিণ. বেহিসাবী ॥ [<বদ (বদ بد ফা.)+হিসাব حساب আং+ইয়া]।

বদানো=[ম]—ক্রি. হটাইয়া দেওয়া ॥ হাডুডুতে বর্গা দল্ বদাইয়া দিল্।

বদাবদা=[সি]—বিণ. বিস্বাদ ॥ [অনু.]।

বদাম্‌=[রা]—বি. ছোলা ॥ [< বাদাম بادام ফা. ; অর্থ প্র.]।

বদি=[ম]—বিণ. পাপী ॥ বদির্ যাগা দুযকে। [<বদী بدی ফা.]।

বদিয়া=[রা]—ক্রি. বিণ. বারবার ॥ বদিয়া কহা দিনু তাও কথা শুন্নে না।

বদিল্‌লা=[কুম]—অস. ক্রি. বদলাইয়া ॥ লাল্ কাপর্ বদিল্লা কালা কাপর্ দ্যাও। [<বদলাইয়া (বদলানো <বদল بدل আং+আনো)]।
২=[চট্ট]—বি. কামলা, দিনমজুর ॥ কালামিয়া বদিল্লা দিয়া প্যাট্ চ'লায়্। [দেখ বদর্ দেওয়া ; বদল+ইয়া প্র.]।

বদ্‌ইল্যা=[কুম]-বি. মজুর, কামলা ॥ [দেখ বদিল্লা$_{২}$]।

বদের্‌হাড়ি=[রা]—বিণ. দুষ্ট ॥ বদের্ হাড়ি কোথাকার্। [<বদ بد ফা.+ এর (সম্বন্ধে)+হাঁড়ী]।

বদৈল্‌লা=[নো, কুম]—বি. মজুর, শ্রমিক ॥ [দেখ বদিল্লা$_{২}$]।

বদ্‌খুর্‌=[সি]—বিণ. দুষ্ট, অনিষ্ট-কারী ॥ বদ্খুর্ লোক্ নিযের্ পাপে নিযেই পুরে। [<বদ্ بد ফা.+কার کار ফা.]।

বদ্‌খ্যালি=[ঢা]—বি. বদমায়েশী ॥ বদ্খ্যালি কৈরা শব্ উরাইয়া দিল্। [<বদ্ খিয়ালী بد خیالی ফা.]।

বদ্‌গুমান্‌=[সি]—বি. আত্মম্ভরিতা ॥ বিত্রে বিত্রে বদ্গুমান্ রাখিয়া বাইরে খাতির্ দ্যাহাও ইডা বালা না। [< বদ্গুমান بدگمان ফা.]।

বদ্‌চালা=[রা]—বিণ. বেহিসাবি ॥ শে বড় বদ্চালা লোক্। [<বদ্ بد ফা.+চাল+আ প্র.]।

বদ্‌তমিয্‌=[ঢা]—বিণ. অসভ্য ॥ [<বদ بد ফা.+তমীয তمیز আং]।

বদ্‌দশ্‌তো=[য]—বি. সহ্য ॥ তোমার্ কথা আর্ যানে বদ্দশ্তো অয়্ না ॥ [<বরদাশত্ برداشت ফা.]।

বদ্‌দা=[চট্ট]—বি. বড় দাদা ॥ [< বড়দা<বড় দাদা]।

বদ্‌দাইশ্‌=[চট্ট]—বি. সহ্য, হজম ॥ [দেখ বদ্দশ্তো]।

বদ্‌দি=[পা]—বিণ. কৃপণ ॥ [দেখ বদি]।

বদ্‌দু=[ফ]—বিণ. বোকা ॥ [< বদ্দু হিং<বদ্দূ بدو আং=যাযাবর ; অর্থ প্র.]।
২=[সি]—বিণ. পাষণ্ড, নিষ্ঠুর ॥ [অর্থ প্র.]।

বদ্‌দুন্‌=[রা]—বি. একপ্রকার খেলার নাম ॥

বদ্‌দুয়ার্‌=[চট্ট]—বিণ. বড়দুয়ার, বড় দরজা ॥ বদ্দুয়ার্ দি ঘরত্ যাও। [বড়+দুয়ার (<দ্বার)]।

বদ্‌নস্‌=[কু]—বিণ. অসভ্য ॥ এই ছেলেটা আস্ত বদ্নস্। [বদ্ (بد ফা.)+মাইশ<ম'আশ معاش আং]।

বদ্‌না=[ম]—বি. অগ্রভাগ ॥ গুশি মাইরা নাকের্ বদ্না বাইংগ্যা ফালামু। [< বধ্না হিং<বর্দ্ধনী সং=ঘটি ; অর্থ প্র.]।

বদ্‌নি=[ফ, কুমি]—বি. পিতলের জলপাত্র, বদনা, গাড়ু ॥ বদ্নিডা মায্। [দেখ বদ্না]।

বদ্‌নিয়ত্‌=[সি]—বিণ. মন্দ সঙ্কল্প, খারাপ উদ্দেশ্য ॥ বদ্নিয়ত্ লৈ বেটা যাইতে আইতে যহুটির্ ডাল্ বাংগে। [<বদ্ بد ফা.+নিয়্যত نیت আং]।

বদ্‌বদা=[সি]—বিণ. স্বাদহীন ॥ [দেখ বদাবদা]।

বদ্‌রংগা=[ম]—বিণ. বিবর্ণ, ফ্যাকাশে ॥ বদ্‌রংগা কাপর্‌। [<বদ্‌ بد ফা.+রং+আ]।

বদ্‌রা=[ঢা]—বি. পরনিন্দা॥ বেশি বদ্‌রায় তর্‌ এই দশা ঐসে। [<ব_ بد ফা.+রাও<রব সং]।

২=[কুম]—বি. ভিটা॥ দক্‌খিন্‌ বদ্‌রার্‌ গর্‌ বালা। [ভদ্রা (সন)]।

৩=[পা]—বি. অমঙ্গল॥ তর্‌ কামে বদ্‌রা দর্‌সে। [দেখ বদ্‌রা]।

বদ্‌রাসদ্‌রা=[ঢা]—বি. পরনিন্দা, বাজে কথা ॥ আমি তোমাগো বারি এই বদ্‌রা সদ্‌রা হোন্‌তে আই নাই। [দেখ বদ্‌রা+সদরা (অনুঃ)]।

বদ্‌রাপাঠা=[ঢা]—বি. আংশিক সাদা কালো পাঁঠা ॥ বদ্‌রা পাঠা পুষায়্‌ লাগে না।

বদ্‌লয়্‌=[সি]—বিণ. খারাপ অভ্যাস, মুদ্রাদোষ ॥ হেতারার্‌ এই বদ্‌লয়্‌ আর্‌ যাইতো নায়্‌। [<বদ্‌ بد ফা.+লয়]।

বদ্‌লা=[বা]—বি. সূতার বাণ্ডিল॥ [<বাণ্ডিল<bundle ইং]।

২=[ঢা]—বি. শ্রমিক, কৃষাণ॥ কয়্‌ডা বদ্‌লা লৈসত্‌? [দেখ বদিল্‌লা]।

বদ্‌লি=[ঢা]—বি. দৈনিক মজুর॥ বদ্‌লির্‌ রোয্‌ কি? [দেখ বদিল্‌লা₂]।

বধন্‌=[চট্ট]—ক্রি. বি. সর্বনাশ করা। [<বধ+অন প্র.]।

বনত্‌ দেওয়া=[ঢা]—ক্রি. ওজর দেখানো ॥ তুমি কারও এক্‌টু বনত্‌ দিলা না। [বরআত برات ফা.<আং+দেওয়া]।

বনর্‌তা=[সি]—বি. শূকর॥ [<বনর্‌<বন্যশূকর <বন্যশূকর সং +তা প্র. কিংবা<বন+র (সম্বন্ধে) +তা=সে]।

বনশ্‌গন্‌=[ব]—বি. আমন ধান বিশেষ ॥

বনা=[ফ, কুম]—ক্রি. মিল হওয়া ॥ তার্‌ সাথে আমার্‌ এক্‌টুও বনে না।

বনাই=[বা]—বি. ভগিনীপতি॥ আমার্‌ বনাই আইশাসে। [দেখ বওনাই]।

বনাগতি=[ঢা]—বি. মিল মহব্বত॥ তোমাগো মৈদ্দে বনাগতি নাই ক্যা? [দেখ বনা+গতি]।

বনায=[সি]—বিণ. টোটকা। বনাযি ওশুদে বৌত্‌ মানুশ্‌ বালা অয়্‌। [< বনজ+ই প্র.]।

বনাবনতি=[কুম]—বি. ভালবাসা, মিল মহব্বত ॥ [দেখ বনা+বনতি< বন্‌+তি প্র.]।

বনালা=[ম]—বিণ. বনজ॥ বনালা ওশুদ্‌। [<বন+আল+আ প্র.]।

বনি=[ঢা]—বি. যাত্রা, শুভলগ্ন॥ বনি করি নাই। [<বউনি<? বর্ধনী সং]।

বনিবনাই=[খু]—বি. সদ্ভাব॥ আমাদের্‌ এখন্‌ বনিবনাই নাই। [দেখ বনা; বন্‌+ই+বন্‌+আই প্র.]।

বনিবনাত্‌=[নো]—বি. মিল মহব্বত॥ কোনুদিন্‌ হতিনে হতিনে বনিবনাত্‌ অয়্‌ না। [দেখ বনাবন্‌তি]।

বনিয়াদ্‌=[কুম]—বিণ. সম্ভ্রান্ত॥ বংশ বনিয়াদ্‌ গরে বিয়া বালা। [< বুন্‌য়াদী بنیادی ফা.]।

বনু=[ঢা, কুম]—বি. ভগ্নিপতি॥ বনু, কৈ যান্‌? [দেখ বনাই]।

২=[রং]—বি. বর্ণ॥ উনার্‌ কথা এক্‌ বনুও বুঝ্‌লু না। [<বন<বর্ণ]।

বনেলা=[ঢা]—বিণ. বন্য॥ বনেলা পাইক্‌কের মতন্‌ এ্যাত উর কেরে? [<বন+এলা প্র.]।

বনোদ্‌=[খু]—বি. মিল॥ ভায়ে ভায়ে বনোদ্‌ নি। [<বনত; দেখ বনা; বন+ত প্র.]।

বন্‌=[চট্ট]—বি. বন্ধুত্ব॥ বন্‌ পাইত্‌তে। [দেখ বনা]।

২=[সি, কুম]—বি. খড় বা বিচালি॥ [বন; অর্থ প্র.]।

৩=[সি, খু]—বি. ফিতা, কোমর-বন্ধনী॥ আমার্‌ পাযামার্‌ বন্‌টি সিরি গেসে (সি)। [<বন্দ بند ফা]।

৪=[ঢা]—বি. ছন॥ বন্‌ দিয়্যা গর্‌ সাওয়া যায়্‌। [দেখ বন্‌₂]।

বন্‌আতিয়া=[নো]—বি. একপ্রকার বন্য তরকারি ॥ বন্‌ আতিয়া রোগির্‌ তর্‌কারি। [<বন+আতিয়া প্র.]।

বন্‌কলুই=[খু]—বিন. বনজ ডাইল॥ বন্‌কলুই ধানের্‌ খতি করে। [<বন. +কলায় সং]।

বন্‌কৈল্যা=[কুম]—বি. রাখাল॥ বন্‌কৈল্যা গরু লৈ বন্‌দি গুরে।

বন্‌খোলা=[ব, ফ]—বি. বনের ক্ষেত॥ [দেখ বন্‌₂+খোলা (স্থান)]।

বন্‌য=[ঢা]—বি. সলিতা॥ বন্‌য দে পিদিমে।

বন্‌যি=[পা]—বি. বেদের মেয়ে॥ [<বোন+ঝি]।

বন্‌টোলা=[কুম]—বি. বুনো বিড়াল॥ বন্‌টোলা মুরগি দর্‌সে। [<বন+টোলা]।

বন্‌ডক্‌=[ঢা]—বি. ভাগ॥ ট্যাহা বন্‌ডক্‌ কর। [<বণ্টক]।

বন্‌ডামি=[ঢা, ফ]—বি. চতুরালি॥ তোমার্‌ বন্‌ডামি রাহ। [<ভণ্ডামি]।

বন্‌ডুয়া=[নো]—বি. সরা, ঢাকনী॥ বন্‌ডুয়া আন্‌। [<ভাণ্ডক সং]।

বন্‌তা=[সি]—বি. শূকর॥ [দেখ বনর্‌তা]।

২=[ঢা]—বি. সলিতা॥ [দেখ বন্‌য]।

বন্‌তিল=[ম]—বি. গুল্ম বিশেষ॥

বন্‌দ=[ম]—বি. বন্ধু॥ [<বন্ধু]।

২=[ঢা, ম, ফ, সি]—বি. ক্ষেত, ধান জমির মাঠ, দূরের জমি॥ দান্‌ কাট্‌তে বন্‌দে যামু। [<বন্দ بند ফা.; অর্থ প্র.]।

৩=[কুম]—বি. কালি, ক্ষেত্রফল॥ আপ্‌নার্‌ গরের্‌ বন্দ কত? [পূর্বে দেখ]।

বন্‌দনা=[খু]—বি. বাজে কথা, গালগপ্প॥ তারা বশি বশি খায়্‌

আর্ বন্দনা করে। [<বন্দনা ; অর্থ প্র.]।

বন্দা=[কুম]—বি. বদনা ।। বন্দাতে করি ওযুর্ পানি লৈয়া আহ। [দেখ বদ্না ; বর্ণবিপর্যয়]।

বন্দাইল=[সি]—বি. একপ্রকার ছোট বাঁশ ।।

বন্দান=[সি]—বি. মাসিক বা বাৎসরিক বন্দোবস্ত।। দুদ্ বন্দান্ করিসি। [<বন্ধন]।

বন্দা পিডা=[বা]—বি. পিঠা বিশেষ ।। তাল্ দিয়া বন্দা পিডা খাইতে বালা ।। [<বন্ধ পিঠা]।

বন্দি=[ফ]—বি. বদনা ।। বন্দি দিয়া পানি আন্। [দেখ বদ্নি ; বর্ণ বিপর্যয়]।

বন্দুকি=[রং]—বি. বন্দুকধারী ।। বন্দুকির্ হাত্ ঠিক্তো! [<বন্দুক <বন্দুক بندق আং +ই প্র.]।

বন্দুক্শি=[ম]-বি. বন্দুকশিকারী ।। তাইন্ পাকা বন্দুক্শি। [দেখ বন্দুকি; বন্দুক+চী প্র.]।

বন্দুশ্তি=[কুম]—বি. বন্ধুত্ব দুস্তি।। শোনার্ লগে মনা বন্দুশ্তি কর্সে। [<বন্ধু+দোসতী دوستى ফা. =বন্ধুত্ব ; লোকব্যুৎপন্ন]।

বন্দুশ্তো=[সি]—বি. বন্ধুত্ব ।। দুইযনে খুব্ বন্দুশ্তো। [দেখ বন্দুশ্তি]।

বন্দেবরস=[নো]—বি. বন্দোবস্ত ।। বাড়িত্ যাওয়ানের্ বন্দেবরস্ কর। [<বন্দোবস্ত بندوبست ফা.]।

বন্দো=[খু]—বি. লাইন, ভাগ।। যমির্ এই বন্দোটা আমার্। [দেখ বন্দ$_2$]।
২=[ম]—বি. বড় হাওর।। বন্দোডা ফাশ্ বর। [পূর্বে দেখ]।

বন্দো বার=[ম]—বি. ক্ষেত, ময়দান।। [দেখ বন্দো$_2$+বাহির]।

বন্দোরিয়া=[রং]—বিণ. বন্দরবাসী ।। বন্দোরিয়া মানুশের্ পয়শা বেশি।। [<বন্দর بندر ফা.+ইয়া প্র.]।

বন্দে=[কুম]—বি. বন্ধু।। বন্দের্ লাইগ্যা পরান্ কান্দে। [<বন্ধু]।

বন্নত=[ঢা]—ক্রি. বিণ. ত্বরিত, চট করিয়া ।। বন্নত্ কৈর‍্যা শুইর‍্যা আয়্। [অনু.]।

বন্নবাদ=[পা]—ক্রি. বিণ. বিন্দু-বিসর্গ ।। আমি ইয়ার্ বন্নবাদ্ও যানি না। [<বন্দ<বিন্দু+বাদ]।

বন্নর বন্নর করা=[কুম] - ক্রি. একা একা কথা বলা ।। মানুডা হারাদিন্ বন্নর্ বন্নর্ করে। [<বন্নর বন্নর (অনু.)+করা]।

বন্না=[পা]—বি. বড়াই।। ও কোন্ কালে মোড়ল্ আসাল্, তার্ বন্না এহনও দেয়্। [<বর্ণনা]।
২=[খু, ম]—বি. বদনা ।। বন্না কনে থুইসি? [দেখ বদ্না]।
৩=[চট্ট]—বি. শূকর।। বন্নায় ধান্ খায়্। [<বন্য সং]।

বন্না মগি=[ব]—বি. আমন ধান বিশেষ ।।

বন্নাম=[চট্ট]—বি, বদনাম।। হক্কল্ মাসে গু খায়্ পাইশ্শার্ বন্নাম্। [<বদনাম بدنام ফা.]।

বন্নারি=[সি]—ক্রি. বিণ. তাড়াতাড়ি।। বন্নারি আইও। [অনু.]।

বন্নিতা=[ব]—বি. বনভোজন।। আমাগো শংগে বন্নিতা যাইতে হৈলে দুই ট্যাকা চান্দা দেওয়া লাগ্বে। [<বন+ভাত+আ প্র.]।

বন্নিয়া=[ম]—বি. পোদ্দার ।। বন্নিয়ার্ বারি গান্ অয়্। [< বানিয়া<বণিক সং]।

বন্ পুত=[পা]—বি. বোনের ছেলে।। আমার্ বন্পুত্ আশিবে। [<বোন +পুত (<পুত্র সং)]।

বন্ফেরত=[কুম]—বিণ. নোংরা, ময়লাযুক্ত ।। বন্ফেরত্রে কৈঐ যায়্গা দিতে চায়্ না। [দেখ বন্দ$_2$+ফেরৎ]।

বন্বনা=[রং]—বিণ. সোজা, সরল ।। মোর্ জন্নি এ্যাক্টা বন্বনা নাটি আনিশ্। [<বন্বন্ (অনু.)+আ প্র.]।

বন্ বন্ করা=[ঢা]—ক্রি. নিজে নিজে কথা বলা ।। বন্বন্ কৈরা কি কও কিসু বুঝি না। [<বন্বন্ (অনু.)+করা ; সাধু ভন্ভন্ করা]।

বন্বোড়ালি=[ফ]—বি. বনজ তরকারি বিশেষ ।।

বন্বাশ=[ফ]—বি. এক প্রকার বাঁশ। [<বন্য বংশ]।

বন্ বিলাই=[পা]—বি. এক প্রকার পশু, বন্য বিড়াল ।। [বন বিড়াল]।

বন্ বুড়ো=[খু]—বি. বাঁদর ।। বন্বুড়োরা কলা খায়্! [<বন+ বুড়ো (<বৃদ্ধ সং)]।

বন্বুত=[সি]—বিণ. অসভ্য ।। হেতান্ এ্যাক্টা বন্বুত্। [<বন্যভূত]।

বন্বেডি=[রা]—বি. শৃগাল।।

বন্মুলা=[খু]—বি. বনজ মূলা বা শাক।।

বন্ সওল=[চট্ট]—বি. বন্য খরগোশ ।। [<বন্য ছাগল]।

বন্সন=[ম]—বি. ছোট গাছ গাছড়া।। বন্ সন্ কাইট্যা শাফ্ কর্। [<বন +ছন]।

বন্হলা=[ঢা]—বি. সুতা ভরিবার ব্যবহৃত লোহার শলাকা ।।

বন্হোলা=[বা]—বি. বুনো বিড়াল।। [<বন+হোলা=বিড়াল]।

বন্ফুল=[কুম]—বি. সাদা ফুল বিশেষ ।। [<বক ফুল]।

বফরে ওঠা=[সি]—ক্রি. ঢেউ উঠা।। হাওরে বফ্রে উঠ্সে।। [বকরী+ উঠা (ঢেউগুলি দেখিয়া মনে হয়, যেন বকরী দৌড়াইতেছে)]।

ববর=[ম]—বিণ. বোকা।। [<বর্বর]।

ববশ =[সি]—বিণ. চুল দাড়িতে আচ্ছন্ন, অসভ্য ।। ববশ্ ব্যাডার্ বারি কৈ?

ববাযিয়া=[বা]—বি. বাদিয়া, চুড়ি ব্যবসায়ী।।

ববানি বোগ=[ঢা]—বি. এক প্রকার আমন ধান ।। [<ভবানী ভোগ]।

ববান্‌ডব্‌=[সি]—বি. ভূমণ্ডল, পৃথিবী। এমুন্‌ পাখি ববান্‌ডবো আর্‌ নাই। [<ব্রহ্মাণ্ড]।

ববার দেওয়া=[ম]—ক্রি. বসিতে দেওয়া ।। ইশ্‌টি আইসে, ববার্‌ দ্যাও। [<বইবার<বসিবার+দেওয়া]।

ববাল্‌টা=[পা]—বি. ধানের শ্রেণী বিশেষ ।।

ববিকালে=[চা]—ক্রি. বিণ. পরিণামে, ভবিষ্যতে।। ববিকালে তার্‌ খুব্‌ কশ্‌ট ঐব। [ভাবীকালে]।

ববিস্‌তর=[চা]—বি. প্রবৃত্তি ।। তার্‌ ববিস্‌তর্‌ ঐল্‌ না পোলার্‌ আতে একটা কেলা দিতে। [<পবিত্তর< প্রবৃত্তি]।

ববো শবো=[সি]—বিণ. কিম্ভূত-কিমাকার ।। চুল্‌দারিত্‌ মানুশ্‌ উগা ববোশবো। [অনু.]।

বব্‌যাতা=[চা]—বি. বেদম প্রহার ।। [<বব (<বাপ)+যাতা<জাঁতা <যন্ত্র সং]।

বব্‌বর্‌=[পা]—বিণ. নির্বোধ।। [দেখ ববর্‌]।

২=[চট্ট]—বি. বর্বর, অসভ্য।। ইতে অগ্‌গুয়া আস্‌তা বব্‌বর্‌। [পূর্বে দেখ]।

বব্‌বু=[চট্ট]—বিণ. বড় বোন।। আঁর্‌ বব্‌বু নাই। [<বড়+বু<বোন]।

বমক্‌-সারা=[ম]—ক্রি. ঘুরপাক দেওয়া ।। [<বম(<বমা=বমন)+ক+ছাড়া]।

বমা=[বা[—বি. ছিদ্র করিবার যন্ত্র।। [<ভোমর < ভ্রমর সং]।

বম্‌যশ্‌টি=[চট্ট]—বি. ঔষধের গাছ বিশেষ ।। [<বনযষ্টি]।

বম্‌বমি=[সি]—বি. গভীর পানির বুদ্‌বুদ।। [<বমবম (অনু.)+ই]।

বম্‌বার্‌=[রা]—বি. মূলা ।।

বম্‌রা=[ম]—বি. নাগর।। তর্‌ বম্‌রার্‌ কাসে যা। [<ভ্রমর+আ প্র.]।

বয়শে বাতে=[সি]—ক্রি. বিণ. উপযুক্ত বয়সে।। বয়শে বাতে তার্‌ বিবা ঐল্‌। [বয়সে+বাত+এ(বিভক্তি)]।

বয়শ্‌ ফোড়া=[য]—বি. মুখের ব্রণ ।। [<বয়স+ফোঁড়া]।

বয়া=[রং, সি]—বিণ. বাজে, খারাপ, দুর্গন্ধযুক্ত ।। দুধ্‌ বয়া নাগে (রং)। [<বূ بو ফা.+আ]।

২=[রা]—বি. অস্বস্তি ।। মোক্‌ খুব্‌ বয়া লাগেছে। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

বয়াত্‌=[সি]—ক্রি. বিণ. বসা অবস্থায় ।। আমি তারারে বয়াত্‌ থৈয়া আইসি। [<বওয়া <বসা+ত (বিভক্তি)।

২=[খু]—বি. মুরীদ ।। পিরের্‌ বয়াত্‌ [<বয়'আত بيعت আং]।

বয়ার্‌=[চট্ট, সি, রা,]—বি. হাওয়া।। আইয্‌ বয়ার্‌ বৌত্‌ ঠান্‌ডা (চট্ট)। [<বায়ু+আর প্র.]।

২ =[ম, রা, পা]—বি. পুং মহিষ ।।

বয়ালা=[সি]—বিণ. ব্যাধিবর্ধক, দুর্গন্ধযুক্ত ।। বয়ালা মাস্‌ খাইও না। [<বূ بو ফা.+আলা প্র.]।

২=[সি]—বিণ. খারাপ।। বয়ালা কথা। [<পূর্বে দেখ]।

বয়াশি=[সি]—বি. আউশ ধান বিশেষ ।।

বয়াসি=[চা]—বি. গ্রাম্য ক্রীড়া বিশেষ ।।

বয়ুরা=[নো]—বি. একপ্রকার ধান।। বয়ুরা ধান্‌ হোশ্‌ মাশের্‌ হৈলা আইয়ে।

বয়েশ্‌=[য]—বিণ. মোটা তাজা ।। গরুটা খেয়ে খেয়ে বয়েশ্‌ হয়েসে। [<বাউস (মাছ বিশেষ)]।

বয়েস্‌তা=[ফ, খু]—বিণ. সাবালিকা, বেশী বয়সের ।। মেয়েটা বয়েস্‌তা হল (খু)। [<বয়স্থা]।

বয্যা=[রং]—অস.ক্রি. খারাপ হইয়া ।। ছাওয়াকোনা বয্যা গ্যাল্‌। [< বহিয়া]।

বয়্‌=[নো]—বি. কাঁটাল গাছের লাল রঙের শিকড় ।।

২=[ফ, কুম]—বি. বাস, গন্ধ, ঘ্রাণ।। পচা তালে মদা বয়্‌ করে। [<বু بو ফা.]।

বয়্‌কা=[খু]—বি. বাকি ।। তাহার্‌ অনেক্‌ টাকা বয়্‌কা পড়িসে। [< বকায়া بقايا আং; বাকী শব্দের বহু ব.]।

২=[বা]—বি. দুর্গন্ধযুক্ত, পোকায় খাওয়া, পুরানো, নষ্ট ।। বয়্‌কা চাউলের্‌ বাত্‌ গন্দ করে। [দেখ বয়্‌$_2$+কা প্র.]।

বয়্‌কেদুরে=[পা]—বিণ. ভীতু ।। [ভয় কাতুরে]।

বয়্‌যা=[ফ, নো, চট্ট, চা]—বি. ডিম ।। মুরুগির্‌ বয়্‌যা শাত্‌ আনা আলি (ফ)। [দেখ বজা]।

২=[পা]—বিণ. খারাপ ।। বয়্‌যা মাল্‌। [<বাজে<ব'আয بعض আং +এ প্র.]।

৩=[বা]—বিণ. অতি বৃদ্ধ, কাজের অনুপযুক্ত।। লোক্‌ডা বয়্‌যা ঐয়া গেসে। [<বয়স্থা]।

বয়্‌যাত্‌রি=[চট্ট]—বি. বরযাত্রী ।। [<বরযাত্রী]।

বয়্‌তল্‌=[ফ]--বিণ. আনাড়ী ।। তুমিও বয়্‌তল্‌। [<বাতুল]।

বয়্‌দা=[কুম]—বি. ডিম।। বয়্‌দা-গুলি রান্‌। [দেখ বজা]।

২=[রা]—বিণ. বধির।। তুমিও বড়ো বয়্‌দা হে, কাছে থেকে ডাক্‌লিও শুনতে পাও না। [<বয়রা<বধির সং]।

বয়্‌না=[খু]—বি. বকনা গরু।। বয়্‌-নাঠা কোথায়্‌ হারিয়ে গেল্‌। [<বকনা (<বস্কয়নী সং)।

বয়্‌নামা=[চা, স]—বি. জমি বিক্রির দলিল বা কবালা ।। [<বয়' بيع আং +নামহ্‌ نامه ফা.]।

বয়্‌নাম্‌=[নো]—বি. স্থাবর সম্পত্তি দলিল যোগে গচ্ছিত করণ ।। [দেখ বয়্‌নামা]।

বয়্‌নি=[কুম]—বি. যাত্রা, শুরু, অধিবাস ।। দোহানে বয়্‌নি ঐল্‌ না আগেই তুমি বাহি চাও? [দেখ বনি]।

বয়রা=[কুম]—বিণ. বর্বর ॥ এত বয়রা ঐসত্ কবে লাগাতি ? [দেখ ববর্+আ প্র.] ।
২=[বা]—বি. বাঁশের শলা ॥ বয়রা দিয়া দোহাইর্ বানাইমু ।
৩ =[কুম]—বি. একপ্রকার ধান ॥
৪=[ঢা, ম, পা, কু, ফ, কুম]—বিণ. বধির ॥ লোক্টা বয়রা । [<বহেরা <বধির+আ প্র.] ।
৫=[সি]—বি. পুং মহিষ ॥ রহিম্ শাব্ এ্যাক্টা বয়রা কিন্‌সুইন্ । [দেখ বয়ার্] ।

বয়রা গিট্‌ন=[ঢা]—বিণ. সহজে খোলা যায় না এমন গিঁট ॥ নাওডা বয়রা গিটুন্ দিয়া গাস্‌টার্ লগে বান্‌দো । [দেখ বয়্রা+গিঁট (<গ্রন্থি)+ন] ।

বয়রা চ'উল=[ঢা]—বিণ. লাল কুঁড়াবিশিষ্ট চাউল ॥ বয়্রা চ'উলের্ বাত্ সাবা সাবা নাগে ।

বয়রা চে'াদা=[ঢা]—বিণ. কানে খুবই কম শুনে যে ॥ বয়্রা চে'াদা মানুশ্ লৈয়া বিপদে পর্‌লাম্ । [দেখ বয়্রা+√চুদ্+আ] ।

বয়রাতি=[ঢা]—বি. বরের সাথী ॥ দুলার্ শাথে তিন্‌শও বয়্রাতি আশ্‌বো । [<বরাত হিং+ই প্র.] ।

বয়রি=[ঢা]—বিণ. কানে শোনে না এমন ॥ মাইয়াডা বয়্রি আমি ডাক্ পারি হোনে না । [দেখ বয়্রা+ই প্র.] ।

বয়লা=[ব]—বি. কাষ্ঠ পাদুকায় যুক্ত বর্তুলাকার কাষ্ঠ খণ্ড (যাহা দুই আঙুলের মধ্যে আটকাইয়া থাকে) ॥
২=[সি]—বিণ. অনিষ্টকর খাদ্য ॥ [দেখ বয়ালা] ।
৩=[ঢা, ক, ম]—বি. রৌপ্য চুড়ি ॥ আইয়্ কাইল্ মেয়েরা আর্ বয়্‌লা আতে দেয়্ না । [<বালা (<বলয় সং)] ।

বয়লা বাতুল=[রং]—বি. অহিতকর খাদ্য ॥ বয়্‌লা বাতুল্ খাইলে বেরাম্ হয় । [দেখ বয়লা$_{২}$+বাতিল باطل আং] ।

বয়শো=[খু]—বিণ. বয়স্ক, বৃদ্ধ ॥ বয়্‌শা গরুর্ দাম্ কম্ । [<বয়স+আ প্র.] ।

বয়শালু=[ঢা]—বিণ. বৃদ্ধ, বয়স্ক ॥ আমাগো এক্টা বয়্‌শালু গরু আসে । [<বয়স+আলু প্র.] ।

বয়শি হাড়ি=[রা]—বিণ. আগুনের হাতা ॥

বর আলা=[ঢা]—বিণ. ধনী লোক ॥ [<বড়+আলা প্র.] ।

বরং=[ঢা]—বি. বাহ্য আড়ম্বর ॥ অর্ বরং দেইখ্যা বাচি' না । [<ভড়ং] ।

বরক=[খু]—বি. রাস্তার শুকনা পাতা ॥ কাঠ্ না থাকায় বরক্ দিয়ে যাল্ দেই । [<বরক ورق আং] ।
২=[ঢা]—বিণ. সহায় ॥ এ্যাক্ বাই আরেক্ বাইয়ের্ অনেক্ বরক্ । [< ভর্ (<ভরণ)+ক প্র. স্বার্থে] ।
৩ =[বা, ম]—বি. কলার পাতা ॥ [দেখ বরক্] ।

বর গলা করা=[ঢা, ম]—ক্রি. উচচ স্বরে কথা বলা বা ঝগড়া করা ॥ 'চুরের্ মার বর গলা' (ম) । [<বড় গলা করা] ।

বরগাইট=[ম]—বি. জটিলতা, দুর্ভেদ্য অবস্থা ॥ ই কামে বর গাইট্ লাগি গেসে । [<বড়+গিঁট (<গ্রন্থি সং)] ।

বরগাইয়ের দুদ=[ঢা]—বি. ভাতের মাড় ॥ পোলাপানে বর গাইয়ের্ দুদ্ খায় । [বড় গাইয়ের দুধ ; বাগ্‌ধারা] ।

বরগিরি=[ঢা, সি, কুম]—বি. স্ত্রীর বড় ভাই ॥ [বড়+গিরি] ।

বরগ=[নো]—বি. কলার পাতা ॥ [দেখ বরক্$_{৩}$] ।

বরয=[কু]—বি. ধনিয়া ॥ যিরা নাই বরয্ নাই কি দিয়া গুস্ত রান্দি ।

বরডাক=[ম]—বিণ. নাম ডাক, প্রতিপত্তি ॥ বরডাক্ হন্যা এহানে আইসি । [<বড়+ডাক] ।

বরত=[সি]—বি. ভাত রাঁধিবার পিতল কাঁসার পাত্র ॥ [<বরতন হিং] ।

বরদদ=[ম]—বি. পরিমাণ জ্ঞান ॥ এ্যাত বাত্ নিলি প্যাটের্ বরদ্দ আসে ? [<বরাদ্দ<বর্ আরবুদ برآورد ফা.] ।

বরনি=[পা]—বি. আগুনের পাতিল ॥

বরন=[কুম]—ক্রি. বি. ফসলের জমিতে পানি লাগা ॥ এই বিশ্‌টিতে খ্যাতে বরন্ লাগ্‌বো ॥ [<ভরণ] ।
২=[রা]—বি. হলুদ । [<বর্ণ ; মেয়েলি প্রয়োগ] ।
৩=[ম, ঢা, ফ]—বি. ধান বিশেষ ॥
৪=[বা]—বি. গর্ভ, যৌন উত্তেজনা ॥ গাইডার্ বরনের্ সময়্ ঐসে । [< ভরণ] ।
৫=[কু]—বি. পাত্র বিশেষ ॥ বরনে দান্ থও । [<বরণ (+ডালা)] ।

বরনডি=[সি]—বি. বাঁশ ঝাড় ॥ বাশ্ বরনডি । [<বরণ্ডক সং+ই প্র. ; অর্থ প্র.] ।
২=[সি]—বি. বাড়ীর চতুর্দিকের দেওয়াল ॥ [পূর্বে দেখ] ।

বরনত=[বা]—বিণ. গর্ভবতী ॥ বরন্‌ত গরুডারে মারিস্ না । [< ভরন্ত] ।

বরনতা=[সি]—বি. গানের শেষের নাম পদ ॥ [<ভণিতা] ।

বরনতি=[সি]—বি. বাঁশ ঝাড় ॥ বাশ্ বরন্তি । [দেখ বরন্‌ডি] ।

বরন ধান=[রা]—বি. এক প্রকার আমন ধান ॥

বরন লাগা=[কু]—ক্রি. বৃষ্টির জলে ভরিয়া যাওয়া ॥ [দেখ বরন্+লাগা] ।

বর ফুডানি=[ম, ঢা]—বি. গর্ব, অংকার ॥ বর ফুডানি করিস্ না । [বড়+ফুটানি] ।

বর বি=[ঢা]—বি. বড় ননদ ॥ [< বড়+বিবি] ।

বর বেদাম=[বা]—বি. কলেরা বা আমাশয় ॥ [বড়+ব্যারাম] ।

বর মেয়া=[বা]—বি. ভাশুর ॥ [< বড় মিয়া] ।

বরম=[ফ]—বি. শ্রদ্ধা ॥ গোড়ুরের্ শাথে ইয়ার্‌কি কর্‌লে বরম্ থাকে না । [<ভ্রম=সম্ভ্রম] ।

বরর্=[চট্ট]—ক্রি. বিণ. বরাবর, সর্বদা ॥ অাঁই বরর্ হিতার্ বারিত্ যাই। [বরাবর برابر ফা.]।

বরর্ বরর্=[ঢা]—ক্রি. বিণ. খুব কথা বলা, বাচালতা ॥ পোলাডা বর বরর্ বরর্ কর্তারে। [অনু. ; সাধু ভড়র্ ভড়র্]।

বরল্=[সি]—বি. নাড়িভুঁড়ি ॥ তার্ বরলে কিতা যানি ঐয়ে। [দেখ বর্৩+ল প্র.]।

বর সাব্=[সি]—বি. ভাশুর ॥ বরসাব্ ডাহাত্ গেসুইন্। [<বড় সাহেব]।

বরা=[সি]—বি. অনাবৃষ্টি, হেমন্ত ॥ এই বরায় শবৈ মরি যাইতোগি।

২=[কুম]—বি. আমের অাঁটি ॥ আমি বরা লাগামু। [দেখ বড়া]।

৩=[রং]—বি. কইমাছ ধরিবার যন্ত্র ॥

৪=[চট্ট]—বিণ. বধির, কালা ॥ হিতে এ্যাক্বারে বরা। [দেখ বয়রা৪]।

৫=[রা]—বি. আটা ও তালের রসে তৈয়ারী খাদ্য ॥ বরার্ শের্ কত করে? [<বড়া]।

৬=[খু]—বি. শূকর, বন্য শূকর ॥ [<বরাহ সং]।

৭=[ঢা]—বি. বোঝাই ॥ [< ভরা]।

৮=[সি]—বি. বস্তা ॥ তিন্ বরা দান্। [<বোরা হিং]।

বরাই=[ঢা, কুম]—বি. গর্ব, বাহাদুরী ॥ বরাই করিস্ নারে। [<বড়াই]।

বরাইয়্যা=[চট্ট]—বিণ. গর্বের, অহঙ্কারের ॥ খায় সাতানাতা, ন সাড়ে বরাইয়্যা কতা। [দেখ বরাই+ইয়া প্র.]।

বরাইল্=[কুম.]—বি. এক প্রকার বোরো ধান ॥

২=[ব, কুম, ঢা]—বি. পাকানো খড়ের দড়ি ॥ এ্যাক্টা বরাইল্ পাহা, দানের্ বোযাড়া বান্মু। [দেখ বরাইল্]।

বরাউদ্=[সি]—বি. তুলনা ॥ এটির্ বরাউদে হেডার্ দাম্ চ'াইর্ ট্যাকা অওয়া উচি'ত্। [দেখ বরদ্দ]।

বরাং=[রা, নো]—বি. অভিমান, দেমাক ॥ মেয়েটার্ খুব্ বরাং হয়েছে (রা)। [দেখ বরং]।

২=[সি]—বিণ. মরানদী বা মজা খাল ॥ [<ভরা গাঙ্গ]।

বরাক্ বাশ্=[ম]—বি. এক প্রকার বাঁশ ॥ বরাক্ বাশের্ খাম্।

বরাগ্=[পা]—বি. বৃষ্টি ॥ [<বরিখা প্রা. বাং (<বর্ষা)]।

বরাগ্বাশ্=[কুম]—বি. একপ্রকার মোটা বাঁশ ॥ বরাগ্ বাশের্ দাম্ কত? [দেখ বরাক্ বাশ্]।

বরাতি=[ফ]—বি. বরযাত্রী ॥ [দেখ বয়রাতি]।

বরাত্=[ঢা]—বি. অন্যকে ভারার্পণ ॥ তারে বরাত্ দিয়া ফল্ কি? [<বরাত্ برات ফা.]।

২=[ফ]—বি. জামিনদার ॥ হে আমার্ ট্যাহার্ বরাত্ ঐবো। [পূর্বে দেখ]।

৩=[ম]—বি. বরযাত্রী ॥ মাইয়ার্ বিয়ার্ বরাত্ আইসে। [দেখ বরাতি]।

বরাদ্দ=[পা]—বিণ. সস্তা ॥ [দেখ বরদ্দ]।

বরাদ্দ পাওয়া=[রা]—ক্রি. পরিমাণ করা, হিসাব পাওয়া ॥ বড় দাদার্ উপর্ দিয়ে খাচ্যো, তাই বরাদ্দ পাও না। [দেখ বরাদ্দ+পাওয়া]।

বরানাশা=[পা]—বিণ. অমঙ্গলকারী ॥ তোর্ মত বরানাশা লোক্ আর্ নাই। [<ভরা+নাশ+আ প্র.]।

বরানো=[ম]—ক্রি. তৈয়ার করা ॥ লাংগল্ বরাইয়া বেচ্'। [<ভরানো]।

২=[সি]—ক্রি. প্রমাণ করা ॥ [< ভরানো ; অর্থ প্র.]।

৩=[বা]—ক্রি. যোগানো ॥ এ্যাত ট্যাহা বরাইতে পার্লাম্ না। [পূর্বে দেখ]।

বরাপরা=[ফ]—বিণ. সর্বনেশে ॥ তুই এমুন্ বরাপরার্ মত কাম্ কর্লি। [দেখ বরা+পড়া < √ পড়্+আ প্র.]।

বরা পিঠা=[বা]—বি. একপ্রকার মিষ্টি পিঠা ॥ [<বড়া পিঠা]।

বরাফ্=[ঢা]—বি. বরফ ॥ [বর্ফ্ برف ফা.]।

বরাবন্=[রা]—বি. পরনিন্দা ॥ বরাবন্ কর্যা লাভ্ কি হৈল্?

বরাবেল্=[কুম]—ক্রি. বিণ. সোজাসুজি ॥ কোন দিগে না তাকাইয়া বরাবেল্ রাস্তা দিয়া যাও। [দেখ বরাবৈর্]।

বরাবৈর্=[খু]—ক্রি. বিণ. সর্বদা ॥ আমি বরাবৈর্ একথা কয়েসি। [দেখ বরর্]।

বরামনি=[ম]—বি. ব্রাহ্মণী ॥ বরামনির্ কপালে বৌত্ দুক্। [<ব্রাহ্মনী]।

বরালি=[রা]—বি. খড়ের দড়ি ॥ বরালি দিয়াই খর্ বান্দা হয়্। [দেখ বড়াইল্]।

বরাশ্তে পারা=[সি]—ক্রি. কুলাইয়া উঠিতে পারা ॥ দৌরাইয়া বরাশ্তে পার্লাম্ না।

বরাহি=[পা]—বি. বকরি ॥ [< বরকি<বকরী হিং ; বর্ণবিপর্যয়]।

বরি=[নো]—বিণ. হেয়, তুচ্ছ, শত্রু ॥ হোলাগার্ লাই মাইন্শের্ কাসে বরি ঐলাম্। [<বৈরী]।

২=[কুম]—বি. কুল ॥ বরি কত কৈরা শ্যার্? [<বরই<বদরী সং]।

৩=[নো]—বি. বড়শী ॥ [<বরই <বড়শী]।

৪=[রং]—বি. বরপণ ॥ বিয়াতে অনেক্ ট্যাহা বরি দেওয়া লাগ্বে। [<বর+ই প্র.]।

৫=[ব]—বি. অাঁটি ॥ আমের্ বরিটা চু'ইয়া খা। [দেখ বরা]।

বরিগিট্টা, বরিগিড্=[ঢা]—বি. শক্তগিঁঠ ॥ বরি গিট্টা দিয়া থোও। [দেখ বর গাইট্]।

বরিন্দ=[রা]—বি. টাকা রাখিবার তহবিল ॥

বরিব্‌বর্=[ঢা]—বি., বিণ. দ্বিতীয় পক্ষের জামাতা ।। বরিব্‌বরের্ কাসে মাইয়া বিয়া দিমু না ।

বরিয়্যা=[রা]—বি. চালের ছানি ।। বরিয়্যা অত ঘন দিবার্ দর্‌কার্ নাই ।

বরু=[রং]—বি. বর ।। বিয়ার বরু । [<বর+উ প্র.]।

বরুতি=[ঢা]—বি. ক্ষতিপূরণ ।। যিনিশ্‌টার্ বরুতি দিবো কেডা ? [<√ভর্+তি প্র.]।

বরুনা=[ফ]—বি. ঢাকনি ।। বরুনা দিয়া বাতের্ পাইলাটা গুরিয়া থো । [<ভর্+না প্র.]।

বরুন্=[কুম]—বি. একপ্রকার গাছ ।। বরুনের্ লাক্‌রি বালা যলে।

বরুয়া=[ম]—বিণ. শক্ত ।। মানুশ্‌টা যবর্ বরুয়া ।

২=[কুম]—বিণ. ঢাকনী ।। [দেখ বরুনা]।

বরে=[রং]—অব্য. ওহে বাপু (সম্বোধন) ।। বরে থাম্ থাম্ শুনে যা । [<ওরে]।

বরে আইত্=[চট্ট]—ক্রি. বিণ. কুলাইতে ।। অঁাই শর্ কাম্ বরে আইত্ হারি। [<ভর্+এর (বিভক্তি)+ আসিতে]।

বরে আইন্ ন পারা=[চট্ট]—ক্রি. কুলাইয়া না উঠা ।। অঁাই তার্ লয়ে বরে আইন্ ন পারি । [<ভর্+এ (বিভক্তি)+আসিতে+ন (=না)+ পারা]।

বরে আনা=[পা]-ক্রি. আয়ত্বে আনা ।। তার্ বৌরে বরে আন্‌তে পার্‌ল না । [<ভর্+এ(বিভক্তি)+আনা]।

বরেয়া=[খু]—বি. বর্গা ।। এ ঘরে কখান্ বরেয়া লাগে ? [<বরেগা< বরগা<বর্গা<verga পোর্তু.]।

বরৈ=[ফ]—বি. বড়শী ।। বরৈ দিয়া দিয়্যা মাস্ দরে। [<বরই<বড়শী]।

বরো=[খু]—বি. দিকে ।। লোক্‌টি গাম্ বরো গেল্ । [বরাবর برابر ফা.]।

বর=[ম]—বি. নাবালদেশ ।। বর্ দ্যাশে বশতি বেশি ।

২=[সি]—বি. আশ্রয়, কূল, ঠাঁই ।। [<ভর্ (নির্ভর)]।

৩=[সি]—বি. পাকস্থলী ।। [<ভুঁড়ি সং)] ।

৪=[ম]—বি. দিক্ ।। উত্তর্ বর্ যাও। [দেখ বরো]।

৫=[কুম]—বি. ভরসা ।। তোর্ উপ্‌রেই আমার্ বর্। [দেখ বর্$_২$] ।

৬=[ব]—বি. কুল ।। [দেখ বরি$_২$]।

৭=[চট্ট]—বি. পানের বাগান ।। হিতে বরত্ কাম্ গরের্ । [<বরজ]।

বর্কত্=[রং]—বি. বউনি ।। [< বর্‌কত برکت আং]।

বর্কশি=[রং]—বিণ. উপদ্রবকারী ।। লোক্‌গুলান্ আমার্ উপর্ বর্‌কশি হয়েচে ।

বর্কা=[ম]—বি. ছাগল ।। [দেখ বরাহি]।

বর্কা ডুয়া=[কুম]—ক্রি. বি. অধিক খাওয়া ।।

বর্কি=[ঢা]—বি. ছাগী ।। বর্‌কির্ দুদ্ বালা লাগে না । [দেখ বরাহি]।

২=[চট্ট]—বি. বড়শী ।। বর্‌কি বাউন্ । [দেখ বরি$_৩$]।

বর্কির্ পাঠা=[পা]—বি. ছাগ ।। [দেখ বর্‌কি+র(সম্বন্ধে)+পাঁঠা]।

বর্কৈন্না=[চট্ট]—বিণ. ঋণ নেওয়া, হাওলাত করা ।। বরকৈন্‌না যেওর্ দি শদাগর্ শাব্ পুয়া বিয়া করাইসে। [< ধার+-করণ+ইয়া]।

বরখাড়ি=[চট্ট]—বি. বরবটি ।।

বর্খানি=[চট্ট]—বি. পিঠা বিশেষ ।।

বর্গা=[পা]—বি. নৌকার আড়া-আড়ি কাঠ ।। বর্‌গা দিলে নৌকা শকত হয় ।

বর্ যবর্=[সি]—বি. সাংঘাতিক ।। তার্ বাপের্ বর্ যবর্ ব্যামার্ । [<বড় +যবর زبر ফা.]।

বর্ যাল্=[সি]—বি. মাছ ধরার জাল বিশেষ ।। [<ভর্+জাল]।

বর্যুবতি=[ঢা]—বিণ. পূর্ণ যৌবনা ।। বর্‌যুবতি দেইখা বিয়া কর্‌গি । [< ভরা+যুবতী]।

বর্ডয়া দান্=[ফ]—বি. একপ্রকার ধান ।। আমাগো বর্‌ডয়া দানের্ চাশ্ নাই ।

বর্তক্=[ঢা, পা]—বি. ক্ষতিপূরণ ।। বর্‌তক্ দিতে ঐব। [√ভর্ (< ভরা)+তুক প্র.]।

বর্ত পালি=[ম]—বি. ব্রত পালনাদি ।। পোলার্ লাইগ্যা শে খুব্ বর্‌ত পালি করে । [<ব্রত+পালা]।

বর্তলফ্=[ফ]—বিণ. বিনষ্ট, কর্মচ্যুত ।। তার্ চাক্‌রি বর্‌তলফ্ কর্‌সে। [<বর তরফ برطرف ফা.]।

বর্তা=[ঢা, নো]—বি. চাটনি ।। আইয্ আলুর্ বর্‌তা দিয়া বাত্ খামু (ঢা) । [<ভুরতা হিং]।

২=[ম, রং]—বিণ. ডাহা, একদম, জাজ্জ্বল্যমান ।। এই বর্‌তা মিছা কথা কেম্‌নে কলু (রং)। [<√ধর্+তা প্র.]।

৩=[পা]—বি. বুদ্ধি ।। লোকের্ বর্‌তা শমান্ অয়্ না। [দেখ বরদ্‌দ]।

৪=[চট্ট]—বি. কলা বিশেষ। পাহা বর্‌তা বড় ভালা লাগে। [<বর্তমান]।

বর্তানো=[ঢা, সি]—ক্রি. প্রমাণ করা ।। [<বর্তানো]।

২=[য]—ক্রি. ঘাড়ে ছাপান ।। তার ঘাড়ে শাব্ ভার্ বর্‌তাইসে। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

বর্তা পাওয়া=[ব]—ক্রি. ফেরৎ পাওয়া ।। [দেখ ভর্+তা+পাওয়া]।

বর্তুক্=[ঢা, চট্ট, পা]—বি. ক্ষতিপূরণ ।। আমার্ কলম্ বাংগার্ বর্‌তুক্ দ্যাও। [দেখ বর্‌তক্]।

বর্দনা=[কুম]—বি. স্ত্রীর বড় ভাই ।। [<বড়+জন+আ প্র.]।

বর্দরা=[সি]—ক্রি. ভান করা ।। [<ভড়ং+ধরা]।

বর্দা=[কুম]—বি. কলাপাতা ।।

বর্দানা=[ঢা]—বি. আমন ধান বিশেষ ।।

বর্দাশ্=[সি]—বি. সহ্য ।। এ্যাত কশ্‌ট আর্ বর্দাশ্ অয় না । [<বরদাশত্ برداشت ফা.] ।

বর্দেশ্=[পা]—বি. উঁচু জমি ।।

বর্দোয়া=[পা]—বি. অভিশাপ ।। [<বদ্ দু'আ' بدعاء ফা.+আং] ।

বর্ধমান্=[রা]—বি. একটি ধানের নাম ।।

বর্নামা=[ঢা]—বি. খরিদপত্র, আদালতের রেকর্ড বিশেষ ।। [দেখ বয়্নামা] ।

বর্ফোরা=[সি]—বি. যে কাঠি দ্বারা খৈ ভাজিয়া নামানো হয় ।।

বর্ বরল্=[সি]—বি. নাড়িভুঁড়ি ।। [দেখ বর্৩+দেখ বরল্] ।

বর্বরা=[ঢা]—বি. বখাটিয়া, যে বেশী কথা বলে ।। এমুন্ বর্বরারে কেউ দেখ্‌ত পারে না । [<বর্বর্ (অনু.)+আ প্র. ; সাধু বড়বড়ে] ।

২ =[রং]—ক্রি. বিণ. পরিস্ফুট ।। ছড়ির্ বারি গায়ে বর্বরা হয়ে ফুলেছে ।

বর্বরি=[সি]—বি. বেশী কথা বলা ।। [দেখ বর্বরা] ।

বর্বর্যা=[চট]—বিণ. যে বেশী কথা ব.ল ।। পোলাডা খুব্ বর্বর্যা । [দেখ বর্বরা] ।

বর্বাংগা=[নো]—বিণ. যাহার স্বামীর মৃত্যু হইয়াছে বা স্বামী পরিত্যাগ করিয়াছে ।। [<বর+ভাঙ্গা] ।

বর্ভান্=[রা]—বি. খুব ভোর, দিন রাত্রির সন্ধিক্ষণ ।। শে বর্ভানে এশেছিল্ । [<ভোর+বিহান (<বিভান সং)] ।

বর্ম সরম্=[সি]—বিণ. ভয় ভীত ।। লাঠি দেখি· আম্‌রা বর্ম-সরম্ ঐ গেসিলাম্ ।

বর্মা=[কুম]—বি. কাঠ ছিদ্র করিবার যন্ত্র ।। বর্‌মা দিয়া কাঠ্ সেন্‌দা কর । [<ভোমরা<ভ্রমর সং] ।

বর্মা দশ্‌ট=[য, ম]—বি. ভূতের নাম বিশেষ ।। অরে বর্‌মা দুশ্‌টে দর্‌সে । [<ব্রহ্ম+দুষ্ট (দৈত্য)] ।

বর্মের্টাটি=[ঢা]—বি. উপাস্য বস্তু (ব্যঙ্গার্থে) ।। তুই বর্‌মের টাটিটা এহান্ থোন্ লৈয়া যা । [ব্রহ্মের+টাটী <টাটী হিং] ।

বর্রাবাশ্=[ঢা, ফ]—বি. ঘনঘন গিরাযুক্ত শক্ত ও ভারী বাঁশ ।। বর্‌রা বাশে খাম্ অয় । [দেখ বরাক্ বাশ্] ।

বর্শা=[ফ, সি]—বি. সড়কি, কাতরা ।। বর্‌শাডা আন্‌ত হালারে এক্‌টা কোব্ দেই । [বর্শা] ।

বর্শানো=[রং]—ক্রি. মলত্যাগ করা ।। তার মাথায় কাউয়া বর্‌শাইছে । [<বর্ষানো] ।

বর্শি=[চট]—বি. আগুন রাখার পাত্র ।। যার্ করে বর্‌শি দ্যাও ।

বর্শি মারা=[রং]—ক্রি. মাছ মারা ।। [<বড়শী+মারা] ।

বর্হক্=[কুম]—বিণ. সত্য ।। বর্-হক কথা কওন্ বালা । [<বর بر ফা. +হক্ حق আং] ।

বর্হন্তা=[রা]—বি. বিবাহের পর বেটি জামাই আনা ।। [<বর+√আন্ +তা প্র.] ।

বর্হি=[ব]—বি. ছাগী ।। [দেখ বরাহি] ।

বর্হুটি=[বা]—বি. বরবটি ।। বরহুটি বাযি খাইতে বালা লাগে । [<বর্বটি সং] ।

বলংগা=[ম]—বিণ. বোকা ।। পুলাডা বলংগার্ লাগাম্ । [উলঙ্গ শব্দের সাদৃশ্যে] ।

বলক্=[ঢা, ম]—বি. বুদ্বুদ ।। বাত্তে বলক্ উঠ্‌সে । [তুং বলক্কা হিং] ।

বলদ্মার্কা=[নো]—বিণ. অজ্ঞ ।। মানুশ্‌গুয়া বলদ্‌মার্কা হিশাব্ নিকাশ্ যানে ন । [<বলদ+মার্কা (<মার্ক mark ইং+আ)] ।

বলন্=[পা]—বি. শক্ত রশি পাকাইবার জন্য ব্যবহৃত বাঁশের তৈয়ারী ক্রুশের মত যন্ত্র ।। [<√বল্ (<বলা)+ অন প্র.] ।

২=[সি]—বি. খিঁচুনি, রক্তের অভাবে হাতপা জড়ানো ।। অলাউঠা রোগির্ আতে পায়ে বলন্ উডে । [< পূর্বে দেখ ; অর্থ প্র.] ।

৩=[সি]—ক্রি. বিণ. বেশী ।। অতিথের্ লাগি দুদ্ বলন্ কিনিও । [<বাড়ন] ।

৪=[ঢা]—ক্রি. লম্বা হওয়া, বাড়া ।। পোলাডা বেশি বলে না । [<√বল্< বলা=বাড়া+অন] ।

বলন্দো=[খু]—বিণ. ভাল, বড় ।। লোক্‌টা বলন্‌দো নসিব্ । [<বুলনদ بلند ফা.] ।

বলফ্=[খু]—বি. মাছের নিঃশ্বাসে স্থষ্ট বুদ্‌বুদ্ ।। [দেখ বলক্] ।

বলবল=[ঢা]—ক্রি. বিণ. অতিরিক্ত কথা বলা ।। সেরাডা যবর্ বলবল করে । [অনু. ; সাধু বড়্‌বড়্] ।

বলা=[সি]—বি. বিমার, আজার, অসুখ, পীড়া ।। বলা দেখ্‌লে ফলা ডরায়্ না । [<বলা' بلاء আং] ।

২=[রা]—বি. প্রাচীনাদের হাতের অলংকার বিশেষ ।। [<বালা (< বলয় সং)] ।

৩=[সি]—বি. বোলতা ।। [< বোল্লা<বোলতা(<বরটা সং)] ।

৪=[রা]—বি. আখের ছোট চারা ।। কুশারের্ বলাখান্ লশ্‌ট করিশ্ না ।

৫=[সি]—বিণ. শক্ত ।। লোক্‌টা আমার্ লাগি বলা ঐসে । [দেখ বলা] ।

৬=[সি]—বিণ. মোটা ।। বলা গরু । [<বলী ; অর্থ প্র.] ।

বলাই=[সি]—বিণ. বলবান্ ।। বলাই দেখ্‌লে পলাই । [দেখ বলা] ।

২=[রা]—বি. ইক্ষুর কচি চারা ।। [দেখ বলা] ।

৩=[সি]—বি. ভগ্নী, বোন ।। [< [বনাই<বইন (<ভগিনী সং] ।

বলাক্=[কু, ম]—বি. নাকের নোলক ।। [<বলয়ক সং] ।

বলানি=[দি]—বি. দড়ি পাকাইবার জন্য ব্যবহৃত জিনিস ॥ দরি পাকাইবার্ বলানি আন্ । [দেখ বলন্+ই প্র.]।

বলান্=[চট]—ক্রি. বি. ছুটিয়া যাওয়া ॥ [<পলান]।

২=[রং]—বি. আখের রস ইত্যাদির কাজ করে যে ॥

বলান্তর্ যাত্=[ম]—বি. বাড়তির জাত, স্বাস্থ্যবান্ গোষ্ঠী ॥ অরা বলান্তর্ যাত্ । [<বাড়ন্তর জাত]।

বালাম্বলি=[সি]—বি. জোর যার মুলুক তার ভাব॥ [<বলাবলি (< বল=শক্তি)]।

বলি=[ম]—বিণ. পুরু, মোটা ॥ অত বলি কাপর্ পিন্দন্ যায়্ না ॥ [< বলী]।

২=[ফ]—বি. লাঙ্গলের বড় ফালি ॥

বলি মন্তর্=[কুম]—বিণ. অগ্রগণ্য ॥ তার্ কথাই বলিমন্তর্ ঐল্ । [<বলী মন্ত্র]।

বলুদ্=[দি]—বি. হলুদ ॥ বলুদ্ বেশি দেওয়াতে তর্কারি লাল্ দেখায় । [<অলুদ<হলুদ (<হরিদ্রা সং)]।

বলুয়া=[সি]—বি. লতার মত এক প্রকার গাছ ॥

বলুশ্=[রং]—বি. স্ত্রী ॥

বলে বলে=[চট]—ক্রি. বিণ. জোর করিয়া, জোরে জোরে ॥ বলে বলে মার টান্ । [<বল+এ (বিভক্তি) ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

বলেয়া=[রং]—বি. চুড়ি ॥ শোনার্ বলেয়া তোর্ হাত্ মানায়্ ভাল। [< বলয় সং+আ প্র.]।

বলোক্=[খু]--বি. মাছের আলোড়ন॥ এ্যাকটা রুই মাস্ বলোক্ দিল্ । [দেখ বলক্]।

বলোনো=[খু]—ক্রি. মাড়াই ধান পরিষ্কার করা ॥ এক্দিন্ পুবের্ বাতাশ্ হলে, শব্ ধান্ বলোনো হয়ে যাবে ।

বলোন্=[খু]—বিণ. অধিক ॥ ধান্ এবার্ বলোন্ হলো না । [দেখ বলন্]।

বল্=[দি]—বি. মুকুল ॥ এবার্ আমের্ বল্ ভাল হয়্ নাই । [<বউল <মউল<মুকুল সং]।

২=[রং]—বি. কথার মাত্রা ॥ তার্ বল্ বড় লম্বা । [<বোল<বলা] ।

বল্কি=[চট]—বি. একমুষ্টি ॥

২=[রা]—বি. পান রাখিবার থলিয়া ॥ বল্কিতে পান্ আছে । [বগলী]।

বল্কিমত্=[রা]—বি. বলিষ্ঠতা ॥ জরে ভুগ্লে বল্কিমত্ কমে জায়্। [<বল+কীমত قیمت আং]।

বল্কে=[সি]—অব্য. বরং, বরঞ্চ ॥ দাম্ তো বেশি না বল্কে কমৈ কওন্ যায়্ । [<বল্কেহ্ بلکه ফা.]।

বল্টু=[পা]—বি. গালি ॥ বেটাকে দে একটা বল্টু মাইরা । [<বোল্ট bolt ইং]।

বল্ডুয়া পুরুশ্=[কুম]—বিণ. কাপুরুষ ॥ এই ব্যাটায় একটা বল্ডুয়া পরুশ্ । [<বল্+ঢোস্কা+পুরুষ]।

বল্দা=[ব]—বি. ছায়া পথ ॥

২=[খু]—বি. হৃষ্টপুষ্ট লোক॥ বল্দাটা কোথায় গেল্ । [<বলদা (<বলীবর্দ্দ সং)]।

৩=[পা]—বি. দাঁড় বা বৈঠার রশি বিশেষ ॥ দাড়ের্ বল্দা সিরা্যা গ্যাল্ ।

৪=[চা, ফ, খ]—বিণ. বোকা ॥ বল্দার্ মত কাম্ কৈরো না । [দেখ বল্দা₂]।

বল্দাকুল্=[ফ]—বি. এক প্রকার ছোট মাছ (ইহার রং খুব কাল, চক্ষু লাল) ॥

বল্দে=[খু]—ক্রি. বিণ. পরিবর্তে ॥ শোনার্ বল্দে রুপা দেব নাকি? [<বদল بدل আং+এ (বিভক্তি)]।

বল্দে ঘোড়া=[য]—বি. বলদের মত মালবাহী ঘোড়া ॥ বল্দে ঘোড়া বেশি বড় হয়্ না। [দেখ বল্দা₂+ ঘোড়া]।

বল্দে পাটি=[খু]—বি. খেজুর পাতার পাটি ॥ বল্দে পাটি পাড়ে বশ।

বল্বদ্=[খু]—বিণ. জরুরী ॥ আমাদের্ বল্বদ্ কায্ আসে । [<বলবৎ]।

বল্বলা=[ফ]—বি. বিপদ্ ॥ চারিদিকে কেবল্ বল্বলা । [দেখ বলা ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

২=[সি]—বিণ. স্থূল, মোটা ॥ বল্বলা ব্যাডা দোর্ দিতারে না । [দেখ বল্বৈল্লা]।

বল্বৈল্লা=[চট]--বিণ. শক্তিশালী ॥ [<বল+বলী+আ প্র.]।

বল্লব্=[খু]—বি. বল্লম॥ চ'ট্ করে বল্লব্টা দ্যাও । [<বল্লম (<ভল্ল সং)]।

বল্লা=[ব]—বি. পাটের সুতলী কাটিবার বংশদণ্ড॥ বল্লাডা আন্যা পাট্ কাট্ । [দেখ বলন্]।

২=[বা]—বি. রূপার তৈরী হাতের অলংকার ॥ বুরিরা বল্লা আতে দেয়্ । [দেখ বলা₁]।

বল্লাই=[রা]—বি. নৌকায় পাল সংলগ্ন উপরের বাঁশে বাঁধা দড়ি বিশেষ ॥

বল্লাখ্=[নো]—বি. নাকের বেশর॥ বিয়ার্ বল্লাখ্ পিন্দ্যা রাহ । [দেখ বলাক্]।

বল্লাশ্=[চট]—বি. শকুন জাতীয় মৎস্যভোজী পাখী ॥

বল্লি=[ম]—বি. বালি ॥ আমি বল্লি খাইতাম্ না। [<বালি barley ইং]।

বল্লোক্=[খু]—বি. বল্লম ॥ [দেখ বল্লব্]।

বশত্=[চট]—ক্রি. বিণ. বয়সে ॥ পৈল্ বশত্ ন হৈল্ পুত্ মার্ শুক্ ন বাপের্ শুক্। [<বয়স+ত বিভক্তি]।

বশন্=[সি]—বি. বৃষ্টি ॥ আইয্ বর বশন্ ঐসে । [<বর্ষণ]।

বশন্ত মুখা=[য]—বিণ. যাহার মুখে বসন্তের দাগ আছে ॥ মেয়েটা বশন্ত মুখা । [<বসন্ত+মুখ+আ]।

বশা=[য]—ক্রি. সঙ্গম করা ।

বশানো=[য]—ক্রি. সংগম করা বা করিতে দেওয়া ।। [দেখ বশা+নো]।

বশা বলদ=[ফ]—বিণ. কুড়ে, আলসে ।। বশা বলদের মত খাও আর্ গুমাও । [<বসা+বলদ]।

বশি=[ঢা, নো]—বি. আগুন রাখিবার পাতিল, মালসা ।। [দেখ বর্শি]।

২=[ফ]—বি. বড়শি ।। বশি দিয়া মাস্ দরে । [<বড়শী]।

বশিয়াল=[ফ]—বি. বাঘ ।। মানুশ্টা বশিয়ালের্ শব্দ পাইয়াই বেউশ্ ঐয়া গেল্ । [<বড়+শিয়াল]।

বশের দিশের=[ব]—বিণ. যৌবন প্রাপ্ত ।। বশের্ দিশের্ বৌটারে খালি বারিতে থুইয়া কোথাও যাইঅ না । [< বয়সের+দিশ্ +এর(বিভক্তি)]।

বশ=[রং]—বি. গরুর গাড়ীতে লম্বালম্বি যুক্ত দুইটি বাঁশ ।।

২=[চট্ট]—বি. বয়স ।। হিতার্ বশ্ ঐয়ে । [<বয়স]।

৩=[ব]—বি. পাকা লাউ বা কুমড়ার কঠিন খোলস ।। বশ্ দিয়া বলে দুতারা বানায় । [<বাওয়াস(<বীজশূন্য)]।

৪=[খু, য]—বিণ. অলস ।। বশের্ নাগ্লা হারাদিন্ বৈশা থাক ক্যা ? [<বস্(<বসা)]।

বশক=[ঢা]—বি. পালের কাঠ ।। বশ্ক যোরা পুরান্ ঐয়া গেসে ।

বশকাল=[কু]—বি. যৌবন কাল ।। বশ্কালে অনেক্ যোর্ থাকে । [< বয়স+কাল]।

বশকিশ=[ঢা]—বি. বখশিশ, পুরস্কার।। এই কাম্ডা কৈরা দিতার্লে বশ্কিশ্ পাইবা । [<বখ্শিশ بخشش ফা. ; বর্ণবিপর্যয়]।

বশগোটা=[পা]—বি. ব্রণ ।। [< বয়স+গুটিকা]।

বশটি=[ঢা, ম, কুম, রা]—বি. নাকের ময়লা ।। বশ্টিয়ে বোযাই অয়্ আসে নাকের্ নিয়ান্ । [<বিষ্ঠা]।

২ =[কুম, বা, ঢা, খু, ম]—বি. খায়ের উপরের শুক চামড়ার আবরণ ।। [পূর্বে দেখ]।

বশবৈশ্যা=[কুম]—বিণ. বেশী পচা ।। [<বশ্ বশ্ (অনু.)+ইয়া প্র.] ।।

বশমাতা=[রং]—বি. মাটি ।। [< বসুমাতা]।

বশমি=[ঢা]—বি. বড়শি, মাছ ধরার হুক ।। বশ্মি দিয়া মাস্ দর্তে যামু । [<বড়শী]।

বশ রাখা=[পা]—ক্রি. বীজরাখা ।। [<বচ<বীচ<বীজ+রাখা]।

বশরো বানা=[বা]—ক্রি. ঢেঁকিতে ধান ছাটা ।। [<বাড়া+ভানা]।

বশশ=[ঢা]—ক্রি. বিণ জলিয়া পুড়িয়া ছাই ।। তুই বশ্শ ঐয়া যা । [<ভস্ম]।

বশশা=[খু]—বি. বড়শী ।। বশ্শায় মাস্ ধর্সে । [<বড়শা< বড়শী]।

২ =[খু]—বি. বৃষ্টি বা বর্ষা ।। [< বর্ষা]।

বশশানি=[ম]--বি. মারাত্মক প্রহার ।। চু'র্ডারে ঠাইশ্যা বশ্শানি দিসে । [<বসানি< বসা+নি প্র.]।

বশশি=[নো]—বি. আগুন রাখিবার পাতিল ।। বশ্শিত্ তুশ্ নো দিলে আগুন্ থায়ে না । [দেখ বর্শি]।

বশশি গিট=[রং]—বিণ. শক্ত গিরো ।। দরিত্ বশ্শি গিট্ দেঅক্ । [<বড়শী+গিঁট(<গ্রন্থী)]।

বশশের কাল=[ঢা]—বি. যৌবন কাল ।। বশ্শের্ কালে অমন্ কত খাইসি । [বয়সের কাল]।

বসর আনা=[পা]—বি. দশবারো আনা । [<দশ বারো আনা ; বর্ণ বিপর্যয় ও লোপ]।

বসরকি=[ঢা]—বিণ. বাৎসরিক ।। [<বছরকি<বাৎসরিক]।

বসর মরি=[সি]—বি. জলের ছোট পোকা বিশেষ ।।

বসরনেয়া=[ম]—বিণ. বার্ষিক ।। [<বছর+নিয়া]।

বসর বিয়াইন্যা=[পা]—বিণ. প্রতি বৎসর প্রসব করে এমন ।। গাইডা বসর্ বিয়ান্যা । [<বছর(<বৎসর) +বিয়ান্(প্রসব)+ইয়া]।

বসা বসা=[ঢা]—বি. তর্ক বিতর্ক ।। এ্যাত বসা বসা বালা না । [<বচসা ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

বসাবসি=[কুম]—বি. তর্কাতর্কি ।। অত বসাবসি কৈরা কি লাব্ ঐল্ ? [দেখ বসাবসা]।

বসি=[ম]—বি. গামলা, তাগারী ।।

২=[চট্ট]—বি. ভাত খাইবার মেটে বাসন বা থালা ।।

বসিনা=[ম]—বি. মাছ ধরার ফাঁদ বিশেষ ।।

বসির=[নো]—বিণ. বধির ।। [< বহির<বধির]।

বস=[কুম]—বি. নাকের ময়লা ।। হেলানির্ নাহে যা বস্ ! [দেখ বশ্টি]।

২=[ঢা]—বি. আলোচনা, কথাবার্তা ।। তোমাগো এহানে কি বস্ ঐতাসে ? [<বহস بحث আং]।

৩=[ম]—বি. পশুর গর্ভপাত ।। গাইড়া বস্ ফালাইয়া দিসে । [< বচ্ছ<বৎস]।

বসকানা=[পা]—বি. ছোট কাপড়, অল্প বহরের কাপড় ।। [দেখ বচ্'কানা]।

বসতানি=[ফ, সি]—বি. ছাত্রছাত্রীর বইপত্র বাঁধার এক প্রকার কাপড়ের থলি।। আমার্ বৈগুলি বস্তানিতে আসে । [<বস্তহ্ بستہ ফা+নি+নি প্র.]।

বসসত=[ম]—অব্য. শব্দ বিশেষ ।। আতুইরার্ এ্যাক্ বারিতেই নোয়াডা বস্সত্ কৈর্যা ডুইক্যা গেল্ । [ধ্বন্যা.]।

বসস্ত=[চট্ট]—বি. বস্তু ।। ইয়ান্ কি বস্সু ? [<বস্তু]।

বহতা=[সি]—ক্রি. বিণ. অসতর্ক-ভাবে, হঠাৎ ।। কওয়া নাই বলা নাই হে বহত্তা এইডা বাইংগা হ্যালাইল্ । [দেখ বস্সত্+ইয়া প্র.]।

বহনি=[ঢা]—বি. বউনি, শুভারম্ভ ॥ আইয়্ দোহানের্ বহনি করি নাই। [দেখ বনি]।

বহন্=[বা]—বিণ বকনা বাছুর ॥ [<বক্না (<বস্কয়নী সং)]।

বহরা=[বা]—বিণ. বধির ॥ [দেখ বয়্রা৪]।

বহরি=[ঢা]—বি. লাল রংয়ের গোলাকার আমন ধান বিশেষ।

বহর্ পাত্=[কুম, চট্ট]—বি. ধনিয়া পাতা ॥ তর্কারিতে বহর্ পাতা দিলে হোয়াদ্ অয়্।

বহলি=[চট্ট]—বি. কলাগাছের কচি পাতা ॥ বহলির্ রশে শাপের্ বিশ্ নশ্ট অয়্।

২=[দি]—বিণ. বন্ধ্যা ছাগী ॥

বহস্=[ঢা]—বি. আলোচনা ॥ কি লৈয়া বহস্ কর ? [দেখ বস্]।

বহা=[ম]—ক্রি. বি. গালি দেওয়া ॥ বহা বালা না।

বহাটে=[র]—বিণ. সারহীন ॥ কাঠ্ খানি এক্বারে বহাটে কোন কাজ্ হবে না। [<বখাটে]।

বহা বহি=[ঢা, ফ, ম]—বি. তর্ক-বিতর্ক, গালাগালি ॥ এত বহাবহি বালা না। [<বকাবকি]।

বহামি=[পা]—বি. আজে বাজে কথা বলা ॥ উনার্ বহামি করার্ অব্ব্যাশ্ যায়্ নাই। [<বকা+মি প্র.]।

বহালা=[রা]—বিণ. যাহার কাছে জিন পরী থাকে ॥

বহি=[সি]—বিণ. বাসি ॥ বহি ভাত্। [<বাসি]।

বহিকা=[রং]—বি. খণ্ড বাঁশ ॥ [<বাহিকা সং]।

বহিট্রা=[সি]—বি. সুতা ॥ তার্ কোমরের বহিট্রা সিরিয়া গেসে।

বহিনা=[দি]—বি. ভগ্নী পতি ॥ [দেখ বনাই]।

বহিরা=[রা]—বিণ. বধির ॥ বহিরা হছিশ্ ? [দেখ বসির্]।

বহিরা বোরা=[রা]—বি. সর্প বিশেষ ॥ শেখানে জাবি না, বহিরা বোরা কাম্ড়াব।

বহিল্=[কুম]—বিণ. কৃপণ ॥ লোক্টা বর বহিল্। [<বখীল بخیل আং]।

বহুত্তো=[রা]—বিণ. অনেক ॥ বহুত্তো মানশ্ রাছিল্ [<বহুত হিং]।

বহুন্=[রা]—বি. ভগ্নীপতি ॥ বহুন্ বাড়িত্ আইয়াছে। [দেখ বনাই]॥

বহুয়া=[বা]—বি. ছাতু পিঠা, চাউলের গুড়ি দিয়া তৈরী এক প্রকার পিঠা ॥

বহে=[বা]—বি. ডুমুর ॥

বহোরা=[রা]—বিণ. বধির ॥ [দেখ বয়্রা৪]

বহ্নাই=[রা]—বি. ভগ্নীপতি ॥ অয়্ত আমার্ বহ্নাই। [দেখ বনাই]।

বহ্রা=[রা]—বিণ. বধির, শ্রুতি-হীন ॥ [দেখ বয়্রা৪]।

বহ্নারি=[সি]—বি. বোন সম্পর্কিতা সখী ॥ [<বহিন (ভগিনী সং)+আরি প্র.]।

বা

বা=[চট্ট]—অব্য. টা, গা ॥ হাতিবা; ইবা।

২=[রা, রং, চট্ট]—বি. বাবা, কাকা (ছেলেমেয়ে ইত্যাদিকে সম্বোধন করিবার শব্দ) ॥ কৈ যাও বা (চট্ট) ? [< বাবা শব্দের সং. রূ.]।

৩=[সি]—বি. ভ্রাতৃসম্বোধন ॥ কৈ যাও বা ? [<ভাই শব্দের সং. রূ.]।

বাঅড়্=[রা]—বিণ. বাংগাল, অজ্ঞ॥ কোথাকার্ বাঅড়্ হে তুমি। [<বাআল < বাঙ্গাল < বঙ্গ+আল প্র.=বঙ্গবাসী কিংবা বাউল<বাতুল]।

বাঅদ্দি=[চট্ট]-অব্য. বাপের দ্বারা ॥ আঁর্ বাআদ্দিই কাম্ হৈত ন। [< বাপ কে দিয়া]।

বাঅনি=[কুম]—বি. বেঁটে (মেয়ে মানুষ) ॥ ওর্ লাহান্ বাঅনিরে কে বিয়া কর্বো ? [<বামন+ই স্ত্রী প্র.]।

বাআ=[চট্ট]—বি. কাকের বাসা ॥ [<বাহা<বাসা]।

বাআরন্=[চট্ট]—ক্রি. বি. ভাজা ॥ কৈঅর্ তেল্দি কৈ বাআরন্। [বঘার্না হিং]।

বাআর্=[চট্ট]—বি. ফোড়ন ॥ তর্কারি আন্ বাআর্ দিমু। [দেখ বাআরন্]।

বাই=[রং]—বি. ভগ্নী ॥ তাঁর্ বাই বড় কালো। [<বাঈ হিং]।

২=[রং]—বি. বৎস ॥ [<বাচ্চা (<বৎস সং)]।

৩=[রা, ব, কু]—বি. জিদ, খেয়াল, সাধ ॥ অত বাই কি ভালো ? [<বাই (<বায়ু সং)]।

৪=[কুম]—বিণ. বাসি ॥ অহন্ বাই সান্দি খামো। [<বাই<বাসি]।

৫=[ম, চট্ট]—বি. বাতিক ॥ [<বাই]।

বাইঅন্=[চট্ট]—বি. বেগুন ॥ [<বাইগন (<বাতিঙ্গন সং)]।

বাইআত্=[ম]—বি. বাম হাত ॥ [<বাম হাত]।

বাইউ=[দি]—বি. মৎস্য বিশেষ ॥

বাইউর্=[নো]—বি. ভাসুর ॥ বাইউর্ আইসে। [<বাহুর<ভাশুর (<ভাই শ্বশুর)]।

বাইং=[সি]—বি. একপ্রকার মাছ ।। [<বাইন<বাণ]।

বাইংগন্=[সি, ম]—বি. বেগুন ।। [দেখ বাইঅন্]।

বাইংগা পরা=[ঢা]—ক্রি. রাষ্ট্র হইয়া পড়া ।। খবর্ডা লগে লগে পারাত্ বাইংগা পর্সে। [<ভাঙ্গিয়া পড়া]।

বাইংলো=[ম]-বি. ভাংতি, ভাংগানি ।। পাচ্‌' ট্যাহার্ বাইংলো দ্যাও। [< ভাঙ্গ (<ভাঙ্গ)+ইল প্র.=ভাঙ্গতি]।

বাইংবাউশ্=[কুম]—বি. একপ্রকার মাছ ।।

বাইকল্=[রা]—বি. সাইকেল ।। [<বাই সাইকেল bicycle ইং]।

বাইকা=[ম]—বি. বাঁক ।। [ম. বাং বাঁহুক (শ্রীকৃষ্ণ কীর্তন) ; বিহঙ্গিকা সং ; দেখ বাউংকা]।

বাইকুড়ানি=[পা]—বি. ঘুর্ণীবায়ু ।। [<বায়ু ঘূর্ণী]।

বাইগন্ডি=[ঢা]—বিণ. ভাগ্যবতী ।। বৌডা খুব্ বাইগন্ডি। [দেখ বাইগৈন্ডা+ই স্ত্রী প্র.]।

বাইগদ্ড়ি=[ব]—বি. পাখী বিশেষ ।।

বাইগদ্ন্=[ঢা, ম]—বি. বেগুন ।। [দেখ বাইঅন্]।

বাইগ্যাইত্তা=[নো]—বিণ. ভাগ্যবান্ ।। [<ভাগ্যবন্ত]।

বাইগৈত্তা=[কুম]-বিণ. ভাগ্যবান্ ।। হেতা বাইগৈত্তা মানু। [দেখ বাইগ্যাইত্তা]।

বাইগৈন্ডা=[ঢা]—বিণ. ভাগ্যবান্ ।। পোলাডাবর বাইগৈন্ডা। [<ভাগ্যবন্ত]।

বাইগোন্=[ঢা, ফ, কুম, বা]—বি. বেগুন ।। [দেখ বাইঅন্]।

বাইগ্=[ঢা]—বি. ভাগ্য ।। সেরাডার্ বাইগ্ খুব্ বালা। [<ভাগ্য]।

বাইগ্গেত্=[নো]—বিণ. ভাগ্যবান্, ধন্য ।। তুই বর বাইগ্গেত্ মানুশ্। [দেখ বাইগ্যাইত্তা]।

বাইগ্গ্যা=[খু]—বিণ. মোটা ।।

বাইচ'না=[ম]—বি. আবর্জনা ফেলার পাত্র ।। [<বাইচ<বাস<বাঁশ (< বংশ)+না প্র.]।

বাইচ'ন্লামি=[বা]—বি. ফাজলামি ।। অত বাইচ'ন্লামি করা বালা না। [< বাচাল<বাচ্+আল+আমি প্র.]।

বাইচ'া=[ফ]—বি. একপ্রকার ঘাস ।।
২=[ঢা]—বি. দাম, জলজ লতা ।। বাইচ'ার্ তলে ইচ'া মাস্ থাহে।
৩=[কুম]—বি. মাঝি ।। [<বাইচ (<বাজি=প্রতিযোগিতা)+আ প্র.]।

বাইচ'ানি=[কু, কুম]—বি. ফাজলামি ।। [দেখ বাইচ'ন্লামি]।

বাইচ'াপ্=[কুম]—বি. দুলাভাই ।। [<ভাই সাহেব]।

বাইচ'ামাস্=[কুম]—বি. একপ্রকার ছোট মাছ ।। [সাধু বাছা মাছ]।

বাইচ'ালি=[ম]—বি. নৌকা বাইচ ।। বাইচা'লি দেখ্তে চ'ল্। [দেখ বাইচা৩ +লি প্র.]।
২ =[চট্ট, নো]—বি. আমোদ, ফাজলামি ।। [অর্থ প্র.]।

বাইচ'ালি খেলা=[ম]—ক্রি. ফাঁকি দেওয়া, ঠাট্টা করা ।। আমার্ লগে তুমি বাইচ'ালি খেল ? [দেখ বাইচ'ালি+খেলা ; অর্থ প্র.]।

বাইচ্‌'চ'া=[কুম]—ক্রি. বিণ. জীবন্ত অবস্থায় ।। [<বাঁচিয়া]।
২=[চট্ট]—বি. নেংটি ইঁদুর ।। [<বাচ্চা (<বৎস সং)]।

বাইচ্‌'লামি=[ম]—বি. বাচালতা ।। [দেখ বাইচ'ন্ লামি]।

বাইজা জাওয়া=[রা]—ক্রি. রোগ হইয়া যাওয়া ।। [<বাদ হইয়া যাওয়া]।

বাইঝি=[ফ, কুম]—বি. ভাইঝি ।। আমার্ এক্টা বাইঝি আসে। [<ভাই ঝি]।

বাইয্দু=[ঢা]—অব্য. ভাই সম্বোধন ।। বাইযু কৈত্তে আইলেন্ ? [<ভাই +জু<জীউ (জীব)]।

বাইয্দুরি=[ম]—বি. মরিচ বিশেষ ।। [<বালি ঝুরি]।

বাইয্যা=[ঢা]—অস. ক্রি. ভাজিয়া ।। [<ভাজিয়া]।

বাইয্যা মাস্=[কু]—বি. টেংরা মাছ ।।

বাইয্=[ঢা]—বি. বাড়ী ।।
২=[চট্ট]—বি. বৌ, ভাবী ।। [< ভাজ<ভাই জায়া<ভাতৃ জায়া]।

বাইয্যা=[কুম, চট্ট]—বি. গরুকে ভাতপানি ইত্যাদি খাওয়াইবার গামলা ।।

বাইয্যাই=[চট্ট]—অস. ক্রি. পিটাইয়া, আঘাত করিয়া ।। তরে বাইয্যাই মারি ফেলাইয়্ম্ । [<বাড়ী (<বাটি <বেট প্রাং<বেষ্ঠ সং)+আই প্র.]।

বাইয্যা খোদা=[চট্ট]—অব্য. হা হতোস্মি ।। [দেখ বাইদ্যা+খুদা (খুদা) ফা.]।

বাইয্যা থাকা=[চট্ট, কুম]—ক্রি. আটকাইয়া থাকা ।। নাওডা বাইয্যা রৈয়ে। [<বাজিয়া<বাধিয়া (< বাধা)+থাকা]।

বাইটা=[ব, রং]—বি. গুণ্ডা ।। সেড়াটা ডাংগর্ বাইটা (ব)। [<বেঁটে (<বণ্ট সং) ; অর্থ প্র.]।
২=[রা]—বিণ. খাট, বেঁটে ।। লোক্টা বাইটা। [পূর্বে দেখ]।

বাইটাইলা=[ঢা]—বি. যাহারা দক্ষিণ দেশে বাস করে, ভাটির দেশের লোক ।। [<ভাটি+আল+ইয়া প্র.]।

বাইটাগাস্=[কুম]—বি. বুনোগাছ ।। বিশেষ ।।

বাইটান্=[পা]—ক্রি. বি. পিছাইয়া আসা ।। [<ভাটি+আন প্র. ; নামধাতু]।

বাইটা বাচ্‌'রা=[ম]—বি. একজাতীয় ঘাস ।।

বাইটে=[খু]—বি. সরু দড়ি ।। [দেখ বাইঠে২]।

বাইট্যা=[ম, ঢা]—বি. কোমরের সুতা ।। পুলার্ মান্যায় বাইট্যা দে। [< বেটিয়া<বট(শন সূত্র)+ইয়া প্র.]।

বাইট্=[ফ]—বি. গাঁথুনি ।। [<ভিট (<ভিত্তি)]।
২ =[ম, কুম]—বি. বৃক্ষ বিশেষ ।।

বাইট্ করা=[ঢা, কুম]—ক্রি. বমি বমি করা ॥ শরিল্‌ডা বাইট্ কর্‌তাসে। [<বাইত (<বান্তি সং=বমি)+ করা]।

বাইট্‌কা=[চট্ট, রা, ম, পা,]—বি. মাছ বিশেষ ॥ 'ন্যারামুরা ত্যালুকামুরা বাইট্‌কা মাসের্ যোল্ ন্যারা গেল পাট্ কাট্‌বার্ হানুকি নৈয়া নোর্' (ছড়া)। [সাধু ভেট্‌কি]।

২=[সি]—বিণ. বেঁটে, স্থূল ॥ হিতান্ একটা বাইট্‌কা মানুশ্। [দেখ বাইটা২+কা প্র.];

বাইট্‌টা=[ঢা, কু]—বি. কোমরের সুতা, কাঁথা সেলাই করার সুতা ॥ [দেখ বাইট্যা]।

২=[কুম]—বিণ. বেঁটে ॥ [দেখ বাইটা]।

৩=[কুম]—অস. ক্রি. গোছাইয়া ॥ কাপর্‌ডা বাইট্‌টা থো। [<পাট+ইয়া প্র.]।

বাইট্‌রা=[ঢা]—বিণ. খাঁটো, ছোট ॥ [দেখ বাইট্‌কা২]।

২=[ম]—বি. নিম্ন অঞ্চলের অধিবাসী ॥ [<ভাটি+আর+আ প্র.]।

বাইঠা=[ম]—বি. চোরকাঁটা ॥ বাইঠা দিয়া মাঠ্ বৈরা গেসে। [সাধু ভাঁটুই]।

বাইডা=[ঢা]—বিণ. ছোট ইঁদুর ॥ [দেখ বাইত্যা]।

বাইডাক্=[ম]—বি. বাহির ॥ বাইডাকের্ গরে বহেন্ ॥ [<বাড়ীর আগ]।

বাইডাগাস্=[কুম]—বি. একপ্রকার বুনো গাছ ॥ [দেখ বাইঠা+গাছ]।

বাইডিক্=[ম]—বি. বাহির বাটি ॥ [দেখ বাইডাক্]।

বাইড্‌ডা=[ব]—বি. সুতা, তাগা ॥ [দেখ বাইট্যা]।

বাইড়্=[রা, রং]—বি. দেমাক, স্পর্ধা ॥ বাইড়্ দেখাইও না। [<বাড়ি (< বৃদ্ধি সং)]।

বাইতা=[ম]—বি. তুচ্ছ পদার্থ ॥ কি সাই বাইতার্ নিগা পুলাপান্ কান্দাও। [দেখ বাইট্যা]।

বাইতাড়া=[কু]—বিণ. চঞ্চল ॥ তোমার্ পোলাটা বড় বাইতাড়া। [+ বাই (<বায়ু)+তাড়া (তাড়ানো)]।

বাইতান্=[রং]—বি. ক্ষুদ্র ইঁদুর ॥ [দেখ বাইত্যা+ন]।

বাইতা বাইতা=[ঢা]—ক্রি. বিণ. নেশা নেশা ভাব ॥ আমার্ শৈলুড খালি বাইতা বাইতা কর্‌তাসে। [দেখ বাইট্ করা]।

বাইতারি=[ম]—বি. ছোট ইঁদুর ॥ বাইতারি বর ত্যাক্‌ত করে। [দেখ বাইতা+রি]।

বাইত্যা=[ব, ফ]—বি. ইঁদুর ॥ কাপর্‌ডা বাইত্যায় কাট্‌সে।

বাইত্=[রা]—অব্য. পুত্র (সম্বোধনে) ॥ ও বাইত্ এদিকে আশ্। [<বাবা+পুত্ <পুত্র সং]।

২=[কুম, ম, ফ]—ক্রি. বিণ. বাড়িতে ॥ বাইত্ যাবো। [<বাড়ী+ত (বিভক্তি) ॥

৩=[ম, বা, সি, ফ]—বি. বমি ॥ রোগি এক্‌বার্ বাইত্ কর্‌সে। দেখ বাইট্ করা]।

বাইত্ বাইত্=[সি]—ক্রি. বিণ. বমি বমি ভাব ॥ [দেখ বাইতা বাইতা]।

বাইত্‌তা=[কুম, ঢা, ফ]—বি. ছোট ইঁদুর ॥ [দেখ বাইত্যা]।

বাইদ্যা=[ফ]—বিণ. মিথ্যাবাদী ॥ বাইদ্যা লোক্‌রে কেউ বিশ্‌শাশ্ করে না।

২=[চট্ট]—বি. বাটি, পাত্র বিশেষ ॥ [বাদিয়হ্ بادیه ফা.]।

বাইদ্=[ঢা]—বি. ছোট খাল বা নালা ॥ এই বাইদে অনেক্ হিং মাস্ আসে।

২=[ম]—বি. নিম্নভূমি, জঙ্গলের মধ্যে বিরাট নীচু জায়গা ॥ বাইদের্ যমি খুব্ ফলন্ত।

বাইদ্‌দা=[কুম]—বিণ. বেদে, যাযাবর ॥ বাইদ্‌দারা হাপ্ নাচ'য়্। [< বাদিআ প্রা. বাং]।

বাইদ্‌দার্ বহর্=[ঢা]—বি. বেদের দল ॥ 'বাইদ্‌দার্ বহর্ বাইশ্যা চ'লে বালু নদি দিয়া'। [দেখ বাইদ্‌দা+র সম্বন্ধে)+বহর بحر আং]।

বাইদ্‌দার্, বাইদ্‌দা=[ঢা]—বিণ. অত্যধিক ঝগড়াটে ॥ তুই বর বাইদ্‌দার্ বাইদ্‌দা। [দেখ বাইদ্‌দা +র (সম্বন্ধে)+বাইদ্‌দা]।

বাইনা=[কু]—বি. অগ্রিম, বায়না ॥ দুইশ ট্যাকা বাইনা দিয়া আইলাম্। [<বয়'আনহ্ بیعانه ফা. <বয়্' بیع আং=বিক্রয়+আনহ্]।

বাইনার্ টোপ্‌লা=[ম]—বিণ. সঙ্কুচিত ॥ যারের্ ঠ্যালায় পোলাপান্ বাইনার্ টোপ্‌লা ঐয়া হইসে। [< বিন্নি (ধান=খৈ)+র (সম্বন্ধে)+ পোট্‌লা (<পোট্টলী সং); বর্ণ বিপর্যয়]।

বাইনি=[য]—বি. বাঁশ বিশেষ ॥

বাইনে=[য]—বি. মাছ ধরার সরঞ্জাম ॥

বাইনের্ যো অওয়া=[ম]—ক্রি. বীজ বপনের উপযুক্ত সময় হওয়া ॥ [< বাইন<বপন+এর (সম্বন্ধে)+জো< যোগ]।

বাইন্যা=[ম, চট্ট]—বি. অলংকার তৈরীর কারিগর ॥ বাইন্যার্ বাড়ি যায়াম্ (চট্ট)। [<বণিক+ইয়া প্র.]।

২=[ব, ফ, কুম, ঢা]—বি. বণিক্, বেনিয়া ॥ বাইন্যার্ দোহানে গোলে মশ্‌লা নিয়া আয়্। [পুর্বে দেখ]।

বাইন্=[খু]—বি. বড় চুলা বা উনান ॥

২ =[ফ]—বি. নৌকায় দুই তক্তার মধ্যবর্তী স্থান ॥ [বয়ন بین আং]।

৩=[সি, ম]—বি. বপন ॥ দান্ বাইনের্ যো ঐসে। [দেখ বাইনের্ যো অওয়া]।

৪=[য]—বি. যেখানে রস জ্বাল দেওয়া হয় ॥ বাইন্ তলে যাইবি নাকি? [দেখ বাইন্]।

৫=[কু]—বি. বাদ্যযন্ত্রী ॥ বাইন পার্‌টিরে কত ট্যাহা দেওন্ লাগ্‌বে? [<বায়েন<বাদন]।

৬=[ম]—বি. কাপড়ের বুনট ॥ এ হারিডার্ বাইন্ বেশ্ বালা। [<বয়ন<বপন]।

৭=[পা]—বি. ভার বহন করার দণ্ড বিশেষ ॥ পতের্ মদ্দে বাইন্‌ডা বাইংগা গেল্। [<বাহন]।

৮=[ম]—বি. ধারা ॥ কামের্ কোনু বাইন্ নাই।

বাইন্ গাস্=[খু]—বি. বনজ বৃক্ষ বিশেষ ॥

বাইন্‌চ'ত্=[চট্ট, সি, কুম]—বিণ. গালি বিশেষ ॥ [<বইন (<ভগিনী) +√চুদ্ (অশ্লীল)]।

বাইন্‌চ'ইট্‌গা=[কুম]—বি. এক প্রকার অনুপান ॥ এই বট্‌গুলি বাইন্‌চ'ইট্‌গা কৈর‍্যা খাইবা।

বাইন্‌যা=[সি, ম]—বিণ. বন্ধ্যা ॥ গাইডা বাইন্‌যা। [<বাঁঝা<বন্ধ্যা]।

বাইন্‌যালি=[ম, নো]—বি. দাসীগিরি ॥ বাইন্‌যালি কত্‌তে কত্‌তে যান্ গেল্। [<বাঁদী (<বান্দী হিং)+ আলি প্র.]।

বাইন্‌য়্=[সি]—বি. ভাঁজ ॥ কাপ-রের্ বাইন্‌য় বাইংগিও না। [<ভাঁজ (<ভান্‌জ্ সং)]।

বাইন্‌টুরি=[নো]—বি. বেঁটে স্ত্রীলোক ॥ ও বাইন্‌টুরি কোনাই যাস্? [দেখ বাইটা২+রি প্র.]।

বাইন্‌তা=[ম]—বিণ. সরল ॥ মতিনের্ নাগাল্ বাইন্‌তা মানু খুব কম্ আসে। [<√বন্ (<বনা)+তা প্র.]।

বাইন্‌দর্=[কুম]—বি. ঘরের পিছনের দ্বার ॥ বাইন্‌দরে কোনে কতা কয়্? [<বাহির+দ্বার]।

বাইন্‌দা দেওয়া=[কুম]—ক্রি. পাল দেওয়া, ষাঁড়ের কাছে বাঁধিয়া দেওয়া ॥ গরুডা ডাক্‌তাসে, বাইন্‌দা দ্যাও। [< বাঁধিয়া দেওয়া ; বাগ্‌ধারা]।

২=[ফ, ঢা]—ক্রি. বাঁধিয়া দেওয়া, জেলে দেওয়া ॥ বাপে পোলারে বাইন্‌দা দিল্। [পূর্বে দেখ]।

বাইন্‌দালি=[ম, চট্ট]—বি. বাঁদী বা চাকরের কাজ ॥ তাই বাইন্‌দালি গরি কন রঅমে দিন্ টালে। [দেখ বাইন্‌যালি]।

বাইন্ দুয়ার্=[নো চট্ট]—বি. রান্নার আঙ্গিনা, পেছন দুয়ার ॥ [দেখ বাইন্‌দর্]।

বাইন্‌না=[নো, চট্ট, বা]—বি. বণিক্, স্বর্ণকার ॥ শোনাপুরের্ বইন্‌নারা খুব পৈশাআলা। [দেখ বাইন্যা]।

বাইন্‌নানো=[কুম]—ক্রি. বোনা ॥ তাতিয়ে কাপর্ বাইন্‌নায়্। [দেখ বাইন্৬ +আনো প্র.]।

বাইবকা বাশ্=[চট্ট]—বিণ. বড় বাঁশ ॥

বাইবাউর্=[চট্ট]—বি. এক প্রকার গাছ ॥

বাইবাশ্‌তা=[রা]—বিণ. বাউণ্ডুলে ॥ বাইবাশ্‌তার্ নাগ্‌না কোনে ঘুইরা বেড়াশ্? [<বায়ু বাতাস]।

বাইবুন্=[কুম]—বি. বেগুন ॥ [দেখ বাইঅন্]।

বাইবে=[খু]—বিণ. অসভ্য ॥ এই বাইবে লোকের্ শাথে কেন্ আলাপ্ কর? [<বা 'আয়ব باعيب ফা. +আং]।

বাইমুখ্=[কুম]—বিণ. বাসি মুখ, আধোয়া মুখ ॥ বাই মুখে যাইতাম্ না। [<বাসি মুখ]।

বাইয়ন্=[চট্ট]—বি. বেগুন ॥ [দেখ বাইঅন্]।

বাইয়া=[রং]—বিণ. যে বাম হস্তে কাজ করে ॥ বাইয়া লোক্‌টা অনেক্ কাম্ কর্‌তে পারে। [<বাম+ইয়া প্র.]।

২=[সি]—বি. যাহারা বাঁশের বেপার করে ॥ বাইয়ারা উযান্ থাহি বাশ্ আনৈন্। [<বাঁশ (<বংশ)+ইয়া প্র.]।

৩=[ঢা, সি]—বিণ. বাসি ॥ বাইয়া বাত্ খাইও না। [<বাসি (<পর্যুষিত সং)+আ]।

৪=[নো, সি]—অস. ক্রি. ভাসিয়া ॥ মরা গরু পানিত্ বাইয়া যায়্ (সি)। [<ভাসিয়া]।

বাইয়াকি, বাইয়াক্=[সি]—বি. বন্ধুত্ব (মেয়েদের) ॥ [<ভাই+আপি প্র.]।

বাইয়া পাও=[ঢা]—বিণ. বাম পা, তুচ্ছ বস্তু। হে এ্যাক্‌টা বাইয়া পাও, তারে দেইখ্যা আমি ডরাই? [<বাম +আ+পদ]।

বাইয়া ব্যাং=[ঢা]—বিণ. কোলা ব্যাং ॥ বাইয়া ব্যাং ডাহে, গ্যাগো।

বাইয়ালি=[ম]—বিণ. নর্তকী ॥ [<বাই+ওয়ালি]।

বাইয়ুন্=[নো, চট্ট, ব]—বি. বেগুন ॥ বাইয়ুন্ দি ছরি দি খাড়ে। [দেখ বাইঅন্]।

বাইয়ুর্=[চট্ট]—বি. ভাসুর ॥ [দেখ বাইউর্]।

বাইর্=[রং]—বি. বাহির ॥ বাইরত্ গিয়া কথা কও। [<বাহির]।

বাইরম্ বাইরম্=[সি]—বি. যৌবন-সুলভ চপলতা ॥ পুরিওগ্‌গা বাইরম্ বাইরম্ করের্। [<বাহির হমু < বাহির হইব]।

বাইরা=[কুম]—বিণ. লেজকাটা ॥ বাইরা গরু। [দেখ বাইটা২]।

২=[পা]—বিণ. জোয়ান, স্বাস্থ্যবান্ ॥ বাইরা বলুদে খাইচে'। [<বাড়্ (< বৃদ্ধি)+ইয়া প্র.]।

৩=[সি]—বিণ. অনাহুত, বাহিরের ॥ দাওতির্ থিক্যা বাইরা মানুশ্ বেশি ঐগেসে কিতা করুম্? [<বাহির+ ইয়া প্র.]।

৪=[কুম]-বি. বর্ষাকাল ॥ মাইয়ারে বাইরা মাশো লগে লৈও না। [< বারিয়া<বরিআ<বর্ষা]।

৫=[ফ]—বি. পচা খড়ের স্তূপ ॥ বাইরার্ উপরে বাংগির্ গাস্ ঐসে।

বাইরাইন্যা=[বা]—বিণ. ভবঘুরে ॥ সেলেডা একেবারে বাইরাইন্যা। [< বাহির+হওন+ইয়া প্র.]।

বাইরাগ্=[কুম]—বি. বাহির বাড়ী, আঙ্গিনা ॥ [<বাড়ীর আগ (<অগ্র)]।

বাইরা যুটি=[ম]—বিণ. যোগ্যপত্নী।। বৌথান্ তার্ বাইরা যুটি ঐসে। [< বাহারিয়া < বহার بهار ফা. + ইয়া প্র. + জুটি = জুড়ি]।

বাইরাথ=[ম]—বি. বাহির বাড়ি, বাহির বাড়ির আঙ্গিনা।। বিয়ানে বাইরাথে যাইয়া আস্‌নায়। [দেখ বাইরাগ্]।

বাইরানো=[ফ, কুম]—ক্রি. আঘাত করা, মারা।। অবোলা যিবুরে বাইরাইও না। [দেখ বাইয়্যাই ; বাড়ি + আনো প্র. ; নামধাতু]।

বাইরা প্যাচ'াল=[ঢা]—বি. বাজে কথা।। তোর বাইরা প্যাচ'ালু আর্ হোনায় শময় নাই। [দেখ বাইরা ৩ + প্যাচাল]।

বাইরাবাইরি=[কুম]—বি. মারপিট, মারামারি।। বাইরাবাইরি কৈরা মাথা কাটাইয়া কি লাব্? [দেখ বাইরানো ; বাড়ি + আ + বাড়ি]।

বাইরাবারি=[রা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি।। শব্ কাজে বাইরাবারি করা ভাল না। [< বাড়াবাড়ি]।

বাইরা মাইয়া=[ম]—বিণ. বর্ষকালীন।। বাইরামাইয়া দিন্। [দেখ বাইরা ৪ + মাস + ইয়া]।

বাইরামাহ=[ঢা]—বি. বর্ষাকাল।। বাইরামাহে মেগ্ বেশি অয়্।। [দেখ বাইরা মাইয়া]।

বাইরে=[খু, য]—বিণ. বাহিরের কাজে ব্যবহৃত, অশুচি।। বাইরে ভাঁড়ের্ পানি খাশ্ না। [< বাহির + এ প্র. < ইয়া]।

বাইরে যাওয়া=[কুম, ফ]—ক্রি. পায়খানা বা প্রস্রাব করিতে যাওয়া।। বদ্‌নাডা দেখো বুয়া, মুই বাইরে যাইমু। [< বাহিরে যাওয়া ; সুভাষণে]।

বাইর‍্যা=[পা]—বিণ. সুন্দর।। ম্যায়াডারে বাইর‍্যা দেখা যায়্। [দেখ বাইরা যুটি]।

২=[ম]—বিণ. ধূর্ত।। এইডা মমিন্‌শিংয়ের্ বাইর‍্যা, চিঁনুস্থইন্? [দেখ বাইটা]।

বাইর‍্যাবারি=[ফ]—বি. শাসন।। [দেখ বাইরা বাইরি]।

বাইর=[দি, ম, সি]—বি. বাড়, বৃদ্ধি।। সুইট্‌কাডা সয় মাশের্ বাইর্ এক্ মাশে হরে (সি)। [< বাড়ি (বৃদ্ধি)]।

২=[ম, সি]—বি. ফাদ।।

৩=[কুম]—বি. লাঙ্গলের রেখ।। ওযা কৈরা বাইর্ দিলে চ'াশ্ বালা অয়্।

৪=[চট]—বি. টুকরী।।

বাইর অওয়া=[ম]—ক্রি. কুলত্যাগ করা।। পরের্ ফুশ্‌লানিতে বৌডা বাইর্ ঐয়া গেল্। [< বাহির হওয়া সুভাষণে]।

বাইরকা=[ম]—বিণ. নষ্ট, বাহিরের কাজে ব্যবহৃত, অশুচি।। বাইর্‌কা পাতিল্। [< বাহির + কা প্র.]।

২=[সি]—বি. উজানির মাছের [illegible]।।

বাইরকা বাশ=[কুম]—বিণ. মোটা শক্ত বাঁশ বিশেষ।। এক্‌টা বাইর্‌কা বাশ্ দুই ট্যাকা। [দেখ বাইর্‌কা ২ + বাঁশ]।

বাইরকামুলি=[ম]—বিণ. যে দাসী বাইরের গৃহস্থালীর কাজ করে।। আমাগো বাইর্‌কামুলি আসে। [< বাহির + কামুলা (= ভৃত্য) + ই স্ত্রীপ্র.]।

বাইরগানো=[চট]—বি. প্রহার করা, পিটানো।। তরে বাইর্‌গাই মারি ফেলাইয়ম্। [দেখ বাইংগানো]।

বাইর গোশল=[সি]—বিণ. বিয়ের গোসল।। [< বাহির + গুসল غسل আং]।

বাইর টোলা=[ম]—বিণ. যে পুরুষ অন্য রমণীর প্রতি আসক্ত, অতিরিক্ত কামাসক্ত।। বাইর্‌টোলা পুশশের্ লাষ্ নাই। [< বাহির + টোলা (= আড্ডা)]

বাইর পেচি'টেন=[ম]—বি. ভাইস্ প্রেসিডেন্ট।। তোমগারে বাইর্ পেচি'টেন্ ক্যাডা ঐলো? [< ভাইস প্রেসিডেন্ট Vice President ইং]।

বাইর বারি=[ম, ঢা, রা]—বি. বাড়ীর বহিরভাগ।। বাইর্‌বারিত্ কেগো? [< বহির্বাটি]।

বাইর বেডি=[ঢা]—বি. ভাইয়ের মেয়ে।। [< ভাই + এর (সম্বন্ধে) + বেটী]।

বাইলং=[কুম]—বি. মাছ ধরার যন্ত্র।। বাইলংডা পাত্ না নিয়া।

বাইলট=[ফ]—বি. বালতি।। এই বাইলট্‌টার্ দাম্ কত? [< বাইলত্ < বালতি < balde পোর্তু.]।

বাইলা=[কুম]—বি. এক প্রকার মাছ, বেলে মাছ।। বাইলা মাসের্ চ'াশুনি বালা।

বাইলা আমটা=[ম]—ক্রি. বিণ. কিঞ্চিৎ অনিচ্ছা, ইতস্ততঃ।। বালা কামে বাইলা আম্‌টা কর ক্যারে?

বাইলা গরিমাস=[সি]—বি. বেলে মাছ।।

বাইলাতা=[নো]—বি. পলক।। চো'খের্ বাইলাতা মার্‌তে না মার্‌তে কোনাই গেল্? [< বাহির + পাতা (< পত্র)]।

বাইলান=[য]—বি. যোনি।।

বাইলে বাইলে=[ফ, কুম, নো]—ক্রি. বিণ. মতে মতে চলিয়া, বুঝাইয়া সুঝাইয়া, মান্যতার ভান করিয়া।। বাইলে বাইলে কাম্‌ডা বাগাইয়া ফেল্। [< বলিয়া বলিয়া ; অথবা বুলি (তুং বহলানা হিং)]।

বাইল্যা=[কুম]—বি. চড়ুই বা বাবুই পাখী।। বাইল্যার্ বাঁশা যুইল্যা রৈসে।

২=[রা]—বিণ. বালি মিশ্রিত।। বাইল্যা মাটিতে ফশল্ ভাল হয়্। [< বালি + ইয়া]।

বাইল্যা কুঠ্যা=[চট]—বিণ. অলস লোক।। [দেখ বাইর‍্যা + কুঠ + ইয়া প্র.]।

বাইল্যাট=[রা]—বি. দা ধার দিবার কাঠ।। বাবুল্ কাঠের্ বাইল্যাট্ বেশি টেক্‌শৈ অয়্। [< বালি + কাঠ]।

বাইল্যানি=[পা]—বি. বালিগরম করিবার মৃৎপাত্র।। [দেখ বাইল্যান্ + ই প্র.]।

বাইল্যানো=[নো]—ক্রি. গাছের ডাল কাটা।।

বাইল্যান্=[পা]—বি. মুড়ি ভাজিবার বালির পাত্র ।। বাইল্যান্ না ঐলে মুড়ি বাযা অয়্ না। [বালি+আন প্র.]।

বাইল্যা বর্‌কি=[ঢা]—বি. আউশ ধান বিশেষ ।।

বাইল্যারা মাস্=[কুম]—বি. এক প্রকার মাছ ।।

বাইলোট্=[রা]—বি. ছুরি কাঁচি শানাইবার জন্য ব্যবহৃত কাঠ।। ওরে বাইলোট্‌টা ধরে আন্‌তা। [দেখ বাইল্যাট্]।

বাইল্=[কুম]—বি. ডিমের বালি বা স্তূপ।। বেয়াল্ মাসের্ ডিমের্ বাইল্‌টা মস্‌ত বর। [<পাইল<পালি সং]।

২=[কুম, বা, য, সি]—বি. কলা সুপারী নারিকেলের শুকনো পাতা।। [অর্থ প্র.]।

৩=[ঢা]—বি. গরুর লেজের চুলের অগ্রভাগ।। এই গরুর্ বাইল্ খুব্ বরো। [<বাল(=চুল)+ই প্র.]।

৪=[খু]—বিণ. ঈষৎ, মৃদু।। বাইল্ যোস্‌নায়্ শব্ দেখা যায়্। [<বালি<বাল(=তরুণ)+ই প্র.]।

৫=[পা]—বি. ধানের শিষ।। [দেখ বাইল্৩ ; অর্থ প্র.]।

৬=[ম]—বিণ. বোকা।। তুইতো বাইল্ এক্‌টা। [<বৈল হিং<বলিবর্দ সং]।

৭=[কুম, ম, নো সি]—বি. খাতির, মিল।। দুশ্‌মনের্ লগেও বাইল দিয়া চ'লন্ যায়্। [দেখ বাইলে্ বাইলে]।

৮=[কুম]—বি. কায়দাকানুন।। [পূর্বে দেখ]।

বাইল্ পাতা=[চট]—বি. চোখের পাতা।। [দেখ বাইলাতা]।

বাইল্ বাট্‌রা=[ঢা]—বি. ফাঁকি বাজি।। বাইল্ বাট্‌রা দিয়া আর্ কয়্‌দিন্ চ'লা যায়্। [দেখ বাইল্৭ +বাট্টা<বট্টা হিং; +রা প্র.]।

বাইল্‌লডি=[কুম]—বি. বুনো গাছ বিশেষ ।।

বাইল্‌লা=[ফ, চট্ট]—বি. বাবুই পাখী।। [দেখ বাইল্যা]।

২=[কুম]—বি. ছোট্ট শিশু।। বাইল্‌লা কোলে লৈ কাম্ করন্ মুশ্‌কিল্। [<বালা<বালঅ প্রাং<বালক সং]।

বাইল্‌লা মাস্=[ঢা, ম]—বি. এক প্রকার মাছ।। [সাধু বেলে মাছ]।

বাইল্‌লারি=[চট্ট]—বি. ক্ষুদ্র ঔষধ জাতীয় গাছের নাম।।

বাইল্‌শা=[ম]—বি. গাড়ির চাঙ্গারি রাখার কাঠ।। [<বালিশ+আ]।

২=[রং]—বিণ. কুবুদ্ধি।। বাইল্‌শা মন্‌তোরে জুদা হওয়ার্ কারন্। [<বালিশ সং+আ প্র.]।

বাইশন্‌রে=[ঢা]—অব্য. বাপরে বাপ।। অরে বাইশন্‌রে কি তুফান্ ঐসে। [<ভীষণ রে]।

বাইশা=[রা]—বিণ. বাসি।। বাইশা জিনিশ্ খাওয়া ঠিক্ নয়্। [<বাসি+আ প্র.]।

২=[ফ]—বি. বাঁশের হিসাব বিশেষ।। এক্ বাইশা বাশ্। [<বাঁশ+ইয়া প্র.]।

বাইশাকুরি=[সি]—বি. নির্বোধের হিসাব।। বিয়াকুলের্ বাইশা কুরি। [বাইশা+কুড়ি; বাইশটিতে এককুড়ি;<বাইশ+আ প্র.]।

বাইশাব্=[ম]—বি. ভগ্নীপতি।। হে তর্ বাইশাব্ অয়্? [দেই বাইচ'াপু]।

বাইশিয়ল্=[ঢা]—বি. সাইকেল।। বাইশিয়লে উড়্। [দেখ বাইক্‌ল]।

বাইশ্যা=[রং]—বি. ভাল মন্দ।। এ মানুশ্‌টা কথার্ বাইশ্যাও বোযে না। [<বাতাস+ইয়া প্র.]।

বাইশ্যাকাল্=[কুম, ম, ঢা]—বি. বর্ষাকাল।। বাইশ্যাকালে অনেক্ পানি অয়্। [<বাইষা <বর্ষা+কাল]।

বাইশোখি=[ঢা]—বিণ. গালি বিশেষ।। [<ভাই+শোখী شوخی ফা.]।

বাইশ=[ম, ঢা, চট্ট, বা]—বি. সুতারের কাঠ মসৃণ করিবার কোদাল সদৃশ যন্ত্র।। [<বাসি সং]।

২=[চট্ট]—বি. পাখীর ছানা।। [<বাইচ <বাছা (<বৎস)]।

৩=[চট্ট]—বি. মাছের ঝাঁক।। [পূর্বে দেখ]।

বাইশ্‌ফ্ল্=[ঢা]—বি. একপ্রকার বোরো ধান।।

বাইশ্ বাংগা=[সি]—ক্রি. ভাংগন ধরা।। [দেখ বাইশ্ +ভাঙ্গা]।

বাইশ্‌শা=[রং, ব]—বি. বর্ষাকাল।। [দেখ বাইশ্যাকাল্]।

২=[চট্ট]—বি. ছেলে।। কি বাইশ্‌শা কোথা যাস্। [দেখ বাইশ্২]।

বাইসা=[ফ,কুম,সি,চ,ম]—বি. মাঝি, যে নৌকা বায়।। [দেখ বাইচ'ালি]।

বাইসানি=[ম,ঢা]—বি. নৌকা বাইচ।। [দেখ বাইচ'ালি]।

বাইসাব্=[কুম, নো]—বি. বড় ভাই।। [দেখ বাইচ'াপু]।

বাইসালা=[ম]—বি. আবর্জনা ফেলার পাত্র।। বাইসালার্ মৈদ্দে ময়লা ফ্যাল্। [দেখ বাইচ'না]।

বাইসালি=[নো,ঢা]—বি. বাচালতা, ঠাট্টা।। [দেখ বাইচ'ালি২]।

বাইসালি খেলা=[ঢা]—বি. নৌকা বাইচ খেলা।। [দেখ বাইচ'ালি+খেলা]।

বাইসিকল্=[সি]—বি. সাইকেল।। [দেখ বাইকল্]।

বাইস্=[সি, বা, ঢা]—বি. নৌকা বাইচ।। [দেখ বাইচ'ালি]।

বাইস্‌লামি=[ম]—বি. শয়তানী, দুষ্টামি।। [দেখ বাইচ'ন্‌লামি]।

বাই হেন্=[কুম]—বিণ. বাসি মাড়।। বাই হেন্ গরুরে দ্যাও। [বাসি ফেন]।

বাইহ্যা=[রা]—বিণ. বদমাশ, বজ্জাত।। ছেলেটা ভারি বাইহ্যা। [<বেহয়া بی‌حیا ফা.+আং]।

বাউ=[দি]—বি. পুত্র সন্তান।। রহিমের্ কোন বাউ নাই। [<বাপু<বাপ (<বপ্র সং)]।

২=[নো]—বি. বাবা, বাপজান। **বাউ**, আর্ লাগি কাব্‌ড়া আইনো। [পূর্বে দেখ]।

৩=[চট্ট, কুম]—বি. বাজু॥ এহন্ কেউই বাউ পরে না। [<বাজু< বাযূ بازو ফা.]।

৪=[রং]—অব্য. সম্বোধন বিশেষ॥ হেথা আইছ্ কেনে বাউ? [দেখ বাউ]।

বাউআরা=[পা]—বিণ. বেহুদা॥ এমুন্ বাউআরা লোক্ আর দেখি না। [<বাউরা <বাউলা <বাতুল+আ প্র.]।

বাউইন্যা=[কুম]—বিণ. বেঁটে, বামন॥ [<বামন+ইয়া প্র.]।

বাউইয়্যা=[কুম]—বিণ. ভবঘুরে, অকেজো॥ বাউইয়্যার্ গায়ে কাম্ গসে না। [<বায়ু+ইয়া প্র.]।

বাউইশ্যা=[কুম]—বিণ ভবঘুরে॥ অত বাউইশ্যা ঐস্‌ত কেরে? [< বায়ু+সিয়া প্র.]।

বাউংকা=[বং]—বি. ভার বহনের জন্য বাঁশের তৈরী সরঞ্জাম॥ বাউংকা নিয়া আয়্‌রে। [দেখ বাইকা]।

বাউংরা=[বা]—বিণ. খঞ্জ, আতুর॥ বাউংরা বাকাইয়া চ'লে। [<বাঁক+ উংরা প্র.]।

বাউংরি=[রং]—বি. হাজাম, যে খৎনা করে॥ বাউংরি ডাকি ছাওয়াটার্ খত্‌না দিবার্ লাগ্‌বে।

বাউকুরানি=[পা, ম]—বি. ঘুর্ণিবায়ু॥ [=বায়ু ঘূর্ণী]।

বাউকুল্‌লি=[কুম, সি]—বি. ঘুর্ণি-বাত্যা॥ [দেখ বাউকুরানি]।

বাউক্‌=[রা]—বি. বাঁক, বাঁশের তৈরী দণ্ড॥ [দেখ বাউংকা]।

২=[সি]—ক্রি. বিণ. ঠিক, সংস্কার॥ তুয়রার্ গর্ বাউক্ কর।

বাউক্‌কা=[রং]—বি. ফলবিশেষ॥ বাউক্কা খাতি মজা লাগে।

২=[চট্ট]—বিণ. বাসি॥ [<বাইশ <বাসি+কা প্র.]।

৩=[সি]—বিণ. বোকা, নির্বোধ॥ [<বোকা <বুক্ক সং=ছাগল]।

বাউক্‌কাটাকি=[কুম]—বি. এক প্রকার মাছ॥

বাউগরিয়া=[সি]—বিণ. যে বাম হাতে সব কাজ করে॥ ইটো বাউগরিয়া। [<বাম+কর+ইয়া প্র.]।

বাউগে চ'উগে=[সি]—ক্রি. বিণ. সুযোগ মত, খুব ভাল করিয়া॥ বাউগে চ'উগে পাইলে চি'নামু। [<বাগ<বল্গা সং+এ (বিভক্তি)+ চাগে (অনু:)]।

বাউগ্যা=[বা]—বি. নারিকেল সুপারি গাছের ডগা॥ বাউগ্যাগুলি গুসাইয়া রাহ।

বাউগ্‌রা=[সি]—বি. নারিকেল বা সুপারি গাছের পাতাযুক্ত ডাঁটা॥ বাউগ্‌রা দিয়া ফুরৈন্ বানাইন্ যায়্।

বাউগ্‌লা=[সি]—বি. কচুর পাতার গোড়ার অংশ॥ মান্‌কচু'র্ বাউগ্‌লা বালা তর্‌কারি।

বাউচালি করা=[রং]—ক্রি. উদ্দেশ্য-হীন ভাবে ঘুরা॥ শারাদিন্ বাউচালি করি বেড়াও। [দেখ বাইচ'আলি+করা]।

বাউচি' বাওয়া=[খু]—ক্রি. পরচর্চা করা॥ [দেখ বাইচ'আলি২ ; বাইচ+ বাওয়া]।

বাউচ্‌'খানা=[চট্ট]—বি. রান্নাঘর॥ [<বাবরচী খানহ্ باورچی خانه ফা.]।

বাউয্=[ঢা, কুম]—বি. ভাবী॥ [<ভাওজ (<ভাতৃজায়া হিং সং)]।

বাউটা=[সি, ফ]—বিণ. খারাপ বা ভবঘুরে॥ ই বাউটা মোডেই কথা হুনে না। [দেখ বাউআরা]।

২=[সি]—বিণ. দুর্গন্ধযুক্ত॥ বাউটা চ'উল্। [<বাউ (<বায়ু)+উঠা]।

বাউটা কাট্‌=[দি]—বি. মরা বা পচা কাঠ॥ [দেখ বাউটা২+কাঠ]।

বাউটি=[সি]—বি. খারাপ যুবতী। বাউটিরে শোয়ামি বালা পায়্ না। [দেখ বাউটা+ই প্র.]।

বাউট্যা=[কুম]—বিণ. শয়তান, প্রবঞ্চক॥ [দেখ বাউদা]।

বাউট্‌=[চট্ট]—বিণ. ভবঘুরে॥ তোমার্ পোলাটা বাউট্ ঐসে। [দেখ বাউটা]।

বাউট্‌টা=[ঢা]—বিণ. ইচঁড়েপাকা, বদমাইশ॥ এই বাউটট্টার্ যন্‌ন মান্ থাক্‌ব না। [দেখ বাউদা]।

বাউট্‌রা=[ঢা]—বিণ. দুশ্চরিত্র॥ [দেখ বাউআরা]।

বাউডা=[বা]—বিণ. দুইতিন দিনের পুরাতন॥ [দেখ বাউটা২]।

২=[সি]—বিণ. টালবাহানাকারী, প্রবঞ্চক॥ বাউডা মানুশ দেখ্‌তাম্ পারি না। [দেখ বাউটা]।

বাউডাটাকি=[ঢা]—বি. টাকিমাছ বিশেষ॥

বাউডিমা=[রা]—বিণ. যেখানে সেখানে ডিম্ব পাড়ে এমন॥ [<বায়ু ডিম (<ডিম্ব)+আ প্র.]।

বাউড়্=[খু]—বি. বাছুর॥ বাউড়ডা বান্‌দো। [<বাছুর(<বৎসরূপ সং)]।

বাউড়্‌দার্=[কু]—বি. ফসল পাহারাদার॥ [<ব্যাপৃত সং+ দার دار ফা.]।

বাউতি=[ম]—বি. চক্কর॥ [<বাউ (<বায়ু সং)+তি প্র.] ;

বাউত্=[পা]—বি. দল বাঁধিয়া মাছ মারিতে যাওয়া॥ কাইল্ বাউতে যামু। [<বাওয়া+ত]।

বাউত্‌তা=[কু]—বিণ. তুচ্ছ॥ [< ভাত+উয়া প্র.]।

বাউত্‌তাটাকি=[ঢা, ফ]—বিণ. ছোট শোল মাছ॥ বাউত্‌তাটাকি কদু দিয়া খাইতে বালা। [দেখ বাউত্‌তা+ টাকি]।

বাউত্‌তা পশম্=[ঢা]—বি. গায়ের ছোট ও পাতলা লোম॥ হারা শৈলে কোনু পশম্ নাই, খালি পায়ের্ পাতার্ বোগ্‌লে কয়্‌ডা বাউত্‌তা পশম্।

বাউত্‌তারা=[পা]—বিণ. দুষ্ট॥ সেলেডা বাউত্‌তারা। [<বাহাতুর+ আ প্র.]।

বাউত্‌তা হালিক্‌=[ঢা]—বি. শালিক ॥ [দেখ বাউত্‌তা+শালিক]।

বাউদা=[রা]—বিণ. ভ্রষ্ট চরিত্র ॥ [<বেহুদহ্ بیهوده ফা.]।

বাউদিয়া=[রং]—বিণ. উদাসীন, ভবঘুরে ॥ ছেলেটি বাউদিয়া হয়ে গেল্ কেন্ ? [দেখ বাইদ্দা]।

২=[রং]—বিণ. ইঁচড়েপাকা ॥ ও বাহে, তুই জে বাউদিয়া হয়ে উঠ্‌লুরে। [দেখ বাউদা]।

বাউনা=[ফ, বা]—বিণ. নিকৃষ্ট, পচাগন্ধযুক্ত ॥ [<বাউ (<বায়ু)+না প্র.]।

২=[ম]—বিণ. বেঁটে ॥ বাউনা মানুশ্ কামের্ না। [<বামন+আ]।

৩=[চট্ট]—বি. ভাগিনা ॥ [<ভাগিনা<ভাগিনেয়]।

বাউনি=[বা]—বি. লতাগাছের মাচা বা ভর করিয়া উঠিবার জন্য প্রোথিত বৃক্ষশাখা ॥ [<বাউ (<বাহ<বাহা<√বহ্)+নি প্র.]।

২=[রা]—বিণ. বামনী ॥ [দেখ বাউনা$_{২}$+ই প্র.]।

বাউনিয়া=[সি]—বিণ. যে বাম হাত দ্বারা সব কাজ করে ॥ [<বাম+নি+আ প্র.]।

বাউন্=[ম]—বি. ব্রাহ্মণ, বামন ॥ বাউন্ ঐয়া চ'ান্‌দে আত্ বারাইস্ না। [<বামন<ব্রাহ্মণ]।

বাউপ্‌রা=[সি]—বি. ছেলে বা ভাতিজার পর্যায়ের লোক (সম্বোধনে) ॥ কি বাউপ্‌রা কেমন্ আস ? [<বাপুরে]।

বাউবেরা=[ব, ম]—বিণ. বাড়ীর চারিদিকের বেড়া ॥

বাউয়া=[নো]—বিণ. বাসি ॥ [<বাউশ<বাইশ<বাসি+আ]।

২=[ঢা]—বিণ. যে বামহাতে কাজ করে ॥ তুই বেটা বাউয়া। [<বাম+উয়া প্র.]।

৩=[কুম]—বিণ. অবাঞ্ছিত, অনাহূত, দুষ্ট ॥ বাউয়া বেডা আর্ গাওরা কুত্তা শমান্। [দেখ বাউয়া]।

৪=[সি]—বিণ. যে জোর গলায় কথা বলে ॥ [<ভেউ (অনু.)+আ প্র.]।

বাউয়া ব্যাং=[খু]—বিণ. কোলাব্যাং ॥ বাউয়া ব্যাংগের্ ড়াক্। [দেখ বাউয়া$_{৪}$+ব্যাং]।

বাউয়াল্=[নো]—বি. হোটেল ॥

বাউরা=[ঢা]—বিণ. বশ, অনুগত ॥ হেইতে ঐসে মাগির্ বাউরা। [<ভাড়ুয়া]।

২=[ম]—বিণ. পাগলপ্রায় ॥ বাউরা কৈন্‌নারে কি দিয়া বুঝাই। [দেখ বাউআরা]।

৩=[কুম]—বিণ পরিত্যক্ত, নোংরা, খারাপ ॥ [বাহির+আ প্র.]।

৪=[ব]—বি. পালকীবাহক ॥ বাউরারা পাল্‌কি উবায়্। [<বেহারা<ব্যবহারিক সং]।

৫=[নো]—বি. বাহু ॥ বস্তা তুলনের্ শময়্ বাউরাত্ দুক্‌খু হাইসি। [<বাউ<বাহু+রা প্র.]।

বাউরামি=[বা]—বি. বিলাসিতা ॥ [দেখ বাউরা$_{১}$+মি প্র.]।

২=[ম]—বি. লাম্পট্য, শয়তানী ॥ বাউরামি করা বালা না। [পূর্বে দেখ]।

বাউরি=[সি]—বিণ. ভাসিয়া বেড়ায় এমন ॥ [দেখ বাউরা$_{২}$+ই প্র.]।

২=[চট্ট, কুম]—বি. [illegible]র, অলংকার ॥ নতুন্ বৌ বাউরি পিন্‌দ্যা ঠমকে চ'লে।

বাউর‍্যা=[ফ]—বিণ. এক প্রকারের গালি ॥ বাউর‍্যা আমার্ খ্যাতে গরু সাড়্‌লি ক্যান্। [দেখ বাউরি+আ প্র.] ?

বাউর্=[ঢা]—বি. ভাশুর ॥ [<ভাশুর (<ভাই শ্বশুর)]।

২ =[ম]—বি. ঝড়, তুফান ॥ [<(<বায়ু)+আর প্র.]।

৩=[কুম]—বি. লাংগলের ফলার ঈষৎ গভীর দীঘ রেখা ॥

বাউর্‌কা=[কুম]—বিণ. বাসি ॥ বাউর্‌কা চি'য়্ খাইও না। [দেখ বাউক্‌কা$_{২}$]।

বাউর্‌পুত্=[সি]—বি. ভাশুরের পুত্র ॥ [দেখ বাউর্+পুত্র]।

বাউর্‌রা=[কুম]—বিণ. অকেজো ॥ কুত্তায়্ মুখ্ দিলে যিনিশ্ বাউর্‌রা ঐয়া যায়্। [দেখ বাউরা]।

বাউলা=[কুম, নো]—বি. খেসারী কলাই ॥

২ =[ঢা]—বি. মাছমারা যন্ত্রের চারিদিকের বেড় দেওয়া বাঁশের ফালি ॥ বাউলা হক্‌ত ঐলে ওচ'া বেশি টিহে।

৩ =[ফ]—বিণ. বালিযুক্ত ॥ [<বালু+আ প্র.]।

বাউলানো=[ঢা]—ক্রি. কুমতলব লইয়া বেড়ানো ॥ [<বাউ (<বায়ু)+ল+আনো প্র.; নামধাতু]।

২=[ঢা]—ক্রি. বি. জোর দেওয়া, বলপ্রয়োগ করা ॥ মাস্‌টা এ্যাক্ বাউলানো দিয়া গেল্‌গা। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

বাউলি=[খু]—বি. যে মন্ত্রতন্ত্র পাঠ করে ॥ [<বাউল (<বাতুল)+ই প্র.]।

২ =[ব]—বি. ব্যূহ ॥

৩ =[ঢা, সি, রং]—বি. বেড়ী ॥ বাউলি দিয়া ডেক্‌চি' নামামু (ঢা)।

৪ =[ঢা, ফ]—বি. চক্কর. বার ॥ এক্ বাউলি আমাগর্ বারি যাইও। [দেখ বাউতি; বাউ+লি প্র.]।

৫=[য]—বি. ঘূর্ণিবাত্যা ॥ [<বাউ<বায়ু+লি প্র. ; তু: বগূলা হিং]।

৬=[কুম]—বি. ফাঁকি ॥ শডের্ বাউলি বুঝা দায়্। [দেখ বাউলি$_{৪}$; অর্থ প্র.]

বাউলি কাটা=[সি. রং]—ক্রি. পাশ কাটাইয়া যাওয়া ॥ [বগল بغل ফা. +কাটা]।

বাউলি পাওয়া=[পা]—ক্রি. নাগাল পাওয়া, অনুসরণ করা ॥ [দেখ বাউলি কাটা+পাওয়া]।

বাউলিয়া=[ম]—বিণ. গৃহহীন ॥ [<বাউল (<বাতুল)+ইয়া প্র.] ।

২=[ম]—বি. রায়ত ॥ করিম্ আমাগো বাউলিয়া । [<ভাওলী (জমিদারকে দেয় শস্যের অংশ)+আ প্র.] ।

বাউল্দরি=[ব]—বি. ঘূর্ণিবায়ু ॥ বাউলুরিত্ ঘর্দুয়ার্ শব্ শাপ্ । [<বায়ু+লহর+ই প্র.] ।

বাউলে=[পা]—বি. আমন ধান বিশেষ ॥ কার্তিক্ মাশে বাউলে দান্ লাম্বে ।

বাউল্যা তে'তৈ=[ঢা, ম]—বি. অর্ধপক্ক তেঁতুল ॥ বাউল্যা তেতৈ চু'হা অয়্ । [<বাকল (<বাকল সং) +ইয়া+তিন্তিড়ীসং] ।

বাউল্যা পাখি=[ফ]—বি. বাবুই পাখি ॥ বাউল্যা পাখি কিচি'র্ মিচি'র্ করে ।

বাউল্=[কুম]—বি. মাদুর ॥

২=[কুম]—বি. চাল হইতে বাড়তি কাঠ বা বাঁশের অংশ ॥ গরের্ বাউল্ খুব্ বেশি রৈয়ে ।

বাউল্যাল্=[কু]—বি. মাছ ধরিবার জাল বিশেষ ॥

বাউল্লা=[কুম]—বিণ. বাংগালি ॥ বাত্ মাসে বাউল্লা বাচো । [<বাউল +আ] ।

বাউল্লা আরি=[ঢা]—বিণ. মুড়ি ভাজিবার বালি গরম করার হাঁড়ি ॥ [<বালি+উয়া+হাঁড়ী] ।

বাউল্লামি=[নো]—বি. অপব্যয় ॥ হেলাগা বাউল্লামি করিয়া ব্যায়াগ্ অ্যারাইল্ । [<বাউল+আমি প্র.] ।

বাউশি=[ফ]—বি. অর্শ ॥ [< ববাসীর بواسير আং] ।

বাউশ্=[কুম, ঢা, ম]—বি. কল বাউস, এক প্রকার মাছ ॥ বাউস্ মায্ বর বালা ।

২=[কুম]—বিণ. ফাঁকা ॥ লোক্টা দেখ্তে মোটা, কিন্তু বিত্রে বাউশ্ ।

৩=[কুম]—বি. শিকারের বাতি রাখিবার ভাণ্ড । [দেখ বাউশ্$_2$] ।

বাউশ্কা=[রং]—বি. ঘাড়ে করিয়া বোঝা বহিবার বাঁশের তৈরী দণ্ড ॥ চাউল্গুলা বাউশ্কাত্ করি হাটে লিয়ে জা । [<বাঁশ+উকা প্র.] ।

বাউশ্ খ্যাত্=[সি]—বি. রবিশস্য, হেমন্তের শস্য ॥

বাউশ্শামি=[ম]—বি. বদমায়েশী ॥ তে বাউশ্শামি কৈরা হকল্ খোয়াইল্ । [দেখ বাউশ্$_2$ +আমি প্র.] ।

বাউস্সি=[কুম]—বি. বাবুর্চি, খানসামা ॥ [<বাবরচী باورچی ফা.] ।

বাউহা=[বা]—বি. বাসী ॥ এ সালুন বাউহা, খামু না । [দেখ বাউয়া] ।

বাঐ=[ফ, রা, ম]—বি. বাবুই পাখি ॥ বাঐ দৈরে দিব খেলা করিবু । [বাবুই] ।

বাঐঝাকি=[রা]—বি. ধানের শ্রেণী বিশেষ ॥ [দেখ বাঐ+ঝাঁক+ই প্র.] ।

বাঐ ঝ'কি=[য]—বি. ধান বিশেষ ॥ [দেখ বাঐ ঝাকি] ।

বাঐত্=[ম]—বি. এক সাথে মাছ ধরে এমন লোকের দল ॥ আইয়্ নিখাই বিলে খুব্ বাঐত্ ঐসিল্ । [দেখ বাউত্] ।

বাঐন্না=[কুম]—বিণ. বেঁটে ॥ ফুলের্ যামাই বাঐন্না । [দেখ বাউনা$_2$] ।

বাঐন্পির্=[ঢা]—বিণ. বামন, বেঁটে ॥ [< বামন+পীর্ پیر ফা.] ।

বাও=[রং]—বি. বাছা, বৎস ॥ এত্তি আয়্ বাও । [<বাপু<বাপ্ (< বপ্র)] ।

২=[ঢা, রা]—বি. দর, দাম ॥ কত ট্যাহা বাও চ'াউল্ ? [<ভাও হিং< ভাব সং] ।

৩=[ঢা, ম]—বি. আবহাওয়া, অবস্থা, পরিবেশ ॥ দ্যাশের্ বাও বেশি বালা না । [< বায়ু] ।

৪=[নো. ম]—বি. দুষ্টপ্রভাব ॥ মাইয়াগোর্ বাও লাগ্সে । [দেখ বাও ; অর্থ প্র.] ।

৫=[ফ, ঢা, কুম]—বি. ভাঁজ, ঠিক ॥ পাড়্গুলি বাও হৈরা নায় বরো । [দেখ বাও$_3$] ।

বাও আতের খ্যালা=[পা]—বি. হাত সাফাই ॥ [<বাম হাতের খেলা ; বাগ্ধারা] ।

বাও আত্ দেওয়া=[ম]—ক্রি. বাধা দেওয়া ॥ কথায় বাও আত্ দিও না । [<বাম হাত দেওয়া] ।

বাও আদা=[ঢা]—বি. একজাতীয় আদা ॥ বাও আদায় গরুর্ বাত্ বালা অয়্ ।

বাও আন্ডা=[রা, ঢা]—বি. যে ডিমে বাচ্চা হয় না ॥ [<বায়ু+অণ্ড] ।

২=[ঢা]—বিণ. ভবঘুরে ॥ লোক্টা বাওআন্ডা । [< বাওগুলে] ।

বাও আন্ডা পাড়া=[চট্ট]—ক্রি. পরের বদনাম ছড়ানো ॥ তুই বাও আন্ডা পাড়স্ ক্যা ? [দেখ বাও আন্ডা + পাড়া ; বাগ্ধারা] ।

বাও আস্রা=[সি]—বি. বৃষ্টির ঝাপটা হইতে রক্ষার্থে দেওয়ালের আলগা ছাউনী ॥ [বায়ু+আশ্রয়] ।

বাও করা=[ঢা]—ক্রি. হাত করা, গুছাইয়া আনা ॥ হে সেরিডারে বাও কর্সে । [দেখ বাও+করা] ।

বাও কুলা=[ম]—বি. ঘূর্ণিবায়ু ॥ [দেখ বাউ কুরানি] ।

বাও খোলা=[কুম]—ক্রি. বিণ. বাসি, স্যাঁতসেতে ॥ কুড়িডা বাওখোলা ঐয়া রৈসে । [<বায়ু+খোলা] ।

বাওচ'া=[কু]—বি. বাঁক ॥ নদির্ বাওচ'া গুরি গন্যে য়াও ।

বাওচি' কাটা=[পা]—বি. চুপি চুপি একদিকে সরিয়া পড়া ॥ তুমি যে পতের্ মৈদ্দে কইন্ বাওচি' কাটস বুযিই নাই ।

বাওটা=[সি]—বিণ. দুধ ইত্যাদি তরল জিনিস বাসি হওয়ায় পূর্বাবস্থা প্রাপ্ত ॥ বাওটা দুদ্দি চ'া খাইবায় কিলা ? [দেখ বাউটা] ।

বাওট্=[ঢা, ম]—বিণ. চতুর ॥ বাওট্ মাইন্শের্ কথা হইন্নো না ।

২=[পা]—বি. কাঁথার নকসা ॥

বাও ঠাইট়=[ঢা]—অব্য. ঠিক বামে যা ॥ ঐ গরু, বাও ঠাইট্। [<বাম+ঠাঁই+ত (বিভক্তি)]।

বাওডা=[কুম]—বি. টাটকা রাখিবার উপযোগী তৈলসিক্ত মৃৎপাত্র ॥

বাওড়া=[য]—বি. ঝাড়ু, ঝাড়ন ॥

২=[পা]—বিণ. অভব্য, অভদ্র ॥ [দেখ বাউরা]।

৩=[খু]—বিণ. পিতৃহীন ॥ সেলেটা বাওড়া। [<বাপুড়া প্রা. বাং]।

৪=[কু]—বিণ. অমিশ্র ॥

বাওড়ি=[রং]—বি. ঘূর্ণিবায়ু ॥ বাওড়ি পড়ে নাও ডুবলো। [<বায়ু+ড়ি প্র.]।

বাওড়=[কু]—বি. দরজার পাল্লা ॥ বাতাশ্ আইসে, বাওড়্ বিড়াইয়া দে। [<বাহু+ড় প্র. কিংবা বাল بال ফা.]।

২=[ব]—বি. জলের ঘূর্ণি ॥ [দেখ বাওড়ি]।

৩=[খু]—বি. তুফান ॥ বিশ্টি বাওড়ে যাশ্ না। [দেখ বাওড়ি]।

বাওতা=[ফ, ঢা]—বি. ফাঁকি ॥ শয়্তান্ডা বাওতা দিয়া চৈ'লা গেসে। [<ভাঁওতা]।

বাওতি=[ফ]—বি. চূণকাম করে যে ॥

বাও দেওয়া=[ম, ঢা, সি, কুম]—ক্রি. বাতাস করা ॥ শৈল্ডায় এক্টু বাও দেও। [<বায়ু+দেওয়া]।

২=[ঢা]—ক্রি. মিল দেওয়া ॥ আমার্ লগে বাও দিয়া আমার্ শরবনাশ্ করল। [দেখ বাও, +দেওয়া; বাগ্ধারা]।

বাওনা=[ফ]—বি. ঘরের চালের মধ্যস্থ আড়া ॥ ঘরের্ বাওনা বান্দ।

২=[রা]-বি. চালের কোনা, অঙ্কুর ॥

৩=[পা]—বি. ডাবের উপরের খোসা ॥

৪=[খু]—বি. গর্ত ॥

৫=[রা]-বি. আপত্তি ॥ শব্ কাজেই তোমার্ এক্টা বাওনা। [<বায়না<বহানহ্ بهانه ফা.]।

বাওনা লওয়া=[রা]—ক্রি. শুকাইয়া লওয়া ॥ কাপড়্খানা রোদে বাওনা ল।

বাওনি=[ম]—বি. আরম্ভ ॥ [দেখ বওনি]।

২=[কুম]—বি. বড় টুকরী ॥ বাওনিতে দান্ হরা।

বাওনুরি=[রং]—বি. ঘূর্ণীবায়ু ॥ [দেখ বাউলুরি]।

বাওন্=[ম]—বি. ছোট কলস ॥ এ্যাক্ বাওন্ পানি লৈয়া আয়্। [<বাসন]।

২=[ঢা, কুম, বা, ফ]—বি. ব্রাহ্মণ ॥ [দেখ বাউন্]।

৩=[ম, ঢা]—বি. বিণ. বেঁটে ॥ [<বামন]।

বাওনডুলি=[রং]—বি. ঘূর্ণী-বাতাস ॥ বাওনডুলিতে পড়ে নাও ডুবল। [দেখ বাওনুরি]।

বাওনটি=[খু]—বি. একপ্রকার গাছ ॥ [<বামন হাটি]।

বাওন্ পাখি=[খু, য]—বি. টিট্টিভ, তিতির, একজাতীয় পাখী ॥

বাওন্ পির=[ফ]—বিণ. বেঁটে, খাট ॥ বাওন্ পির্ সাইলার্ কাসে মাইয়া বিয়া দিমু না। [<বামন+পীর پیر ফা.]।

বাওনবি=[পা]—বি. বেঁটে, বামন ॥ [দেখ বাওন্৩+বি]।

বাও পাক=[ঢা]—বিণ. খারাপ সময়, দুঃসময় ॥ অর্ অহনে বাও পাক্ পর্সে। [<বায়ু+পাক (চক্র)]।

২=[ঢা]—বি. যে পাক দিয়া হাতে দড়ি পাকান হয় ॥ বাও পাক্ দে। [<বাম+√পাক্]।

বাওপাড়া=[রং]—বিণ. যে সামান্য কথায় ঝগড়া লাগায় ॥ ছাওয়াকোনা এ্যাংকা বাওপাড়া কি কহিমু। [বায়ু+পাড়া (√পাড়্)]।

বাও ফন্দি=[য]-ক্রি. বিণ. অনর্থক ॥ [দেখ বাও, +ফন্দি<ফন্দ فند ফা.+ই প্র.]।

বাওবাতাশ=[ম ফ, ঢা]—বি. বায়ু চলাচল ॥ বাও বাতাশ্ এ্যাকেবারে বন্দ। [<বায়ু বাতাস]।

বাওবুত=[ঢা]—বিণ. ভূত, ভব-ঘুরে ॥ [<বায়ু ভূত]।

বাওয়া=[ফ]—বি. কলেরা ॥ তোর্ বাওয়া ঐসিন্? [<ববা (ওবা) وبا আং]।

২=[ঢা]—বি. ধান, শস্য ॥

৩=[রং, সি]-বি. গাভীর সংগমেচ্ছা ॥ [<বাও<বায়ু+আ প্র.]।

বাওয়াইতা=[ম]—বি. জাল দিয়া বহু লোকের একত্রে মাছ মারা ॥ [দেখ বাউত্]।

বাওয়াইলা নাও=[কুম]—বি. বজরা ॥ ঐ বাওয়াইলা নাও দেহা যায়্। [<ভাওয়ালিয়া+নাও<নাব প্রাং<নাবঃ সং]।

বাওয়া দান=[ঢা]—বি. আমন ধান ॥ [দেখ বাওয়া ২+ধান]।

বাওয়ানো=[কুম, ম]—ক্রি. বাতাস করা। [দেখ বাওয়া+নো]।

২=[ঢা]—ক্রি. অযথা ঘুরিয়া বেড়ানো ॥ হারা দিন্ত খালি বাওয়াইয়া ফির্লি। [অর্থ প্র.]।

বাওয়ার=[ঢা]—বি. পাল, বাদাম ॥ বাওয়ার্ দিয়া নাও বায়্। [<বায়ু+ধার]।

বাওয়ালি=[খু]—বি. গোলপাতা ও কাঠের ব্যবসায়ী ॥

বাওয়ালিয়া=[ম]—বি. এক প্রকার নৌকা ॥ [দেখ বাওয়াইলা নাও]।

বাওয়াল=[বা]—বি. সুন্দর বন ॥ [ভাওয়াল]।

২=[কুম]—বি. শিয়াল ॥ বাওয়াল্-ডা মুরগা লৈয়া গেসে।

বাওয়াশ=[ম]—বি. কদু বা লাউয়ের খোল ॥ বাওয়াশে লবন্ রাহন্ বালা।

বাওরা=[পা, ফ]—বি., বিণ. বাজে, বিনা রোপণে বা বপনে হয় যে ধান (জমিতে উৎপন্ন পাকা ধান কর্তনের সময় কিছু মাটিতে পতিত হয়, তাহা

হইতে যে ধান গাছ জন্মে। ইহার ধানে চাউল হয় না এবং ইহা পাকেও না)।।
২=[ঢা]—বিণ. স্ত্রীর বশীভূত।। [দেখ বাউরা]।

বাও রাইক.ক্যা=[ফ]—ক্রি. বিণ. সামঞ্জস্য বা মিল রাখিয়া।। হকুগলের্ শাতে বাও রাইক্ক্যা চলন্ যায়্ না। [দেখ বাও$_{২}$+রাখিয়া]।

বাওরা দান.=[পা]—বি. আমন ধান।। [দেখ বাওয়া দান্]।

বাওরাল.=[কুম]—বি. বন বিড়াল।। বাওরালে মুরগা নিসে। [<বন বিড়াল]।

বাওরাশ.=[ম]—বি. গভীর কাদা।। অত বাওরাশ আডন্ যায়্না মোডেই।

বাওর$_{৪}$=[রা]—বিণ. বেঁটে।। [< বাউট্ <বেঁটো (<বণ্ঠ সং)]।

বাওরৈয়া=[ফ]—বিণ. যাহার কথায় ও কাজে কোন মিল নাই।। [দেখ বাউরা$_{২}$+ইয়া]।

বাওর.=[সি, ম]—বি. ঝড় বৃষ্টির সংগে একটানা প্রচণ্ড বাতাস।। যে বাওর্ শুরু ঐসে এতে গরেতেন্ বাইর্ অওনি দায়্। [দেখ বাউর্$_{২}$]।
২=[কুম]—বি. পাল, বাদাম।। বাওর্ দিলে নাও চ'লে বালা। [দেখ বাওয়ার্]।
৩=[ম]—বি. নদীর শাখা।। [বাও <বাহু+র প্র]।
৪=[ফ]—বি. চরের অস্থায়ী ঘর।।
৫=[ফ]—বি. বিল, বিরাট জলাশয়।। [<বাঁওড় <বাঁক+ড় প্র.]।
৬=[ঢা]—বি. লাঙ্গলের আঁচড়।। গৈন্ কৈরা বাওর্ না দিলে মাডি নরম্ অয়্ না। [দেখ বাউর্$_{৩}$]।

বাওলা=[কুম]—বি. দুর্বল।। এই পোলাডা বাওলা ঐয়া গেসে। [< বাউলা <বাউল (<বাতুল)+আ]।

বাওলা গাস.=[খু]—বি. বাবলা গাছ।। [<বাবলা গাছ]।

বাওলারা=[ঢা,বা]—বিণ. নির্দিষ্ট সময়ের পূর্বে পাকে এমন।। বাওলারা নারকেল্ বালা না। [<বায়ু+নাড়া]।

বাওলি=[পা]—বি. দৌড়।। এ্যাক্ বাওলিতে গুইর‍্যা আয়্গা। [দেখ বাউলি$_{৪}$]।
২=[কুম]—বি. ঘরের কার্নিশ।।

বাওশ.=[কুম]—বি. লাউয়ের শুকনা খোল।। [দেখ বাওয়াশ্]।
২=[ঢা]—বি. বেশী মোটা লোক।। বাওশ্টায়্ লর্তে পারে না। [অর্থ প্র.]।

বাওসাটা=[ম]—বি. পাগল ভাব, বায়ুর প্রকোপ।। [<বায়ু+ছাট < ছিট+আ প্র.]।

বাওসোস.=[ফ]—বিণ. খারাপ, নোংরা।। হে এ্যাক্টা বাওসোস্। [<বায়ু+ছোঁচা]।

বাওহর.=[ফ]—বি. এক প্রকার আগাছা।।

বাওহানি=[ম]—বি. ঘূর্ণীবায়ু।। চৈ'ত্ মাশে বাওহনি উরে। [<বায়ুঘূর্ণি]।

বাং=[নো]—বি. ভাঙ্গ, সিদ্ধি, মাদক দ্রব্য বিশেষ।। [<ভাং (<ভঙ্গা সং)]।
২=[ম]—বি. মোরগের ডাক।। [<বাঙ্গ بانگ ফা.]।
৩=[ম]—বি. জনরব।। [পূর্বে দেখ]।
৪=[সি]—বি. বাঁক, যাহার দ্বারা ভার বহন করা হয়।। [<বাঁক]।

বাংকু=[চট, বা]—বি. টেবিল, টুল, বেঞ্চ।। বাংকুর্ উঅর্ বৈঅও। [< বাঙ্কো benco পোর্তু.]।

বাংগনি করা=[ঢা]—ক্রি. খরচ করা, নিজের কাজে ব্যয় করা।। [<ভাঙ্গা +নি প্র.+করা]।

বাংগর.=[সি]—বি. বাচ্চা মহিষ।।
২=[ম]—বিণ. ভাংখোর।। লোক্টা খুব বাংগর্। [দেখ বাং+খোর خور ফা.]।

বাংগা=[রং,রা]—বি. কার্পাস।। বাংগা তুলায়্ সুতা হয়্।
২=[ঢা]—বি. রাস্তার মধ্যে নীচু বা ভাঙ্গা জায়গা।। এই বাংগায় বৌত্ পানি। [<ভাঙ্গা]।

বাংগাইন.=[সি]—বি. বেগুন।। [দেখ বাইঅন্]।

বাংগাইলি—[কুম]—ক্রি. বি. জমিতে এক চাষ দেওয়া।। [<ভাঙ্গা+নি]।

বাংগা গর. উঠা=[ঢা]—ক্রি. ক্ষতি বৃদ্ধি হওয়া।। আহা তার্ রাগে আমার্ বাংগা গর্ উঠ্পো। [<ভাঙ্গ ঘর উঠা; বাগ্ধারা]।

বাংগা গারায়. পরা=[ম]—ক্রি. দুঃখীর অধিকতর দুঃখে পড়া।। [<ভাঙ্গা+ গাড়া (<গর্ত)+য়+পড়া; বাগ্-ধারা]।

বাংগানি=[ফ]—বি. কুমন্ত্রণা, প্রবঞ্চনা। এই বেডার্ বাংগানিতেই বিয়াডা ফিরি গেল্। [<ভাঙ্গানি]।

বাংগা বাড়্যা=[রা]—বি. একটি ধানের নাম।।

বাংগালি=[পা]—বি. কচুও মাছ দিয়া রান্না তরকারি।।

বাংগালি কদ$_{৪}$=[চট]—বি. লাউ।। টাহি মাস্দি বাংগালি কদু বড় হোয়াদ্। [<বাঙ্গালী কদু <কদূ کدو ফা.]।

বাংগাল. বক.রি=[ব]—বি. ধানের নাম।।

বাংগি=[কু, পা, ম, কুম, ঢা]—বি. ফুটি, কাঁকুড়।। [<বাঙ্গী]।

বাংগি চি'রি=[সি]-ক্রি. বিণ. খোলাসা করিয়া।। আমি ব্যাবাক্ কতাই বাংগি চি'রি কৈলাম্। [<ভাঙ্গিয়া+ চিরিয়া]।

বাংগিযুরা=[চ]—বি. জোড়াতালি।। এই কামে অনেক্ বাংগি যুরা লাগ্সে। [<ভাঙ্গা জোড়া]।

বাংগিফাটা=[রা]—বিণ. অত্যধিক ফাটা।। তার্ পা বাংগি ফাটা হয়েছে। [দেখ বাংগি+ফাটা; বাগ্ধারা]।

বাংগ$_{৪}$=[রা]—বি. কৃষক।। বাংগু মাঠে কাজ্ করে।

বাংগদ্র.=[পা]—বি. নৌকা বা ঘরের বাঁক।। [<বাক্ (<বঙ্ক সং)+উর প্র.]।

২=[পা]—বি. লাঙ্গলের কর্ষণ দাগ ॥

বাংগেরা=[সি]—বিণ. ভাংখোর ॥ বাংগেরা লোকের্ চোখ্ লাল্ থাকে। [দেখ বাংগর্₂]।

বাংগোরি=[রং]—বি. খাৎনাকারী।

বাংটি=[ফ]—বি. অতিরিক্ত কথা বলা ॥ তুমি বার বার বাংটি পাইরো না। [<ভ্যাংটি ; তুং ভেংচি]।

বাংটু=[রং]—বিণ. বেঁটে ॥ [দেখ বাওরু]।

বাংটো=[সি]—বিণ. দুর্বল ॥ [দেখ বাংটু ; অর্থ প্র.]।

বাংড়ি=[রা, কু]—বি. এক প্রকার হাতের অলংকার ॥

২ =[রং]—বি. হাজ্জাম, যাহারা খৎনার কাজ করে ॥ বাংড়ি ডাকে চ্যাংড়াটাক্ সিন্নাত করাও। [দেখ বাংগোরি]।

বাংতা=[ফ]—বি. খুচরা পয়সা ॥ [<ভাঙ্+তা প্র.]।

বাংনা=]কু]—বি. ভগ্নস্থান ॥ রাস্তার্ মৈদ্দে মৈদ্দে বাংনা আসে। [<ভাঙ্+না প্র.]।

বাংরা=[সি]— বিণ. মহিষের ন্যায় ॥ লোক্টা বাংরা।

২ =[পা]—বিণ. পুরাতন ॥ বাংরা শোনা। [<ভাঙ্গ+রা]।

বাংরানো=[পা]—ক্রি. ভাঁজ করা ॥ কাগয্ডা বাংরাও।

বাংরাপারা=[ঢা]—ক্রি. রং বিকৃত হওয়া ॥ [দেখ বাংরা₂+পড়া]।

বাংরামাস্=[কুম]—বি. নলা জাতীয় মাছ ॥ বাংরামাস্ খাইতে হোরাদ্।

বাংরি=[বা]—বিণ. ক্ষীণকায় বা হীনবল ॥ [দেখ বাওরু]।

বাংলাগর্=[খু, কু, পা]—বি. বৈঠক খানা, দোচালাঘর ॥ বাংলা গরে মেয্বান্ আইসে। [<বাংলা+ঘর]।

বাংলা মারা=[খু]—ক্রি. ভবঘুরে হইয়া ঘুরিয়া বেড়ানো ॥ [বাউলি+মারা]।

বাংলায় কওয়া=[খু]—ক্রি. সহজ করিয়া বলা ॥ বাপু কি কও বুঝি না, বাংলায় কও। [<বাংলা (ভাষায়) কহা ; বাগ্ধারা]।

বাঁআল্=[চট্ট]—বিণ. বাঙ্গাল, মূর্খ ॥ বাঁআল মরে ফেরে, গরু মরে গেরে। [<বাঙ্গাল ; অর্থ প্র.]।

বাঁআল্ কুম্বানি=[চট্ট]--বি. বেঙ্গল কোম্পানী, Bengal Company ॥ হিতারা বেআক্ বাঁআল্ কুম্বানিত্ কাম্ গরে।

বাঁই=[নো]—ক্রি. বিণ. বাকি ॥ বাঁই ব্যাচ'। কেনা হরি না। [<বাহি< বাকী باقی আং]।

বাঁইরা=[চট্ট]—বি. বাহু ॥ [<বাহু +রা ; পাঁজরা (পিঞ্জর)এর সাদৃশ্যে]।

বাঁইর্, বাঁইর্=[নো]—ক্রি. বিণ. সন্দেহ ॥ [<ভার ভার]।

বাঁউক্=[চট্ট]—বি. ভার বহিবার শক্ত বাঁশের দণ্ড, বাঁক ॥ বাঁউক্দি দুই লাই ধান্ বৈচে'। [<বাঁহুক ম. বাং]।

বাঁউক্কান্=[চট্ট]—বি. বাঁক খানা ॥ ই গাংগর্ বাঁউক্কান্ ঘুইত্তে বৌত্ শময় লাগি গেল্। [<বাঁক (<বঙ্ক সং)+খান]।

বাঁওয়াল্=[রা]—বি. দড়ি কাটার যন্ত্র ॥

বাঁকড়্=[রা, দি]—বি. ধান ভানার প্রথম স্তর ॥ এ্যাক্ বাঁকড়ের্ চাউল্ খাওয়া জায় না।

বাঁকর্=[রা]—বি. শাস্তি, গালি দেওয়া ॥ কাজ্ না করে শুধু বাঁকর্ খা। [দেখ বাঁকড়্ ; অর্থ প্র.]।

বাঁকা=[চট্ট]—বি. নৌকার নীচের কাঠ ॥ [<বাঁক (<বঙ্ক সং)+আ প্র]।

২=[রা]—ক্রি. মোরগ ইত্যাদির ডাকা ॥ শল্কা খাওয়া না হতেই মোরগ্ বাঁকুল। [দেখ বাং₂]।

বাঁকি=[চট্ট]—বি. ফুটি, ফল বিশেষ ॥ যেট্ আশার্ মাশত্ বাঁকি নামে। [দেখ বাংগি]।

বাঁকোর্ দেওয়া=[রা]—ক্রি. শাস্তি দেওয়া, ঢেঁকিতে পাড় দেওয়া ॥ শক্ত বাঁকোর্ না দিলে ঠিকত্ আশ্বো না। [দেখ বাঁকর্+দেওয়া]।

বাঁখা=[চট্ট]—বিণ. বাহাদুর ॥ ইবে বড় বাঁখা। [<বাগা<বাগী باغی আং =বিদ্রোহী ; দেখ বাঁখাঅতি]।

২=[চট্ট]— বি. এক জাতীয় সর্প ॥ বাঁখা শাপর্ বৌত্ গোশ্শা।

বাঁখাঅতি=[চট্ট]—বি. বাহাদুরী মাইয়া ইবার্ বাঁখাঅতি শয্য ন অয়্। [<বগাৱত بغاوت আং+ই প্র.]।

বাঁখান্=[দি]—বি. খামার ॥ [< বাথান ; অর্থ প্র. কিংবা<বাখল হিং ; অর্থ প্র.]।

বাঁগ্=[চট্ট]—বি. মোরগের ডাক ॥ কুক্রা বাঁগ্ দিলে বেইন্যা ঘুমের্তন্ উডি। [দেখ বাং₂]।

বাঁচ্'ড়া=[য]—বি. পতিত জমি, গোচারণ ভূমি ॥ [<বাঁঝা(<বন্ধ্যা সং)+ড়া প্র..]।

বাঁটি=[কু]—বি. গাছ বিশেষ ॥

বাঁটুল্=[ব, রা]—বি. হাড়ের তৈরী দড়ির বাণ্ডিল ॥ বাঁটুলে দড়ি থাক্লে দড়িতে গিট্ পড়ে না। [<বাঁট(< বন্ট সং)+উল প্র.]।

বাঁডালা=[চট্ট]—বি. এক প্রকার গাছ ॥ বাঁডালা গাসে কাঁডা নাই। [<বেড়েলা ; সাধু]।

বাঁডুয়া=[চট্ট]—বি. বণ্টন ॥ বাঁডুয়া করি কাযিয়া মিটাও। [<বাঁটরা <বাঁটোয়ারা<√বণ্ট সং]।

বাঁড়া=[ব, রা]—বি. পুং লিঙ্গ ॥ [< বাণ্ড প্রা. বাং]।

বাড়্রা=[নো]—বিণ. বেঁটে, ক্ষুদ্র ॥ [<বাঁট (<বন্ঠ সং)+উয়া প্র.]।

বাঁড়ুল্=[রা]—বি. ঘুর্ণিবায়ু ॥ বাঁড়ুলে আমার্ ঘর্ উড়াই নিয়া গেছে।

বাঁত্=[ব, রা]—বি. বমন ॥ [দেখ বাইট্ করা]।

বাঁদানো=[চট্ট]—ক্রি. পশুর অণ্ডকোষ ফেলিয়া দিয়া খাসী করানো। [< বাঁধানো <বন্ধ্য সং]।

বাঁদ্‌ত্‌=[চট্ট]—বিণ. বাঁদীর পুত্র, (গালি অর্থে) ॥ বাঁদুত্‌! এডে আইস্‌সদ্‌ কিল্‌লাই ? [<বাঁদী +পুত(<পুত্র সং)]।

বাঁদের্‌টোলা=[খু]—বি. বেদের আড্ডা ॥ বাঁদের্‌টোলায়্‌ যাও কেন্‌ ? [<বাদিয়া + র সম্বন্ধে + টোলা (পাড়া)]।

বাঁধা=[রা]—বি. ধানের নাম।

বাঁন্‌দাল্‌=[খু]—বি. বিলের কোনাচ জমির আইলের সরু বাঁধ ॥ বাঁন্‌দাল্‌টা ঠিক্‌ করি বাঁধ্‌তে হবে। [<বাঁধ+ আল প্র.]।

বাঁফা=[চট্ট]—বি. নৌকার নীচের বাঁকা কাঠ ॥ [দেখ বাঁকা]।

বাঁম্‌=[রা]—বি. মাছ বিশেষ ॥ [<বাইম(<বর্মি)]।

বাঁশা=[ব]—বি. বাঁশের পরিমাণ বিশেষ ॥

২ =[রা]—বি. বাঁশের চোংগা ॥ বাঁশা ভৈর্‌যা ত্যাল্‌ নে। [<বাঁশ+ আ প্র.]।

বাঁশি=[রা]—বি. পায়ের গোড়ালি ॥ হ্যাঁরে বাঁশিতে তোর্‌ কি ঐছে ? [< বাঁশী< বংশী ; বাঁশীর নলের ন্যায় বলিয়া]।

২ =[ব]—বি. আমন ধান বিশেষ ॥

বাঁশে যাওয়া=[রা]—ক্রি. অবশ বা অসাড় হওয়া ॥ মরে একেবারে বাঁশে গেছে। [=বাঁশের খাটিয়ায় যাওয়া ; বাগ্‌ ধারা]।

বাঁশের্‌ হোল্‌=[নো]—বি. বাঁশের অঙ্কুর ॥ [<বাঁশের মূল/ফুল]।

বাঁশেল্‌—[য]—বি. যে বাঁশী বাজায় ॥ তোমাদের্‌ দলের্‌ বাঁশেল্‌ কে ? [< বাঁশী+আল প্র.]।

বাঁশৈ=[খু, ব]—বি. মই ॥ খ্যাতে বাঁশৈ দিয়া ঢেলা ভাংতে হবি। [< বাঁশ+ই প্র.]।

বাঁশ্‌কাইট্‌টা=[চট্ট]—বি. চ্যাপ্টা, সাদা একজাতীয় মাছ ॥ বাযার্‌ত বাশ্‌ কাইট্‌টা আন্‌সনি ? [<বাঁশ+কাঠি +আ প্র.]।

বাঁশ্‌গাড়ি=[ব]—বি. দখল ॥ যমি বাঁশ্‌গাড়ি ঐয়া গেসে। [<বাঁশ+ গাড়া+ই প্র. ; অর্থ প্র.]।

বাঁশ্‌জাল্‌=[রা]—বি. বাঁশ দিয়া ফেলার বড় জাল বিশেষ ॥

বাঁশ্‌ডলা=[নো]—বি. শাস্তি বিশেষ ॥ [<(বুকে) বাঁশ (দিয়া) ডলা]।

বাঁশ্‌নি=[রা]—বি. বাঁশের শ্রেণী বিশেষ।

বাঁশ্‌পাতারি=[রা]-বি. মাছ বিশেষ ॥ [<বাঁশ+পত্র+ই]।

২=[রা]—বি. বাঁশের পাতার মত সর্প বিশেষ ॥ [পূর্বে দেখ]।

বাঁশ্‌ মর্‌দো=[ব]—বি. ভেষজ গাছ বিশেষ ॥

বাঁহ্‌ক্‌=[রা]—বি. বাঁক, ভারবহনোপযোগী বংশ দণ্ড ॥ [দেখ বাঁউক্‌]

বাকর্‌=[বা]—বি. পুনরায় ভানা ॥ ই চাঁউল্‌ বাকর্‌ দ্যাও। [দেখ বাঁকড়্‌]।

বাকা=[কুম]—বি. খুসকী ॥ তার্‌ গায়্‌ বাকা ঐসে।

২ =[রং]—বিণ. উৎকৃষ্ট ॥ বাকা ছেরির্‌ কাম্‌ও বাকা। [<বাঁকা]।

৩=[ফ, পা]—বি. নৌকার পাশের তক্তাকে আটক রাখার জন্য ব্যবহৃত নৌকার ভিতরের লম্বা চিক্কন কাঠ বিশেষ ॥ [দেখ বাঁকা]।

৪=[পা]—বি. কলুর ঘানি গাছ, খুঁড়িবার অস্ত্র বিশেষ ॥

বাকানায়্‌=[য]—বি. ওলকচু ॥ [দেখ বাক্‌$_2$+আনাজ হিং]।

বাকামারি=[ম]—বিণ. চমৎকার ॥ হে এ্যাক্‌টা বাকামারি মানুশ্‌। [দেখ বাকা$_2$+মরি ; তুং আহামরি]।

বাকামি=[কুম]—বি. বাহাদুরি ॥ [<বাঁক্‌+আমি প্র.]।

বাকারি=[খু]—বি. চুন ॥ বাকারি না থাকায়্‌ পান্‌ খাওয়া হল না।

ভাকুনদা=[রা]—বিণ. মুর্খ (স্বামীকেও বলা হয়) ।। ভাকুনদা ছেঁড়াটাক্ মারো।

ভাকুর ভুকুর=[রা]—বিণ. বিশৃঙ্খল, এলোমেলো ।। তেল্ অভাবে চুল্ ভাকুর ভুকুর্ কর্‌চে। [অনু.]

ভাক=[রা]—বি. আহ্লাদ ।।

ভাককা=[রা]—বি. ভান ।।
২=[দি]—বি. চাউলের গুঁড়িতে প্রস্তুত পিঠা ।।

ভাককুড়=[রা]—বিণ. প্রায় অনাবৃত।। শিতের্ রাতে ভাক্‌কুড় হয়ে থাকা জায় না।

ভাককুয়াব্যাং=[চট্ট]—বি. পানির বড় ব্যাং।। ভাক্‌কুয়া ব্যাংগে কুরার্ গিল্‌ত পারে। [<ভাক্‌কু (ধ্বন্যা.) +আ প্র.+ব্যাং]।

ভাখনা=[রা]—বিণ. প্রকাণ্ড, বড় ।। ভাখ্‌না মোরগ্।

ভাগা=[রা]—বি. আটার তৈয়ারী খাদ্য বস্তু ।। ভাগা খাইলে খুধা হয় না।

ভাগারু=[ব]—বি. ভাগী, অংশীদার ।। [<ভাগ+আরু প্র.]।

ভাগুড়া=[রা]—বিণ. ছত্রভংগ ।। শালারা শব্ ভাগুড়া হল। [<ভাগ্(<ভাগা; তুং ভাগনা হিং)+উড়া প্র.]।

ভাগুনি=[রং]—বি. চাতুরী, ছলনা ।। [দেখ ভাংগানি দেওয়া]।

ভাগনা=[চট্ট]—বি. রাস্তার নীচু ভাংগা স্থান।। [দেখ ভাংগা]।

ভাগভিতা=[ব]—বি. ভাগ বাঁটোয়ারা। [<ভাগ+ভিতা (<ভিন্ন)]।

ভাজা=[রা]—ক্রি. বিণ. দগ্ধ করিয়া, অত্যাচার করিয়া।। তোক্ ভাজা ছাড়িম্। [ভাজিয়া]।

ভাযন=[য]—বিণ. পরিণতবয়স্ক।। [<ভাজা]

ভামা=[খু]—বি. খই।। [<ভাজা; অর্থ প্র.]।

ভাযাকাটা=[খু]—বি. আপদবিপদ।। [দেখ ভযোকটো]।

ভাযি=[চট্ট]—বি. বড় ভাই-এর স্ত্রী।। আঁয়ার্ ভাযি বড় বালা। [দেখ ভাইজ্]।

ভাটিগা=[খু]—বি. উজানের বিপরীত, ভঁটির দিক।। [<ভাটি+গা]।

ভাটিপূযা=[খু]—বি. হিন্দু মেয়েদের মাঘমাসের ব্রত, কুমারী কন্যাদের স্বামী লাভের ব্রত বিশেষ।। [<ভাটি+পূজা]।

ভাটিবেলা=[দি, রা]—বিণ. বৈকাল বেলা।। ভাটি বেলা বেড়াতে জাবু। [ভাটি+বেলা]।

ভাটিলা=[রং]—বি. বৈকাল।। [দেখ ভাটিবেলা]।

ভাটিয়া=[রং]—বি. ভাটির লোক (উত্তর বঙ্গের লোকেরা দক্ষিণ বঙ্গের লোককে ভাটিয়া বলে)।। [<ভাটি+আ প্র.]।

ভাটুবেলা=[রা]—বি. বৈকাল বেলা।। ভাটুবেলা আমাদের বাড়িত্ আইশ। [দেখ ভাটিবেলা]।

ভাটে=[য]—বি. বেঁটে, খাটোলোক।। [<বেঁটে (<বণ্ট সং)]।

ভাটো=[রা]—বিণ. অনুকূল।। ভাটো দিকে নৌকা চালাতে অশুবিধা হয় না। [<ভাটি+অ প্র.]।

ভাটকা=[রা]—ক্রি. বিণ. কদাচিৎ।। ভুলা ভাট্‌কা আমি মেলায় জাই। [<ভট্‌কা হিং]।

ভাডা=[ব]—ক্রি. বিণ. ভাটি।।

ভাডাইয়া=[চট্ট]—বিণ. সুঁচালো।।

ভাডি=[য]—বি. নিজের ছোট ভাই।। [<ভাই+টি]।

ভাডুয়া=[চট্ট]—বিণ. ক্রীত দাস। হেয়্‌নি তরার্ ভাডুয়া গোলাম? [দেখ ভাঁড়ুয়া]।

ভাড়রু=[রং]—বিণ. পরাজিত।।

ভাড়া=[রং]—বি. পাত্র।। ত্যালের্ ভাড়া। [<ভাঁড়(<ভাণ্ড সং)+আ]।
২=[রা]—বি. উৎপত্তি।।

ভাড়ানি=[খু]—বি. পরের বাড়ীতে ধান ভানার কাজ করে এমন মেয়েলোক। [<ভাড়া (<ভানা) +নি প্র.]।

ভাড়ো=[য]—বি. ধামাধরা লোক, ভাঁড়।। ভাড়ো কি না তাই বড়লোকের্ কথায় ওঠে বশে। [<ভাঁড়(<ভাণ্ড সং)+ও প্র.]।

ভাতা=[রা]—বিণ. ভেতো, অকর্মণ্য।। [<ভাত+আ প্র.]।

ভাতাড়ি=[য]—বি. ভাতের সহিত সিদ্ধ করা মাছ বা তরকারি।। ইলিশ্ মাছের্ ভাতাড়ি। [<ভাত+আড়ি প্র.]।

ভাতামি=[খু]—বি. শয়তানী।। তোমার্ এ্যাত ভাতামি ক্যান্? [<ভাউতামি<ভাঁউতা হিং+মি প্র.]।

ভাতি=[চট্ট]—বি. হাপর, বাঁশের তৈরী মাছ ধরার বৃহৎ ফাঁদ।। [<ভাঁটি(<ভটি হিং]।
২=[য]—বিণ. ধনী।। ভাতি লোক্‌টা বড় কিপ্‌পন্। [<ভাত+ই প্র.]।
৩=[রা]—বি. নালা।। ভাতি দিয়ে জল্ আনো।
৪=[খু]—বি. পেয়াজের চারা।। ভাতি পেয়াজ্ রুয়ে ফেল্ শব্।

ভাতুন=[ব]-বি. পান্তার অবশিষ্টাংশ।। [দেখ ভাইতন্]।

ভাতুয়া=[রং]-বিণ. অপরের অন্ন পুষ্ট।। [<ভাত+উয়া প্র.]।

ভাতুরে=[খু]—বিণ. অকর্মণ্য।। তোমার্ মত ভাতুরে ছেলে দিয়ে কাম্ হবে না। [<ভাত+উরে প্র.]।

ভাতোটাকি=[য]—বি. মাছ বিশেষ।।

ভাতোমাস=[য]—বি. যে মাছ ভাতের মত নরম।। ভাতোমাস্ খেতে ভালো না। [<ভাত+ও প্র.+মাছ]।

ভাত্গড়া=[রা]—বি. ভাত খাওয়ার পরে বিশ্রাম ॥ ভাত্গড়া না দিলে ভাল লাগে না। [<ভাত+গড়ান]।

ভাত্চেকশা=[রা]—বিণ. অকর্মা ॥

ভাত্তুয়া=[ব]—বি. ভেতো, ভাত-খাওয়ায় পটু ॥ ভাত্তুয়া পোলটার্ অসুখ্ সারে না। [দেখ ভাতুয়া]।

ভাত্তুয়ামনা=[চট্ট]—বি. শালিক ॥ ভাত্তুয়া মনায় ও খায়্ না। [দেখ ভাত্তুয়া+মরনা]।

ভাত্রা=[রা]—বিণ. বোকা ॥ ভাত্রা লোক্ কি এ কাম্ কর্তে পারে ? [দেখ ভাতুর]।

ভাথুয়া=[রা]—বিণ. অকর্মা ॥ তোমার্ মত ভাথুয়া দিয়া কাজ্ হবে না। [দেখ ভাতুয়া]।

ভাদঅ=[চট্ট]—বি. ভাদ্র ॥ ভাদঅ মাশত্ তাল্ পাহে। [ভাদর<ভাদ্র]।

ভাদাই=[রা]—বি. ধান ক্ষেতের আগাছা ॥

২=[রং]—বি. আউশ ধান বিশেষ ॥ এবার্ ভাদাই ধান্ ভাল হয়্ নাইক্যা।

ভাদাইম্মা=[চট্ট]-বিণ. দেউলিয়া ॥ তোর্ মত ভাদাইম্মা আর্ ন দেহি।

ভাদামি=[য, চট্ট]-বিণ. কাণ্ডজ্ঞানহীন ॥ বৌড়া একেবারে ভাদামি। [<ভদ্দা হিং+আমি প্র.]।

ভাদামে—[পা, য]—বিণ. অকেজো, ভবঘুরে ॥ ভাদামেপনা করিশ্ না। [দেখ ভাদামি]।

ভাদাম্ দেওয়া=[খু]—ক্রি. উদাসীন ভাবে বেড়ানো ॥ [<বাদাম (<বাদ্বান ফা.)+দেওয়া]।

ভাদুর্ভুদুর্=[রং]—বি. গুপ্ত মন্ত্রণা ॥ পত্তি দিন্ বৌগুলার্ শাথে কিয়ের্ ভাদুর্ ভুদুর্ করশ্ বাহে ? [অনু.]।

ভাদ্দুলিয়া=[রং]—বি. এক প্রকার ঘাস (ধানের জমিতে জন্মায়) ॥

ভাদের্ বৌ=[খু]—বি. বেটার বৌ ॥ [<ভাত্ বধূ]।

ভাদৈ=[রা]—বি. এক শ্রেণীর ধান ॥ [<ভাদ <ভাদ্র+অই প্র.; ভাদ্রমাসে উৎপন্ন হয় বলিয়া]।

ভাদরোত্=[চট্ট]—বি. দুর্ভিক্ষ ॥ [< ভাত+এর (সম্বন্ধে)+কহত্ قحط আং]।

ভাদ্লা=[খ]—বি. একপ্রকার ঘাস ॥ জমিতে যা ভাদ্লা হোয়েসে এবার ! [<(গন্ধ+) ভাদাল<গন্ধভদ্র সং]।

ভাদ্লা কামড়ানো=[খু]—বিণ. অকর্মকারী ॥ এমন্ ভাদ্লা কামড়ানো লোক্ আর্ দেখি না। [দেখ ভাদ্লা ব্যথা+কামড়+আনো প্র.]।

ভাদ্লা ব্যাথা=[য]—বি. প্রসবান্তে এক প্রকার ব্যথা ॥

ভানাচি=[খু, চট্ট]—বি. ফাজলামি ॥ এ্যাত ভানাচি কেন্ তোর্ (খু) ? [দেখ ভন্তে]।

ভানা দেওয়া=[রং]—ক্রি. প্রস্তুত করা, সাজানো ॥ খাইবার্ বাশন্ ভানা দাও।

ভানাভানি=[খু]—বি. আলোচনা ॥ কয়্টা মেয়ে এ্যাক্ যায়্গায় হোলেই ভানাভানি শুরু হয়্। [ধান ভানা হইতে; বাগ্‌ধারা ; দেখ ভানুকুটা]।

ভানাসি=[খু]—বি. হেয়ালি ॥ যাসে শব্ খালি ভানাসি করে। [দেখ ভানাচি]।

ভানি=[রা]—বি. বৌদিদি, ভাবী ॥ ভানিগো, ভাই কুটে গেছে ? [<ভাই +নি প্র.]

ভান্=[চট্ট]—বি. বোন ॥ [<বহিন (<ভগিনী সং)]।

ভান্কুটা=[খু]—বি. আলোচনা ॥ মেয়েরা বশি ভান্কুটা কর্সে। [ধানের ভানাকুটা হইতে ; বাগ্‌ধারা]।

ভান্চি=[য]—বি. ভংগি, কায়দা ॥ কত ভান্চি দেখাও গো ? [<ভেংচি]।

ভান্জাল্=[রা]—বিণ. মিশ্রিত ॥ [<ভেজাল]।

ভান্জি=[রা]—বি. কানভাংগানী, ভাংচি, কুমন্ত্রণা ॥ [<√ভনজ্+ই প্র.]।

ভান্ডামি=[রং]—বি. ছলচাতুরী ॥ [<ভণ্ড সং+আমি প্র.]।

ভান্ডি=[য]—বিণ. বাঁকা ॥

ভান্নিয়া=[খু]—চং. তাগাগা ॥ [< ভাগ্নিয়া]।

ভান্মতে=[রং]—ক্রি. বিণ. ভালো মতে ॥ তাক্ ভান্মতে শাজা দ্যাও। [<ভাল+মত+এ (বিভক্তি)]।

ভান্শাঘর্=[রা]—বি. রান্না ঘর ॥ ভান্শা ঘরে খাইতে জায়্।

ভাপা=[রা]--ক্রি. বি. সিদ্ধ করা ॥ ধান ভাপা দিয়ে লও। [<ভাঁপ (<বাষ্প সং)+আ প্র. ; নামধাতু]।

ভাপ্শি=[য]—বি. খুব গরম আব-হাওয়া ॥ এ্যাত ভাপ্শিতে ক্যেম্নে বাঁরতে যাই। [দেখ ভাপা ; ভাপ+শি প্র.]।

ভাবুনি=[খু]—বি. পরিপাটি অবস্থায় অযথা সময় কাটানো ॥ মেয়েটার্ ভাবুনি কত। [<বাবু+আনি প্র.]।

ভাবৈট্=[রা]—বি. ফন্দি ॥ তোর্ ভাবৈট্ খাট্‌বেক্ না।

ভাব্=[রা]—বি. পছন্দ ॥ এ মেয়েটার্ ভাব্ ভালো না। [অর্থ প্র.]।

ভাব্চি=[চট্ট]—বি. দেমাক, গর্ব ॥

ভাব্জড়িহ্=[র]—বি. ভয়। ভাব্জড়িহ্ করিশ্ না।

ভাব্নি=[রং]—বি. এক জাতীয় ধান ॥

ভাব্মত=[রা]—ক্রি. বিণ. ঠিকমত ॥ [<ভাব+মত]।

ভামুট্=[ব]—বি. এক প্রকার গাছ ॥

ভামোর্=[য]—বিণ. বাঁকা ॥ দেওয়াল্টা ভামোর্ হয়েসে।

ভাম্=[য]—বি. বুনো জন্তু বিশেষ ॥

ভায়ানি=[ব]—বিণ. ফাজিল, ভবঘুরে, ছন্নছাড়া ॥ তোর্ মত ভায়ানি আর্ আমি দেখিনি। [দেখ ভাবুনি]।

ভায়েরা=[খু]—বি. স্ত্রীর ভগ্নীপতি ॥ [<ভায়রা <ভাই+রা প্র]।

ভায়্=[রং]—ক্রি. বিণ. সমেত ॥ ছোয়া পোয়া ভায় চলে গেছে। [< ভাব+এ কিংবা সাথ<সা' ساتھ আং]।

ভায়্দো=[খু]—বি. ভাইদাদু, দাদু ॥ [<ভাই+দাদা]।

ভায়্ ভায়্=[রং]-ক্রি. বিণ. যথারীতি ॥ ভায়্ ভায়্ শব্ কথা কচে। [<ভাবে+ভাবে]।

ভারা=[রং]—বি. টাল, বাহানা ॥ [<ভাঁড় (<ভণ্ড সং)+আ প্র.]।

২=[রং]-বি. বসিবার কাঠের আসন ॥ ভারাটা আনেক বশি। [<ভার+আ প্র.]।

৩=[খু]—বি. পাথর বা ভারী বস্তু ॥ ঘানিতে ভারা কম্ হলো। [<ভার+আ প্র.]।

ভারালু=[চট্ট]—বি. নাড়ীভুঁড়ি ॥ লাডি দি ভারালু ফাডি ফেলাইয়াম্।

ভারাশে=[য]—বিণ. অসময়ে উৎপন্ন ॥ ভারাশে কাঠাল্ খাতি ভাল লাগে। [<বারমাসে<বার+মাস+এ প্র.]।

ভারি=[খু]—ক্রি. বিণ. বাহিরে ॥ [<বারি<বাহির+এ (বিভক্তি)]।

ভারিন্=[রা]--বি. পাকঘর, রান্নাঘর ॥

ভারিবা=[চট্ট]—বি. ভারবহনকারী লোকটি ॥ ভারিবা বড় বোঝা নৈতে পারে। (<ভার+ই প্র.+বা<বাহ্]।

ভারুই=[ব]—বি. ক্ষুদ্র পাখী ॥ 'এ্যাক্-ভারুই যবা কৈরা মক্কাত্ দিসে খবর্।'

ভারুয়া=[ব]--বিণ. পরদার গমনকারী, লম্পট ॥ [দেখ ভাঁড়ুয়া]।

২=[রং]—বিণ. ভার বহনকারী ॥ [<ভার+উয়া প্র.]।

ভার্=[রা]—বি. বাঁক ॥ [অথ প্র.]।

ভার্কা=[রং]—বি. বাঁশের ঝাঁকা বা চাংগারী ॥ ভার্কাডা আন্ বাজারে জাই। [<ভার+কা]।

ভার্গা=[চট্ট]—বিণ. স্ত্রীর অনুগত ॥ হেতান্ বৌর্ ভার্গা। [ভেড়ুয়া <ভেড়া+উয়া প্র. ; দেখ ভাওড়্যা]।

ভার্গি=[ব]—বি. গাছ বিশেষ ॥

ভার্গুয়া=[চট্ট]—বি. ভার বহিবার দণ্ড, বাঁক ॥ [দেখ ভারুয়া২]।

ভার্জের্=[রা]—বি. লাঙ্গলে কর্ষিত জমির দাগ ॥

ভার্ঢুক্শি=[রা]—বিণ. স্থূলাঙ্গ, শক্তিহীন ॥ ভারচুক্শিটা এ্যাত খায়্ তাও বল্ পায়্ না।

ভার্তি=[খু]—বিণ. জ্ঞানী, বয়স্ক ॥ ভার্তি লোক। [<ভার+তি প্র.]।

২ =[রা]—বি. আমের শ্রেণীবিশেষ ॥

ভার্ভারাটি=[রং]—বি. সওগাত, উপঢৌকন ॥ [<ভার+ভার+আ +টি]।

ভার্ভোর্=[য]--বি. ভরসা ॥ অমূল্য বাবুর্ ভার্ভোর্ দশ্বিঘা যমি। [<ভার +ভোর (অনু:)]।

ভালয়্শুলয়্=[দি]—ক্রি. বিণ. সুস্থ শরীরে ॥ ঐ ভালয়্ শুলয়্ ফিরে আইছে। [<ভাল+য় (বিভক্তি)+ শুলয় (অনু:)]।

ভালা=[রা]—অব্য. কি না ॥ তোমার্ বাপ্ আশ্ল ভালা ?

ভালাল্লাই=[চট্ট]—ক্রি. বিণ. ভালর জন্য ॥ অাঁই তোয়ারে ভালাল্ লাই কৈসিলাম্। [<ভালর লাগিয়া]।

ভালুংভাশুং=[রা]—বিণ. এলো-মেলো ॥ বৈগুলি ভালুংভাশুং কেন্। [অনু]।

ভালুকা=[রং]—বি. এক প্রকার লম্বা বাঁশ ॥

ভালুক্ বছর্=[চট্ট]—বিণ. অনেক বৎসর ॥ ভালুক্ বছর্ আগের্ কথা।

ভাল্=[য]—বি. কায়দা ॥ সেলেটার্ কাযে ভাল্ আসে।

২=[রা]—বি. নিগূঢ় তত্ত্ব ॥ আমার্ ব্যাব্শার্ ভাল্ তোক্ কমু কেন্ ?

ভাল্কান্=[দি]—ক্রি. বি. ফাজলামি করা ॥ বুড়া লোকের্ শাথে ভালকান্ করো না বাহে। [<ভেলকি+আন্ ; তুং ভেঙ্কোনো]।

ভাল্তৈল্=[য]—বি. সরিষার তৈল ॥ [<ভাল+তৈল ; অর্থ প্র.]।

ভাল্না=[রং]—বি. কলাগাছের মধ্যের শাঁস ॥ ভাল্না দিয়ে লাব্ড়া তর্কারি হয়্।

ভাল্ভাশ্শি=[য]—অব্য. বিস্ময় সূচক শব্দ ॥

ভাল্মন্ শ্যাত্=[ব]—বি. নূতন অতিথির সম্মানসূচক উপহার ॥ [< [<ভাল+মানুষ+আত প্র.]।

ভাল্মান্শি=[রা]—বি. সম্মান ॥ [<ভাল+মানুষ+ই প্র.]।

ভাল্লুকি যর্=[চট্ট]—বিণ. ভীষণ জ্বর ॥ [<ভল্লুক+ই প্র.+জ্বর]।

ভাল্লুক্ যর্=[খু]—বিণ. যে জ্বর একটু পরেই সারিয়া যায়্। [দেখ ভাল্লুকি যর্]।

ভাল্শাপ্লা=[রা]-বিণ. মেনিমুখো ॥

ভাশাল্=[য]—বি. মাছ ধরার বড় জাল বিশেষ ॥

ভাশ্=[রং]—বি. পোনা মাছের ঝাঁক ॥

ভাশ্নাই প্যার্ প্যারান্=[য]—ক্রি. বি. ফরফরানো, আবল তাবল বকা ॥

ভাশ্শে=[চট্ট]—বি. আক্কেল ॥ ভাশ্শ সাড়া গজর্।

ভাশ্শা=[রং]—বি. ঠিকানা ॥ জারুয়াদের্ জন্মের্ ভাশ্শা নাই।

ভাশ্শি=[ব]—বি. পদ্ধতি, প্রণালী ॥ তার্ কামের্ কোনু ভাশ্শি নাই।

ডি

ডিউ=[ব]—বি. জমির পরিমাপ বিশেষ ॥ কয়্ ডিউ যামি আসে ? [<বিঘা]।

ডিংগর্=[দি, রা]—বি. ঘন ॥ বাশ্টায়্ কাচা থাক্তেই ডিংগর্ ধর্ছে।

ডিংগার্=[রা]—বিণ. খুব দুর্বল। [<ডাঙ্গর]।

ডি'=[ব]—বি. মাটি ॥ ডিঁতে নাবি দিয়ে ফালালি ? [<ভুঁই (<ভুমি)]।

ভিঁকাচুদ্দু=[রা]—বিণ. বেয়াকুব, বোকা ॥ শেশ্ দিয়ে আমাক্ ভিঁকাচুদু বানালে। [<ভেকা (হতবুদ্ধি)+চুদ্ (অশ্লীল)+উ প্র.]।

ভিঁখোর্=[ব]—বি. ফাঁক, গর্ত ॥ [<ভুঁইখোঁড়]।

ভিক্শো=[ব]—বি. ভুমিকম্প ॥ ভিক্শোত্ অনেক্ খতি অয়্।

ভিজারি=[রা]—বি. কৃত্রিম পোশাক ॥ বাপের্ বাড়ির্ ভিজারিডা পিন্দেছে।

ভিযাগা=[ব]—ক্রি. বিণ. (পাতা পড়ার জন্য পাট) স্তুপীকৃত ॥ পাট্ কাটার্ পর্ শাতদিন ভিযাগা দিওন্ লাগে।

ভিটা=[রা]—বি. কাঠের বড় টুকরা ॥

ভিট্কি করা=[ব]—ক্রি. বিণ. ঠাট্টা করা ॥ তোর্ ভিট্কি করা নানায়্ না।

ভিট্কুলি=[খু]—বি. ভান ॥ ভিট্কুলি করো না। [দেখ ভিট্কেল্]।

ভিট্কেল্=[য]—বিণ. ধড়িবাজ ॥ শে এ্যাক্টা ভিট্কেল্ লোক্। [< বিটকেল]।

ভিডা=[চট্ট]—বি ভিটা ॥ বাপর্ ভিডা সারি কৈ যায়্? [<ভিটা (<ভিত্তি)]।

ভিড়া=[রা]—বি. আঁটি ॥ দশ্ ভিড়া পাট্। [<বিড়া (<বিটিকা)]।

ভিতদ্দি=[চট্ট]—ক্রি. বিণ. ভিতরের দিকে ॥ [<ভিতর+দিক]।

ভিতি=[রং, দি]—বি. দিকে ॥ বাড়ির ভিতি চলেক্। [<ভিত=দিক্+ই (বিভক্তি)]।

ভিত্রা=[রং]—অব্য. ভিতরে, অভ্যন্তরে ॥ বাশ্কোর্ ভিত্রাই ট্যাকা থুচু। [<ভিতর+আ (বিভক্তি)]।

ভিদাবিদি=[ব]—ক্রি. বিণ. এদিক্ ওদিক, চারিপার্শ্ব ॥ ভিদাবিদি দেইখ্যা লও। [অনু.]।

ভিদ্ভিদা=[রা]—বিণ. স্যাঁতসেঁতে ॥ ভিদ্ভিদা ঘর্।

ভিন্কি=[রা]—বিণ. লোভী ॥ তোমার্ মত ভিন্কি মেয়ে আর্ কোথাও দেখি নো।

ভিন্ক্যা=[রা]—বিণ. প্রয়োজনের বেশী খাওয়া বা পরার জন্য যে লালায়িত ॥ হাজার্ খালেও পরের্ খাবার্ দেখ্লে ভিনক্যাদর্ জিবা থাকি পানি পড়ে।

ভিন্গোল্=[চট্ট]—বিণ. ভিন্নগ্রাম ॥ [<ভিন্ন+গোলা]।

ভিন্ভিন্ করা=[রা]—ক্রি. খাইবার বা পরিবার জিনিস দেখিয়া পাওয়ার লোভ করা ॥ [<ভিন্ভিন্ (অনু.)+করা]।

ভিম্রায্=[ব]—বি. একপ্রকার গাছ ॥ [ভৃঙ্গরাজ]।

ভিম্রি=[খু)—ক্রি. বিণ. অচৈতন্য ॥ শাতদিন্ না খেয়ে বেটার্ ভিম্রি লেগে গেসে। [<ভিরমি (<ভূমি সং) ; বর্ণ বিপর্যয়]।

ভিরা=[রা]—বি. জলীয় লম্বা ঘাস বিশেষ ॥

২=[রং]—বি. ছোটস্তূপ ॥ আইগ্নাতে ধানের ভিরা দিও না। [<বিড়া (<বিটিকা)]।

৩=[রা]—ক্রি. একত্রে থাকা ॥ [<ভিড়া]।

ভিলাকি=[য]—বি. আড্ডা ॥ কিশের্ ভিলাকি কররে ?

ভিল্কি=[চট্ট]—বি. ভেলকি ॥ হিতে আঁরে ভিল্কি দেখাইল্। [< ভেলকি]।

ভিল্বিল্=[খু]—ক্রি. বিণ. কিলবিল ॥ পানিতে মাছ ভিল্বিল্ করে। [অনু.]।

ভিল্ভিলান্=[চট্ট]—ক্রি. বি. এদিক সেদিক ছুটাছুটি করা। [<ভিল্ভিল (অনু.)+আন প্র.]।

ভিল্ভিলে=[রং]—বি. পাখী বিশেষ ॥

ভু

ভুই=[রা]—ক্রি. বিণ. ফাঁকি ॥ শে কেবল্ কাজে ভুই দ্যায়্। [<ভুয়া]।

ভুইচাঁল্=[চট্ট]—ক্রি, বিণ. একাকার ॥ ইতে কান্তে লৈলে একেবারে ভুইচাঁল্ করি ফেলায়্। [দেখ বুইচাঁল্ ; অর্থ প্র.]।

ভুইজ্=[রং]—বি. চাউল ভাজা ॥ এখানে ভুইজ্ খাইয়া জা পরে ভাত্ খাইছ্। [<ভুজি<ভাজি(<ভাজা)]।

ভুইট্টা বঅর্=[চট্ট]—বি. বনিয়া ॥ সালন ভুইট্টাবঅর্ দিলে হোয়াদ্ হয়্।

ভুইন্দা=[চট্ট]—বি. জুজু, দৈত্য ॥ পৈরত্ ভুইন্দা আসে ন যাইশ্। [<ভোঁদা]।

ভুইমালি=[রং]—বি. বাদক, ঝাড়ুদার ॥ অড়া ভুইমালির্ পো ক্যামন্ আসো ? [<ভুঁইমালি]।

ভুইশা=[ব, চট্ট]—বিণ. মোটা, স্থূলাকার ॥ [<ভুশা<ভুস (অনু.)+আ প্র]।

ভুংচাই=[চট্ট]—বি. তামাশা ॥ বুড়া নানান্ ভুংচাই দেহায়ের্। [<ভেংচি]।

ভুংতা=[চট্ট]—বি. উছিলা, ভাওতা, মিথ্যা আপত্তি ॥ [<ভাওতা]।

ভুঁইচ্কা ছোড়া=[রা]—বি. ছোট বালক ॥ ভুঁইচ্কা ছোড়ার্ শাহশ্ দেখে মুই অবাক্ হোলাম্। [তুং পুচকে ছোড়া]।

ভুঁইদরা=[খু]—বিণ. ধরাশায়ী ॥ এক্ ঘায়ে ভুঁইদরা হোলো। [<ভূমি+ধরা]।

ভুঁইশ=[রা]—বি. মহিষ ॥ ভুঁইশের্ মাংশে শরিল্ অয়্। [<ভঁইশ্ (<মহিষ) ; তুং ভৈঁস হিং]।

ভুঁকা=[রা]—ক্রি বিদ্ধ হওয়া ॥ ঘোঁড়ার পায়েও কাঁটা ভুঁকে। [< [<ভুঁকা হিং]।

ভুঁচা=[রা]—বি. পুরুষের লিঙ্গ ॥

ভুঁড়্=[রা]—ক্রি. বিণ. অতি ভোজনে তৃপ্ত ॥ বিয়েতে ভুঁড়্ হয়ে শকলে খালো। [<ভোর]।

২=[রা]—বি. ভেলা ॥

ভুঁতে মাস্=[য]—বি. ছোট বাইম জাতীয় মাছ বিশেষ ॥

ভুঁশ্=[দি]—বি. মহিষ ॥ [দেখ ভুইশ্]।

ভুকি=[য]—বিণ. লোভাতুর, প্রত্যাশী ॥ আমি কি তোর্ মালের্ ভুকি? [<ভূখ হিং+ই প্র.]।

ভুক্চি'=[য]—বি. ভয় প্রদর্শন ॥ সেলেটাক্ ভুকচি' দ্যাও ক্যান্? [তুং ভেংচি]।

ভুক্চি'ভাতা=[রা]—বি. বনভোজন, চড়ুইভাতি ॥ ছেলেরা পৌশ্মাশে ভুকচি'ভাতায় জায়।

ভুক্রা=[রা]—বি. বনভোজন ॥ ছেলেরা ভুক্রাতে গেছে।

ভুক্শা=[য]—বিণ. উপরে ভাল ভিতরে কাল ॥ তুই এ্যাক্টা ভুক্শা দেওয়ান্।

ভুক্শে উঠা=[রা]—ক্রি. নরম হওয়া ॥ ভাত্গুলোন্ ভুকশে উঠেছে।

ভুগর্দাল=[চট্ট]—বি. কলা গাছের ভিতরের নরম অংশ ॥

ভুগ্গুল্=[য]—বি. উঁকি ॥ ভুগুল্ দিশ্ ক্যান্?

ভুগ্লো=[ব]—বি. বড় ছিদ্র ॥ গরের্ বেড়াডায় ভুগুলা কর্সে কেডা?

ভুচংকারি=[রং]—ক্রি. বিণ. হঠাৎ ॥ ভুচংকারি কুটে তাকি আশ্লো। [<ভুচং (অনু.)+করিয়া]।

ভুচাভুচ্=[রা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ [অনু.]।

ভুচুক্=[রা]—ক্রি. বিণ. জলদি ॥ দেরি করিশ্ না ভুচুক্ করে আয়্। [অন.]।

ভুচ্=[রা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ ভুচ্ করি চলে এশ। [অনু.]।

ভুচ্কি=[রা]—বি. ছোট ॥ বাছুরটা একেবারেই ভুচ্কি।

ভুচ্'ড়া=[খু]—বি. কাঁঠালের খোসা ॥ [<ভুতু (<বুন্ত সং)+ড়া]।

ভুজন্ কর্পূর=[রা]—বি. এক প্রকার ধানের নাম ॥ [ভোজন কর্পূর]।

ভুজা=[রা]—বি. সকালের গ্রাম্য নাশতা ॥ পাতাড়ের্ ভুজা দিবি না?

ভুজে=[রং]—বি. মুড়ি ॥ হামাক্ এ্যাক্ আনার্ ভুজে দ্যাও বাহে। [দেখ ভুইজ্]।

২=[রা]—বি. চাউল ভাজা ॥ [দেখ ভুজে]।

ভুজ্যা=[রা]—বি. নানা জাতীয় খাদ্য মিশ্রিত শীতের নাশতা ॥ [দেখ ভুজা; ভুজ+ইয়া প্র.]।

ভুটি=[ব, রা]—বি. বুদবুদ ॥ মাছ পানিত্ ভুটি করে (রা)। [ফুটি (< ফোট)]।

২=[খু]—বি. মোটা কাঁথা ॥

৩=[রং]—বি. মাদি কুকুর ॥ ভুটিটায় বাচ্চা দিবে।

৪=[দি]—বি. গরু খাশির নাড়ি ভুঁড়ি ॥ [<ভুঁড়ি]।

ভুটিমারা=[রা]—বি. দাড়িপাল্লায় ওজন করার পাথার বিশেষ ॥

ভুটিয়াটাকি=[খু]—বি. ছোট টাকি মাছ বিশেষ ॥

ভুটিয়ারি=[রা]—বিণ. ছোটখাট ॥ ভুটিয়ারি খোকা খুব্ দৌড়াতে পারে। [<ভেটে<বেঁটে+য়ারি প্র.]।

ভুটে=[খু]—বিণ. স্বাস্থ্যবান ॥ লোক্টা বেশ্ ভুটে।

ভুটো=[খু]—বিণ. হয়রান ॥

ভুট্=[খু]—ক্রি. বিণ. উপুড় ॥ ভুট্ হোয়ে শোও।

২=[রা]—ক্রি. বিণ. বাদ ॥ হাকিম্ মাম্লাটি ভুট্ করে দিল্।

ভুট্কা দেওয়া=[রং]—ক্রি. অঙ্কুরিত হওয়া ॥ ধান্গুলা ভুট্কা দি হোকা।

ভুট্টি=[রা]—বি. ডিঙ্গি ॥

২=[চট্ট]—বি. কুযাত্রা ॥

৩=[ব]—বি. অলক্ষ্মী, অমঙ্গল ॥

ভুট্নি=[রা]—বি. যোনির অংশ বিশেষ ॥

ভুট্ পড়া=[রা]—ক্রি. বাদ পড়া ॥ [দেখ ভুট্[2] +পড়া]।

ভুড্ডা হওয়া=[রং]—ক্রি. পেট ভরিয়া খাওয়া, পেট ভর্তি করা ॥ গরুটা ঘাশ্ খেয়ে ভুড্ডা হল্ছে।

ভুড্ডি নাও=[রা]—বি. একপ্রকার নৌকা ॥

ভুড়া=[রং]—বি. কলা গাছের ভেলা ॥

ভুড়িয়া=[রং]—অস. ক্রি. ভুলাইয়া ॥ তাঁরে ভুড়িয়া কোন্রে নিলু? [< ভাঁড়াইয়া]।

ভুড়্ংগা=[রা]—বিণ. পেটমোটা ॥

ভুড়্ত্=[য]—ক্রি. বিণ. উড়িয়া যাওয়ার শব্দ বিশেষ ॥ পাখিটা ভুড়ত্ করি উড়ি গেল্। [ধ্বন্যা.]।

ভুড়্কা=[রং]—অস. ক্রি. ভুলাইয়া ॥ ভুড়কা তাক্ খারাব্ করি। [দেখ ভুড়িয়া]।

ভুড়্কাভাতি=[রং]—বি. চড়ুইভাতি ॥ 'ভুড়কাভাতি কর্ছে মাঠে ছোট্টি ছেলের্ দল্।'

ভুড়্বাধিয়া=[রং]—ক্রি. বিণ. একত্রে দল বাঁধিয়া ॥ ভুড়্ বাধিয়া কুটে জাও।

ভুড়্ভুড়্ করা=[রা]—ক্রি. গর্বিত হইয়া কাহারও সহিত কথা না বলা ॥ ইশ্, দেমাগে ভুড়্ভুড়্ কছ্ছে! [< ভুড়ভুড়্ (অনু.)+করা]।

ভুতব্বাশি=[য]—বি. টাংগা ॥

ভুতা=[ব]—বিণ. ধারহীন, ভোঁতা ॥ এই ছুরিখানা ভুতা। [<ভোঁতা (<ব্যাহত)]।

ভুতা চ'ন্ডি=[চট্ট]—বিণ. বোকার হদ্দ ॥ [দেখ ভুতা+চণ্ডী]।

ভুতি=[রং, রা]—বি. তামাকের আগুন রাখার পাত্র ॥

ভুতিযাম=[চট্ট]—বি. কালজাম ॥

ভুতুরি=[রং]—বি. খাসির উঝুড়ি বা পাকস্থলী ।। অনেকেই ভুতুরি রাধিয়া খায় ।

ভুত্=[রং]—বি. মাচার খুঁটি ।।

ভুত্ড়া=[রা]—বিণ. ক্ষয়প্রাপ্ত ।। এ্যাত ভুতুড়া দা দিয়ে বাঁশ্ কাটা জায়্ ? [দেখ ভুতা+ড়া প্র.] ।

ভুত্তক্=[খু]—বি. ক্ষতি পূরণ ।। পরের্ কলমে হাত দিও না ভাই ভাংলে ভুত্তক্ দিতে হবে । [দেখ ভর্তুক্] ।

ভুত্রাংগা=[রা]—বিণ. অপরিস্কার ।। ভুত্রাংগা হ.য় থাকিশ্ না ।

ভুত্লাম্=[ব]—বি. থমথমে ভাব ।। [<ভূত+ল+আম প্র.] ।

ভুত্শিয়া=[রং]—বিণ. খুব মোটা ।। মুই এক্টা ভুত্শিয়া আনারশ্ কিনি আন্ছো । [<ভুত+শি+আ প্র.] ।

ভুদো=[খু]—বিণ. মোটা ।। ভুদো মানুশ্ । [দেখ ভদো] ।

ভুনি=[রা]—বি. ধুতির কোচানো অংশ ।।

২=[রা]—বি. শাড়ী কাপড় ।। [দেখ ভনি] ।

ভুনিক্=[রা]—বিণ. অতি কৃষ্ণকায় ।।

ভুন্=[রা]—বি. পুংলিঙ্গ ।।

ভুন্ডি=[রং]—বি. ভুঁড়ি ।। গরুর্ ভুন্ডিগোলা ঐ বে কে ফেল্লো । [<ভুঁরি <ভুরি সং] ।

ভুন্ডুল্=[রং]—বি. বিবাদ ।। [< ভণ্ডুল] ।

ভুন্তি=[চট্ট]—বি. পল্লী কবিদের রচিত কবিতা ।। [<ভণিতা সং+ই প্র.] ।

ভুন্দু=[রা]—বি. ছোট ছেলের লিঙ্গ ।।

ভুমা=[য]—বি. লোম, পশম ।। তোর্ পায়ে অত ভুমা ক্যান্ রে ।

ভুম্কারি=[রা]—বি. প্রবাহ ।।

ভুয়া=[রা]—বি. ফাঁকি ।। শে কেবল্ ব্যাব্শায় ভুয়া দেয় । [<ভূয়া] ।

ভুয়ারি=[রা]—বি. মাছ ধরিবার জাল ।। ভুয়ারি জালে মাছ মারে ভাল ।

ভুরা=[রং]—বি. কলার ভেলা ।।

ভুরুংগা=[রং]—বি. বাচচা রুই মাছ ।। কিছু না পেলে ভুরুংগা আন্ছি ।

২=[রং]—বি. বুদবুদ ।। পানির্ থাকি ভুরুংগা উঠ্ছে ।

ভুর্কানো=[রং]—ক্রি. প্রতারণা করা ।। শে ভুর্কায় তোর্ কাছ্ থাকি ঠ্যাকা নিয়েচে । [<ভাঁড় (<ভণ্ড সং) +কানো] ।

২=[রং]—ক্রি. সমঝানো ।। ছাওরাটাক্ ভাল করে ভুর্কায়ে দ্যাও । [অর্থ প্র.] ।

৩=[চট্ট]—ক্রি. ভুরভুরি ছাড়া ।। মাস্ দরার্ লাই চা'র্ হ্যালাও অনেক্ মাস ভুর্কাইবো । [<ভুর (অনু.)+ক+আনো] ।

ভুর্কি=[রা]—বি. বনভোজন ।।

২=[রা]—বিণ. কচি ।। এইটুক্ ভুর্কি ছেলের্ কথা শোন !

ভুর্কুটান্=[রা]—ক্রি. আহ্লাদ প্রকাশ করা ।। অল্প পানিত্ তিত্ পুডি ভুর্কুটায় । [<ভ্রূকুটি+আন প্র.] ।

ভুর্কুটি=[রা]– বি. আনন্দ ।। এ্যাত ভুর্কুটি ভাল নয় । [দেখ ভুর্কুটান্] ।

২=[য]—বি. ছাতিয়ান মাছ, এক-জাতীয় মাছ ।।

৩=[য]—বিণ. ঘোর ।। ভূরকুটি আধারে দেখা যায় না । [দেখ ভুর্কুটান্ ; ভ্রূকুটি] ।

ভুর্কুটির্ বিচি=[রা]—বি. চাল ।। ভুর্কুটির্ বিচি না আন্লে চল্বে না । [দেখ ভুর্কুটি + র (সম্বন্ধে) + বিচি (বীজ)] ।

ভুর্কুশ্টি=[য]—বিণ. খুব ঘন ।। ভুর্কুশ্টি আন্দারে কোথা যাও ।। [দেখ ভুর্কটি৩] ।

ভুর্বুরি=[খু]—বিণ. সুগন্ধ ।। বড় ভুর্বুরি তৈল্ মেখেসে । [অনু.] ।

ভুর্ভুরা=[রং]—বিণ. দলবদ্ধ ।। মুর্গির্ ভুর্ভুরা বাচ্চা । [অনু.] ।

ভুর্ভুরি=[দি]—বি. কেঁচো ।।

ভুর্ম্যাও=[য]—বি. বিড়ালের ডাক ।। বেড়ালে ভুর্ম্যাও ভুরম্যাও করি গেসে ।

ভুলা=[রা]—বি. আলেয়া ।। অনেক্ লোকে ভুলা দেখ্লে ভয় পায় । [< ভুল+আ প্র. ; ভুলায় যে] ।

ভুলাইমাছ্=[রং]—বি. গড়াই মাছ, একজাতীয় মাছ ।। ভুলাই মাছের্ খন্ড খাতে ভালো ।

ভুলাভাট্কা=[রা]—ক্রি. বিণ. কদাপি ।। লোক্টা ভুলা ভাট্কা হামার্ বাড়িত্ আশে । [<ভুল+আ প্র. +ভটকা হিং] ।

ভুলুক্=[য]—বি. উঁকি ।। ভুলুক্ দিও না ।

২=[খু]—ক্রি. বিণ. এক পলক ।। এ্যাক্ ভুলুক্ চে'য়ে দ্যাক্ দিকি ।

ভুলোভাট্কা=[রা]—ক্রি. বিণ. কদাচিত, কখনও ।। [দেখ ভুলাভাট্কা] ।

ভুল্কা=[রা]—বি. বনভোজন ।। চল্রে বনে গিয়া ভুল্কা খাই ।

২=[য]—বিণ. উস্কোখুস্কো ।। ভুল্কা চুল্ ।

ভুল্কানো=[ব, রা]—ক্রি. উঁকি মরিয়া দেখা ।। ভুল্কাও ক্যান্ ? [দেখ ভুলুক্+আনো প্র.] ।

ভুল্কামনি=[ব]—বি. শিশুদের বন ভোজন ।। ভুলকামনিতে ভাত্ খাবু না, পোলাও রাদো ।

ভুল্কি=[রা, রং]—বি. উঁকি ।। ইখানে ভুল্কি দেয় কে রে ? [দেখ ভুলুক্] ।

ভুল্ভুলি=[খু]—ক্রি. বিণ. লোমাবৃত ।। তার্ গাখান্ ভুল্ভুলি হয়েসে । [অনু.] ।

ভুল্লা=[চট্ট]—বি. ঢাক বাজিয়ে দলের নেতা ।।

ভুশন্ন=[রা]—বিণ. ব্যর্থ, অসফল ।। [<ভো শূন্য] ।

ভুশা=[রা]—বিণ. ছাতা পড়া, ময়লা ধরা ।। তার্ বায়ক্শে ভুশা গন্ধ ! [<বুস+আ প্র.]

২=[রা]—বিণ. অসার ।। বেটার্ পাট্ খুব ভুশা মাল্ । [<বুস সং+আ প্র.] ।

৩=[রা]—বিণ. সাধারণ কাণ্ডজ্ঞানহীন॥ শে বড় ভুশা। [অর্থ প্র.]।

ভুশোমাস্=[খু]—বি. ছোট মাছ॥ ঐ ভুশো মাস্ খেয়ে তো আর্ পারি না।

ভুশ্কুড়ি=[রা]—বি. বুদবুদ॥ পানিতে ভুশকুড়ি কাটো।

ভুশকুম্ড়া=[রং]—বিণ. হৃষ্টপুষ্ট॥ ছাওয়াটা জ্যান্ ভুশ্কুমড়া হচে। [< ভুশ্ (অনু.)+কুষ্মাণ্ড]।

ভে

ভেই=[চট্ট]—বি. <ভাই॥

ভেইষ্যা=[চট্ট]—বি. পুরুষ ভেড়া॥ ভেইষ্যার্ লয়ে ভেন্নি থায়ে। [<ভেড়া +ইয়া প্র.]।

ভেইনি=[য]—বি. ভাবী॥ তোমার্ ভেইনি ভালো? [<ভাই+নি প্র.]।

ভেইপ্শা=[রা[—বিণ. বায়ুহীন দিনের গুমোট, ভাপশা॥ কেমন্ ভেইপ্শা গরম্ পড়্ছে। [<ভাপ (<বাষ্প)+সা প্র.]।

ভেইশ্যা=[রং]—বিণ. নরম॥ তোর্ গাও এ্যাত ভেইশ্যা!

ভেইশ্টা=[র]—বি. আসটে গন্ধ॥ থালা বাশন্ ভেইশ্টার্ গন্ধ কর্ছে।

ভেউভেউ=[রা]—ক্রি. বিণ. ঘুরাফিরা॥ টাকার্ জন্যি আমার্ পিছু ভেউ ভেউ করে কি হবে? [অনু.]।

ভেউড়্=[রং]—বি. শিংগা বিশেষ॥

ভেওতা=[য]—বিণ. ঘুরানো, বাঁকা॥ আল্ট এদিকে এশে ভেওতা হয়ে গেসে। [<ভাঁওতা]।

ভেওয়া=[য, রং]—বি. ভেলা॥

ভেংগুর্=[য]—বিণ. বিকলাংগ॥ [<ভাঙ্গুর<ভাঙ্গ+উর প্র.]।

ভেংরুল্=[রং]—বি. ভিমরুল॥ ভেংরুলের্ চাকেত্ ঢেল্ দেইশ্ না। [< ভঙ্গরোল]।

ভেঁ'আশ্=[চট্ট]—ক্রি. বি. বিদ্রূপ করা॥ [<ভেঙ্গাচ<ভেংচি]।

ভেঁ'উরা=[চট্ট]—বিণ. খোঁড়া, হাত ভাংগা, বিকলাঙ্গ॥ [দেখ ভেংগুর্]।

ভেঁ'উল—[চট্ট]—বি ভিমরুল॥ ভেঁউল্লের্ কাঁঅরে বঅড় বিশ্। [দেখ ভেংরুল্]।

ভেঁ'কি=[রা]—বি. ফাকা মাঠ, খোলা জমি॥ বোরো ধান্ ভেঁকিতে হয়্।

ভেঁ'ড়ি=[রা]—বিণ. ছিঁচকাঁদুনে॥ ওকো কিছু বলু না, খুব্ ভেঁড়ি আছে। [<ভেড়ী; অর্থ প্র.]।

ভেচ্'কি=[চট্ট]—বি, মুখ ঝামটা, ভেংচি॥ তোঁয়ার্ ভে'চ্কি দেখি গাও যলি যায়্। [<ভেংচি]।

ভেয়্কি=[চট্ট]—বি. ভয় প্রদর্শনের উদ্দেশে মুখের বিকট ভঙ্গি॥ [দেখ ভেচ্'কি]।

ভেটে=[খু]—বিণ. বেঁটে॥ [<বেঁটে (<বন্ঠ সং)]।

ভেট্কি=[রা]—ক্রি. বিণ. টিটকারি॥ লে আর্ ভেট্কি করিশ্ না।

২=[ব]—ক্রি. বিণ. চেতনাহীন, জ্ঞানহারা॥ হামেদ্ ভেট্কি দেসে। [<ভটক্ হিং+ই প্র,]।

ভেট্ঘাট্=[রং]—বি. উপহারাদি। মায়ার্ লাগি ভেট্ঘাট্ পাঠাতো। [<ভেট +ঘাট (অনু:)]।

ভেট্ লাগানো=[রা]—ক্রি. খাতির করা॥ [দেখ ভেট্ঘাট্; ভেট লাগানো]।

ভেডার্ভুড্বুর্=[চট্ট]—বি. অস্পষ্ট কথা॥ পোলাডা ভেডার্ভুড্বুর্ কি কয় কিস্সু বুঝিয়ে না। [অনু.]।

ভেড়ি=[খু]—বি. জমির আইল, বাঁধ॥ এবার্ ভুঁই ভালো মানুশ্দে মাপায়ে ভেড়ি বাঁধি দিব।

২=[চট্ট]—বি. ঢেড়স, শব্জি বিশেষ॥ [ভিণ্ডী হিং]।

ভেড়ু=[রং]—বিণ. দাগাবাজ॥ বাহে বড় ভেড়ু। [<ভাঁড় (ভণ্ড সং)+উ প্র.]।

ভেড়ুয়া=[খু]—বিণ. বেশ্যাসক্ত, লোচ্চা॥ বেটাতো ভেড়ুয়া ওর্ দাম্ কি? [দেখ ভাঁড়ুয়া]।

ভেড়ে=[রা]—বিণ. বদমাইশ॥ তুই একেবারে ভেড়ে ছেলে। [দেখ ভেড়ু]।

ভেড়ো=[খু]—বিণ. বোকা, অনুগত॥ লোকটি তার্ বৌয়ের্ ভেড়ো হয়েসে। [দেখ ভাওড়্যা]।

ভেড়্=[য]—বি. ঢেঁড়স॥ আয়্ আমাদের্ ভেড়্ রাধ্বে। [দেখ ভেড়ি]।

ভেড়্কি=[দি]—বি. পুকুরের পানির নীচে নরম কাদার স্তর॥

ভেড়্কে যাওয়া=[ব]—ক্রি. ভয় পাওয়া॥ শেয়াল্ দেখে শে ভেড়্কে গেসে। [<ভড়্কিয়া যাওয়া]।

ভেদন্=[রং]—বিণ. খারাপ॥ কাপড়্টা ভেদন্।

ভেদি=[খু]—বি. মাছ ধরার জাল বিশেষ॥

ভেদিমুখো=[য]—বিণ. বাহিরে ভাল ভিতরে কুটিল। তোর্ মত ভেদিমুখো শয়্তান্ আর্ নাই।

ভেদ্গমি=[রা]—বি. ওলাওঠা॥ [<ভেদ বমি]।

ভেদ্না=[য]—বিণ. বোকা॥ ভেদ্না মানুশ্।

ভেদ্নি=[য]—বিণ. বোকা॥ ভেদ্নি বেটি। [দেখ ভেদ্না]।

ভেনি=[দি]—বি. ভাবী, ভ্রাতৃবধূ॥ [দেখ ভেইনি]

ভেন্নি=[চট্ট]—বি. স্ত্রী ভেড়া, ভেড়ি॥ [<ভেড়া + নি প্র.]

ভেন্নিয়া=[রং]—বিণ. যে দিন আনে দিন খায়, ভবঘুরে ॥ রহিম্ ভেন্নিয়া লোক্ ।

ভেয়শ্ত=[চট্ট]—বি. স্বর্গ । গুনা করিলে ভেয়শ্ত যাওন্ ন যায় । [<বেহেশ্ত بهشت ফা.] ।

ভেরং=[য]—বি. ফড়িং ।

ভেরম=[রং]—বি. মর্যাদা । নিজের্ ভেরম্ নিজের্ কাছে । [দেখ ভরম্ ঢাকা] ।

ভেরামাছ=[চট্ট]—বি. ভেটকী মাছ ॥ [<ভেটা (<ভেটক সং) + মাছ] ।

ভেরি=[খু]—বি, ছোট রাস্তা ॥ [< ভেড়ি] ।

২=[খু]—বি. নদীর ধারের বাঁধ ॥ ভেরি বান্তে যাতি হবে । [< ভেড়ি] ।

ভেরো=[খু]—বি. নয়না মাছ, এক জাতীয় মাছ ॥ ভেরো মাস্ খাতি ভালো না ।

ভেলন=[রং]—বি. রোজগার ॥ কত ট্যাকা ভেলন্ করলে ?

ভেলিগদ্রা=[খু]—বি. এক শ্রেণীর ক্ষুদ্র মাছ ॥

ভেলে=[দি]—অব্য. নাকি ॥ শে ভেলে আজ্ বাড়িত্ নাই? [<বলিয়া√ বল্] ।

ভেল=[য]—বি. ঢং ॥ এখানে দাড়ি ভেল্ দিশ্ কেন্?

ভেশ=[রং]—বি. মহিষ ॥ [দেখ ভুঁইশ্] ।

ভেশড়ে=[রা]—বিণ. ধোয়াটে রং বিশিষ্ট ॥ কাপড়্টা ভেশ্ড়ে ।

ভেশতে=[য]—বিণ. বিফল, ব্যর্থ ॥ এ্যাত কশ্ট শব্ ভেশ্তে গেল্ । [দেখ ভেয়শ্ত+এ (বিভক্তি)] ।

ভ্যা

ভ্যাওটা=[খু]—বি. চাচী ॥ মোর্ ভ্যাওটা আর্ তোর্ মা ।

ভ্যাংগানি=[ব]—বি. মুখভংগি ॥ তুমি ভ্যাংগানি দ্যাও কেন্? [<ভঙ্গি +আনি প্র.] ।

ভ্যাংচা=[রং]—বিণ. বাঁকা ॥ বাশ্কোনা ভ্যাংচা । [<ভাং (<ভগ্ন) +চা প্র.] ।

ভ্যাংরা=[রং]—বিণ. টেরা, ট্যারা ॥ ভ্যাংরা লোক্ খুব্ দুশ্‌ট । [<ভাঙ্গ (<ভাঙ্গা)+রা] ।

ভ্যাঁট=[রা]—বি. গলদ ॥ তোমার্ ভ্যাঁট্ হয়েচে ।

ভ্যাঁদব্যাদা=[য]—বিণ. মলিন, খারাপ ॥ আমার্ পিরানি ভাল, তোর্‌টা ভ্যাঁদব্যাদা । [অনু.] ।

ভ্যাঁর=[ব]—বি. মাছ ধরিবার যন্ত্র ॥ ছেলেরা ভ্যাঁর্ ফেলে মাছ্ ধরে ।

ভ্যাঁললা=[ব]—বিণ. অসহায় ॥ মা না থাকায় পোলারা ভ্যাল্‌লা হয়া গেসে ।

২=[রা]—বি. ভেড়েণ্ডা, রেড়ি ॥ ভ্যাঁল্‌লার্ ত্যাল্ । [<ভেন্না<ভেরেণ্ডা (<এরণ্ড সং)] ।

ভ্যাকর=[ব]—বি. কাদা ॥ কুয়া ভ্যাকরে ভরা ।

ভ্যাকার ভ্যাকার=[রা]—বি. বক বক ॥ তুই এখানে ভ্যাকার্ ভ্যাকার্ করিশ্ না । [অনু.] ।

ভ্যাক=[রা]—বি. ভঙ্গী, ছদ্মবেশ ॥ ভ্যাক্ ধরে আলো । [<ভেক (< বেশ)] ।

ভ্যাকরা=[রং]—বিণ. বাঁকা ॥ আমের্ ভ্যাক্‌রা ডাল্‌টা কাইট্টা দে ।

২=[রা]—বিণ. হৃষ্টপুষ্ট, দেখিতে প্রাপ্ত বয়স্কের ন্যায় এমন ॥ ভ্যাক্‌রা বিটি ছাওয়া ।

ভ্যাগা=[ব, খু]—বিণ. বোকা ॥ ভ্যাগা সেলে । [<ভ্যাবা] ।

ভ্যাগ ভ্যাগ করা=[ব]—ক্রি. বক বক করা ॥ [<ভ্যাগ্ ভ্যাগ্ (অনু.)+ করা] ।

ভ্যাজালা=[রা]—বিণ. কুচক্রী ॥ এরকম্ ভ্যাজালা মানুশ্ আর্ দেখি নি । [<ভেজাল+ইয়া প্র.] ।

ভ্যাজ ভ্যাজ করা=[রা]—ক্রি. বেশী কথা বলা ॥ [<ভ্যাজ ভ্যাজ (অনু.) +করা] ।

ভ্যাজাল=[খু]—বি. গণ্ডগোল ॥ [ভেজাল] ।

২=[খু]—বি. জাল বিশেষ ॥ ভ্যাযাল্ দিয়া মাস্ ধরে ।

ভ্যাযব্যাযিয়া=[ব]—বি. স্যাঁৎসেঁতে ॥ [<ভ্যাজ ভ্যাজ (অনু.)+ইয়া] ।

ভ্যাট=[রং]—বি. চ্যাপ, শাপলার বিচিপূর্ণ ফল (ইহার বীজ হইতে খৈ হয়) ॥ [<ভেঁট] ।

ভ্যাটকানো=[ব]—ক্রি. ফাঁক করা, প্রশস্ত করা ॥ [<ভ্যাট (ফাঁক)+আনো প্র.] ।

২=[ব]—ক্রি. অন্যকে তাচ্ছিল্য করা ॥ এ্যাত ভ্যাট্‌কাইশ্ না তুর্ গুশ্‌টির্ খবর্ যানি । [অর্থ প্র.] ।

ভ্যাট্‌কা ভেট্‌কি=[রং]—বি. বাচচা, ছেলে মেয়ে ॥

ভ্যাটকামি=[রা]—বি. ভঙ্গি, অভিনয়, ঢং ॥ এ্যাত ভ্যাট্‌কামি ভাল না । [দেখ ভ্যাট্‌কানো] ।

ভ্যাটকি=[ব]—বি. বিকট মুখভঙ্গি ॥ [দেখ ভ্যাট্ +কামি] ।

ভ্যাটকোনো=[রং]—বিণ. অতিক্ষুদ্র ॥ পয়্শা দিয়া এই ভ্যাট্‌কোনা মাছ্ কিন্‌লু বাহে ?

ভ্যাড়া বল্দা=[রা]—বিণ. বোকা ॥ ছাওয়াটা দিন্ দিন্ ভ্যাড়া বল্‌দা হচ্চে ।

[<ভেড়া+বলদ (<বলীবর্দ সং)+ আ প্র.]।

ভ্যাড়্ভ্যাড়্=[রা]—বিণ. কর্দমাক্ত॥ ষাঁটা ভ্যাড়্ ভ্যাড়্ করছে। [অনু.]।

ভ্যাতর্ভ্যাতর্=[ব]—বি. বক বক॥ বুড়ি বড় ভ্যাতর্ ভ্যাতর্ করে। [অনু.]।

ভ্যাতা=[রা]—বিণ. স্বাদহীন॥ ভ্যাতা মাছ্ খেতে ভালো লাগে না।

ভ্যাত্ করা=[ব]—ক্রি. অতি সহজেই ক্রন্দন করা॥ কিছু কওয়ার্ আগেই শে ভ্যাত্ করে কি আর্ কমু! [<ভ্যাত্ (অনু.)+করা]।

ভ্যাত্ কান্‌রা=[রা]—বিণ. ছিঁচ-কাদুনে॥ [দেখ ভ্যাত্ করা; ভেত্ +কাঁদ+রা প্র.]।

ভ্যাত্‌রা=[রং]—বিণ. ধারহীন, ভোঁতা॥ এই ভ্যাত্‌রা দাওখান্ দি কিছুই করা জায়্ না। [দেখ ভুতড়া]।

ভ্যাত্‌রা ভ্যাত্‌রা=[রং]—বিণ. ছিন্নভিন্ন॥ কাপড় ছিড়ে ভ্যাত্‌রা ভ্যাত্‌রা হোলো। [অনু.]।

ভ্যাত্‌লা=[রং]—বিণ. খুব মোটা॥ ভ্যাত্‌লা শৌল্ মাছ্।

ভ্যাদর্=[চট্ট, ব, রা, খু]—বি. কাদা॥

ভ্যাদর্ ভ্যাদর্=[রা]—বি. মূল্যহীন প্রলাপ॥ তোর্ ভ্যাদর্ ভ্যাদর্ শুনব না। [অনু.]।

ভ্যাদা=[রং]—বিণ. পিষ্ট, চূর্ণ॥ [দেখ ভদো]।

২=[খু]—বিণ. নরম, বোকা, সরল॥ এ রকম্ ভ্যাদা সাবাল্ তো দেখি নাই।

ভ্যাদামার্কা=[খু]—বিণ. বুদ্ধিহীন॥ তুই এ্যাক্‌টা আস্ত ভ্যাদা মার্কা। [দেখ ভ্যাদা$_{১}$+মার্ক mark ইং+ আ প্র.]।

ভ্যাদা মুখা=[ব]—বিণ. গাল ফোলা॥ ভ্যাদামুখা কুমবাটিকার্। [দেখ ভ্যাদা+মুখ+আ প্র.]।

ভ্যাদাল্=[রা]—বি. কলাগাছের মধ্যের সার, থোর॥

ভ্যাদি=[র]—বিণ. ভীতু॥ [দেখ ভ্যাদা$_{২}$+ই]।

ভ্যাদেরা=[দি]—বিণ. সরল, বোকা॥ [দেখ ভ্যাদা$_{২}$+রা]।

ভ্যাদ্=[র, ব]—বি. রোগীর মল॥

ভ্যাদ্‌বমি=[রং]—বি. ওলাউঠা॥ [<ভেদ বমি]।

ভ্যাদ্‌ভেদা=[রা]—বিণ. বাচাল॥ ভ্যাদভেদা লোক্ কোন্ কাজের্ না। [দেখ ভ্যাদ্‌ভেদি]।

ভ্যাদ্‌ভেদি=[রং]—বিণ. যে খুব কথা বলে॥ তুইত দেখ্‌চি ভ্যাদ্‌ভেদি। [<ভেদ্‌ভেদ্ (অনু.)+ই প্র.]।

ভ্যাদ্‌রানো=[খু]—ক্রি. নরম হওয়া॥ মাটি ভ্যাদ্‌রাইয়া পড়্‌সে।

ভ্যাদ্‌লা=[রা, য]—বিণ. বোকা, মূর্খ॥ ভ্যাদ্‌লার্ কোন্ কাজে জশ্ নাই (রা)। [দেখ ভ্যাদ্‌রা]।

ভ্যান্‌টা=[রং]—বি. ভেরেণ্ডা॥ ভ্যান্‌টার্ ত্যাল্। [ভন্‌ডা<ভেরেণ্ডা (<এরণ্ড সং)]।

ভ্যান্‌দা=[রা, ব]—বিণ. সোজা ধরণের॥ শে এ্যাকেবারে ভ্যান্‌দা।

ভ্যান্‌না=[খু]—বি. ভেরেণ্ডা, রেড়ি॥ ভ্যান্‌না গাসের্ ফলে ত্যাল্ হয়্। [দেখ ভ্যান্‌টা]।

ভ্যান্‌ভ্যান্=[রা]—ক্রি. বিণ. অযথা বিরক্ত॥ ভ্যান্‌ভ্যান্ করিশ্‌নে। [অনু.]।

ভ্যান্‌লা=[রা]—বি. ভেরেণ্ডা॥ ভ্যান্‌লার্ বিজ্ দিয়ে তেল্ হয়্। [দেখ ভ্যান্‌টা]।

ভ্যাবানো=[রা]—ক্রি. চিৎকার করা॥

২=[রা]—ক্রি. বিণ. গবাদি পশুর ডাকা॥ গরুটা ভ্যাবাচ্‌চে।

ভ্যাবোক্=[রা]—বি. কৌতুক, ন্যাকামী॥ ভ্যাবোক্ করিশ্ না তাড়াতাড়ি জিনিশ্‌টা দে।

ভ্যাব্‌লা=[রা, খু]—বিণ. বোকা ধরণের॥ লোক্‌টা কেমন্ ভ্যাব্‌লা। [<ভ্যাবা+লা]।

ভ্যাম্‌টা=[রা]—বি. সর্প॥ চল্ দেখি আশি ভ্যাম্‌টার্ খেইল্।

ভ্যাম্‌রা=[রা]—ক্রি. বিণ. গায়ে কাঁটা দেওয়া॥ ভয়ে গা ভ্যাম্‌রা উঠেছে।

ভ্যাম্‌রানো=[রং]—ক্রি. চিৎকার করা॥ তুমি এ্যাত ভ্যাম্‌রাও ক্যানে বাহে?

ভ্যারা=[রা]—বি. মাটি বহন করিবার বাঁশের তৈয়ারী যন্ত্র, টুকরী॥

ভ্যারিয়া=[রা]—ক্রি. বিণ. প্রচুর॥ এবার্ আম্ ভ্যারিয়া হয়েছে। [<ভরিয়া]।

ভ্যার্‌কানো=[রং]—ক্রি. ভুলানো॥ [<ভাঁড় (<ভণ্ড সং)+ক+আনো]।

ভ্যার্‌গা=[চট্ট]—বি. কলাগাছের ভেলা। [<ভের (ভেলা)+গা<কা প্র.]।

ভ্যার্‌ব্যারানো=[চট্ট]—ক্রি. বক বক করা॥ [<ভ্যার ব্যার্ (অনু.)+আনো]।

ভ্যার্‌বারিয়া=[ব]—বিণ. বকবক-কারী॥ তুমি এক্‌টা ভ্যার্‌ব্যারিয়া লোক্। [দেখ ভ্যার্‌ব্যারানো]।

ভ্যার্‌ভ্যারি=[রং]—বি. কর্দমাক্ত স্থান॥ ভ্যার্‌ভ্যারিত্ নামিশ্ না। [অনু.]॥

ভ্যার্ ভ্যার্=[রা, রং]—ক্রি. বিণ. বাজে কথা বলা, অনেক কথা বলা॥ লোক্‌টা ভ্যার্ ভ্যার্ করে অনেক্ কথাই তো বলে গেল্।

ভ্যালং=[রং]—বিণ. নির্বোধ॥

ভ্যালা=[ব]—বিণ. নড়বড়ে॥ শে যে এ্যাক্‌দম্ ভ্যালা।

ভ্যাল্=[য]—বি. ন্যাকামী॥ তুই আমারে দেইখ্যা ভ্যাল্ করিশ্! [<ভেল]।

২=[খু]—বিণ. ভালো॥ তোর্ কপাল ভ্যাল্। [<ভাল]।

ভ্যাল্‌কা=[রা]—বিণ. কদাকার॥ ভ্যাল্‌কা গরু কিনিশ্ না।

২=[য]—বি. একপ্রকার মাছ॥

৩=[রা]—বি. এক প্রকারের বাঁশ॥ ভ্যাল্‌কা বাঁশের্ গোড়া খুব্ শক্‌ত।

ভ্যাল্টা=[রং]—বিণ. নির্বোধ, বোকা ॥ ভ্যাল্টা মানুশ্।

ভ্যাল্ত্যাল্=[ব]—বি. সরিষার তৈল ॥ ভ্যাল্ত্যাল্ না হলে সালুন্ খাওয়া যায়্ না।

ভ্যাল্ভ্যালা=[রং] বিণ. সদাসিধা ॥ ছাওয়াটা ভ্যাল্ভ্যালা হছে। [অনু.]।

ভ্যাল্ভ্যালি=[রং]—বি. উদাসীনতা ॥ তার্ ভ্যাল্ভ্যালি দেখে রাগ্ হয়্।

ভ্যাল্লা=[ব]—বি. ভেরেণ্ডা ॥ [দেখ ভ্যান্না]।

ভ্যাল্লা ভুশ্=[রং]—ক্রি. বিণ. বহুল পরিমাণে ॥ আমার্ জমিতে ভ্যাল্লা ভুশ্ পালং শাক্ গাজাইছে।

ভ্যাল্লা মর্দ্দখি=[য]—বি. আখের শ্রেণী বিশেষ ॥

ভ্যাল্শা=[য]—বিণ. অচতুর ॥ ঐ ভ্যাল্শাটাকে পাঠালে কেন্?

ভ্যাশান্=[য]—বি. মাছ ধরার জাল বিশেষ ॥

ভ্যাশোক্ মশা=[রং]—ক্রি. নকল করা ॥

ভ্যাশ্টা=[রা]—বিণ. পুরাতন ॥ ভ্যাশ্টা কাপড়ে কি হবে?

২=[ব]—বিণ. ভ্রষ্টা ॥ ভ্যাশ্টা মেয়ে কোনাইকার্। [ভ্রষ্টা]।

ভ্যাশ্টা পড়া=[রা]—বিণ. কোন জিনিসের প্রতি ব্যবহার জনিত বিতৃষ্ণা হওয়া ॥ রোজ্ ডাল্ খেয়ে মুখে ভ্যাশ্টা পড়েছে। [<বিতেষ্টা (বিতৃষ্ণা)+পড়া]।

ভ্যাশ্ভ্যাশ্ করা=[রা]—ক্রি. বিরক্তিকর ভাবে লাগিয়া থাকা ॥ পয়্শা নাই ভ্যাশ্ভ্যাশ্ করিশ্ না।

ভ্যাশ্লানো=[দি]—ক্রি. মুখ ভ্যাংচানো ॥

ভৈ

ভৈচাল্=[রং]—বি. ভূমিকম্প ॥ ভৈচালের্ শময়্ দালানে থাকা ঠিক্ না। [দেখ ভুইচাল্]।

ভৈচ্=[রং]—বি. ভাবী, বড় ভাইয়ের স্ত্রী ॥ [দেখ ভাউজ্]।

ভৈয্=[চট্ট]—বি. বড় ভাইয়ের স্ত্রী ॥ ভৈযত্তুন্ অগ্গুয়া পান্ লৈ আও। [দেখ ভৈচ্]।

ভৈন্=[চট্ট]—বি. বোন ॥ তোর্ ভৈন্ কৈরে? [<বহিন < (<ভগিনী সং)]।

ভৈরনের্ তৈল্=[রা]—বি. রেড়ীর তৈল ॥ ভৈরনের্ তৈল্ খুব্ ঠান্ডা। [দেখ ভ্যান্না+র (সম্বন্ধে)+তৈল]।

ভৈরি=[চট্ট]—বি. ফেঁরস ॥ [<ভেরী হিং]।

ভৈর্=[চট্ট]—বি. জমির দৈর্ঘের হাল শেষ করিয়া মোড় ফিরানো ॥

২=[রা]—বি. পা, পদদ্বয় ॥ ভৈর ব্যাথা হাঁট্তে পারি না। [দেখ ভর্₂]।

৩=[রা]—ক্রি. বিণ. পর্যন্ত ॥ শমস্ত বাইত্ ভৈর্ পানি হয়াছে। [<ভরিয়া]।

৪=[রা]—ক্রি. বিণ. সমস্ত ॥ শে ভৈর্ বছ্ছর ভুগ্ল। [দেখ ভৈর্₃]।

ভৈল্=[রা]—বি. ফাঁকি ॥ আরে শব্ ভৈল্ ওর্ কথা বিশ্শাশ্ কর না। [<ভেল (<ভেল্কি)]।

ভৈল্মারা=[রা]—ক্রি. চালাকি করা ॥ এ বিশয়ে আর্ ভৈল্ মার্তে হবে না। [দেখ ভৈল্+মারা]।

ভৈল্লে=[চট্ট]—অস. ক্রি. ভরিলে ॥ [<ভরিলে]।

ভো

ভোংগা=[রা]—বিণ. বোকা ॥ ভোংগা মানুশ্টাক ঠগাই গেলি বাহে?

ভোংলা=[রং]—বি. গর্ত ॥

ভোঁঅরা=[চট্ট]—বি. ভ্রমর ॥ ভোঁঅরা ভন্ভনায়্। [<ভোমরা (<ভ্রমর সং)]।

ভোঁঅর্=[চট্ট]—বি. কাঠ ছিদ্র করিবার লৌহ অস্ত্র ॥ [<ভোমর <ভ্রমর সং]।

ভোঁআ=[রা]—বি. পালক ॥ মুরগির্ ভোঁআ গুলো তুলে ফেলো।

ভোঁওর্=[চট্ট]—বি. চোখের ভ্রূ ॥ [<ভুরু (<ভ্রূ সং)]।

ভোঁকাচ'=[খু]—বি. ফাঁকি ॥ ভোঁকাচ্' মারা ভালো না। [<বোগ্যাচ bogus ইং]।

ভোঁচান্=[রা]—বি. পুংলিঙ্গ ॥

ভোঁট্=[খু]—বি. অর্দ্ধ ছোলা সুপারী ॥

ভোঁড়্=[ব]—বি. কাঠ ছেদন করিবার যন্ত্র ॥ ভোঁড়্ডা আন্। [দেখ ভোঁঅর্]।

ভোঁড়্ পাকানো=[ব]—ক্রি. ষড়যন্ত্র করা, অভিসন্ধি করা ॥

ভোঁতা=[চট্ট]—বি. কাঁঠালের কোয়ার সংলগ্ন আঁশ (যাহা কোয়াকে ধরিয়া রাখে) ॥ [<ভুতি (<বৃন্ত সং)]।

ভোঁত্রা=[রা]—বিণ. ধারহীন ॥ দাটা এত ভোত্রা যে কিছু কাটা জায়্ না। [দেখ ভুত্ড়া]।

ভোঁদা=[খু]—বিণ. বুদ্ধিহীন ॥ লোক্টা একেবারে ভোঁদা। [<ভোণ্ডা হিং]।

ভোঁমা=[রা]—বি. বড় জাতের নীল মাছি বিশেষ ॥ ভোঁমা মাছি কাঁঠাল্ খায়্।

ভোঁয়া=[রা]—বি. জিওল গাছের এক রকম পোকা ॥ জিগা গাছে ভোঁয়া লাগ্‌ছে।

ভোঁর্‌য়া=[চট্ট]—বি. ভীমরুল ॥ [<ভীমরুআ (<ভৃঙ্গ-রাল)]।

ভোঁর্‌=[চট্ট]—বি. ভ্রূ ॥ [দেখ ভোঁওর্‌]।

২=[রা]—বি. পা ॥ ভোঁর্‌টা থুয়ে পড়্‌তে বশ। [দেখ ভৈর্‌ঃ]।

৩=[দি]—বি. লাঙ্গলের দাগ ॥

ভোকন্‌দা=[রা]—বিণ. মোটা ॥ লোক্‌টা এ্যাত ভোকন্‌দা জে হাঁট্‌তে পারে না।

ভোকাশ্‌=[য]—বি. ফাঁকি, চাতুরী ॥ ওতো ভোকাশ্‌ দিয়ে তোর মাল্‌ নিয়ে গেল্‌। [দেখ ভোঁকাচু]।

ভোক্‌=[রা]—বি. ক্ষুধা ॥ লোক্‌টা ভোকের্‌ জ্বালায় কদ্‌তেছে। [<ভুখ <ভুক হিং<বুভুক্ষা সং]।

ভোক্‌রা=[রা]—বিণ. মোটাসোটা ॥ ছেলেটা বড় ভোক্‌রা হোয়েছে।

ভোক্‌রা বুড়া=[রং]—বিণ. থুথ্‌ড়ে বুড়া ॥

ভোক্‌শা=[খু]—বিণ. তেজহীন, নীরস ॥ ভোক্‌শা তামাকে নেশা হয়্‌ না।

ভোগল্‌=[খু]—বি. ওঝা, মন্ত্র-তন্ত্রের ব্যবসায়ী ॥ [<ভগল হিং]।

ভোগা=[রা]-বি. ফাঁকি, মিথ্যা কথা ॥ ভোগা দিলাম্‌ আর্‌ তুই তাই বিশ্‌শাশ্‌ কর্‌লি ?

ভোগা দাগু=[ব]—বিণ. ঠগ ॥ তুই এ্যাক্‌টা ভোগাদাগু। [দেখ ভোগা+দাগ ﺩﺍﻍ ফা. +উ প্র.]।

ভোগা দেওয়া=[রা]—ক্রি. ফাঁকি দেওয়ার জন্য মিথ্যা কথা বলা ॥ [দেখ ভোগা+দেওয়া]।

ভোগার্‌ভুগির্‌=[রা]—বি. ফাঁকি ॥ ভোগার্‌ ভুগির্‌ দিয়া লাভ্‌ কি ?

ভোগেন্‌পোত্‌=[রা]—বি. ভগ্নীপতি ॥ তোমার্‌ ভোগেন্‌ পোতের্‌ নাম্‌ কি ? [<ভগ্নীপতি]।

ভোগ্‌=[রা, চট্ট]—বি. ক্ষুধা ॥ আমার্‌ ভোগ্‌ ধর্‌ছে (রা)। [দেখ ভোক্‌]।

২=[কু, য]—বি. মধ্যভাগ ॥

ভোগ্‌না=[চট্ট]—বি. পিলসুজ ॥

ভোগ্‌রা=[ব]—বিণ বৃহদাকার ॥ ভোগ্‌রা পাঠাটা যবে কর্‌।

ভোগ্‌রাভোগ্‌রি=[রা]—ক্রি. বিণ. মিছামিছি ॥ এশ আম্‌রা ভোগ্‌রা ভোগ্‌রি খেলি।

ভোগ্‌লা=[চট্ট]—বিণ. বেশী ফুটো ॥

ভোগ্‌লা গন্‌দো=[য]—বি. দুর্গন্ধ বিশেষ ॥ কি ভোগ্‌লা গন্‌দো টেকা যায়্‌ না।

ভোগ্‌লামি=[খু]—বি. ধোঁকা ॥ চ'তুর্‌ লোক্‌ শহযে ভোগ্‌লামিতে পড়ে না। [দেখ ভোগল্‌+আমি প্র.]।

ভোগ্‌লি=[চট্ট]—বি. কলাগাছের মধ্যকার নরম শাস ॥

ভোচ'া=[ব]—বি. বউ ॥ [<বউ+চা প্র.]।

২=[বা]—বি. পুরুষের লিঙ্গ ॥

ভোষ্‌=[ব]—বি. খোরাকীর ফসল ॥ বিয়্‌ধান্‌ ভোষ্‌ধান আল্‌দা থও। [<ভোজ<ভোজ্য]।

ভোটা=[রা]—ক্রি. বিণ. খুব বেশী। এ কথা তারে ভোটা কৈরা বুজাইছি।

২=[রং]—বি. ভুট্টা ॥ [ভুট্টা হিং]।

৩=[রং]—বি. কুকুর ॥ ভোটাটা পাগ্‌লা।

ভোটি=[রং]—বি. কুকুরী ॥

ভোট্‌=[খু]—বি. ছেদ, খণ্ড ॥

ভোট্‌কচু'=[খু]—বি. এক প্রকার কচু ॥ এই মাটিতে ভোট্‌কচু' ভালো হবে।

ভোট্‌করে=[চট্ট]—বি. গাছ বিশেষ ॥

ভোট্‌কা=[রা]—বিণ. মোটা ॥ ভোট্‌কা মৈশ্‌।

ভোট্‌টা=[রা]—বি. গাছ বিশেষ ॥

ভোট্‌টি=[ব]--বি. চালাকি, ন্যাকামি ॥ ওশব্‌ ভোট্‌টি রাখ্‌।

ভোট্‌ হওয়া=[খু]—ক্রি. উপুড় হওয়া।

ভোডাই=[চট্ট]—বিণ. নির্বোধ ॥ হিতে এক্কেবারে ভোডাই গঅর্‌। [দেখ ভোঁদা+ই প্র.]।

ভোড়্‌কা=[রা]--বিণ. মোটা ॥ ভোড়কা বিড়াল্‌টা।

ভোড়্‌কো=[খু,য]—বি. ভীরু ॥ তোর্‌ মত ভোড়্‌কো আর্‌ দেখা যায়্‌ না। [<ভড় (<ভীত)+কো প্র.]।

ভোতড়্‌=[য]—বিণ. অলস ॥ তুই এ্যাক্‌টা ভোতড়্‌ মানুশি।

ভোতা=[খু]—বি. কাঁঠালের ভিতরের অংশ ॥ [<বৃন্ত সং]।

ভোতারে=[ব]—বিণ. খুব বড় ॥ শে এক্‌টা ভোতারে শৈল্‌ ধরেগে। [<ভূত+উড়ে প্র.]।

ভোতেংগা মোটা=[রং]—বিণ. বেশী মোটা ॥

ভোত্‌না=[রা]—বিণ. অকেজো, বোকা ॥ রে ভোত্‌না কোথায় জাশ্‌ ? [দেখ ভুতড়া]।

ভোত্‌রা=[য, বং, রা, ব]—বিণ. ধারহীন ॥ [দেখ ভুতুড়া]।

ভোত্‌শোরা=[রং]—বি. ছুরি ॥ ভেতশোরা দিয়া পাউরুটি কাটো।

ভোদাই=[খু]—বিণ. যাহার কোন মূল্য নাই ॥ [দেখ ভোদাই]।

ভোদাই মার্‌কা=[রা,রং,খু,য,]--বিণ. বুদ্ধিহীন, স্থূল ॥ [দেখ ভোদাই+মার্কা (<মার্কা mark ইং+আ)]।

ভোদ্‌দিন্‌=[খু]—ক্রি বিণ. সারাদিন ॥ ভোদ্‌দিন্‌ রোদে বশে থাক্‌লি যর্‌ হবে না ? [<ভরদিন=দিন ভরিয়া]।

ভোনি=[ব]—বি. শিশুদের লিঙ্গ ॥

ভোন্‌=[ব]—বি. পুরুষের লিঙ্গ ॥

ভোন্‌ড=[ব]—বিণ. মন্দ ॥ ভোন্‌ড কওয়া ভাল না। [<ভণ্ড সং]।

ভোন্‌তে=[খু]—বি. ভগিনী ॥ [দেখ ভন্‌তে]।

ভোন্‌দা=[ব]--বিণ. বোকা ॥ ছেলেটা একেবারে ভোনদা। [দেখ ভোঁদা]।

ভোন্‌দেল্‌=[খু]—বি. খুব মোটা ॥ [দেখ ভোঁদা+ল প্র.]।

ভোন্‌নাত্‌=[খু]-ক্রি. বিণ. সারারাত ॥ ভোন্‌নাত্‌ মেয়েটা কান্‌সে। [<ভোর+রাত]।

ভোমর্‌=[খু]—বি. বড় সূচ ॥ বৈ শেলাত্‌ ভোমর্‌ লাগে। [দেখ ভোঁমর্‌]।

ভোমা=[রা]—বি. লোম ॥

ভোম্‌ড়িয়া=[রং]—অস. ক্রি. ভ্রমরের মত ঘুরিয়া ॥

ভোম্‌বা=[দি]—বিণ. মোটা ॥

ভোয়ানো=[রা]—ক্রি. পালক উঠানো ॥ মুর্‌গিটা ভোয়ায়ে ফেলো। [দেখ ভোঁআ+নো প্র. ; নামধাতু]।

ভোয়ারি=[রা]—বি. জাল বিশেষ ॥ ভোয়ারি দিয়ে মাছ্‌ ধরি।

ভোরা=[চট্ট]—বি. ভ্রমর ॥ কালা ভোরা ঐ হ্‌লে ডর্‌ করে। [দেখ ভোঁআরা]।

২=[রা]—বি. লোম, পশম ॥ তোর্‌ চোখের্‌ ভোরা পাকি গেছে। [দেখ ভোঁওল্‌]।

ভোরৈ=[য]—বি. ছোট মাছ বিশেষ ॥

ভোর্‌=[য]—বিণ. সমস্ত ॥ ভোর্‌ দিন্‌ কি কর্‌লে? [<ভর]।

ভোর্‌কাভাত্‌=[রং]-বি. বনভোজন ॥

ভোর্‌যদুন্‌=[চট্ট]—বিণ. নিবিড় ॥

ভোলা মাছ্‌=[রা, খু]—বি. একপ্রকার কালো মাছ ॥ বিলে এবার অনেক্‌ ভোলামাছ আশ্‌ছে (রা)।

ভোল্‌=[য]-বি. অনুপযুক্ত চালচলন ॥

২=[রা]—বি. এক শ্রেণীর কাল্পনিক ভূত (যাহারা মানুষকে ভুলাইয়া দূরে লইয়া যায়) ॥ ভোলে ভুলাইয়া নিবে। [যাহা ভুলায়]।

৩=[রং]—বি. মোহ, ভ্রম ॥ ভোলে পরি মুই এমুন্‌ করিচে। [<ভ্রম সং]।

ভোল্‌ খাওয়া=[চট্ট]-ক্রি. নষ্ট হওয়া ॥ [<ভুল+খাওয়া]।

ভোশা=[বা]—বিণ. তেজোহীন ॥ [<বুস সং+আ প্র.]।

ভোশ্‌কুমড়ো=[খু]—বিণ. মাংস বহুল ॥ যে ভোশ্‌ কুম্‌ড়া হোলি, তোরে নড়ি বশ্‌তি হবে না। [দেখ ভুশ্‌কুমড়া]।

ভোশ্‌লা=[রং]—বিণ. মোটা ॥ দ্যাখ্‌ এ্যাক্‌টা ভোশ্‌লা ছাওয়া।

ভৌক্‌=[রং]—বি. ঠমক, মান ॥

ভৌদ্‌=[বা]—বি. মোয়া ॥ বাবা আমারে ভৌদ্‌ কিনে দেন্‌।

ভৌনা=[চট্ট]—বি. অযত্নে রক্ষিত বস্তুর উপরে পড়া শেওলা বা ছাতা ॥ আচারের্‌ গুইনে ভৌনা পড়ি গেইয়ে।

ভৌরি=[দি]—বি. একপ্রকার মাছ ধরার জাল ॥

ম

মঅংগা=[চট্ট]—বিণ. দুর্মূল্য ॥ 'আম্‌তলে আম্‌ মঅংগা'—প্রবাদ। [< মহংগা হিং <মহার্ঘ সং]।

মঅতাযি=[চট্ট]—বি. অনুনয় বিনয় ॥ [<মুতারযি' متواضع আং]।

মঅত্‌=[চট্ট]—বি. মৃত্যু ॥ তার্‌ মঅত্‌ কাসাইয়ে। [<মওত موت আং]।

মঅন্‌ত=[কুম]—বি. সাধু, সন্ন্যাসী ॥ বর গিয়া আইয়্‌ কাইল্‌ মঅন্‌ত হৈ গেসে। [<মোহান্ত <মহন্ত<মহৎ সং]।

মঅর্‌=[কুম]—বি. মশারি ॥ আমার্‌ মঅর্‌ নাই। [<মশর<মশারি]।

মআল্‌=[চট্ট]—বি. মৃগাল মাছ ॥ [<মৃগাল]।

মঐল্যা=[চট্ট]—বি. মহল্লা, স্থান ॥ এই মঐল্যার্‌ শর্‌দার্‌ কে [<মহল্লঃ? محله আং]।

মওকা=[সি, নো, ঢা]—ক্রি. বিণ. সুযোগ ॥ মওকা পাইলে তারে দেহামু।

মওনা=[রং]—বি. কলসী ॥ এ্যাক্‌ মওনা পানি আন্‌।

মওয়ানা=[ব]—বি. মোহরানা ॥ মেয়ের্‌ মওয়ানা কত? [<মহর مهر আং+আনা প্র.]।

মওয়া মাছ্‌=[রং]—বি. মাছ বিশেষ ॥

মওরা=[বা]—বিণ. অগ্রগামী ॥ [< মহড়া]।

মংগা=[রা, ব, চট্ট]—বিণ. বেশী দাম, দুর্মূল্য ॥ তোর্‌ কাসে শবে মংগা। [দেখ মঅংগা]।

মংয়া=[রং]—বিণ. বেশী দাম ॥ আজ্‌ হাটে মাছ্‌ খুব্‌ মংয়া। [দেখ মঅংগা]।

মঁঅল্‌=[চট্ট]—বি. মঙ্গল ॥ মঁঅল্‌বারে হিতার্‌ বিআ। [<মঙ্গলবার]।

মকর্‌=[কুম, ফ]—বি. চক্রান্ত, কৌশল, ছল ॥ [<মকর مكر আং]। [<মওক'আ موقع আং]।

মওযা=[য, কু, ফ] বি. বাজি, তর্ক ॥ কথার্‌ মৈদ্‌দে এত মওযা কর ক্যা?

২=[চট্ট]—অব্য. কিন্তু ॥ যাইতে পারমু মকর্‌ কাম্‌ ন ঐব। [<মগর مگر ফা.]।

মকর্‌ মকর্‌=[খু]—অব্য. ব্যাঙ ডাকার শব্দ ॥ [ধ্বন্যা.]।

মকশ্‌ মারা=[ম]—ক্রি. লাভ করা ॥ আমি মকশ্‌ মার্‌সি।

মকা=[সি]—বি. মাছ বিশেষ ॥ মকা খাইতে মন্দ নয়।

২=[ম, নো]—ক্রি. বিণ. সুযোগ ॥ মকা পাইলে তারে দর্‌বান্‌। [দেখ মওকা]।

মকাত্‌=[ঢা]—ক্রি. বিণ. অতি অল্প আয়াসে ॥ [দেখ মকা₂+ত বিভক্তি]।

মকুট্‌চুলি=[রা]—বিণ. অতিশয় কোঁকড়া ও কটাবর্ণের চুল বিশিষ্ট ॥ [<মুকুট+চুল+ই প্র.]।

মকুর্‌=[রা]—বি. লেবু ॥

মকের্‌=[চট্ট]—বি. মুগুর ॥ [<মুগুর (মুদ্গর সং)]।

মকোজ্=[রা]—বি. <মোচা ॥

মকোর্=[নো, য]—বি. চালাকী ॥ [দেখ মকর্]।

মক্কন্=[চট্ট]—বি. মাখন ॥ [< মাখন (<ম্রক্ষণ সং)]।

মক্কর্=[য, পা, রা]—বি. প্রবঞ্চনা, ভান, চালাকী, ফাজলামি, ঢং, তামাশা ॥ আমার্ শাতে মক্কর্ করিও না। [দেখ মকর্]।

২=[কুম]—বিণ. প্রতারক, প্রবঞ্চক ॥ শহরো গিয়া মক্করের্ আতি পর্‌সিলাম্। [<মক্কার مكّار আঃ]।

৩=[রা]—বি. জেদ ॥ মক্কর্ করিশ্ কেন্ বাবা ? [দেখ মক্কর্]।

মক্কর্ চ'ালি=[চট্ট]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ [দেখ মককর্ + চ'াল +ই]।

মক্কর্ মক্কর্=[নো]—বিণ. বড় বড় ॥ মক্কর্ মক্কর্ নলা দিয়া খাইয়্যা উড্। [দেখ মকৈর্]।

মক্কর্ শক্কর্=[পা, রা]—বি. ভান, ঢং, ফাঁকি ॥ [দেখ মককর্+ শককর(অনুঃ)]।

মক্কল্=[ম]—বি. ভূতপ্রেত, অপদেবতা ॥ [<মুঅক্কিল্ موكّل আঃ; অর্থ প্র.]।

মক্কাগ্‌লা=[চট্ট]—বি. ভূট্টা ॥ মক্কাগুলার্ খৈ। [<মকাঈ হিং+ গুটা]।

মক্কামক্কি=[কুম]—বি. ঝগড়া ॥ তারা বাইয়ে বাইয়ে যত মক্কা মক্কি করৈন্ আশ্‌লে বিত্‌রে বিত্‌রে মিল্ আসে। [অনু.]।

মক্কার্ করিয়া=[কুম]—ক্রি. বিণ. হঠাৎ অতর্কিতে, আকস্মিকভাবে ॥ [অনু.]।

মক্কাল্=[রা]—বি. মক্কেল ॥ [দেখ মক্কল্]।

মক্চ'া=[ম]—বি. কাষ্ঠনির্মিত চিরুনি ॥ মক্চ'া দিয়ে মাথা আর্‌চ'াও।

মক্টা=[রা]—বি. গোলা ॥ মোর মক্টাত্ ধান্ আছে। [<মটকা]।

মক্ডাল্=[য]—বি. সর্ব উচ্চ ডাল ॥ [<মগডাল]।

মক্ত=[কুম]—বিণ. বিনামূল্যের, বিনা খরচের ॥ মক্ত যিনিশের্ কদর্ নাই। [<মুফত্ مفت ফা.]।

মক্তহার্=[রা]—বি. এক প্রকার ধান ॥ [<মুক্তাহার]।

মক্তানো=[রা]—ক্রি. হাত দিয়া নাড়িয়া খুব ভালভাবে মোলায়েম বা নরম করা ॥ আটাগুলি ভাল করয়া মক্তাও।

মক্দুর্=[সি]—বি. ক্ষমতা, শক্তি ॥ [<মকদূর مقدور আঃ]।

মক্বরা=[সি]—বি. গোরস্থান ॥ [<মকবরঃ مقبرة আঃ]।

মক্ মকান্=[রা]—বি. পাঁঠার ডাক বিশেষ ॥ [অনু.]।

মক্মকি=[বা]—বি. বৃথা লম্ফ ঝম্প ॥ এহানে মক্মকি দেখাও কারে ? [অনু.]।

মক্মক্=[রা]—বি. অহঙ্কার ॥ মক্মক্ কর্‌তে নাই। [দেখ মক্মকি]।

২=[ঢা]—ক্রি. বিণ. দ্রুতবেগে ॥ দেখ্‌তে দেখ্‌তে মক্মক্ চৈ'ল্যা গেল্। [পূর্বে দেখ]।

মক্রিম্=[কুম]—বি. মাগরেব ॥ মকরিমের্ নোনায্ পর্‌মু। [<মগরিব مغرب আঃ]।

মক্শা=[ম]—বিণ. ভঙ্গুর ॥ মক্শা ডাইলে ম.ইশ্ না পৈ'র্যা মর্‌বি। [< মচকা(<মচকান) ; বর্ণবিপর্যয়]।

মক্শানো=[পা]—ক্রি. চটকানো ॥ আম্ মক্শাইলে রশ্ বাইর্ অয়্। [দেখ মক্শা]।

মক্সেদ্=[বা, দি, পা]—বি. আশা, ইচ্ছা ॥ আল্লা তুই আমার্ দেলের্ মক্সেদ্ পুরা করিশ্। [<মক্সদ্ مقصد আঃ]।

মখ্রা=[ম]—বিণ. জীর্ণ, ভঙ্গুর ॥

মগজ্=[রা]—বি. কলার মোচা ॥ মগজের্ তর্‌কারি মজা ॥ [দেখ মকোজ্]।

মগয্=[ঢা]—বি. বুদ্ধি ॥ তর্ মাতায্ মগয্ নাই.রে ? [<মগ্‌য مغز আঃ]।

মগর্=[বা]—বিণ. গোঁয়ার ॥ ঐ হালার্ মগরের্ লগে কেউর্ বোন্‌বে না। [দেখ মক্কর্২]।

২=[ফ]—বি. সাদা রংগের কুমীর ॥ [<মকর সং]।

মগা=[ঢা, কুম, সি]—বিণ. বোকা, মূর্খ ॥ দুরু মগা যানি কোন্‌ডাইহের্ ! [<মগ (<মগু=বর্মী নামের পূর্বে ব্যবহৃত সম্মানসূচক শব্দ) + আ প্র.]।

২=[ম]—বিণ. হ্যাংলা, জীর্ণশীর্ণ ॥ ঐ লোক্টা খুব্ মগা। [অর্থ প্র.]।

৩=[কু]—বি. টিনের ছোট পাত্র ॥ মগার্ পানি খারাপ্। [<মগ mug ইং]।

৪=[ঢা]—বিণ. যাহার হাতে পায়ে বড় বড় নখ এবং চাল চলন অনেকটা নোংরা ধরণের ॥ [দেখ মগা]।

মগাই=[রা]—বিণ. নির্বোধ ॥ [দেখ মগা + ই]।

মগার্ বাপ্=[ঢা] – বি. খুব বোকা ॥ মগার্ বাপের্ কায়্ডা দেখ্‌ছনি(সাধারণতঃ চাচি বা মামিরা ভাতিজা বা ভাগিনাকে ব্যঙ্গার্থে বলিয়া থাকে) ? [দেখ মগা + র(সম্বন্ধে) + বাপ]।

মগি=[কুম]—বিণ. বোকা ॥ তুই এমুন্ মগির্ মতন্ কাম্ কর্‌সত্ ক্যারে ? [দেখ মগা + ই]।

২=[নো]—বিণ. কাঁচা ॥ মগি শুপারির্ দাম্ নাই। [দেখ মগা ; মগদের দেশীয়]।

৩=[য]— বিণ. গালি বিশেষ ॥ [দেখ মগি]।

মগির্ ঘরের্ টগি=[ম]—বিণ. অপদার্থ ॥ [দেখ মগি + র (সম্বন্ধে) + ঘরের + টগি(অনুঃ)]।

মগ্‌র্ ঠেলা=[কু]—বি. পিঁড়ি ও বেলনে তৈরী পিঠা ॥ [দেখ মকৈর্ + ঠেলা]।

মগের্ পো=[চট্ট]—বি. ছেলে ॥ [দেখ মগা + র (সম্বন্ধে) + পো (< পুত্র)]।

মগো=[পা]—সর্ব. আমাদের ॥ মগো বাড়ি যাইও। [<মো+গো বিভক্তি =দের]।

মগ্‌=[চা, কুম, ফ]—বি. বোকা ॥ মগের্ মত কথা কৈচ্'না। [দেখ মগা]।

মগ্‌গম্‌=[চট্ট]—বিণ. মগ্ন ॥ [< মগ্ন]।

মগ্‌জি=[রা]—বি. মূল চুলার খিড়কী মুখ, মাড়াই কলের আখের একটি অংশ বিশেষ॥ মগ্‌জিতে পা দিও না তাহলে গুড় ভাল হবে না।

মগ্‌বানট্ট্‌=[রা]—বিণ. বাহাদুর ॥

মগ্‌রা=[ম, বা, কুম, সি]—বিণ. বদ-মেজাজী. একগুঁয়ে, বেয়াড়া, ফাঁকি-বাজ ॥ পোলাডা যবর্ মগ্‌রা। [<মগ-রূর مغرور আং]।

২=[দি]—বি. হাতের কব্জি॥

৩=[দি]—বি. মোটা শিরা, ধমনী॥ পায়ের্ মগ্‌রা ছিঁড়ে গেছে।

মগ্‌রামি=[বা, সি]—বি. বেয়ারাপনা, দাপট্ ॥ [দেখ মগ্‌রা+মি প্র.]

মগ্‌রা হাগ্‌=[কুম]—বি. হেলেঞ্চা শাক ॥

মগ্‌রি=[চা]—বি. কিনারা, শেষ-প্রান্ত ॥ খোকায়্ এক্‌কেলে বিস্‌নার্ মগ্‌রিত্ আইয়া পর্‌সে।

মঘা=[রা]—বিণ. বুদ্ধিহীন॥ তোমার্ মত মঘা লোক্ আর্ দেখি না। [দেখ মগা]।

মচ'র্‌=[চট্ট]—ক্রি. বিণ. শীঘ্র, তাড়া-তাড়ি ॥ মচ'র্ গরি কাম্‌মান্ গর্। [অনু.]।

মচ'র্‌ মচ'র্‌=[নো]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ [অনু.]।

মচ'র্‌ মচ'র্‌ করা=[চা]—ক্রি. (গায়ে কাঁটা ফুটিয়া) ব্যথা করা ॥ দেকত আমার্ এ্যাহানে মচ'র্ মচ'র্ করে কিতা। [<মচর মচর (অনু.)+করা]।

মচ'া=[সি]—বি. পুতুলী ॥ ই মচা'র্ মাথে কিতা?

২=[সি]—বি. খড় দিয়া রক্ষিত বীজ ধান॥ [<মাচা (<মঞ্চ সং)]।

মচ'ক্‌=[সি]—বি. কৌতুক ॥ [< মযাকা مذاق আং]।

মচ'াত্‌=[খু]—বি. শব্দ বিশেষ ॥ [ধ্বন্যা.]।

মচারা=[রা]—বিণ. ভাল ॥

মচ্'কা=[ম]—বি. উকুন মারার জন্য ব্যবহৃত কাঠের চিরুণী ॥ মচ্'কা আনো উকুন্ মারি।

২=[চা]—বি. ঘরের চাল বাঁধায় ব্যবহৃত কাঠি ॥

৩=[ম]—বিণ. ভংগুর ॥ [দেখ মক্‌শা]।

মচ্'কা মারা=[কুম]—বি. হাত পা মচকাইলে দেয় ঝাঁড়া ॥ মচ্'কামারায়্ আত্ পা বাংগা বালা অয়্। [দেখ মচ্'কা৩ +ঝাড়া]।

মচ্'কুর্‌=[পা]—বি. মাগুর মাছ॥ [<মদ্‌গুর সং]।

মচ্'চ'র কৈরা=[কুম]--অস.ক্রি. মচমচ করিয়া ॥ মচ্'চ'র্ কৈরা বাংসে। [< মচ'চ'র (ধ্বন্যা.)+করিয়া]।

মচ্‌মৈচ্'চ'া=[চট্ট, চা, কুম]—বিণ. টাটকা ॥ মচ্‌মৈচ্'চ'া পিডাডা আমারে দ্যাও। [<মচ্‌মচ্ (অনু.)+ইয়া প্র.]।

মচ্‌লা=[রা]—বিণ. কূটবুদ্ধি সম্পন্ন॥ মচ্‌লা মানুশক্ কেহ বিশ্‌শাশ্ করে না [<মরজালা <মম জালা]।

মছ্‌তুরা=[রা]--বি. মাস্তল॥ মছ্‌তুরাত্ পাল্ খাটাও! [<মাস্তল (<mastis পোর্তু.)]।

মছ্‌না=[দি]—বি. কাঁঠালের ভিতরের ভুঁতি॥

মছ্‌লা=[দি]—বি. মৃত দেহ বহন করিবার বাঁশের তৈরী খাট ॥ [<মাচা (<মঞ্চ)+লা]।

মছ্‌লি=[রং]—বি. মাচুলি, ছোট খাট॥ [দেখ মছ্‌লা]।

মজাইল্‌ গুয়া=[দি]—বিণ. ভিজা বা পচা সুপারী॥ [<মজা+ইল প্র. +গুবাক]।

মজাক্‌=[রা, রং]-বি. ঠাট্টা, রসিকতা ॥ [দেখ মচ'াক্]।

মজাগ্‌=[রা]—বি. পরিহাস, হালকা হাস্যপরিহাস ॥ [দেখ মজাক্]।

মজ্‌জদা=[রা]—বি. দান, সম্মান॥ [<মর্যাদা]।

মজলিশের্‌ বাড়ি=[রং]--বি. নিমন্ত্রণ বাড়ি, উৎসবমুখর গৃহ ॥ [<মজলিস مجلس আং+এর (সম্বন্ধে)+বাড়ী]।

মজ্‌জ=[রং]—বি. মৎস্য, মাছ॥ অন্‌কু মজ্‌জর্ বহুত্ দাম্। [<মৎস্য সং]।

মযক্‌=[সি, চা, ফ]—বি. মগজ॥ হের্ মাথায়্ মযক্ নাই। [দেখ মগয্; বর্ণবিপর্যয়]।

মযগ্‌=[কুম, চা]—বি. মগজ॥ [দেখ মযক্]।

=[কুম]—ক্রি. বি. শুষ্ক হওয়া॥ [<√মজ্ [<মজা)+অন প্র.]।

মযর্‌=[য]—বি. সংসার॥ তোমার মযরে বহুত্ খাট্‌নি।

মযা=[কুম]—বি. মিষ্টান্ন॥ বাই, দুইড্যা পয়্‌শার্ মজা দ্যান্। [<মযহ্ مزه ফা.]।

মযাক্‌=[পা, সি]—বি. ঠাট্টা, রসিকতা ॥ হেয়্ মযাক্ করের্। [দেখ মজাক্]।

মযানো=[বা]—ক্রি. পটানো ॥ [দেখ মযন্; √মজ্+আনো]।

মযি=[কুম]—বি. কাঁঠালের কলি॥ এইবার্ গাস্‌টায়্ মযি ঐসে। [< মঞ্জরি সং]।

মযি যাওয়া=[সি]—ক্রি. আত্মনিয়োগ করা॥ [<মজিয়া+যাওয়া]।

মজিদ্‌=[য]—বি. মসজিদ॥ মযিদ ঘরে যাই। [<মসজিদ مسجد আং]।

মযিমত্‌=[পা]—ক্রি. বিণ. মজবুত॥ মযিমত্ কৈরা বাইন্দা দিসি। [< মযবুত مضبوط আং]।

মযৈন্যা=[নো]—বিণ. খুব পাকা॥ মযৈন্যা আম্। [দেখ মযন্+ইয়া]।

মষ্‌গল্‌=[ম]—ক্রি. বিণ. মশগুল, অতিশয় আহ্লাদিত॥ তারে দেখ্যা আমার্ মন্ মষ্‌গল্ ঐল্। [<মশগুল مشغول আং]।

মযগুনি=[বা]—বিণ. এজমালী ।। ময্গুনি শম্পত্তি। [<মজ্মুঈ مجموعی আং]।

মযগুর=[খু, বা, পা]—বি. মাগুর ।। ময্গুর্ মাস্ রুগির্ পকৃখে উপ্কারি। [দেখ মচ্'কুর]।

মযযা=[ম, ঢা]—বিণ. পাকা ।। আমারে একুট ময়্যা আম্ দ্যাও। [দেখ মযৈ না ; √ মজ্ (মজা)+আ]।

মযযাল=[ম]—ক্রি. বিণ. কোন ক্রমেই ।।

মযযিদ=[ফ]—বি. মসজিদ ।। আইয্ ময্যিদে অনেক্ লোক্। [দেখ মযিদ্]।

মযনো=[কুম, চট]—বিণ. খুব পাকা ।। ময্না আম্ টক্ লাগে না। [দেখ মযৈন্যা]।

মযবুরি=[চট]—বিণ. শোচনীয় ।। হিতাঁর্ অহন্ বর ময্বুরি হালত্। [<মজবুর مجبور আং+ই প্র.]।

মযমৈযযা=[কুম]—বিণ. মচমচে ।। হাফ্রি পিডা ময্মৈয্যা। [<মজ্মজ্ (অনু.)+ইয়া]।

মযলিশ দ্যাওয়া=[ফ]—ক্রি. লোক খাওয়ানো, মেহমানদারী করা ।। [দেখ মজ্লিশের্ বাড়ি]।

মটর মটর=[ম]—বি. ঘুরাফিরা ।। [অনু.]।

মটি=[ম, কুম]—বি. মৃৎপাত্র, ছোট পাত্র ।। এ্যাক্ মটি ত্যাল্ আন্। [<[মৃত্তিকা সং]।

মটুকতারা=[রা]—বি. একটি ধানের নাম ।। [<মুকুট তারা]।

মটুয়া=[কুম]—বি. কুলি, মজুর ।। মটুয়ারা এ্যাক্ দলে চ'লে। [<মোট (<মোট্টই তামিল)+উয়া প্র. ; তুং মুটে]।

মটোর=[রা]—বি. নাকের ফুল বিশেষ ।। [<মটর]।

মট=[রা]—বি. এক প্রকার লতা (ঔষধে ব্যবহৃত হয়) ।। মটের্ ডালে চোখের্ খাঁউলি ভাল হয়্।

মটকা=[রং]—বিণ. মোটা লোক ।। [<মোটা+কা প্র.]।

২=[খু]—বি. এক প্রকার ছোট চিংড়ি মাছ ।। যাল্ বাইয়া মোটে কয়্টা মট্কা পাইসে।

৩=[পা]—বিণ. যাহা সহজে ভাংগিয়া গুঁড়া হইয়া যায় ।। [< মটকানো]।

মটকা ডাল=[পা]—বিণ. মটমটে ডাল ।। তুমি মট্কাডালে উঠো না। [দেখ মট্কা ৩ + ডাল]।

মটকানি=[সি]—ক্রি. বি. মচকানো ।। পা মট্কে গেসে।

মটকানো=[রা]—ক্রি. ঘরের চালের মাথা ছাওয়া ।। টুঁই মট্কাবু না ?. [< মটকা (< মত্তক < মস্তক সং)+ নো প্র. ; নামধাতু]।

মটকানন্যা=[চট]—বিণ. বড়, প্রকাণ্ড ।। মট্কান্যা মাস্। [দেখ মট্কা +ন+ইয়া প্র.]।

মটকি=[বা]—বি. বাঁশ দিয়া তৈরী মুখ ছোট ও পেট মোটা পাত্র বিশেষ ।। [<মটকা< মৃত্তিকা সং + ই হ্রস্বার্থে প্র. ; মট্কী হিং]।

মটকুরা=[ঢা, কুম]—বি. এক প্রকার বনজ গাছ ।। মট্কুরার্ পাতা কির্মির্ অশৈদ্।

মটটা=[রা]—বি. কুলি, মজুর ।। [দেখ মটুয়া]।

মটমটট্যার গাস=[পা]—বি. এক প্রকার আগাছা ।। মট্মট্ট্যার্ গাস্ গাংগের্ দারে যন্মে।

মটমডৈয়ার হাগ=[নো]—বি. এক প্রকার শাক ।। বাযার্তুন্ মট্মডৈয়ার্ হাগ্ আনিও। [হাগ<শাক সং]।

মঠুরা=[ম]—বি. খাঁটি সরিষার তৈল ।। মঠুরার্ ত্যাল্ গিয়ের্ মত।

মঠো=[সি]—বি. ঘোল ।। [< মাঠা (<মন্থজ সং)]।

মডর=[চট]—অব্য. লাঠি ইত্যাদি ভাঙ্গিবার শব্দ বিশেষ ।। কুইশ্যাল্ বাশ্ মডর্ গড়ি ভাংসে। [<ধ্বন্যা.]।

২=[কুম]—বি. মটর গাড়ী ।। [< মোটর (<মোটর motor ইং)]।

৩=[কুম]—বি. মটর শুটি ।। মডর্ বাযা খাইতে মযা। [<মটর]।

মডরমডর=[নো]—অব্য. মটমট শব্দ ।। [ধ্বন্যা.]।

মডি=[পা]— বি. ওস্তাদ ।। আমি মডি-এর্ বারি যাম। [<মঠ+ই প্র.]।

মড়া=[পা]—বিণ. ক্ষয়প্রাপ্ত, মুড়া ।। মড়া যাটা তোর্ কপালে মারি। [<মুড়া (<মুণ্ড)]।

২=[য]—বি. শ্রী ।। গরুটার্ মড়া খুব্ ভাল ।। [<মুহ্ রা হিং]।

মড়ে যাওয়া=[খু]—ক্রি. রোদ এবং জল লাগিয়া সার পদার্থ নিঃশেষিত হওয়া ।। [<মুড়াইয়া+যাওয়া]।

মড় কা=[রা]—বিণ. ভংগুর, দুর্বল ।। আম্ গাছের্ ডাল্ মড়্কা। [দেখ মট্কা ৩]।

মতং=[ফ]—বি. গো মহিষ ইত্যাদির সংক্রামক পীড়া বিশেষ ।।

মতংগে=[য]—ক্রি. বিণ. অনবরত ।। লোক্টা মতংগে খাইতাসে।

মতগগের=[ফ]—বিণ. যে শুনিতে চায় না বা না শোনার ভান করে ।। [<মাতাববর<মুদব্বির আং]।

মতনে=[কুম, নো]—ক্রি. বিণ. লুকাইয়া ।। মতনে কুনু কায্ কর্ন্ বালা না।

মতন=[বা]—বি. মড়ক ।। মুরগির্ মতন্ লাগ্সে। [দেখ মতং]।

২=[পা]—বিণ. স্থির ও পরিষ্কার ।। মতন্ পানিতে মাস দরন্ যায়্ না।

৩=[রা] — অব্য. কিন্তু ।।

৪=[পা] — বি. মন্থন ।। 'কথাতে কথা বাড়ে মতনে গি উঠে।' [<মন্থন]।

৫=[কম] — বি. পঠন, আবৃত্তি ।। [<মতন আং]।

মতনড=[ঢা] — বি. মড়ক (গালি বিশেষ) ।। তরে ওবায় মতনডে নেয় না ?

মতল্=[খু]—ক্রি. সমে বা স্বাভাবিক অবস্থায় আসা ॥ যর্ এয়োন্ মতল দেসে। [মাথা+ল প্র.]।

মতর্‌কা=[কুম]—ক্রি. বিণ. বিনা কাজে বা বিনা মূল্যে ॥ মতর্‌কা খানা কে খাওয়ায় ?

মতর্‌গা=[চট্ট]—বিণ. ভবঘুরে ॥ [<মাতাল+গা]।

মতা=[ব]—বি. থলি, ঝোলা ॥

মতায্=[সি]—বি. নেশা, মতিগতি, প্রকৃতি ॥ তার্ মতায্ বিগ্‌রি গেসে। [<মিযাজ مزاج আং]।

মতানো=[ব]—ক্রি. হাত দিয়া পিষ্ট করা ॥

মতায়ন্=[চট্ট]—বিণ. নিযুক্ত ॥ ওরে পাহারা মতায়ন্ কর। [<মুত'য়্যান متعين আং]।

মতিননাশা=[সি]—বিণ. কথায় কথায় যাহার মতিভ্রম হয়, অস্থির মতি সম্পন্ন ॥ [<মতি+নাশ+আ]।

মতিয়া=[রা]—বিণ. অন্ধ ॥ লোকটি অল্পে বয়শে মতিয়া হৈয়া গেল্। [<মতি (চোখের পুত্তলি)+হারা]।

মতিয়ান্=[খু]—ক্রি. বিণ. অনবরত ॥ মতিয়ান্ ধান্ বিক্‌রি দিসি। [দেখ মতায়ন্]।

মতুয়া=[খু]—বি. বাতাবি, জামবুরা ॥ দুটা মতুয়ার্ দাম্ দু আনা।

২=[ব]—বি. বস্তা ॥ এ্যাক্ মতুয়া নুনের্ দাম্ আর্ কত ?

৩=[চট্ট]—বিণ. লোনা ॥ দৈয্যার্ হানি মতুরা।

মতুল্যা=[ম]—বি. কাঁঠালের ভুঁতি ॥

মতে=[খ]—বি. স্তূপ, বড় জিনিস ॥

মতে মতে=[কুম]—ক্রি. বিণ. চুপি-চুপি ॥ [<মত+এ(বিভক্তি)+মতে]।

মতেশতে=[সি, কুম]—ক্রি. বিণ. গোপনে ॥ মতেশতে তোমার্ ঠাই কমুনে। [দেখ মতেমতে; মতে+শতে (অনুঃ)]।

মত্‌আল্‌লা=[চট্ট]—ক্রি. বিণ. বুঝিয়া ॥ মত্‌আল্‌লা পৈরনে পরা মনেত্ আয়ে। [<মুতালি'আঃ مطالعه আং]।

মত্‌তন্‌কেলা=[চট্ট]—বি. মর্তমান কলা ॥ মত্‌তন্‌কেলার্ গাস্ আঁরার্ বাগানত্ নাই। [<মর্তমান কলা]।

মত্‌তর্=[ঢা]—অব্য. তবুও, মোটেও ॥ কত কৈলাম্, ও মত্‌তর্‌ও আইল্ না। [মাত্র]।

২=[ঢা]—অব্য. মাত্র, তক্ষনি ॥ যাওন্ মত্‌তর্ আইবা। [পূর্বে দেখ]।

মত্‌তা=[য]—বি. হাতে পাকানো মোটা দড়ি ॥

মত্‌তি=[চট্ট]—বি. আমার নিকট হইতে ॥ মত্‌তি কিমুন্ পাইবা ? [<মু<মুই+তি<তনে, থেকে]।

মত্‌ফর্‌কা=[ফ]—ক্রি. বিণ. উদ্ভট, ইচ্ছামত ॥ মতফর্‌কা কোনু কিসু কর্‌লে তো আর্ চ'ল্‌বে না। [<মুত-ফর্‌রক: متفرقه আং]।

মত্‌রখা=[চট্ট]—বিণ. বেকার ॥ রহিম্ এ্যাক্‌যন্ মত্‌রখা লোক্। [<মৎরূক متروک আং]।

মত্‌লাকিক্=[খু]—বিণ. খামখেয়ালী। তুমি এক্‌টা মত্‌লকিক মানুশ্। [<মাতাল (<মত্ত+আল প্র.)+লোক]।

মত্‌লাপি=[বা]—বি. খেয়ালীপনা, খামখেয়ালী ॥ [<মতলব مطلب আং +ই প্র.]।

মত্‌শক্‌কি=[রা]—বিণ. যখন যাহা মনে পড়ে তখনই তাহা করে যে, সময় অবস্থা ও বিষয় বিবেচনা করে না যে। [মুতশককী متشكى আং ; অর্থ প্র.]।

মথুরা=[রা]=বিণ. বুদ্ধিহীন ॥ মেয়েটা একেবারে মথুরা। [<মাত (<মত্ত)+উরা প্র.]।

মথ্‌থ্যা=[রা]—বি. ছোট ঘটি ॥

মদন্=[কুম]—বি. কানের অলঙ্কার ॥ [<মদন সং ; অর্থ প্র.]।

২=[চট্ট, সি, কুম]—বি. সাদা বা লাল লম্বা আলু ॥

মদন্ কল্=[বা]—বি. পুংলিঙ্গ ॥ তোর মুখে মদন্‌কল্ সারা কথা নাই ॥ [<মদন+কল]।

মদন্ কৌড়ি=[রং]—বি. মাকড়ি, কানের অলংকার বিশেষ ॥ [দেখ মদন্ + কড়ি]।

মদন যোলা=[ঢা]—বিণ. বোকা ॥ তুই এ্যাক্‌করে এ্যাক্‌টা মদন্‌যোলা। [<মদন+জোলা]।

মদন্‌নাস=[চট্ট]—বি. টাউটার, টেণ্ডাল ॥ তে কায়্ কাইয্ এড়ি দিয়েরে মদন্‌নসিয়ে।

মদা=[পা, বা]—বিণ. খারাপ, নষ্ট ॥ [<মন্দা]।

২=[চা]—ক্রি. পানিতে ভিজিয়া নষ্ট হওয়া ॥ দানগুলা মাতুসে।

৩=[চা]—বি. মাথা ॥ মাতায় ত্যাল্ দিয়া গোসল্ করু। [<মাথা (<মস্তক সং)]।

৪=[নো]—ক্রি. রাগান্বিত হওয়া ॥ অত ন মাতু। [দেখ মাতন্]।

৫=[বা]—ক্রি. বন্ধ হওয়া, স্থির হওয়া ॥ পানি মাতুসে।

মাতাইমা=[য]—বি. গানের দোহার ॥ [দেখ মাতম্+ইয়া প্র]।

মাতানো=[চট]—ক্রি. পরামর্শ লওয়া, আলোচনা করা, রাগ অভিমান ভাঙ্গান ॥ পোয়ার্ বিয়াত্ আঁরে ন মাতাইল্। [অর্থ প্র.]।

২=[চট]—ক্রি. সালাম করা, শ্রদ্ধা দেখানো ॥ [পূর্বে দেখ]।

মাতা বাচাঁনো=[চা]—ক্রি. বি. কায়ক্লেশে কুঁড়ে ঘরে বাস করা ॥ গরিবের্ দিন্দিগি মাতা বাচাঁনো। [<মাথা+বাঁচানো; বাগ্ধারা]।

মাতা মালা=[কুম]—বি. বোরো ক্ষেতে পানি সেচনের কাঠের দোনের

সংগে ভারসাম্যের জন্য ব্যবহৃত বড় নেটা বাঁশ ।। মাতামালা সাম্রা দুন্ দিয়া পানি হেচ'ন্ যায় না ।

মাতামুরুব্বি=[পা]—বি. অভিভাবক ।। তোর্ কোনু মাতামুরুব্বি নাই । [মাথা+মুরব্বী مربی আং]।

মাতাম্=[বা]—বি. ঘরের চালের বাঁশের চটা ।। ঘরের্ মাতাম্গুলি বেশি মব্বুত্ অয় নাই।

মাতায়্ পানি দেওয়া=[চা]—ক্রি. ছেলেদের মোসল্মানি কাজে গোসল দেওয়া ।। রহ্মানের্ মাতায়্ পানির্ দিন্ মাইক্ আন্মু । [<মাথায় পানি দেওয়া]।

মাতারি=[কুম, সি, ম, ব, চা]—বি. বয়স্কা স্ত্রীলোক, ঝি-চাকরানী ।। [< মাতা+রি প্র.]।

২=[বা]—বি. মা চাচী স্থানীয়া মহিলা ।। [পূর্বে দেখ]।

মাতালি=[খু]–বি. অগ্রভাগ, আগা ।। ধানের্ মাতালি কেটো না । [<মাথা +আলি প্র.]।

মাতি=[চা, কুম]—বি. মাথা, আগা, অগ্রভাগ ।। [<মাথা+ই প্র.]।

২=[ব]—বি. মাইজ, গাছের কোমল শীর্ষ দেশ ।। [মাথা+ই প্র.]।

মাতু=[সি, কুম]—বি. বাতাবি লেবু ।। মাতুর আলি কত কৈর‍্যা ?

মাতুয়া=[সি, ম]—বি. বাতাবি লেবু ।।

মাতুল্=[রা]—বি. টোকা, মাথাল, বাঁশ ও পাতার তৈয়ারী এক প্রকার টোপর ।। [<মাথা+উল প্র.]।

মাতেব্বরি করা=[সি]—ক্রি. নিজের প্রাধান্য বিস্তার করা ।। তুমি বেশি মাতেব্বরি করিও না । [< মাতাব্বর (<মুদব্বির مدبر আং)+ ই প্র.+করা]।

মাতো=[খু]—বি. এক প্রকার সন্ন্যাসী ।।

২=[চট্ট]—ক্রি. বিণ. উপশম, নিস্তেজ ।। [<মাৎ (<মাত مات আং)+অ]।

মাতোর্=[রা]—বিণ. মেজো ।। [<মাদ (<মধ্য)+র]।

মাত্=[চট্ট, কুম, সি]—বি. শব্দ, কথা ।। মৌলবি বাবাজির্ মাত্ শুনি রইলাম । [<বাত<বার্ত্তা সং]।

মাত্ করা=[চা]—ক্রি. কথা বলা ।। মাত্ কৈরো না । [দেখ মাত্+করা]।

মাত্কুল্=[সি]—বি. কথা বার্তা ।। বিয়ার্ হকল্ মাত্কুল্ ঐ গেসে । [দেখ মাত্+কওল قول আং]।

মাত্গুড়্=[খু]—বি. ঝোলাগুড় ।। মাত্গুড়্ দিয়া তামাক্ মাখা হয়্।

মাত্তাল্=[চা]—বি. মাথা ঘোরা রোগ ।। পান্ খাওনে হেরে মাত্তালে দর্সে । [<মাত(<মত্ত)+আল]।

২=[চা, কুম]—বি. পাগল । মাত্তালের্ মত কতা কৈও না । [পূর্বে দেখ]।

৩=[ম]—বি. শেষ সীমা ।। কোনু কাম্ শে মাত্তালে নেয়্ না । [<মাথা +ল প্র.]।

মাত্তোর্=[য]—অব্য. সবেমাত্র, কেবলমাত্র ।। [<মাত্র]।

মাত্তি=[সি]—বি. গাছের অগ্রভাগ ।। তুফানে গুয়া গাসের্ মাত্তি বাংগি গেসে । [<মাথা+ই প্র.]।

মাত্বোল্=[নো]—বি. কথাবার্তা, সাড়া শব্দ ।। তার্ কোনু মাত্বোল্ নাই । [দেখ মাত্+বোল<বুলি]।

মাত্রা =[চট্ট]—বি. সকলের আগে কথা বলিতে অভ্যস্ত ।। পোয়াউয়া বর মাত্রা । [দেখ মাত্+রা] ।

২=[সি]—বিণ. অত্যধিক কথা বলে যে ।। [পূর্বে দেখ] ।

মাত্লা=[কুম, চা, ম]—বি. টোকা, মাথাল ।। [<মাথ (<মাথা)+লা] ।

২=[চা, ম, ফ]—বি. নেশার ভাব, মাদকতা ।। খাযুরের্ দো কাডার্ রশি খাওনে আমার মাত্লা লাগে । [< মাত (<মত্ত)+লা প্র.] ।

মাত্লাম্=[রং]—বি. বাতাবি, জাম্বুরা ।। মাতুলাম্ বেচুয়া কি আনুছু ?

মাত্লায়্ দরা=[চা]—ক্রি. নেশার ধরা ।। কাচা গুবারি খাইয়া আমারে মাত্লায় দর্সে । [দেখ মাত্লা+র (বিভক্তি)+ধরা]।

মাথা=[পা]—বি. গুরুজন ।। উনি এই পাড়ের্ মাথা । [অর্থ প্র.]।

মাথাইল্=[পা]—বি. টোকা, পাতা বা তৃণ নির্মিত মাথাল । [<মাথা+ইল]।

মাথা পাত্লা=[সি]—বিণ. বোকা, আহাম্মক ।। মাথা পাত্লা মানুশের্ সব্ কামে এই রহম্। [অর্থ প্র.]।

মাথা পালা=[কুম]—বি. যাহার সাথে কুন্দা বাঁধিয়া জমিতে পানি দেওয়া হয় ।। এই মাথা পালাটা খুব্ বারি ।

মাথা বাংগা=[পা]—বিণ. একরোখা, যে কাহারো কথা গ্রাহ্য করে না ।। [<মাথা+ভাঙ্গা]।

মাথা বান্দি লাগা=[সি]—ক্রি. মনে প্রাণে লিপ্ত হওয়া ।। ইবার্ মাথা বান্দি লাগ্সে । [<মাথা বাঁধিয়া লাগা ; বাগ্‌ধারা]।

মাথা বিলি দেওয়া=[চা, সি]—ক্রি. চুল হইতে উকুন বাহির করা ।।

মাথা বেচা=[রা]—ক্রি. দ্বিতীয় বিবাহ করা ।। [অর্থ প্র.]।

মাথায়্ কেরা পোক্=[নো]—বি. মাথার ছিট, পাগলামি ।। হেতার্ মাথায়্ কেরা পোক্ আসে । [<মাথায়+কেরা <কীট সং+পোকা] ।

মাথারত্ত=[রং]—বি. স্বামী ।। [< মাথার+সতর ستر আং (=আচ্ছাদন) কিংবা ছত্র]।

মাথাল্=[ম]—বি. মাথার দিকে ।। গেরামের্ উত্তর্ মাথালে আমার্ বাড়ি । [<মাথা+ল+এ (বিভক্তি)]।

মাথি=[চট্ট, বা, খু]—বি. মাথা, অগ্রভাগ ।। [<মাথা+ই প্র.] ।

২=[ব]—বি. কচি তালের শাঁস ।। [পূর্বে দেখ]।

মাথিল্=[রা]—বি. বাঁশ ও পাতার তৈয়ারী মাথাল ।। [<মাথা+ইল প্র.]।

মাথ.থি=[সি]—বি. গাছের মাথা বা অগ্রভাগ ॥ [দেখ মাথি]।

মাদক্ দান্=[পা]—বি. এক প্রকার আমন ধান ॥ [দান্ <ধান]।

মাদব. হাইল্=[সি]—বি. এক জাতীয় বোরো ধান ॥ [<মাধব শালী]।

মাদা=[বা]—বিণ. অলস ॥ [<মাদা (<মন্দা)]।

২=[সি]—বিণ. মেধাহীন ॥ পুরাগ্য যবর্ মাদা। [পূর্বে দেখ]।

৩=[কুম]—বিণ. বহু পুরান, খারাপ ॥ ও মিয়া তোমার্ নিডাই মাদা, আমি নিমুনা। [পূর্বে দেখ]।

মাদাইতে যাওয়া=[চা]—ক্রি. অকারণে বেড়াইতে যাওয়া (তিরস্কারে) ॥ হারাদিন্ কৈ মাদাইতে গেসিলি ?

মাদাইন্না বালা=[কুম]—বি. বিকাল বেলা ॥ মাদাইন্না বেলা খেলাম্। [দেখ মাদান্+ইয়া প্র.+বেলা]।

মাদানি=[কুম, চা]—বি. এক প্রকার গালি (মেয়েদিগকে এই গালি দেওয়া হয়) ॥ মাদানির্ নাদানি তরে হাংগা করুম্।

২=[পা, ম]—বি. মুড়ি, জল খাবার ॥ মাদানি খাইয়া যাও। [দেখ মাদান্, +ই প্র. ; মূলার্থ বৈকালিক আহার]।

মাদানো=[বা]—ক্রি. গাঁজ হওয়া ॥ গুর্ মাদাইয়া গেসে। [<মদ+আনো প্র.]।

মাদান্=[কুম, চা, সি]—বি. দুপুর, বিকাল ॥ মাদানে আমি তোমার্ বারিতে যামু ॥ [<মধ্যাহ্ন]।

২=[পা, ব]—বিণ. বোকা ॥ তোর্ শমান্ মাদান্ নাই। [<নাদান نادان ফা.]।

মাদামাদি করা=[সি]—ক্রি. খুব পরিশ্রম সহকারে কাজ করা ॥ বর মাদামাদি করি যমিন্ খান্ চা'শ্ দিলাম্।

মাদা মারকা=[রা]—বিণ. মেয়েলী স্বভাবের ॥ [<মাদহ্ ماده ফা.+মার্কা (<mark ইং+আ)]।

মাদাম্=[চট]—বিণ. স্ত্রী, মাদী ॥ তারার্ উগ্‌গুয়া মাদাম্ মৈশ্ আসে। [দেখ মাদা মারকা]।

মাদারি মারা=[রা]—বিণ. প্রতারিত ॥ [মূলার্থ মাদারি ফকীর দ্বারা মারা]।

মাদার্ চু'ংগা=[ম]—বিণ. সভা সমিতিতে কথা বলিতে অক্ষম ॥ [দেখ মাদা মারকা ; চোঙ্গ+আ]।

মাদার্ চুংগি=[রা]—বি. একটি ধানের নাম ॥

মাদার্ চোঁদ.=[বা]—বিণ. মূর্খ ॥ তোমার্ মত মাদার্ চো'দ্ দেহি নাই। [দেখ মাদাম্+চুদ্ (অশ্লীল)]।

মাদার্ ঘটা দারি=[ব]—বি. একটি আমন ধানের নাম ॥

মাদার্ লড়ি=[নো]—বি. এক প্রকার বিষাক্ত পিঁপড়া ॥ মাদার্ লড়িয়ে কামড়াই শাফ্ করি দিসে।

মাদিয়া শাবান্=[চট]—বি. কাপড় কাচা সাবান ॥

মাদে=[খু]—বি. মাটির তৈরী আলগা বা তোলা উনান (নৌকায় ব্যবহৃত হয়) ॥

মাদেচ.চা=[রং]—বি. মাদ্রাসা ॥ মাদেচ্চাতে দেন্ ॥ [<মদ্রসা: مدرسه আং]।

মাদেনি=[ফ]—বি. চিড়া মুড়ি ॥ কিস্থু মাদেনি খাইয়া মাঠে যাও। [দেখ মাদানি]।

মাদেন্=[য]—বি. দুপুর ॥ [<মধ্যাহ্ন]।

মাদ্যানি=[পা]—বি. চিড়ামুড়ি জলখাবার ॥ [দেখ মাদেনি]।

মাদ্যাল্=[পা]—বি. বড় লাল পিঁপড়া ॥

মাদো=[য]—বিণ. স্ত্রৈণ ॥ তোর্ মতো মাদো তো কোথাও নেইরে ॥ [<মাদহ্ ماده ফা.+ও প্র.]।

মাদোনি=[খু]—বি. মাঠে কৃষানদের জন্য নেওয়া খাবার ॥ একটু শয়াল্ শয়াল্ চ'রে মাদোনি না দিলে হালেরা খিদেয় সট্‌ফট্ করে। [দেখ মাদেনি ; অর্থ প্র.]।

মাদোন্=[খু]—বি. ফেনা ভাত, মাড ॥ [দেখ মাদানি, ; অর্থ প্র.]।

মাদোম্=[খু]—বিণ. স্ফীত, মোটা ॥

মাদ.দুর্=[খু, য]—বি. মাদুর ॥ মাদ্দুর্ পাতিয়া বশ। [<মাদুর]।

মাদ.দেনি=[ফ]—বি. মধ্যাহ্ন ভোজনের মুড়ি চিড়া ইত্যাদি ॥ [দেখ মাদেনি]।

মাদ.লা=[রা]—বি. বোকা ॥ তুইতো ভারি মাদ্‌লা ? [দেখ মাদা+লা প্র.]।

২=[ব]—বিণ. চালু ॥ চা'লাটা বেশ্ মাদ্‌লা করে দিশ্‌রে পানি পড়েবে না।

৩=[ম]—বিণ. বড়, প্রকাণ্ড ॥ হে এক্ মাদ্‌লা গুরু লৈয়া গেসে। [< মাদল (<মৰ্দ্দল সং) +আ প্র.]।

মাদ্‌লি=[কুম]—বি. মাদুলি, তাবিজ ॥ মাদ্‌লি সরা গায় দ্যাও। [দেখ মাদ্‌লা, +ই প্র.]।

মাধা=[রা]—বিণ. বুদ্ধিকম ॥ ছেলেটি একটু মাধা। [দেখ মাদা,]।

মাধাই=[রা]—বি. চেষ্টা ॥

মাধিয়ানি=[রা]—বি. নাশ্‌তা, জলখাবার ॥ [দেখ মাদেনি]।

মানকৈশে=[পা]—বিণ. মানান সই ॥ [<মানান সই]।

মানা=[য]—বি. একজাতীয় বড় কচু ॥ [সাধু মানকচু]।

মানান্তার্=[খু]—বি. দুর্ভিক্ষ, মন্বন্তর ॥ [<মন্বন্তর]।

মানাল্=[বা]—বি. লোকালয় ॥ [<মানবালয়]।

মানি=[খু]—বি. পানি ॥ [< পানি]।

মানিক্সে=[খু]—বিণ. উর্বর ॥ মানিক্সে যমি বেশি দামে বিক্রি হয়। [<মানিক+সা (=তুল্য)]।

মানিক্‌দিগা=[নো, চট]—বি. মোটা এক প্রকার আমন ধান ॥

মানি মুনি=[দি, রং, রা]—বি. খানকুনি ॥ মানিমুনি আমাশার্ অশুদ্।

মানির্ যামাই=[খু]—বি. স্বামী ॥ [<মান+এর (সম্বন্ধে) +জামাই]।

মানু=[ফ, ঢা, কুম, ম]—বি. মানুষ ।। যে মানু ঐবো হে কি ঐ কুকাম্ কর্‌বার্ পারে নিহি ? [<মানুষ] ।

মানুয়া কলা=[রং]—বি. একজাতীয় কলা ।।

মানে=[ফ]—বি. মানুষ ।। খারাপ্ কাম্ মানে কোনুদিন্ বালা কয় না । [<মানষ] ।

মান্=[কুম]—বি. শুক্র ।। [<মনী منى আং] ।

২=[পা]—বি. হেঁয়ালী ।। মান্‌টার্ মানে কি কৈতে পার ?

৩=[চট্ট]—বি. স্তূপ, ঢিবি ।। গোবরর্ মান্ ।

মান্‌কচু=[পা]—বি. কচুরী পানা ।।

মান্‌কচু দেওয়া=[ঢা]—ক্রি. অশ্লীল গালি দেওয়া ।। [<মানকচু (গায়ে লাগিলে চুলকায়)+দেওয়া ; বাগ্‌ধারা] ।

মান্‌কে=[ফ]—বিণ. বুদ্ধিশুদ্ধিহীন ।। তোমার্ মত মান্‌কে সেলে নাই । [< মানিক+এ প্র.] ।

মান্‌চাইল্=[ঢা]—বি. মাদুর ।। মান্‌চাইল্‌ডা পাত বহি ।

মান্‌চুক্=[নো]—বি. বাতিল ।। আইন্ মানচুক্ ঐ গেসে । [<মনসুখ منسوخ আং] ।

মান্‌জা=[রং]—বি. ময়লা ।। শরিরের্ মান্‌জা শাফ্ কর । [<মার্জিত সং] ।

২=[রং]—বি. সারাংশ ।। [< মজ্জা] ।

মান্‌জানো=[রং]—ক্রি. মার্জনা করা ।। [<মার্জনা] ।

মান্‌জি=[রং]—বি. গাছের কাণ্ড হইতে উদ্‌গত নতুন পাতা ।। [< মঞ্জরি] ।

মান্‌যা=[কুম]—বি. খুঁটি ।। গরের্ মান্‌যা ।

২=[কুম]—বি. সার, শাঁস ।। এই তাল্‌টার্ একেবারে মান্‌যা নাই । [দেখ মান্‌জা২] ।

৩=[কুম]—বি. কোমর ।। আর্ মান্‌যা দর্‌সে । [<মাঝা (<মধ্য)] ।

৪=[ঢা, চট্ট]—বি. ঘুড়ির সূতা শক্ত করার উপকরণ ।। গুড্‌ডিতে মান্‌যা দিমু । [দেখ মান্‌জানো] ।

মান্‌যি=[ব]—বি. গাছের কাণ্ড হইতে উদ্‌গত নূতন পাতা ।। [দেখ মান্‌জি] ।

মান্‌যুরি=[সি]—বি. পারিশ্রমিক ।। মেহ্‌নত্ কর্‌লে মান্‌যুরি মিলে । [< মজুরি (<মযদূর مزدور ফা.+ই প্র.] ।

মান্‌যুল্=[পা]—বি. বড় কাল পিঁপড়া ।। অ্যাত মন্‌যুল্ কোন্ খোনে আইল্ ?

মান্‌ডব্=[সি]—বি. বিরাট ঘর, মনিপুরী নাচ ঘর ।। [মণ্ডপ] ।

মান্‌ডলক্‌থি=[রং]—বি. ধান বা বা গম জাতের খাদ্যশস্য ।।

মান্‌ডালি=[কুম]—বি. পান সুপারীর নেশা ।। সুপারি খাইলে আমার্ মান্‌ডালি দরে ।

মান্‌তা=[কুম]—ক্রি. বিণ. কাকুতি মিনতি ।। [<মিনতি (<বিজ্ঞপ্তি, বিনতি) + আ] ।

মান্‌তাই=[ঢা]—বি. কলেরা রোগ (গালি অর্থে) ।। তরে মান্‌তাইয়ে দরুক্ ।

মান্‌তি=[ঢা, কুম, ম]—বিণ. মানতের ।। মান্‌তি রোযা রাখা ওয়াযেব্ । [<মানত (<মনস্থ)+ই প্র.] ।

মান্‌তে=[সি]—ক্রি. বিণ. অবধি ।। আমি আইসি মান্‌তে পুয়াটা কানসে । [<নাম+তে ; বর্ণবিপর্যয়] ।

মান্‌থলি=[খু]—বি. মাদুলী ।। তোর্ গলায় এত মান্‌থলি ক্যান্ ? [দেখ মাদ্‌লি] ।

মান্দ=[কুম]—বি. পুরুষ মানুষ ।। [<মর্দ مرد ফা.] ।

২=[ম]—বি. গর্ত বা ডোবা ।। গোবরের্ মান্‌দে বিশন্ গন্দ । [< মান্দ সং] ।

মান্দকুস্=[চট্ট]—বি. খেলা বিশেষ ।।

মান্দা=[রা]—বি. ময়লা ।। দেখ মান্‌জা] ।

২=[ম, পা]—বি. ডোবা, জলা জায়গার মাছ ধরিবার জন্য করা গর্ত ।। [দেখ মান্‌দ] ।

মান্দাই=[ম]—বিণ. খবিস, অসভ্য ।। লোক্‌টা দেখ্‌তে একেবারে মান্‌দাই ।

মান্দাইরা=[ঢা]—বিণ. যাহার গায়ে শীতে এক প্রকার কাঁটার মত হয় ।। ঐ মান্‌দাইরা তুই আমার্ কাসেতান্ হেদিক্ যা । [<মান্দার+ইয়া প্র.] ।

মান্দাইল্=[ঢা, কুম, ম]—বি. এক জাতীয় পিঁপড়া ।। মান্‌দাইলের্ কামুরে যব্‌র্ বিশ্ ।

মান্দাইল গাস্=[ঢা, কুম]—বি. মাঁদার বা পলাশ বৃক্ষ ।। মান্‌দাইল্ ফুল্ লাল্ । [<মান্দার গাছ] ।

মান্দাসা=[চট্ট]—বি. মাদ্রাসা ।। [<মদ্‌রসঃ مدرسه আং] ।

মান্দা দেওয়া=[ঢা]—ক্রি.বি. সূতা ধার এবং রং করা ।। আমার্ গুড্‌ডির্ সুতা মান্‌দা দেওয়া ঐয়া গেসে । [দেখ মান্‌যা৪] ।

মান্দার্=[নো]—বিণ. চাকর ।। আইয়্ কাইল্‌কার্ মান্‌দার্ কতা হুন্‌তে চায় না । [<মাহিয়ানহ্ ماهيانه ফা. +দার, دار ফা.] ।

মান্দার গাস্=[য,খু, নো]—বি. কাঁটাওয়ালা এক প্রকার গাছ, শিমুল গাছ ।। [দেখ মান্‌দাইল্ গাস্] ।

মান্দালি=[য]--বি. মাদুলি ।। এক্ সেট্ মানদালির্ দাম্ কত ? [দেখ মান্‌থলি] ।

মান্দিরা=[রং]—বি. ভতি ।।

মান্দের্=[খু]—বি. চাকর ।। তারে মান্‌দেরের্ মোতো রাখে ।। [দেখ মান্‌দার্] ।

মান্‌দুরা=[রং]—বি. ঝোলাঝুলি, সন্ন্যাসীর আসবাব ।।

মান্‌ন্যা=[রা]—বিণ. অনুগত, ধামা-ধরা ।। [=√মান্+ইয়া প্র.] ।

মান্‌রা লাগা=[ব]—ক্রি. মরিয়া যাওয়া ।। কলাগাসটা আর্ বাচ্‌বে না মান্‌রা লেগেসে । [<মাইন (<মঞ্জরি) + মরা লাগা] ।

মান্শতি=[সি]—বি. মনুষ্যত্ব ॥ লোক্‌টার্ মদ্যে মান্শতি নাই। [< মনুষ্যত্ব]।

মান্শা=[ব]—বি. মানত ॥ [< মানস+অ.]।

মান্শিক্=[ম]—বি. মানত ॥ অনেকে পিরের্ নামে শিন্নি মান্শিক্ করে। [< মানসিক]।

মান্শে=[খু]—বিণ. মিশুক, মানুষ প্রিয় ॥ তিনি মান্শে লোক্ একা থাক্‌তে পারেন্ না। [< মানুষ + এ প্র.]।

২=[খু]—বিণ. পোষমানা ॥ কবুতর্ খুব্ মান্শে পাখি। [< মা'নুস مأنوس আঃ]।

মান্শেতা=[খু]—বি. মনুষ্যত্ব ॥ তোর্ মান্শেতা আছে? [< মনুষ্যত্ব]।

মান্শের্ নয়্=[পা]—বিণ. অনুচিত ॥ খারাপ্ কায্ করা মান্শের্ নয়্। [< মানুষের নয়]।

মান্সাত্=[ব]—বি. উপহার, যৌতুক ॥ [দেখ মান্শেতা]।

মাপুরা=[বা]—বিণ. যাহাদের দাড়ি গোঁফ উঠে না ॥ [< মাকু (< মাকুন্দ < মৎকুন সং)+রা]।

মাফা=[ফ, ম]—বি. ডুলি, পালকী বিশেষ ॥ মাফা দিয়া বৌ আনে। [< মুহাফঃ محافه আঃ]।

মাফিক্=[কুম,চট্,নো]—বি. ভাব, মহব্বত ॥ হিতার্ লয়ে আমার্ খুব মাফিক্। [< মুবাফিক موافق আঃ]।

মাফ্‌তি=[ব]—বি. সিপাহীদের সামরিক পোষাক ॥ [mufti ইং < মুফ্‌তী مفتى আঃ]।

মাফ্‌লাট্=[য]—বি. মাফলার ॥ মাফ্‌লাটের্ দাম্ কত? [< মাফলার muffler ইং]।

মামা=[চা]—বি. পরিচারিকা ॥

মামাযু=[পা]—বি. শাশুড়ী ॥ [মাতা+জি]।

মামাশলা=[খু]—বি. তেলাকুচার ফল ॥

মামানি=[ময়]—বি. মামাতো ॥ মামানি বৈনের্ লগে তার্ বিয়া হৈছে। [< মামা + নি প্র.]।

২=[চা, ম]—বি. মামী ॥ [পূর্বে দেখ]।

মামু=[চা]—বি. মামা ॥ [< মামা + উ প্র.]।

মামুতক্কি=[বা]—বি. বড় নৌকার গলুইর দিকে খাড়া করা মোটা থাম ॥

মামুনকিশান্=[ব, রং]—বি. সাহায্যকারী কৃষাণ, যাহারা শুধু ভাত খাইয়া পয়সা না লইয়া কাজ করে ॥ [< মাঙ্গন কৃষাণ]।

মামেরি=[বা]—বিণ. একচোখা ॥ তুমি বড় মামেরি লোক্।

মামেলা=[চট]—বি. লেনদেন ॥ তোঁয়ার্ এই মামেলাত্ আঁই নাইয্ তাম্ ন। [< মু'আমিলঃ معامله আঃ]।

মাম্‌দা=[চা]—বি. গালি বিশেষ ॥ দুরু মাম্‌দার্ ঘরের্ মাম্‌দা। [মাম্‌দা = নীচ ব্যক্তির নাম]।

মাম্‌দাগিরি=[কুম]—বি. অতিরিক্ত ফাজলামি ॥ মাম্‌দাগিরি থোও। [দেখ মাম্‌দা + গরী گری ফা.]।

মাম্‌দার্=[কুম]—বিণ. ফাজিল ॥ পোলাডা যবর্ মাম্‌দার্। [দেখ মামেলা + দার دار ফা.]।

২=[চা]—বিণ. গালি বিশেষ ॥ [পূর্বে দেখ]।

মামদিক্ খেন্=[চা]—বি. সুবর্ণ সুযোগ ॥ [< মহেন্দ্রক্ষণ]।

মাম্‌দির্ পো=[চা]—বিণ. গালি বিশেষ ॥ মাম্‌দির্ পো দেইক্কা লৈও এইবার্। [দেখ মাম্‌দা + এর (সম্বন্ধে) + পো(< পুত্র)]।

মাম্‌লতর্ পোকাই=[সি]—বিণ. স্বার্থপর ॥ তুমিত দেহি মাম্‌লতর্ পোকাই। [দেখ মাম্‌লত্+র (সম্বন্ধে) + পোকা + ই প্র.]।

মাম্‌লতি=[সি]—বিণ. মামলাবাজ ॥ লোক্‌টা বর মাম্‌লতি। [দেখ মাম্‌লত + ই]।

মাম্‌লত্=[সি]—বি. বিষয় ॥ ঐ লোক্‌টা যে তোমার্ কাছে আছে তার্ মাম্‌লত্ কি? [দেখ মামেলা]।

২=[সি]—বি. স্বার্থ, কার্য ॥ মাম্‌লতের্ কথা কেউরে কৈও না। [পূর্বে দেখ]।

৩=[চা]—বি. টাকা পয়সা ॥ [পূর্বে দেখ]।

৪=[কুম]—বি. আসল বস্তু ॥ [পূর্বে দেখ]।

মাম্‌লা হান্‌দানো=[সি]—বি. মামলা তৈয়ার করা ॥ লোক্‌টা মাম্‌লা হান্‌দাইতে উস্তাদ্। [দেখ মামেলা + সাজানো]।

মায়ল্‌লি=[চট]—বি. মেয়েলি প্রকৃতির লোক ॥ মায়ল্‌লির্ মত করে বৈ কান্দ কিল্লাই? [< মেয়ে + আলি প্র.]।

মায়া=[ব]—বি. মা ॥ [মাতা]।

মায়াদারি=[চা]—বিণ. স্নেহশালা ॥ খালার্ খুব্ মায়াদারি মানুষ্। [< মায়া + দার دار ফা. + ই প্র.]।

মায়াদার্=[সি]—বিণ. স্নেহশীল ॥ লোক্‌টা খুবে মায়াদার্। [দেখ মায়াদারি]।

মায়ামাস্=[খু]—বি. মৌরলা মাছ ॥ মায়ামাস্ রুগির্ পত্থ।

মায়াম্=[সি]—বি. গোলাঘর, ধানের গুদাম্ ॥ মায়াম্ বরা ধান্ আর্ মাঠ্ বরা পাট্।

মায়ালোগ্=[চট]—বি. মেয়েছেলে ॥ মায়ালোগের্ কাছে তোঁয়ার্ কি কাম্? [মেয়ে লোক]।

মায়ে=[খু]—বি. মেয়ে ॥ মায়ের্ যানাই এশেসে। [মেয়ে]।

মায়েন্দার্=[ম, সি]—বি. বাড়ির চাকর, মজুর ॥ [দেখ মান্দার]।

মায়ের্ কানের্ শোনা চোর্=[বা]—বিণ. নিকৃষ্ট স্বভাবের লোক ॥ [< মায়ের কানের সোনা চোর; বাগধারা]।

মায়েল্=[খু]—বিণ. মিশ্রিত ॥ চিনি গুলো মায়েল্ করা হয়েছে? [< মাখাইল]।

মায়গবারি=[ঢা]—বি. মাতুলালয় ॥ তর্ মায়গবারি কৈ? [দেখ মায়া+গো বাড়ি]।

মায়তা মায়তি=[সি]—বি. মেলা-মেশা ॥ এত মায়তামায়তি বালা না। [<√মাখ্+তা+মাখতি]।

মায়মন্=[সি]—বি. জেলে ॥ [দেখ ময়মন্]।

মায়শা=[খু]—বি. মৃৎপাত্র বিশেষ ॥ [<মালশা]।

মারা=[চট্ট]—বি. পাল্কী বাহক ॥ মারা পাল্কি বয়। [<মাড়োয়া<মাড়োয়ারী]।

২=[কুম]—ক্রি. নিক্ষেপ করা ॥ [<(ছুড়িয়া) মারা]।

মারাইল্=[কুম]—বি. ঘরে ব্যবহৃত এক প্রকার বাঁশ ॥ মারাইল্ না দিলে গর্ তোলা যায় না। [তুং মারুল (ম)]।

মারাক্কুর্=[পা]—বি. পটু ॥

মারাত্তুক্=[পা]—বি. দাঙ্গাবাজ ॥ [<মারাত্মক]।

মারা দেওয়া=[কুম]—ক্রি. বি. মলন দেওয়া ॥ দানের্ মারা দেওয়া কাম্ শারসে? [<মাড়া+দেওয়া]।

মারানি দেওয়া=[ঢা]—ক্রি. ইজ্জত বিক্রি করা ॥ মারানি দিতে কৈ গেসিলা? [<√মার্+আনি প্র.+দেওয়া (অশ্লীল)]।

মারানির্ গরের্ মারানি=[ঢা]—বি. গালি বিশেষ ॥ [দেখ মারানি দেওয়া]।

মারান্যা=[পা]—বিণ. ক্ষমতাবান্ (ঘৃণা স্থলে) ॥ [দেখ মারানি দেওয়া]।

মারানো=[রা]—ক্রি. দেখানো ॥ এর্ শময় ইয়ার্কি মারাবে না। [<মার+আনো প্র.]।

মারান্=[বা]—বি. অসৎকর্ম ॥ মারান্ ভালো তো পুড়ান্ ভাল না। [<√মার+আন (অশ্লীল)]।

মারামত্=[বা]—বি. মেরামত ॥ নাও খানা মারামত্ করা দর্কার। [মরম্মত مرمت আং]।

মারিগা=[কুম]—বি. বক, ডাহুক প্রভৃতি ধারার ফাঁদ ॥

মারিয়া=[নো]—বি. ডাঁটা তরকারী ॥

২=[কুম]—বি. বক ডাহুক প্রভৃতি ধরার ফাঁদ ॥ [দেখ মারিগা]।

মারু=[রা]—বি. একটি ধানের নাম ॥

২=[ঢা]—বি. অন্যের জিনিস ধার নিয়া আর ফিরাইয়া না দেওয়া ॥ আমার্ বৈডা বুঝি মারু কর্লি? [√মার্+উ প্র.]।

৩=[ঢা,ফ]-বিণ. খুব বড়, সাংঘাতিক ॥ আগের্ মানুশ্ মারু সিন্। [পূর্বে দেখ]।

মারুক্=[সি]—বিণ. হিংস্র, মারিতে উস্তাদ ॥ লোক্টা বড় মারুক্। [<মার্+উক]।

মারুখা=[কুম]—বি. ডাহুক, বক ইত্যাদি ধরার ফাঁদ ॥ মারুখা দিয়া ডাউক্ দরে। [দেখ মারিগা]।

মারুতারু=[ম]—বিণ. যেমন তেমন ॥ গরুডা মারু তারু।

মারুপদি=[খু]—বিণ. শক্ত ॥ গেরোটা মারুপদি হয়েসে। [দেখ মারু৩+পদ (মর্যাদা)+ই প্র.]।

মারুয়া=[ফ]—বি. মাড়োয়ার দেশ-বাসী ॥ [<মাড়োয়ারী]।

২=[সি]—বি. মাটির এক প্রকার বড় পাত্র ॥ মারুয়াতে চাঁউল্ আসে। [<মাট+আ প্র.]।

৩=[সি]—বিণ. মেটে ॥ মারুয়া রং। [পূর্বে দেখ]।

মারুলি=[রং]—বি. গ্রাম্য পথ ॥ [দেখ মাঠার্]।

মারুল্=[ম]—বি. শিরদাঁড়া ॥ তার্ মারুল্ বাইংগা গেসে।

মারেকা=[কুম]—বি. শশা বিশেষ ॥

মারৈয়া=[কুম]—বি. পাখী ধরার ফাঁদ ॥ [দেখ মারিগা]।

মারৈল্=[ম]—বি. খুঁটির মাথার বাঁশ ॥ [দেখ মারুল্]।

২=[ফ]—বি. বক ধরিবার ফাঁদ ॥ মারৈল্ পাত্তে কয়ডা পুডি মাস্ দর্। [<√মার্+ইল]।

মারৈল্ পোরা হাপ্=[কুম]—বি. ঘরের বাতায় থাকে যে সাপ ॥ [দেখ মারুল্+পোষা+সাপ]।

মারোয়া=[রং]—বি. ছায়ামণ্ডপ ॥ গাছের্ মারোয়াত্ বশেক্।

মার্=[রং]—বি. দুইটা বড় নৌকা একত্র বাঁধিয়া তাহার উপর দিয়া গরুর গাড়ী পার করার ব্যবস্থা ॥ মার্ভাত্ করে গাড়িটা পার্ কর্।

মার্কি=[পা, কুম, ঢা]—বি. দুল, কানের অলংকার বিশেষ। [<মাকড়ী]।

মার্কৈলাশ্=[ঢা]—অব্য. জয়ধ্বনি সূচক ॥ মার্কৈলাশ্ তুই আইয় যিতা গেলি। [<মার+কৈলাস (পর্বত শৃঙ্গ)]।

মার্গের্ শাল্=[ম]—বি. অস্বস্তিকর বস্তু ॥ [<মার্গের (=গুহ্য দেশের)+শলা; বাগ্‌ধারা]।

মার্গ=[রা]—বি. পা ॥ দেখ্ জখন্ তখন মার্গ দেখাশ্ না। [<মার্গ; অর্থ প্র.]।

২=[রা, কুম, ঢা]—বি. গুহ্যদ্বার, পাছা ॥ [পূর্বে দেখ]।

মার্টিন্=[ম]—বিণ. ঢিলা, ধীর ॥ গরুটা দারুন্ মার্টিন্।

মার্মারয়া=[ম]—বিণ. নাম করা, বিখ্যাত ॥ রহিম্ একজন মার্মারয়া লোক্ [<√মার্+√মার্+ইয়া প্র.]।

মালতে=[সি]—অব্য. সময়ের জন্য ॥ [দেখ মানতে]।

মালত্=[চট্ট, ফ, কুম]—বি. পাড়ার, সমাজ ॥ তেয়িঁই মালতর্ শর্দার্। [<মাল<মেল+ত প্র.; তুং মিল্লত ملت আং]।

মালা=[বা, ফ]—বি. মাটির পাত্র ॥

২=[চট্ট]—বিণ. পুরুষ (প্রাণী) ॥ আঁরার্ উগ্‌গুয়া মালা হরিন্ আসে।

৩=[রা]—বি. বাঁশের অগ্রভাগ ॥ মালাত্ লাগি কাপড়্ ছিড়ে গেল্।

৪=[খু]—বি. অক্ষম ॥

মালাই=[ব]—বি. নারিকেলের মালা ॥ মালাই করিয়া ভিক্ষা দাও। [< মালা + ই]।

২=[রং]—বিণ. হাঁটু ॥ এ্যাক্ মালাই পানিতেও রোয়া গাড়া চলে।

মালাইম্=[সি]—বি. কুস্তি, শক্তি পরীক্ষা ॥ প্রায় মালাইম্ করিতে উদ্যত। [< মাল (< মল্ল) + আমি প্র.]।

মালাউন্=[ম, চা, কুম]—বি. বিধর্মী ॥ [< মল'উন ملعون আ: = অভিশপ্ত]।

মালাচাঁড়ি=[নো]—বি. ছোটদের খেলা বিশেষ ॥

মালানো=[ফ]—ক্রি. বিদ্ধ হওয়া, এফোঁড় ওফোঁড় হওয়া ॥ [< মালা (< মালা) + নো প্র.]।

মালামত্=[চা]—বি. শায়েস্তা, সাজা, শাস্তি ॥ আর্ তরে আপ্না মালামত্ করুম্। [ملامت আ:]।

মালামত্ দেওয়া=[চা]—ক্রি. নৌকা প্রভৃতির ভাঙ্গা সারান ও পার আল্কাৎরা দেওয়া ॥ নাওডা মালামত্ দেওয়া ঐসে? [দেখ মালামত্ + দেওয়া]।

মালামো=[য]—বি. কুস্তি ॥ আয় আমি আর্ তুই মালামো করি। [মাল + আমো প্র. ; দেখ মালাইম্]।

মালাম্=[ক, য]—বি. কুস্তি, লড়াই ॥ আয়কে তুমি মালাম্ করবে নাকি? [দেখ মালামো]

মালি=[বা]—বি. মা (সম্বোধনে) ॥ তোমরা কতি পার আমার মালি গেয়েসে কোথায়? [< মা + লি]।

২=[চট্ট]—বিণ. মাদী ॥ আঁবার্ উগ্গুয়া মালি হরিন্ আসে। [দেখ মালা]।

৩=[ব]—বি. আমন ধানের নাম বিশেষ ॥

৪=[বা]—বি. লম্বা সেলাই ॥

৫=[কুম, পা, চা]—বি. জাল তৈয়ারীর হিসাব ॥ তোমার কয় মালি দেওয়া হল্?

৬=[কুম]—বি. গালি ॥ গালির বিরায় ছের্ বারি যায়।

মালি বেগার্=[সি]—বি. বেহারা ॥ এরা যমিদারের মালি বেগার্। [< মালী + বেকার]।

মালি মামলত্=[কুম]—বি. টাকা পয়সা ॥ কয়্ মালিমামলত্ আছে? [< মাল + মামলত্ (দেখ)]।

মালিয়া=[সি]—বিণ. দুষ্ট ॥ পুরাটা খুব্ মালিয়া। [< মাল (< মল্ল) + ইয়া]।

২=[ন]—বি. মালী, যাহারা মালা গাঁথে ॥ [< মালী + য়া]।

মালিশ্=[কু]—বি. নিরাময় ॥ [< মালিশ مالش ফা. ; অর্থ প্র.]।

মালুম্=[কুম, নো, চট্ট, চা]—বি. সাগরের শিক্ষা ॥ মাওলানাদের এক্যন্ মালুম্ থাকে। [< মু'আল্লম معلم আ: = শিক্ষা]।

মালুম্ কৈরা=[চা]—অস. ক্রি. গূঢ়ভাবে সন্ধান করিয়া, হৃদয়ঙ্গম করিয়া ॥ কতাডা মালুম্ কৈরা ক। [< মা'লূম معلوم আ: + করিয়া]।

মালুয়া=[বা]—বিণ. নেশাসক্ত ॥

মালে=[খু]—বি. পাট ॥ মালে আনতি যাবি নাকি?

মালে বর্গায়্=[চা]—ক্রি. বিণ. বমাল, হাতেনাতে ॥ চো'র্ এক্কেরে মালে বর্গায় ধরা পরুসে।

মালেমন্ত=[য]—বিণ. পালোয়ান ॥ লোক্টা খুব্ মালেমন্ত। [< মাল (< মল্ল) + মন্ত]।

মালেয়া=[কুম]—বি. ভাল, সুস্থ ॥

মালৈ=[খু, পা, বা, সি]—বি. নারিকেলের মালা ॥ [দেখ মালাই]।

২—[বা]=বি. নারিকেলের মালার তৈরী চামচ ॥ মালৈ দিয়া ডাইল্ খার। [পূর্বে দেখ]।

মালো=[কু, খু]—বি. ধীবর ॥

২=[য]—বি. কুস্তিগীর। রহিম্ খুব্ বর মালো তার্ শাথে কেউ পারবা উডে না। [< মাল (< মল্ল) + ও প্র.]।

মালোত্=[পা]—বি. ধর্ম ও সামাজিক আচার অনুষ্ঠান পালনের জন্য গঠিত ক্ষুদ্র ক্ষুদ্র দল ॥ [দেখ মালত্]।

মাল্=[পা]—বি. খাই খবিষা ॥

২=[পা]—বি. চর্কা ঘুরানোর রশি ॥ মাল্ ছাইড়া দিলে চর্কা ঘুরবো।

৩=[বা, ফ]—বি. কাঁপা লেপ ষ্টেক্ করার সূতা ॥ কাথাতে মাল্ দে।

৪=[চট্ট]—বি. বড়শীর সূতা ॥

৫=[ফ]—বি. কোমরের তাগা ॥

৬=[খু]—বি. দলের ভূমি ॥

৭=[ফ, চা]—বি. মণি, বীর্য, শুক্র ॥ [< মাল مال আ: = সম্পদ]।

৮=[কুম, ফ]—বি. পাহলোয়ান, শক্তিশালী মানুষ ॥ [< মল্ল]।

মাল্কাচ্=[পা]—বি. মালকোচা ॥ [< মল্লকচ্ছ]।

মাল্কারানো=[কুম]—ক্রি. কুলানো, অভাব মিটানো ॥ যত চায় তত দেই তবুও মাল্ কারায় না। [মাল [কাড়ানো]।

মাল্কার্ পনা=[রা]—বিণ. ময়লা, নোংরা ॥ এমন মাল্কার পনা হবা আমি থাকতি পারবুনা।

মাল্কাসা=[ফ]—বি. মালকোচা ॥ [দেখ মাল্কাচ্]।

মাল্গুংরা=[সি]—বি. মাল পাকা ॥ মাল্গুংরা লাকাইয়া চ'লে। [দেখ মাল্৬ + ঘুর্ঘুর + আ]।

মাল্গুগ্রা=[চা]—বি. এক প্রকার পোকা ॥ মাল্গুগ্রার্ গন্ধ খারাপ্। [দেখ মাল্গুংরা]।

মাল্গুজার্=[রং]—বি. ভূমিকর ॥ এই জমিনের্ মাল্গুজার্ কত? [< মাল مال আ: + গুযর گزر ফা.]।

মাল্গোটা=[ব]—বিণ. খাটো ॥ চোরাটা মাল্গোটা।

মাল্ছ্যা=[রা]—বি. আবছা, অন্ধকার ॥ [< মাল < ময়লা + ছ্যা < সিয়াহ্ سیاه ফা.]।

মাল্যোগ্=[ফ]—বি. আমন ধানের শ্রেণী বিশেষ ।।

মাল্ ঠামানো=[সি]—ক্রি. মালপত্র গোছান ।। শব্ মাল্ ঠামায়া রাখ্। [< মাল + ঠাই + আনো প্র. ; নামধাতু]।

মাল্ত্যা=[ম]—বি. হালুয়া ।। মাল্ত্যা দিয়া রুটি খাইতে বালা ।

মাল্পাতি=[ম]-বি. বিষয় সম্পত্তি ।। মাল্পাতি বাট্ কৈরা দ্যাও। [<মাল +পত্র+ই]।

মাল্পানি=[চা]—বি. টাকা পয়সা ।। আবে হালায়্, মাল্পানি যিন্দাবাদ্ । [মাল+পানি]।

মাল্পুকা=[বা]—বি. এক প্রকার কীট।। মাল্পুকা মরিচ' বেগুন্ গাস্ নশ্‌ট করে। [<মাল পোকা]।

মাল্পোক্=[বা]—বি. উচিচংড়া জাতীয় পোকা।। মাল্পোক্ বেশি লাফায়্। [দেখ মাল্পুকা]।

মাল্ব্যাশাত্=[ম]—বি. ধন সম্পত্তি ।। [<মাল مال আং+বিসাত بساط আং]।

২=[কুম]—বি. আসবাবপত্র ।। [পূর্বে দেখ]।

মাল্বোগ্=[নো]—বি. এক প্রকার আমন ধান।। [মাল ভোগ]।

মাল্মাত্তা=[সি]—বি. ধন দৌলত।। তার্ মাল্মাত্তা শব্ গেসে। [<মাল +মতা' مطاع আং]।

২=[চট্ট]—বি. আসবাব পত্র।। [পুর্বে দেখ]।

মাল্লত্=[কুম]—বি. সমাজ ।। [দেখ মালত্]।

মাল্লাইয়া=[ব]—বিণ. মাঝি বা মাল্লাবিশিষ্ট। এ্যাক্ মাল্লাইয়া নাও। [<মল্লাহ ملاح আং+-ইয়া]।

মাল্ লাগা=[ব]—ক্রি. কুস্তি করা ।। [<মাল(<মল্ল)+লাগা]।

মাল্লি=[কুম]—বি. মৃতবৎসা নারী, যে নারীর শিশু বেশী বাঁচে না।। তে মাল্লির্ পোলা। [<মর্+লি প্র.]।

২=[রং]—বি. সড়ক, গ্রাম্যপথ।। [মাঠাল্ (দেখ মাঠাল)+ই]।

৩=[দি, রং]—বি. জমির আইল, আলি।। [দেখ মাঠার্+ই]।

মাল্শা=[কুম]—বি. দুধ বা দধির পাতিল।। এ্যাক্ মাল্শা দৈএর্ দাম্ কত?

২=[চট্ট]—বি. খোরা ।। মাল্শায় করি আন্। [পূর্বে দেখ]।

৩=[ব]—বি. মালখানা।। [<মাল +শালা]।

মাল্শাট্=[য]—বি. মালকোচা। [<মাল (<মল্ল) +সাট<সাপট (< সর্প.বৃত্ত)]।

মাল্শাবোগ্=[খু]—বি. নামযজ্ঞান্তে বৈষ্ণবী প্রসাদ।। [<মালসা ভোগ]।

মাল্শি=[চট্ট, নো, কুম]—বি. পাতলা কাঁথা।।

মাল্শিরা=[রা, রং]—বি. এক জাতীয় আমন ধান।। মাল্শিরা ধানের্ ভালা খৈ হয়্।

মাশা =[ব, ফ]—বি. মশা ।। [< মশা]।

২=[রং]—বি. মানকচু।। কোন কোন মাশা মুখেতে ধরে।

মাশাবদি=[চা]—ক্রি. বিণ. মাস জুড়িয়া।। মাশাবদি ব্যারামে বুগলাম্। [<মাস+অবধি]।

মাশুড়্=[খু]—বিণ. দক্ষ, পটু।। [<মশ্হুর مشهور আং]।

মাশুন্দা=[রা]—বি. মুখের কৃষ্ণ-বর্ণের দাগ।। [<মেচেতা, মাছিতা]।

মাশুম্=[রা, ম]—বিণ. ভীষণ, অত্যন্ত।। এ ব্যাটা মাশুম্ চো'র্।[<মহ্কম محکم আং; তু: মোক্ষম]।

মাশুরা=[সি]—বি. মাসিক।। মাশুরা ইশাবের্ দুদ্ দৈলসি। [<মাসোহারা <মাস+হার+আ]।

মাশুর্=[কুম]—বি. হঁস।। [< শ'উর شعور আং]।

মাশেক্ পাশেক্=[চা]—বি. বেশ কিছু দিন।। বাপের্ বারি গিয়া মাশেক্ পাশেক্ খাইক্যা আহক্। [<মাস +এক+পাশেক (অনুঃ)]।

মাশেরা কাম্লা=[ম]—বি. দিনমজুর, ঠিকা কামলা।। মাশেরা কাম্লারা খুব গরিব্। [দেখ মাশুরা+কাম (কম) +লা]।

মাশ্ কাওরা=[চট্ট]—বি. স্ত্রীলোকের মাসিক ধাতুস্রাব।। [<মাস+কাবার (<acabar পোর্তু.)]।

মাশ্কা হওয়া=[রা]—ক্রি. ঋতুবতী হওয়া ।। [<মাসিক+হওয়া]।

মাশ্ঠিকা=[বা]—বি. মাস মাহিনার চাকর ।। [<মাস+ঠিকা]।

মাশ্ড়া=[রং]—বি. মাসিক কর, মাসিক ভাড়া।। বাড়িটার্ মাশ্ড়া কত? [দেখ মাশুরা]।

মাশ্তর্ শাল্=[রা]—বি. আউশ ধানের শ্রেণী বিশেষ।।

মাশ্না=[রা]—বি. যাদু।। [পরে দেখ]।

২=[রা]—বি. দেবতা, ভূতের শ্রেণী বিশেষ।। [< মশান < শ্মশান সং অর্থ প্র.]।

মাশ্ বরাদি—[কুম]—বিণ. একমাস ভরিয়া।। এমুন্ মাশবরাদি ম্যাগ্ কে দেখ্‌সে! [<মাস+বরাদ্দ<বরআবরদ برآورد ফা.]।

মাশ্শক্=[পা]—বি. ভালবাসার লোক।। [<ম'শূক معشوق আং]।

মাশ্শ্যা=[ফ]—বি. খালু, মেশো।। [<মাসী+ইয়া প্র.]।

মাসা=[চট্ট]—বি. মাচান।। বালিশ্‌গুনা মাসায়্ থোও। [<মাচা (< মঞ্চ)]।

মাসাল্=[খু]—বি. চিলজাতীয় পক্ষী বিশেষ।। [<মাছ+আল প্র.]।

মাসুড়ে=[খু]—বি. মাছ ধরিতে পটু এমন।। তুই আস্‌সা মাসুড়ে! [< মাছ+উড়ে প্র.]।

মাসুয়া=[সি]—বি. মৎস্যজীবী।। [<মাছ+উয়া প্র.]।

মাস্থরা=[সি]—বি. মাছরাঙা পাখী॥ মাস্থরা দ্যান্ দর্সে। [<মাছ+উরা প্র.]।

মাসেরে=[কুম]—ক্রি. বিণ. মাছ ধরিবার জন্য॥ [<মাছ+এর প্র. +এ (বিভক্তি)]।

মাসের্ ফোট্=[কুম]—বি. মাছের নিশ্বাস ত্যাগের বুদ্বুদ্॥ মাসের্ ফোট্ দেইখ্যা বরি হালাও। [<মাছের+ফুট(<স্ফোট); তুঃ ফুটকি]।

মাস্তে=[খু]—বি. আমের পোকা॥ আমের্ ভিতর্ মাস্তে থাকে। [পরে দেখ]।

২=[খু]—বি. চিতা, কাপড়ের কালো কালো দাগ॥ [<মেচেতা, মাছিতা]।

মাস্না=[খু]—বি. কালো খারাপ চাউল॥

মাস্রাংগা=[খু]—বিণ. ঈষৎ লাল, পক্ক প্রায় (ধান্যাদি)॥ ধান্ মাস্রাংগা হয়েসে। [<মাছ+রাঙ্গা]।

মাস্সাবর্=[চট]—বিণ. সুগন্ধি॥ [<মুসব্বর مصبر আং]।

মাস্সিন্=[চট]—বি. মাছগুলি॥ বেঁআক্ মাস্সিন্ খাই ফেলাইস্ ন। [<মাছ+গুলি=ন]।

মাস্সুয়া=[চট]—বি. মাছটা॥ ই বড় মাস্সুয়ার্ দাম্ কত? [<মাছ +উয়া প্র.]।

২=[ম]—বিণ. যাহার মাছ ধরার নেশা বেশী॥ এমন্ মাস্সুয়া মানুশ্ কোনু কাযের্ না। [পূর্বে দেখ]।

মাস্সুয়ারানা=[চট]—বি. মাছরাঙা॥ [<মাছরাঙ্গা]।

মাস্সোরান্=[কুম]—বি. আঁচলের-চাবি॥ [সোরান্<ছোড়ান=চাবি]।

মাস্তাক্=[নো]—বি. শীতল পাটি তৈরীর গাছ॥

মাহড়া=[য]—বি. মাকড়সা॥ [<মাকড়া (<মর্কট)]।

মাহর্=[কুম]—বি. মাকড়সা॥ মাহরের্ বাশা। [দেখ মাহড়া]।

মাহা=[ঢা]—বি. মশা॥ রাইতে মাহার্ লাইগ্যা গুমাইতে পারি না। [<মশা]।

২=[ফ]—বি. ভরতা, চাটনি॥ চিংরি মাসের্ মাহা খুব্ মযা। [<মাখা]।

২=[য]—বিণ. মাখা॥ মাহা ভাত্ ফেলে দিস্ না। [পূর্বে দেখ]॥

মাহাতামাক্=[বা]—বি. রাব দিয়া তৈরী তামাক॥ চ'াইর্ দৈপশর্ মাহা তামাক্ দেন্। [<মাখা তামাক]।

মাহারা=[চট]—বি. পাল্কী॥ [<বেহারা]।

মাহালত=[রা]—বি. গ্রামের অধিবাসী॥ [দেখ মালত্]।

মাহাল্=[কুম]—বি. বাঁশ বিশেষ॥ মাহাল্ বাশের্ দাম্ কত?

২=[কুম]—বি. মাকাল ফল॥ [<মাকাল]।

৩=[চট]—বি. মৃগাল মাছ॥ [<মৃগাল]।

মাহি=[ঢা]—বি. মাসী, খালা॥ [<মাসী]।

মাহিওয়ালা=[ব]—বি. সর্পের শ্রেণী বিশেষ॥

মাহিত=[য]—বি. তথ্য, দিশা॥ ভেবে এর্ মাহিত্ পেলাম্ না। [<মাহিয়ত ماهيت আং]।

মাহেত=[য]—বি. অর্থ॥ কথাটার্ কোনু মাহেত্ পাইতেসি না।

মাহে মাহে=[ঢা]—ক্রি. বিণ. মাসে মাসে॥ মাহে মাহে এ্যাত ট্যাহা কোথায় পাম্? [<মাসে মাসে]।

মাহুরা বওয়া=[ম]—ক্রি. বুকে বাহিয়া তালগাছে উঠা॥

মাহুর্ বিশ=[রং]—বি. তীব্র বা মারাত্মক বিষ॥ মাহুর্ বিশ্ খাই মৈরম্। [<মুহ্লিক مهلك আং+বিষ]।

মাহৈ=[ঢা]—বি. ভুট্টা॥ মাহৈ পুরা খাও। [<মাকাই]।

মাহোর্=[ম, ঢা, কুম]—বি. মাকড়সা॥ মাহোরের্ যাল্। [দেখ মাহর্]।

মাহ্না=[কুম]—বি. পানিফল, সিঙ্গাড়া॥ বৈশাখ্ মাশে বিলে মাহ্না পাওয়া যায়। [<মাখনা]।

মাহ্ফেল=খু]—বি. অনুষ্ঠান॥ [<মহফিল محفل আং]।

মি

মিউরি=[ঢা]—বি. মিষ্টি খাদ্য॥ মিউরি খাইয়া প্যাট্ বর্সে। [<মিঠ্ (<মিষ্ট)+উরি প্র.]।

মিকার্=[কুম]—বি. রকম, আকার॥ [<মিক্দার مقدار আং]।

মিকুয়ানো=[সি]—ক্রি. দাঁত দেখাইয়া মুখ ভেংচানো॥ [<মুখ+ই+আনো প্র.; নামধাতু]।

মিক্কা=[চট]—বি. দিক্, মুখী॥ আঁর্নে (আপনে) কোন্ মিক্কা অনে আয়েন্। [<মুখ+ইয়া]।

মিক্দার্=[কু]—বিণ. ধরণ, জাত॥ তুমি যে কি মিক্দারের্ লোক্ তা আমার্ যানা আসে। [দেখ মিকার্]।

মিখুন্নি=[কুম]—বি. বিড়াল॥ [<মেকুর+নি প্র.]।

মিচু=[পা]—বি. লিচু॥ এ্যাক্শো মিচু আনিশ্। [<লিচু]।

মিচ্‌'কাশয়্‌তান্=[চা]—বিণ. যে ভিতরে বা মনে মনে শয়তান ॥ মিস্‌কীন مسكين আং কিংবা মিট্‌কি+শয়তান (شيطان আং)।

মিচ্‌'কি শয়তানি=[ফ]—বি. তলে তলে শয়তানী ॥ [দেখ মিচ্‌'কা শয়্‌তান্+ই]।

মিচ্‌চানা=[রা, ব]—বিণ. সামান্য ॥ মিচ্‌চানা তর্‌কারি দে মা (রা)। [< মিছা (<মিথ্যা)+এক না]।

মিচ্‌চানি=[রা]—বি. গুড়ের শুকনা ছোট ছোট দানা বিশেষ ॥ চার্ পয়্‌শার্ মিচ্‌চানি কিনে আনেক্। [< মিষ্ঠান্ন]।

মিচ্‌চানেক্=[রা]—বিণ. সামান্য ॥ [দেখ মিচ্‌চানা+এক]।

মিচ্‌'চ'ান্‌না=[ব]—বিণ. অল্প একটু ॥ আগারে মিচ্‌'চ'ান্‌না দুধ্ দ্যাও ? [দেখ মিচ্‌চানা]।

মিচ্‌চি=[রা]—বিণ. সামান্য ॥ তোর্ জনন মিচ্‌চি দুধ্ রেখেছি খেয়ে নে। [দেখ মিচ্‌চানা]।

মিচ্‌'চি'রি=[ব]—বি. মিসরি ॥ [<মিসরী مصری ফা. <আং]।
২=[ব]—বি. মিস্ত্রী ॥ [<মিস্ত্রী <mestre পোর্তু.]।

মিছিফল্=[রা]—বি. লিচু ॥ এবার্ বাজারে খুব্ মিছিফল্ দেখ্‌লাম্। [দেখ মিচু'+ফল]।

মিছ্‌ভর্‌=[দি]—বি. বরের বন্ধু, বর যাত্রী ॥

মিযা=[সি]—বি. যোগ ॥ এবার দাম্‌টা মিযা দিলাও। [দেখ মিযান্ (+কুল كل আং) শব্দের সং. রূ.]।

মিযান্=[কুম]—বি. পাল্লা বাটখারা ॥ [<মীযান میزان আং]।

মিযায্=[সি]—বি. চরিত্র ॥ লোক্‌টার মিযায্ বালা না। [<মিযাজ مزاج আং]।

মিযায্‌মর্‌যি=[সি]—বি. মনোভাব ॥ মিযায্‌মর্‌যি বোঝা মুশ্‌কিল্। [দেখ মিযায+মরযী مرضی আং]।

মিযি=[কুম]—বি. মিয়াঁজী, মিয়াঁ সাহেব ॥ [<মিয়াঁ میاں হিং+জি]।

মিযিরি=[চট্ট]—বিণ. তিক্ত ॥

মিয্‌মিযে=[বা]—বিণ. সোজা প্রকৃতির ॥ লোক্‌টা বর মিয্‌মিযে ॥ [<মিয্‌মিয্ (অনু.)+এ প্র.]।

মিয্‌মিয্=[সি]—অব্য. চিক্‌চিক্ ॥ [অনু.]।

মিটে=[য]—বিণ. মিষ্টি ॥ লিচু' গুলো খুব্ মিটে। [<মিঠে<মিঠা<মিষ্ট সং]।

মিট্‌কানো=[খু]—ক্রি. হাসা ॥ আর্ মিট্‌কেশ্ নে।

মিট্‌কি=[নো]—বি. ছোট মটকা বা মেটে পাত্র ॥ [<মটকী]।

মিট্‌কিশয়্‌তান্=[নো]—বিণ. ভিতরে ভিতরে শয়তান ॥ তার্‌মত মিট্‌কি শয়্‌তান্ আর্ নাই। [তুং মিটমিটে শয়তান]।

মিট্‌ডাড়ি=[রং]—বি. মেরুদণ্ড ॥ [<মেরুদণ্ড]।

মিঠা=[বা]—বি. গুড় ॥ বাযার্ হতে এ্যাক্ শ্যার্ মিঠা আনিও। [অর্থ প্র.]।

মিঠাই=[চা]—বি. গুড় ॥ মিঠাই দিয়া মুরি খাও। [দেখ মিঠা]।

মিঠাইচু'রা=[সি]—বি. এক জাতীয় ছোট গাছ ॥

মিঠাইবাযি=[সি]—বিণ. যে স্বার্থের জন্য মিষ্টি কথা বলে ॥ তুমি বর মিঠাই বাযি ॥ [দেখ মিঠাই+বাযী بازی ফা.]।

মিঠ্‌ইর্ মা=[সি]—বিণ. যে শুধু মুখেই মিঠা কথা কয় ॥ তুমি বর মিঠাইর্ মা। [<মিঠাই+এর (সম্বন্ধে)+মাতা]।

মিঠাত্যাল্=[পা]—বি. সরিষার তেল ॥ মিঠা ত্যাল্ আসে না ? [দেখ মিঠা+তৈল]।

মিঠাভরিপান্=[রং]—বি. সুমিষ্ট পান ॥ [<মিষ্টি ভরা পান]।

মিঠালাউ=[চট্ট]—বি. মিষ্টি কুমড়া ॥ মিঠালাউ ভাল যিনিশ্। [<মিষ্ট+অলাবু]।

মিঠাহয্=[পা]—বি. মৌরি ॥ চ'াইর্ পয়্‌শার্ মিঠাহয্ লৈয়া আয্। [<মিঠা+সজ (মসল্লা বিশেষ)]।

মিঠুরি=[চা]—বি. গুড় দুধ চাউলের গুঁড়া দিয়া তৈরী পায়েশ বিশেষ ॥ [মিঠা+উরি প্র.; দেখ মিডরি]।

মিঠেই=[খু]—বি. মিষ্টান্ন ॥ [< মিঠাই<মিষ্ট সং+আং প্র.]।

মিডা=[চা, কুম]—বিণ. মিষ্টি ॥ মিডা আম্। [দেখ মিঠা]।
২=[চট্ট,ফ,বা]—বি. আখের গুড় ॥ কুইশ্যালর্ মিডা। [পূর্বে দেখ]।

মিডাই=[কুম, চা]—বি. গুড় ॥ মিডাইর্ দর্ কত কৈরা ? [দেখ মিঠাই]।
২ =[কুম,চা]—বি. রসগোল্লা জাতীয় মিষ্টি ॥ [পুর্বে দেখ]।

মিডাইল্‌লা=[কুম]—বিণ. মিষ্টি ॥ মিডাইল্‌লা আম্ দ্যাও। [দেখ মিঠাই+ওলা প্র.]।

মিডাযিরা=[চট্ট]—বি. মৌরি ॥ পানত্ মিডাযিরা দিলে খাইতে ভালা। [<মিঠা+যিরা (মসল্লা বিশেষ)]।

মিডাম্=[চা]—বিণ. মিষ্টি, নরম ॥ মিডাম্ শুরে গান্ কও ? [<মিঠা+ম প্র.]।

মিডাহয্=[চা]—বি. মৌরি ॥ পানের্ লগে মিডাহয্ খাইতে মযা লাগে। [দেখ মিঠাহয্]।

মিডি=[কম, চট্ট]—বি. গুড় ॥ মিডি সাড়া মুড়ি ন খাইয়ম্ (চট্ট)। [দেখ মিঠাহয্]।

মিডুফল্=[পা]—বি. লিচু ॥ [< মিঠা+ফল]।

মিডুরি=[ফ, চা, ম]—বি. পায়েশ জাতীয় পাতলা মিষ্টি ॥ [দেখ মিডরি]।

মিড়্‌কামাছ=[দি]—বি. মৃগেল মাছ ॥ [<মৃগাল মাছ]।

মিতাই=[কুম]—বি. দোস্ত ॥ আমি মিতাই বারিত্ গেসিলাম। [<মিতা (<মিত্র)+ই প্র.]।

মিতিংগা=[রং]—বি. মৃত্তিকা, মাটি ॥ মিতিংগায় বচু কয়া ? [<মৃত্তিকা]।

মিতুয়া=[বা]—বি. সম্প্রদায় বিশেষ ॥ মিতুয়ার্ নাও।

মিদার্=[পা]—বিণ. মধ্যে ॥ আলমারির্ মিদারে বৈই রাখ্সি। [< মধ্য+র]।

মিদ্দা=[চট্ট]—বি. বড় ভাই ॥ মিদ্দা অাঁরে বেশি আদর্ করে।

মিনা=[কুম]—বি. কর, খাজানা ॥ [<মাহিয়া হ্ ماهيانه ফা.]।

২=[বা, কুম, নো]—বি. নাকের ক্ষুদ্র নোলক ॥

৩=[কুম]—বিণ. বিনা পয়সায়, মুফত ॥ মিনা চি'য্। [<মিগনা <মাগনা]।

৪=[রা]—বি. গবাদি পশুর রোগ বিশেষ ॥

মিনি=[চা]—বি. ছাগলের নাদী ॥ মিনিগুলি শাফ্ কর।

মিনিমিনি কৈরা=[ম]—ক্রি. বিণ. নীচু স্বরে ॥ মিনি মিনি কৈরা কথা কয় কেরে ? [<মিনি মিনি (অনু.)+ করিয়া]।

মিন্ডাযমির্=[বা]—বি. ব্যবহারে সরল কিন্তু অন্তরে কপট ॥ এই মিন্ডা যমিরেরে আমি চি'নি না ?

মিন্তি=[কুম, চট্ট, চা, ফ]—বি. কুলি, মজুর, মুটে ॥ [<মিহনত محنت আঃ+ই প্র.]।

মিন্দি=[খু, রা]—বি. মেহেদী ॥ [<মেহ্কী সং]।

মিন্নতি=[খু]—বি. চাকর, মজুর ॥ [দেখ মিন্তি]।

২=[চট্ট]—বি. পরিশ্রম ॥ এই লোক্টা বড় মিন্নতি করের্। [পূর্ব দেখ]।

মিন্নত্=[চা,নো,পা]—বি. পরিশ্রম ॥ [দেখ মিন্তি]।

মিন্নত্দারি=[চা]—বি. মিনতি, অনুরোধ। মিন্নত্দারি কৈরা কৈলাম্ ত শুন্লো না। [<মিন্নত محنت আঃ+দার دار ফা.+ই]।

মিন্নাত্=[খু, বা]—বি. পরিশ্রম ॥ এটা খুব মিন্নাতের্ কায্। [দেখ মিন্নত]।

মিন্মিনে=[য]—বিণ. আস্তে আস্তে ॥ মিন্মিনে শোত্ চল্সে। [মিন্মিন্ (অনু.)+এ প্র.]।

মিন্মিন্যা=[পা]—বিণ. মৃদু মন্দ ॥ [দেখ মিন্মিনে]।

২=[রা]—বি. কূটবুদ্ধি সম্পন্ন ॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

মিন্রি=[রা]—বি. শুকনার শেষ, সামান্য ঝোল সমেত তরকারীর অংশ বিশেষ ॥ মিচ্চানা মিন্রি দিয়ে নুই খানু।

মিন্শা=[চা]—বিণ. অলস ॥ [< মানুষ ; তুচ্ছার্থে]।

মিয়া=[কুম]—বি. ভদ্রলোক ॥ এই মিয়ার্ বারি কৈ। [দেখ মিঞি]।

২=[পা]—বি. মেয়ে ॥ [মেয়ে]।

৩=[কুম]—বি. ধান মাড়াইবার জন্য উঠানের মাঝে বসানো খুঁটি ॥

মিয়াঘি=[ফ, কুম, চা]—বি. শ্বশুর ॥ [দেখ মিঘি]।

মিয়ানা=[য]—বি. পালকি ॥ [মিয়া-নহ্ হিং]।

মিয়ানো=[সি, ফ, চা, কুম]—ক্রি. মিশ্রিত করা ॥ দুদে পানি মিয়াইয়া অনেকে বেচে'। [<মিশানো]।

মিয়াবাই=[চা, কুম, ফ, সি]—বি. বড় ভাই (সম্বোধনে) ॥ মিয়াবাই, কৈ যান্ ? [দেখ মিঘি ; মিয়াঁ+ভাই]।

মিয়ামিঠ্ঠুর্=[চা]—বিণ. বোকা ॥ তুমি যে দেখ্সি মিয়ামিঠ্ঠুর্। [দেখ মিয়া ; মিঠ্+উর প্র.]।

মিয়ার্ ব্যাটা=[পা, রা]—বি. কম বয়স্ক লোক (সম্বোধন) ॥ ও মিয়ার্ বেটা এদিকে আশ। [দেখ মিয়া+র (সম্বন্ধে)+বেটা]।

মিয়াশাব্=[চা]—বি. সঙ্গতিপন্ন লোক, ভদ্রলোক ॥ এই যে মিয়াশাব্ কেমন্ আসেন্ ? [দেখ মিয়া+সাহিব صاحب আঃ]।

মিরাশ্=[কুম]—বি. নিষ্কর সম্পত্তি ॥ [<মীরাস ميراث আঃ]।

২=[কুম]—বি. বাগান ॥ আমাদের নারিকেলের মিরাশ্ আসে। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩=[কুম]—বিণ. স্থায়ী ॥ আমাদের ভিটা মিরাশ্ ॥ [পূর্বে দেখ]।

৪=[ম, চা]—বি. পৈতৃক সম্পত্তি ॥ [পূর্বে দেখ]।

মির্=[চা, রা, কু]—বিণ. মার্বেল খেলায় প্রথম ॥ তুই মির, তুই দোল্না।

২=[পা]—বি. তুলাদণ্ড ॥

মির্কা মাস=[ব]—বি. মৃগাল মাছ ॥ [<মৃগেল মাছ]।

মির্কি=[চট্ট]—বি. মৃগীরোগ ॥ [< মৃগী]।

মির্গাল্=[চট্ট]—বি. মৃগাল মাছ ॥ [<মৃগাল]।

মির্চিংগি=[পা]—বিণ. অলস ॥ সে বড় মির্চিংগি।

মির্চিনি=[চা]—বি. এক রকম মিষ্টি ॥

মির্ঘি=[চট্ট]—বি. মোল্লা, মৌলবী সাহেব ॥ [<মীর مير ফা.+জি]।

মির্ডারা=[রং]—বি. মেরুদণ্ড ॥ [মেরু+দাঁড়<দণ্ড]।

মির্তুয্=[খু]—বি. আনারস ॥ পাকা মিরতুয্ কাকে খেয়ে ফেল্লো ?

মির্দাক্=[দি, রা, রং]—বি. মেরুদণ্ড ॥ [দেখ মির্ডারা]।

মির্দিনা=[চা, ম]—বি. মেরুদণ্ড ॥ [দেখ মির্দাক্]।

মিরমিইরা=[ম]—বিণ. কুটিল, কুচক্রী ॥ মির্মিইরা মানুশ্ বর খারাপ্ ॥ [<মিড়্মিড়্ (অনু.)+ইয়া প্র.]।

মির্মিরাইয়া চাঁওয়া=[সি]—ক্রি. মিটমিট করিয়া চাওয়া ॥ হে আমারে দেইখা মির্মিরাইয়া চাইল্। [< মিট্মিটাইয়া চাওয়া]।

মিরমিরানি=[সি]—ক্রি. মিটমিট করিয়া চাওয়া ॥ মির্মিরানির্ দর্কার্ কি ? [<মিট্মিট্ (অনু.)+ আনি প্র.]।

মির্হানো=[নো, কুম]—ক্রি. চটকানো ।। হাতুরি দি মিরহাই ল । [< মিল্+খাওয়ানো] ।

মিলা=[খু]—বিণ. অনেক ।। [< মেলা] ।

মিলিয্যুলি=[চট্ট]—বি. মিলিতভাবে ।। এই কাম্ মিলিয্যুলি শ্যাশ্ কর । [<মিলিয়া+জুলিয়া (অনু:)] ।

মিল্মিল্=[চা]—বি. সম্প্রীতি, সৌহার্দ ।। তগ মদ্দে এটুটও মিল্মিল্ নাইরে । [<মিল+জিল (অনু:)] ।

মিশাল্=[রং]—বিণ. মিশ্রিত ।। বেগুগুলা একসাথে মিশাল্ করিশ্ না বাহে । [<√মিশ্+আল প্র.] ।

মিশিল্=[বা]—বিণ. মোলায়েম ।। ময়দা মিশিল্ না হলে লুচি ভাল হয় না । [<মিহিল<মিহিন (<মহীন হিং] ।

মিশ্টি কদু=[বা]—বি. বিলাতি কদু, মিষ্টি কুমড়া ।। [<মিষ্টি কদু] ।

মিশ্শিয়ারি=[খু]—বি. বেশ্যা ।। [<পেশহ্বর پیشه ور ফা.+ই প্র.] ।

মিসা=[বা]—বিণ. অপুষ্ট ।। নাইরলড়া মিসা ।

মিসাক্=[য]—বি. মিছওয়াক, দাঁতন ।। [<মিসর.ক مسواک আং] ।

মিসাল্=[কুম, সি]—বি. উপমা, তুলনা, দৃষ্টান্ত ।। [<মিসাল مثال আং] ।

মিসিল্=[কুম]—বিণ. মসৃণ ।। [দেখ মিশিল্] ।

মিসিল্ করা=[ম, কুম, চা, ফ]—ক্রি. সুশৃঙ্খল করা, সমান করা ।। যিনিশ্গুলা মিসিল্ কৈরা থো । [দেখ মিসিল্+করা] ।

মিস্খোর্=[সি]—বিণ. মিথ্যাবাদী ।। [<মিছ্ (<মিথ্যা)+খোর خور ফা.] ।

মিস্তাযমির্=[বা]—বিণ. মুখে মিষ্টি অন্তরে কপট ।। তোমার্ মত মিস্তাযমির্ বয়্টা আছে ।

মিস্তুরি=[কুম]—বি. কারিগর, মিস্ত্রী ।। কারখানায় পাকা মিস্তুরির্ অবাব্ । [<মিস্ত্রী mestre পোর্তু.] ।

মিস্ফাক্=[কুম]—বি. দাঁতন ।। আমার্ মিস্ফাক্টা কৈ । [দেখ মিসাক্] ।

মিস্মার্=[কুম, বা, চা, সি]—বি. ধ্বংস, নিঃশেষ, বিলুপ্ত ।। [<মিস্মার مسمار আং=লৌহশলাকা] ।

মিস্রা=[সি]—বি. লাইন, ছত্র ।। ভাইয়্ বাইশ্ মিস্রা পড়া দিলায় । [< মিস্র' مصرع আং] ।

মিস্রিমালা=[চা]—বি. আখের শ্রেণী বিশেষ ।।

মিস্লি=[কুম]—বি. মিছরি ।। [<মিসরী] ।

মিস্সাক্=[কুম]—বি. মিছওয়াক্, দাঁতন ।। [দেখ মিসাক্] ।

মিহি=[কুম]—ক্রি. বিণ. দিকে ।। কোন্ মিহি যাও ? [<মুখ+ই] ।

মিহিন্=[কুম, চা, ম]—বিণ. সরু, পাতলা ।। মিহিন্ কাপর্ । [দেখ মিসিল্] ।

মিহিশালিনা=[ব]—বি. একটি আমন ধানের নাম ।।

মু

মু=[চট্ট]—বি. মুখ ।। মু হাত্ আচাও । [<মুঅ<মুখ] ।

২=[কুম]—বি. তরকারীর ঝোল ।। তরকারিতে মু না দিলে খাওয়ন্ যায় না । [<মউ(<মধু)] ।

মুআম্=[সি]—বি. অঙ্কুর ।। বিচি মুআম্ দিলাইসে ।

মুআরা=[বা]—বি. থান কাপড়ের প্রথম অংশ ।। [<মুখ+পাটা (< পট্ট)] ।

মুই=[কুম]—বি. খানা ।। কাল্হা মুইযের বারিতে বেরাইতাম্ যামু । [< মহী <মাহী] ।

২=[বা]—বি. দিকে ।। উত্তর্ মুই গেসে । [<মুখ+ই] ।

মুইক্কা=[চট্ট, কুম]—বি. মুষ্টাঘাত ।। মুইক্কাদি তোর্ দাঁত ভাংগি ফেলাইম্ (চট্ট) । [<মুক্কা হিং] ।

মুইক্কানা=[চট্ট]—ক্রি. মুষ্টাঘাত করা ।। [দেখ মুইক্কা+নো প্র.] ।

মুইচ্চ্যা=[চট্ট, কুম]—বি. মুচি ।। মুইচ্চ্যার্ আবার্ ঠনক্ । [<মুচি+আ] ।

মুইযুই=[সি]—ক্রি. বিণ. আমতা আমতা ।। মুইযুই কর কিলায় ? [অনু.] ।

মুইযানো=[চট্ট]—ক্রি. মুড়াইয়া কাটা ।। [<মুণ্ড] ।

মুইট্=[ম]—বি. ধানের আঁটি ।। [< মুটি (<মুঠি)] ।

মুইট্টানো=[চা]—ক্রি. অনুরোধ করা (ব্যঙ্গার্থে) ।। তারে আর্ কত মুইট্টামু ? [দেখ মুইট্+আনো প্র; নামধাতু] ।

মুইট্ঠা=[চট্ট]—বি. মুষ্টাঘাত ।। [< মুষ্টা] ।

২=[কুম]—বি. চাউল, কলাই মিশ্রিত একপ্রকার খাদ্য ।। মুইট্ঠা খাইতে মজা । [পূর্ব দেখ] ।

মুইঠ্যা=[চা]—বি. গোবরের জ্বালানী বিশেষ ।। [দেখ মুইট্ঠা] ।

মুইঠ্=[সি]—বি. মুঠি ।। এ্যাক্ মুইঠ্ চাউল্ দিলাও । [দেখ মুইট্] ।

মুইঠ্ঠা=[চা]—বি. গোবরের ঘুঁটে ।। মুইঠ্ঠা বানা বলে । [দেখ মুইঠ্যা] ।

মুইড্ডা=[নো]—বি. ঘুঁটে, গোবরের তৈয়ারী জ্বালানী বিশেষ ।। [দেখ মুইট্ঠা] ।

মুইন্=[বা]—বি. পত্রাঙ্কুর, নূতন পাতার প্রথমাবস্থা। [মহীন হিং ; কিংবা দেখ মুইন্যি]।

মুইন্যি=[ম]—বি. মুকুল। কাঠালের্ মুইন্যি। [মঞ্জরি সং]।

মুন্ইদা=[ম]—বিণ. অঙ্গহীন।

মুইন্না=[কুম]—বি. পুরুষ। আংগ মুইন্না অয়্গা কৈযানি গেসে। [<মানুষ+আ]।

মুইন্না মুইট্কা=[কুম]—বি. বেটা ছেলে। [দেখ মুইন্না+ছোট+কা]।

মুইয়্যা=[নো]—বি. খালা। মুইয়্যা আমাদের্ বাড়ি যাইবেন্। [দেখ মুই+আ]।

মুইরলা=[কুম]—বি. এক প্রকার ধান। মুইরলা দানের্ বাত্ মোটা।

মুইরা=[কুম]—বি. পায়ের গোড়ালী। [<মুড়া (<মুণ্ড)]।

২=[চা]—বি. জুতার গোড়ালী। [পূর্ব দেখ]।

৩=[চা]—বিণ. নেড়া। [<মুড়া <√মুন্ডা সং+আ]।

মুইরা পিসা=[কুম]—বি. ক্ষয়প্রাপ্ত ঝাঁটা। [দেখ মুইরা২+পিছা]।

মুইর্য্যা=[ফ, ম]—বি. মাথা। নাইর্য্যা, মুইর্য্যা ট্যাল্কা মুইর্য্যা'—ছড়া (অর্থ=নেড়া মাথা ঠাণ্ডা মাথা)। [দেখ মুইরা]।

মুইর্‌গ্যা=[চট্ট]—বিণ. অত্যধিক ক্ষয় প্রাপ্ত। তোর্ কোয়ালত্ মুইর্‌গ্যা ঝাঁড়া দিতাম্। [দেখ মুইরা পিসা]।

মুইল্লা=[কুম]—বি. সর্দার। গোলাম্ আলি কুলিগোর্ মুইল্লা। [<মোড়ল+ইয়া প্র.]।

মুইশ্‌শানো=[চট্ট]—ক্রি. আগা সমান করিয়া কাটা, আগা ছাঁটিয়া ফেলা।

মুউইল্=[কুম]—বি. গোলা। এই মুউইল্‌ডাতে বিশ্‌মন্ দান্ আসে।

মুকা=[চট্ট]—বি. ছিদ্রবিশিষ্ট ছোট রঙিন কাঁচের পুতি (গাঁথিয়া গলায় ব্যবহৃত হয়)। গলাত্ মুকার্ সড়া। [<মুগা]।

মুকারি=[রং, রা]—বি. গরুর মুখের দড়ি বিশেষ। [<মুখ+আ+দড়ি]।

মুকার্=[সি]—বি. দরজার সম্মুখ। ই মুকার বৈলায় কেনে? [<মুখ+আর]।

মুকি=[ম]—বি. দিক। কোন্ মুকি যাও। [<মুখ+ই]।

মুকুইর্=[সি]—বি. উঁকি। মুকুইর্ দি কিতা দেইহেন্? [মুখ+ইর]।

মুকুটি=[দি, রা]—বি. কৌটার মুখ বন্ধ করার ঢাকনি। [<মুখ+টি]।

মুকে মুকে=[ঢা]—ক্রি. বিণ. কথায় কথায়, সামনা সামনি। এ্যাত মুকে মুকে যা তা কওন্ বালা না। [<মুখ+এ (বিভক্তি)]।

মুকের্ পান্=[রা]—বি. আদরের সামগ্রী বা পাত্র। তোক্ করিচিনু মুই মুকের পান্ আর্ তুই আইজ্ এই কর্‌লু? [<মুখের পান (বাগ্‌ধারা)]।

মুক্=[চট্ট]—বি. মুখ। [মুখ]।

২=[ব]—বি. দিক। কোন্ মুকে যাবে! [<মুখ]।

মুক্ আচাঁনো=[চট্ট]—ক্রি. মুখ ধোওয়া। [<মুখ+আঁচানো <আচমন সং]।

মুক্কি=[ম]—বি. ঘুষি। বেশি কথা বল্‌তি তো এ্যাক্ মুক্কি দিমু। [দেখ মুইক্কা]।

মুকটানো=[রং]—ক্রি. কিল মারা, ঘুষি মারা। খালি খালি মুক্‌টাইশ্ কেনে বাহে। [<মুক্‌টি(<মুষ্টি)+আনো প্র. ; নামধাতু]।

মুক্‌টি=[দি, রা, ব]—বি. কিল, মুষ্টাঘাত। চোপা নড়াশ্‌নে মুক্‌টি মেরে চোপা ভেংগে দেব (রা)। [দেখ মুক্‌টানো]।

মুক্‌টি বেতানো=[কু]-ক্রি. কিল মারা। [দেখ মুক্‌টি+বেত(<বেত্র)+আনো প্র.]।

মুক্‌তা=[য]—বি. গরুর মুখে ব্যবহৃত এক প্রকার দড়ি। [<মুখ+তা]।

২=[ম]—বি. এক প্রকার আগাছা।

মুক্‌তারি=[কুম]—বি. বিবাহের ঘটকালী। সে বিয়ার্ মুক্‌তারি করে। [<মুখ্‌তার مختار আং+ই প্র]।

মুক্‌তার্=[কুম]-বি. বিবাহের উকিল। [দেখ মুক্‌তারি]।

মুক্‌তে=[রা]—ক্রি. বিণ. বিনা পয়সায়, বিনা মেহনতে। মুক্‌তে পেলে শবাই চায়। [<মুফত مفت আং+এ (বিভক্তি)]।

মুক্‌তো বরৈ=[য]—বি. বুনো গাছ বিশেষ।

মুক্ বাজারি ভাংগানো=[রা]—ক্রি. সঙ্কোচ ভাঙ্গানো। মুই জায়ে মুক্ বাজারি ভাংগে আয়োগে। [<মুখ+বেযার بیزار ফা.+ই+ভাঙ্গানো]।

মুক্‌রা=[বা]—বি. মোরগ, মুরগী। মুক্‌রাডার্ দাম্ কত? [<মুরগা<মোরগ ; বর্ণ বিপর্যয়]।

মুক্‌লাদি=[রং]—বি. টিপ, তরল পদার্থ ঢালার জন্য ব্যবহৃত চোঙ বিশেষ। বোতলের্ মুখে মুক্‌লাদি দিয়ে ত্যাল্ ঢাল্। [মুখ+লাদা+ই]।

মুক্‌লানো=[রং]—ক্রি. পরিষ্কার হওয়া। [<মুকুল(নামধাতু)+আনো প্র.]।

মুক্ লারানো=[নো]—ক্রি. একটুখানি জানিতে দেওয়া, আভাস দেওয়া। [<মুখ+নাড়ানো]।

মুক্‌শি=[ম]—বিণ. লজ্জিত, লাজুক। [মুখ+লি প্র.]।

মুখা=[সি]—বি. ঢাকনি। [<মুখ+আ]।

২=[সি]—বি. দিক। আমার্ বারির্ মুখা গেসেগি। [পূর্বে দেখ]।

মুখারি=[ব]—বি. গরুর মুখের দড়ি। [দেখ মুকারি]।

মুখার্=[রা]—বি. মুখের আবরণ বিশেষ (গবাদি পশুর)। [মুখ+আড়]।

মুখি=[কুম, চট্ট]—বি. ঘুষি। এ্যাক্ মুখি দি দাত্ হালাইয়া দিয়াম্। [দেখ মুক্কা]।

২=[রা]—বি. ছিপি ।। [<মুখ+ই প্র.] ।

৩=[বা,সি]—বি. কচুর মুখ, তরকারী বিশেষ ।। মুখি বালা তর্‌কারি । [পূর্বে দেখ] ।

মুখিক্=[চট্ট]—বি.<মৌখিক ।

মুখুইল্=[কুম]—বি. দিক্ ।। পুব্ মুখইল্ যাইশ্ না । [<মুখ+ইল প্র.] ।

মুখের্ ইশ্‌টি=[কুম]—বি. মনগড়া আত্মীয় ।। [<মুখের+ইষ্ট+ই] ।

মুখের্ ডোল্ ডাল্=[পা]—বি. মুখের আকৃতি বা চেহারা ।। [<মুখের ডৌল +ডাল (অনুঃ)] ।

মুখৈর্=[সি]—বি. উঁকি ।। [দেখ মুকুইর্] ।

মুখ্যা=[চট্ট]—অব্য. সদৃশ, দিক্, প্রায় ।। বেকুবমুখ্যা মানুশ্ । [<মুখ+ইয়া] ।

২=[রা]—বি. ছিপি ।।

মুখ্যাড়্=[রা]—বি. গরুর মুখে বাঁধা দড়ি ।। [দেখ মুখার্] ।

২=[রা]—বিণ. বাচাল ।। বৌটা বড় মুখ্যাড়্ । [<মুখ+আড় প্র ; সাধু মুখর] ।

মুখোতি=[রা]—ক্রি. বিণ. মুখের উপর ।। ছাওয়াটা মুখোতি কথা কয় । [<মুখ+তি] ।

মুখোরি=[রা]—বিণ ভাল বক্তা । নিমবর্ শাহেব্ খুব্ মুখোরি । [<মুখর +ই প্র.] ।

মুখ্=[নো]—বি. ভৎর্সনা ।। [অর্থ প্র.] ।

মুখ্ আন্‌দারি=[ব, রা]—বি. সন্ধ্যাবেলা ।। একটু মুখ্ আন্‌দারি হয়া আশিব । [<মুখ+আন্দার (অন্ধকার) +ই প্র.] ।

মুখ্‌করা=[পা]—ক্রি. গালি দেওয়া ।। [দেখ মুখ্ +করা] ।

মুখ্‌কাটা=[সি]—বিণ. অপ্রিয়-ভাষী ।। [<মুখ+কাটা (=যাহার মুখে বন্ধন নাই)] ।

২=[য]—বিণ. যে গোপন কথা প্রকাশ করে ।। ওর মত মুখ্‌কাটা দেখি নাই । [পূর্বে দেখ] ।

মুখ্‌কাঠ্=[পা]—বি. লাঙ্গলের সম্মুখ-ভাগ ।। নাংগলের্ মুখ্‌কাঠ্ শক্ত দর্‌কার্ । [<মুখ+কাঠ] ।

মুখ্‌কুরা=[ম]—বিণ. উচিত বক্তা ।। তার্ মতো মুখ্‌কুরা খুব্ কম্ দেখা যায় । [দেখ মুখোরি] ।

মুখ্‌খা=[ঢা]—বি. টিন বা টিনের ঢাকনী ।। টিন্‌টার্ মুখ্‌খা নাই । [<মুখ +আ প্র.] ।

মুখ্‌খি=[কুম]—বি. ঘুষি ।। মুখ্‌খি দিও না । [দেখ মুইক্‌কা] ।

মুখ্‌খুয়া=[পা]—বি. মুখপোড়া, নির্লজ্জ ।। [<মুখ+উয়া প্র.] ।

মুখ্‌খোয়াদি=[সি]—বিণ. তোষামদ-জনক, আন্তরিকতাহীন ।। মুখখোয়াদি মাত্ মাতিও না । [<মুখ+সোয়াদ <স্বাদ+ই] ।

মুখ্‌চোঁপা=[খু]—বি. ভৎর্সনা ।। [<মুখ+চোপা] ।

মুখ্‌ঝুক্=[ম]-বি. ভৎর্সনা, তিরস্কার ।। [<মখ+ঝুক (অনুঃ)] ।

মুখ্‌টলুন্=[খু]—ক্রি. মুখ ভ্যাংচানো ।। মুখ্‌টলু না বল্‌সি । [<মুখ+ঠেলা +ন] ।

মুখ্‌টি=[রা]—বিণ. বাক্যবাগীশ, বাচাল ।। [<মুখ+টি প্র.] ।

মুখ্ ঠেংরানো=[খু]—ক্রি. মুখ ভেং-চানো ।। [দেখ মুখ্ টলুন্] ।

মুখ্‌ঠোর্=[রা]-বি. বিণ. ঠোঁটকাটা ।। মেয়েরা এ্যাত মুখ্‌ঠোর্ কেন্ ?

মুখ্ তালাক্=[ঢা]—বি. স্ত্রীর নিজে লওয়া তালাক ।। বৌডা মুখ তালাক্ লৈগে । [<মুখ+তালাক طلاق আঃ] ।

মুখ্‌দারাযি করা=[পা, ফ]—ক্রি. মুখরাপনা করা ।। [<মুখ+দরাযী درازی ফা.+করা] ।

মুখ্‌দেওয়া=[ঢা]—ক্রি. কথা দেওয়া ।। মুখ্ দিলে মুখ্ রাহন্ লাগে । [<মুখ+দেওয়া] ।

মুখ্‌দেমা=[ম]—ক্রি. বিণ. উপুড় হইয়া আছাড় (খাওয়া) ।।

মুখধরিয়া=[রং]—ক্রি. বিণ. নীরবে । অয় মুখ্ ধরিয়া কান্দে । [<মুখ+ধরিয়া] ।

মুখ্‌নড়া=[পা]—ক্রি. বি. খাওয়া ।। মুখ্‌নড়া দেখ্‌লেই খাতে চা'য় । [<মুখ +√নড়্+আ প্র.] ।

মুখ্‌পাত্=[কুম]—বি. নাকের অলঙ্কার ।। মুখ্‌পাতে মুহের্ শোবা বারে । [<মুখ +পাত (<পত্র)] ।

মুখ্‌পেউংশা=[সি]—ক্রি. বিণ. মুখ ফ্যাকাশে ।। ডরে মাইয়ার্ মুখ্ পেউংশা ঐয়া গেসে । [<মুখ+পাংশু সং] ।

মুখ্‌ফুতা=[কুম]—বিণ. মুখচোরা, লাজুক ।। [<মুখ+ভোঁতা (<ব্যাহতা)] ।

মুখ্‌বতাল্=[রা]—বিণ. ঝগড়াটে, মুখে মুখেই যে সকল কিছু সমাধা করে, মেয়েলি গালি বিশেষ ।। [<মুখ+বৈতাল (<বিতাল সং+অ)] ।

মুখ্‌বাত্=[সি]—বি. ঘরের চালের মুখ ।। [<মুখ+পাত (<পত্র)] ।

২=[ম, ঢা, কুম]—বিণ. রোজগারে সক্ষম ।। তার্ মুখবাত্ সেলেটা মর্‌সে । [পূর্বে দেখ ; অর্থ প্র.] ।

মুখ্ বাদে বানিযযি করা=[পা]--ক্রি. নিজে উপবাসী থাকিয়া খাদ্যবস্তু বিক্রয় করা ।। হে গরুর্ দুদ্ মুখ্ বাদে বানিয্‌যি করে । [<মুখ+বাঁধিয়া+বাণিজ্য করা] ।

মুখ্‌মোন্দা=[খু]—বিণ. লাজুক ।। সাওয়াটা মুখ্‌মোন্দা ঐসে । [<মুখ +মুদা<মুদ্রা সং] ।

মুখ্‌লাল্=[পা]—বি. পালের দড়ি ।। নোস্‌তুলের্ শাথে মুখ্‌লাল্ বান্দ । [< মুখ+নাল] ।

মুখ্‌শল্‌লা=[ ]—বি. চাউলের তৈয়ারী ভাজা পিঠা ।।

মুখ্‌শুপ্‌রা=[রং]—বিণ. মুখে মধু অন্তরে বিষ যাহার ।। 'প্যাট্‌নান্‌দুড়া

খোজে মুখ্‌শুপ্‌রা খায়্'—প্রবাদ। [মুখশ +পরা]।
মুখ.হাশা=[পা]—ক্রি. নিন্দা হওয়া, কলঙ্ক হওয়া॥ [<মুখ+হাসা]।
মুগা=[কুম]—বি. পুঁতি, কাঁচের দানা বিশেষ॥ মুগার্ মালা গলায় দ্যাও।
মুগারি=[ব]—বি. গরুর মুখের দড়ি॥ [দেখ মুখার্+ই]।
মুগি=[রা, ব]—বি. একটি আমন ধানের নাম॥
মুগুইর.=[কুম]—বি. মুগুর॥ [< মুগুর (<মুদ্‌গর সং)]।
মুগুর্‌ঝি'=[চট্ট]—বি. গালি বিশেষ॥ মুগুর্‌ঝি' তর্ চু'ল্ হিঁরি ফেলাইয়ুম্। [<মগ+র(সম্বন্ধে)+ঝি]।
মুগৈর্=[সি, ম, ফ]—বি. মুদ্‌গর॥ [দেখ মুগুইর্]।
মুগৈর্ পুত.=[কুম]—বি. জারজ সন্তান (গালি অর্থে)॥ [দেখ মুগুর্‌ঝি']।
মুগ.রা=[ম]—বি. আমন ধানের সহিত জন্মে এইরূপ একজাতীয় গুল্ম॥ মুগ্‌রা নিরাইয়া না দিলে আমন্ দানের্ অনেক্ খতি অয়্।
মুগ.রিব.=[সি]—বি. মগরেব, সন্ধ্যা॥ মিনারে মুগ্‌রিবের্ আযান্ পরিয়াসে। [<মগ্‌রিব مغرب আং]।
মুচংগ=[রং]—বি. বাদ্যযন্ত্র বিশেষ॥ [<মুরচংগ হিং]।
মুচা=[কুম]—বি. খড়ের তৈয়ারী ধান রাখিবার ভাণ্ড॥ বিয়্ দান্‌গুলা শুকাইয়া মুচ'ায় থোও।
মুচার্=[পা,ম]—বি. মুচি॥ মুচ'ারের্ যুতাডা নিয়া যা। [<মুচি+আর; চামার শব্দের সাদৃশ্যে]।
মুচি'=[পা, ব, ফ]—বি. ছোট কাঁঠাল, কাঁঠালের কুঁড়ি॥ মুচি' খাইতে কশ্‌টা। [<মুচি<মুষা সং]।
২=[বা, নো]—বি. ছোট মাটীর প্রদীপ॥ [<মুষা]।
৩=[কুম]—বি. পানির কলসীর ঢাকনী॥ [পূর্বে দেখ]।
৪=[রা]—বি. কলার মোচা॥ [<মোচ সং+আ]।
৫=[পা]—বি. পিলসুজ॥ এ্যাক্‌টা মুচি' টুসি নিয়্যা আয়্ তো। [দেখ মুচি'$_2$]।
মুচি'য়ার্=[দি]—বি. মুচি॥ [দেখ মুচ'ার্]।
মুচুল্‌কা=[রা]—বি. বাজি॥ কত ট্যাকার্ মুচুল্‌কা ধর্‌বে? [<মুচল্‌কহ مچلکہ তু.]।
মুচ.=[রা]—বি. গোঁফ॥ মুচ্ বড় রাখা হারাম্। [<মোচ<মস্সু প্রাং শ্মশ্রু সং]।
মুচ.করি=[সি]—বিণ. মৃদু॥ কথাটা হুনিয়া মুচ্‌'কুরি হাশি হাশ্‌লার্। [< মুচ্‌কি+রি]।
মুচ.চা=[রা]—বিণ. সমস্ত॥ এ পাড়ার মুচচা লোকৈ ভাল। [<সমূচা হিং]।
মুচ'মুচি'=[সি]—বিণ. ছোট॥ [দেখ মুচি'$_1$; আতিশয্যে শব্দদ্বিত্ব]।
মুচ'মুচি'য়া=[সি]—বিণ. প্রফুল্ল, আনন্দময়॥ এ মুচ'মুচি'য়া পুয়ার্ বারি কিয়ানে? [<মুচমুচ (অনু.)+ইয়া]।
মুচ.'রা=[ম]—বি, মোড়, বাঁক॥ এ রাস্‌তার্ মুচ'রাতেই আমার্ বারি। [<মোচড়+আ]।
মুছিদারি=[রা]—বি. প্রতিনিধি॥ [<মুৎসুদ্দী<মুতসদ্দী متصدی আং]।
মুছ.ছালা=[রা]—বি. প্রস্রাব করিবার স্থান॥ [<মুত (মুত্র)+শালা]।
মুজানো=[রা]—ক্রি. বন্ধ করা॥ ছাতা মুজাও রোদ্ নাই। [<মুজা< মুদা<মুদ্রা সং (নাম ধাতু)+আনো প্র.]।
মুজ.=[রা]—বি. কলাগাছের নূতন গজান গোলপাতা॥ মুজ্‌টা ভেংগে নশ্‌ট করো না। [<মজি<মঞ্জরি]।
মুজ.না=[রা]—ক্রি. বি. ভরাট বা ভর্তি করা॥ এ ডোবাটা মুজ্‌না একান্ত দর্‌কার্। [দেখ মুজানো; বুজানো]।
মুজ.রা=[রা]-বি. মজুরী॥ 'খুচ্‌রা কামের্ মুজ্‌রা নাই, পান্‌তা ভাতের্ শুনা্‌য়্ নাই' (প্রবাদ)। [মুজ্‌রা مجرای আং]।
মুযা=[ব]—বি. মোজা॥ আমার্ এক্‌যোড়্ মুযা কিনা দর্‌কার্। [<মোজা (<মোযহ্ موزہ ফা.)]।
মুযাম্=[বা—বিণ. বিরোধী॥ [< মুযাহিম مزاحم আং]।
মুয.বা=[কুম]—বি. বাহানা॥ দশ্‌ট্যাহা পাইয়াও মুয্‌বা কর কেনে?
মুয.রা=[কুম]—বি. মজুর॥ [< মযদূর مزدور ফা.+আ প্র.]।
মুটা=[রা]—বি. লাঙ্গলের মাথার খিল বিশেষ॥ মুটা আইট্যা ধর লাংগল্ উপুর দিয়া জায়্। [<মুঠা (<মুষ্টি সং)]।
২=[য]—বিণ. মোটা॥ মাস্‌টা খুব্ মুটারে ভাই দাম্ কত? [<মোটা]।
৩=[রা চট্ট]—বি. চাউলের আটার তৈয়ারী পিঠা॥ আযিয়া আবার্ মুটা বানাইয়ে (চট্ট)। [দেখ মুটা]।
মুটি=[সি]—বি. ঘরের বারান্দা॥ মুটিতে বৈ তামুক্ খাও। [<মুড়ি (< মুণ্ড সং+ই)]।
মুটিয়া=[রং]—বি. লাঙ্গলের ইশের খিল॥ [দেখ মুটা]।
মুটু=[রং]—বি. মুষ্টি॥ এক্ মুটু ভিক্‌কা দেঅক্। [দেখ+এ]।
মুটে=[পা]—অব্য. মাত্র॥ মটে পাচ্' টাকা দিল্। [<মোট+এ]।
মুট্‌কানো=[রা]—ক্রি. কিলানো॥ প্রহার করা॥ তোক মুট্‌কাইয়া ঠিক্ করিমু। [দেখ মুট্‌কি+আনো প্র.; নামধাতু]।
মুট্‌কি=[রা]—বি. মুষ্ট্যাঘাত, কিল, ঘুষি॥ [<মুষ্টি সং]।
২=[ম]—বি. মাটির জালা॥ [< মটকি (<মৃত্তিকা)]।
৩=[রা]—বি. সর্বোচ্চ স্থান॥ ঘরের্ মুট্‌কি। [মটকা (<মস্তক সং)]।
৪=[য]—বি. ছিপি॥ বোতলের্ মুট্‌কিটা হারিয়ে গেসে। [<মুখ+টি]।

৫=[রা]—বি. রাগ ॥ [দেখ মুট্কি৪ অর্থ প্র.]।

মুট্টা=[রা]—বি. চাউলের গুড়ির সিদ্ধ পিষ্টক বিশেষ ॥ [দেখ মুটা৩]।

২=[খু]—অব্য. মোটেই ॥ আমার্ গোলায় মুট্টি ধান্ নেই। [< মোট+এ+ই]।

মুঠা=[রা]—বি. প্যাকেট, বাণ্ডেল ॥ [দেখ মুটা]।

২=[রা]—বি. লাঙ্গলের মাথার খিল ॥ [দেখ মুটা]।

৩=[রা]—বি. চাউলের আটার তৈরী সিদ্ধ পিষ্টক বিশেষ ॥ শিতের্ দিনে মুঠা খেতে ভাল। [দেখ মুট্টা]।

মুঠি তোলা=[সি]—ক্রি. রন্ধনের পূর্বে এক মুঠি চাউল কোন উদ্দেশ্যে স্বতন্ত্র করিয়া রাখা ॥ [<মুটি (<মুষ্টি সং)+তোলা]।

মুডা=[ফ]—বি. কোচের নাল, লাঠির ধরার জায়গা ॥ আমার্ নতুন্ এক্টা কোচে'র্ মুডা কিন্তে লাগ্বে। [দেখ মুটা]।

মুডি=[কুম]—বি. আঁটি ॥ দানের্ মুডি বান্দ। [দেখ মুটা+ই]।

মুডুক্=[রা]—ক্রি. বিণ. মোটেও ॥ শে মুডুক্ এদিকে আশে না। [<মোট+ক]।

মুডুরা=[নো]—বিণ. শুষ্কপ্রায় ॥ গাস্গা হাইন্নে আওনে মুডুরা ঐ গেসে।

মুড়ম্=[রা]—বি, মই (বাঁশের তৈয়ারী) ॥

মুড়া=[ব, দি, রা]—বি. গাছের মূল শিকড় ॥ [<মুণ্ড সং+আ]।

২=[রা]-বি. বসিবার আসন ॥ মুড়ায় বশ্। [তুং মোঢ়া হিং]।

৩=[রা]—বিণ. ভোঁতা, অধিক ব্যবহারে ক্ষয়প্রাপ্ত ॥ মুড়া কোদাল্ দিয়া কাম্ হবু না। [দেখ মুড়া]।

মুড়ি=[খু]—বি. নৌকার মাথা বা গলুই ॥ নৌকার্ মুড়িতে পা দিতে নাই। [দেখ মুড়া+ই]।

২=[পা]-বি. ধানের আঁটি ॥ মুড়িটি আন্ মলন্ দেই। [মুঠি (<মুষ্টি সং)]।

৩=[য]—বি. পচা এবং মরা গরু ছাগল ভেড়া ইত্যাদি ॥ এই নদির্ মাযে শব্ মুড়ি যমা হয়্। [<মড়<মড়া+ই]।

মুড়িয়া ডাং=[রং]—বি. ছোট ও মোটা লাঠি ॥ মুড়িয়া ডাং দিয়া পিটাইছে। [দেখ মুড়া+ইয়া প্র.+ডাং (<দণ্ড সং)]।

মুড়্যা=[রা]—ক্রি. বিণ. মুড়াইয়া ॥ ছাগল্টি মুড়্যা চারাগাছ্ খাইয়া ফেলাইছে। [<মুড়াইয়া]।

২=[রা]—বি. সীমা, প্রান্ত ॥ এ মাঠের্ মুড়্যা নাই। [দেখ মুড়া+ইয়া প্র.]।

মুড়ো=[পা,খু]—বি. বৃক্ষাদির মূল বা গোড়া ॥ [দেখ মুড়া]।

২=[য]—বি. লাঙ্গল তৈয়ারির কাঠ ॥ [পূর্ব দেখ]।

মুড়্=[খু]—বি. ব্রাহ্মণ ॥ 'কলির্ মুড়্ মাটের্ শাপ্, যে না মার্বে তার্ পাপ্'। [<মুড়া<মুণ্ডিত সং]।

মুড়্কি=[দি]—বি. কানের অলঙ্কার বিশেষ ॥ [<মাকড়ী]।

মুড়্মুড়ে=[খু]—বি. একপ্রকার গাছ (ইহার পাতায় টক খাওয়া হয়) ॥

মুতা=[খু, ম]—ক্রি. প্রস্রাব করা ॥ [<√মুত্ (<মুত্র)+আ]।

২=[বা, খু]—বি. গাছের মূল, কচু আলু প্রভৃতির গোড়ার অংশ ॥ [< মস্তক সং]।

৩=[রা]—বি. অবশিষ্টাংশ ॥ বিড়ির্ মুতাটা আমাকে দাও। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

মুতিচে'ংরা=[সি]—বি. অল্পবয়সী ছেলে ॥ মুতিচে'ংরায়্ কথা মাতে বুরার্ মতো। [<মুত(<মুত্র)+ই ছেমড়া (<ছমণ্ড সং)]।

মুতিদরা=[চা]—বি. ভূত প্রেত ধরা জাতীয় রোগ ॥ তরে কি মুতিদরায়্ পাইসে! [<ভূত+ই+ধরা]।

মুতিন্=[চট্]—বি. প্রস্রাব (অনেক অর্থে) ॥ মুতিন্ দি বিসানা খারাপ্ ঐ গেইয়ে। [<মুতি (<মুত্র)+ন]।

মুতুনি=[সি]—বি. প্রস্রাবের জায়গা ॥ [<মুত(<মুত্র সং)+উনি প্র.]।

মুত্ছারি=[রা]—বি. মুত্রস্থল ॥ [দেখ মুছ্ছালা]।

মুত্ছালি=[রা]—বি. প্রস্রাব করিবার স্থান ॥ [দেখ মুত্ছারি]।

মুত্তলতি=[খু]—বি. মাতব্বরি ॥ মুত্তলতি কর কেন্? [<মুড়ুল<মণ্ডল সং+তি প্র.]।

মুত্তা=[সি]—বি. এক প্রকার বেতের গাছ (ইহা দ্বারা পাটি তৈয়ারী হয়) ॥

মুত্তি=[রং]—বি. মূর্তি ॥ [< মূর্তি]।

মুত্রা=[কুম, নো, চট্]—বিণ. যে বিছানায় প্রস্রাব করে ॥ মুত্রা পোলারে আল্গা থও। [<মুত<মুত্র সং+রা প্র.]।

মুত্শালা=[রা]—বি. প্রস্রাবখানা ॥ মুই মুত্শালাত্ জামু। [দেখ মুছ্ছালা]।

মুথা=[ম, ফ]—বি. মূল, শিকড় ॥ কলার্ মুথা। [দেখ মুতা২]।

২=[চট্]—বি. কর্তিত গাছের গুঁড়ি ॥ আকালে অনেকে কলাগাসের্ মুথাও খাইসে। [দেখ মুথা]।

মুথানো=[রা]—ক্রি. মন্থন করা ॥ দুধ্ মুথিয়া মাখন্ তোলো। [<মুথ <√মন্থ (নামধাতু)+আনো প্র.]।

মুথামাইর্যা কাটা=[ম]—ক্রি. গুঁড়িতে কাটা ॥ গাস্টা এ্যাহাবারে মুথা মাইর্যা কাট্সে। [দেখ মুথা৩+মারিয়া কাটা]।

মুথারি=[সি]—বিণ. বড় ॥ [<মাথা <মস্তক+রি প্র.]।

মুথ্রানি=[সি]—বি. উঁকি ॥

লট্‌খটি=[ঢা]—বি. উৎপাত ॥ [দেখ লট্‌খট্+ই প্র]।

লট্‌খ্‌টে=[দি]—বিণ. চঞ্চল ॥ ছেলেটি ভারি লট্‌খটে। [দেখ লট্‌খট্+এ প্র.]।

লট্‌খট্=[ঢা]—বি. চিন্তার বিষয় ॥ [নট্ খট্]।

লট্‌খৈটা=[চট্ট]—বিণ. দুর্বল, নরম ॥ [<লট্‌খট্(অনু.)+ইয়া প্র.]।

লট্‌টা=[কুম]—বি. নটে শাক ॥ লট্টা আনিছ' বাযার্ থন্।

লট্‌পট্=[নো]—বি. সংস্রব ॥ দুশট লোকের্ হাথে আয়ার্ লট্‌পট্ নাই। [অনু.]।

লট্‌র পট্‌র=[রা]—ক্রি. বিণ. কাদা ও পানিতে ভিজিয়া হেলিয়া দুলিয়া (চলা) ॥ কাদা পানি মেখে লোক্‌টা একেবারে লট্‌র্ পট্‌র্ কর্‌ছে। [অনু.]।

লট্‌রা=[চট্ট]—বি. অতি লম্বা সামুদ্রিক মাছ বিশেষ ॥

লডর্‌ফডর্=[ঢা]—বি. বাজে জিনিস ॥ এই লডর্ ফডর্ গুলি নৈও না। [অনু.]।

লডর্ বডর্=[কুম]—বি. চঞ্চলতা ॥ লডর্ বডর্ কৈরো না। [অনু.]।

লডা=[ফ]—বি. একপ্রকার ঘাস, এক-প্রকার ইক্ষু ॥

লডালডা=[ম]-ক্রি. বিণ. অনেক, উপরা উপরি ॥

লডালডি=[ঢা]—বি. গড়াগড়ি ॥ মাটিতে লডালডি করিস্ না। [<লুটা (<লুটানো)+লুটি]।

লডি=[কুম]—বি. <লাঠি ॥

লডিপোল্‌লা=[নো]—বি. তরকারি বিশেষ ॥

লডিমাস্=[ম]—বি. টাকি মাছ ॥ লডি মাসের বর্‌তা বালা।

লডৈয়া=[নো]—বি. ডাঁটা ॥

লড়ংগি=[রা]—বিণ. হালকা ও শীর্ণ দেহবিশিষ্ট ॥

লড়ক্=[ব]—বি. যুদ্ধ, দ্বন্দ্ব ॥ [<লড় (<রণ)+ক (স্বার্থে)]।

লড়ত্ ভড়ত্=[ব]-বিণ. নোলা, দুর্বল ॥ [অনু.]।

লড়ি=[রা, ফ]—বি. কাস্তে, গরু খেদাই বার ছড়ি ॥ লড়ি আন্ গরু নিয়া মাঠে-যাই(ফ)। [<নড়ি(<নল+ই)]।

২=[রা, ব]—বি. আম বিশেষ ॥

লড়্=[পা]—বি. মোটা রশি ॥

লড়্‌কা=[পা, কু]—বিণ. দীর্ঘ ॥ ও লড়্‌কা খুব্‌ই! [<লড়(<নল)+কা প্র.]।

লড়্‌ঝাঁড়্=[ব]—বিণ. অস্বস্তিকর ॥ [অনু.]।

লড়্‌ভড়া=[রা]—বিণ. দোদুল্যমান ॥ [<লড়্ ভড় (অনু.)+আ]।

লতর্‌ফতর্=[কুম]—ক্রি. বিণ. থক থক, খড়খড় ॥ গাইডার গুস্‌তে লতর্‌ফতর্ করে। [অনু.]।

লতা=[রা]—বি. আম বিশেষ ॥

লতাবতা=[কুম]—বিণ. খুব নরম ॥ মেলেডা একেবারে লতাবতা। [<লতা+বতা (অনু:); অর্থ প্র.]।

লতাবাহার্=[রা]—বি. হাতের অলং-কার বিশেষ ॥

লতাবৈশ্য=[সি]—বি. বারুজীবী, যাহারা পানের ব্যবসা করে (হিন্দু) ॥

লতাহত্‌তুর্=[সি]—বি. বংশানুক্রম ॥ [<লতা+সূত্র]।

লতি=[ম, পা, কুম, সি]—বি. নতিকা, কানের দোদুল্যমান অংশ ॥ [<লত+ই]।

২=[নো]—বি. কচুর শিকড় ॥ [পূর্বে দেখ]।

৩=[কুম]—বি. লাটিমের রশি ॥ [অর্থ প্র.]।

লতিক্=[কুম]—বি. পর্যন্ত ॥ [দেখ নাগতি]।

লতিকা=[ব]—বি. এক প্রকার মিষ্টান্ন ॥

লতি পোল্‌লা=[রা]—বি. পটোল জাতীয় জলো গাছ বিশেষ ॥

লতুয়া=[কুম]—বিণ. সরু, হালকা ॥ [<লত্ (<লতা)+উয়া প্র.]।

লতুর্=[গি]—বি. গোষ্ঠী ॥ [<লত্ (<লতা)+উর প্র.]।

লত্=[গি]—বি. গাছের লতানো শিকড় ॥

লত্‌কৈত্‌তা=[ম]—বিণ. হেংলা ॥ [<লত্‌কত্ (অনু.)+ইয়া প্র.]।

লত্‌তি=[র, ব]—বি. সম্বল, উপায় ॥

লত্‌তরা=[ফ]—বিণ. যাহার শক্তি অল্প ॥ [<লত্‌তর্ (অনু.)+আ প্র.]।

লথ্=[গি]—বি. আশ্রয়, সম্বল ॥

লদি=[পা]—বি. নদী ॥ লদিত্ খুব্ মাগ্ হচে'। [<নদী]।

লদ্‌দি=[চট্ট]—ক্রি. বিণ. দৌড় দিয়া ॥ [<লড়্ (=দৌড়)+দিয়া]।

লন=[ঢা]—বি. ঋণ ॥ লনের্ টাহা। [<লোন্ loan ইং]।

লনি=[রং]—বি. ঘৃত ॥ [<ননী <নবনীত সং]।

লনোড়্=[খু]—বি. মজা, কৌতুক ॥ [<রগড়] ॥

লনোত্‌খানা=[খু]—বি. নহবত-খানা ॥ [নওবত্ نوبت ফা.]।

লন্‌চে' লন্‌চ'=[ফ]—বি. উনচল্লিশ শব্দের সং. রূ. ॥

লন্‌ঠনাঠন্=[রা]—ক্রি. বিণ. শূন্য, ফাঁকা, নেতিবাচক ॥ [তুং ঠন্‌ঠন্; অনু.]।

লন্‌ডোভন্‌ডো=[রা]—ক্রি. বিণ. ছিন্নভিন্ন ॥ [<লণ্ড ভণ্ড]।

লন্‌সনা=[গি]—বি. <লাঞ্ছনা ॥

লপিনি=[নো]—বি. কাকলাস ॥

লপ্‌কি=[সি]—বি. লাফ ॥ বাগ্‌টা লপ্‌কি দিয়া পর্‌লো। [<লাফ্ (<লম্ফ)+কি]।

লপ্‌ত=[কুম, চা]—বি. সুবিধা ॥ [<লগাপট হিং কিংবা <রপ্ত<রব্‌ত ربط আং]।

লপ্‌তে=[য]—ক্রি. বিণ. সীমার, নিকটে ॥ আমার্ লপ্‌তে তুমি এসো না। [দেখ লপ্‌ত+এ (বিভক্তি)]।

লফ্‌=[সি]—বি. লালা ॥ লফ্ পরে। [<লু'আব لعاب আং]।

লফ্‌লফাইয়া=[সি]—ক্রি. বিণ. তাড়াতাড়ি, দ্রুত ॥ [<লফ্‌লফ্ (অনু.) +আ+ইয়া প্র.]।

লফ্‌তে=[য]—বি. নিয়ম, প্রথা ॥ [দেখে লপ্‌তে ; অর্থ প্র.]।

লবচ'র্=[নো]—ক্রি. বিণ. বিকৃত, নড়চড় ॥ [<নড়চড়]।

লবযান্=[কুম]—বি. দুর্বল, যায় যায় অবস্থা ॥ [<লবে জান <জান বলব্ جان بلب ফা. শব্দের অনুকৃতি]।

লবডং=[পা]—বি. সং ॥ [<লবডঙ্কা]।

লবড্‌ডবর্‌=[কুম]—ক্রি. বিণ. গোলযোগ ॥ গর্‌বারি কি লবড্‌ডবর্ লাগাইসে দেহস্‌না। [অনু.]।

লবর্‌=[কুম]—বি. গ্রাম্য মেলা ॥

লবা=[চা]—বিণ. লম্বা ॥ [<লম্বা]।

লবান্=[ব]—বি. নবান্ন ॥ [<নব+অন্ন]।

লবাব্‌=[চট্ট]—বি. নবাব, নওয়াব ॥ [<নওয়াব نواب আং]।

লবালব্‌=[চট্ট]—ক্রি. বিণ. কাছাকাছি, ধার পর্যন্ত ॥ [<লবালব لبالب ফা.]।

২=[চট্ট]—ক্রি. বিণ. দ্রুত পা ফেলিয়া (চলা) ॥ [অনু.]।

লবেদান্=[চা]—বিণ. ক্লান্ত ॥ [দেখ লবযান্]।

লবেন্‌চুশ্‌=[ম]—বি. লজেন্স ॥ [<লজেন্স lozenges ইং]।

লবোক্=[রা]—বি. এক অঞ্জলি, পরিমাণ বিশেষ ॥

লব্‌=[রা, কুম]—বি. ব্যঞ্জনের শুরবা, ঝোল ॥ [<লু'আব لعاب আং]।

২=[সি]—বি. ঠোঁট, লালা ॥ [<লব لب ফা. ; দেখ লফ্]।

লব্‌য=[ম, চ]—বি. বলার ভঙ্গি, অভ্যাস ॥ [<লফ্‌য لفظ আং]।

লব্‌দেখাওয়া=[রা]—ক্রি. আগ্রহ সহকারে খাওয়া, অবিবেকের মত খাওয়া ॥

লব্‌নি=[চট্ট]—বি. তরকারী বিশেষ ॥ [<লবণ+ই প্র.]।

লব্‌পরা=[সি]—ক্রি. মুখের লালা পড়া ॥ [দেখ লফ্+পড়া]।

লব্‌রঅ=[চট্ট]—অব্য. ডেকে সাড়া দেওয়া ॥ [<লব্‌বয়ক لبيك আং]।

লব্‌বৈ=[য]—বি. নব্বই ॥ [<নব্বই]।

লব্‌বান্=[কুম]—ক্রি. বিণ. ঝুলিয়া থাকা ॥ [<লম্ববান]।

লব্‌যান্=[ন]—বিণ. অতি বৃদ্ধ ॥ [দেখ লবযান্=ওষ্ঠাগত প্রাণ]।

লব্‌লং=[সি]—বি. নূতন রং ॥ [<নবরঙ্গ]।

লব্‌লব্‌করা=[কুম]—ক্রি. কোন কিছুর জন্য পেছনে পেছনে ঘুরা ॥ [<লব্‌লব (অনু.)+করা]।

২=[রা]—ক্রি. স্বচ্ছন্দে থাকা ॥ [অর্থ প্র.]।

লব্‌লবা=[বা]—বি. ভাল বস্তু ॥ [<লব্‌লব্ (অনু.)+আ ; লোভ লোভা]।

লব্‌লবি=[ব]—বি. জোয়ালে ব্যবহৃত ছোট বাঁশ বিশেষ ॥

২=[ব]-বিণ. অস্থির, চঞ্চল প্রকৃতির ॥ [অনু.]।

লম্‌প=[য, রা]—বি. আলো ॥ লম্‌প কোথায়্? [<ল্যাম্প lamp ইং]।

লম্‌পু=[কুম]—বি. বাতি বা কুপি ॥ [দেখ লম্‌প]।

লম্পট্‌=[কুম]—বি. লাফ ॥ [<লম্ফ +ট (স্বার্থে)]।

লম্‌বর্=[ম]—বি. সংখ্যা ॥ [<নাম্বার number ইং]।

লম্‌বরি=[রা, কুম]—বি. লোহার কড়াই, তরকারি পাক করিবার পাত্র ॥ [দেখ লম্‌বর্+ই প্র.]।

লম্‌লৈশ্‌শা=[বা]—বিণ. লাবণ্যময়, নাদুসনুদুস ॥

লম্‌শমি=[সি]—ক্রি. বিণ. যৌবনের সমারোহে ঢুলুঢুলু ॥ [অনু.]।

লয়া=[বা, নো ব]—বিণ. নতুন ॥ [<নয়া (<নব)]।

লয়ে=[চট্ট]—ক্রি. বিণ. সাথে ॥ [দেখ লগে]।

লয়্‌=[কুম, সি]—বি. অভ্যাস ॥ তোমার্ লয় বালা না। [গানের তাল]।

২=[বা]—বি. মিল ॥ [পূর্বে দেখ]।

৩=[সি]—বি. সম্পর্ক ॥ তোমার্ লগে তার্ লয়্ কিতা ? [অর্থ প্র.]।

৪=[ম]—বি. আদব কায়দা ॥ লয়্‌ডা একটু বালা কৈরো। [দেখ লয়]।

৫=[পা]—ক্রি. বিণ. নিঃশব্দে ॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

লয়্‌চ'া=[পা]—বিণ. কচি, সদ্য প্রকাশিত ॥ [<নয় (<নব)+চা প্র.]।

লয়্‌যাম্‌=[ব]—বি. কাজের বন্দোবস্ত ॥ ময়্‌নিগের্ লয়্‌যাম্ করো। [দেখ নযিমা]।

লয়্‌লয়্‌=[পা]—ক্রি. বিণ. ধীরে ধীরে ॥ [দেখ নয়্‌]।

লয়্‌লয়্‌করা=[পা]—ক্রি. ধীরে সুস্থে করা ॥ [দেখ লয়্‌লয়্+করা]।

লয়্‌লশ্‌কর্=[সি]—বি. সৈন্য সামন্ত ॥ [<লয়(অনু:)+লশকর لشكر ফা.]।

লরন্দা লরন্দা=[সি]—বিণ. ছিন্নবিচ্ছিন্ন ॥ [অনু.]।

লরা=[ফ]—বি. কাপড় রৌদ্রে দেওয়ার বাঁশ ॥ [<লর(<নল)+আ প্র.]।

২=[সি]—বি. খণ্ড ॥

৩=[ম, সি]—ক্রি. নড়া ॥ [<নড়া]।

৪=[কুম]—বি. রুই মাছের বাচ্চা ॥

৫=[ম, কুম]—বি. চুলের গিঁট ॥ [<লটা সং]।

৬=[রা, ম]—বি. কড়াই ॥

৭=[চা, নো, কুম]—বি. ঘরের চালে ব্যবহৃত কাঠ ॥

লরাচ'রা=[সি]—বি. নড়াচড়া ॥ [দেখ লরা৩+চরা (অনু:)]।

লরাদশা=[ম, কুম, সি, চা]—বি. দুর্দশা ॥ অতো লরাদশা মাইনুশের্ শয় ? [<লড় (<রণ)+আ+দশা]।

লরাদাইয়া=[সি]—বি. নরাধম (গালি বিশেষ) ॥ [দেখ লরাদৈশ্‌শা]।

লরা দেওয়া=[সি]—ক্রি. অনুপস্থিত হওয়া ॥ চা'কর্ বেটায় মাশে কতোদিন্ লরা দিল্।

২=[চা]—ক্রি. মাথার চুলের গিঁট ছুড়ানো ॥ [দেখ লরা৬+দেওয়া]।

৩=[চা]—ক্রি. ঝাকুনি দেওয়া, নাড়া দেওয়া ॥ [<নাড়া দেওয়া]।

লরাদৈশ্‌শা=[চট]—বিণ. হতভাগা ॥ [দেখ লরাদশা+ইয়া প্র.]।

লরানি=[সি]—বি. দু:খ ॥ আমার্ লরানি গেল্ না। [<লড়=রড়+আনি]।

লরানিয়া=[ম]—বিণ. অভাবগ্রস্ত, দু:খী ॥ [দেখ লরানি+আ প্র.]।

লরান্=[কুম]—ক্রি. বি. তাড়ান, স্থানান্তরিত করা ॥ [<নাড়ান]।

লরাবাইল্=[ফ]—বি. গরুর এক প্রকার পীড়া ॥

লরি=[রা]—বিণ. কচি ॥

২=[ম]—বি. চুলের গিঁট ॥ [দেখ লরা৬+ই প্র. ক্ষুদ্রার্থে]।

লরিবাগুন্=[রা]—বি. লম্বা ও সরু বেগুন বিশেষ ॥

লরুন্=[রা]—বি, নখ কাটার যন্ত্র বিশেষ ॥ [<নরুন(<নখ হরণিকা)]।

লরে আওয়া=[সি]—ক্রি. তাড়াতাড়ি আসা ॥ [< লড়িয়া (< লড় =রড়) +আসা]।

লর্=[সি]—বি. প্রশ্রয় ॥ লর্ পাইনাইসো ?

২=[নো, গা, চা, রা]—বি. এক প্যাচি সূতা ॥

৩=[পা]—বি. ছিদ্র, কলুর ঘানির যেখান দিয়া তেল আসে ॥ [<নল]।

লর্কা=[নো]—বি. একপ্রকার মাছ ॥

লর্খরা=[সি]—বিণ. দুর্বল, শিথিল ॥ [অনু. ; তুং নড়খড়ানা হিং]।

লর্‌খৈগা=[চট]—বিণ. অস্থির স্বভাব ॥ [দেখ লর্‌খরা]।

লর্‌খৈয্যা=[চট]—বি. অস্থির ॥ [দেখ লর্‌খৈগা]।

লর্ ঘোরানো=[চট]—ক্রি. ঝুলন দোলা ॥

লর্‌চা=[রা]—বি. হুঁকার নৈচা ॥ [দেখ লচা]।

লর্‌জা=[রা]—বি. নরম হওয়া ॥ [< লর্‌যহ لرزہ ফা.]।

লর্‌দি=[রা]—ক্রি. বিণ. দৌড় দিয়া ॥ লর্ দি আহেক্। [দেখ লরে আওয়া ; লড়+দিয়া]।

লর্ দিয়া=[কুম]—ক্রি. বিণ. দৌড় দিয়া ॥ লর্ দিয়া ঘরে যাও। [দেখ লর্‌দি]।

লর্ দেওয়া=[কুম]—বি. দৌড়ানো ॥ [দেখ লরে আওয়া ; লড়+দেওয়া]।

লর্‌বরা=[কুম]—বিণ. ঝুলন্ত, ফাঁসে লটকানো ॥ [দেখ লর্‌বর্+আ]।

লর্‌বরি=[সি]—বি. নড়াচড়া ॥ [দেখ লর্‌বর্+ই প্র.]।

লর্‌বর্=[চা]—বিণ. শিথিল, ঝুলন্ত ॥ [অনু.]।

লর্ বাউগ্‌লা=[সি]—বিণ. অস্থির, চঞ্চল ॥ [দেখ লর্ দেওয়া ; লড়+ভাগ <ভঙ্গ+উলা প্র.]।

লর্‌মা=[চা]—বিণ. লোভী, রাক্ষস ॥

লর্‌লা=[সি]—বি. জিড্, অভ্যাস ॥

লর্‌সি=[ম]—অস. ক্রি. ঝুলিয়া ॥

ললা=[পা]—বি. ডাল, গাছের শাখা ॥ [<নল+আ]।

২=[পা]—বি. গ্রাস, লোকমা ॥ [< নৱাল: نوال আং]।

৩=[রা]—বিণ. লম্বা লোক ॥ [দেখ ললা / অর্থ প্র.]।

ললাইয়া পরা=[ম]—ক্রি. ঝুলিয়া পড়া ॥ [<নল+আ+ইয়া প্র.+পড়া ; নলানো ; নামধাতু]।

ললাম্ বালাম্=[সি]—ক্রি. বিণ. গাছে খুব বেশী করিয়া ঝুলিয়া থাকার অবস্থা ॥ [অনু.]।

ললারি=[সি]—বিণ. যাহারা চুড়ি ইত্যাদি ফেরী করিয়া বেচে ॥

ললি=[পা, রা]—বি. সূতাকে জড়াইয়া রাখার কাঠের চিকন গুটি ॥ [<নল+ই প্র.]।

২=[সি]—বি. দোলা ॥

ললৈ, ললৈয়া=[সি]—বি. আদরে লালিত, প্রতিপালিত ॥ [লাল্<লালন+ইয়া প্র.]।

ললৈ বলৈ=[সি]—বি. মায়া মমতা ॥ [অনু.]।

ললো পাড়া=[কুম]—ক্রি. আদর করা ॥

লল্=[রা—বি. মাছ মারিবার উপকরণ বিশেষ ॥

২=[রা]—বি. পুরুষ জন্তুর লিংগ ॥

৩=[পা]—বি. আগাছা বিশেষ ॥

লল্‌বরি=[কুম]—বি. গলার নীচের বর্ধিত অংশ ॥ [দেখ লর্‌বরি]।

লল্ বাঁশ্=[রা]—বি. চিকন বাঁশ বিশেষ ॥ [<নল বাঁশ]।

লল্‌লরান্=[কুম]—ক্রি. বি. লটকিয়া বা ঝুলিয়া থাকা ॥ [<লল্‌লল্ (অনু.) +আন প্র.]।

লল্‌লর্=[চট, ম]—বিণ. নড়বড়ে ॥ [দেখ লল্‌লরান্ ; অনু.]।

লল্‌লি=[ব, রা]—বি. গলনালী ॥ [<নলী]।

লল্‌লৈরা—[কুম]—বিণ. ঝুলানো ॥ [দেখ লল্‌লর্+ইয়া]।

লশা=[রা]—বি. বিয়ের বর ॥ [< নওশহ্ نوشہ ফা.]।

লশ্‌কা=[সি]—বিণ. ঝুলিয়া পড়া ॥

লশ্‌পশি=[রা]—বি. অল্প ঝোল বিশিষ্ট তরকারী ॥ [অনু.]।

লশ্‌মি=[বা]—বি. অঙ্গসৌষ্ঠব ॥ [লক্ষ্মী]।

লশ্‌লশা=[সি]—বিণ. ভিজাভিজা ॥ অতো লশ্‌লশা সান্‌দি খাও কেনে? [অনু.]।

লশ্‌শি=[ঢা]—বি. ঘোলের শরবত ॥ [<লস্‌সী হিং]।

লসন্‌=[ন]—বি. ধরণ ॥ কি লসনের্‌ মাইয়্যা, তার্‌ অতো দেমাগ্‌! [< লক্ষণ সং] ।

লসম্‌=[ঢা, কুম]—বি. সুন্দর চেহারা, নমুনা ॥ [দেখ লসন্‌]।

লসর্‌ বসর্‌=[সি]--বি. লোভ দেখানো॥ [অনু.]।

২ =[সি]—বি. খাতিরের চেষ্টা ॥ [অর্থ প্র.]।

লসর্‌ বসর্‌ করা=[ঢা, ম]—ক্রি. অমনোযোগের সহিত কাজ করা (যাহাতে শীঘ্র শেষ না হয়) ॥ [<লসর বসর (অনু.)+করা] ।

লসর্‌ হসর্‌=[চট্ট]—বি. অবৈধ মিতালী ॥ [অনু.]।

লসল্লি=[সি]—বি. সোপারেশ, অনুরোধ ॥

লস্‌কা=[ঢা]—বি. গুচ্ছ ॥

লস্‌মি=[পা]—বি. মুগ্ধ করিবার ক্ষমতা ॥ [<লক্ষ্মী] ।

২=[ম]—বি. আকৃতি ॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩=[বা]—বি. মুছিবার ন্যাকড়া ॥

লস্‌লৈচ্‌'চা=[ফ, কুম]—বিণ. ভিজা ভিজা ॥ [অনু.]।

লস্‌সম্‌=[ম]—বি. নমুনা ॥ [দেখ-লসন্‌] ।

লস্‌সর্‌=[সি]—বি. লাইন, ধারা ॥ [<লেজুড়<লেজ(<লঙ্গ সং)+উর]।

লহনা=[পা]—বি. বিবাদ, মারামারি ॥

২ =[ফ]—বি. আরম্ভ ॥ [√ল+ অন]।

লহালা=[কু]—বি. রুই মাছ ॥

লহালোট্‌ করা বা লোহালোট্‌ করা= [রা]—ক্রি. ছট্‌ফট্‌ করিয়া কাঁদাকাটা করা ॥

লহি=[কুম]—বি. প্রশ্রয় ॥ [<লহি< নেহ(<স্নেহ সং) ; তুং নাই]।

লহির্‌=[বা]—বি. নিতম্ব ॥

লহুচোনা=[রা]—বি. এক জাতীয় টিকটিকি ॥

লহে পহে=[সি, পা]—ক্রি. বিণ. আলগোছে, অনায়াসে ॥

লহ্‌ত=[পা]—বি. নফর, চাকর ॥ লহ্‌তের্‌ বেটা লহ্‌ত তুই আমাকে এ কথা বল্‌বার্‌ পারিশ্‌ না ? ।

লা

লা=[খু]—বি. নৌকা ॥ লার্‌ কার্‌বার্‌ ভালা । [<না<নাও<(নৌ সং]।

২ =[সি]—বি. লাক্ষা, রূপা ॥ [< লাক্ষা সং]।

লাঅত্‌=[চট্ট]—বি. দেখা, সাক্ষাৎ, ধরা, নাগাল ॥ [দেখ লঅতি]।

লাঅয়ারিশ্‌=[ম]—বি. উত্তরাধিকার বিহীন ॥ [<লা বারিস لاوارث আং]।

লাআনত্‌=[নো]—বি. বদ দোয়া, অভিশাপ ॥ [<লা'নত্‌ لعنت আং]।

লাই=[রা, ম, পা]—বি. প্রশ্রয় ॥ [দেখ লহি] ।

২=[নো, সি]—বি. জন্য ॥ পোয়ার্‌ লাই তার্‌ মা কান্‌দিয়াই পাগল্‌ । [< লাগি]।

৩=[রা, পা]—বি. নাভি । [<নাই< নাভি]।

৪=[নো, চট্ট, কুম]—বি. চেঙ্গারি, বাঁশের তৈরী ভাণ্ড ॥

৫=[ঢা]—বি. মোয়া ॥

৬=[চট্ট]—বি. লাঠি ॥ লাইডা দে। [<লাঠি]।

৭=[কুম]—বি. সপ্তম বংশধর ॥ নাতির্‌ গরের্‌ পুতি, পুতির্‌ গরের্‌ সতি, সতির্‌ গরের্‌ লাই ।

৮=[কুম]—বি. নেশা ॥ হোলার্‌ মনের্‌ মদের্‌ লাই যায়্‌ নাই। [<লাইগ<লাগ (<লগ্ন)]।

৯=[সি, কুম]—বি. জলের একপ্রকার খেলা ॥

১০=[সি, কুম]—বি. এক প্রকার শাক ॥

লাইউন্‌=[চট্ট]—বি. টুকরীগুলি ॥

লাইংগা=[চট্ট]—বিণ. উপপতি ॥ হিতে তোর্‌ লাইংগা নাকি? [<লাঙ্গা প্রাং বাং<নগ্ন সং]।

লাইক্‌=[সি, কুম]—বি. আমোদ, নেশা ॥ [দেখ লাই$_{৮}$]।

২ =[ঢা]—বিণ. বিবাহের উপযুক্ত, যুবতী ॥ লাইক্‌ মাইয়া গরে রাখিস্‌ না। [<লাইক لائق আং]।

লাইক্‌ করা=[সি]—ক্রি. উপযুক্ত ভাবে অস্ত্র বসানো ॥ [দেখ লাইক্‌$_{২}$+করা ; অর্থ প্র.]।

লাইক্‌ নাগা=[ঢা]—ক্রি. তন্দ্রা আসা ॥ আমার্‌ এ্যাক্‌টু লাইক্‌ নাইগ্যা আইসিল্‌। [দেখ লাইক্‌+লাগা]।

লাইকের্‌=[কুম]—বিণ. ধরণের ॥ তুই কোন্‌ লাইকের্‌ মানুশ্‌রে ? [দেখ লাইক্‌$_{১}$ +এর (বিভক্তি)] ।

লাইগ্‌=[ঢা]—বি. নেশা ॥ গুমের্‌ লাইগ্‌ সারে নাই। [দেখ লাইক্‌] ।

লাইগ্যা=[রা]—বি. জন্য ॥ [< লাগিয়া]।

লাইগোঁন্দা=[ব]—বি. মেয়েদের নাভির কাছের কাপড়ের ভাঁজ ॥ [দেখ লাই$_{৩}$+গুঁজা]।

লাইচ'া=[কুম]—বিণ. পেটুক ॥ [<লাল্‌চী হিং, লালস সং]।

লাইচ'্যা=[কুম]—বি. একপ্রকার আমন ধান ॥

লাইচ', লেইচ'=[সি]—বি. লম্বা হইয়া আলির উপর পড়িয়া থাকে এমন ধান গাছ ॥

লাইয্যারৃতা=[কুম]—ক্রি. বিণ. অনেক বেশি, প্রচুর ॥ [<রাজ্যের তা<রাজ্য +এর (বিভক্তি)+তাহা]।

লাইট্যা=[কুম]—বিণ. বড়, বিরাট ॥ এতো লাইট্যা যোয়ানের্‌ লগে আমি কেম্‌নে পারি? [দেখ লাইট্টা]।

লাইট্টল্‌=[চা]—বিণ. লাঠিওয়ালা ॥ [<লাঠি+ওয়াল প্র.]।

লাইট্টা=[কুম]—বিণ. স্থূল অথচ অকর্মা ॥ [<লাঠ হিং+ইয়া প্র]।

লাইট্টা মোরা=[কুম]—বিণ. খুব মোটা ও লম্বা ॥ [দেখ লাইট্টা+মোটা]।

লাইঠ্যা=[ম]—বিণ. লাঠিয়াল ॥ [<লাঠি+ইয়া প্র.]।

লাইড়া=[বা]—ক্রি. বিণ. নুড়াইয়া ॥ মাতার্‌ চুল্‌গুলি লাইড়া ফালা। [<নাড়িয়া প্রাঃবাং; তুঃ নেড়ে]।

লাইড়াদানি=[রা]—বি. ঢেঁকিতে ধান নাড়িয়া দিবার কাঠি ॥ লাইড়াদানি দিয়া ধান লাইড়া দে । [<নাড়িয়া (<নাড়া) +দেয়নি<√দি+অন্‌+ ই প্র.]।

লাইঢিলা=[রা]—বিণ. অলস, আলসে চালচলন যাহার ॥ [দেখ লাই$_{৩}$+ ঢিলা]।

লাইত=[নো]—বি. রাত্র ॥ লাইত্‌ ঐয়া গেসে। [<রাইত(<রাত্রি সং)]।

লাইততাই=[চট]—অস. ক্রি. লাথি মারিয়া ॥ [<লাথি+আইয়া]।

লাই দেওয়া=[সি, পা]—ক্রি. আশ্রয় দেওয়া ॥ তুমি আওতারে লাই দিলায়্‌? [দেখ লাই+দেওয়া]।

লাইন্‌=[নো, চট]—বি. অনুরূপ, মতন ॥ [<লাগান<লাগ<লগ্ন+ আন প্র.]।

লাইনের্‌ নাও=[চা]—বি. ভাড়ার নৌকা, খেয়া নৌকা ॥ আইয়্‌ কাইল্‌ লাইনের্‌ নাও চলে না। [<লাইন line ইং+এর (বিভক্তি)+নৌ সং]।

লাইবুরানি=[সি]—বি. গোসল করি-বার সময় ছেলেমেয়েদের এক প্রকার খেলা ॥ [দেখ লাই$_{৯}$+বুরা=ডুবা +নি]।

লাইম=[সি]—বি. বাতা, কাশ জাতীয় উদ্ভিদ্‌ ॥ দুখান্‌ লাইম্‌ আন্‌।
২=[সি, কুম, চা]—বি. বাঁশের বেড়াতে প্রস্থে লাগানো বাঁশ ॥

লাইম্‌ম্যা=[কুম]—ক্রি. বিণ. নামিয়া, অবতরণ করিয়া। [<নামিয়া]।

লাইমলা=[ম, সি]—বিণ. শেষের ॥ [<নাম(<নামা)+লা প্র.]।

লাইয়র্‌=[ব]—বি. আত্মীয়, নাইওর ॥ [< নাইওর < নাতিঘর (<জ্ঞাতিগৃহ সং)]।

লাইয়া=[ফ]—বি. একপ্রকার মাছ ॥
২=[পা]—বি. যাহারা নৌকায় থাকে ॥ [<নাও (<নৌ সং)+ইয়া প্র.]।

লাইয়্যা=[কুম]—বি. বাঁশ ও বেতের তৈরী ছোট পাত্র ॥ উরুম্‌ডি লাইয়্যাত্‌ লও।

লাইরা=[কুম]—ক্রি. <নাড়িয়া, আউলাইয়া ॥ [<নাড়িয়া]।
২=[সি]—বি. পাঙ্গাশ জাতীয় মাছ ॥
৩=[চা]—অস. ক্রি. মাথা মুড়াইয়া ॥ [দেখ লাইড়া]।

লাইর্‌=[বা]—বি. ভাতের কাঠি ॥ লাইর্‌টি তারাতারি আন্‌।
২=[সি]—বি. নিতম্ব ॥ লাইরের্‌ গুতা খাইসে।

লাইল্‌=[কুম, চা, রা]—বি. ক্ষেতের আল ॥ [<আইল<আলি; বর্ণাগম]।
২=[র]—বি. শালুকপাতা, শাপলা ॥ [<নাল<নল সং+অ]।
৩=[চা]—বি. পিঁয়াজের ফুলকা ॥ [দেখ লাইল্‌]।

লাইলাই=[ফ]—ক্রি. বিণ. নেশা নেশা ভাব ॥ পান্‌ খাইলাম্‌ অহন্‌ আমার্‌ লাই লাই করে। [দেখ লাই$_{৮}$]।

লাইল্‌ক্যা গরু=[পা]—বি. বাছুর গরু ॥

লাইল্‌সা=[কুম]—বি. লোভী ॥ [<লালসা+ইয়া প্র.]।

লাইলোট্‌=[চা]—বিণ. পাগল, অস্থির ॥

লাইসা=[কুম]—বি. গাছি ॥

লাইসাবি=[সি]—বি. মনিপুরি জাতি ॥ [<লিচ্ছবী]।

লাইস্‌ বাওয়া=[চা]—ক্রি. খুব জোরে নৌকা চালানো ॥

লাইহ্যালাশি=[রা]—বি. আহ্লাদ (বাড়াবাড়ি রকমের) ॥

লাইহোরা=[চা]-বি. বড় সরিষা ॥ লাই হোরার্‌ তেল খুব দক্‌। [<রাই সরিষা]।

লাউ=[কুম]—বি. একপ্রকার বাদ্যযন্ত্র ॥ [<লাবু<অলাবু সং]।

লাউইয়া=[চট]—বিণ. অকেজো ॥ [দেখ লাউ+ইয়া প্র.]।

লাউইরা=[কুম]—বিণ. গালি বিশেষ।

লাউক্কা=[খু]—বি. চিংড়ি মাছ ॥ লাউক্কা মাস্‌ অনেকে খায়্‌ না।

লাউগ=[কুম]—বি. নাগাল ॥ [<লাগা (<লগ্ন সং)]।

লাউজান্‌=[রা]—বি. একপ্রকারের ধান ॥

লাউযারি=[ফ]—বি. নিন্দা ॥ [<রাও (<রব)+যারা زاری ফা.]।

লাউট্টা=[বা]—বি. মৃত্যুর সময় মুখ দিয়া যে ধরনের ফেনা বাহির হয় তেমনি ফেনা বা লালা ॥

লাউঠা=[রা]—বিণ. লাঠালাঠিতে উস্তাদ ॥ ওর মত লাউঠা দেখিনি। [<লাঠ+উয়া প্র.]।

লাউডালানি=[কুম]—বি. ধানের ক্ষতিকারক একপ্রকার মাছি ॥

লাউড়া=[রা]—ক্রি. বিণ. শূন্য, নেড়া ॥ মাথাডা লাউড়া কৈরা আন্‌সা। [দেখ লাইড়া]।

লাউতাইন্যা=[কুম]—বিণ. দুর্বল, রোগা ॥ এমুন্ লাউতাইন্যা পোলা কোনু কামের্ না। [<লতা+নিয়া প্র.]।

লাউতি দান্=[কুম]—বি. একপ্রকার ধান ॥

লাউয়া=[বা]—বি. মাথামোটা টাকি মাছ ॥

২=[রা]—বি. তরকারী বিশেষ ॥ [দেখ লাউ+আ প্র.]।

৩=[কুম, সি]—বিণ. লাউ-এর ন্যায় বড় ॥ বুয়ার্ দুদ্‌ডি লাউয়া। [দেখ লাউয়া$_2$]।

৪=[ঢা]—বি. একতারা বাদ্যযন্ত্র ॥ [দেখ লাউ]।

৫=[চট্ট]—বিণ. স্ত্রীর পূর্ব স্বামীর ঔরসজাত ॥

৬=[ঢা]—বিণ. আলাভোলা ॥ [দেখ লাউয়া]।

লাউয়া পির্=[সি]—বি. ভণ্ডপীর, যে গানবাজনা ভালবাসে এমন ॥ [দেখ লাউয়া$_4$+পীর ফা.]।

লাউয়াপুত্=[কুম]—বিণ. জারজ সন্তান ॥ [দেখ লাউয়া$_5$+পুত্র]।

লাউয়া স্টুট্টা=[সি]—বিণ. অসৎ, ভেলকিবাজ ॥ [দেখ লাউয়াপির্; লাউয়া+চোট্টা হিং]।

লাউয়ের্ পাতা বিলান্=[পা]—ক্রি. পুণ্য কার্য করা ॥ তোর মায়্ লাউয়ের্ পাতা বিলাইচি'ল্ বলে বাচ'্যা গেলি নৈলে তোক আইয়্ শেশ্ কোর্‌তাম্। [বাগ্‌ধারা]।

লাউরা=[ঢা]—বিণ. শূন্য, নেড়া ॥ [দেখ লাইড়া]।

লাউরান্=[রা]—বিণ. কাতর ॥

লাউরি=[কুম]—ক্রি. বিণ. একটানা ॥ [দেই লাউর্+ই প্র.]।

লাউর্=[পা]—বিণ. লম্বা ॥ [<লহর]।

লাউলালি মাস্=[ব]—বি. চুকচুনি মাছ, একপ্রকার ছোট মাছ ॥

লাউলারানি=[কুম]—বি. ক্ষুদ্র ভাসমান মৎস্য বিশেষ ॥

লাউল্যানি=[ঢা]—বি. একপ্রকার পোনা মাছ ॥

লাউল্=[রা]—বিণ. গভীর ॥

২=[সি]—বিণ. যে ব্যক্তির কোন কিছুর স্থিরতা নাই ॥

লাএক্=[রং]—বি. লক্ষ ॥ [<লাখ<লক্ষ]।

লাও=[রা]—বি. নৌকা ॥ [<নাও<নৌ সং]।

লাও করা=[ঢা]—ক্রি. শব্দ করা ॥ [<রাও<রব+করা]।

লাওখাত্তানি=[চট্ট]—বিণ. ছিনাল, ভ্রষ্টা ॥

লাওটা=[সি]—বিণ. চরিত্রহীন ॥ [<নাট্<নট+উয়া প্র.]।

লাওডুগা শাপ্=[কুম]—বি. এক প্রকার লালচে ধরণের সাপ (ইহা খুব নরম) ॥

লাওড়া=[রা]—বি. সাপ বিশেষ ॥ আরে লাওড়া শাপের্ বিশ্ খুব্।

লাওড়িয়া সৈ=[নো]—বি. এক প্রকার শিম ॥

লাওদারা=[পা]—বি. হালট ॥ [দেখ লাও+ধারা]।

লাওনি=[ফ]—বি. আরম্ভ ॥ তোমার্ শব্ কামেই লাওনি আসে যাওনি নাই। [<√লে+অন+ই প্র.]।

লাওয়া=[নো]—বিণ. কাঁচকলা (গালি) ॥

২=[কু]—বি. নাপিত ॥ [<নাওয়া<নাপ্‌তা<নাপিত+আ]।

৩=[কুম]—বি. বড় আকারের পিঁপড়া ॥ লাওয়ায় কামরাইয়া আমার্ পাওডা ফুলাইয়া ফালাইসে।

৪=[চট্ট]—বি. ছোট শিশু ॥ লাওয়ারে দেখ্‌তে গম্ লায়ে।

৫=[পা]—ক্রি. গোসল করা ॥ [<নাওয়া]।

লাওয়া ডোবাডুবি=[পা]—বি. তেলের পিঠা ॥

লাওরা=[কুম]—বি. পুংলিঙ্গ ॥ [<নওড়া হিং]।

লাওরি=[নো]—বি. ছই. শীম ॥

২=[বা]—বি. শিরশিরে বায়ু ॥ [<লহর+ই প্র.] ॥

লাওরে=[চট্ট, কুম]—ক্রি. বিণ. আস্তে ॥ [দেখ লাওরি$_2$+এ(বিভক্তি)]।

লাং=[কুম, সি, বা]—বি. উপপতি ॥ এ্যাক্ বেটির্ তিন্ লাং। [দেখ লাইংগা]।

লাংকা=[ব]—বি. অহঙ্কার ॥

লাংগলের্ মুন্‌দি=[রং, রা]—বি. লাঙ্গলের হাতল ॥ [লাঙ্গলের+মুণ্ড+ই প্র.]।

লাংগা=[কুম, ফ]—বিণ. বকনা, যে গরু প্রসব করে নাই ॥

লাংগে নাই ত্যানা, হাংগে বাই পোত্‌তে প্যানা=[খু]—ছোট মুখে বড় কথা ॥ [বাগ্‌ধারা]।

লাংগের্ কোলেও হোয়া, ভাতারের্ কোলেও হোয়া=[খু]—ক্রি. দুইদিক রক্ষা করা ॥ [মূল অর্থ উপপতির কোলেও শোয়া, স্বামীর কোলেও শোয়া; বাগ্‌ধারা]।

লাংচু'নি=[খু]—বিণ. গালি বিশেষ ॥ [দেখ লাইংগা+চোর+নি প্র.]।

লাংচু'ন্নি=[ব]—বিণ. ছিনাল ॥ [দেখ লাংচু'নি]।

লাংচো'র্=[ফ]—বিণ. ভিন্ন পুরুষের সাথে ভালবাসাকারিনী ॥ [দেখ লাংচু'নি]।

লাংলা=[পা]—বি. লোহার তৈয়ারী লাঙ্গল জাতীয় আচঁড়া ॥ [<লাঙ্গল+আ প্র.]।

লাকা=[সি]—ক্রি. বিণ. সর্বসমেত ॥

লাকাতি=[রা]—বি. মত, মতন ॥ তোমার্ লাকাতি এক্‌টি লোক্ হাটে দেখ্‌লাম্। [দেখ লাইন্; লাগ+আতি]।

লাকান্=[রা, নো]—বি. মত ॥ [দেখ লাইন্]।

লাকাম্=[ব]—বি. মত ॥ [দেখ লাকান্]।

লাকারি=[সি]—বি. বাহিরের ঘর ॥

লাকারু=[কু]—বি. খরগোশ ॥ [<লাফ (<লম্ফ)+আরু প্র.]।

লাকাল্=[নো, কু]—বি. ন্যায়, মত ॥ [দেখ লাকান্]।

২=[পা]—বি. নাকের দড়ি ॥ [<নাক+আল প্র.]।

লাকুর্=[পা, কুম]—বি. ভাত নাড়িবার কাঠি ॥ [দেখ লাইর্]।

লাকুরু=[চা]—বিণ. নির্বোধ ॥

লাকের্ হাম্=[রা]—ক্রি. বিণ. দূরে ॥

লাকৈর্=[চা, কুম]—বি. ভাত নাড়ার কাঠি ॥ [দেখ লাকুর্]।

লাকোল্=[ব, রা]—বি. গরুর নাকের ভিতরে দেওয়া দড়ি ॥ [দেখ নাকাল্২]।

লাক্=[চট]—বি. নায়েক ॥ [দেখ লাইক্১]।

২=[নো, পা]—বি. নাক ॥ [<নাক (<নক্ক সং)]।

লাক্কর্ দাদা=[সি]—বি. দাদার দাদা, প্রপিতামহ ॥ [লক্কড় দাদা]।

লাক্কা=[চট, কম]—বি. হাকডাক ॥

লাক্কার্=[রা]—বিণ. দুষ্ট ॥ তুই বড় লাক্কার্ মানুশ্। [<ন্যাক্কার সং]।

লাক্কিনি=[ব]—বিণ. সুলক্ষণা ॥ [<লক্ষণ+ই]।

লাক্‌ড়া=[রা]—বি. নেকড়ে বাঘ ॥ [<নেকড়ে]।

লাক্‌মাছি=[রা]—বি. নাকের গয়না ॥ [<নাক মাছি]।

লাক্‌লাকানি=[রা]—ক্রি. বিণ. ডুবু-ডুবু ॥ [অনু.]।

লাক্‌শি=[পা]—বি. গলার সুতা, পড়া সুতা, প্রসূতির গায়ে দেওয়া মন্ত্রযুক্ত সুতা ॥

লাক্ হাওয়া=[নো]—ক্রি. খোঁজ করিয়া দেখা পাওয়া ॥ [<লাগ পাওয়া]।

লাখা=[সি]—বিণ. তৈরী, রেডিমেড ॥

লাখান্=[সি]—বি. মত ॥ [দেখ লাইন্]।

লাখারি=[সি]—বি. কাছারি ঘর ॥

লাখার্, লাখারে=[ফ]—বিণ. বৃহৎ ॥

লাগন্=[কু]—ক্রি. বি. ঝগড়া লাগা ॥ [<লাগ্+অন প্র.]।

২=[চা]—বি. নাগাল ॥ হেইতার্ লাগন্ পাইলাম্ না। [<নাগাল<লাগা+আল]।

লাগর্=[বা]—বি. নাগাল ॥ [দেখ লাগন্২]।

লাগর্ দেওয়া=[কুম]—ক্রি. গুড় চিনি দিয়া কোন কিছু পাক করা ॥

লাগর্ পেচা=[রা]—বিণ. অপর জন, ভিন্ন পুরুষ ॥

লাগা=[কুম, সি]—ক্রি. রাগ করা ॥ [<রাগ+আ প্র.]।

২=[পা]—ক্রি. পাকা, পরিপক্ক হওয়া ॥ [অর্থ প্র.]।

লাগাইন্যা=[কুম]—বিণ. প্ররোচক ॥ [<লাগান+ইয়া প্র.]।

লাগাইরা=[দি, রা]—ক্রি. বিণ. উপর্যু-পরি, একের পর এক ॥ [দেখ লাগাড়্+ইয়া]।

লাগাদার্=[সি]—বিণ. দায়ী ॥ [<লাগা (<লগ্ন সং)+দার ﺩﺍﺭ ফা. প্র.]।

লাগাড়্=[রা]—বি. সারি ॥ [<নাগাড় (<লাগ+আড় প্র.)]।

লাগাত=[সি]—বি. পর্যন্ত, নাগাদ, অবধি ॥ [দেখ লগতি; তুঃ লিগায়ত্ ﻟﻐﺎﻳﺖ আং]।

২=[ব]—বি. সংযোগ, সম্পর্ক ॥ [<লাগ (<লগ্ন সং)+আত প্র.]।

লাগাতে=[চা]—বি. পর্যন্ত, অবধি ॥ হেই লাগাতে আমি আর্ হেহানো যাই না। [দেখ লাগাত্+এ (বিভক্তি)]।

লাগান্=[রা]—বি. ধান চাল লইয়া বা অন্য কোন কাজে পাঁচ দশটা গরুর গাড়ী একত্রে বিদেশে গেলে কোন বড় গাছের নীচে রাত্রে তাহারা আশ্রয় নেয় এবং রাত কাটায়—ঐরূপ জায়গায় নাম লাগান ॥

২=[ফ]—ক্রি. রোপন ॥ [লাগানো]।

৩=[ম]—ক্রি. বিণ. সংলগ্ন, নিকট ॥ [<লাগ্‌ন (<লগ্ন)]।

লাগান্ ভাগান্=[খু]—ক্রি. বি. পর-স্পরের ভিতর বিদ্বেষভাব ছড়ানো ॥ [<লাগানো+ভাঙ্গানো]।

লাগাপাড়ি=[রা]—বি. কার্যে পরস্প-রকে সাহায্যের প্রতিশ্রুতি দান ॥

লাগাবাড়ি=[স]—বি. পাশের বাড়ী ॥ [<লাগ (<লগ্ন)+বাটী]।

লাগাম্ বাধাম্=[সি]—বি. দুইজনের মধ্যে কলহ বাঁধানোর হীন উদ্দেশে সত্য মিথ্যা কথা বলা ॥ [দেখ লাগান্ ভাগান্; লাগানো বাঁধানো]।

লাগায়েত্=[চা]—অব্য. পর্যন্ত ॥ [দেখ লাগাত্]।

লাগারে=[সি]—ক্রি. বিণ. সীমান্তে, সংলগ্ন ॥ [দেখ লাগাড়+এ (বিভক্তি)]।

২=[র, কুম, চা]—ক্রি. বিণ. অবিরাম ॥ [দেখ লাগাড় + এ (বিভক্তি)]।

লাগার্=[চট]—ক্রি. বিণ. সর্বদা ॥ [দেখ লাগাড়]।

লাগাল্=[সি]—বি. দেখা, নাগাল ॥ [দেখ লাগন্১]।

২=[পা]—বি. মত, সাদৃশ্য ॥ [দেখ লাকান্]।

লাগিন্=[কু]—অব্য. জন্য ॥ [দেখ লাইগ্যা]।

লাগিল্=[ম]—অব্য. জন্য ॥ [দেখ লাগিন্]।

লাগুত্=[ম]—বি. নাগাল ॥ আম্‌ডা লাগুত্ পাইনা। [দেখ লাগন্২]।

লাগুর্=[ফ, কুম, নো, চা, বা]—বি. নাগাল ॥ আম্‌ডা কি লাগুর্ পাইবা? [দেখ লাগন্২]।

লাগুর্ পাওয়া=[চা]—ক্রি. পাত্তা পাওয়া ॥ [দেখ লাগুর্+পাওয়া]।

লাগুল্=[ফ]-বি. ধরা, দেখা, সাক্ষাৎ ॥ তাদের্ বাড়ি গিয়া তার্ লাগুল্ পাইলাম্ না। [দেখ লাগুর্]।

লাগ্যা=[চা]—অব্য. জন্য ॥ [দেখ লাইগ্যা]।

লাগ্=[কুম]—বি. দ্বন্দ্ব, কলহ ॥ তার্ লগে আমার্ লাগ্ আসে। [<লগ্ন সং]।

২=[কুম, য]—বি. সাক্ষাত, দেখা ॥ আমার্ লাগ পাইবা না। [পূর্বে দেখ]।

লাগ্‌গ=[ঢা]—বি. ঋণ, দাদন ॥ [<লাগান+ই]।

লাগ্‌গত্‌=[চট্ট]—বি. নাগাল, সঙ্গ ॥ [দেখ লাগুত্]।

লাগ্‌দরি=[কুম]—বিণ. জাল টানিবার দড়ি ॥ [<লাগ (<লগ্ন)+দড়ি)]।

লাগ্‌ পাওয়া=[ঢা, ব]—ক্রি. ধরা, নাগাল পাওয়া ॥ [দেখ লাগুর্ পাওয়া]।

লাগ্‌রি=[ঢা]—বি. ছোট কুঁড়ে ঘর ॥

লাগ্‌রো=[সি]—ক্রি.বিণ. সাথে সাথে, সংস্পর্শে ॥ [দেখ লাগন্‌২+উ প্র.]।

লাগ্‌ল=[কুম, ঢা]—বি. নাগাল ॥ আমার্ লাগ্‌ল পাইতে দেরি আসে। [দেখ লাগন্‌২]।

লাগ্‌লাগানি=[সি]—ক্রি. বি. ঝগড়া বাঁধানো ॥ [দেখ লাগন্+লাগান+ই]।

লাঘাড়্‌=[রা]—বি. উপলক্ষ ॥ [দেখ লাগন্‌২]।

লাচন্=[রা]—বি. নাচ ॥ ক্যারে মাতন্‌দি রোলে নাচা হবে? [<√ নাচ্+অন্ প্র.]।

লাচ'া=[বা, ঢা]—বি. পশলা ॥

২=[বা]—বি. মারপিট দেওয়া ॥

৩=[সি]—বি. লাফ, চাপ ॥ নাওর্ গলৈত্ অতো লাচ'া দিস্ না। [নাচা (<নৃত্য)]।

৪=[চট্ট, কুম]—বি. আঠা ॥ [< লাসা হিং]।

লাচার্=[ঢা, ম, পা,]—বিণ. দুর্বল, নিরুপায়, ক্লান্ত ॥ [<নাচার لاچار ফা.]।

২=[খু]—ক্রি. বিণ. ধীরেধীরে ॥ [<লেজ+উড় প্র.]।

লাচি=[পা, কু]—বি. রাস্তা ॥

লাচ্‌'=[চট্ট]—বি. লজ্জা ॥ [<লজ্জা]।

২=[কু]—বি. তাঁতে কাপড় তৈয়ারী করার উপকরণ বিশেষ ॥

৩=[ব]—বি. নাচ ॥ শালা কিবা টকি আনে খালি লাচ্' আর্ লাচ্'। [< নাচ<নৃত্য সং]

৪=[রা]—বি. কাদা মাটির ছোট ডেলা ॥

৫=[সি]—বি. খড়ের গাদা ॥

৬=[সি]—বি. আটা ময়দা ইত্যাদির গাঁজ বা খামির ॥

৭=[কু]—বি. ঘরের চালের মেজের বাহিরের অংশ ॥

লাচ্‌কাচ্‌=[রা]—বি. ভাবভঙ্গি, হাস্যপরিহাস, আলাপ ॥ [দেখ লাচ্' +কাচ (অনু:)]।

লাছন্=[রং]—বি. মাছ বিশেষ ॥

লাছ্‌=[দি]—বি. ধানের বিচালির্ পাঁজা, পুইন ॥ লাছের্ খের্ ভালা থাকে।

লাজ্‌মা=[রা]—বি. ঝোল্ ॥ [দেখ লওয়াযিমা]।

লাযন্তি=[ম, কুম]—বিণ. লজ্জাবতী লতা ॥ [<লজ্জাবন্ত+ই প্র.]।

লাযর্ বিবি=[সি]—বিণ. লজ্জাশীলা (বিদ্রূপাত্মক) ॥ [<লাজ+র (সম্বন্ধে) +বিবি]।

লাযালুয়া=[চট্ট]—বি. লজ্জাবতী লতা ॥ লাযালুয়া গাস্ হোওয়া ন যার্। [<লাজ+আল্+উয়া প্র.]।

লায্‌ বাশ্যা=[সি]—ক্রি. বিণ. লজ্জা করিয়া ॥ [<লাজ বাসিয়া]।

লায্‌মা=[ব]—বি. ঝোল ॥ [দেখ লওয়াযিমা]।

লাট গাস্‌=[চট্ট]-বি. কাঁটানটে গাছ ॥ [<নাট <নটিয়া+গাছ]।

লাটা=[সি]—বি. বড় জোক ॥

২=[খু]—বি. এক প্রকার তেতো ফল ॥

৩=[পা, ব]—বি. টাকি মাছ ॥

লাটাই=[রা]—বি. সুতা পাকানোর যন্ত্র ॥ [<লাঠাই, নাটাই]।

লাটিয়া=[সি, কু, পা, রা]—বিণ. অসৎ, চরিত্রহীন ॥ [<নাট+ইয়া প্র.]।

লাটিয়ানি=[সি]—বি. হীন উপায়ে সঙ্গম করা, অবৈধ সঙ্গম ॥ [দেখ লাটিয়া +নি প্র.]।

লাটুম্‌ মাসা=[পা]—বি. মাছ বিশেষ ॥

লাট্‌=[সি]—বি. শক্ত রোগ বিশেষ ॥

২=[দি]—ক্রি. বিণ. দুর্বল কমজোর ॥ [<নাট (<নষ্ট সং)]।

৩=[চট্ট]—বি. খেজুর গাছ কাটার জন্য নীচে বাঁধা কাষ্ঠ খণ্ড ॥

লাট্‌টু=[ঢা]—বি. খুশি ॥ পরার্ শময় কাচু মাচু খেলার্ শময় লাট্টু।

লাট্টুয়া=[চট্ট]—বিণ. হ্যাংলা, দুর্বল ॥ [দেখ লাট্+উয়া প্র.]।

লাট্‌কারাম্‌=[ব]—বি. প্ল্যাটফরম ॥ [<প্ল্যাটফর্ম platform ইং]।

লাট্‌মাল্=[ঢা]—বি. নাড়া চাড়ার জন্য কিছু পুরান হইয়াছে এমন মাল ॥ [দেখ লাট্‌২+মাল مال আং]।

লাঠা=[সি]—বি. মন কষাকষি ॥ দুইযনে লাঠা লাগে'চে।

২=[খু]—বি. মাছ বিশেষ ॥

লাঠামো=[ব]—বি. বেহিসেবী খরচ ॥ [<লাট+আমো প্র.]।

লাঠি বাংগা=[ঢা]—বি. এক প্রকার শাক জাতীয় গাছ ॥

লাঠুয়া=[দি]—বি. লাঠিবাজ ॥ [< লাঠি+উয়া প্র.]।

লাঠ্‌ঠা=[ঢা]—বি. লংক্লথ ॥

লাডম্‌=[কুম]—বি. লাটিম ॥ [< লাটিম (<লাট্টু সং)]।

লাডা=[ঢা]—বি. গুলি বিশেষ ॥

২=[ফ]—বি. এক প্রকার ছোট সাদা রঙের ফল ॥

লাডিবা=[চট্ট]—বি. লাঠিটা ॥ [< লাঠি+বা=টা]।

লাডি মাস্‌=[বা]—বি. এক প্রকার মাছ ॥

লাডুম্‌=[কুম]—বি. লাটিম ॥ [দেখ লাডম্]।

লাডুয়া=[সি]—বিণ. ধাঙড়, মেথর ॥ [দেখ লাট্‌কা]।

২=[নো]—বিণ. দুর্বল ॥ [দেখ লাট্টুয়া]।

লাডের্‌ পুত্‌=[কুম]—বিণ. ধনীর ছেলে ॥ [<লাট+এর (সম্বন্ধে)+ পুত্র]।

লাড্ডা লাগা=[সি]—ক্রি. যুক্ত হওয়া, বন্ধুত্ব হওয়া ॥ [<লেঠা+লাগা ; অর্থ প্র.]।

লাড্ডু=[ঢা]—বি. মোয়া ॥ [লড্ডু হিং]।

২=[সি]—বিণ. আসক্ত ॥ এ বিয়ার্ লাগি হে একেবারে লাড্ডু। [দেখ লাট্টু]।

লাড়া=[ক]—বি. মাচায় দেওয়া বাঁশ ॥

২=[রা, পা, ব, দি]—বি. শুকনা ধান গাছ ॥ [<নাড়া (<নাল সং)]।

লাড়া কাটা=[চট্ট]-বি. কাঁটা বিশেষ ॥

লাড়া বড়্শি=[চট্ট]—বি. বড়শী বিশেষ, নাড়িয়া চাড়িয়া যে বড়শী বাওয়া হয় ॥ [<নাড়া (<নাড়িয়া যে) বড়শী (বাওয়া হয়)]।

লাড়ি=[নো]—বি. নাড়ী ॥ নাড়ি ডুবি গেলে এ গানে মর্বে। [<নাড়ী]।

২=[রং]—অস. ক্রি. পরিবর্তিত বা বর্ধিত করিয়া ॥ [<নাড়িয়া]।

লাড়্নি=[খু]—বি. খই মুড়ি ভাজিবার উপকরণ ॥ [<√নাড় (<নাড়া)+উনি প্র.]।

লাতা=[রা]—বি. পাতিলের গা পরিস্কার করিবার ন্যাকড়া ॥ [<লেতা (<নক্ত সং)];

২=[কু]—বিণ. নষ্ট, খারাপ ॥ সুতাগুলি আওলি যে একেবারে লাতা করে ফেলেসে। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

৩=[সি]—বি. নরম মাটি, পলি মাটি ॥

লাতা খাতা=[ঢা]—বি. সর্বস্ব, সব কিছু ॥ লাতা খাঁতা বেইচ্'্যা পোলাডারে পরাইসি। [দেখ লাতা+কাঁথা]।

লাতাগুতা=[কুম]—ক্রি. বিণ. ভালভাবে, শক্ত করিয়া ॥ [<লাথ (<লাথি)+আ+গুঁতা (দিয়া)]।

লাতি=[সি, কুম]—বি. গোহালে গরুর পিছনের বেড়ায় বাঁধা লম্বা বাঁশ ॥ [<লাথি ; অর্থ প্র.]।

২=[ফ]—বি. এক প্রকার মাছ ॥

লাতি পাতি=[কুম]—বি. মেয়ে শিশু ॥ [<লতা পাতা+ই ক্ষুদ্রার্থে]।

২=[ঢা]—বি. ছোটখাট সামগ্রী ॥ [পূর্বে দেখ]।

লাতুয়া=[নো, কুম]—বি. শিশু, নবজাত শিশু ॥ [<নূতন+আ]।

লাতুরা=[ঢা]—বিণ. হারামজাদা ॥

লাতুইরা=[কুম]—বি. পুরুষ শিশু ॥

লাতোম্বা=[সি]—ক্রি. বিণ. দীর্ঘসূত্রী ॥

লাতোর পড়া=[রা]—ক্রি. কার্যে অসমর্থ হওয়া ॥

লাত্তুয়া=[চট্ট]—বি. ছোট ছেলে ॥

লাথাইড়্যা=[পা]—বিণ. প্রকাণ্ড ॥

লাথিয়ান্=[ব]—ক্রি. লাথি দেওয়া ॥ [<লাথি+আন ; নামধাতু]।

লাথি শয্য করা=[পা,রা,ক,ঢা]—ক্রি. দুষ্টামি ভাল লাগা ॥ [<লাথি সহ্য করা]

লাথ্=[ঢা,সি]—বি. পদাঘাত, লাথি ॥ [<লাথি ; তুং লাত হিং]।

লাদাইরা=[রা]—বিণ. আকারে বড় ॥

লাদা=[চট্ট]—বি. পশুপক্ষীর মলপিণ্ড ॥ গরুর্ লাদা। [<নাদা]।

লাদি=[ব, চট্ট]—বি. ছাগ প্রভৃতির মল ॥ [দেখ লাদা]।

লাদুশ্ নুদুশ্=[ঢা]—বিণ. হৃষ্টপুষ্ট ॥ [<নাদুস নুদুস]।

লাদোল্=[রা]—ক্রি. বিণ. যাত্রা করা ॥

২=[কু, ব]—বি. গোবর ॥ [দেখ লাদা]।

লাদ্না=[রা,ঢা]—বি. বাঁশের মোটা ও লম্বা লাঠি ॥

লান্ত=[কুম]—বি. অপমান ॥ এমন্ লান্ত দেখিনাই কোনু দিন্। [দেখ লাআনত্]।

লান্তান্=[ম, ব]—ক্রি. বিণ. লাঞ্ছনা গঞ্জনা, ভর্ৎসনা ॥ মওলবি শাব্ তারে খুব্ লান্তান্ কর্সে। [<ল'আন ত'আন لعن طعن আং ; সহশব্দ দ্বয়]।

লান্তি=[সি]—বি. কষ্ট ॥ [দেখ লান্ত+ই প্র.]।

২=[পা]—বি. লাটিম ঘুরাইবার চিকন রশি বিশেষ ॥

৩=[নো]—বি. কাজ, সেবা ॥ [দেখ [দেখ লান্তি ; অর্থ প্র.]।

লান্তি পাওয়া=[সি]-ক্রি. কষ্ট পাওয়া ॥ [দেখ লান্তি+পাওয়া]।

লান্নত্=[ঢা,কুম]—বি. অপমান, লাঞ্ছনা ॥ [দেখ লান্ত]।

২=[ঢা]—বি. অভিশাপ ॥ [পূর্বে দেখ]।

লাপতানি মাস্=[পা]—বি. এক প্রকার মাছ ॥

লাপা=[ব, রা, নো]—বি. মাপা ॥ [<নাপা <মাপা]।

২=[বা]—বি. বরবটি, ছুঁই ॥

লাপাটু=[সি]—বিণ. লম্পট ॥ দুর্ বেটা লাপাটু ইকান্ থাকি শর্। [<লম্পট সং]।

লাপি সাপি=[চা]—ক্রি. বিণ. জোড়াতালি ॥ [অনু.]।

লাপুর্ চুপুর্=[রা]—ক্রি. বিণ. বেশ সুখে ॥

লাপ্=[রা]—বি. লম্ফ ॥ [<লাফ (<লম্ফ সং)]।

লাপ্ কাপ্=[সি]—বি. মন্দ, অন্যায্য কথা ॥ [অনু.]।

লাফা=[ব]—বি. গাড়ীর উপরের গরু বাঁশ ॥

২=[ঢা]—বিণ. লম্বা ॥ [<লাম্বা <লম্বা]।

লাফাটু=[সি]—বিণ. ফতুর, লম্পট ॥ [দেখ লাপাটু]।

লাফারু=[পা, খু]—বি. খরগোস ॥ [দেখ লাফারু]।

লাফা লাফা=[চট্ট]—ক্রি. বিণ. লাফাইয়া লাফাইয়া ॥ [<লাফাইয়া লাফাইয়া]।

লাফ্ তরকারি=[বা]—বি. বরবটী, শীম জাতীয় তরকারি ॥

লাফ্না=[কুম]—বি. খাল ইত্যাদির মধ্যস্থলে আল দিয়া মাছ ধরার এক প্রকার কৌশল ॥ [<লাফান+ইয়া প্র.]।

লাক্‌শি=[চা]—বিণ. মোটতাজা ॥

লাবর‍্যা=[নো]—বিণ. বিলাসী ॥ [<লাবনী<লাবণ্য সং+আ প্র.]।

লাবানি=[পা]—বি. মাছ ধরিবার বাঁশ নির্মিত খাঁচা ॥ [দেখ লাফুনা]।

২=[কুম, নো]—বি. ফাও, অতিরিক্ত ॥ তিন্ সের বাইগুন্ কিন্‌লাম্ লাবানি দিতা না? [<লাভ+আনি]।

লাবা ব্যাটা=[রা]—বি. পূর্ব স্বামীর ছেলে ॥ [<লাভ+আ+বেটা]।

লাবা লুবি=[সি]—বিণ. সুস্বাদু, লোভনীয় ॥ [<লোভ লোভী; লোভনীয়]।

লাবুন্ চাঁলুন্=[কুম]—বি. চিকন চালুনী ॥ উরুমুডি লাবুন্ চাঁলুন্ দিয়া চাঁলু। [<লাবুন্<লাবণ্য+চালুনি]।

লাবুজাবু বা লাবিজাবি=[রা]—বি. আহলে হাদিস সম্প্রদায়ে লোক ॥ [<লা মযহব لا مذهب আং+ই]।

লাবুধ্=[চা]—বিণ. দুর্বল ॥ [<না+বুধ (<বোধ)]।

লাবের্ করা=[ব]—ক্রি. স্নান করা ॥

লাবে লাব্=[ক]—অব্য. বেপারিদের ধান চাল মাপার ডাক ॥

লাব্যা=[কুম]—বি. আনাজ, তরকারী ॥

লাব্=[বা]—বিণ. উপপতি ॥ [<লাং<নঙ্গ সং]।

২=[কুম]—বি. এক (ধান চাল মাপিবার সময়) ॥

লাব্‌গা=[খ]—বি. ঢেঁকির মুষল ॥

লাব্‌টাব্=[চা]—বি. লাভ, মুনাফা ॥ [<লাভ+ঠাব (অনুঃ)]।

লাব্‌ড়ি=[নো]—বি. খিচুড়ি ॥ [দেখ লাব্‌রা]।

২=[বা]—বি. খড়ি, পাটখড়ি ॥

লাব্‌বানি=[বা]—বি. ছেলেদের মারামারি, গড়াগড়ি ॥ [<লাফ+আনি প্র.]।

লাব্‌রা=[সি, কুম, বা]—বি. প্রায় সর্ব প্রকার তরকারী মিশ্রিত ব্যঞ্জন বিশেষ ॥ [<লাউ<লাবু+ড়া প্র.]।

লাব্‌লাব্=[চা]—অব্য. গণনা করার বলি ॥

লাব্‌সা=[চট্ট]—বি. ভর্তা, চাটনী ॥

লাব্‌সি দেওয়া=[চা]—ক্রি. হেলিয়া পড়া ॥

লাব্‌সৈ=[চা]—বি. লম্বা ও চেপ্টা সীম বিশেষ ॥

লামা=[কুম, সি]—ক্রি. উপর হইতে নিচে আসা, নামা ॥ [<নামা]।

২=[চা, কুম, চট্ট, সি, বা]—বি. নিম্নভূমি, নীচু স্থান ॥ [<নামা (<নিম্ন)]।

লামাই লওয়া=[সি]—ক্রি. নামানো ॥ [<নামাইয়া লওয়া]।

লামানো=[কুম]—ক্রি. পতন ঘটানো ॥ [<নামানো; অর্থ প্র.]।

লামা লাম্বি=[সি]—বি. নীচু জায়গা ॥ [দেখ লামা২]।

লাম্বি=[চা]—বিণ. পিছের, অসময়ের ॥ লামি দান্ বালা অয় না। [দেখ লামা২+ই প্র.]।

২=[চট্ট]—অস. ক্রি. নামিয়া ॥ [<নামিয়া]।

লাম্=[নো]—বি. দৈর্ঘ্য ॥ [<লম্বা]।

২=[সি, বা]—বি. এক প্রকার ধান গাছ (কাটিয়া দেওয়ার পর আবার যাহা গজাইয়া উঠে) ॥

লাম্‌বা আলু=[সি]—বিণ. মিষ্টি আলু ॥

লাম্‌সা=[কুম]—বি. বাড়ীর প্রাঙ্গণের জমি ॥ [<নামা (দেখ লামা)+সা প্র.]।

লায়ল্=[চট্ট]—বি. লাঙ্গল ॥ [<লাঙ্গল] ॥

লায়ন্ হাসি=[সি]—বি. লাবণ্য ॥ [<লাবণ্য+আসি প্র.]।

লায়া=[কু]—বি. গরুর গাড়ীর চাকার কেন্দ্রস্থলের কাঠের অংশ ॥

লায়াক্=[পা]—বিণ. সেয়ানা, বয়স্ক ॥ [দেখ লাইক্২]।

লায়েক্=[কুম]—বিণ. উর্বরা ॥ [দেখ লায়াক্]।

২=[কুম]-বিণ. চতুর ॥ এক্কো লায়েক্ ঔস্‌না অয়্ পার্বি। [পূর্বে দেখ]।

৩=[রং]—বিণ. গৃহস্বামী, নায়ক ॥ [<নায়ক; অর্থ প্র.]।

লায়েলাব্=[বা]—অব্য. এক সংখ্যা বোধক (কোন কিছু মাপিবার সময়) ॥

লায্যা=[রা]—বি. গরুর গাড়ীর চাকার কাঠ ॥

লার্=[কু, পা]—বি. নৌকা ॥ [দেখ না]।

২=[সি]—ক্রি. বিণ. আস্তে ॥ [দেখ লয়্২]।

লার্‌ওর্=[পা]—বি. নিমন্ত্রণ খাওয়া ॥ [<নাইওর (<জ্ঞাতি গৃহ)]।

লার্‌কোয়ল্=[নো]—ক্রি. বিণ. অবিরাম ॥

লার্‌লই=[চা]—ক্রি. বিণ. লুটান, গড়াইয়া পড়া ॥ সেরাডা মাটিতে লায়্‌লুট পার্‌তাসে।

লার্‌লার্=[সি]—ক্রি. বিণ. ধীরে ধীরে ॥ লায়্‌লায়্ আইবায়্। [দেখ লায়্২]।

লার্‌লিবাশ্=[সি]—বিণ. গঠন-গাঠন ॥ [<লয় (<তান, অভ্যাস)+লিবাস لباس আং=পোশাক]।

লার্‌লুট=[রং]—ক্রি. বিণ. গড়াগড়ি-দিয়া ॥ ব্যাটাকোনা লায়্‌লুট কান্-দোচে?

লার্‌লুত্=[সি]—ক্রি. বিণ. কোন বিষয়ে বিস্তারিত ভাবে অবগত হওয়ার চেষ্টা ॥ [দেখ লায়্‌লুট]।

লারন্=[রা]—বি. ঢেঁকি ॥ [<নারদ; অর্থ প্র.]।

২=[রা]—বিণ. যে এক জনের গোপন কথা অন্য জনের নিকট বলিয়া ঝগড়া বাধায় ॥ [পূর্বে দেখ]।

লারন্=[চা]—ক্রি. বি. সরান ॥ কলনটা লাইরা থো। [√নাড়্+অন প্র.]।

লারা=[ক, সি]—ক্রি. নাড়ান, দোলান ॥ টেবিল্‌ডা লারাইতাসে কেরে? [<নাড়ান]।

২=[পা]—ক্রি. সরান ॥

৩=[সি, ম]—ক্রি. রৌদ্রে দেওয়া ॥

৪=[চট্ট]—বি. জোড়াহীন, একক, বাছুরহীন।। [দেখ লাইড়া]।

লারাই=[পা]—বি. ঝগড়া।। [< লড়াই]।

লারাই বিরাই=[সি]—বি. যুদ্ধ বিগ্রহ।। [দেখ লারাই+বিরাই (অনুঃ)]।

লারাযারা=[সি]—ক্রি. বিণ. হাত পা নাড়িয়া কথা বলা।। [<নাড়া+ঝাড়া (সহশব্দ)]।

লারাদৈশ্যা=[চট্ট]—বিণ. বেচারা, দুর্গত, অসুস্থ।। [দেখ লরা দৈশ্শা]।

লারা বর্শি=[সি]—বি. বড়শী বিশেষ।। [দেখ নাড়া বড়্শি]।

লারাবারা=[সি]—বি. সাজগোজ, সৌখিনতা।। [অনু.]।

লারার্ বিচি'=[পা]—বি. চাউল।।

লারালারি=[চট্ট]—বি. নড়াচড়া।। [<নাড়া নাড়ি]।

লারা লেংটা=[সি]—বিণ. নিঃস্ব, ফকীর।। [দেখ লাইড়া+ন্যাংটা(<নগ্নাট সং)]।

লারা লেংডা=[কুম]—বিণ. উলঙ্গ, একেবারে খালি।। আমার মাইয়াডা এক্‌কেরে লারা লেংডা কৈর‌্যা দিয়া গেসে। [দেখ লারা লেংটা]।

লারি=[কুম, ঢা]—বিণ. বিধবা।। [<রাঁড়ি(<রণ্ডা সং]।

লারুয়া=[সি]—বি. বেতের কাঁটাযুক্ত লম্বা আঁকশি।।

লারুলা=[সি]—বিণ. অকেজো, অকর্মণ্য।।

লারুলারু=[খু]—বিণ. ক্ষুদ্র।। এই লারুলারু তিনটা আম্ দেসে। [<লাড়ু (<লড্ডু সং)]।

লারুল্=[পা]—বি. নারিকেল।। [<নারিকেল]।

লারে দেওয়া=[ব]—ক্রি. শুকাইতে দেওয়া।। [<নাড়িয়া দেওয়া]।

লারেলারে=[কুম, ঢা]—ক্রি. বিণ. ধীরে ধীরে।।

লারো=[ঢা]—বি. নিকটে, নিকটবর্তী [< নারো < নিড় < নিকট+অ (বিভক্তি)]।

লারৈল্=[রা, পা]—বি. নারিকেল।।

লার্=[ঢা]—বি. নিকট।। লোক্‌টা কতো দয়াদারি, তার্ লার গেলে মনডা শান্‌তো অয়। [দেখ লারো]।

২=[কুম]—বি. মাছ মারার মোটা লম্বা দড়ি।।

৩=[সি]—বি. শক্ত বাহু।। [< নাল]।

৪=[কুম]—বি. কাতার।। [< লহর]।

লার্কা=[রা]—বিণ. কাঁচা।।

২ =[নো]—বি. পুত্র।। [<লড়কা হিং]।

লার্চার্=[চট্ট]—বি. নাড়াচাড়া।। [<নাড়াচাড়া]।

লার্যুড়ান=[পা]—ক্রি. বি. চাহিদা মেটা।। [<নাড়<নাড়ী+জুড়ান]।

লালক্=[রা]—বি. মাছবিশেষ।।

লালচ'=[ব]—বি. যাযাবর জাতি বিশেষ।।

লালস্=[ম, সি]—বি. লোভ।। [< লালসা]।

লালা=[ব]—বি. নালা।। [<নালা]।

২=[ঢা]—বি. মুখের গ্রাস।। [দেখ নলা২]।

লালা করা=[ঢা]—বি. লোভ লাগা।। [<লা লা(অনু.)+করা]।

লালানি=[রা]—বিণ. লোভী।। [< লালা+নি প্র.]।

লালান্, লালানো =[রা]—ক্রি. কোন কিছু ভোগের ইচ্ছা হওয়া।। [<লালা +আন, আনো প্র. ; নামধাতু]।

লালাবা=[চট্ট]—বি. বাপের ছোট ভাই।। [লাল আব্বা]।

লালি=[কুম]—বি. সুপারী।।

২ =[ব, পা, ম]—বি. চিটাগুড়, তরল খেজুর গুড়।।

৩ =[নো]—বি. ত্রিকোণাকার ভূমি।।

লালি অন্দ=[কুম]—বি. রাত কানা ব্যাধি।। [<রাতি অন্ধ]।

লালিহালি=[কুম]—বি. লালন পালন।। [<লালন পালন]।

লাল্‌কে=[কু, ফ]—বিণ. কচি, নতুন।। [<লক্‌লক্ (অনু.)]।

লালুকালু=[ঢা]—বিণ. বাজেলোক, তুচ্ছ লোক।। [অনু.]।

লালৈগল্=[ঢা]—বিণ. খুব লাল।। [<লাল হগল<লাল সকল]।

লালো=[ব]—বি. লোভ।। [দেখ লালান্]।

লালোচ'=[ফ]—বি. লালসা, ইচ্ছা।। [<লালচ لالچ ফা. ; তুঃ লালসা]।

লাল্=[পা]—বি. মাকু, শাপলাফুলের ডাঁটা।। [<নাল]।

২=[ম]—বি. মণি বিশেষ।। [< লাল لال তু., ফা., হিং]।

লাল্‌একুরা=[ঢা]—বি. একটি আমন ধানের নাম।।

লাল্‌কদু=[রা]—বি. বিলাতি কদু, মিঠে কুমড়া।। [দেখ লাল্২+কদু کدو ফা.]।

লাল্‌কলাই=[পা]—বি. মশুরের ডাল।। [দেখ লাল্২+কলায় সং]।

লাল্‌কি=[ব]—ক্রি. বি. লোভ দেখান।। [দেখ লালান্; লালা+কি প্র.]।

লাল্‌কে=[কু]—বিণ. ঈষৎলাল, কচি।। [দেখ লাল্২+কে প্র.]।

লাল্‌গুলনুম্=[সি]—বিণ. খুবলাল।। [দেখ লাল্২+গল্‌নুম (অনুঃ)]।

লাল্‌চি'=[ফ]—বিণ. চিক্কন, হালকা।। [<নল+চি প্র.]।

২=[সি, ফ]—বিণ. লোভী।। [দেখ লালস্+ই প্র.]।

লাল্‌চিঁড়ে=[পা]—বি. বেত্রাঘাত, শাস্তি বিশেষ।। [দেখ লাল্২+চিড়া <চিপিটক সং]।

লাল্‌চেতা=[রা]—বি. লালচে, লোভী।। [দেখ লাল্‌চি'+তা]।

লাল্‌ঠা=[ম]—বিণ. খাওয়ার ব্যাপারে উস্তাদ, লোভী।। [<লালা+ঠা]।

লাল্‌ঠি=[ঢা]—বিণ. লোভী।। [দেখ লাল্‌ঠা]।

লাল্ডেপা=[পা]—বি. একপ্রকার ধান ॥

লাল্তুফাল্তু=[ঢা]—বিণ. আজে-বাজে ॥ লাল্তু ফাল্তু কথা কৈয়া কি ঐবো ? [<লালতু (অনু:) + ফালতু হিং]।

লাল্নচ়'=[বা]—বিণ. অতিলোভী ॥ [দেখ লাল্চি'$_{২}$]।

লাল্পদ্দ=[রা]—বি. স্ত্রীযোনি ॥ [<লালপদ্ম ; অর্থ প্র.]।

লাল্পানি খাওয়ান্=[পা]—ক্রি. জব্দ করা, অধীনতা স্বীকার করান ॥

লাল্পিরর্ শিন্নি=[সি]—বি. লাঠা-লাঠি ॥ আইয্ লাল্পিরর্ শিন্নি ঐবো, দুয়া কৈরো। [লাল+পীর پیر ফা.+এর (সম্বন্ধে)+শিরনী شیرنی ফা.]।

লাল্ বর্‌রা=[ঢা]—বি. আমন ধান বিশেষ ॥

লাল্বুঃক্কর্=[ঢা]—বিণ. যে বেশী বুঝে, বোকা ॥ [<লাল+বুঝ+ক্কড় প্র.]।

লাল্বেগুন্=[রা]—বি. টমেটো ॥

লাল্বোল্=[খু]—বি. অশ্লীল কথা ॥ [অনু.]।

২=[ঢা]—বি. প্রলোভন ॥

লাল্লাটি দেখানো=[কুম]—ক্রি. হুমকি দেওয়া ॥ [বাগ্ধারা]।

লাল্মি=[রা]—বি. কলা বিশেষ ॥

লাল্মোরগ়=[কু]—বি. পুলিশ ॥

লাল্শা=[ঢা]—বি. একপ্রকার তর-কারী ॥

লাল্শি=[রা]—বি. লালা, নির্গত শ্লেষ্মা বিশেষ ॥ [<লালা+শি]।

২=[রা]—বি. ফুঁটি বা কাঁকুড় ॥

লাল্শোহাগি=[রা]—বি. ধান বিশেষ ॥

লালমিট্টকে=[কুম]—বি. গাছ বিশেষ ॥

লাল্হর্হরি=[ঢা]—বি. লালরংয়ের আমন ধান বিশেষ ॥

লাশর্=[খু]—বি. বন্ধন, বাধা ॥

লাশা=[বা]—বি. লাল পিপীলিকা (গাছে থাকে) ॥

২=[বা, ম]—বি. আঠা ॥ [দেখ লাচ'া$_{৭}$]।

লাশার্=[পা]—বি. তেলের ময়লা ॥

লাশেক্কর্=[রং]—বি. সেনা ॥ [<লশকর لشکر ফা.]।

লাশো=[খু]—বি. একপ্রকার লাল রংয়ের পিপীলিকা ॥

লাশ্=[ঢা]—বি. দৈর্ঘ্য, লম্বাই ॥ কাপর্-ডার্ লাশ্ কয় আত্ ?

২=[সি, ঢা]—বি. মৃতদেহ, শব ॥ [<লাশ لاش তুং.]।

লাশ্ট=[কুম]—বিণ. নষ্ট ॥ [< নষ্ট]।

লাশ্ঠাশ্=[রং]—বি. কেশ বিন্যাস ॥ [অনু.]।

লাশ্পাইত্তা=[সি]—বিণ. লজ্জিত ॥ [<লাজ পাত্ত<লজ্জাপ্রাপ্ত]।

লাসম্ম্যাস্=[পা]—বি. রুই জাতীয় একপ্রকার মাছ ॥

লাসা=[বা]—ক্রি. পাতা, করা ॥ বিস্-নাডা লাস্।

২=[সি]—বি. ছড়া ॥

৩=[বা]—ক্রি. বি. ছোট ছোট অংশে ভাগ করা ॥

৪=[সি, চট্ট]—বি. এক রকমের আঠা ॥ [দেখ লাচ'া]।

লাসি=[ফ, লি]—বি. এক ব্যাণ্ডেল, এক মুষ্টি ॥

২=[ঢা]—ক্রি. বিণ. দোলা ॥ নাওজা ডেউয়ে খালি লাসি দেয়্।

৩=[ম]—বি. সারি, কাতার ॥

৪=[ঢা]—বি. নাভী ॥

লাস্=[কুম]—বি. খড়ের গাদা ॥

২=[ফ, কুম]—বি. মৃতদেহ ॥ [দেখ লাশ্$_{১}$]।

৩=[ফ]—বিণ. স্তূপাকার ॥

৫=[পা]—বিণ. কাপড় বুনিবার যন্ত্র বিশেষ ॥

লাস্সি=[ঢা]—বি. গুচ্ছ ॥ এ্যাক্ লাস্সি হুতা আন্সি।

লাহন্=[কু]—বি. খুব লম্বা কচু বিশেষ ॥

লাহা=[কুম]—বি. পোকা বিশেষ ॥

লাহাযা=[য]—বি. লহমা। [<লহ্যঃ لحظه আং]।

লাহাড়িগর্=[পা]—বি. বাহির বাড়ির ঘরের সঙ্গের ঘর বিশেষ ॥

লাহান্=[কুম, বা, ফ]—বি. মতন ॥ [দেখ লাকান্]।

লাহানি=[কুম]—অব্য. মত ॥ [দেখ লাকান্+ই প্র.]।

লাহারি=[ঢা, পা, দি, রা]—বি. নাশতা ॥ [<নহার نهار ফা.+ই প্র.]।

২=[চট্ট]—বি. দড়ি প্রস্তুত কারক ॥

লাহারে=[ফ, ঢা]—ক্রি.বিণ. আস্তে ॥ [দেখ লারে লারে]।

লাহাল্=[পা]—বি. নাকের দড়ি ॥ [দেখ লাকাল্$_{২}$]।

লাহি=[রা]—বি. নাভি ॥ [দেখ লাই$_{৩}$]।

২=[বা, কুম]—বিণ. লক্ষপতি ॥ [<লাখ(<লক্ষ)+ই প্র]।

লাহুদার্=[কুম]—বিণ. লোভী, পেটুক ॥

লাহুর়=[খু, বা, চট্ট]—বি. দুধ নাড়ার হাতা ॥ [দেখ লাইর্]।

লাহুরি=[সি]—বি. ভাতের কাঠি, তরকারীর কাঠি ॥ [দেখ লাহুর্+ই প্র]।

লাহেবাহে=[ঢা]—ক্রি. বিণ. ধীরে সুস্থে ॥

লাহের়=[ঢা]—বি. উচচ ঢেউয়ের সারি ॥ [<লহর]।

লাহৈর়=[ফ]—বি. সুপারি গাছের শলা (হাঁড়ি হইতে গামলায় ভাত চালিবার সময় ব্যবহৃত হয়) ॥ [দেখ লাহুর্]।

২=[চট্ট, ফ]—বি. দুধ ইত্যাদি গরম করার সময় নাড়া দেওয়ার কাঠি ॥ [পুর্বে দেখ]।

লাহ্রি=[ঢা, কুম]—বি. লাকড়ি ॥ [<লকড়ী হিং]।

লি=[গি]—অব্য. কুকুরকে লেলাইয়া দিবার শব্দ ॥

লিঅর্=[রা]—বি. শিশির ॥ [<নিয়র <নীহার সং)]।

ঙ্গিআ=[কুম]—বি. ছোট ও বিষাক্ত পোকা বিশেষ ॥

লিং=[চট্ট]—বি. স্ত্রী যোনি ॥

লিকশ্যা=[রা]—ক্রি. বিণ. শেষ, সম্পূর্ণ ॥ [<নিকাশিয়া (<নিকাশন)]।

লিকা=[গি]—ক্রি. বিণ. নীচের দিকে বাঁকিয়া যাওয়া ॥

২=[রা]-ক্রি বিণ. খোসা ছাড়ানো ॥

লিকান্=[রা]—ক্রি. লেপন ॥ [< নিকানো]।

লিকারি=[ব]—বি. বেপারি ॥ [<

লিকিন্=[রা,ব]—অব্য. দেখি, হয়তো ॥ [<লেকেন لیکن ফা.]।

লিক্=[রা, কুম,ব]—বি. উকুনের ডিম ॥ [<লিক্ষা সং]।

২=[রা,ব]—বি. গাড়ীর চাকার দাগ। [<রেখ]।

লিক্কুল্=[পা]—ক্রি. বিণ. শুধু কেবল ॥ [<লিকুল্ল لکل আং]।

লিক্লিক্ করা=[ঢা]—ক্রি. ছোঁ ছোঁ করা ॥ [<লিক্ লিক্ (অর্থ)+করা]।

লিক্লিকা=[গি]—বিণ. নরম, হালকা। [অনু.]।

লিক্লিক্কা=[ব]—বিণ. হালকা পাতলা ॥ চি'ক্ চি'ক্কা পানি লিক্ লিক্কা যোক্। [অনু.]।

লিখি=[রা]—বি. মাথার ছোট উকুন ॥ [দেখ লিক্]।

লিগা=[ঢা]—অব. জন্য ॥ আমার লিগা চি'ন্তা করেন্ ক্যান ? [দেখ লাইগ্যা]।

লিঘাবান্=[রা]—বি. শুশ্রূষা ॥ [< [নিগাহ্ বানী نگاهبانی ফা.]।

লিচিন্=[ঢা]—বি. অবকাশ ॥ একটু লিচি'ন নাইযে কথা কৈ। [<নিশ্চিন্ত]।

লিচিন্ত=[রা]—বিণ. নিশ্চিন্ত ॥ [দেখ লিচি'ন্]।

লিচ্ছাকা=[রা]—বিণ. খাঁটি, সাযনা সাযনি ॥ [লা শাক্ لاشک আং]।

লিচ্'চু'প=[পা]—বিণ. নিশ্চুপ ॥ [<নিশ্চুপ]।

লিছন্=[বা]—বিণ. নিকৃষ্ট ॥ [<নীচ +অন প্র.]।

লিঝিয়া দেখা=[রা]—ক্রি. মনোযোগ সহকারে পুঙ্খানুপুঙ্খ রূপে দেখা ॥

লিট্কান্=[লো, পা]—ক্রি. বি. হাসা ॥

লিট্কায়া থাকা=[পা]—ক্রি. দাঁত লাগিয়া থাকা ॥

লিটপিট্=[ঢা]—ক্রি. বিণ. ধীরে ॥ [অনু.]।

লিত্তি=[ব]—বি. রোজ ॥ লিত্তি-এক্ কথা মযা না। [<নিত্য]।

২=[ব]—বি. দাঁড়িপাল্লা ॥ লিত্তির ওযন্ কি কম্ হবে ? [<নিক্তি]।

লিদ্যান্=[ঢা]—বি. উপায় ॥ [< নিদান]।

লিদ্=[রা]—বি বকরী বা ঘোড়ার বিষ্ঠা ॥ [দেখ লাদা]।

লিধি=[রা]—বি. ঘোড়ার বাহ্য ॥ [দেখ লিদ্+ই]।

লিন্পি=[রা]—বি. অর্ধেক ॥ [< নিস্ফ نصف আং]।

লিপিত্যা=[রা]—ক্রি বিণ. শুধু ॥ লিপিত্যা বশে থাক্তে আর্ পারি না। [<নি+পিত্ত+হইয়া]।

লিপির্লিপির্=[রা]—ক্রি. বিণ. ধীরে ধীরে ॥ [অনু.]।

লিপ্=[ব]—বি. নিব ॥ [<নিব nib ইং]।

লিপ্মি=[ব]—বি. অর্ধেক ॥ [দেখ লিন্পি]।

লিপ্শা বা লেপ্সা=[ফ]—বি. লোভ ॥ [<লিপ্সা]।

লিবাদ্শ্=[রা]—বিণ. কাজ কামের জন্য চিন্তা নাই যাহার, অপরিনামদর্শী ॥

লির্দার্=[ঢা]—ক্রি. বিণ. শুধু ॥

লিত্তি=[রা]—ক্রি. বিণ. প্রত্যহ ॥

লিমদ্দা=[ঢা]—বিণ. দুর্বল ॥ [< নি+মরদ مرد ফা+আ]।

লিম্=[গি]—বি. উদ্দেশ, খোঁজ ॥ অতবর কামর্ লিম্টাও যান্লাম্ না। [<লিম لم আং=কারণ]।

লিম্ পাওয়া=[গি]—ক্রি. খোঁজ পাওয়া ॥ [দেখ লিম্+পাওয়া]।

লিয়াকত্=[স]—বি. জ্ঞান ॥ [<লিয়াকত لياقت আং]।

লিয়াস্=[গি]—বি. ভদ্রতা ॥ [< লিহায লحاظ আং]।

লিয়াষ্ তমিয্=[গি]—বি. আদব কায়দা ॥ [দেখ লেহায্+তমীয تميز আং]।

লিয়ারা=[গি]—বিণ. কৃপণ, চেহারা ও পোশাকে জীর্ণশীর্ণ ॥

লির্থ্খরে=[ব]—ক্রি. বিণ. কাজ বিহীন অবস্থায় ॥ কাম্ কাম্ নাই লির্থ্-খরে বশে আসি। [<নিরক্ষরে+এ (বিভক্তি) ?]।

লিরাবিরলে=[ব]—ক্রি. বিণ. অবসর সময়ে ॥ [নিরিবিলি+এ]।

লির্ঘিন্যা=[রা]—বিণ. দুর্বল [<নি (অতিরিক্ত)+ঘৃন্য]।

লির্বল্যা=[ঢা]—বিণ. অতি দুর্বল ॥ [<নিঃ+বল+ইয়া প্র.]।

লির্বিয়া=[রা]—বিণ. শক্তিহীন ॥

লিলুয়া=[ঢা]—বি. ঝিরঝিরে হাওয়া ॥ [<লীল+উয়া প্র]।

লিলুয়ারি=[স]—বিণ. মৃদু মন্দ, ক্রীড়াশীল ॥ [দেখ লিলুয়া+বি. প্র.]।

লিল্যা=[রা]—বি. দুর্নাম ॥

লিল্=[কুম]—বি. শরীরের কোন জায়গার স্ফিতি, টিউমার রোগ ॥

২=[কুম]—বিণ. কাল ॥ [<নীল]।

৩=[রা]—বি. বাঁশের চটা ॥

৪=[রা]—বিণ. নীচু॥ হডা ট্যাকার্ শোগে মো মাদার্ মাটি লিল্ করানু। [<নিন্ (<নিম্ন)]।

৫=[ব, চা]—বিণ. নীল ॥ [দেখ লিল্২]।

লিল্লা-[নো, কুম]—বি. বেত গাছের শিস ॥

লিল্লাই=[রা]—অব্য. ছাড়াই, ব্যতীত ॥

লিল্লা ফিল্লা=[সি]—বি. আল্লাহের উদ্দেশে টাকা পয়সা বা অন্য কিছু দান ॥ [<লিল্লাহ্ لله আং+ফিল্লহ্ فى الله আং]।

লিল্লা না থাকা=[বা]—ক্রি শেষ না থাকা ॥

লিল্লিরা=[ম]—বিণ. লিকলিকে ॥ লিল্ লিরা বাহারা বেতাশে পৈরা যায়। [অনু.]।

লিল্ল্যা=[চা]—বিণ. শুধু ॥ [<নিকলা<নিষ্ক+আ]।

লিশিত্তা হওয়া=[রা]—ক্রি. অবসাদ গ্রস্ত হওয়া ॥ [<নি+শক্তি+আ প্র+হওয়া]।

লিশি লাগা=[রা]—ক্রি. ধ্বংস হওয়া ॥ [<নিশি (রাত্রির অপদেবতা)+লাগা]।

লিশুটি=[বা]—ক্রি. বিণ. বিনা সাড়া শব্দে ॥ [<নিশুতি (<নিশীথ সং)]।

লিশ্=[ব]—বি. ধোবল ॥ [<নেশ্ نیش ফা.]।

লিশ্ওয়াদ্যা=[রা]—বিণ. যাহার মধ্যে উচ্চ আকাংক্ষার সাধ নাই ॥ [<নিঃ+সাধ+ইয়া]।

লিশ্ফিশ্=[রা]—ক্রি. বিণ. অবশ, নিস্তেজ ॥ [অনু.]।

লিশ্শাতু=[মা]—বিণ. নিরীহ, লাজুক ও মিনমিনে ॥ [<নিঃসাড়+উ]।

লিসুনতেনা=[কুম]—বি. পাতিল মুছিবার ন্যাকড়া ॥ [দেখ লস্‌মি+নাতা]।

লিস্‌তি=[চা, রা]—বিণ. নোংরা ॥ [<ন্যাসটি nasty ইং]।

লিস্‌সর্=[সি]—বিণ. পিচাশ, শয়তান ॥ [<নচ্ছার]।

লিহর্=[চা রা]—বি. শিশির ॥ [দেখ লিজর্]।

লিহাড়া=[রা]—বিণ. যাহার কোন আত্মীয় স্বজন নাই ॥ [দেখ লিয়ারা]।

লিহারা=[রা]—ক্রি. বিণ. অনুনয় বিনয় ।

লিহি=[খু]—বি. উকুনের ডিম ॥ [দেখ লিক্]।

২=[রা]—বিণ. শক্ত ॥ [<পূর্বে দেখ; অর্থ প্র.]।

লিহোরি=[রা]—বিণ. যে ধীরে চলে, ধীরে মিষ্টি মুখে কথা বলে ॥

লু

লুই=[বা, চট্ট]—বি. মাছ ধরিবার উপকরণ বিশেষ ॥

লুইক্কা=[ম]—অস. ক্রি. লুকাইয়া ॥ [<লুকাইয়া]।

লুইচ্চ্'া=[নো, চা]—বিণ. লম্পট ॥ [<লুচ্চা হিং]।

লুইব্যা=[চট্ট]—বি. শিল, নোড়া ॥

লুইট্=[সি]—বি. পিচুটি, চোখের ময়লা ॥

লুইত্ করা=[চট্ট]—ক্রি. আদর করা, অভ্যর্থনা করা ॥ [<লৌকিকতা+করা]।

লুইত্তান্=[কুম]—ক্রি. বি. মাখাইয়া নরম করা ॥

লুইত্মুইত্=[চট্ট]—বি. আদর যত্ন ॥ [দেখ লুইত করা+মুইত্ (অনুঃ)]।

লুইনা=[পা]—বি. লবণাক্ত ॥ [<নুন (<লবণ)+ইয়া প্র.]।

লুইল্লা পরা=[কুম]-ক্রি. তারে গলিয়া পড়া ॥ [<লুলিয়া (<লুল=গলা) পড়া]।

লুংকাজুড়ে=[রা]—ক্রি. বিণ. যাবতীয়, অনেক, সবত্র, সকল ॥ [< লঙ্কা (দেশের নাম)+জুড়িয়া]।

লুংকামুড়ে=[কু, পা]—ক্রি. বিণ. দেশে দেশে ॥ [পূর্বে দেখ]।

লুংকাপিশিম্=[কু, পা, রা]—বি. সংসারের যাবতীয় কর্ম ॥

লুংগা=[চা]—বি. ছোটনালা ॥

লুকুডে=[ফ]—বি. বিবাহে স্বামী-স্বজন প্রদত্ত টাকা কড়ি ॥ [<লৌকিকতা]।

লুকুর্বুকুর্=[সি]—বিণ. পাতলা, নরম, হালকা ॥ [অনু.]।

লুকো=[খু]—বি.<নৌকা ॥

লুক্কা=[সি, কুম, ম]—বি. স্ফুলিংগ ॥ আগুনের লুক্কা উরে। [<লকা হিং]।

লুক্পরানি=[কুম]—বি. লুকোচুরি খেলা ॥ [<লুকানো পলানো]।

লুক্মা=[রা]—বি. গ্রাস ॥ [<লুকমঃ لقمه আং]।

লুক্লকি=[সি]—বি. ফল বিশেষ ॥

লুখা=[দি]—বি. কাপড়, (অশিক্ষিত পল্লীবাসীর মধ্যে প্রচলিত)॥ [সাঁওতালী ভাষা]।

লুগাই=[রা]—বি. সুন্দরী মেয়ে ॥ [<লক্ষ্মী]।

লুগ্লি=[রা]—বি. তালের রস পাড়িবার পাত্র ॥ [<লগন لگن ফা.+ই হ্রস্বার্থে]।

লুচ্'া=[ম]—বি. ঝোলা গুড় ॥ লুচ্'া দিয়া রুডি খাও।

২=[চা]—ক্রি. চিম্‌টি কাটা ॥ [< নুচ্ হিং+আ]।

লুচা'ন্=[চট্ট]—ক্রি. বি. মিষ্টি কথায় ভুলানোর চেষ্টা ॥

লুচু'ন্=[চা]—বি. ঘর লেপিবার বা কোন কিছু মুছিবার জন্য ব্যবহৃত ন্যাক্‌ড়া ॥

লুচিপুচি=[রা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ লুচিপুচি করে দুটো রান্‌না করে গোছল্ কর্‌তে জা। [অনু.]।

লুচুরপুচুর্=[রা]-বি. কামজ উত্তেজনা ॥ [অনু.]।

লুচ্‌'=[চট্ট]—বি. আতুর, অচল ॥ [<লুঞ্চা হিং]।

২=[পা, চট্ট]—বি. শঙ্খ ॥ [<রস]।

লুচ্‌চা=[রং, রা]—বিণ. চরিত্রহীন ॥ [দেখ লুইচ্‌'চা]।

৩=[কুম, ম]—বিণ. লম্পট ॥ [পূর্বে দেখ]।

লুচ্‌'চামো করা=[ব]—ক্রি. খারাপ পথে টাকাকড়ি নষ্ট করা করা ॥ [দেখ লুচচা+মো প্র.+করা]।

লুচ্‌চি=[রা]—বিণ. ব্যভিচারিণী ॥ [দেখ লুচ্‌চা+ই প্র.]।

লুচ্‌'নি=[ফ]—বি. পাতিল মুছিবার ন্যাকড়া ॥

লুচ্‌'লুচ্‌'=[সি]—বিণ. নরম, কোমল ॥ [অনু.]।

লুটন্=[ম]—বি. খোপা বিশেষ ॥

২ =[কুম]—বি. লণ্ঠন ॥

লুটপুটকরা=[রা]—ক্রি. খুব তাড়াতাড়ি করা ॥ [<লুটি পুটি (অনু.)+ করা]।

লুটে নেওয়া=[রা]—ক্রি. আঁচড়াইয়া নেওয়া ॥ [<লুটিয়া দেওয়া]।

লুটু=[ম, কুম]—বি. কাষ্ঠ নির্মিত উদূখল ॥

লুটকি=[চা]—বি. পোড়া লাক্‌ড়ি ॥

লুটকুটা=[ব]—বিণ. মলিন ॥

লুটকুট=[সি]— ক্রি. বিণ. যাতনায় ছট্‌ফট্ (করা) ॥ [<লুটান+কুটা (মাথা কুটা)]।

লুট্‌ফুট=[রা]—বিণ. আচ্ছন্ন, মলিন ॥

লুডা=[নো, কুম]—ক্রি. শোওয়া ॥ [<লুটা]।

২=[কুম]—বি. ঘটি ॥ এক্ লুডা পানি দ্যাও অযু কর্‌তাম্। [<লোটা হিং]।

লুডি=[চা]—বিণ. রুটি ॥ [<রোটী হিং]।

লুডি থাকা=[চট্ট]--ক্রি. শুইয়া থাকা ॥ [<লুটাইয়া থাকা]।

লুড্‌ডুর্=[রা]—বি. আক্কেল ॥

লুড়া=[পা]—বি. অতি সহজে দাহ্য খড়কুটা ॥ [তুঃ নুড়া]।

২=[রা]—বি. পোড়া কলাই ॥ [পূর্বে দেখ]।

লুড়ালুড়্=[ব]—ক্রি. বিণ. লুট পাট ॥ লুড়াল্‌লুড় কৈর‍্যা আম্‌গুলা কুড়্যা লিয়া গ্যা.স।

লুড়ি=[ফ]—বি. ঘর লেপার ন্যাকড়া ॥

২=[ব]—বি. কলা পাতার হিসাব বিশেষ ॥

৩=[ফ]—অস. ক্রি. কুড়াইয়া ॥

লুড়িপিসা=[ফ]—বিণ. ঝাড়্ ॥ [< লোষ্ট্র সং+পিছা<পিচ্ছ সং]।

লুতা=[ম]—বিণ. নরম ॥ লুতা ঐলে বাতুটা ভুংলো ॥

২=[রা]—বি. হাঁড়ি পরিষ্কার করার ন্যাকড়া ॥ [<নেতা (<নক্তক সং)]।

৩=[চট্ট]—বিণ. অজ্ঞাতে যে দুষ্টামি করে ॥ [<লূতী<হিং <লুত لوط আং=পয়গম্বরের নাম+ই; মূলার্থ অস্বাভাবিক অভিগমনকারী]।

লুতাবুতা=[নো]—বিণ. নরম ॥ [দেখ লুতা+বুতা (অনু.)]।

লুতি=[নো]—বি. হাম, গরমি ॥

২=[ম]—বি. বিস্কুট ॥

লুতু=[ম]—বিণ. নরম ॥ লুতু শৈলুলে শৈবো না।

লুতুপুতু=[চট্ট]—বি. অতিবিনয়, তোষামোদী আচরণ ॥ [অনু.]।

লুতুরবুতুর্=[সি]—বিণ. স্বাস্থ্যবান, হৃষ্টপুষ্ট ॥ [অনু.]।

লুত্‌=[ম]—বি. শেওলা ॥

২=[সি]—বি. খোঁজ, পাত্তা ॥

লুত্‌লুতা=[সি, ম]—বিণ. খুব হৃষ্টপুষ্ট, স্বাস্থ্যবান, নরম ॥

লুদরাই=[সি]—বি. রুদ্রাক্ষ (শিশুদের গলায় দেওয়া হয়) ॥ [<রুদ্র+আই প্র.]।

লুদরুম্=[ব]—বিণ. বৃষ্টির পানিতে ভেজা ॥

লুদা=[সি]—বি. পাকস্থলী ॥

লুদি=[নো]—বি. বড় ভুঁড়ি ॥ হিতার্ লুদি কত বড়। [<লুন্দ হিং+ই প্র.]।

লুদ্=[সি]—বি. কাদা ॥

লুন্=[ম]—বি. লবণ ॥ [<লবণ]।

২=[সি]—বি. ভুঁড়ি, লুন্দি ॥ মুরোগ্ খাইয়া লুন্ বান্‌দি গিসে।

লুন্‌যা=[ম]—বিণ. নুলো, অকেজো ॥ লোক্‌টা লুন্‌যা। [<লুনজা হিং]।

লুন্দা=[চা]—বিণ. আলসে ॥ [দেখ লুন্‌যা]।

লুন্দি=[ম, চা]—বি. ভুঁড়ি ॥ বর লোক্ ঐলে লুন্দি পরে। [দেখ লুদি]।

লুপচা=[রা, পা]—বিণ. লোভী ॥ লুপচা মরদ্ মাগি পাগল্ (রা)। [দেখ লুইচ্‌'চা]।

লুপ্‌তি=[ব]—বি. হাম ॥

লুফা=[বা]—বি. মশাল ॥ [দেখ লুক্‌কা]।

লুবি=[সি]—বি. একপ্রকার বরবটি ॥ লুবির শের্ কি করে বা ?

লুবালুবি=[সি]—বি., লুফালুফি, শূন্যে ছোড়া ও ধরা ॥ [<লোফালুফি]।

লুবুসুবু=[পা]—বিণ. কোনমতে কাজ চালাইবার উপযোগী ॥ [অনু.]

লুব্‌বাইস্=[চা]—বি. লতার মত লম্বা ও শক্ত শিম বিশেষ ॥

লুব্‌বা লওয়া=[কুম]—ক্রি. লুফিয়া লওয়া ॥ [<লুফিয়া+লওয়া]।

লুমড়ি=[নো]—বি. খেক শিয়াল ॥ [< লোম্‌ড়ী হিং]।

লুম্‌তি=[কুম]—বি. হাম ॥

লুয়া=[রা]—বি. কাপড় ॥

২=[ফ]—বি. মাছের মুড়ার অংশ ॥

৩=[নো, কুম]—বি. আগুনের শিখা ॥ [দেখ লুফা]।

৪=[সি]—বি. লৌহ, লোহা ॥ [<লোহা<লৌহ]।

লুয়াই=[নো]—অস. ক্রি.<লুকাইয়া ॥

লুয়ারি=[সি, ঢা, কুম]—বি. কড়াই ॥

লুয়ালি=[কু]—বিণ. নূতন, নূতন পলি ॥ [<নহলী ম. বাং]।

লুরা=[রা]—বি. স্তূপীকৃত, বিপুল সংখ্যক ॥ [<লোষ্ট্র সং]।

২=[সি]—বি. উঞ্ছবৃত্তি ॥

৩=[কুম]—ক্রি. শূন্য হইতে পড়া ॥

৪=[কুম]—ক্রি. চয়ন করা ॥

লুরাইয়া=[কুম]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥

লুরালুরা=[সি]—বিণ. থোবা থোবা, গুচ্ছ গুচ্ছ ॥ [দেখ লুরা]।

লুরালুর্=[রা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥

লুরি=[ঢা, কুম, ম, ফ]—বি. ছেঁড়া ন্যাকড়া ॥ [দেখ লুড়ি]।

লুরিয়া=[ঢা]—বি. মরিচ বাটার নোড়া ॥ [<নোড়া (<লোষ্ট্র সং)]।

লুর্=[ম]—বি. জল নিকাশের সরু পথ ॥

লুর্মা=[ঢা]—বি. লোভী ॥ তুই অতো লুর্মা কে ?

২=[ঢা]—বিণ. সাহায্যকারী ॥

লুলক্=[সি]—বি. নাকের একপ্রকার অলংকার ॥ [<লোলক সং; সাধু নোলক]।

লুলা=[কুম, ব, চট্ট, ঢা]—বিণ. অকেজো ॥ [<নুলা]।

লুলামাটি=[চট্ট]—বিণ. পলিমাটি ॥ [<√লুল সং+আ প্র.+মাটি]।

লুলি=[ফ]—বি. ছোট নালা বা খাল ॥ [<নালী]।

লুলুপুতু=[পা]—বি. আদরে সোহাগ ॥ [অনু.]।

লুলুবুলু=[ঢা]—ক্রি. বিণ. ইতস্তত: কিছু ঠাহর করিতে না পারার অবস্থা ॥ [অনু.]।

লুল্=[কুম]—বি. নালা, রেখ ॥ নাইল্যা খেতে লুল্ না দিলে পানি শর্‌ত না।[<নাল (=নালা)]।

২=[সি]—বি. নালা ॥ লুল্ পরের্ ॥ [<লল সং]।

লুল্লুইক্কা=[চট্ট]—বিণ. লোভী, লোলুপ ॥ [<লোলুপ+ইয়া প্র.]।

২=[চট্ট]—বিণ. অর্ধপাকা ॥

লুল্লুইশ্যা=[চট্ট]—বিণ. বেশী পাকা ॥ [অনু.]।

লুশ্=[চট্ট]—বিণ. অজ্ঞান ॥ তারে মারি লুশ্ করি ফেলাইয়ে। [<লাশ لاش তু.]।

লুশ্কার্=[কু,পা,রা]—বিণ. অনেক ॥ [<লশ্কর لشکر ফা.]।

লুশ্না=[র]—বিণ. শুকনা ॥

লুসা=[সি]—বি. ন্যাকড়া ॥ লুসা দিয়া হারি মুস।

লুসানি=[পা]—বি. হাঁড়ি মুছিবার ন্যাকড়া ॥

লুসুই=[কুম]—বি. ছেঁড়া ন্যাকড়া ॥

লুসুইন্=[কুম]—বি. হাঁড়ি পাতিল ধরিবার বা মুছিবার কাপড় ॥

লুসুন্=[ঢা, ম]—বি. ন্যাকড়া ॥

লুস্তি=[সি]—বি. হাম জ্বর ॥

লুস্না=[রা]—বিণ. কাঁচা শুষ্ক বা নরম।

লুস্নি=[ঢা]—বি. ন্যাকড়া ॥

লুহত্=[চট্ট]—বি. লৌকিকতা ॥ তুঁই লুহত্ ন যানত্। [<লৌকিতা]।

লুহা=[বা]—বি. মশাল, নোড়া ॥ [দেখ লুকা]।

লে

লে=[দি]—অস. ক্রি. লইয়া ॥ [<লইয়া]।

লেয়ায্=[চট্ট]—বি. ভদ্র ব্যবহার ॥ বৌয়ের্ লেআয্ গম্। [<লিহায لحاظ আঃ]।

লেই=[নো]—অস. ক্রি. লিখিয়া ॥

২=[নো]—অস. ক্রি. জিহবা দ্বারা চাটিয়া ॥ [<লেহিয়া, লেহন করিয়া]।

৩=[ম]—বি. আটা ॥ [লেই কিংবা লেহী হিং]।

লেইগ্গা=[ঢা]—অব্য. জন্য, অপেক্ষা ॥ [<লাগিয়া]।

লেইচ্‌া=[সি]—বি. আলি সংলগ্ন লম্বা ধান (যাহা আলিতে পড়িয়া পথ বন্ধ করে) ॥

লেইযা=[নো]—বি. এক প্রকার ধূসর রং-এর গেছো জন্তু ॥ [<লেজ+ইয়া প্র. ; লম্বা ও মোটা লেজ বিশিষ্ট বলিয়া]।

লেইট্টা=[বা]—ক্রি. বিণ. শুইয়া ॥ কিলের্ চোঁটে লেইট্টা পর্‌সে। [<লেটাইয়া বা লুটাইয়া ; তুং লেটনা হিং]।

লেইট্রা=[কুম]—বিণ. নিচু, খাটো ॥ [দেখ লেইট্টা ; লেট+রা প্র.]।

লেইতা=[ফ]—বিণ. বড় ডোরওয়ালা বড়শী ॥ [দেখ লেইত্+আ প্র.]।

লেইত্=[কুম]—বি. দল ॥ [<লত<লতা]।

২=[কুম]—বি. চাঁই (মাছ ধরিবার উপকরণ) পাতিবার রশি ॥

৩=[ব]—বি. বড়শীর সুতা ॥ [দেখ লেইত্]।

লেইত্‌ফেইত্=[কুম]—বি. আবর্জনা ॥ [দেখ লেইত্+ফেইত (অনুঃ)]।

লেইন্‌যা=[সি]—বি. এক প্রকার বুনো হাঁস ॥ লেইন্‌যার্ ডাকে গুমাইন্

শরেআম্=[সি]—বিণ. সর্ব সাধারণের ব্যবহার যোগ্য॥ [<শর'আ شرع আং (পন্থা)+আম عام আং (সাধারণ)]।

২=[সি]—বিণ. বাধা বিঘ্নহীন॥ [অর্থ প্র.]।

শরেল্=[ফ]—বি. নেউল জাতীয় প্রাণী বিশেষ॥ [সাধু শড়েল]।

শরেশ্=[ম]—বি. উর্বর॥ [<সরস]।

শরৈ=[চট]—বি. পূজার ডালি॥ [দেখ শরা৫]।

২=[রা]—বি. সোরাহী॥ [দেখ শরি৩]।

শরো=[খু]—বিণ. ছোট॥ [দেখ শরু আতে শরু]।

শরোগ্=[রা]—বি. ধর্ম, খোদা॥ [< স্বর্গ]।

শরোত্=[পা]—বি. অবগতি, প্রচার॥ [<শুহরত شهرت আং]।

শরো মজা=[রা]—বি. ঘরের বেড়া বাঁধার লতা বিশেষ॥

শর্=[সি]—বি. শূকর॥ [<শুঅর <শূকর সং]।
২=[নো]—বি. কাঠের তৈরী মাস্তল॥ [<শর সং; অর্থ প্র.]।
৩=[নো]—বি. জোয়ার, স্রোত॥
৪=[চট্ট]—বি. নৌকার পাল॥ [দেখ শর্]।
৫=[রা]—বি. নদীতে মাছ ধরিবার একপ্রকার উপকরণ॥
৬=[ফ]—বি. নৌকার পিছনে জলে নিমগ্ন বড় বৈঠা॥
৭=[খু]—বি. কচ্ছপ॥
৮=[খু]—বি. কোপাইবার অস্ত্র, কুঠার বিশেষ॥
৯=[কু]—বি. বাঁশের গোলাকার চিকন বাখারি॥ [দেখ শর্১]।
১০=[রা]—বি. বাঁশের তৈরী আটন॥
শর্উয়া=[নো]—বিণ. শহরে॥ শর্উয়া মানুশ্ বারি চা'লাক্। [<শহর شهر ফা.+উয়া প্র.]।
শর্কা=[কুম]—বিণ. উচ্ছিষ্ট॥
শর্কাই=[রা]—ক্রি. বিণ. অল্প খরচে কাজ সমাধা॥
শর্কারি বিমার্=[কুম]—বি. কলেরা রোগ॥ [<সরকারী سرکاری ফা.+বীমার بیمار ফা.]।
শর্কার্=[নো]—বি. গ্রাম্য গায়ক কবি॥ [<সরকার سرکار ফা; অর্থ প্র.]।
শর্কাল্=[খু]—বি. ছিদ্র করিতে ব্যবহৃত যন্ত্র বিশেষ॥
শর্কি=[পা]—বি. বাঁশের তৈরী অস্ত্র॥ [দেখ শড়্কি]।
শর্গে=[খু]—ক্রি. বিণ. সরিয়া গিয়া॥ [<সরিয়া গিয়া]।
শর্যন্=[ম]—বি. সৃষ্টি॥ [<সৃজন]।
শর্যালা=[চা]—বি. জ্বালা যন্ত্রনা॥ [<শর সং+জ্বালা]।
শর্যা শাইয়া=[ব]—বি. আমন ধান বিশেষ॥
শর্যি=[ফ]—বি. পেঁয়াজ॥ [দেখ শংযি]।

শর্ত=[সি]—বি. মধু॥ তার্ কথা শর্ত মাখা। [দেখ শত্২]।
শর্তা=[ম]—বি. সুপারী কাটার যন্ত্র॥ [<সরোতা হিং]।
২=[বা]—বি. গাছে উঠার জন্য পায়ে ব্যবহৃত দড়ি॥
শর্দ=[ম]—বি. ঠাণ্ডা॥ আয়্কার্ দিন্টা খুব্ শর্দ। [<সর্দ سرد ফা.]।
শর্দম্=[রা]—বিণ. বেকুব॥ অয় আমাকে শর্দম্ বানাইয়া ছাড়োছে।
শর্দি=[রং]—বিণ. শীতল॥ শর্দি পানি। [দেখ শর্দ+ই]।
শর্নল্=[য]—বি. মেটে ঘরের খুঁটির উপরে ব্যবহৃত বৃহৎ কাষ্ঠ খণ্ড বিশেষ॥
শর্ নাগা=[রং]—ক্রি. পুং ও স্ত্রী সর্পের শৃঙ্গারে রত হওয়া॥
শর্পতিপনা=[দি, রা]—বি. তোষামদী॥ শরপতিপনা কর্লে কি হবে? [সর্ পরস্তী سرپرستی ফা.+পনা প্র.]।
শর্পাতা=[য]—বি. খেজুর গাছের ডালের নিকটের আবরণ॥
শর্পার্=[রা]—বি. সত্য পীরের নিমিত্ত শিন্নি॥ [<সত্য পীর]।
শর্পোশ,=[রা]—বি. ঢাকনা॥ শর্পোশ্টা দিয়া ভাত্গুলো ঢাক্। [<সর্ পোশ سرپوش ফা.]।
শর্কাই=[ব]—বি. সেহরী, রোজাদারদের শেষ রাত্রের আহার॥ [< সহর্ سحر আং+গাহ্ گاه ফা.+ই]।
শর্কি=[চট্ট]—বিণ. পূর্বদিগস্থ॥ [<শরক شرق আং+ই প্র.]।
শর্বতি আলু=[ব]—বি. এক প্রকার আলু॥ [<শর্বত شربت ফা.+ই+আলু]।
শর্বশা=[রা]—বিণ. যে সর্বদা সম্মুখে থাকে॥ শর্বশা লোক্কে আমি দেখ্তে পারি না।
শর্বা=[কু]—বি. আদর॥
২=[নো]—বি. ঝোল॥ [দেখ শরুয়া]।
৩=[রা]—বি. কৃপণতা॥
শর্বানি=[দি]—বি. ছোট লাঠি॥

শর্বাশ,=[খু]—বি. জালে ব্যবহৃত বংশদণ্ড॥ [দেখ শর্২+বাঁশ]।
শর্বেশ,=[কুম]—বি. দুধ ঢাকনি॥ [দেখ শর্পোশ্]।
শর্মত,=[ম]—ক্রি. বিণ. সম্মত॥ [<সম্মত]।
শর্মান্=[কুম, নো, ফ]—ক্রি. লজ্জা করা॥ [<শরম شرم ফা.+আন প্র.; নাম ধাতু]।
শর্মিন্দাফুল্=[চট্ট]—বি. লজ্জাবতী গাছের ফুল॥ [<শর্মেনদহ شرمنده+ফুল]।
শর্মিতা=[পা]—বিণ. লাজুক॥ [দেখ শর্মান্; শরম+ইতা প্র.]।
শরমিলতা=[চট্ট]—বি. লজ্জাবতী লতা॥ [দেখ শর্মিতা; শরম+ই প্র.+লতা]।
শরমিলা পাতা=[য]—বি. লজ্জাবতীর পাতা॥ [দেখ শর্মিন্দা ফুল্]।
শর্মুতা=[পা]—বিণ. লাজুক॥ [দেখ শর্মিতা]।
শর্রেদিগা=[ ]—বি. আমন ধান বিশেষ॥
শর্লা=[ম]—বি. ইঁদুর॥ শর্লা বিলাই দেখ্লেই পলায়্।
শর্লাযুন্নি=[চা]—বি. সর্পের মত ছোট ও লাল রংয়ের আউস ধান বিশেষ॥
শর্শর্য়া=[পা]—বি. ধান বিশেষ॥
শর্শলি=[নো, কুম]—ক্রি. বিণ. সোজাসুজি॥ [<সরাসর سراسر ফা.]।
শর্শি=[ম]—বিণ. সাথী॥ [দেখ শর্বশা]।
শলংগা=[ব]—বিণ. সুদীর্ঘ, লম্বা॥ [দেখ শরিংগে]।
শলক্=[পা]—ক্রি. বিণ. পরিষ্কার॥ শলক্ ঐলে ম্যালা কর্মু। [<স+আলোক]।
শলা=[য]—বি. সম্মার্জনী॥ [< শলাকা]।
২=[কু]—বি. শলাকা॥ [পূর্বে দেখ]।

শলাই=[বা]—বি. ন্যাংটি।

শলাচিংড়ে=[খু]—বি. গলদা চিংড়ি॥

শলাটি=[ঢা, ফ]—বি. বাঁশের বা নারিকেলের শলাকার ঝাড়ু॥ [দেখ শলা+টি]।

শলিনা=[ব]—বি. এক প্রকার আমন ধান॥

শলুকা=[ঢা]—বি. মেয়েদের জামা বিশেষ॥

শলুখা=[ফ]—বি. ব্লাউজ॥

শলে=[রং]—ক্রি. বিণ. সকলে॥ শলে না হলে হাসি জামুনা। [< সকলে]।

শলেয়া=[রং]—বি. নেংটি ইন্দুর॥

শলেরা=[রা]—বি. ছুঁচো॥

শলের্ ট্যারা=[য]—বি. শোল মাছের পোনা॥

শলে শলে=[য]—ক্রি. বিণ. আস্তে আস্তে॥ [+সহল سهل আং + এ বিভক্তি]।

শলৈ=[কুম]—বি. আউস ধান বিশেষ॥

২=[যি]—বি. ম্যাচ, দিয়াশলাই॥ [<শলাই <শলাকা]।

৩=[ফ]—বি. ছোট ছোট পাট খড়ির উভয় প্রান্তে গলিত গন্ধক মাখাইয়া আগুন জ্বালাইবার এক প্রকার শলাকা॥ [পূর্বে দেখ]।

৪=[ম]—বি. পোকা বিশেষ॥

শলোংগা=[রা]—বিণ. ঢিলা, শ্লথ॥

শলোক্=[খু]—বি. প্রদীপ॥ [দেখ শলক্]।

২=[বা]—বি. আলো॥ [পূর্বে দেখ]।

শল্=[রা]—বি. প্রশ্রয়॥ ছোড়াটাক বেশি শল দিও না। [< ছল]।

২=[খু]—বিণ. ঢিলা॥ [দেখ শলেশলে]।

৩=[ঢা]—বি. রাজমিস্ত্রী ও কাঠ-মিস্ত্রীদের সুতায় লটকানো লৌহখণ্ড বিশেষ॥ [<শলাকা]।

৪=[কুম]—বিণ. খারাপ, নিকৃষ্ট॥

শল্কা=[রা]—বি. দিয়াশলাই॥ [দেখ শল্‌কাই]।

শল্‌কাই=[ব]—বি. দিয়াশলাই॥ [দেখ শলৈ₂]।

২=[রা]—বি. সেহরী॥ [দেখ শর্‌ফাই]।

শল্কা ম্যাগ্=[রা]—বি. যে মেঘে মুষল ধারায় বৃষ্টি হয়॥

শল্‌কি=[সি.]—বি. বর্শা, সড়কী॥ [দেখ শড়্‌কি]।

শল্‌তা=[রা]—বি. প্রদীপের ফিতা॥ [<সলিতা]।

শল্‌তে মুখে=[কুম]—বিণ. পোড়া মুখো॥ [দেখ শল্‌তা+মুখ+ও প্র.]।

শল্‌পা=[খু]—বিণ. হাল্কা॥

২=[খু]—বিণ. সোজা॥ বাঁশ্‌টা বেশ্ শল্‌পা॥

শল্‌পি=[ব, রং]—বি. কিশলয়, নূতন পাতা॥

শল্‌পোট্=[রা]—ক্রি. বিণ. সংক্ষেপ॥

শল্‌পোরা=[কুম]—বিণ. (মোচা বেগুন ইত্যাদি) আগুনে পোড়া॥ [মূল অর্থ শোল মাছের মত পোড়া]।

শল্‌মলা=[রা]—বিণ. ঢিলা, শিথিল, অলস॥ [অনু.]।

২=[রং]—বিণ. সোজা॥ শল্ মলা লোক্।

শল্‌মল্=[রা]—ক্রি বিণ. নড়বড়॥ [অনু.]।

শল্‌মস্=[কুম]—বি. এক প্রকার মাছ (খালে বিলে জন্মে)॥

শল্‌ল=[কু]—বি. সজারু॥ [< শল্লকী]।

শল্‌লা বল্‌লা=[চ]—বি. মিথ্যা আশা বা প্রলোভন॥ [<সল্লা (<সিলাহ سلاح আং)+ বল্‌লা (অনু:)]।

শল্‌লি=[ব]—বি. মাছ ধরিবার তীক্ষ্ম শলাকা॥ [দেখ শল্₃+ই প্র..]।

২=[ব, পা]—বি. দীর্ঘগলা বিশিষ্ট একপ্রকার পাখী।

৩=[ব]—বি. খুন্তি॥ [দেখ শল্‌লি]।

শল্‌লের্‌পাতা=[রং]—বি. পদ্ম পাতা॥

শল্‌শলা=[বা]—বিণ. ঢিলা॥ [< শল্‌শল্ (অনু.)+আ প্র. ; অথবা দেখ শল্]।

শশকৃত=[খু]—বিণ. গর্ভবতী॥ [দেখ শঁশ্‌ত্যা]।

শশপন্=[সি]—বি. ভাবনা চিন্তা॥

শশম্=[সি]—বি. লজ্জা॥ [<চশম چشم ফা.]।

শশবিশ্=[ম]—ক্রি বিণ. সহসা, সচরা-চর॥ [<দশ বিশ]।

শশন্দা=[কুম, গো]—বি. চিচিংগা তরকারী, রেহা॥

শশুয়া=[ফ]—বি. সরিষা॥ [<সর্ষপ সং+আ প্র.]।

শশ্‌টি=[খু]—বি. শাঁসআঁটি॥ [< [<শাঁস+আঁটি]।

শশ্‌তা=[রং]—বি. যাঁতি॥ [দেখ শর্‌তা]।

শশ্‌শড়ে=[কু]—বি. ছোট কাল রঙের একপ্রকার পিঁপড়া॥ [দেখ শড়ে শড়ে₂]।

২=[পা]—বিণ. পিছল॥ [<শড়্ শড়্ (অনু.)+এ প্র.]।

শস্‌তা=[ফ, রা]—ক্রি. বিণ. সহজ॥ [<সস্তা হিং]।

শস্‌ত্যা=[পা]—বিণ. গর্ভবতী॥ [দেখ শঁশ্‌ত্যা]।

শহত্=[রা]—বিণ. তৃপ্ত॥

শহম্=[কুম]—বি. শৌর্য বীর্য॥ [< সক্ষম ?]।

শহি=[রা]—বি. শিক্ষা, শাস্তি॥ [< সহীহ صحيح আং]।

শহুদ্=[চট]—বি. প্রমাণ, সাক্ষি॥ [<শুহুদ شهود আং; শাহিদ শব্দের বহুব.]।

শহোরিয়া=[রা]—বিণ. শহরের অধি-বাসী॥ [দেখ শর্‌উয়া]।

শহ্‌রুয়া=[ব]—বি. অধিবাসী॥ [পূর্বে দেখ]।

শাঅন্=[চট্ট]—বি. <শ্রাবন ।।

শাই=[য]—বি. ধান গাছের পাতায় লাগা কাল পোকা বিশেষ ।।

২=[ম]—বি. সখী, সই ।। [<সই <সখী]।

৩=[ম]—বি. বিণ. খোদা, সর্বশ্রেষ্ঠ ।। [<সাঁই<স্বামী সং]।

৪=[বা]—বিণ. সাংঘাতিক ।। [<শাহী شاهی ফা.]।

৫=[চা]—বিণ. খুব বড়, প্রকাণ্ড ।। [দেখ শাই$_{৪}$]।

শাইং=[খু]—বি. ছিদ্র ।।

শাইংগ=[রং]—বি. ভারী জিনিস ঝুলাইয়া রাখার বাঁশ বা কাঠি ।।

২=[য]—বিণ. ভারী বোঝা ।। [দেখ সাই$_{৪}$]।

শাইংগত্=[রং]—বি. সঙ্গতি ।। তোমার খাওনের্ শাইংগত্ হামার্ নাই। [<সঙ্গতি]।

শাই বান্দা=[ম]-ক্রি. (দড়ি দিয়া কোন গাছ বাঁধিয়া কাঁধে লইবার জন্য) শিক্যার মত করিয়া বাঁশের সঙ্গে বাঁধা ।। [দেখ শাইংগ+বাঁধা]।

শাইংলা=[কু]—বি. ইলিশ মাছ ধরিবার জাল ।।

শাইকানি=[কুম]—বি. বড় কানি, জমির মাপবিশেষ। [দেখ শাই$_{৫}$+কানি (জমির মাপ বিশেষ)]।

শাইকানো=[রং]—ক্রি. বলা ।। শে জাক্ পায় তাকৈ এই কথা শাইকায়। [<সার+করানো]।

শাইগুল্ টি=[কুম]—বিণ. সবাই, আবালবৃদ্ধবনিতা ।। [<সায় <সব কিংবা স+গোষ্ঠি]।

শাইগো=[খু]—বি. স্ত্রীলিঙ্গ ।। [শেগো]।

শাইচ্ ঁতা=[সি]—বিণ. দক্ষ ।। [< শাইস্তহ্ شائسته ফা.]।

২=[সি]—বিণ. ভদ্র ।। [অর্থ প্র.]।

শাইজি=[রং]—বি. কর্তাজি, গুরুজি ।। [দেখ শাই$_{৩}$+জী]।

শাইজ্ কন্‌চি=[রা]—বি. ঘরের চতুর্দিক ।। [<সাইড side ইং+কানাচ (<কনাত قنات তুং)]।

শাইয্=[ম]—বি. সন্ধ্যা ।। [<সাঁঝ সন্ধ্যা]।

শাইয্যা=[কুম]—অস. ক্রি.< সাজিয়া ।। দুলা শাইয্যা আইসে।

শাইয্‌লা=[পা]—বিণ. সেজ ।। শাইয্‌লা বাই আইচি'ন্ ।। [<সজুলা হিং]।

শাইটাল্=[রং]—বিণ. প্রবল ।। অয় শাংটাল্ তালেবর্ হৈছে।

শাইট্=[খু]-ক্রি. বিণ. পরিপূর্ণ ।। [< ষাইট (<ষষ্টি), কল্পিত পুন্য সংখ্যা বিশেষ]।

২=[বা]—বি. প্রথম নগদ বিক্রয় ।। [<সাঅত ساعت আং; দেখ শাইত্]।

শাইট্ গরু=[নো]—বি. বন্ধ্যা গরু ।।

শাইত্=[চট্ট]—বি. বউনি বা প্রথম শুভ আরম্ভ ।। [দেখ শাইট্$_{২}$]।

২=[পা]—বি. দুই কাঠের মিলন স্থল ।।

শাইত্ করা=[রা]—ক্রি. শুরু করা ।। [দেখ শাইত্+করা]।

শাইত্ হওয়া=[রা]—ক্রি. খেয়াল হওয়া ।।

শাইদ্=[চা]—বি. শুভ সূচনা, শুভারম্ভ ।। [দেখ শাইত্]।

শাইদ্দ=[চা]—বিণ., বি. সত্তা, শক্তি, ক্ষমতা ।। আইয্ বাবারে মাস্ অনেক্ শাইদ্দ। [<সাহায্য এবং <সাধ্য]।

শাইদ্দা শিদা=[সি]—বিণ. সরল ও সোজা ।। [<শুদ্ধ+সিধা]।

শাইন্=[কুম]—বি. গর্ব, অহংকার ।। [<শান شان আং]।

শাইন্‌চ'া=[ম]—বি. ঘরের চারি পাশের চাল হইতে জল পড়িবার স্থান ।।

শাইন্‌ঘটা=[ব]—বি. আসন খান বিশেষ ।।

শাইন্ দেমাগ্=[কুম]—বি. গর্ব, অভিমান ।। [দেখ শাইন্+দিমাগ دماغ আং]।

শাইন্‌শাব্=[কুম]—বি. শ্বাশুড়ী ।। [<সাহিব صاحب আং+আনী প্র.+ সাহিব+আ প্র.]।

শাইন্‌সাব্=[চা]—বি. শ্বাশুড়ী ।। [দেখ শাইন্ শাব্]।

শাইবনিসাব্=[কু]—বি. শ্বাশুড়ী ।। [দেখ শাইন্‌শাব্]।

শাইবস্‌ত=[রং]—বিণ. নম্র, ভদ্র ।। [দেখ শাইচ্'তা]।

শাইবান্=[রং]—বিণ. প্রশস্ত, বড় ।। শাইবান্ শড়ক্ দিয়া গাড়ি জায়। [দেখ শাই$_{৫}$+বান্ধা]।

শাইব্যান্ আলু=[রং]-বি. মিষ্টি আলু ।।

শাইব্ নাল্=[চা]—বি. সাদা পাটের শ্রেণী বিশেষ ।।

শাইয়া=[ম]—বিণ. খুব বড় ।। শাইয়া মাস্। [দেখ শাই$_{৫}$+আ প্র.]।

শাইয়া মারানি=[রা]—বিণ. গালি বিশেষ (পুরুষকে) ।।

শাইরা=[ফ]—অস. ক্রি. আত্মরক্ষা করিয়া, সাবধানে ।। [<সারিয়া]।

২=[সি]—অস. ক্রি. শেষ করিয়া ।। এই কাম্ শাইরা কিতা কর্‌বায়্? [< সারিয়া]।

শাইরা লওন্=[চা]—ক্রি. শেষ করিয়া ফেলা, মারিয়া ফেলা ।। ধর্‌লে কৈলে একেবারে শাইরালামু। [দেখ শাইরা$_{২}$+√ল+অন্]।

শাইর্=[চা, চট্ট]—বি. দলবদ্ধ হইয়া সমস্বরে গাওয়া গীত ।। [<সারি (+গান)]।

২=[চট্ট]—বি. পাখী বিশেষ ।। [(শুক+)সারি]।

৩=[সি]—বিণ. অভিজ্ঞ, পটু ।। [<শাইর شاعر আং=কবি]।

শাইর্‌গা=[কুম]—অস. ক্রি. সারিয়া, শেষ করিয়া ।। [দেখ শাইরা$_{২}$]।

শাইর্‌গুলা=[চট্ট]—বি. সারি গুলি ।। [<সারি গুলা]।

শাইর্‌বাশি=[সি, ম]—বি. প্রতিবেশী, সাথী ॥ [< সারি (শ্রেণী, দল) + বাসী]॥

শাইল্যা=[পা]-বি. বাঁশ, কাঠ, ঝাড়ু ॥ [<শল্য]।

শাইল্‌=[রা]—বি. এক প্রকার সুগন্ধ ॥

শাইল্‌ মাইন্‌=[রা]-বি. মাছ বিশেষ ॥

শাইল্‌হা=[খু]—ক্রি. বিণ. অর্ধছাটা ॥ ধানটা শাইল্‌হা হয়ে গেসে।

শাইশংগত্‌=[ম]—বি. সাথী ও বন্ধু ॥ [দেখ শাইর্‌বাশি ; শাইর+সঙ্গ+ত প্র.]।

শাইশ্যা=[রং]—বি. সরিষা ॥ [< সরিষা (<সর্ষপ সং)]।

শাউ=[কুম]—বি. সাহা, হিন্দু জাতি বিশেষ ॥ [সাহ<সাধু]।

শাউকারি=[সি]—বি. সাধুগিরি ॥ [দেখ শাউ+গীরী گیری ফা.]।

শাউকার্‌=[সি]--বিণ. সাধু, নিরপরাধী, বিশ্বাসী ॥ [দেখ শাউ+কার প্র.]।

২=[দি]—বিণ. ধনী ॥ [অর্থ প্র.]।

শাউগড়ি=[খু]—বি. সুপারিশ ॥ [দেখ শাউকারি]।

শাউগরি=[বা]—ক্রি. বিণ. দোষী ব্যক্তিকে সমর্থন ॥ [দেখ শাউগড়ি]।

শাউড়্‌=[ব]—বি. < শ্বাশুড়ী ॥

শাউত্‌=[রং]—বি. সাধু, বণিক ॥ [<সাউধ<সাধু]।

শাউধাইন্‌=[চট্ট]—বিণ. সাধুয়ানী, সাধ্বী ॥ [দেখ শাউত্‌+আনী প্র.]।

শাউন্মাশ্‌=[ফ]-বি. <শ্রাবণ মাস ॥

শাউয়া=[ব, ফ, পা]—বি. স্ত্রী জননেন্দ্রিয় ॥

শাউয়া মারানি=[খু, ঢা, য]—বিণ. কুলটা (গালি বিশেষ) ॥ [দেখ শাউয়া+√মার্‌+আনি প্র.]।

শাউয়ারি=[চট্ট]—বি. বাহাদুরী, অহংকার, বিলাস ॥ [দেখ শাউগরি]।

শাউয়ার্‌ বাল্‌=[পা]—বিণ. অপদার্থ (গালি বিশেষ) ॥ [দেখ শাউয়া+র (সম্বন্ধে)+বাল হিং]।

শাউরি=[ম,ঢা,ফ]—বি. <শ্বাশুড়ী ॥

শাউলি শাউলে=[রং সি, রা]—বি. গরু বা মহিষকে জোয়ালের সঙ্গে সংযুক্ত রাখার জন্য এক খণ্ড বাঁশ বা কাঁধের শলাকা ॥ [<শলি(<শলাকা)]।

শাও=[ম, রং]-বি. শাপ ॥ [<শাপ]।

২=[য]—বিণ. সকল ॥ [<সব]।

শাওগাড়ি=[খু]—বি. কর্তৃত্ব (করা) ॥ [দেখ শাউগরি]।

২=[খু]—বি. শেফালী বৃক্ষ বা ফুল ॥ [<শেফালী]।

শাওগুডু=[বা]—বি. এক প্রকার খেলা ॥

শাওন্যাবশ্‌শা=[ম]—বি. শ্রাবনের বর্ষা ॥ [<শ্রাবণ+ইয়া প্র.+বর্ষা]।

শাওয়া=[কুম]—বি. স্ত্রী জননেন্দ্রিয় (গালি বিশেষ) ॥ [দেখ শাউয়া]।

শাওয়াতি=[বা]—বি. প্রসূতি ॥ [দেখ শঁশুত্যা]।

শাওর্‌=[ম]—বি.<সাগর ॥

শাপলাইশ্‌=[চট্ট]—বি. বন কাঁঠালের চাপালাইশ গাছ ॥

শাং=[য]—বি. বোঝা ॥

২=[খু]—ক্রি. বিণ. আড়কোলা ॥ তারে শাং করে ধরে নিয়ে গেইসে।

শাংঅড়্‌ ভাদা=[খু]--ক্রি. জব্দ করা ॥

শাংকি=[বা]—বি. বাসন ॥ [< সানক (<সহনক صحنک আং)+ঈ (ক্ষুদ্রার্থে)]।

শাংকিনি=[রং]—বিণ. শঙ্খিনী (নারী) ॥ [<শঙ্খিনী]।

শাংখিনি=[র]—বি. শকুনী ॥ [< শকুন+ই প্র.]।

শাংগর্‌=[খু]—বি. বাঁশের মই ॥ শাংগর্‌ দিয়া চালে ওঠ্‌।

শাংগা=[ফ]—বিণ. বেহুশ, কমবুদ্ধি ॥

শাংগাল্‌=[রং]—বি. দিশা, খোঁজ, দিশা দেওয়া ॥ তুই আর্‌ কিছুই শাংগাল্‌ পাইছ্‌ না। [<সন্ধান]।

২=[য]—বিণ. খুব বড় ॥ [< সাংঘাতিক সং]।

৩=[কু]—বি. পালা, গাদা, স্তূপ ॥ [< জাঙ্গাল সং]।

৪=[রা]—বিণ. কঠিন ॥ [দেখ শাংগাল্‌]।

শাংগি=[য]—ক্রি. বি. দোলনার মত দড়ি দিয়া ঝুলাইয়া বাঁধিয়া কোন ভারী জিনিস একাধিক ব্যক্তিতে বহন ॥

শাংগ্যার্‌=[সি]—বি. কুকর্মের সঙ্গী ॥ [<সঙ্গ+আর প্র.]।

শাংগোট্‌=[খু]—বি. মই ॥

শাংগোড়্‌=[য]—বি. হাড় ॥

শংগোশ্‌=[রং]—বি. মাছ ধরিবার সরঞ্জাম বিশেষ ॥

শাংচুর্‌=[ফ]—ক্রি. বিণ. খণ্ডবিখণ্ড, চুরমার ॥ [<শাঁক চুর <শঙ্খচূর্ণ]।

শাংভা=[য]—বি. দল ॥ [দেখ শাংগ্যার্‌ ; অর্থ প্র.]।

শাংনা=[রং]—বি. হিন্দু বিধবার দ্বিতীয় স্বামী ॥ [<সাঙ্গ<সঙ্গ+না প্র.]।

শাংনি=[খু]—বি. করাত ধার দেওয়ার যন্ত্র বিশেষ ॥ [<শান+ই প্র.]।

শাংয়ড়্‌=[খু]—বি. মই ॥

শাংয়ানি=[রং]—বিণ. দ্বিতীয় স্বামী গ্রহণ কারিণী ॥ [দেখ শাংনা ; সাঙ্গা+নি প্র.]।

শাংগ্নি=[খু]—বি. মুটে ॥ [<সঙ্গী]।

শাংরা=[নো]—বি. বাঁশের তৈরী মাছ মারিবার যন্ত্র ॥

শাংরান্‌=[খু]—বি. সংক্রান্তি, বাংলা মাসের শেষ তারিখ ॥ [<সংক্রান্তি]।

শাংলা=[কু]—ক্রি. বিণ. সকলে এক সঙ্গে ॥ [দেখ শাংড়া]।

২=[বা]—বি. ইলিশ মাছ ধরার জাল বিশেষ ॥

শাংস্থুর্‌=[খু]—ক্রি. বিণ. তছনছ, লণ্ডভণ্ড ॥ [দেখ শাংচুর্‌]।

শাঁই=[রং]—ক্রি. বিণ. কাঁধে বহন করা ॥ [দেখ শাইং বান্দা]।

শাঁইত্‌=[চট্ট, নো]—বি. বউনি, শুভারম্ভ ॥ [দেখ শাইত্‌]।

শাঁই শাঁই=[খু]—ক্রি. বিণ. খুব দ্রুত ॥ [ধ্বন্যা.]।

শাঁউক্=[চট]—বি. শামুক ॥ পানির্ তলত্ শাঁউক্ হাঁডে। [<শামুক< শম্বুক]।

শাঁওহাগা=[ব]—বি. আমাশয় ॥

শাঁক্=[রা]—বি. তামাকের শাখা ॥ [<শাখ]।

শঁক্কচুর্=[রা]—বি. এক প্রকার ধানের নাম ॥

শাঁক্রাইত্=[রা]—বি. মাসের শেষ সংক্রান্তি ॥ [<সংক্রান্তি]।

শাঁক্রাদ=[নো]—বি. সংক্রান্তি, মাসের শেষ দিন ॥ আয় শাঁক্রাদ্ দিন্। [দেখ শাঁক্রাইত্]।

শাঁখ্চিল্=[খু]—বি. সাদা চিল বিশেষ ॥ [<শঙ্খ চিল]।

শাঁযাল্=[য]—বি. আখ মাড়াইতে ব্যবহৃত পাত্র বিশেষ ॥

শাঁঝ্=[রা]—বি. সন্ধ্যাকালে গোয়াল ঘরে দেওয়া ধূয়া বা ধূপ ॥ [<সাঁঝ (< সন্ধ্যা) + আ প্র.]।

শাঁটি=[চট]—বি. মাছ বিশেষ ॥

শাঁড়োক্=[রা]—বি. বাঁশের লম্বালম্বি অর্ধভাগ ॥

শাঁত্লান্=[কু]—ক্রি. বি. অল্প সিদ্ধ করা ॥ [<সন্তলন]।

শাঁদ্না=[দি, রা]—বি. সজিনা, তরকারী বিশেষ ॥ [<সজিনা (<শোভাঞ্জন সং)]।

শাঁধানো=[কু]—ক্রি. বিঁধা, ঢোকান ॥ [<সান্ধানো [<সন্ধি+আনো)]।

শাঁধ্লা=[খু]—বি. ময়লা ॥ শিড়িতে অনেক শাঁধ্লা যমে আসে। [<ছাৎলা <ছাতা (<ছত্রাক সং) + লা প্র.]।

শাঁপন্=[রা]—বি. সাবান ॥ (< স্যাবো sabau পোর্তু.)।

শাঁপা=[রা]—বি. খুতি বা থলি বিশেষ ॥

শাঁপাল্খুত্=[রা]—বি. আখ কাটার সরঞ্জাম রাখার ব্যাগ ॥

শাঁপি=[কু]—বি. কাস্তের বাট সংযুক্ত লৌহ বলয় ॥ [সাম্বী ম. বাং <শম্ব সং]।

শাঁহাঁগা=[রা]—বি. রক্তামাশয় ॥ ছেরাডার্ বুঝি শাঁহাঁগা হচে। [দেখ শাঁওহাগা]।

শাকট্=[রা]—বি. গতি, বেগ ॥

শাকম্=[সি]—বি. সাঁকো ॥ শাকম্ পারাইবার্ বাশ্ নাই খাইবার্ নিদাওয়াত্? [<সঙ্কম প্রাঃ বাং <সংক্রম]।

শাকরগন্দি=[সি]—বি. মিষ্টি আলু ॥ [<শকর কন্দ شکرقند ফা.+ই]।

শাকাইল্=[খু]—বি. টাকার তোড়া ॥ ২=[খু]—বি. বস্তা ॥

শাকাল্=[খু]—বি. বস্তা ॥ শাকাল্ খান্ কি কর্লি?

শাকাশ্=[চা]—বি. সাহস ॥ তর্ শাকাশ্টা কত বররে! [<সাহস]।

শাকিদার্=[চট]—বি. গ্রামের শালিশ বিচারে মাতব্বর কর্তৃক নিযুক্ত ব্যক্তি, যে দাওয়াত দেয় ॥ [<সাক্ষী+দার دار ফা.]।

শাকিন্=[বা]—বি. সীমা ॥ কত লোক্ ঐসে তার্ শাকিন্ নাই। [< সাকিন ساکن আঃ=বসবাস কারী]।

শাকিম্=[চট]—বি. ঠিকানা ॥ [দেখ শাকিন্]।

শাক্যাড়্=[রা]-বিণ. ধনী, মালদার ॥ [<সাহুকার <সাধুকার]।

শাকোবেরি=[বা]—বি. যে কাঠের উপর ভর করিয়া ঢেঁকি উঠানামা করে ॥ [সাঁকো <সঙ্কম+বেষ্টিকা (কাষ্ঠাংশ)]।

শাকো শেওলা=[খু]—বি. কচুরীপানা ॥ [দেখ শাকম্+শেওলা (< শৈবাল)]।

শাক্=[বা]—বি. যুক্তি, পরামর্শ ॥

শাক্ আলু=[রং]—বি. মিষ্টি আলু বিশেষ ॥

শাক্কর্ বাতা=[কুম]—বি. বিবাহে বরকনের এক পাত্রে আহার করা ॥ [<শর্করা+ভাত+আ প্র.]।

শাক্কি=[চট]—বি. <সাক্ষী ॥ ২=[সি]—বি. মাটি কাটার সময় গভীরতা মাপার জন্য রাখা মাটির ঢিবি ॥ [অর্থ প্র.]।

শাক্কৈল্যা=[ম]—বিণ. সমস্ত ॥ [< সাকুল্য]।

শাকৃড়ি=[খু]—বি. <শ্বাশুড়ী ॥

শাক্তা=[য]—ক্রি. বিণ. একজোট ॥ এরা হগ্লে শাক্তা কৈরা আইসে। [< সাখ্তহ্ ساخته ফা.]।

শাক্রেত্=[খু]—বি. শিষ্য ॥ [< শাগেরদ شاگرد ফা.]।

শাখা আলু=[রং]—বি. সিদ্ধ আলু ॥

শাখাই=[ম]—বি. আত্মীয় স্বজন ॥ [<স্ব+জাতি; দেখ শাগাই]।

শাখাল্=[খু]—বি. বস্তা ॥ শাখাল্ খান্ কি কর্লি! [দেখ শাকাল্]।

শাখি পোকা=[কুম]—বি. এক প্রকার পোকা (যাহা ধান খাইয়া নষ্ট করিয়া ফেলে) ॥

শাগর্=[কুম]—বি. মাছ ধরিবার ত্রিকোনাকার ঝুড়ি ॥

শাগর্আনা=[নো]—বি. বিয়ার সময় প্রদত্ত চাউল ডাল ॥ [<শ্বঘর+আনা প্র.]।

শাগর্ কোন্=[সি]—বি. নৈঋত ॥ [<সাগর+কোন]।

শাগর্ খানা=[চা]—বি. নতুন জামাইর সাথে অনেকের একত্র আহার ॥ [দেখ শাক্কর্ বাতা]।

শাগর্ গযা=[কুম]—বি. মিষ্টি আলু ॥

শাগর্ পনা=[চা]—বি. নদীর এক প্রকার পোনা জাতীয় মাছ ॥ [সাগর+পোনা]।

শাগাই=[রং]—বি. আত্মীয় স্বজন ॥ [দেখ শাখাই]। ২=[রং]—বি. বড় শ্যালক ॥ [অর্থ প্র.]।

শাগাইশোদর্=[রং]-বি. কটুম্ব স্বজন ॥ [দেখ শাগাই+সহোদর]।

শাগানো=[ব]—ক্রি. সুপারিশ চাওয়া ॥

শাগারি=[ম]—বিণ. মস্ত বড় ॥

শাগিদার্=[রা]-বিণ. পরিবেশনকারী ॥ [সাকী ساقی ফা.+দার دار ফা. প্র.]।

শাগিম্ পাওয়া=[খু]-ক্রি. টের পাওয়া ॥ আমি তো কিস্থ শাগিম্ পাইনি। [দেখ শাকিন্+পাওয়া]।

শাগো=[খু]—বি স্ত্রী জননেন্দ্রিয়, গালি বিশেষ ॥ [শেগো]।

শাগ্=[য]—বি. শাক ॥

শাগড়ি=[খু]—বি. <শ্বাশুড়ী ॥

শাগ্নি শাপ্=[কুম]—বিণ. উভয় দিকে কথা বলার অভ্যাস আছে যাহার ॥ [<শঙ্খিনী+সাপ; অর্থ প্র.]।

শাগ্রা=[য]—বি. বাঁশের কঞ্চি দ্বারা প্রস্তুত মাছ ধরিবার উপকরণ বিশেষ॥

শাগ্রানা=[সি]—বি. বিয়ের রাত্রে শ্যালক শ্যালিকা পরিবেষ্টিত হইয়া এক পাত্রে স্ফূর্তির সহিত আহার ॥ [দেখ শাগর্ খানা]।

শাঙড়্=[খু]—বি. মই ॥

শাঙাল্=[রং]—বিণ. প্রকাণ্ড ॥ [< সাংঘাত<সাংঘাতিক সং]।

শাঙাল্=[রা]—বি. প্রবাসে রন্ধন করিবার জিনিসপত্র ॥

২=[রং]—বি. হুশ, জ্ঞান, অর্থ ॥

শাচ্ক্=[চা]—বি. বিবাহের পণ ॥ আমার্ মাইয়ার্ বিয়ার্ তিন্ আযার্ টেহার্ শাচ্‌ক্ দিসি।

শাচান্=[ম]—বি. চিল জাতীয় পাখী বিশেষ ॥ [শয়চান ম. বাং]।

শাচিব্=[ফ]—ক্রি বিণ. আরাম, লাঘব, অব্যাহতি ॥

২=[য]—বিণ. সস্তা, কম মূল্য ॥

শাচেন্=[বা]—বি. বাজ পাখী ॥ [দেখ শাচ্‌ন্]।

শাচ্তোর্=[পা]—বি. রূপকথা ॥ [<শাস্ত্র]।

শাচ্রা=[বা]—বি. চেলা পুঁটি প্রভৃতি ছোট মাছ ॥

শাচ্রানো=[বা]—ক্রি. সঞ্চার করা ॥ [< শাচার < সঞ্চার+আনো ; নাম ধাতু]।

শাছামিছা=[রং]—বি. সত্য মিথ্যা ॥ [<সাচ(<সত্য)+মিছা (<মিথ্যা)]।

শাছার্=[বা]—বি. ঝাটা ॥

শাজন্=[দি, রা]—বি. সওগাত ॥ [<সাজ+অন প্র.]।

শাজাই=[রং]—বি. কুটুম্ব ॥ [<স্ব +জাতি]।

শাজি=[রা]-বি. ব্যবসায়ী (সম্প্রদায়) ॥ [<শা<সাহু<সাধু+জি]।

২=[রা]—বি. বাঁশের তৈরী ডালা বিশেষ ॥

শাজো=[রা]—বি. দধি তৈরীর জন্য ব্যবহৃত টক ॥

শাজোন্=[রা]—বি. আত্মীয় গৃহে প্রেরিত খাদ্য সামগ্রী ॥ [দেখ শাজন্]।

শাজ্জ=[রং]—বিণ. সস্তা, সুলভ ॥ [<সাহায্য]।

শাজ্ড়াই=[রা]—ক্রি. বিণ. (গরুকে) একত্রে বাঁধা ॥

শাযর্=[ফ]—ক্রি. বিণ. ঝাঁক বাঁধিয়া ॥

শাযাই=[বা]—বিণ. এজমালী, যাহাতে বহু অংশীদার আছে ॥ [<সাঝা হিং+ আই প্র.]।

শাযা পারা=[ম]—বি. সাজ সজ্জা ॥ [=সাজা + পরা]।

শাযার্=[খু]—বিণ. সাধারণের ॥ [দেখ শাযাই ; শাযা+র বিভক্তি]।

শাযাল্=[পা]—বি. গোশালায় দেওয়া ধূয়া বা ধূপ ॥ [<সাঁঝ(<সন্ধ্যা) +আল প্র.]।

২ =[বা, সি]—বি. কাঁদা মাটির তৈরী আগুন রাখিবার পাত্র ॥ [পূর্বে দেখ]।

শাযাল্ দেওয়া=[চা]—ক্রি. ধূপ বা ধূঁয়া দেওয়া ॥ [দেখ শাযাল্+দেওয়া]।

শাযা শিংগাল্=[ম]—সি. সাজ সজ্জা ॥ [দেখ শাযাপারা ; শৃঙ্গার]।

শাযি=[খু]—বি. ভগ্নিপতি, শ্যালক ॥

শাযুত্যা=[ম]—বিণ. সন্ধ্যা কালীন॥ [সাঁঝ (<সন্ধ্যা)+ৱকত وقت আং+ ইয়া প্র.]।

শাযুয়া=[ম]—বিণ. সজ্জিত ॥ [< সাজ+উয়া প্র]।

শাযো=[খু, য]—বিণ. টাটকা, নতুন॥

শায্=[ম]—বিণ. সত্য ॥ [<সাচ (<সত্য)]।

শায্কায্=[সি]—বি. বেশভূষা, ঘনঘটা ॥ [<সাজ+কাজ]।

শাটা=[রা]—বি. গরু মেষ তাড়াইবার উপকরণ, পাচন ॥ [<সোঁটা হিং]।

শাটালো=[খু]—বিণ. বলিষ্ঠ ॥ [< [সাঁট+আলো প্র.]।

শাটাল্=[রা]—বি. তাঁতি, বসাক, হিন্দু॥

শাটিমাছ্=[রং]—বি. মাছ বিশেষ, গড়াই ॥

শাটিয়ারা=[ম]—বি. ষষ্ঠ ॥ [<ষষ্ঠ+ আরা প্র.=নবজাতকের ষষ্ট দিবসের উৎসব বিশেষ]।

শাটুম্=[রা]—বি. মার (দেওয়া) ॥ [<চাট (<চপেট সং)+উম প্র.]।

শাটোর্ করা=[রা]—ক্রি. সামাল করা বা সামলিয়া থাকা ॥

শাট্=[রা]—বি. বকুনি, ধমকানি ॥ [দেখ সাটুম্]।

২=[চা]—বি. পুরুষের জামা ॥ [< সার্ট shirt ইং]।

৩=[পা]—ক্রি. বিণ. শ্রেণীমত সাজান॥

৪=[য]—বি. ইশারা ॥ [<শান সং]।

৫=[ফ]—বি. ষড়যন্ত্র ॥ [<শাঠ্য]।

শাট্টা=[ম]—বি. আমন ধান বিশেষ ॥

শাট্মারা=[ম]—ক্রি. লাফ মারা ॥ [<√শট্ (গমন করা)+মারা]।

২=[রা]—ক্রি. ক্ষোভে চীৎকার করিয়া ভয় প্রদর্শন ॥

শাট্রা বান্দা=[ম]—ক্রি. বিণ. একত্রে, সমবেত, সম্মলিত ভাবে ॥

শাঠা=[রা]—বি গাড়ির বলদ হাঁকানোর জন্য আগা চিকন চামড়া বিশিষ্ট একপ্রকার লাঠি, চাবুক ॥

শাঠ্=[য]—বি. যোগাযোগ ॥ হের্ লগে শাঠ্ কৈরাই এই কায়্ডা করসে। [দেখ শাট্৫]।

শাডিংগে=[খু]—বিণ. বেমানান উঁচু ॥ [দেখ শরিংগে]।

শাড়ক্=[খু]—বি. চওড়া পাতলা বাখারি ॥

শাড়া=[খু]—বি. গাছ বিশেষ ॥

শাড়ি=[খু]—বিণ. বন্ধ্যা ।। [<ষাঁঢ়া <ষণ্ড সং+ঈ প্র. স্ত্রী লিঙ্গে]।

শাড়ু=[রং, দি]—বি. ভায়রা ।। [<শাড় <শালিউই <শ্যালিকা পতি]।

শাড়ে বাইশ্=[চট্ট]—ক্রি. বিণ. লম্বা (দেওয়া), চম্পট (দেওয়া) ।। [<সাড়ে বাইশ (<সার্দ্ধ দ্বাবিংশতি সং) ; অর্থ প্র.]।

শাড়,=[কু]—বি. মাছ ঘেরার বেড়া ।।।

শাতর্=[সি]—বি. ছাত্র, শিষ্য ।। [<ছাত্র]।

শাতা=[ম]—বি. ময়লা ।। শাইল্ বরা শাতা। [<ছাতা (ছত্রাক সং)]।

শাতাই=[দি]—বি. বন্যার পূর্ব লক্ষণ ।। [<সোঁত (<স্রোত)+বাই (<বায়ু)]।

২=[রং]—বি. ঝড় বৃষ্টি ।। [পূর্বে দেখ]।

শাতারো=[য]—বি. সতেরো ।। [< সপ্তদশ সং]।

শাতাল্=[রা]—বিণ. ভিজাভিজা ।। [দেখ শাতা+ল প্র.]।

শাতির্ গরক্=[রং]—বি. বন্ধু বান্ধব ।। হামার্ শাতির্ গরক্ ধরিয়া অংগ তামাশা করুমু। [< সাথী+র (সম্বন্ধে)+গররহ غیره আং]।

শাতুর্,=[ম]—বি. সাঁতার ।। [< সন্তরণ]।

শাতুল্=[রা]—বি. থলে, ব্যাগ ।।

শাতে পুশ্যে=[ম]—ক্রি. বিণ. কোন কালে ।। [< সাত+পুরুষ+এ (বিভক্তি)]।

শাত,=[প]—বি. যাত্রা ।। [< সা'আত ساعت আং=কাল, লগ্ন]।

২=[কু]—বি. সম্পর্ক, যে কোন রকমের সম্পর্ক ।। [<সাথ]।

শাত,উয়াশা=[চা]—বি. প্রথম গর্ভবতীর সপ্তম মাসে উৎসব ।। [<সপ্ত+মাস +আ প্র.]।

শাত,করা=[সি]—বি. এক প্রকার লেবু ।। [<cintra পোর্তু.]।

শাত,খোপ,লা=[রা]—বি. পিঠা বিশেষ ।।

শাত,গোরা=[চট্ট]—বি. সাত পুরুষ ।। [সাত+গোড়া (গোষ্ঠী)]।

শাত,ঘড়া শাত,পুজি=[রা]—বি. ডিম পিঠা ও কলাইয়ের বড়া ।।

শাত,ছড়াহার্=[রং]—বি. সাতকন্ঠী হার ।। [<সাতছড়া হার]।

শাত,নালা=[ম]—বি. সাতনরী হার ।। [<সাত নাল+আ প্র.]।

শাত,পাড়,=[পা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি, শীঘ্র ।। [<শিতাব شتاب ফা. +পর (<উপর)]।

শাত,পাতি=[রং]—ঝিঙ্গে ।।

শাত,বাম্নি=[রং]—বি. সপ্তর্ষি ।। [<সপ্ত মুনি]।

শাত,ভাইয়া=[রা]—বি. পাখী বিশেষ ।।

শাত, ভায়,রা=[পা]—বি. সপ্তর্ষি মণ্ডল ।। [<সপ্ত+ভ্রাতৃক+রা বহু বচনে]।

শাত,লানো=[খু]—ক্রি. অল্প সিদ্ধ করা ।। [<সন্তলন]।

শাথানো=[ফ]—বিণ. ভেজা ।। [দেখ শাতা+নো প্র.]।

শাদা=[রং]—ক্রি. সংগ্রহ করা ।। [< সাঁদা (<সন্ধান)]।

২=[রং]—বি. ভিক্ষা পাত্র ।।

৩=[সি]—বি. পানে ব্যবহৃত তামাক ।। [<সাদহ ساده ফা.+আ প্র.]।

শাদাগর্=[রং]—বি. সওদাগর ।। শাদাগরের্ দোকান্ থেকে জুতা কিন্ছু। [<সওদাগর سوداگر ফা.]।

শাদাপানি=[রং]—বি. দুগ্ধ ।। শাদা পানি খেয়ে ছেরির্ প্যা,ট্ মোটা। [< সাদা (শ্বেত)+পানি]।

শাদামোডা=[চা]—বি. সাদা ও মোটা আমন ধান বিশেষ ।।

শাদি=[ম]—বি. খোরাক বিশেষ ।। [<সিধা (<সিদ্ধ)]।

২=[পা]—বি. সংকীর্ণ স্থান ।।

৩=[সি, নো]—বি. ঢোল ।। [<শাদী شادی ফা.=আনন্দ]।

শাদ্=[ম]—বি. গর্ভিনীর প্রিয় খাদ্য ।। [<সাধ]।

শাদ্দ=[রং]—বি. শক্তি ।। [<সাধ্য]।

শাদ্দি=[য]—বি. অনুরোধ ।।

শাদ্ দেওয়া=[সি]—ক্রি. সাহায্য করা ।। [<সাথ + দেওয়া]।

শাদ্নাশি=[রা]—বিণ. দুষ্টা (গালি অর্থে ব্যবহৃত) ।। [<স্বাদ বা সাধ+ নাশী]।

শাদ্বান্ দান্=[বা]—বি. ভাত ।। [< স্বাদ+বান প্র.+দানহ্ دانه ফা.]।

শাধিয়া=[বা]—ক্রি. বিণ. স্বেচ্ছায় ।। [<সাধিয়া]।

শাধ,না=[রা]—বি. সজিনা ।। [< সজিনা (<শোভাঞ্জন)]।

২=[রা]—বি. অভ্যাস ।। [<সাধনা]।

শানক্=[কু]—বি. মাটির বাসন ।। [দেখ শাংকি]।

শানথ,=[সি]—বি. বরতন থালা, বাসন ।। [দেখ শানক্]।

শানত, তোলা=[রা]—বি. যথেষ্ট শক্তি দেওয়া ।।

শানা=[রং, রা]—ক্রি. মাটি বা কোন কিছু মথিত করা ।। [ছানা]।

২=[পা]—বি. তাঁতের উপকরণ ।।

৩ =[রং]—বি. চাটনি ।। [দেখ শানা]।

৪=[রা]—বিণ. সিদ্ধ বা পোড়া ।। [পূর্বে দেখ]।

শানানি=[চট্ট]—বি. কোন কথা গ্রাহ্য না করা, ক্রোধ ।। [< শান+ আনি প্র.]।

শানি=[য]—বি. টুকরা টুকরা বিচালী বা খড় ।।

২ =[পা]—বি. এক প্রকার আমন ধান ।।

৩=[পা]—বি. কাশ, উলুছন ।। [<ছানি <ছাঁদ+নি]।

শানিগুড়,=[ফ]—বি. পাটালী গুড় ।।

শামুক্=[খু]—বি. মাটির তৈয়ারী বাসন ।। [দেখ শানক্] ।

শান্=[রং ঢা]—বি. অহঙ্কার, অভিমান ।। [<শান شان আং] ।

২=[খু]—বি. বাহার, সাজ ।। [পূর্বে দেখ ; অর্থ প্র.] ।

৩=[খু]—বি. সাড়া ।। [<সান <সংজ্ঞা] ।

৪=[ঢা]—বি. ব্যঞ্জন ।। আউয়্গো শানুডা খুব বালা ঐসে। [<সালন হিং] ।

শান্ করা=[য]—ক্রি. পাকা করা ।। [দেখ শান্$_1$+ করা] ।

শান্কাটি দেওয়া=[রা]—ক্রি. শাস্তি দেওয়া ।। [দেখ শান্$_1$+ কাটিয়া+ দেওয়া] ।

শান্কি=[রা]—বি. থালা বাসন ।। [দেখ শাংকি] ।

শান্কি চোঁর্=[ম]—বিণ. নিকৃষ্ট কাজ করিতে অভ্যস্ত ।। [দেখ শানুকি+ চোর ; বাগ্‌ধারা] ।

শান্টা=[দি]—ক্রি. সাট দেওয়া ।।

শান্ঠারাম্=[রা]—বিণ. স্বাস্থ্যবান ।। [<শান্তারাম (নাম বিশেষ)] ।

শান্ড=[সি]—বিণ. পাষণ্ড, গুণ্ডা ।। [<ষণ্ড সং] ।

শান্তর্=[পা]—বি. কেচ্ছা, রূপকথা ।। [<শাস্ত্র] ।

শান্তার্=[চট]—বি. লাইন ।।

শান্তি=[রা]—বি. শাক বিশেষ ।।

২=[রা]—বি. আত্মীয় (আদরার্থে) ।। [<শান্তি] ।

৩=[পা]—বি. এক প্রকার আগাছা ।।

শান্দা=[খু]—ক্রি. প্রবেশ করা ।। [<সান্ধান<সন্ধি+আন] ।

শান্দার্=[ম]—বি. বাদিয়া, বেদে ।।

শান্দানো=[ব]—ক্রি. প্রবেশ করা ।। [দেখ শান্দা] ।

শান্দি=[সি]—বি. বেড়ার ফাঁক, অন্তরাল ।।

শান্ধাম্=[খু]—ক্রি. খাওয়া ।। [দেখ শান্দানো ; অর্থ প্র.] ।

শান্নিক্ বাত্=[রা]—বি. সান্নিপাতিক জ্বর, বাতের রোগ বিশেষ ।। [<সান্নিপাতিক] ।

শান্ফুল্লু=[ফ]—বি. উপকার (করা) ।। [<সানুকূল্য] ।

শান্বাহার্=[খু]—বি. আদব কায়দা ।। [দেখ শান্$_2$+বহার بهار ফা.] ।

শান্মান্=[সি]—বি. বড়াই, অহংকার ।। [দেখ শান্+মান] ।

শান্সা ধান্=[ব]—বি. শালি ধান ।।

শাপট্=[পা]—বি. ঝড় ।। [<ঝাপট <ঝাপটা] ।

শাপন্=[য]—বি. চাষ করার উপকরণ বিশেষ ।।

২=[য]—বি. সাবান ।। [<সাবুন صابون আং] ।

শাপর্=[পা]—বি. পাঁজর ।। [< ছপ্পর হিং] ।

শাপল্=[রং]—বিণ. সার্থক ।। [< সফল] ।

শাপাট্=[রা]—বি. ঝড় ঝঞ্ঝা ।। [দেখ শাপট্] ।

শাপান্=[পা]—বি. সাবান ।। [দেখ শাপন্$_2$] ।

শাপি=[ঢা]—বি. উনান হইতে হাঁড়ি পাতিল নামাইবার ন্যাকড়া বিশেষ ।। [<সাফী صافی ফা.] ।

২=[কু]—বি. কাঁচি বা নিড়ানির হাতল সংলগ্ন গোলাকার লৌহ বলয় ।।

শাপি শাপ্=[কুম]—বি. শংখিনী সাপ ।। [<পা+ই প্র.+সাপ] ।

শাপুটিয়া=[ম]—ক্রি. বিণ. আঁকড়াইয়া ।। মায় পুতেরে শাপুটিয়া দর্সে । [<সাপট(<সর্পাবৃত্ত)+ইয়া প্র.] ।

শাপ্র্ শুপ্র্=[পা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ।। [ধ্বন্যা.] ।

শাপোট্=[কু]—বি. দমকা বা জোর বৃষ্টি ।। [দেখ শাপট্] ।

২=[য]—বি. আঘাত ।। [<চপট <চপেট সং] ।

শাপোন্=[খু]—বি. শাবল ।। [< শর্বলা] ।

শাপ্টা=[খু]—বি. একত্র করিবার যন্ত্র ।। [দেখ শাপুটিয়া ; সাপট+আ] ।

২=[রা]—বি. জলপট্টি ।।

৩=[রং]—ক্রি. বেষ্টিত করা ।। [দেখ শাপ্টা] ।

৪=[রা]—বি. ঝাঁটা ।। [দেখ শাপ্টা] ।

শাপ্টানো=[খু]—ক্রি. নিয়ন্ত্রণ করা ।। [দেখ শাপ্টা$_3$+নো প্র.] ।

শাপ্টু=[কু]—বি. হাতল, বাঁট ।। [দেখ শাপ্টা+উ প্র.] ।

শাপ্তালু=[চট]—বি. একপ্রকার ফল ।। [<শফ্তালো شفتالو ফা.] ।

শাপ্নিজরা=[রা]-বি. শাপের লেজের মত পাখা বিশেষ ।। [<সাপ+নি প্র. +জড়া=জড়ানো] ।

শাপ্শিনাপ্=[রা]—বিণ. যে অপরের নিন্দা করে ।। [<সাপ+নি=শঙ্খিনী (দুমুখো সাপ বিশেষ)+সাপ ; অর্থ প্র.] ।

শাপ্রা=[রা]—বি. ঝাঁটা ।। [দেখ শাপ্টা] ।

শাফ্=[কুম]—বি. যুক্তি, পরামর্শ ।।

শাফ্সি=[পা]—ক্রি. বিণ. কোন কিছু গোপন করা ।। [দেখ শাপুটিয়া] ।

শাফ্টা=[কুম]—বি. ধান একত্র করার উপকরণ বিশেষ ।। [দেখ শাপ্টা] ।

শাফ্লা=[কুম]—বি. জলজ গাছ বিশেষ ।। [তুং শাপলা] ।

শাফ্ শুত্রা=[কুম]—বিণ. পরিষ্কার পরিচ্ছন্ন ।। [<সাফ صاف আং+সুথরা হিং] ।

শাবক্=[কুম]—বি. বেশী বোঝা ।।

শাবা=[ঢা]—বিণ. পরিষ্কার ।। [দেখ শাফ্ শুতরা ; সাফ+আ প্র.] ।

শাবাইশ্=[সি]—অব্য. সাহস, হিম্মত ।। লোক্টার শাবাইশ্ আসে । [<শাবাশ شاباش ফা. ; শাদবাশ شادباش ফা. শব্দের সং. রূ.=আনন্দিত থাকো] ।

শাবাড়ে=[কু]—ক্রি. বিণ. মিশ্রিত ভাবে, ভালমন্দ ছোট বড় না বাছিয়া ।। [<সাবাড়+এ (বিভক্তি)] ।

শাবারে=[য]—ক্রি. বিণ. এক সঙ্গে ।। [দেখ শাবাড়ে] ।

শাবার্=[বা]—বিণ. সম্পন্ন ।। [দেখ শাবাড়ে] ।

২=[ফ]—বি. কয়েক জন অংশীদার মিলিয়া গঠিত প্রতিষ্ঠান ।। [সাবাড়; দেখ শাবারে] ।

শাবাল্=[কুম]—বি. ধার দেওয়া ।।

শাবিক্কে=[বা]-ক্রি. বিণ. অপেক্ষায় ।। [<সাপেক্ষে] ।

শাবুদ=[ঢা]—বিণ. সাক্ষী, প্রমাণ ।। [<সবুত ثبوت আং] ।

২=[চট্]—ক্রি. বিণ. শায়েস্তা (করা) ।। [পূর্বে দেখ] ।

শাবুন্=[পা]—বি. সাবান ।। [দেখ শাপন্$_{2}$] ।

শাবুরি=[রং]-বি. ধৈর্যশীলতা, ধীরতা ।। [<সবর صبر আং+ই প্র.] ।

শাবুর্=[রা]—বি. তৃপ্তি, সহনশীলতা, সন্তুষ্টি ।। [শাবুরি দেখ] ।

২=[ঢা]—বিণ. শান্তশিষ্ট ।। [দেখ শাবুরি] ।

শাবোট্=[রা]—বি. ঝড় ।। শাবোটে বেবাক্ আম্গুলো পড়ে গেল্ । [দেখ শাপট্] ।

শাব্=[রা]—বি. এক প্রকার পাট ।।

শাব্ডা=[য]—বি. ধান জড় করিবার উপকরণ বিশেষ ।। [দেখ শাপ্টা] ।

শাব্ড়া=[চট্]—বিণ. যে হাঁড়ি হইতে চুরি করিয়া খায় ।।

শাব্দাল্=[ঢা]-বি. সাদা পাট বিশেষ ।। [দেখ শাব্] ।

শাব্না=[পা]—বি. মুড়ি ভাজার পাত্র ।।

শাব্বাস্ত=[পা]—ক্রি. বিণ. যত্ন পূর্বক ।। [<সাব্যস্ত (<সাবিত ثابت আং)] ।

শাব্রি=[ঢা]-বি. সাদা পাট বিশেষ ।। [দেখ শাব্] ।

শামলা=[ব]—বি. <শেফালিকা ।।

শামল্=[পা]—বি. ভাল খানা ।।

শামা=[পা, খু,]—বি· ঘাস বিশেষ ।।

২=[রং]—বি. ঢেঁকির মাথায় ব্যবহৃত লোহার বেড়ি বা বলয় ।। [<শম্ব সং] ।

৩=[সি]—বি. নিতম্ব ।।

৪=[রং]—বি. দাগ, চিহ্ন ।। [< শ্যামা] ।

৫=[খু]—বি. ঘামের ফলে জামাতে পতিত দাগ, চিতি ।। [দেখ শামা$_{4}$] ।

৬=[রা]—বি. গাছ বিশেষ ।।

শামাই=[ম,ফ]—বি. বরদাস্ত, সহ্য ।।

২=[কুম,ফ]--ক্রি. বিণ. স্থান, সঙ্কুলান (হওয়া) । [পূর্বে দেখ] ।

শামাই খাওয়া=[কুম]—ক্রি. মিশিয়া যাওয়া ।। [দেখ শামাই+খাওয়া] ।

শামাই দেওয়া=[পা]—ক্রি. কোন কিছু গোপন করা ।। [দেখ শামাই+দেওয়া] ।

শামাই হওয়া=[ঢা]—ক্রি. জায়গা হওয়া ।। [দেখ শামাই$_{2}$+হওয়া] ।

শামাযি=[খু, ফ]—বি. অগ্রভাগে ছিদ্র ওয়ালা লৌহ শলাকা ।। [শাম্বী ম. বাং+জি প্র.] ।

শামাতি=[পা]—বি. ঘরামির অস্ত্র বিশেষ ।।

শামানো=[কু]—ক্রি. ঢুকানো ।। [<সামানো <সম্ভবন সং ; তুঃ সমানা হিং] ।

শামান্=[ব]-বি. গাইয়ের স্তন, ওলান ।।

শামার্=[রা]—বি. ওলান, গরুর স্তন ।। [দেখ শামান্] ।

শামাল্=[ব]—বি. গরু ছাগলের স্তন, বাঁট ।। [দেখ শামার্] ।

শামি=[খু, ফ]—বি. দা বা কাঁচিতে হাতল লাগাইবার জন্য ব্যবহৃত লোহার বেড়ি ।। [দেখ শামা$_{2}$; শাম্বী ম. বাং] ।

শামু=[রা]—ক্রি. বিণ. সোজা ।। [< সম্মুখ] ।

শামুই=[দি]—ক্রি. বিণ. সম্মুখে ।। [দেখ শামু+ই] ।

শামুইট্যা=[কুম]—ক্রি. বিণ. ধৈর্য ধরিয়া, গোপন করিয়া, না বলিয়া ।। [<সামটিয়া ; তুঃ সিমট্না হিং] ।

শামুকাল্=[ব]—বি. এক শ্রেণীর পাখী ।।

শামুক্কুড়া=[রং]—বি. পাখী বিশেষ ।।

শামুদে=[খু]—বিণ. সমস্ত ।। [< সমুদয়] ।

শাম্=[ম]—বিণ. অতিরিক্ত ।।

২=[চট্]—বি. খেলার জুটি বা সাথী ।। হের্ হমান্যা শাম্ এই গেরামে আসে । [<সঙ্গ] ।

৩=[ঢা]—বি. সন্ধ্যা ।। [<শাম شام ফা.] ।

৪=[ফ]—বি. একপ্রকার গামছা ।।

৫=[পা]—বি. শ্যাম, কৃষ্ণ ।। [< শ্যাম] ।

৬=[কুম]—বি. রাত্রি শেষের দিক ।। [দেখ শাম্$_{3}$] ।

শাম্ কেচ্‌ঁচা=[ম]--বি. পাখী বিশেষ ।। [<শামুক কেঁচা] ।

শাম্কু=[পা]—বিণ. ক্ষীনদেহী (ব্যাঙ্গার্থে) ।। [<শঙ্কু] ।

শাম্চুর্=[ম]—বিণ. চৌচির ।। [দেখ শাংচুর] ।

শাম্টা=[রং]—বি. জঞ্জাল, আবর্জনা ।। [দেখ শাপ্টা ; অর্থ প্র.] ।

২=[রা]—বি. খড়ের তৈরী ঝাড়ু বিশেষ ।। [দেখ শাপ্টা$_{4}$] ।

৩=[রং]—বিণ. স্যাঁতস্যাঁতে ।।

শাম্টানো=[রং]—ক্রি. পরিষ্কার করা ।। ঘর্ খান্ শাম্টাক্ । [দেখ শামুইট্যা] ।

শাম্ট্যান্=[পা]—ক্রি. গোগ্রাসে গিলা ।। [দেখ শাম্টানো ; অর্থ প্র.] ।

শাম্দোয়্=[খু]—বিণ. সমস্ত ।। [< সমুদয়] ।

শাম্না=[কুম]—বি. শ্বাশুড়ী ।। [দেখ শাইন্ শাব্] ।

শাম্নি=[কুম, নো]—বি. শ্বাশুড়ী ।। [দেখ শাম্না] ।

শাম্নিযি=[নো]—বি. শ্বাশুড়ী ।। [দেখ শাম্নি+জি] ।

শাম্পু করা=[ঢা]—ক্রি. ক্ষতি করা, শাস্তি দেওয়া ।।

শাম্রশ্=[ম]—বি. আমন ধান বিশেষ ।।

শাম্লশ্=[রা]—বি. কোন স্বার্থ সিদ্ধির আশায় আনা গোনা ।।

শাম্‌লা আপন্‌=[কুম]—বি. বিপদের সময়, সংকট কাল ॥ [<সামলাও (<সামলানো)+আপন (নিজকে)]।

শাম্‌শুম্‌=[পা]—বি. নিস্তব্ধ ॥ [সুন সান্‌ হিং]।

শায়ন্‌=[চট]—বি. শ্রাবন ॥ [< শ্রাবন]।

শায়ারি=[পা]—বি. পালকী ॥ [< সবারী سواری ফা.]।

শায়া=[খু]—বি. গরু ॥

২=[রা]—বি. স্ত্রী জননেন্দ্রিয় ॥

শায়ান্‌=[য]—বি. স্মরণ ॥ [< সজ্ঞান]।

শায়ান্যা=[ম]—বিণ. শ্রাবণ মাসের ॥ [দেখ শায়ন্‌+ইয়া প্র.]।

শায়ালে=[য]—ক্রি. বিণ. সকালে ॥ [<সকাল+এ (বিভক্তি)]।

শায়ুন্‌ মাশ্‌=[পা]—বি. শ্রাবণ মাস ॥ [দেখ শায়ন্‌+মাস]।

শায়েক্‌=[চট]—বিণ. ইচ্ছুক ॥ [< শাইক شائق আং]।

শায়েন্‌=[খু]—ক্রি. বিণ. জ্ঞান ॥ [<সজ্ঞান]।

শায়্‌=[খু]—অব্য. ব্যতীত ॥ [দেখ শয়ে]।

২=[রং]—বি. অভিপ্রায়, ইচ্ছা ॥ [<সায়]।

৩=[খু]—বি. পক্ষে ॥ [দেখ শায়্‌২]।

শায়্‌দিশ্‌=[ঢা]—বি. সাঁইত্রিশ ॥ [সাঁইত্রিশ<সপ্ত ত্রিংশৎ সং]।

শায়্‌ দেওয়া=[ঢা]—ক্রি. সম্মতি দেওয়া, সাড়া দেওয়া ॥ [দেখ শায়্‌২+দেওয়া]।

শায়্‌পুরা=[কুম]—ক্রি. শায় দেওয়া, রাজী হওয়া ॥ [দেখ শায়্‌১+√পুর (<পূণ)+আ]।

শায়্‌শুই=[রা]—বি. খারাপ বুদ্ধি ॥ [অনু.]।

শায়্‌শুন্দার্‌=[সি]—ক্রি. বিণ. সুন্দর ভাবে ॥ [<সর্ব কিংবা<সায় (অনু:) +সুন্দর]।

শারক্‌=[কুম]—বি. পায়খানা ॥ আংগ বারিত্‌ শারক্‌ আসে।

২=[পা]—বি. শালিক পাখী ॥ [<সারিকা]।

৩=[প, রা]—বি. চালে ব্যবহৃত বাঁশের অংশ ॥

৪=[ম]—বি. চেয়ারের হাতল সংলগ্ন কাঠ ॥

শারগ্‌=[সি]—বি. ধমনী ॥ [<শাহ রগ شاهرگ ফা.]।

শারন্‌=[কুম]—বি. সুবিধা ॥

শারন্‌ত=[বা]—বিণ. হৃষ্টপুষ্ট ॥ [<সার+অন্ত প্র.]।

শারা=[রা, রং]—বি. এক প্রকার মাটির পাত্র ॥ [<শরা <শরাব সং]।

২=[ব]—ক্রি. হৃষ্টপুষ্ট হওয়া ॥ [<সারা]।

শারাংদি=[খু]—বি. পৌষ মাসের শেষ দিন ॥ [<সংক্রান্তি]।

শারাগত্‌=[য]—বি. শরীরের হাল-চাল ॥ [<শরীরগত]।

শারান্‌=[ফ]—বিণ. খাঁটি, উৎকৃষ্ট ॥ [<সারবান]।

শারাশারি=[খু]—বি. লুকানোর জন্য পরামর্শ ॥ [<সাড়া+সাড়ি]।

শারি=[চট, খু]—বি. দলবদ্ধ হইয়া সমস্বরে গীত গান ॥ [<সারি]।

২=[রা]—বিণ. সারযুক্ত ॥ [<সার +ই প্র.]।

শারিংগে=[রা]—বিণ. খাড়া, লম্বা ॥ [দেখ শরিংগে]।

শারিন্‌দা=[ফ, ঢা]—বি. এক প্রকার বাদ্যযন্ত্র ॥ [<সারঙ্গী]।

শারিপাটি=[রা]—ক্রি. বিণ. সাধুভাবে (বসা) ॥

শারিশুয়া=[রা]—বি. অবাঞ্ছিত উপস্থিতি ॥

শারু=[রং]—বি. শালিক ॥ [< শালিক]।

শারেদিন্‌=[ঢা]—ক্রি. বিণ, সারা দিন ॥ [<সারা দিন]।

শারেবাইশ=[খু]—ক্রি. বিণ. পগার পার ॥ [দেখ শাড়ে বাইশ্‌]।

শারো=[সি]—বি. কবুতরের মত এক প্রকার পাখী ॥ [দেখ শারু]।

২=[পা]—বি. ইলশে গুঁড়ি ॥ শারো করিলে গরের্‌ বাহির্‌ হওয়া কশ্‌ট। [<সরু]।

শারোক্‌=[রা]—বি. ক্ষুদ্র অগ্রভাগ বাঁশের গোঁজ বিশেষ ॥ [< সরু+ক প্র.]।

২=[পা, বা]—বি. পাখী বিশেষ, শালিক ॥ [দেখ শারু]।

শারোল্‌=[খু]—বি. উর্বরতা ॥ [< সার+উল প্র.]।

২=[রং]—বি. ভাল চাল বিশেষ ॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

শার্‌=[পা]—বি. কাঁঠালের কোষ ॥ [<সার]।

শার্‌কেল্‌=[খু]—বি. এক প্রকার বন্য জন্তু ॥

শার্‌গন্‌ আলু=[কুম]—বি. মিঠা আলু বিশেষ ॥

শার্‌গর্‌=[চট]—বি. সাগর ॥ [< সাগর]।

শার্‌গি=[রা]—বি. শালিক পাখী ॥ [দেখ শারু]।

শার্‌চন্দন্‌=[রং]—বি. শ্বেত চন্দন ॥ [<সার+চন্দন (কাঠ বিশেষ)]।

শার্‌দেওয়াল=[বা]—বি. বসত বাটির চতুর্দিগস্থ উচ্চ পাকা দেওয়াল ॥ [< সার<সারি+দেবার دیوار ফা.]।

শার্‌পবন্‌=[পা]—বি. সাড়াশব্দ ॥ [<সাড় (<সংজ্ঞা) + পবন]।

২=[ফ]—বি. বুদ্ধি ॥ [অর্থ প্র.]।

শার্‌পাটা=[রা]—বি. আখ কাটার মজুর ॥

শার্‌পাই=[বা]—বি. ধান জড়ো করিবার যন্ত্র বিশেষ ॥

শার্‌শার্‌=[পা]—ক্রি. বিণ. তাড়া-তাড়ি ॥ [অনু.]।

শালি=[য]—বি. ক্ষুদ্র শলাকা ॥ [<শলা + ই প্র. (ক্ষুদ্রার্থে)]।

শালিনা=[ব]—বি. আমন ধান বিশেষ ॥

শালিম্=] পা]—বি. আস্ত, পুর্ণ ॥

শালুন্=[বা]—বি. তরকারী ॥ [দেখ শান্$_৩$]।

শালুন্ খাইকা=[ম]—বি. হলুদ ॥ [দেখ শালুন্ +√খা + ইকা প্র.]।

শালুয়াতি=[বা]—বি. প্রশ্রয়, অহে-তুক সহানুভূতি ॥ [< ছাওয়াল (< শাবক সং + আল)+আতি প্র.]।

শালেয়া=[রং]—বি. ছোট ইঁদুর ॥

শালেযোয়ান্=[চা]—বিণ. খুব বলবান ॥ [শাল+জুয়ান جوان ফা.]।

শাল্=[রং]—বি. এক প্রকার মাছ, গজার ॥

শাল্কুড়ে=[রা]—বি. গালি বিশেষ ॥

শাল্কে=[কু]—বি. পাচনের হাতল ॥

শাল্টি=[নো]—বিণ. শালবৃক্ষের ন্যায় মজবুত ॥ [<শাল+টি প্র.]।

২=[সি]—বি. সার্টিফিকেট যোগ্যতা, পত্র ॥ [<সার্টিফিকেট certificate ইং]।

শাল্টি কাঠ্=[পা]—বি. সেগুন কাঠ ॥ [দেখ শাল্টি+কাঠ]।

শাল্টিন্=[রা]—বি. বালতি ॥ [< balde পোর্তু.]।

২=[চা]—বিণ. বলবান ॥ [দেখ শাল্টি+ন]।

শাল্টিহট্=[চা]—বি. সার্টিফিকেট ॥ [দেখ শাল্টি$_২$]।

শাল্ঠে=[খু]—বিণ. অসিদ্ধ, দুষ্পাচ্য ॥ [দেখ শাল্টি; অর্থ প্র.]।

শাল্ডি কাঠ্=[চা]—বি. শাল কাঠ ॥ [দেখ শাল্টি কাঠ্]।

শাল্ডি বোড্=[চট্ট]—বি. সার্টিফি-কেট ॥ [দেখ শাল্টি$_২$]।

শাল্ দেওয়া=[বা]—ক্রি. হুল ফুটানো ॥ [<শাল (<শলাকা)+দেওয়া]।

শাল্না=[রা]—বি. শাদা সুগন্ধি ধান বিশেষ ॥

শাল্পত্=[সি]—বি. শ্যালক সন্তান বা কন্যা ॥ [শ্যালক পুত্র]।

শাল্পনি=[ব]—বি. আমন ধান বিশেষ ॥

শাল্ পাইত্=[রং]-বি. ছোট ভায়রা ॥ [<শ্যালিকা পতি]।

শাল্বান্=[রা]—বি. মাটির ভিতর বাসকারী মাছ বিশেষ ॥

শাল্মাছ্=[রং]—বিং শোল জাতীয় মাছ বিশেষ ॥

শাল্ল=[য]—বিণ. টাটকা, ভালো ॥ [দেখ শারোল্$_১$]।

শাল্লাদ্=[কু]—বি. বকুনী ॥

২=[চা]—বি. আহলাদ ॥ [পূর্বে দেখ]।

শালা পরামিশ্=[সি]—বি. যুক্তি ॥ [দেখ শল্লা বল্লা; সলাহ صلاح আং+পরামর্শ]।

শাল্লিশ্=[কুম]—বি. মধ্য ॥ [< সালিস ثالث আং=তৃতীয় (পক্ষ)]।

শাল্লো=[খু]—বিণ সম্পূর্ণ, পরি-পুষ্ট ॥

২=[কুম]—বিণ. টাটকা (শাক ইত্যাদি)।

শাশি=[সি]—বি. শ্বাসনালী ॥ [< শাস+ই প্র.]।

শাশিত্=[কুম]—বিণ. খুব বড় ॥

শাশিত্ করা=[পা]-ক্রি. শাসন করা ॥ [<শাসিত+করা]।

শাশিদ্=[পা]—বি. শাসন ॥ [দেখ শাশিত্ করা]।

শাশিন্দা=[নো]—বি. তরকারী বিশেষ ॥

শাশুর্=[রং]—বি.<শ্বাশুড়ী ॥

শাশ্=[রং]—বি.<শস্য ॥

শাশ্ করা=[সি]—ক্রি. শান্ত করা ॥ [<শাঁত<শান্ত+করা]।

শাশ্কর্ মুগি=[ব]—বি. আমন ধান বিশেষ ॥

শাস্তরি=[সি]—বিণ. নামকা ওয়াস্তে ॥ [<শাস্ত্র+ই প্র.; শাস্ত্র রক্ষার্থে, নিয়ম রক্ষার্থে]।

শাস্তর্=[বা]—বি. প্রবাদ ॥ [< শাস্ত্র]।

শাস্তিরিক্=[কুম]--বিণ. কবিরাজী ॥ [<শাস্ত্রিক]।

শাস্তে বালাই=[রা]--বি. অনাবশ্যক দ্রব্য ॥

শাহাত্=[ম]—বিণ. সস্তা ॥

শাহান্=[রা]—বি. পাকা মেঝে ॥ [<সহন صحن আং]।

শাহাবিনি=[সি, ম]—বি. শ্বাশুড়ী ॥ [<সাহিব صاحب সাং+আনী স্ত্রী প্র.]।

শাহার্=[বা]—বি. ঝাঁটা ॥

২=[বা]—বি. <সার ॥

শাহিদার্=[কুম]—বি. খাদিমদার ॥ [দেখ শাকিদার্]।

শাহিম্=[বা]—বি. সীমা ॥ [দেখ শাকিম্]।

শাহুক্=[খু]—বি. মেটে বাসন ॥ [< সহ্নক صحنک ফা.; দেখ শাংকি]।

শাহেবানা=[কুম, ম]—বি. পরদা, শামিয়ানা ॥ [<সাইবান سایبان ফা.]।

শাহেমানি=[ব]—বিণ. স্বান্ত, কুলিন ॥ [<সাহিব صاحب আং+অ নি প্র.]।

শাহের্ পেঁজা=[রা]—বি. ধানের নাম বিশেষ ॥

শাহৈন্=[রা]—বি. সখী ॥ [<সখা +ন]।

শাহো=[ব]—বি. সাঁকো (বাঁশ নির্মিত) ॥ [<সাঁকো (<সঙ্কম সং)]।

শাহোকচ্‌চি=[রা]—বি. লোক দেখানো বড় মানুষিপনা ॥ [<সাহ<সাধু—কার্য+ই]।

শাহ্‌না=[কুম]—বি. সর্দার ॥ [< শাহানহ شاهانه ফা.]।

শাহ্‌মাংদার্=[পা]—বি. জোয়ান ॥ [<জনৈক প্রসিদ্ধ পীরের নাম; অর্থ প্র.]।

শাহ্‌রান্=[ক]—বি. সংক্রান্তি, মাসের শেষ দিন ॥ আয্ শাওন্ মাশের্ শাহ্রান্। [<সংক্রান্তি]।

শাহ্‌শাম্=[কুম]—বি. শরীকানা, সমকক্ষতা ॥

শিউন্=[চট্ট]—বি. শ্রাবন মাস ॥ [< শাওন <শ্রাবন]।

শিউলি=[য]—বি. বিবাহের যৌতুক, আত্মীয় স্বজনের দেওয়া যৌতুক ॥ ২=[য]—বি. যে খেজুরের গুড় তৈয়ার করে ॥ [<সিউলি]।

শিওর্=[খু, ব]—বি. শিথান, শয়নের সময় শির স্থাপনের স্থান ॥ [<শিয়র <শিখর সং]।

শিং=[ফ]—বি. নাকের ময়লা ॥ [< শিঙনি <শিঙ্ঘান সং]।

শিং কাটা=[পা]—ক্রি. সিঁদ কাটা ॥ [<সিঁদ <সন্ধি সং+কাটা]।

শিংকাঠি=[খু]—বি. সিঁধকাঠি ॥ [দেখ শিং কাটা ; সিদ+কাঠি]।

শিংগড়=[দি, রা]—বি. পানি ফল ॥ [<শিঙ্গারা <শৃঙ্গাটক সং]।

শিংগল্=[দি, রা]—বি. সর্দি ॥ এমন্ শিংগল্ নাইগাছে। [দেখ শিং]।

শিংগা=[রা]—বি. পাটকাঠি, পাট খড়ি ॥

শিংগাদান্=[চা]—বি. প্রসাধন টেবিল ॥ [<শৃঙ্গার সং+দান دان ফা.]।

শিংগা দেওয়া=[চা]—ক্রি. মুখে চোষা ॥

শিংগারা=[ম]—বি. পানি ফল ॥ [দেখ শিংগড়]।

শিংগার্=[পা]—বি. প্রসাধন, সাজ-সজ্জা ॥ [দেখ শিংগা দান্]।

শিংগাল্=[বা]—বি. নাকের শ্লেষ্মা ॥ [দেখ শিং]।

শিংগা লাগানি=[দি]-ক্রি. বি. বেদেনি-দের দ্বারা শরীর হইতে দূষিত রক্ত বাহির করা ॥ [<শৃঙ্গ+√ লাগ+আনি প্র.]।

শিংগাশোন্=[চা]—বি. সিংহাসন ॥ [<সিংহাসন]।

শিংগি=[ম]—বি.<সিংহ ॥

শিংগুট্=[রা]—বি. পাটকাঠি বা পাট শোলা ॥

শিংগুনে=[পা]—বি. সিলাই (করা) ॥ [দেখ শিঁয়েনো]।

শিংগুসি=[নো]—বি. এক প্রকার ধান ॥

শিংগের্ চোর্=[রং]—বিণ. সিঁধেল চোর ॥ [দেখ শিংকাটা]।

শিংগৈল্=[দি]—বি. নাকের শ্লেষ্মা ॥ [দেখ শিং]।

শিংচাঁ=[ম]—বি. তিন কাঁটা যুক্ত বনজ ফল বিশেষ ॥

শিংঘত্তা=[চা]-বি. এক জাতীয় ঔষধের গাছ ॥

শিংঘা=[চট্ট]—বি. পাট খড়ি ॥

শিংটা=[পা]—বি. পাট খড়ি ॥

শিংটাস্যা=[রা]—বিণ. হিংসুক ॥

শিংটি=[ফ]—বি. পাট খড়ি ॥

শিংটে=[রং]—বি. পাট খড়ি ॥

শিংড়াদল্ কচু=[কু]—বি. আমন ধান বিশেষ ॥

শিংড়ানি=[ব]—বি. যে নারী বিয়ের কন্যা সাজায় ॥ [<শৃঙ্গার+নি প্র.]।

শিংড়ানো=[ব]—বি. বিয়ের কনে সাজানো ॥ [<শৃঙ্গার সং+আনো প্র. ; নামধাতু]।

শিং দেওয়া=[খু]—ক্রি. সিঁদ কাটা ॥ [দেখ শিং কাটা]।

শিংনাদ্=[রং]—বি. শিঙ্গাধ্বনি ॥ [<শৃঙ্গনাদ]।

শিংনি=[রং]—বি. নাকের ময়লা ॥ [দেখ শিং]।

শিংরা=[রা]—বি. তেলে জলে মালিশ করিয়া পরিপাটি হওয়া ॥ [দেখ শিংড়ানো]।

শিংরি=[রং]—অস. ক্রি. শিহরিয়া ॥ [<শিহরিয়া]।

শিংরুনে=[পা]—ক্রি. বিণ. খুব জোরে (ডাকা) ॥

শিংরিনো=[কু]—ক্রি. সাজা, সাজগোছ করা ॥ [দেখ শিংড়ানো]।

শিংশিং=[ব]—বি. ঈর্ষা ঈর্ষা ভাব ॥ অতো শিং শিং করিশ্ ক্যারে ? [অনু.]।

শিঁটি=[রা]—বি. তামাকের নীচে কলকির ভিতরে দেয় গোলাকার মাটির গুলি ॥

শিঁপল্=[ব]—বি. শিমুল ॥ [< শিমুল(শিম্বলী বৈদিক)]।

শিঁপা=[দি]—বি. শিকড় ॥ [< শিফা সং]।

শিঁয়েনো=[চট্ট]—ক্রি. সেলাই করা ॥ [<সিঁআ(<সীবন সং)+নো প্র.]।

শিঁয়ৈ=[রা]—বি. সেমাই ॥ ইদে শিঁয়ৈ মিয়ৈ না হলে হয় ? [<সেমাই (<সেবিকা সং)]।

শিঁকরা=[রা]-ক্রি. ছোট ছেলেমেয়েদের মূত্র ত্যাগ করা ॥ [<শি (ধ্বন্যা.)+ করা]।

শিকর=[সি]—বি. পোড়ামাটি ॥

শিকাই=[রং]—বি. কোমরের তাগা, ছোট বাদ্য যন্ত্র বিশেষ ॥

শিকান্=[ব]—বি. নাকের শ্লেষ্মা ॥ [দেখ শিং]।

শিকিট্=[খু]—বিণ. রাগান্বিত ॥

শিকিম্ করিয়া=[রং]—অস. ক্রি. শক্ত করিয়া ॥ শিকিম্ করিয়া ধরেক্।

শিকিয়া=[রং]—বি. শিকা, পাটের তৈরী পাত্রাদি রাখার উপকরণ ॥ [< শিক্য সং]।

শিকিস=[ব]—বিণ. বড়, শক্ত, সমর্থ ॥ [<শখ্স شخص আং]।

শিকৈ=[দি]—বি. কোমরের শিকলি ॥ [<শিকল<শৃঙ্খল সং]।

শিক্=[রং]—ক্রি. বিণ. শক্ত ॥ [< সীখ سیخ ফা.]।

শিকচাঁরা=[কুম]—বি. মাটির ভাংগা পাতিলের টুকরা ॥

শিক্টা=[ব]-বি. সর্দি ॥ [দেখ শিং]।

শিক্টানা=[ব]—ক্রি. বিণ. ঠাণ্ডায় শক্তো হওয়া ॥ [দেখ শিক্+টানা]।

শিকৃটি=[রং]—বি. বাঁশের কঞ্চি ॥

শিকুটে=[চট্ট]—বিণ. শক্ত ॥ [দেখ শিক্+টে প্র.]।

শিকুট্যা=[রা]—বিণ. জীর্ণশীর্ণ ॥ [দেখ শিক্‌টে]।

শিক্‌দার্=[রা]—ক্রি. বিণ. এক ঠাঁই দাঁড়াইয়া থাকার অবস্থা ॥ [দেখ শিক্ +দাঁড়া]।

শিক্ নাগা=[রং]—ক্রি. শক্ত হওয়া ॥ [দেখ শিক্+লাগা]।

শিক্‌মা=[রং]--বি. খাসির নাড়িভুঁড়ি ॥ [<শিকম্ شکم ফা.+আ]।

শিক্‌মাইন্=[চট্ট]--বি. রোগা লোক ॥ [<সিক্‌ম্যান্ sickman ইং]।

শিক্‌রা=[পা]—বিণ. শীর্ণ ॥ [< শিকড়+আ প্র.]।

শিক্‌রাইয়া=[ঢা]—ক্রি. বিণ. ক্রোধ ভরে ॥ [< চিকরা<চিৎকার+ইয়া প্র.]।

শিক্‌রাবায্=[পা]—বি. ছোট বাজ পাখী ॥ [শিক্‌রহ্ شکره ফা.+বায باز ফা.]।

শিক্ লাগা=[রং]--ক্রি. সটান হওয়া ॥ [দেখ শিক্‌নাগা]।

শিখন্‌ডি=[চট্ট]—বি. পানিফল ॥ [দেখ শিংগড়]।

শিখ্‌কে=[খু]—বি. চৈতন্য ॥ [< শিক্ষা]।

শিগান্=[রা]—বি. নাকের শ্লেষ্মা ॥ [দেখ শিং]।

শিগির্=[পা]—ক্রি. বিণ.<শীঘ্র ॥

শিগ্‌লা=[ফ]—বি. শিংমাছ ধরিবার চাঁই ॥ [<শিঙ্গি+না]।

শিজিল্=[রা]—বি. তোষামদ ॥

শিযান্=[বা]—ক্রি. বিণ. সিদ্ধ হওয়া ॥ [<সিঝ্<সিজ্‌ঝই প্রাং<সিধ্যতে সং +আন প্র. ; নামধাতু]।

শিযাল্=[ঢা]—ক্রি. বিণ. ঠিক, মার পিট দিয়া শিক্ষা ॥ [<সিজিলুল سجل আং ; অর্থ প্র.]।

২=[ম]—বি. ব্যবস্থা ॥ [পূর্বে দেখ]।

শিযিল্‌মিশিল্=[ঢা]—ক্রি. বিণ. সাজাইয়া গুছাইয়া ॥ [দেখ শিযিল্+ মিসল مسل আং]।

শিযেন্=[ম]—বিণ. সিদ্ধ ॥ [দেখ-.শিযান্]।

শিটা=[রা]—বি. একপ্রকার ধানের নাম ॥

শিটে=[খু]—বি. তলানি ॥ [<শিট <শিষ্ট (অবশিষ্ট)+এ]।

২=[রা]—ক্রি. বিণ. সেখানে ॥ [<সে+ঠাঁই]।

শিট্‌কি=[রা]—ক্রি. বিণ. বেহুশ ॥ [দেখ শিক্‌টে]।

শিট্‌কি গাস্=[পা]—বি. এক প্রকার গুল্ম ॥

শিট্‌কুনে=[খু]--বিণ. মুখ ভ্যাংচায় যে ॥ [<সিটকান+এ প্র.]।

শিট্‌কে=[কু,পা,রা,খু,য,ফ]—ক্রি. বিণ. আড়ষ্ট, শক্ত ॥ [দেখ শিক্‌টে]।

শিট্‌কেন্=[খু]—ক্রি. বি. হাসা ॥

শিট্‌ক্যান্=[রা]--ক্রি. ঘৃনা করা ॥ [<সিটকান]।

শিতন্=[চট্ট]—বি. শ্রাবন মাস ॥ [< [<শ্রাবন]।

শিতানি=[খু]—বি. বালিশ ॥ [< শিথান (<শির স্থান)+ই প্র.]।

শিতান্=[রা]—বি. শিয়র ॥ শিতানের্ বালিশ্ আন্। [দেখ শিতানি]।

শিতাবি=[ম]—ক্রি. বিণ. তৎক্ষনাৎ, বিলম্ব না করিয়া ॥ [<শিতাব شتاب ফা.+ই]।

শিতি=[ম]—বি. অলংকার বিশেষ ॥ [<সিঁথি (<সীমন্ত সং)]।

২=[রং]—ক্রি. বিণ. সেদিকে ॥ মুইত শিতির্ জাবার্ নি। [<সে+দিক]।

শিতিয়ার্ দান্=[কুম]—বি. এক প্রকার ধান ॥

শিতেন্=[পা]—বি. মাথার দিক ॥ [দেখ শিতান্]।

শিতিপাটি=[খু]–বি. মেয়েদের মাথায় ব্যবহৃত গহনা ॥ [দেখ শিতি+পাট +ই প্র.]।

শিতেলা=[খু]—বিণ. গালি বিশেষ ॥

শিতেল্‌শা=[য]—ক্রি. বিণ. শুকাইয়া মরার মত হওয়া ॥

শিত্=[পা]—বি. শ্লেষ্মা ॥ তোমার্ নাকের্ শিত্ ফেইলা আও। [শ্বন্যা.]।

শিত্‌তি=[রা]--বি. শীত ॥ [<শীত +ই প্র.]।

শিত্‌লা=[সি]—বি. বসন্ত রোগ ॥ এবার্ শিত্‌লায় বৌত্ মানু মৈরা গেল্। [<শীতলা]।

শিত্‌লাকুলা=[চট্ট]—বি বসন্ত রোগের হাত হইতে অব্যহতি পাওয়ার জন্য মানত ॥

শিত্‌লে=[খু]—বিণ. সঁ্যাতসাঁ্যাতে ॥ [<শিত্ (<সিক্ত)+লে প্র]।

শিথান্=[রা]—বি. বালিশ ॥ শিথান্ দিয়া ঘুমাইতে হয়্। [দেখ শিতেন্]।

শিদল্=[রং]—বি. শুকটি মাছ ও কচুর পাতা মিশাইয়া রাঁধা এক প্রকার তরকারী ॥

২=[রা]—বি. ছ্যাতলা, ময়লা ॥ [ছাতা (<ছত্রাক)+ল প্র.]।

শিদা=[কুম, চট্ট, ব]—বি. অতিথিকে সাহায্য হিসাবে বা মজুরকে মজুরি হিসাবে দেওয়া চাউল ॥ [<সিধা]।

২=[সি]—বিণ. সোজা ॥ [<সিধা (<শুদ্ধ সং); তুং সীধা হিং]।

শিদা বাও=[ঢা]—বি. মন প্রতি চল্লিশ টাকা বা সের প্রতি এক টাকা অথবা প্রত্যেকটি এক টাকা দর ॥ [দেখ শিদা$_1$+ভাও হিং]।

শিদাবিদা=[সি]–বিণ. সরল, অল্প বুদ্ধি ॥ [দেখ শিদা$_2$+বিদা (অনুঃ)]।

শিদিল্=[রং]—বিণ. সফল ॥ দেখ শিযিল্]।

শিদিল্‌বিদিল্=[রং]—বি. কুল কিনারা। কৈ আমার্ কোনু শিদিল্ বিদিল্ হলো না তো? [দেখ শিযিল্ মিশিল্]।

শিদে=[ফ]—বি. সোজা ॥ [দেখ শিদা$_2$]।

শিদ্যা=[ফ]--বি. সোজা সামনের দিক, সম্মুখ ॥ [দেখ শিদা$_2$]।

শিদোল্=[রং, দি]—বি. শুটকি ও কচুর ডগা গুড়া করিয়া রোদে শুকাইয়া তৈরী ছোট ছোট গোলাকার বড়া ॥ [দেখ শিদল্]।
শিদ্দদি=[রা]—বি. মিনতি॥ এত শিদ্দদি করনু কথা শুনলে না। [<সাধাসাধি]।
শিদনে=[খু]—ক্রি. বিণ. সেদিন ॥ শিদনে তুই রুয়সিলি? [<সেই + দিন +এ (বিভক্তি)]।
শিদ্লা=[রা]—বি. ময়লা (দাঁতের) ॥ দাতত্ শিদ্লা নিয়েই খাবা বশ্লু? [দেখ শিদল্ ২]।
শিধির্ ঘোট্না=[রং]—বি. ভাংগ চূর্ণ ॥ [<সিদ্ধির+ঘোট+না প্র.]।
শিধ্‌লে=[রা]—বি. শেওলা বিশেষ ॥ [দেখ শিদল্২ +এ প্র.]।
শিধ্‌লে পড়া=[যা]—ক্রি. অনেক দিন ভিজা থাকার ফলে কোন স্থানে শ্যাওলা জাতীয় ক্ষুদ্র ক্ষুদ্র গাছ জন্মিয়া খুব পিছল হওয়া ॥ [দেখ শিধ্‌লে+পড়া]।
শিনটু=[ব, রা,]—বি. পাটখড়ি ॥
শিনটুসিয়া=[রং]—বি. পাটখড়ি ॥
শিনাই=[সি]—বি. ঝিনুক, ঝিনুকের চামচ ॥ [<শিনাই < ঝিনুক]।
শিনাগারি=[সি]—ক্রি. বিণ. মুখস্থ ॥ [<সীনহ্ سینہ ফা.+ গাড়া (পোঁতা) +ই]।
শিনাপন্=[চা]—বি. এক প্রকার জামা ॥ [<সীনহ্ سینہ ফা. + বন্দ بند ফা.]।
শিনামান্=[চা]—বি. কোটের আকারের হাত কাটা জামা বিশেষ ॥ [দেখ শিনাপন্]।
শিনিত্=[ম]—বি. সর্দি, নাকের শ্লেষ্মা ॥ [দেখ শিং]।
শিনুটি=[রা]—বি. মুড়ি ॥
শিনোটু=[রা]—বি. পাটখড়ি ॥
শিন্=[পা]—বি. গলিত সর্দি, শ্লেষ্মা ॥ [দেখ শিং]।
শিন্‌কা=[ব]—বিণ. সেই রকম ॥ [<সেই + রকম + আ]।
শিন্‌চাঁ=[ম]—বিণ. ভিজা ॥ [< সিঞ্চিত=সিঞ্চ সং]।
২=[দি, রা]—বি. পাটখড়ি ॥
শিন্‌জা=[রা]—বি. পাটখড়ি ॥
শিন্‌জি=[দি]—বি. শোলা, পাটখড়ি ॥
শিন্‌ঘির্=[ফ]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ [<শিগ্‌গির (<শীঘ্র)]।
শিন্‌টা=[রং]—বি. পাটখড়ি ॥
শিন্‌টি=[দি]—বি. শিলনোড়া ॥ [<শিল+পাটি (পাটা<পট্ট)]।
২ =[ব]—বি. পাটকাঠি ॥
শিন্‌ট্যা=[বা]—বি. পাটখড়ি ॥
শিন্‌তা=[সি]—বি. সিঁথি ॥ [<সিঁথি (<সীমন্ত)]।
শিন্‌দা=[চট্ট]—বি. ঠেলা ॥ তোঁয়ার্ ঠাইশি নদা খাইতাম্।
শিন্‌তুকি=[ম]—বি. গুপ্তচর ॥ [< সিন্দুক (<সুনদূক صندوق আং)+ই প্র.]।
শিন্‌তুরি কুটা=[রা]—বি. এক প্রকার আমন ধান ॥
শিন্‌তুর্ কুটি=[রা]—বি. হলুদের শ্রেণী বিশেষ ॥
শিন্‌না=[রং]—বি. পাটখড়ি ॥
শিন্‌নাত্=[রা]—বি. কলার শ্রেণী বিশেষ ॥
শিন্‌নি=[রা]—বি. তেজ, গরম ॥
২=[রা]—বি. গুড় ॥ [পূর্বে দেখ]।
শিন্নি দেওয়া=[কুম]—ক্রি. মারের দেওয়া ॥ মায়্ তোমায়্ শিন্নি দিব। [দেখ শিন্নি+দেওয়া]।
শিন্নির্ দিন্=[কু]—বি. ঈদের দিন ॥ [অর্থ প্র.]।
শিন্নি বাটা গিন্নি=[ম]—বিণ. যে (স্ত্রীলোক) একটু একটু করিয়া খাইতে দেয় ॥ [দেখ শিন্নি২ +বাঁটা (যে বাঁটে)+গিন্নি]।
শিন্নে=[খু]—ক্রি. বিণ. সেদিন ॥ [সেই+দিন+এ (বিভক্তি)]।
শিন্দুরা=[রা]—বি. আমের শ্রেণী বিশেষ ॥ [<সিন্দুর+আ প্র.]।
শিপল্=[রং]—বি. ছিপি (দেওয়া) ॥ [<ছিপি+ল]।
শিপা=[রং]—বি. শিকড় ॥ [দেখ শিঁপা]।
শিপাট্ করা=[ফ]—ক্রি. পেটা, মার দেওয়া, মারা ॥
শিপাশিপি=[রা]—বি. ঘেষাঘেষি ॥ [<চিপাচিপি]।
শিপি=[রং]—বি. ঝিনুক ॥ [< সিপী হিং]।
২=[রং]—বি. নখ ॥
শিপোল্=[রং]—বি. ছিপি, কাক ॥ [দেখ শিপল্]।
শিপ্‌টা=[রং]—বি. পাটখড়ি ॥
শিপ্‌টি=[রং]—বি. বেত ॥
শিপ্‌লা=[রং]—বি. ছিপি ॥ [দেখ শিপোল্]।
শিবা=[ম]—বি. শিকড় ॥ [দেখ শিপা]।
শিবাই=[চট্ট]—বিণ. ঝগরাটে, রাগী (মেয়েলোক) ॥
শিবুত্=[ম]—বি. চুন ॥ [দেখ শিপি +ত]।
শিবুদ্=[পা]—বি. চুন ॥ [দেখ শিবুত্]।
শিব্‌যওশা=[চট্ট]—বি. একপ্রকার ঔষধ জাতীয় গাছ ॥
শিব্‌যাল্=[ম]—বি. একপ্রকার মাছ ধরিবার জাল ॥
শিব্‌বা=[খু]—বি. বেতের ঢাকনা বিশেষ ॥
শিব্‌লি=[খু]-বি. গাছী, যাহারা খেজুর গাছ হইতে রস বাহির করে ॥ [দেখ শিউলি]।
শিমল্=[রং]—বি. গরুর গাড়ীর জোয়ালের দুই ধারে বাঁশের বা কাঠের গোঁজ ॥
শিমা=[নো]—বি. জেয়াফতের সময় রাঁধা অল্প মাংস ও হাড় সহ এক প্রকার ঝোল ॥
শিমাশা=[সি]—বি. ধাঁধা, হেঁয়ালী ॥ [<সমস্যা]।

শিম্‌শা দেহান্=[চা]—ক্রি. হিংসা করা, অহংকার করা ॥ [দেখ শিমাশা +দেখান ; অর্থ প্র.] ।

শিমিন্‌দে=[রা]—ক্রি. বিণ. সেই দিক দিয়া ॥ শিমিন্‌দে মুই আর্ খ্যাটা হাঁটাবো না । [<সেই+মুখ দিয়া] ।

শিমে=[ম]—ক্রি. বিণ. সীমানার কাছে ॥ [<সীম+এ (বিভক্তি)] ।

শিম্যায়্=[রা]—বি. উপমা, তুলনা ॥ [দেখ শিমাশা] ।

শিম্‌কা=[রা]—বিণ. সেই রকম ॥ শিম্‌কা শিম্‌কাই আচে । [দেখ শিন্‌কা]।

শিম্‌কি=[রং]—বি. ভুঁড়ি ॥ [< শিকম شکم ফা.+ই প্র. ; বর্ণবিপর্যয়] ।

শিম্‌টন্=[ম]—ক্রি. বি. সত্য স্বীকার ॥ [<সিম্‌টান (তুং সিমটনা হিং)] ।

শিম্‌টাল্=[ম]—বিণ. স্বার্থপর ॥ শিম্‌টাল্ মাইন্‌শের্ দার যাইঅ না । [দেখ শিম্‌টন্+আল প্র.] ।

শিম্‌ডি গাস্=[কুম]—বি. একপ্রকার গাছ ॥

শিম্‌লা=[বা]—বি. সীম॥ সিম্‌লার্ সালুন্। [<সীম+লা] ।

২=[দি]—বি. গরুর গলার রশি গাড়ীর যে দণ্ডটির সহিত যুক্ত থাকে তাহা ॥

শিম্ শিম্ করা=[চট্ট]—ক্রি. আশ্চর্য অনুভব করা ॥ [<শিম্ শিম্ (অনু.)+করা] ।

শিয়ন্=[রা]—বি. সেলাই ॥ [< সীবন সং] ।

শিয়ান্=[সি, ম]—বিণ. বড় চালাক ॥ [<সেয়ান<সজ্ঞান সং] ।

২=[কুম]—বিণ. উপযুক্ত॥ [পূর্বে দেখ] ।

৩=[ম, ফ]—বি. সর্দি ॥ [দেখ শিং] ।

শিয়ান্‌তামি=[কুম]—বি. চালাকি, বজ্জাতি ॥ [দেখ শিয়ান্+তামি প্র.] ।

শিয়ার্=[কুম]—বি. <শিকার ॥

শিয়ার্ ডাংগ্গা=[পা]—বি. গুরু জনকে যে অগ্রাহ্য করে ॥ [দেখ শিয়ান+ডাংগা <ডাঙ্গর (দীর্ঘ)] ।

শিয়ালি=[খু]—বি. গাছী, যে খেজুর গাছ কাটিয়া রস বাহির করে ॥ [দেখ শিউলি১] ।

শিয়াল্=[ব]—বি. আমন ধান বিশেষ ॥

শিয়াল্ কাটা=[ব]—বি. এক প্রকার ভেষজ ॥

শিয়াল্ কাটি=[বা]—বি. পাটখড়ি ॥

শিয়াল্ গান্‌চু=[রা, দি]—বি. চোর কাঁটা ॥

শিয়াল্‌গান্‌জি=[রা]-বি. চোর কাঁটা ॥

শিয়াল্ নেয়্‌র্যা=[পা]—বি. গাছ বিশেষ ॥

শিয়াল্ মুত্‌রি=[সি]--বি. অশ্বগন্ধা বৃক্ষ (ঔষধের জন্য ব্যবহৃত হয়) ॥

শিয়েল্=[ফ, য]—বি. শৃগাল ॥ [< শিয়াল<শৃগাল] ।

শিয়েনি=[খু]—বি. কফ, শ্লেষ্মা ॥ [<শিক্‌নি ; দেখ শিং] ।

শিয়েন্=[ফ, য]—বি. নাকের শ্লেষ্মা ॥ [দেখ শিং] ।

শিয়ের্=[হ]—বি. শিকড় ॥ [<শিকড় (<শৃংখল ?)] ।

শিরা=[কুম]—বি. মিষ্টি রস ॥ বরাগুলি শিরার্ মধ্যে ফেল্ । [<শীরহ্ شیره ফা.] ।

শিরা ডোবা=[চা]—ক্রি. আশ্চর্য মনে হওয়া (ব্যঙ্গার্থে) ॥ [শিরা+ডোবা] ।

শিরা রক্‌খা=[পা]—ক্রি. মান বাঁচা, ভাল বা মঙ্গল হওয়া ॥ [<শিরা+ রক্ষা] ।

শিরাল্=[পা]—বি. যাহারা মেঘ বৃষ্টির মন্ত্র পড়ে ॥ [<শিল+আড় প্র.] ।

শিরাল্ হিরাল্=[সি]—বি. তন্ত্র মন্ত্র যাহারা জানে ॥ [দেখ শিরাল্] ।

শিরি=[চট্ট]—বি. পুরুষানুক্রম, বংশ ॥ [<সিঁড়ি <শ্রেণী সং] ।

শিরিকি=[চট্ট]--বি. কাহাকেও আল্লাহ্‌র সংগে অংশীদার করার মত বড় পাপ ॥ [<শিরিক্ شرک আং+ই] ।

শিরিষ্=[বা]—বিণ. হৃষ্টপুষ্ট ॥

শিরিশিরি=[য]—বি. কেমন যেন একটা গর্ব গর্ব ভাব॥ এত শিরি শিরি ক্যা ? [<শ্রী শ্রী] ।

২=[খু]—ক্রি. বিণ. স্বাদ, মজা ॥ [দেখ শিরা ; অতিশয্যে শব্দদ্বিত্ব] ।

শিরেল্=[খু]—বি. লাঙ্গলের দাগ ॥

শিরো=[রা]—বি. উজান ॥ হামার্ বাপ্ শিরো গেছে না বাহতে । [<শির+ ও প্র.]

শির্‌কি=[সি]—বি. গর্ব, অহঙ্কার, দর্প ॥ [দেখ সিরিকি] ।

শির্‌জানো=[রা]—ক্রি. বিণ. রোপণ করা ॥ [<সৃজন] ।

শির্‌দারা=[ম]—বি. মেরুদণ্ড ॥ [< শির+দাঁড়া (<দণ্ড সং)] ।

শির্‌ফিন্‌নি=[কুম]—বি. পায়েস ॥ [দেখ শিন্‌নি২+ফিন্‌নি < ফির্‌নী فرنی ফা.] ।

শির্‌শিরা=[রং]—বিণ. মৃদু মৃদু ॥ [অনু.] ।

শিলখ্=[সি]—বি. শ্লোক, প্রবাদ-বাক্য, ছড়া ॥ [<শ্লোক] ।

শিলড্=[চা, কুম, ফ, বা, ম]—বি. স্লেট ॥ [<স্লেট slate ইং] ।

শিলা=[রা]—ক্রি. বি. খুব জোরে গুঁতা দেওয়া ॥ [দেখ শিলানো] ।

২=[সি]—বিণ. খুব ঠাণ্ডা, শীতল ॥ [<শিল+আ প্র.] ।

শিলাক্=[কু]—বি. ঈষৎ ফাঁক ॥ [<সুরাখ سوراخ ফা.] ।

শিলানো=[পা]—ক্রি. খুঁটি ইত্যাদি গাড়িবার পর গোড়া শক্ত করিয়া পিটাইয়া দেওয়া ॥

শিলি দেওয়া=[র]—ক্রি. ঢুকানো ॥ [দেখ শিলা+দেওয়া] ।

শিলুক্=[ম]—বি. শ্লোক ॥ [< শ্লোক] ।

শিলুম্=[পা]—বি. তামাক ॥ [< ছিলম হিং] ।

শিলে দেওয়া=[ব]—ক্রি. ঢুকাইয়া দেওয়া ॥ [দেখ শিলি দেওয়া] ।

শিলেট্=[চট্ট]—বি. শ্লেট ॥ [দেখ শিলড্] ।

শিল্=[ফ, কুম]—বি. নাপিত ॥ [< শীল] ।

২=[ফ, খু]—বি. বরফ ॥ [< শিলা]।

শিল্‌কি=[ম]—বি. শ্লোক ॥ [< শ্লোক+ই প্র.]।

শিল্‌টি=[রং]—বি. শিলপাটা ॥ শিল্‌টিত্‌ করে মশল্‌লা না বাট্‌লে কি মিহি হয়? [দেখ নিল্‌টি]।

শিল্‌পি=[সি]—বি. শিম ॥

শিল্‌পোট্‌=[রা]—বি. মোটা, ভরপুর, কানায় কানায় পূর্ণ ॥ [দেখ শিল্‌টি]।

শিল্‌বোতা=[পা]—বিণ. অবাধ্য, যে কথা শুনেনা ॥ [<শিলা+ভোঁতা]।

শিল্‌ল=[রা]—বি. মেয়ে লোক, স্ত্রী লোক ॥ [<স্ত্রী লোক]।

২=[সি]—বি. শ্লোক, প্রবাদ ॥ [<শ্লোক]।

শিল্‌লাশি=[সি]—বি. ঠাট্টা, রসিকতা ॥ [<শ্লেষ+ই প্র.]।

শিল্‌লি=[সি]—বি. শিস (দেওয়া) ॥

শিল্‌শিল্যা=[রা]—বিণ. হৃষ্টপুষ্ট ॥ [<শিল্‌শিল্‌ (অনু.)+ইয়া প্র.]।

শিল্‌হট্‌=[দি]—বি. শ্লেট ॥ [দেখ শিলড্‌]।

শিশরি=[ঢা]—বি. কাচ নির্মিত ক্ষুদ্র পাত্র ॥ [< শিশি (<শীশহ شیشه ফা.)+রি প্র.]।

শিশা=[রং]—বি. যাহাতে ধানের শিস জাগিয়া থাকে সেই পরিমান পানি ॥ [<শীস (<শীর্ষ সং)+পানি]।

শিশাবানা দন্‌=[পা]—বি. গোধন ॥

সিদেম্যা=[পা]—বিণ. বড়, অনেক ॥

সিদোম্=[য]—বিণ বড়, প্রকাণ্ড ॥ এ সিদোম্ লাঠি কার্? [দেখ সিদেম্যা]।

সিদ্দ=[কুম]—বি. কষ্ট ॥ বর সিদ্দ পাইসি। [দেখ সিয্যত্]।

সিদ্দত্=[চা, চট, নো, ব]—বি. কষ্ট, লাঞ্ছনা, যন্ত্রনা, অসুবিধা ॥ [দেখ সিয্যত্]।

সিদ্দিত্=[কুম]—বি. দুঃখ কষ্ট, লাঞ্ছনা ॥ তার্ কপালে সিদ্দিত্ আসে। [দেখ সিদ্দত্]।

সিদ্রি=[চা]—ক্রি. বিণ. ছিদ্র ॥ বাতের্ পাইল্যা সিদ্রি ঐয়া গেসে। [=ছিদ্র]।

সিনা=[সি]—বি. অভাব ॥ অহন্ মাসের্ বর সিনা।

সিনাই=[সি, চা, কুম]—বি. ঝিনুক ॥ শব্ সিনাইতে মুতি নাই। [<ঝিনুক]।

সিনাইলা=[পা]—বিণ. অশ্লীল ॥ সিনাইলা ব্যাবার্ করশ্ ক্যা? [< ছিনাল+ইয়া প্র.]।

সিনাক্তো=[ফ]—বি. সিনাক্ত, নিশ্চিত নির্দেশ ॥ গরুডা সিনাক্তো কর্বার্ পার্বাতো? [<শিনাখ্ت شناخت ফা.]।

সিনাথ্=[সি]—বি. পরিচয়, বন্ধুত্ব ॥ তার্লগে তুমার্ সিনাথ্ আসেনি? [দেখ সিনাক্তো]।

সিনাসা=[চা]—বি. টানাটানি, অভাব, চাহিদা ॥ আউয়্গা আডে চাঁউলের্ খুব্ সিনাসা পর্সে।

সিনি=[কুম, নো]—বি. চাটাই, পাটি ॥ সিনিডা বিসাইদে।

সিনুই=[ম]—বি. ছোট ঝিনুক ॥ এ্যাক্ সিনুই পানি লও। [<ঝিনুক]।

সিনে=[খু]—বি. জেদ ॥ সেলেটা সিনে মেরে বশে আসে।

সিনে মারা=[পা]—ক্রি. কনুই দ্বারা আঘাত করা ॥

সিনৈ=[ম]—বি. ঝিনুক ॥ গরে এ্যাক্ সিনৈ পানি নাই। [দেখ সিনুই]।

সিন্কানো=[চা]—ক্রি. পাটা ধার করানো ॥ [<ছিদ্র+ই]।

সিন্‌চিঁন্‌=[নো]—বি. ঘাসের স্তূপ॥

সিন্‌তাই=[ম]—বি. অস্থিরতা॥ গরমে বর সিন্‌তাই লাগ্‌তাসে।

সিন্দরি=[পা]—বিণ. ছিদ্র॥ লোটাতো সিন্দরি।

সিন্‌নি=[চট্ট]—বি. চিহ্ন॥ [<চিহ্ন]।

সিন্‌নিশ্বতন্‌=[খু]—বি. শেষ॥ ব্যা, এখন্‌ সিন্‌নিশ্বতন্‌। [<সিন্নি (< শীরিনী شیرنی ফা.)+খতম ختم আং]।

সিন্‌মিন্‌=[ঢা]—বি. চিহ্ন, নিদর্শন॥ অহনে হেই বাগার্‌ কনু সিন্‌মিন্‌ নাই। [দেখ সিন্‌নি+মিন্‌ (অনুঃ)]।

সিন্‌সাল্‌=[পা]—বি. বিণ. মসৃণ॥ ছুতারে কাট্টা সিন্‌সাল্‌ কর্‌তাসে।

সিন্‌হরিস্‌=[নো]—বি. জানাশোনা, আলাপ পরিচয়॥ তার্‌ শাথে আমার্‌ সিন্‌হরিস্‌ নাই। [<চেনা+পরিচয়]।

সিপা=[নো]—বি. লাঠি॥ বেতের সিপা।

২=[কুম]—বি. ছিপ॥ সিপা দিয়া মাস্‌ দরে। [<ছিপ+আ]।

৩=[খু]—বি. লম্বা ঠনী বিশেষ॥

সিপাই=[বা]—বি. চুন॥ পানে বেশি সিপাই দিওনা॥ [<সীপ হিং+আই]।

সিপাইপন্‌ডিত্‌=[খু]—বি. গণ্ডমূর্খ॥ তুমি কোন্‌ সিপাইপন্‌ডিতের্‌ কথায়্‌ এই কাযে হাত্‌ দিলে? [<সিপাহী سپاهی ফা.+পণ্ডিত]।

সিপি=[কুম]—বি. ছোট থালা॥ সোটু পুলাপাইন্‌ সিপিতে বাত্‌ খায়্‌॥

২=[ম]—বি. ছিপি, কর্ক॥ বোতলের্‌ মুখে সিপি দ্যাও। [<ছিপি]।

৩=[ঢা, কুম]—বি. কাঠের চামচ॥ সিপি দিয়া সিদ্দ দান্‌ গুলা আগ্‌যাইয়া দে। [দেখ সিপাই]।

সিপেল্‌=[খু]—বি. সেব ফল॥

সিপ্‌=[সি]—বি. বড়শির আগা॥ কুরাটার্‌ সিপ্‌ বাংগি গেসে। [<ছিপ]।

২=[সি]—বি. চামচ॥ [দেখ সিপাই]।

সিপ্‌ দেওয়া=[সি]—ক্রি. বড়শিতে মাছ ঠোকরাইতে শুরু করিলে ছিপকে হঠাৎ টান দিয়া উপরে তোলা॥ [দেখ সিপ্‌+দেওয়া]।

সিপ্‌নি=[রা, ব]—বি. কঞ্চি॥

সিফারা=[কুম]—বি. কোরানের প্রতি খণ্ড বা পারা॥ [দেখ সিইপ্পা]।

সিফি=[কুম, ম]—বি. নারিকেলের মালার চামচ॥ এ্যাক্‌ সিফি নুন্‌ আন্‌। [দেখ সিপি৩]।

সিফ্‌=[সি]—বি. চামচ॥ [দেখ সিফি]।

সিফ্‌তি=[কুম]—বি. চুন॥ বাযারুতে সিফ্‌তি আইনন। [দেখ সিপাই+তি প্র.]।

সিফ্‌মারা=[সি]—ক্রি. বড়শি দ্বারা মাছ ধরা॥ সিফ্‌ মার্‌লেই মাস্‌ পাওয়া যায়্‌ না [দেখ সিপ্‌ দেওয়া]।

সিবা=[সি]—বি. চেহারা, আকৃতি॥ গরুটার্‌ সিবা বালা নায়্‌। [<শিবহ شبه আং]।

২=[নো, কুম, সি, চট্ট]—বি. বেত, বাঁশের কঞ্চি, ছড়ি॥ বিলাই মারনের্‌ লাইগ্‌গা একটা সিবা আন্‌।

সিবিত্‌=[ফ]—বি. চুন॥ সিবিত্‌ সাড়া পান্‌ খাওয়া যায়্‌না। [দেখ সিফ্‌তি]।

সিবৈত্‌=[বা, কুম]—বি. চুন॥ [দেখ সিফ্‌তি]।

সিব্‌=[সি]—বি. তরকারি লইবার চামচ॥ এক্‌ সিব্‌ শেউরা দেও। [দেখ সিফ্‌]।

সিব্‌ত=[বা]—বি. চুন॥ সিব্‌ত সারা পানে শাদ্‌ নাই। [দেখ সিবৈত্‌]।

সিব্‌রা=[কুম]—বি. খোসা॥ তরকারির্‌ সিব্‌রা দুরুই ফালাইয়া দিয়া আয়্‌।

সিমাইল্‌=[চট্ট]—বি. শিমুল॥ সিমাইল্‌ তুলা দি লেপ্‌ হয়্‌ না। [<শিমুল]।

সিমাইল্‌ খরিদ্‌=[নো]—বিণ. গড়॥ সিমাইল্‌ খরিদ্‌ কত দাম্‌? [<শামিল شامل আং+খরিদ خرید ফা.]।

সিমি=[বা]—বি. শিম তরকারি॥ সিমি দিয়া কৈ মাস্‌ পাকাও। [<শিম]।

২=[ঢা]—বি. মটর॥ [পূর্বে দেখ]।

৩=[সি]—বি. ডেকচির ঢাকনি॥ সিমি দিয়ে ডেক্‌চিঁগুলা ঢাকি দ্যাও। [<ছিপি]।

সিমুট্‌=[ম]—বি. শিম॥ সিমুট্‌ পাতা চুঁন্‌, দাউদে বর গুন্‌। [<সিমি+ট]।

সিম্যাই=[কুম]—বি. পাটের তৈরী হাঁড়ি পাতিল রাখার বিড়া॥

সিম্‌ করা=[খু]—ক্রি. ভাজাভাজা করা॥ মাস্‌গুলো সিম্‌ কর।

সিম্‌ড়া=[খু, য]—বি. বালক, ছোঁড়া॥ এই সিম্‌ড়াডা কাগো বারির্‌? [< (<ছমও সং)]।

সিম্‌ড়া সিম্‌ড়ি=[য]—বি. বালক বালিকা॥ [দেখ সিম্‌ড়া+সিম্‌ড়া+ই প্র.]।

সিম্‌রা=[কুম]—বি. শিম॥ [দেখ সিমুট্‌]।

সিম্‌লি=[কু]—বি. জোয়ালের দুই মাথার কাঠি॥

সিম্‌লে=[খু]—বি. কচ্ছপ॥

সিয়নি=[চট্ট]—বি. বিয়ের সময় দেওয়া উপহার॥

সিয়াম্‌=[চট্ট]—বি. উপবাস॥ [<সওম صوم আং]।

২=[চট্ট]—বিণ. রুগ্ন, দুর্বল॥ [<চিকন]।

সিয়ল্‌=[চট্ট]—বি. শিকল, চেইন॥ [<শিকল]।

সিয়া=[সি, ম]—বিণ. গাঢ়কাল রং, কালো॥ চেঁহারাডা কালো সিয়া ঐ গেসে। [<সিয়াহ্‌ سیاه ফা.]।

২=[ঢা, কুম]—বি. ধান ভানার যন্ত্র, মুষল॥ এ সিয়ায়্‌ বানা তারাতারি অয়্‌না। [<সেহাট (ম)<ছেঁচা+কাঠ]।

৩=[সি]—বি. তামাক মলার কাঠের গদা॥ [দেখ সিয়া১]।

৪=[ম]—বি. ঝুলাইয়া রাখার ব্যবস্থা॥ গাস্‌ সিয়া কৈরা উঠাও। [দেখ সিয়া২]।

৫=[ব]—বিণ. খাটো ।। [চিপা]।

সিয়াই=[ম, কুম, সি]—বিণ. কালি ।। চ'াউল্ পুরি সিয়াই ঐয়া গেসে। [<সিয়াহি سیاهی ফা.]।

সিয়াটিহওয়া=[য]—ক্রি. বৃষ্টি থামা ।। সিয়াটি হয়েসে। [<শেষ<ফোটা+ই+হওয়া]।

সিয়াবিয়া=[ব]—বি. কর্দমাক্ত, নষ্ট, একাকার ।। বন্নার্ পানিতে মাট্গাট্ সিয়াবিয়া ঐয়া গেসে। [দেখ সিয়া+বিয়া (অনু:)]।

সিয়ামুরগ=[ম]—বি. রূপকথার বিরাটাকার পাখী বিশেষ ।। [<সীমুরগ سیمرغ ফা.]।

সিয়াল=[য]—বিণ. (রোগ ভোগের পর) খিটখিটে মেজাজী ও বদরাগী ।।

সিয়াসি=[ফ]—বিণ. রাজনৈতিক ।। সিয়াসি কামে আমি নাই। [<সিয়াসী سیاسی আং]।

সিয়িনি=[কুম,নো]—বি. চাটাই, পাটি ।। সিয়িনিডা বিসাও।

সিয়ে=[খু]—বি. শিকা ।। আমার্ সিয়েডা সিড়ে গেসে। [<শিকা (<শিক্য)]।

সিয়েল=[খু]—বি. শিকল।। [<শিকল]।

সিরানা=[সি]—বি. শিয়র, মাথার দিক ।। শিরানার্ নিচে' ট্যাকা রাখ্সি। [<সির্হানা হিং]।

সিরা সিরা=[সি]—বি. বিচ্ছেদ ।। [<ছেঁড়া ছেঁড়া]।

সিরি=[ফ, বা]—বি. যোগ্যতা ।। তর্ কোনু কামের্ সিরি নাই বাতার্ বারি যাইয়া কর্বি কি? [<শ্রী]।

২=[পা]—বি. কাজ করিবার ক্ষমতা ।। কামের্ সিরি নাই। [পূর্বে দেখ]।

৩=[ম]—বি. কৃপা, দয়া ।। [পূর্বে দেখ]।

সিরিংগা=[নো]—বি. একপ্রকার ঘাস ।। গরুডারে কিসু সিরিংগা খাওয়া।

সিরিচ'ন্দন=[ফ]—বি. চিচিংগা তরকারি বিশেষ ।।

সিরি পুটুকি=[চা, ম, কুম]—বি. মোরগ মুরগীর পশ্চাদ্‌ভাগের তৈলাক্ত অংশ ।। মুর্গার্ সিরি পুটুকি খাইতে বালা।

সিরিবৈলাম=[চট]—বি. আউশ ধান বিশেষ ।।

সির্কল=[চট,ম]—বি. শৃঙ্খল, শিকল ।। হাত্পায়ে সির্কল্ দিয়া চো'র্ডারে বাইন্দা থুইসে (ম)। [<শৃঙ্খল]।

সির্কা=[খু]—বি. গাছ বিশেষ (ইহা দ্বারা দন্ত রোগের ঔষধ হয়) ।।

সির্কুট্=[ব]—বি. সিগারেট ।। এটা সির্কুট্ দে। [<সিগারেট cigaratte ইং]।

সির্ফল=[চট, কুম]—বি. শ্রীফল, বেল ।। [<শ্রীফল]।

সিলক্=[ম]—বি. শ্লোক, ছড়া ।। কথায় কথায় সিলক্ কাটিশ্ না। [<শ্লোক]।

সিলট্=[ম]—বি. শ্লেট ।। আমার্ লাগি ঔগ্গা সিলট্ আইন্নো। [<শ্লেইট slate ইং]।

সিলম্যা=[পা]—বি. জোয়ালের কাঠি ।।

সিলল=[ফ]—বি. ফুটি, বাঙ্গী ।।

সিলা=[সি]—বিণ. আতুর ।। [দেখ সিলা৬]।

২=[ফ]—বিণ. বিভক্ত, পৃথক, চিহ্নিত করা ।। [<সিলাহ سلاح আং]।

৩=[খু]—বি. পায়ে চলা পথ ।।

৪=[চা]—বি. আইল ।।

৫=[চট]—বি. আস্তানা, আরাধনা ।। ফকির্ সিলায় আসে। [<চিল্লা چله ফা.]।

৬=[ম]—বিণ. পরিস্কার ।। বারিগর্ সিলা না থাকলে বালা দেহা যায় না। [দেখ সিলা১]।

সিলা গর্=[সি]—বি. আতুর ঘর ।। [দেখ সিলা১+ঘর]।

সিলাট্=[ফ]—বি. শ্লেট ।। [দেখ সিলট্]।

সিলানো=[চট]—ক্রি. খোসা ছাড়ানো ।। [<ছিলা (<ছাল)+নো প্র.]।

সিলানো পাটা=[খু]—বিণ. মূর্খ ।। তুমি একটা সিলানো পাটা। [দেখ সিলানো+পাঁটা]।

সিলান্=[চট,নো,বা,ম]—বি. ভ্রষ্টা, বারবণিতা ।। [<ছিনাল; বর্ণ বিপর্যয়]।

সিলা পরা=[চা]—ক্রি. ফাঁক হওয়া, রাস্তা পড়া ।। এ্যাহানদা এমুন্ সিলা পর্ল ক্যা? [দেখ সিলা৪+পড়া]।

সিলাম্ গাস্=[ব]—বি. শিমুল গাছ ।। [<শিমুল+গাছ]।

সিলায় বহা=[চা]—ক্রি. মরা ইঁদুর পানিতে ভাসাইয়া মাছধরার আশায় বসিয়া থাকা ।। লালু আইয়্ সিলায়্ বৈসে। [দেখ সিলা৫+য় (বিভক্তি)+বসা]।

সিলা সিক্কুর্=[কুম]-বি. কাঁদাকাটি।। খবর্ডা ফুইন্না সিলা সিক্কুর্ পৈরা গেসে।

সিলি=[কুম]—বি. জ্বালানী কাঠ ।।

সিলিবিলি=[বা]—বি. কাটিয়া খণ্ড করা ।। আম গাস্টা সিলিবিলি কর্। [অনু.]।

সিলিমিলি=[বা]—বি. ছেলেদের খেলা বিশেষ ।। [অনু.]।

সিলুক্=[কুম]—বি. ভাঙ্গা হাঁড়ির টুকরা। উঠানে সিলুক্ বরা, তাই দানু লৈতে কষ্ট অয়্।

সিলুন্=[চট]—বি. ঝিনুক ।। সিলুন্তে মুক্তা পাওয়া যায়।

সিলুম্=[কুম]—বি. কলিকা ।। এ্যাক্ সিলুম্ তামুক্ দ্যাও। [<চিলম হিং]।

২=[খু]—বি. হুক্কা ।। সিলুম্ডা কি কর্লি? [পূর্বে দেখ]।

৩=[ফ]—বি. খোলো হুক্কার খোল ও নলিচা ।। [পূর্বে দেখ]।

সিলে=[খু]—বি. নদীর ধারে কিংবা বিলের মধ্যেকার সরু রাস্তা ।।

সিলে কামানো=[পা]—ক্রি. কোন অন্যায় করা, নিজের কোন অনিষ্ট করা ।। রহিম্ কথাডা কয়া নিযেরে সিলে কামাই সে। [<ছিলিয়া (ছিলানো <ছল্লি সং+আনো)+কামানো]।

২=[কু]—ক্রি. অছিলা পাওয়া, অজুহাত পাওয়া ॥ করিমের্ অসুখ্ হয়ে সিলে কামাইসে তাই টাকা দিলে না। [< রসীল : وسيله আং+কামানো ; বর্ণলোপ]।

সিলেন্=[চট্ট]—বি. ঝিনুক ॥

সিলে পড়া=[কু]-বিণ. ফাঁসা, ফাঁসিয়া যাওয়া, জমিয়া যাওয়া ॥ সিলে পড়া কাপড়্ আমি নিমুনা।

সিলেন্‌চি=[খু, য]—বি. হাত ধোয়া ও কুলি করার পাত্র বিশেষ।

সিলৈন্=[চট্ট,কুম,নো]—বি. ঝিনুক, চামচের কাজ ব্যবহৃত ঝিনুক ॥

সিল্কা=[সি, কুম]—বি. অংশ, খণ্ড ॥ এ্যাক্ সিল্কা আম্ দিলাও। [< ছিলকা]।

২=[ম]—বি. ছড়া ॥ কথায় কথায় সিল্কা কওয়া তার্ টক্ (অভ্যাস)। [<শ্লোক+আ]।

৩=[কুম]—বি. নিরাপদ জায়গা ॥

সিল্কানো=[ফ]—ক্রি. ছাল উঠাইয়া ফেলা ॥ আমড়া সিল্কাও। [<ছিল (<ছল্লি সং+ক+আনো প্র.]।

সিল্কি=[ম]—বি. আঁশ ॥ আমাগো পাডের্ সিল্কি বালা ঐসে। [<শল্ক সং+ই প্র.]।

২=[ম]—বি. প্রবচন, শ্লোক, ছড়া ॥ হে খালি সিল্কি কয়। [<শ্লোক+ই]।

সিল্ক্যা=[পা]—বি. ক্ষুদ্রতম অংশ ॥ এ দানের্ এ্যাক্ সিল্ক্যাও তুমি পাবানা। [দেখ সিল্কা]।

সিল্লা=[বা]—বি. আঁকাবাঁকা সরু পথ ॥ হর্দম্ সিল্লা পর্যা গেসে।

সিল্লা দেওয়া=[খু]—ক্রি. উচচস্বরে চিৎকার করা ॥ বাচ্'চা'ডা সিল্লা দেসে আর্ তমি এখানে বশি পান্ খাও। [<চিল্লান (তুং চিল্লানা হিং)+দেওয়া]।

সিল্লানি=[পা]—বিণ. পাগলনী ॥

সিল্লি=[কু, ম]—বি. ছেলেদের উড়ো উড়ো বা মাতাল ভাব ॥ [দেখ সিল্লানি]।

সিল্সবি=[পা]—বি. শ্রী, সৌষ্ঠব ॥ [<শ্রী+ছবি]।

সিল্সিলা=[ব]-বিণ. পরিস্কার, মসৃণ ॥ [অনু.]।

২ =[ম]—বি. ধারা, রীতি, প্রণালী ॥ কাযের্ সিল্সিলা না বুইযা কাযে আত্ দ্যাও কেন্? [<সিল্সিল: سلسله আং]।

৩=[ম, কুম,চট্ট]—বি. ধারাবাহিকতা, বংশানুক্রমে চলিয়া আসা পদ্ধতি ॥ [দেখ সিলসিলা২]।

সিল্‌সিলাইয়া=[ম]—ক্রি. বিণ. প্রবল বেগে, প্রচুর পরিমাণে ॥ পাও কাইট্টা সিল্সিলাইয়া লৌ পর্তাসে। [<সিল্সিল্ (অনু.)+আ+ইয়া]।

সিল্‌সিলে=[পা]—বিণ. পরিস্কার, ঋনমুক্ত ॥ টাকা ওয়্শা শব্ দিয়ে সিল্সিলে হয়্যা থাকা বালা। [দেখ সিল্‌সিলা]।

সিল্‌হি=[ম]—বি. শ্লোক ॥ হেইতে বর সিল্হি য.নে। [দেখ সিল্কি২]।

সিসি=[রা]—বি. ক্রীড়া বিশেষ ॥ [হবন্যা.]।

সিসিন্রা=[সি]—বি. চিচিঙ্গা ॥ বর্শায় সিসিন্রা অয়। [<চিচিঙ্গা]।

সিসে=[খু, য]—বি. চালের পানি যেখানে পড়ে, ছাঁচ তলা ॥ [<ছাঁচ+ইয়া প্র.]।

সিস্সিরৈয়া=[না]—ক্রি. বিণ. ঝির ঝির করিয়া, অল্প অল্প করিয়া ॥ সিস্সিরৈয়া যোয়ারের্ হানি আইয়ের্। [< সির্সির্ (অনু.)+আ+ইয়া]।

সিহা=[চা, নো, বা]—বি. শিকা ॥ বৌয়ের্ আতের্ সিহা বর হন্দর্ অয়্। [<শিক্য সং]।

সিহুলি=[ফ]—বি. যে খেজুর গাছ কাটিয়া রস সংগ্রহ করে ॥ [< সিউলি]।

সু

সুঅম=[ম]—বিণ. তৃতীয় ॥ আমি সুঅম্ যমাতে পবি ॥ [<সুয়ম سوم ফা.]।

সুই=[বা]—বি. ছুই ॥ সুই দেওয়া নাও। [<ছুই]।

সুইচা=[পা]—বি. চিকণ ॥ [< সূঁচ+ইয়া প্র.]।

সুইচ'=[কুম]—বি. সুঁই ॥ সুইচ' আনিশ্ খেতা হিয়ান্ লাগ্‌বো। [< সং।

সুইটকা=[কুম]—বি. ছোট ছেলেমেয়ে, খোকা খুকী ॥ সুইট্কারা খেল্তাসে। [<ছোট=ক+ইয়া]।

সুইট্ দেওয়া=[চা]—ক্রি. দৌড় দেওয়া ॥ তরা সুইট্ দে। [<ছুট +দেওয়া]।

সুইট্‌লাগা=[চা]—ক্রি. কোন কিছুর স্পর্শে ক্ষতি হওয়া (নাপাক অবস্থায়) ॥ সুইট্ লাইগ্যা তাবিয়্‌ডা সুইট্যা গেসে। [<ছুৎ+লাগা]।

সুইড্=[চট্ট]—বিণ. যন্ত্রনা, উদ্বেগ বা অস্থিরতা ॥ পুলিশ্ আইয়ে হুনি তার্ সুইড্ ঐয়ে। [<ছট (ছট ফট)]।

সুইতা=[ম]—বি. ফাঁকি ॥ তোমার্ সুইতাতে আমি বুলি না।

সুইতে মরা=[নো]—বি. লজ্জাবতী গাছ ॥ [<ছুঁই<ছোঁয়া+তে+মরা]।

সুইত্যা ঘর্=[চট্ট]—বি. আঁতুর ঘর ॥ [<ছুঁৎ+ইয়া প্র.+ঘর]।

সুইত্=[সি]—বি. দুষিত বাতাস, কুনজর ॥ এর্ চ'কুত্ সুইত্ লাগি গেসে। [<ছুঁৎ]।

২=[বা]—বি. অস্পৃশ্যতা ॥ [পূর্বে দেখ]।

সুইত্ কৈরা=[ঢা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি করিয়া ॥ আরে সুইত্ কৈরা বাইত্ যা। [<ছুত্ (অনু.) +করিয়া]।

সুইত্ লাগা=[সি]—ক্রি. ঘা পাকিয়া পচিয়া উঠা, সেপটিক হওয়া ॥ খত্না করি বেটা যেম্নে মনে চ'ায় আট্সে, আর্ অনকু সুইত্ লাগি চি'ল্লায়র্।[দেখ সুইত্+লাগা]।

সুইয়া=[বা]—বিণ. ছই বিশিষ্ট ॥ সুইয়া নাও। [<ছই+ইয়া প্র.]।

২=[ফ]—বি. কলাই, শুঁটি ॥ [<ছই (<ছড়া)+আ প্র.]।

সুইল্যা=[ঢা]—ক্রি. বিণ. ছুলিয়া, খোসা ছাড়াইয়া ॥ [<ছল (<ছল্লি সং)+ইয়া]।

সুইস্সা=[নো]—বিণ. সংক্রামক ॥ সুইস্সা বিমারির্ বাড়িত্ ন যাইও। [<ছোঁয়াছে]।

সুইস্সালু=[বা, খু]—বি. দূষিত রক্ত ॥ [দেখ সুইস্সা+লহু]।

সুওর্=[সি]—বিণ. নোংরা, অপরিষ্কার, ঘৃণিত ॥ [<শূকর]।

সুঁচু=[ব]—বিণ. অশুচি, অপবিত্র ॥ সুঁচু মেয়ে। [দেখ সুইত্+উ প্র.]।

সুঁজা=[নো]—বি. বাঁশের লম্বা বেতি (ঘরের বেড়ায় ব্যবহৃত হয়) ॥

সুঁয়ে নেওয়া=[য]—ক্রি. নিশ্চিহ্ন করিয়া লওয়া ॥ [দেখ সুইল্যা+নেওয়া]।

সুকা=[সি]—বি. কামড় ॥

সুকিবুকি=[ব]—বিণ. ছোট ॥ [অনু.]।

সুকুয়া মুকুয়া=[ম]—বি. চুক্তি ॥ সুকুয়া মুকুয়ার্ কামৈ এরহম্। [<চুক (<চুক্তি)+উয়া+মুকুয়া (অনুঃ)]।

সুক্কা=[কুম]—বিণ. সুইয়ের মত ধারাল ॥ [সুক্ষ্ম]।

সুগ্লা=[ম, য]—বি. ছাল, খোসা ॥ নারকেলের্ সুগ্লা অনেক্ কামে লাগে। [<চোক্লা (<চোলক সং)]।

সুচ'া=[ফ]—বিণ. খাদ্য দেখিলেই যে খাইতে চায়, লোভী ॥ গ্যামরাডা সুচ'া। [<ছোঁচা]।

২=[ঢা, সি, পা]—বিণ. পাজি, ধূর্ত ॥ সুচ'া মাইনশের্ পাল্লায় পর্লে আর্ রখ্খা নাই। [পূর্বে দেখ]।

৩=[পা]—বিণ. মিথ্যাবাদী ॥ [পূর্বে দেখ]।

৪=[ব]—ক্রি. অপদস্ত করা, অপমান করা।

সুচিঁ=[সি]—বি. মেয়েদের একপ্রকার অলংকার ॥ মাইয়াডারে এ্যাকুটা সুচিঁ দাও।

সুচুঁমুচুঁ করা=[খু]—ক্রি. বিণ. খাওয়ার জন্য ছোঁক ছোঁক করা ॥ অমের্ গন্দ পাইয়া শে সুচুঁমুচুঁ করে।

সুচ'ড়া=[পা]—বি. পুংলিঙ্গের অগ্রাচ্ছাদন ॥ মুশল্মানের্ সুচ'ড়া কাটন্ সুন্নত্। [ছুঁচ<সুচী সং+ড়া প্র.]।

সুচ'মা=[বা]—বিণ. ছুঁচো, লোভী ॥ তোরে সুচ'মার মত দেহা যায়। [দেখ সুচ'া+উয়া প্র.]।

সুচ'মা সুচ'মা=[কুম]—বিণ. মৃদুমৃদু ॥ দানের্ সুচ'মা সুচ'মা গন্দ বারৈসে। [আতিশয্যে শব্দদ্বিত্ব]।

সুচ'মুখি=[বা]—বি. কল্পিত ভয়ের মূর্তি বিশেষ ॥ তারাতারি গুমা, নৈলে সুচ'মুখিতে নিয়া যাইবো। [<সুঁচ+মুখ+ই]।

সুচ'রা=[খু]—বিণ. লজ্জাহীন ॥ সুচ'রাডা পাতের্ ভাত্ কাইড়া খায়। [দেখ সুচ'া+ড়া প্র.]।

সুচ'লা=[স]—বিণ. চোখা ॥ পেন্শিলের্ শিশ্ অত সুচ'লা কৈরনা। [< সুঁচালো]।

সুটন্=[খু]—বি. দৌড় ॥ সুটন্ দিয়ে যাও। [<ছুট+অন প্র.]।

সুটা=[সি]—বি. ছেলে ॥ তার্ এ্যাক্ সুটা আসিল্। [<ছোট+আ প্র.]।

২=[সি]—বি. সোডা ॥ সুটা দি কাপর্ দুইলে মন্দ কি তা? [< সোডা]।

সুটি=[সি]—বি. মেয়ে ॥ আপুনের্ সুটি কোনানো বিয়া দিসৈন্? [দেখ সুটা+ই স্ত্রী প্র.]।

সুটোমুটো=[সি]—বিণ. ছোটখাট ॥ সুটোমুটো মানুশ্। [<ছোট+মোট (অনুঃ)]।

সুট্=[কুম]—বি. গুলি খেলার বুলি বিশেষ ॥ গুলিডা এক্ সুটে পার্ কর্তাম্ পারুম্। [<ছুট]।

২=[ম]—ক্রি. বিণ. বাদ (পড়া) ॥ এই কতাডা লেখ্তে তার্ সুট্ পৈর‍্যা গ্যাসে। [পূর্বে দেখ]।

সুট্কয়্দ্=[সি]—বি. বেঁটেখাট শরীর ॥ পুয়াডা তার্ বাপের্ লাগান্ সুট্কয়্দের্। [<ছোট+কদ্দ আং]।

সুট্কা=[পা]—বি. দেবর (মেয়েদের মধ্যে বেশী প্রচলিত) ॥ আমার্ সুট্কায় ডাহা থাইক্যা পড়ে। [< ছোট+কা]।

সুট্কিস্=[কুম]—বি. ছোট ট্রাঙ্ক ॥ সুটকিস্ডা টিন্ দিয়া বানাইসে। [< সুটকেস্ Suitcase ইং]।

সুট্কিয়া=[নো, কুম]—বি. ছোট ছেলেমেয়ে ॥ তার্ সুটকিয়ারা বাতে কশ্ট পাইয়ের্ (নো)। [<ছোট+কিয়া প্র.]।

সুট্টি=[কুম]—বি. মাছ ধরিবার যন্ত্র বিশেষ ॥

২=[সি]—ক্রি. বিণ. ছুটি ॥ ইশ্কুল্ সুট্টি ঐ গেসে। [<ছুটি]।

সুট্পড়া=[সি]—ক্রি. উধাও হওয়া, অভাব হওয়া। বাযারে কাগযের্ সুট পর্সে। [<ছুট+পড়া]।

সুট্লে=[খু]—বিণ. ছোট ॥ সুট্লে চো'রের্ খ্যাম্তা কম্। [<ছোট+লে প্র.]।

সুডা=[কুম]—বিণ. বন্ধনমুক্ত ॥ সুডা গরু দান্ খ্যাত্ খাইয়ালাইসে। [< ছোট]।

২=[চা, চট্ট]—বিণ. খুচরা, অংশ বিশেষ, আলগা ॥ সুডা কাম্ কৈরা আর্ কয়্দিন চ'লান্ যায়্। [পূর্বে দেখ]।

সুভাখারু=[চট্ট]—বি. রৌপ্য নির্মিত চুড়ি বিশেষ ॥

সুড়ানো=[কু]—ক্রি. ছোলানো ॥ পাঠাটা সুড়াতে হবে। [<ছোলানো]।

সুড়িচ'াল্=[ফ]—বি. চৌচালা ঘরের ছোট দুইটি চাল। [<ছোট+ই+চাল]।

সুড়োহাতা=[ঘ]—বিণ. যাহার হাতে বেশী কাজ নাই ॥ মুইকি সুড়ো হাতা আচে'। কোন্ যে যমু ? [<ছোটা+হাত+আ প্র.]।

সুতর্=[খু]—বি. লজ্জা স্থান ॥ [<সতর ستر আঃ]।

সুতা দেওয়া=[চা]—ক্রি. ভুলানো, প্রবঞ্চনা করা, ফাঁকি দেওয়া ॥ সুতা দিয়া হেরে হেদিগে নিয়া গেল্। [<ছুতা (<সূত্র)+দেওয়া]।

সুতা দরা=[সি]—ক্রি. ঘা ইত্যাদি বিগড়িয়া যাওয়া ॥ [<ছুঁৎ+আ+ধরা]।

২=[সি]—ক্রি. সামান্য দোষকে বড় করিয়া দেখা ॥ আপ্নে অত সুতা দরৈন্ কিল্লায়্ ? [<ছুতা+ধরা]।

সুতি=[কুম]—বি. গর্ত ॥ চ'াইশ্ সুতিত্ নি পরস্।

সুতিবাত্=[সি]—বি. এঁটো ভাত ॥ [<ছুঁৎ+ই+ভাত]।

সুতিয়াল্=[সি, ম]—বি. ময়লা আবর্জ-নাদি ফেলিবার স্থান ॥ [দেখ সুতিসালা]।

সুতিসালা=[ব]—বি. প্রস্রাবের স্থান ॥ [দেখ সুতিবাত্; সুতি+শালা]।

সুত্=[কুম]—বি. ভূত প্রেতের কুদৃষ্টি ॥ তারে সুতে পাইসে। [দেখ সুইত্]।

সুত্নো=[কু]—বি. অছিলা, কারণ ॥ একটু সুত্নো পাইলেই তুমি আমার্ উপর্ রাগ্ কর। [<ছুতা+নো প্র.]।

সুত্মারানি=[কুম, ম]—অব্য. অশ্লীল গালি বিশেষ ॥ সুত্মারানি বেডা আমার্ যালাইয়া খাইল। [<ছুত<√চুদ (অশ্লীল)+মারা+নি]।

সুত্রা=[সি]—বিণ. নোংরামি যে পছন্দ করে না, পরিষ্কার ॥ তাইন্ বর সুত্রা টিনের্ বরতনো খাইন্না। [<সুথ্রা হিং]।

২=[ঘ]—বি. গাছের মরা ডাল বা পাতা ॥ কলার্ সুত্রা নিয়ে এশ।

৩=[ম]—বি. বিছুটি ॥ পায়ে সুত্রা পাতা লাইগ্যা কুট্কুট্ কর্তাসে।

সুত্সুত্করা=[পা]—ক্রি. ইচ্ছা হওয়া ॥ কি যানি খবার্ লাই মন্ডা সুত্ সুত্ করে। [<সুত্সত্ (অনু.)+করা]।

সুত্সোয়াত্=[কুম]—বি. খারাপ হাওয়া, স্পর্শদোষ ॥ সুত্ সোয়াত্ লাগাইশ্না গাও পাক্বো। [দেখ সুইত্+সোয়াত (অনুঃ)]।

সুদানি=[ম, কুম]—বি. অশ্লীল গালি ॥ [<√চুদ+আনি প্র.]।

সুদুবুদু=[সি]—বি. দিশা ॥ বোল্লার্ কামুরে হেয়্ সুদু বুদু পাইল্না। [<শোধ বোধ]।

সুদুর্বদুর্ পাওয়া=[সি]—ক্রি. শোধ বোধ পাওয়া ॥ তুমি কুন্তা সুদুর বুদুর্ পাওনা চ'াউলের্ দাম্ কত ঐসে ? [দেখ সুদুবুদু+পাওয়া]।

সুদ্=[সি]—বি. সময় ॥ [<শোধ]।

সুন্সান্=[সি]-ক্রি. বিণ. এলোমেলো ॥ হেতান্ আই শব্ চিয্ সুন্সান্ করিয়া দিল্। [<ছন্ন ছন্ন]।

২=[সি]—বিণ. নষ্ট, খারাপ ॥ [পূর্বে দেখ]।

সুন্নতি=[ম]—বি. খতনা ॥ সোডু পোলাডার্ সুন্নতি করান্ লাগ্বো। [<সুন্নত سنت আঃ+ই]।

সুন্নি=[কুম]—বি. যে মেয়েলোক চুরি করে ॥ [<চুন্নী<চোর+নি প্র.]।

সুন্সুন্=[চট্ট]—ক্রি. বিণ. অযথা, অকারণে ॥ সুন্ সুন্ অাঁই বাবার্তুন্ যাই। [অনু.]

সুপা=[পা]—বি. বিড়ি ॥

২=[সি]—বি. কথার ধার বা তেজ ॥ তার্ সুপার্ দারে যাওয়া মুশ্কিল্। [<চোপা]।

সুপানো=[ম]—ক্রি. গোপন করা ॥ কোনু কথাই সুপান্ বালানা। [<ছুপানা হিং]।

সুপ্=[কুম, ম]—বি. সাপ ইত্যাদির দংশন ॥ পানশ্ হাপে সুপ্ দিলে কি আর্ বাচ'ন্ আসে। [<চোপ]।

২=[কুম, ম]—বি. দুইজন লোক বাজি রাখিয়া যতক্ষণ কাজ করে সেই সময় ॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।

সুপ্পেসাপ্পে=[চট্ট]—ক্রি. বিণ. লুকাইয়া ॥ অাঁই সুপ্পে সাপ্পে হিয়ানে যাই। [<চুপে+সাপ্পে অনুঃ; দেখ সুপানো]।

সুফাসুফি কৈরা=[চা]—ক্রি. পরস্পর তাড়াতাড়ি করিয়া ॥ সুফাসুফি কৈরা দান্গুলি বাইন্যা ফালা। [দেখ সুপ্$_{2}$+আ+সুপ্+ই+করিয়া]।

সুবা=[সি]—বি. ঝোঁপ ॥ ও বন্র্ সুবার্ মাযে বাগ্ আসে। [<ঝোঁপ+আ]।

২=[সি]—বিণ. মাতব্বর, মুখ্য ॥ তাইন্ বরো সুবা। [<সুবহ্দার صوبهدار]।

সুবানো=[নো]—ক্রি. ডুবানো ॥ গাস্টা পানিত্ সুবাইয়া রাখ্। [<চুবানো]।

২=[সি]—ক্রি. দ্রুত করা ॥ সুবাইয়া কাম্ কর। [দেখ সুফাসুফি কৈরা]।

সুবি=[বা]—বি. তৈল চালার চোঙা ॥ সুবি দিয়া তেল্ ডাল্।

সুবে=[কুম]—ক্রি. বিণ. না থামিয়া ॥ সুবে কাম্ কর। [দেখ সুপ্$_{3}$+এ (বিভক্তি)]।

সুব্=[সি]—বি. নিশ্বাস ॥ এ্যাক্ সুবে কত কথা কৈল্! [দেখ সুপ্$_{2}$]।

২=[সি]—বি. দংশন ॥ হাপে সুব্ দিসে। [দেখ সুপ্]।

৩=[সি]—বি. নৌকা বাইচ ॥ সুব্ শুরু ঐ.ল না.ও যাহাযর্ লাকান্ দৌরে। [দেখ সুপ্২]।

সুবড়ি=[ফ]--বি. নারিকেলের খোসা ॥ সুব্ড়ি দিয়া দড়ি অয়্। [<ছোব্ড়া +ই]।

সুবরা=[ম]—বি. খালুই, মাছ জলে রাখার আধার ॥ সুব্রাত্ মাস্ থোও।

২=[ঢা]—বিণ. বচাল ॥ সেলেটা বর সুব্রা। [দেখ চোপা+রা প্র.]।

সুবরে=[কুম]—ক্রি. বিণ. খুব সকালে ॥ সুব্রে যা। [<সবেরে হিং]।

সুবলা=[য]—বি. ছোবড়া ॥ নারিকেলের্ সুব্লা দিয়া দড়ি হয়্। [দেখ সুব্ড়ি]।

সুমা=[নো, কুম]--বি. ষড়শির নিশানা, চিহ্ন ॥

২=[য]—বি. ছায়া ॥ গাসের্ সুমায় বশ। [<ছামা<ছায়া]।

সুম্=[সি]—বি. ক্রোধ, রাগ ॥ বেটার্ সুম্ কত কথা কৈলেই চেঁতি যায়্।

২=[চট্ট]—ক্রি. বিণ. খালি, অযথা ॥ অাঁই সুম্ বায়ারত্ ন যাই।

সুম্কা=[কু]—বি. ঘরের ছাদ ॥ সুম্কা দিয়ে পানি পড়ে।

সুম্বা=[সি]—বি. বাঁশ বা কাঠের টুক্রা (যাহা অতিরিক্ত ভাবে বৈঠার সঙ্গে সংলগ্ন থাকে) ॥

২=[সি]—বি. সাথী, সঙ্গী ॥

সুম্বাদানি=[সি]—বি. বাঁশ বা কাঠের অতিরিক্ত টুকরা (যাহা বৈঠার সঙ্গে সংলগ্ন থাকে) ॥

সুম্মা খারা=[ফ, ব]—বি. দৈত্য, শয়তান ॥ তারে সুম্মা খারায় পাইল্ নাকি? [<সম্ম খয়র ثم خير আং (অন্যত্র গেলে ভাল হইবে—এই ভাব, যাহাকে শয়তানের মন্ত্রণা বলা হয়)]।

সুম্সুমি=[নো]—বি., ক্রি. বিণ. অতৃপ্তি ॥ খাওয়ার্ পর্ খাইলেও হেতার্ সুম্সুমি ন যায়্। [অনু.]।

সুম্সুম্=[ঢা]—বিণ. গুরুত্বপূর্ণ, পরিপূর্ণ ॥ গরের্ এমুন্ সুম্সুম্ কাম্ থুইয়া যাও কৈ? [অনু.]।

সুয়া=[খু]—বি. ছায়া ॥ মান্শির্ সুয়া দাবাশ্নে। [<ছায়া]।

সুয়াই=[নো]—বি. টক শাক বিশেষ ॥ সুয়াইয়ের্ হাগ্ কত কবি?

সুয়ানি=[নো]-বি. সুকানী, জাহাজের কর্ণধার ॥ [<সুকানি<সুক্কান سکان আং+ই]।

সুয়ারি=[সি]—বি. পাল্কী ॥ সুয়ারিত্ কৈরা বৌ যায়্। [সরার سوار ফা.+ই প্র.]।

২=[চট্ট]—বি. <সুপারী ॥ পানত্ সুয়ারি লাগে আরো লাগে চুঁন্।

সুয়াল্=[পা]—বি. প্রশ্ন, ভিক্ষা ॥ [সরাল سوال আং]।

সুয়্যা মুয়্যা=[য]—বিণ. সামান্য ॥ সুয়্যা মুয়্যা বিশয় লৈয়া আপ্না আপ্নির্ মৈদ্যে কাইয্যা করা বড় শরমের্ কতা। [অনু.]।

সুরত যামালি=[ম]—বিণ. শ্রেষ্ঠা, সুন্দরী শ্রেষ্ঠা ॥ তার্ মাইয়া নাকি যুরত্ যামালি ॥ [<সুরত صورت আং+জমাল جمال আং+ই]।

সুরাই=[কুম]—বি. কুঁজা ॥ সুরাইতে পানি খুব্ ঠান্ডা থাকে। [<সুরাহী صراحی আং]।

সুরাক্=[সি, ম]—ক্রি. বিণ. ছিদ্র ॥ নাওডার্ তলাত্ সুরাক্ ঐয়ে। [<সূরাখ سوراخ ফা.]।

সুরাতা=[কুম]—বি. যাঁতি ॥ সুরাতা দিয়া শুবারি কাড। [<সরোতা হিং]।

২=[কুম]—বি. হাতীর শুঁড় ॥

সুরানি=[কুম, ম, ঢা]—বি. চাবি ॥ আমার সুরানি কৈ? [<ছোড়+আনি +প্র.]।

সুরাল্=[ঢা]—বি. ছায়া ॥ সুরালে বৈয়া এট্টু যিরাইয়া লও।

সুরাসুরি=[নো]—বি. মারামারি ॥ হোলাপানে দিন্ বৈরা সুরাসুরি করে। [<চড়াচড়ি]।

সুরি=[নো]-বি. ছোট মেয়ে ॥ সুরিডা বড় চাঁলাক্। [<ছুঁড়ী <ছোঁড় (< ছমণ্ড সং)+ই]।

২=[ফ]—বি. গরুর মুখবন্ধ (যাহাতে শস্যাদি খাইতে না পারে) ॥

সুরিচাঁল্=[ফ]—বি. চৌচালা টিনের বা ছনের ঘরের ত্রিভুজাকৃতি ছোট দুইটি চাল ॥

সুরি মাস্=[কুম]-বি. লম্বামাছ বিশেষ ॥ আম্রা সুরি মাস্ খাইনা।

সুরুখ=[ম]—বিণ. লাল ॥ আম্ডা পাক্কা সুরুখ। [<সুর্খ سرخ ফা.]।

সুরুডুরু=[সি]—ক্রি. বিণ. আয়ের দ্বারা ব্যয় কুলাইতে না পারার অভাববোধ ॥ মাশুক্মিয়া অবাবে সুরুডুরু পায়্না। [অনু.]।

সুরুদ্=চট্ট]—বি. ভরসা, বন্ধু ॥ আল্লাই বিপদে আপদে সুরুদ্। [<সুহৃদ]।

সুর্=[সি]—বি. মাছের গোঁফ ॥ পানি কমি গেলে টেংরা মাস্ সুর্ বাওয়াইয়া ফিরে। [<শুঁড় (< শুণ্ড সং)]।

সুর্তি=[বা]—বি. তামাক পাতার চূর্ণ বিশেষ ॥ সুর্তি খাওয়ন্ বালানা। [<সুরতী হিং]।

সুর্দরি=[সি]—বি. রশি বিশেষ ॥

সুর্ বাওয়াইয়া ফিরা=[সি]—ক্রি. বিপদে পড়া ॥ হে সুর্ বাওয়াইয়া ফির্তাসে। [দেখ সুর্+ভাসাইয়া+ফিরা]।

সুর্রা=[কুম]—বি. বন্দুকের গুলি ॥ বন্দুকের্ সুর্রা তার্ পায়ে বিন্সে। [<ছর্রা]।

সুলা=[ম]—বি. নিড়ানি ॥ হেইতে আলুখ্যাতে সুলা দ্যায়্। [ছোলা]।

২=[য]--বি. ছোলা ॥ [<ছোলা]।

সুলাইল্=[সি]—বিণ. বাকল ছাড়া ॥ পথ এ্যাক্ সুলাইল্ ফল্ পাইসি। [< ছোলাইল (<ছোলানো)]।

সুলানো=[সি]—ক্রি. বিদ্রূপাত্মক হাসি হাসা ॥ কারো মসিবত্ দেখ্লি অত সুলাইওনা। [<ছোলানো]।

২=[কুম]—ক্রি. লেলানো ॥ দে কুত্তা সুলাইয়া দে। [<ছুটানো]।

সুলি=[চট]—বি. মেয়েদের লম্বা আস্তিনের জামা ।। আঁর্ মাত্তুন্ সুলি নাই। [<চোলী হিং]।
২=[সি]—বি. ছুলম, চর্মরোগ বিশেষ, সাদা পাঁচড়া ।। সারা গাঅত্ বেটার্ সুলি ঐসে। [<ছুলি (<ছল্লি সং)]।
সুলুম্=[।]—বি. সাপের খোলস ।।
২=[চা, পা]—বি. কলকি ।। এক্ সুলুম্ তামুক্ দে রে? [দেখ সিলুম্]।
সুলুম্বুলুম্=[চা]—ক্রি. বিণ. ফাজলামি, তাড়াহুড়া ।। সুপুম্বুলুম্ কৈরা কোনু কাম্ করন্ বালানা। [অনু.]।
সুলুম্সুলুম্=[চা]—ক্রি. বিণ. উপরে উপরে এইটা সেইটা খাওয়ার জন্য লোভ হওয়া ।। হারাডা দিন্ অর্ মোক্টা কাল্ সুলুম্সুলুম্ করে। [অনু.]।
সুলে=[সি]—বিণ. আপোষ ।। মোকদ্দমা সুলে করি লৈলাম্। [<সুলহ صلح আং]।
সুলেনামা=[ম]-বি. সন্ধিপত্র ।। শালিশ্ বিচারে সুলেনামা লেহা ঐসে। [দেখ সুলে+নামহ্ نامہ ফা.]।
সুল্কানি=[সি]—বি. ছোট ছেলেমেয়ের সঙ্গে তামাশা ।। অত সুল্কানি বালানা। [<শ্লোক+আনি প্র.]।
সুল্তানি=[ফ]—বি. দাঁতের খিলাল ।।
সুল্না=[ব]—বি. রন্ধন কার্যে ব্যবহৃত হাতা বিশেষ ।। সুল্না দিয়া পটল্ গুলি ওলট্ পালট্ কর।
সুল্কি=[সি]—বি. বর্শা, বল্লম ।। [< শলাকা+ই]।
সুল্বাসুল্=[ম]-ক্রি. বিণ. তাড়াতাড়ি ।। মরা গরুডা সুল্বাসুল্ হগুনে খাইয়া শ্যাশ্ করল। [<ছোলা+আ+ছোলা]।
সুল্লামি=[পা]—বি. ফেরেববাজি ।। সুল্লামি এ্যাহন্ সাড়, বয়শ্ ঐসে। [দেখ সুল্লু+আমি প্র.]।
সুল্লুক্=[সি]—বি. ব্যবহার, আচরণ ।। তার্ সুল্লুক্ বালানা। [<সলুক سلوک আং]।
২=[ফ]—বিণ. মিথ্যাবাদী ।। সুল্লুক্ কোথাকার্, আমার্ লগে মিসা কতা কৈলি ? [দেখ সুল্লো]।
সুল্লো=[ব]—বিণ. জুয়াচোর ।। [দেখ সুল্লুক্]।
সুশ্টিগর্=[কুম]—বি. আঁতুরঘর ।। সুশ্টি গরত্ যাইওনা। [ষষ্ঠী ঘ.]।
সুসা=[ম]—বিণ. ওয়াদা খেলাপকারী ।। হে বর সুসা। [<ছোঁচা]।
২=[সি]—বিণ. অসৎ, দুষ্ট ।। [পূর্বে দেখ]।
৩=[সি]—বি. বীজ শূন্য ধান ।।
সুসু=[সি]—অব্য. টাকা পয়সার জন্য হাসফাস ।। অভাবে পরিয়ারে খালি সুসু করের্। [অনু.]।
সুসু করা=[সি]—ক্রি. অভাবে জর্জরিত হওয়া ।। সুসুকরি আমার্ দিন্ যায়্। [দেখ সুসু+করা]।
সুস্=[ম]—বিণ. ঠক ।। হে বর সুস্। [দেখ সুসা]।
সুস্রামি—[সি]—বি. শঠতা ।। সুস্রামি করিস্না বেটা। [দেখ সুস্+র+আমি প্র.]।
সুস্স্যা=[বা]—বিণ. পাজি, ধূর্ত ।। [দেখ সুসা]।
সুস্সন্দর্=[পা]—বিণ. পরিস্কার, পরিচ্ছন্ন ।। [<সুন্দর]।
সুহবত্=[ম]—বি. সংসর্গ, সঙ্গ ।। সুহবতে মানুশ বালা মন্দ অয়। [< সুহবত صحبت আং]।

সে

সে=[খু]—বি. গাছের কর্তিত খণ্ড বিশেষ ।। এই গাসের্ এট্টা সে আমারে দে। [<ছেদ]।
সেঅদি=[চট]—বি. চুন ।। পানতে সেঅদি লাগে। [<সীপ হিং+তি প্র.]।
সেই=[চট]—অব্য. কুকুর বা বিড়ালকে তাড়াইবার শব্দ বিশেষ ।। সেই গরলেও কুত্তাউয়া ন লরে। [ধ্বন্যা.]।
২=[ম, চা]—বি. বরবটি ।। আইস্ সেই বাধা কর। [<শীম]।
৩=[ফ]—বি. কড়াই শুঁটি ।। সেলেরা সেই খাইতে বালো বাশে। [পূর্বে দেখ]।
৪=[খু]—বি. গুড় বা নারিকেলের তৈরী পিঠা ।। [<সেমাই]।
৫=[পা]—বি. চর্মরোগ বিশেষ ।। যৌবনে মানুশের সেই রোগ্ অয়।
সেইচ'=[সি]—বি. চালের পানি পড়ার স্থান ।। সেইচে'র্ পানিত্ আত্ দিওনা। [<ছাঁইচ', ছাঁচ]।
২=[সি]—বি. বারান্দা ও উঠানের সন্ধিস্থল ।। [পূর্বে দেখ]।
সেইচ' দেওয়া=[খু]—ক্রি. পিছু লাইয়া নামা ।। [দেখ সেইচ্'+দেওয়া]।
সেইট্=[ম]—বি. হাডু-ডু খেলার পালা বা গেইম ।। আয়কা এক্ সেইট্ বেশি করসি।
সেইড়্যা=[নো]—বিণ. অনাথ, এতিম ।। পোলাগা এহেবারে সেইড়্যা। [< ছেওড় (<ছন্নস্ত সং)+ইয়া প্র.]।
সেইদ্যা লাওয়া=[কুম]—ক্রি. খুব বাহাদুর হওয়া ।। ইলিকশনে পাশ্ কৈরা সেইদ্যা লাইসে। [<ছেদিয়া+লওয়া]।
সেইর্=[কুম]—বি. তরল পায়খানা ।। মুরগিডায় সেইর্ দিসে। [<ছেড়ি]।

সেইর্ দেওয়া=[চা]—ক্রি. অকৃতকার্য হওয়া ॥ কিরে প.রিক্খার্ বুলে সেইর দিসস্ ? [দেখ সেইর্+দেওয়া ; অর্থ প্র.] ।

২=[চা]—ক্রি. পাতলা পায়খানা করা ॥ [পূর্ব দেখ] ।

সেইলা=[কুম]—বি. পুত্র ॥ আমার্ কোনু সেইলা নাই । [<ছাও (< শাব সং)+লা প্র.] ।

সেই সেই করা=[ম, নো, বা, ফ]—ক্রি. দুরছাই করা, অনাদর করা ॥ [<ছেই ছেই+করা] ।

সেউ=[কুম, ম]—বি. নৌকার উভয় প্রান্তের প্রশস্ত মাথা ॥

সেউই=[খু]—বি. পানি সেচনের টিনের তৈরী উপকরণ ॥ [<সেঁউতি <সেঁচ+তি প্র.] ।

সেউইট.টা=[কুম]—বি. ছোটবড় গবাদি ॥ আমার্ অনেক্ সেউইট্টা আসে ।

সেউড়ানো=[ফ]—ক্রি. পাতলা পায়খানা করা ॥ [দেখ সেইর্+আনো প্র.] ।

সেউরিয়া=[চট্ট]—বিণ. এতিম ॥ সেউরিয়া পুয়ার্ দিকে মুখ্ তুইল্যা চাইঅ । [দেখ সেইড়্যা] ।

সেউর‍্যা=[ফ]—বিণ. এতিম ॥ সেউর‍্যা মাইন্শেরে শাঅয্য করন্ বালা । [দেখ সেউরিয়া] ।

সেউর্=[ম]—বিণ. দুঃখী ॥ সেরাডা বর সেউর্ । [দেখ সেউর‍্যা] ।

২=[কুম]—বি. পাতলা পায়খানা ॥ [দেখ সেইর্] ।

সেঁচি=[কু]—বি. ডাবের ভিতরের কচি বা নরম শাঁস ॥

২=[চট্ট]—বিণ. বাক্যহীন, অবোধ ॥ এ্যাত গাইলালায়্, তাও সেঁচি বেডি মবান্ খুলে ন ।

সেকুচি=[খু, য]—বি. ঘণ্ট তরকারী, নিরামিষ তরকারী ॥ সেকুচি কদিন্ খাবা যায়্ ? [<ছেঁচকি ; বর্ণ বিপর্যয়] ।

সেকুট=[ম]—বি. গ্রাম্য খেলা বিশেষ ॥

সেচিঁয়া খাওয়া=[সি]—ক্রি. রুচির সহিত খাওয়া ॥ বর্মানি পেনা অনুকু গরু সেচিঁয়া খায় । [<ছেঁচিয়া খাওয়া] ।

সেচুরপারা=[পা]—ক্রি. বসিয়া বসিয়া অগ্রসর হওয়া । [দেখ সেচৈর্ দেওয়া] ।

সেচৈর্ দেওয়া=[সি]—ক্রি. কষ্ট করা ॥ অবাবে বেটায় বর সেচৈর্ দেয়র । [< ছেঁচড় (<ছেঁচড়ান)+দেওয়া] ।

২=[সি]—ক্রি. বসিয়া বসিয়া অগ্রসর হওয়া ॥ এক্ বসরের পুরা এবো আটা হিকুলনা সেচৈর্ দেয় । [পূর্বে দেখ] ।

সেচ্ কি=[বা]—বি. নিরামিষ ॥ [দেখ সেকুচি] ।

সেচ্ড়ি=[খু]—বিণ. ছ্যাচ্ড়া চোর (স্ত্রী) ॥ এ মাইয়েটা যেন্ সেচ্ড়ি । [<ছেঁচড় (<ছিত্বর সং)+ই প্র.] ।

সেচ্ নি=[ফ, বা]—বি. সেঁউতি, পানি সেঁচিবার পাত্র ॥ [<সেঁচ+নি] ।

সেচ্ রি=[ব]—বি. ভাজি ॥ কৈ মাসের্ সেচ্‌রি দিয়া বাত্ খাইলাম্ । [<ছেঁচড়া +ই. প্র.] ।

সেড়্নে=[খু]—বি. পাতলা পায়খানা ॥ গরুডার্ সেড়নে হসে । [দেখ সেইর্ +নে] ।

সেদ্‌ড়ি=[চা]—বিণ. নোংরা ॥ সেদ্-ড়িডা কোনু কামের্ না । [দেখ ছ্যাঁদাড়ে +ই প্র.] ।

সেনি=[কুম]—বি. লোহা কাটার বাটাল ॥ সেনিডা দগ্গিনা । [<ছেনি <ছেদনিকা সং ; ছেনী হিং] ।

২=[ফ]—বি. টিন কাটার যন্ত্র বিশেষ ॥ [পূর্বে দেখ] ।

৩=[ম, কুম, চট্ট]—বি. বাঁশ নিড়াই-বার যন্ত্র, ধারালো সরু বাঁকা দা ॥ [পূর্বে দেখ] ।

৪=[ফ]—বি. ঢাকনি ॥ ডেগ্‌ডার সেনিডা নামাইয়া থো । [সেনী ফা.] ।

৫=[চা]—বি. ভাজার কাঁটা ॥ মাস্-উলটানোর্ সেনিডা কৈ ? [দেখ সেনি] ।

সেনিকাচি=[কুম]—বি. পাট কাটার কাঁচি ॥ [দেখ সেনি+কাঁচি] ।

সেনিপোকা=[চট্ট]—বি. এক প্রকার কীট ॥ কার্তিক মাসে সেনি পোকা উড়লে দানের খতি অয় ।

সেন্দি=[চট্ট]—বি. বেঁটে মুগুর, দা রাখিয়া কাজ করিবার কাঠ ॥

সেপায়্=[ফ]—বি. বাতি রাখিবার উঁচু সরু গাছা বিশেষ ॥ [<সেহ্ পায়হ্ ফা.] ।

সেপ্‌টি=[খু, য]—বি. ছোট গামছা বা শাড়ি, ঝাগরা ॥

সেপ্‌লি=[চট্ট]—বি. ছোট মাছ বিশেষ ॥

২=[চট্ট]—বি. পিঠা বিশেষ ॥

সেফ্‌চি=[খু]—বি. মাছ বিহীন তরকারী ॥ [দেখ সেকুচি] ।

সেবি=[বা]—বি. ন্যাকড়া দ্বারা তৈরী ছোট মাছ ধরার উপকরণ ॥ অর্ মায় পরে সেবির্ ন্যাক্ড়া আর্ অয় করে বাবুআনা ।

সেবেদি=[কুম]—বি. চুন ॥ [দেখ সেয়দি] ।

সেব্‌ড়ি=[ফ]—বি. মুখের ফেনা বা বা ময়লা ॥ বক্‌তে বক্‌তে মুখের্ সেব্‌ড়ি উঠেসে । [<ছেপ+ড়ি] ।

সেব্‌রি=[চা]—বি. মুখের ফেনা ॥ [দেখ সেব্‌ড়ি] ।

সেম্সাগল্=[সি]—বি. বাচ্চা দেয়ার বয়সের মাদী ছাগল । [<ছেমড়ি (< ছমণ্ড সং)+ছাগল] ।

সেমুড়ি=[কু]—বি. নৌকার মাথা ॥ [দেখ সেউ+মুড় (<মুণ্ড সং)+ই] ।

সেমুটিয়া রাখা=[সি]—ক্রি. যত্ন করিয়া রাখা ॥ [তুং সমেট্না হিং] ।

সেম্‌লি—[চট্ট]—বি. খাদ্য বিশেষ ॥

সেম্‌রি=[ফ]—বি. মেয়ে ॥ [<ছেমড়া (<ছমণ্ড সং)+ই স্ত্রী প্র.] ।

সেয়্যরা=[চা]—বিণ. এতিম ॥ সেয়্যরা সেরাডারে দুউডা পৈশা দেও । [দেখ সেইড়্যা] ।

সেরি=[ফ, ম]—বি. বালিকা ॥ সেরিডা খুব্ শুনদরি । [দেখ সেইলা ; <ছেলী শাব+ল+ই স্ত্রী লিঙ্গ] ।

সেরিবেরি=[ঢা]—বি. গালি বা ঠাট্টার বুলি বিশেষ।। [দেখ সেরি+বেরি (অনুঃ)]।

সেরিয়া আগা=[ফ]—বি. পাতলা বাহ্য।। খেশারির ডাইল্ খাইয়া সেরিয়া আগা ঐসে। [দেখ সেইর্+আ+হাগা]।

সেলি=[কু, পা]—বি. ছেলে, পুত্র।। সেলিপেলি বড় গোল্‌মাল কর্‌তাসে। [<ছেলে; দেখ সেইলা]।

২=[ম]—বি. ছাগল।। সেলিডারে খুডা দে। [<ছাগল+ই]।

৩=[কুম]—বি. লাকড়ি।। আমের্ সেলি ব.লা। [<চেলা+ই]।

সেলিংগি=[কুম]—বি. দারকিনা মাছ, মাছ বিশেষ।।

সেলিবেলি=[কুম]—বি. একপ্রকার মাছ।। সেলিবেলি মাস্ মাইন্‌শে খায় না।

সেলিয়া=[ম]—বি. ছেলে, পুত্র।। তার্ সেলিয়াডা কুনু কামের্ না। [দেখ সেইলা ; ছাও <শাব+লি+ক প্র.]।

সেলিরেহেমি=[চট]—বি. আদান প্রদান।। [<সিলঃ রহম صلہ رحم আং+ই ; মূল অর্থ আত্মীয়ের সঙ্গে যোগাযোগ]।

সেসৈর্ দেওয়া=[সি]—ক্রি. বসিয়া বসিয়া অগ্রসর হওয়া।। [দেখ সেচৈ'র্ দেওয়া]।

স্যা

স্যাআই=[চট]—বি. কালি।। দোয়াই-তে স্যাআই নাই। [দেখ সিয়াই]।

স্যাঐরা=[ঢা, কুম]—বিণ. এতীম, পিতামাতাহীন।। স্যাঐরা মাইয়াডারে কে দেহা হুনা কর্‌ব? [দেখ সেইড়া]।

স্যাঐরাদেঐরা=[ঢা]—বি. যাহার আদর করিবার কেহ নাই।। স্যাঐরা দেঐরা পোলা পাইনের্ কৈয্যা দাগ্ লাগা।

স্যাও=[পা]—বি. লাঙ্গল তুলিয়া ধরা।। লাংগল্ অতো স্যাও কৈর‍্যা দিলেকি চ'াক্‌কা অয়্?

২=[ফ]—বি. গাছের গুড়ি।। এই স্যাওখানে বালা তক্তা হবে। [দেখ সেউ]।

৩=[ব]—বি. কাপড়ের টুকরা।। কাপড়ের্ স্যাওটা তুলে রাখ। [দেখ স্যাও$_{১}$]।

৪=[খু]—বিণ. নিচু।। স্যাও ঘরে হুঁশ্ কৈরা ডুইকো।

৫=[সি]—বি. নৌকার গলুই।। [দেখ স্যাও$_{২}$]।

স্যাওচ'=[য]—বি. সেঁউতি।। [<সেচক]।

স্যাওটা=[পা]—বি. গরু।। স্যাওটা গাশ্ খায়্।।

২=[পা]—বিণ. নব যৌবন প্রাপ্ত।। স্যাওটা গাই। [<সোমত্ত<সমর্থ সং]।

৩=[কু]—বিণ. অকেজো।।

স্যাওটার্ তলে থাকা=[পা]—ক্রি. স্ত্রৈন হওয়া।। তুমি এত স্যাওটার্ তলে থাক ক্যা?

স্যাওট্=[খু]—বি. সেঁউতি।। [<সেঁউতি]।

২=[বা, ব, পা]—বি. মহিষ, গরু।।

৩=[সি]—বি. ছায়া।। মানুশ্‌টার্ স্যাওট্ দেখ্‌লাম্। [<ছায়া+ট]।

৪=[সি]—বি. ক্ষণিক।। তার্ লগে স্যাওটের্ দেখা ঐসিল্। [দেখ স্যাওট্$_{৩}$]।

স্যাওট্ দড়ি=[খু]-বি. কাছা, উত্তরীয়।।

স্যাওড়্=[নো]-বিণ. এতিম।। স্যাওড়্ সেরাডারে যত্‌ন কৈর। [দেখ সেউর্]।

স্যাওত্=[খু,য]-বি. পানি সেঁচার পাত্র বিশেষ।। [দেখ স্যাওট্]।

স্যাও দেওয়া=[ঢা, ব, কুম]—ক্রি. কাটিয়া খণ্ড করা।। গাস্‌টা দুই স্যাও দেও। [সেউ <ছেদ সং+দেওয়া]।

স্যাও বাইর্=[পা]—বি. আগাপাছা, আরম্ভ ও শেষ।। তার্ কথার্ স্যাও বাইর্ নাই। [দেখ সেউ+বাড় (<বৃদ্ধি)]।

স্যাওয়া=[কুম, ঢা]—বি. ছায়া।। সাগ-ল্‌ডা স্যাওয়াত্ বান্‌দ। [<ছায়া]।

স্যাওয়ানো=[ম]—ক্রি. খণ্ড খণ্ড করা।। বাশ্‌টা স্যাওয়াইয়া লাইসে।। [স্যাও <ছেদ+আনো প্র. ; নামধাতু]।

স্যাওয়াল্=[ঢা]—বিণ. হাল্কা।।

স্যাওরা=[কুম]—বি. ছায়া।। উডানে গাসের্ স্যাওরা পরে।। [দেখ স্যাওয়া]।

২=[সি]—বিণ. ভবঘুরে।। পোলাডা স্যাওরা। [<সয়্যার سیار আং]।

৩=[ম]—বিণ. অনাথ, এতিম।। [দেখ সেইড়া]।

স্যাওলা=[খু]—বিণ. ছোটলোক।। তোর্ মত স্যাওলা আমি না। [<সিফ্‌লঃ سفلہ আং]।

স্যাং=[সি]—বি. বাঁশ বা কাঠের চোখা কুচি, কাঁটা।। দেখিয়া আটিও, নাইলে পাওয়ের্ দি স্যাং হান্দাইবো। [<শিং]।

স্যাংগ=[সি]—বি. কাঠ বা বাঁশের তীক্ষ্ণ অংশ।। পাও দি স্যাংগ হামাইসে। [দেখ স্যাং]।

স্যাংগত্=[ম]—বি. রাগ।। কথা না কৈতেই স্যাংগত্ কৈরা উঠ্ ক্যা? [হবন্যা.]।

স্যাংগা=[ম, নো]—বিণ. আধাভাজা, ছাই, শুষ্ক।। মাসটা স্যাংগা ঐয়া গেসেগা। [<সেঁক+আ]।

২=[ঢা, কুম, পা, ম]—বি. এক প্রকার বড় বিছা জাতীয় পোকা।। স্যাংগা গায়্ লাগ্‌লে গাও খাইয্যাইয়া ফুইল্যা যায়্।

স্যাংগানো=[কুম, ঢা]—ক্রি. পোড়া দেওয়া।। যংলি যাইত্ মাংশ স্যাংগাইয়া খায়্। [দেখ স্যাংগা+পোড়া]।

স্যাংগাপোরা=[ঢা]—বিণ. অর্ধপোড়া একেবারে পুড়িয়া যাওয়া।। লুডিডা

সাংগা পোরা ঐয়া গেসে। [দেখ স্যাংগা+পোড়া]।

২=[ঢা]—বিণ. স্বল্প।। বাস্‌সাডা স্যাংগাপোরা গুম্‌ গুমায়্‌। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

স্যাংগারাইয়া=[সি]—বিণ. অল্পেই যে রাগ করে।। মানুশ্‌টা বর স্যাংগারাইয়া পট্‌ করি গুশা করে। [দেখ স্যাংগা+রাগ+ইয়া]।

স্যাংটা=[ব]—বি. শিক্ষা।। এমন্‌ স্যাংটা পাসি যিনি ভুল্‌বনা। [দেখ সাংগা]।

স্যাংপাগ্‌লা=[কুম, নো]—বিণ. বৌ পাগল।। সাং পাগ্‌লা মাইন্‌শে বিদেশে থাক্‌তো পারে না।

স্যাংরামি=[সি]—বি. গোলমাল।। স্যাংরামি করিস্‌না।

স্যাংস্যাং=[সি]—বিণ. খিট্‌খিটে, বদ মেজাজী।। [অনু.]।

স্যাংস্যাং করা=[ঢা]—ক্রি. প্যান প্যান করা।। এত স্যাং স্যাং কর্‌লে কলাও ঐত না। [দেখ স্যাং স্যাং+করা]।

স্যাংস্যাংগা=[পা]—বিণ. খিটখিটে।। স্যাংস্যাংগা মেযায়্‌। [দেখ স্যাং স্যাং+আ]।

২=[সি]—বি. কড়া।। রৈদ্‌ডা বর স্যাংস্যাংগা। [পূর্বে দেখ]।

স্যাংস্যাংগি=[পা]—বি. ক্ষুধার সময় সামান্য খাওয়ার পর আবার খাওয়ার ইচ্ছা।। [দেখ স্যাং স্যাং+ই]।

স্যাংস্যাংগি করা=[সি]—ক্রি. গরমে অস্থির হওয়া।। মোডা বেডাডা গরমে বর স্যাংস্যাংগি করের্‌। [দেখ স্যাংস্যাংগি+করা]।

স্যাঁঅর্‌=[চট্ট]—বিণ. মাতৃপিতৃহীন।। স্যাঁঅর্‌ পোলারে আদর্‌ কৈর। [দেখ সেউর্‌]।

স্যাঁঅলি=[চট্ট]—বি. খররা মাছ।। পানির্‌ তলত্‌ স্যাঁঅলি খেলা করের্‌।

স্যাঁঅলিফুল্‌=[চট্ট]—বি. শেফালিকা।। আরার্‌ বাগানত্‌ স্যাঁঅলি ফুলের্‌ গাস্‌ আসে। [শেফালী ফুল]।

স্যাঁকে দরা=[ব]—ক্রি. নাছোড় বান্দা হইয়া ধরা।। তাকে স্যাঁকে দর্‌লাম্‌ তবু শুন্‌লেনা। [<ছাঁকিয়া+ধরা]।

স্যাঁক্‌=[চট্ট]—বি. অবসর, বিরাম।। তুফান্‌ স্যাঁক্‌ দিয়ে।

স্যাঁয়র্‌=[চট্ট]—বিণ. মাতৃপিতৃহীন।। স্যাঁয়রর্‌ যতন্‌ গর। [দেখ সেউর্‌]।

স্যাঁস্‌রানো=[চট্ট]—ক্রি. হেঁচড়ানো।। [<হেঁচড়ানো]।

স্যাকন্‌=[ঢা]—ক্রি. সোজা করা।। বাশের্‌ গিডুডা স্যাকন্‌ লাগ্‌ব। [√সেঁক+অনু.]।

স্যাকা=[ঢা]—ক্রি. কিঞ্চিৎ গরম করা। পুডিডা স্যাইকা খাও। [<সেঁকা]।

স্যাকাল্‌=[ফ]—বি. চেহারা।। [<শকল شكل আং]।

স্যাকো=[খু]—বিণ. বোকা।। আমাকে কি স্যাকো পেয়েসে?

স্যাক্‌=[ম]—বি. সেঁক, তাপ।। ওর্‌ বুকে স্যাক্‌ দেও। [<সেঁক]।

স্যাক্‌কা=[পা]—বি. চেহারা, শ্রী, স্বাস্থ্য।। এবার্‌ যমিতে দানের্‌ স্যাক্‌কা বালৈ দেহা যায়্‌। [<সীগঃ صيغه আং]।

স্যাক্‌ দেওয়া=[পা, ঢা, কুম]-ক্রি. ধরা, অবসর হওয়া, বিরতি হওয়া।। বিশ্‌টি একটু স্যাক্‌ দিলেই আমি বাইরে যামু। [দেখ স্যাঁক্‌+দেওয়া]।

স্যাখ্‌=[সি]—বি. অবসর, সন্ধিক্ষণ।। কোনু এক্‌ স্যাখে আইও। [দেখ স্যাঁক্‌]।

স্যাগস্‌তো=[খু]—বি. কষ্ট।। ফকির্‌ডা খুদায়্‌ স্যাগস্‌তো পাইতিসে। [<শিকস্ত شکست ফা.]।

স্যাগম্‌=[ম]—বি. মই।। স্যাগম্‌ যুরিয়া খ্যাতে মৈ দ্যাও।

স্যাগা=[সি]—বি. পাটার অন্তর্গত ভূমি।। [<সীগাঃ صيغه আং]।

২=[ম]—বি. গোষ্ঠী, শ্রেণী।। মানুশ্‌টা কুনু স্যাগারৈ না।

৩=[সি]—বি. প্রথমে পিছে হাটিয়া পরে লাফ।। স্যাগায়্‌ [illegible]না পার্‌ ঐ গেলাম্‌।

৪=[কুম]—বি. নেশা, গর্ব।। গরিব্‌ ঐয়া গেলেও চ'দুরিগ চ'লুতি সিফতের্‌ স্যাগা অহনো কমে নাই।

স্যাগাইট্‌=[কুম]—বি. উদুখলের মুষল।। স্যাগাইট্‌ সারা কি আত্‌ দিয়া কাইলে কাম্‌ করমু। [দেখ সিয়া$_1$]।

স্যাগানো=[সি]—ক্রি. লাফ দেওয়া।। পুয়াডায়্‌ স্যাগাইয়া বহুত্‌ দুর্‌ যায়্‌। [দেখ স্যাগা+নো প্র]।

স্যাগার্‌=[ম]—বি. বাড়ির চতুর্দিকের বেড়া।।

স্যাচ'র্‌=[ম]—বি. বুনোজায়গা।। বন্‌ স্যাচ'রে গুইরোনা।

২=[ম]—বিণ. কাঙ্গাল।। এমন্‌ স্যাচ'র্‌ যে আলুর্‌ বাক্‌লা পর্‌যন্ত ফালায়্‌না। [দেখ সেচ্‌'ড়ি]।

৩=[সি]—বিণ. বেহায়া ধড়িবাজ।। [পূর্বে দেখ]।

স্যাচ'া=[বা]—ক্রি. অত্যাধিক প্রহার করা (বিশেষ ক্ষেত্রে ব্যবহৃত)।। চে'র্‌ ডারে পুলিশে আস্‌সা কৈরা স্যাচি'সে। [<ছেঁচা]।

২=[বা]—ক্রি. থেঁতলানো।। আদা স্যাইচ'া রশ্‌ লও। [পূর্বে দেখ]।

৩=[য, ব]—বি. বাঁশের বাখারি বা চটা।। স্যাচ'ার্‌ বেড়া।। [<চাঁচ (<চঞ্চা সং)]।

৪=[চট্ট]—বিণ. মিথ্যা।। স্যাচ'া কথনর্‌ শময়্‌ ঐয়ে।

৫=[সি, ঢা, চট্ট]—ক্রি. বিণ. কোটা, শক্ত শাস্তি।। বেটারে চু'র্‌ পাইলায়্‌নি, অত স্যাচ'া দিলায়্‌! [দেখ স্যাচ'া]।

স্যাচ'া ওযন্‌=[ঢা]—বি. বেশী ওজন।। কাডল্‌ডার্‌ স্যাচ'া ওযন্‌। [দেখ স্যাচ'া$_5$+ওযন وزن আং]।

স্যাচ'াবয়ার্‌=[ম]—বিণ. অভিজ্ঞ।। স্যাচ'াবয়ার্‌ মাইন্‌শেরে মাম্‌লায়্‌ আরান্‌ দায়্‌। [দেখ স্যাচ'া$_5$+ভার্‌]।

স্যাচ'াশরিল্‌=[কুম]—বি. শক্তিশালী দেহ।। স্যারাডার্‌ স্যাচ'া শরিল্‌। [দেখে স্যাচ'া$_5$+শরীর]।

স্যাচে'=[খু]—বি. ঘরের চালের পানি পড়িবার নর্দমা।। 'স্যাচে'র্‌ পানি চা'লে উঠেনা'—প্রবাদ। [<ছাঁইচ+এ]।

স্যাচেঁানি=[বা]—বি. পান, সুপারী পিষিবার যন্ত্র।। স্যাচেঁানি নিয়া আয়্। [<ছেঁচ্+নি প্র.]।

স্যাচেঁার্=[বা, ম, পা, চা]—বিণ. লম্পট, ছিচকে, ধূর্ত।। তুই একটা স্যাচোর্। [দেখ সেচ্‌ড়ি]।

স্যাচ্‌চ'র্=[চা]—বিণ. লোভী, লজ্জা-হীন, পেটুক।। বাপ্ মরা সাইল্যা স্যাচ্‌চ'র্ অর্। [দেখ স্যাচোর্]।

স্যাচ্‌চার্=[ফ]—বিণ. দুষ্ট প্রকৃতির।। [দেখ স্যাচ্'চ'র্]।

স্যাচ্‌ড়া=[য]—বিণ. শয়তান।। তুই এ্যাকটা আশল্ স্যাচ্'ড়া। [দেখ স্যাচোর্]।

২=[খু]—বি. তালার অভ্যন্তরস্থ যন্ত্র বিশেষ।। চাবি স্যাচ্'ড়ায়্ বাদান্ শেনা হলে খুল্‌বি নানে।

৩=[পা]—বিণ. পোড়া।। পাক্‌ঘর্ থাইক্যা স্যাচ'ড়া রয়্ আইত্যাসে। [দেখ সেচ্'রি]।

স্যাচ্‌নে=[খু]—বি. বর্ষায় চালের পানি পড়ার স্থান, ছাঁচতলা।। [দেখ স্যাচ্'ড়া]।

স্যাচ্‌রা=[চা]—বি. লম্পট, দুশ্চরিত্র।। [দেখ স্যাচ্'ড়া]।

স্যাচ্‌রামি=[সি]-বি. কথার খেলাপ।। [দেখ স্যাচ্‌রা + মি প্র.]।

২=[ম, পা]—বি. ফাঁকিবাজী, ধোঁকা বাজী।। আর্ কি কর্‌বো. স্যাচ্'রামি কৈর‍্যা খায়্। [পূর্বে দেখ]।

স্যায্=[ম]—বিণ. শায়েস্তা।। দুশ্‌ট মাইন্‌শেরে শ্যায্ করন্ মশ্‌কিল্। [< সোজা]।

স্যায্‌দা=[খু]—বি. নতিস্বীকার।। খোদাকে স্যায্‌দা কর্। [<সিজ্‌দঃ سجده আঃ]।

স্যাটা=[ম]—বি. বদনি।। আমি স্যাটায়্ কাম্ কর্‌তাসি।

স্যাটেল্=[খু]—বি. মীমাংসা।। আর্ একটা স্যাটেল্ কর্‌তি হবে। [< সেটল্ settle ইং]।

স্যাড়াইয়া=[নো]—বিণ. এতিম।। [দেখ সেইড়্যা]।

স্যাড়ানো=[খু, য, নো]—ক্রি. পাতলা মলত্যাগ করা।। শারা পথ্ কে স্যাড়ায়ে রেখেসে। [দেখ. সেইর্+ আনো]।

স্যাড়্=[খু]—বি. নরম মল।। কাচা গাশ্ খাওয়ায় গরুটার্ স্যাড়্ ঐসে। [দেখ সেইর্]।

২=[য]—বি. ছড়া, প্রলেপ, সেঁচ।। উঠানে গবরের্ স্যাড়্ দ্যাও। [< ছড়া]।

স্যাড়্ সেড়াইয়া=[ফ]—ক্রি. বিণ. পিছলাইয়া।। শে গাসেত্থনে স্যাড় সেড়াইয়া পড়িল্। [<স্যাড়্ স্যাড়্ (অনু.)+আ+ইয়া]।

স্যাতরের্ মত অওয়া=[ম]—ক্রি. খুব কাবু হওয়া।। পোলাডা যরে দৈরা অ্যাহাবারে স্যাতরের্ মত ঐয়া গেসেগা। [<স্যাতর<ছিত্বর সং+এর (সম্বন্ধে) +মত হওয়া]।

স্যাতা=[পা, খু]—বি. ময়লা।। তোমার্ গাও বরা স্যাতা। [<ছাতা(<ছত্রাক সং)]।

স্যাতাসিতা=[পা]—বি. হাবিজাবি, ময়লা, জঙ্গল।। গরের্ স্যাতাসিতা শাফ্ কর। [দেখ স্যাতা+সিতা (অনুঃ)]।

স্যাতারা=[ম]—বি. সেতার, তিনতার বিশিষ্ট বাদ্যযন্ত্র।। স্যাতারা বাযাইয়া গাহান্ গায়্। [সিতারহ্ ستاره ফা.+ আ]।

স্যাত্=[বা]—বি. সেঁক।। ইংগাশনে নুন্‌দিয়া স্যাত্ দেওয়া বালা। [< সেঁক]।

স্যাত্ করা=[য,কু]—ক্রি. নাকঝাড়া।। তোর্ নাক্‌ভরা শিরেন্ স্যাত্ করে ফেল্। [দেখ স্যাত্৩+করা]।

২=[ফ]—ক্রি. রাগ হওয়া।। এ্যাত স্যাত্ করস্ ক্যা ?

৩=[খু, য, পা]—ক্রি. হঠাৎ প্রাণে লাগা।। সেলের অশুক্ শুইন্যা পরান্ স্যাত্ কৈরা উড়ল (পা)। [দেখ স্যাত্২ +করা]।

স্যাত্ করি=[খু]—ক্রি. বিণ. তাড়াতাড়ি।। স্যাত্ করি আইশো। [দেখ স্যাত্৩+করিয়া]।

স্যাত্‌খানা=[চা, ম]—বি. পায়খানা।। [<সিহ্‌হত্ صحت আঃ+খানহ্ خانه ফা.]।

২=[চা, খু]—বি. নোংরা স্থান।। যাগাডা স্যাত্‌খানা ঐরা দৈসে। [পূর্বে দেখ]।

৩=[সি]—বি. কাদা, কর্দমাক্ত স্থান।। গরে স্যাত্ খানা লাগাইওনা। [পূর্বে দেখ]।

স্যাত্‌প্যাত্=[ম]—ক্রি. বিণ. খুব তাড়াতাড়ি।। স্যাত্‌প্যাত্ কাম্‌ডা হ্যাশ্ কর্। [দেখ স্যাত্৩+প্যাত্ (অনুঃ); তুং ঝটপট]।

স্যাত্‌রা=[ম]—বি. ডলনা, মাঝখানের বাঁশ বা কাঠ।। বোযার্ বারে গারির্ স্যাত্‌রা বাইংগা গেসেগা।

২=[ম]—বিণ. খালি।। গাইডার্ প্যাট্ স্যাত্‌রা ঐয়া রৈসে।

স্যাত্‌রানো=[চা]—ক্রি. খ্যাঁতলাইয়া ছড়ানো।। মাথা এ্যাক্‌দম্ স্যাত্‌রাইয়া ফালামু। [<ছত্র+আনো প্র.]।

স্যাত্‌রা ব্যাত্‌রা=[চা, কুম]—ক্রি. বিণ. ইতস্ততঃ ছড়ানো।। যিনিশ্-গুনা স্যাত্‌রা ব্যাত্‌রা ঐয়া রৈসে। [দেখ স্যাতরানো ; ব্যাত্‌রা (অনুঃ)]।

স্যাত্‌স্যাতাইয়া উঠা=[সি]—ক্রি. ক্রোধে জ্বলিয়া উঠা।। [দেখ স্যাত্‌স্যাত +আ+ইয়া+উঠা]।

স্যাত্ স্যাত্=[সি]—ক্রি. বিণ. হাহাকার।। মন্‌ডা খালি স্যাত্‌স্যাত্ করের্। [দেখ স্যাত্ ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

স্যাত্ স্যাত্ করা=[চা]—ক্রি. মায়া মমতা বা বিচ্ছেদের কথা মনে হইয়া বার বার অন্তর জালিয়া উঠা।। [দেখ স্যাত্ স্যাত্+করা]।

স্যাথানো=[চট্ট]—ক্রি. কষ্ট দেওয়া।। শে আঁরে খুব্ স্যাথাইল্। [তুং সতানা হিং]।

স্যাদন্=[কুম]—ক্রি. লঙ্ঘন করা ॥ আমার্ কথা স্যাদিশ্না। [<ছেদন]।

স্যাদর্=[পা]—বিণ. দুষ্ট ॥ তোমার্ মত স্যাদর্ লোক্ আর্ নাই। [< ছেঁচড়]।

২=[বা]—বিণ. অপরিষ্কৃত ॥ স্যাদরের্ নাহান্ কাম্ হারম্ না। [পূর্বে দেখ]।

৩=[ম, ঢা, য, বা]—বিণ. লোভী, যে শুধু খাইতে চায় ॥ তোমার্ নাহান্ এত স্যাদর্‌ত আর্ দেহি নাই।

স্যাদর্ ব্যাদর্=[য]—বিণ. বিশৃঙ্খল ॥ স্যাদর্‌ব্যাদর্ কাম্ আমার্ পসন্দ হয় না। [দেখ স্যাদর্+ব্যাদর (অনু.)]।

স্যাদা=[পা]—বিণ. ছিদ্র ॥ হাড়িটা স্যাদা। [<ছ্যাঁদা (<ছিদ্র সং)]।

২=[ক]—বিণ. নির্গুণ, অকর্মন্য ॥ স্যাদা মাইয়া লোক্ লৈয়া ঘর্ করন্ যায় না। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

৩=[সি]—বি. সজারু ॥

স্যাদাড়ি=[ক]—বিণ. ফাজিল বা বদমায়েশ ॥ সেড়িডা এ্যাক্ নম্বরের্ স্যাদাড়ি। [দেখ স্যাদর্+ই স্ত্রী প্র.] ॥

স্যাদাড়ে=[খু, য]—বিণ. নোংরা ॥ এই স্যাদাড়ে মায়ে কন্ যাশ্? [দেখ স্যাদাড়ি]।

স্যাদা থাকা=[কুম]—ক্রি. স্মরণ থাকা (শ্লেষার্থে) ॥ তোমারে ·যে চ'াইল্ আন্‌তাম্ কৈসিলাম্ তার্ স্যাদা আসিল্ না। [<শোধ (বোধ+আ) থাকা]।

স্যাদানো=[কুম]—ক্রি. ঘৃণা করা ॥ গরিব্ বলিয়া স্যাদাইবেন্ না। [দেখ স্যাথানো]।

স্যাদাবেদা=[ম, য]—বিণ. বিশৃঙ্খল ॥ স্যাদাবেদা কামে উন্নতি নাই। [দেখ স্যাদর্ ব্যাদর্]।

স্যাদাব্যাদা=[ফ, ঢা]—ক্রি. বিণ. কোনরকমে সারা ॥ কাম্‌ডা স্যাদাব্যাদা করস্ ক্যা? [দেখ স্যাদা বেদা]।

স্যাদায়া=[কুম]—ক্রি. এলোমেলো করিয়া ॥ [দেখ স্যাত্‌রানো]।

২=[কুম, ফ]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ স্যাদাইয়া কাম কর। [< ছেদিয়া]।

স্যাদালি=[খু]—বি. কপট প্রণয় ॥

স্যাদোর্=[পা]—বিণ. ছিঁচকে, লোভী ॥ [দেখ স্যাদর্]।

স্যাদ্=[সি]—বি. আঘাত, কোপ ॥ এ্যাক্ স্যাদে বোলি। [<ছেদ]।

২=[চট্ট, ঢা, কুম]—বি. জেদ, অভিমান, অহঙ্কার, রাগ ॥ হেতে স্যাদ্ করি চ'লি গেল্। [<জেদ <যিদ্দ ضد আং]।

স্যাদ্‌ড়া=[ব]—বিণ. চালাক, ধূর্ত ॥ সোড়াডা বড় স্যাদ্‌ড়া। [দেখ স্যাদর্]।

স্যাদ্দর্=[ম]—বিণ. ছ্যাচড়া চোর, যে অতি সামান্য জিনিস চুরি করে ॥ [দেখ স্যাদ্‌ড়া]।

স্যাদ্‌না=[ক]—বি. হাতলবিহীন ছোট দা ॥ [<ছেদ+না প্র.]।

স্যাদ্‌লা=[কু]—বি. ইচ্ছা ॥ আমি বাযারে যাই আর্ না যাই শেটা আমার্ স্যাদ্‌লা। [<সাধ+লা]।

২=[খু, য]—বি. শ্যাওলা জাতীয় জলজ আস্তরণ, ময়লা ॥ পুকুরের্ পাকা ঘাটে স্যাদ্‌লা পড়েসে। [<ছাতুলা]।

স্যানা=[পা]—ক্রি. হাত দিয়া মাখা বা নাড়া চাড়া করা ॥ চ'াইল্‌গুলা স্যানাস্ ক্যা? [<ছানা]।

২=[ম]—বি. চিনি তৈরীর ছোট হাতিয়ার ॥ স্যানা দিয়া চি'নি উডাও। [দেখ সেনি+আ; বৃহদার্থে]।

৩=[চট্ট]—বি. স্নেহ ॥ হিতে অ'ার্ পোয়ারে বর্ স্যানা করে। [<স্নেহ]।

৪=[নো]—ক্রি. বিণ. ছিদ্র, ছেঁড়া ॥ পাইলাডা স্যানা ঐ গেসে। [<ছেঁদা]।

৫=[ম]—বি. ভর্তা ॥ বেগুনের্ স্যানা দা বাত্ খাইসি। [<ছানা (<ছিন্নক সং)]।

৬=[ম]—বি. দা, সুতারের একটি অস্ত্রের নাম ॥ [দেখ স্যানা$_{২}$]।

৭=[ম]—বি. ছাগল বা বাছুর বাঁধিবার বিশেষ ধরনের দড়ি ॥ স্যা া দিয়া সাগল্‌ডা বান্দ। [<ছাঁনা]।

৮=[চট্ট]—বি. শোক, আঘাত ॥ মেয়ে মারা যাওয়ায় লোক্‌টা খুব্ স্যানা পাইসে।

স্যানা লাগন্=[চট্ট]—ক্রি. স্নেহ বঞ্চিত হওয়া ॥ মা মরি যাঅনে তার্ স্যানা লাগি গেইয়ে। [দেখ স্যানা$_{৩}$+লাগ্+অন প্র.]।

স্যানাল্=[পা]—বিণ. দুষ্ট, খারাপ ॥ স্যানাল্ বেডি। [<ছিনাল]।

স্যানের্ স্যানের্=[নো]—অব্য. ঘ্যান ঘ্যান, প্যানপ্যান ॥ হোলাগা বড় স্যানের স্যানের্ করে। [অনু.]।

স্যানো=[পা, ফ]—বিণ. সরু, চিকন ॥ একটা স্যানো বাশ্ আইনো। [< চিকন+ও]।

স্যানো অওয়া=[সি]—ক্রি. ক্ষেপিয়া যাওয়া ॥ লোক্‌টা স্যানো ঐয়া গেসে ॥ [<ছন্ন+হওয়া]।

স্যান্=[ঢা, ম, পা]—বি. লম্বা দা ॥ খাযুর্ গাস্ কাডনের্ স্যান্‌ডা কৈ? [দেখ স্যানা$_{২}$]।

২=[কু]—বি. স্নান, গোসল ॥ আমি পুকুরে স্যান্ করি। [<স্নান]।

৩=[ঢা]—ক্রি. বিণ. হঠাৎ, তাড়াতাড়ি ॥ ওয়্ খালি স্যান্ কৈর‍্যা রাইগ্যা ওডে। [অনু.]।

স্যান্চ'া=[পা]—বি. ঘরের চালের নিচের বেড়ার বাইরের অংশ ॥ [< খাঁইচ]।

স্যান্তরো=[খু]—ক্রি. বিণ. হঠাৎ ॥ স্যান্তরো রাগ করো কেন্?

স্যান্দা=[য]—বি. খেজুর গাছ কাটার দা ॥ স্যান্দাডা দাও। [দেখ স্যাদ্‌না]।

২=[সি, য, বা, নো, কুম]—বি. ছিদ্র, পথ ॥ কাঠে একটা স্যান্দা কর। [<ছেঁদা <ছিদ্র সং]।

স্যান্দালি=[খু]—বি. কপট প্রনয়, রঙ্গরস ॥ ওশব্ তার্ স্যান্দালি। [< ছেঁদো+আলি প্র.]।

স্যান্দোর্=[য]—বিণ. বদমায়েশ ॥ রহিম্‌ত বড় স্যান্দোর্। [দেখ স্যাদর্]।

স্যান্নেত.=[বা]—বি. তৈল ও রসুনের

ফোড়ন ॥ ডাইলে স্যান্নত্ দিলে মযা লাগে। [ধ্বন্যা.]।

স্যান্নের্=[চা]—ক্রি. বিণ. তাড়াহুড়া, রাগ দেখান ॥ ওয় খালি স্যান্নের করে। [অনু.]।

স্যান্সেনানো=[চট]—ক্রি. কোন তৈলাক্ত দ্রব্য উত্তপ্ত হইবার সময় শব্দ হওয়া ॥ ঘি আগুনে দিলে স্যান্‌-সেনাইয়া উডে। [<স্যান্স্যান্ (অনু.) +আনো প্র.]।

স্যান্সেনি=[চট]—বি. বিরক্তিকর উক্তি ॥ তার্ স্যান্সেনি আঁর্ ভালা লাগে ন। [দেখ স্যান্সেনানো]।

স্যান্স্যানে=[য, খু]—বিণ. ব্যস্ত ॥ কি স্যান্স্যানে সেলেমেয়েরে বাবা! [দেখ স্যান্স্যান্+এ]।

স্যান্স্যান্=[বা]—বি. ধূর্তামি ॥ এ্যাত স্যান্স্যান্ কর ক্যা? [অনু.]।

২=[ফ, পা]—ক্রি. বিণ. বিরক্ত ॥ তার্ শৈল্লে হাত্ লাগায় স্যান্স্যান্ কৈরা উঠ্সে। [পূর্বে দেখ]।

স্যান্স্যান্ করা=[খু, য, চা]—ক্রি. খিটিমিটি করা ॥ অমন্ স্যান্স্যান্ করিশ্ কেন্? [দেখ স্যান্স্যান্₂+ করা]।

২=[পা]—ক্রি. ব্যথা হওয়া, পুনঃপুনঃ ঘর্ষণে ব্যথা বোধ করা ॥ অনেক্খন্ নৌকায় বৈঠা টান্লে আত্ স্যান্স্যান্ করে। [পূর্বে দেখ]।

স্যাপা=[সি]—বি. ছায়া ॥ আমারে একটু স্যাপা দে। [<ছায়া]।

স্যাপানো=[ম]—ক্রি. থুথু ফেলা ॥ স্যাপাইয়া গরডা খাবুশ্ করসে। [< ছেপ+আনো ; নামধাতু]।

স্যাপায়া=[কুম]—বি. পিলসুজ ॥ স্যাপায়ার উপরে কুপিডা রাহ। [দেখ সেপায়া]।

২=[সি]—বি. রুটি বেলার পিড়ি ॥ স্যাপায়াখান্ দেওগো, দুগু পিঠা করতাম্। [পূর্বে দেখ]।

স্যাপ্=[পা, খু]—বি. থুথু ॥ গরের্ মৈদ্দে ফুচুর্ ফুচুর্ স্যাপ্ ফ্যালস্ ক্যা? [<ছেপ<ক্ষেপ সং]।

স্যাপ্খাওয়া=[পা]—বি. একপ্রকার মাছ ॥ অনেকেই স্যাপ্ খাওয়া পসন্দ করে না। [দেখ স্যাপ্+খাওয়া= খায় যে]।

স্যাপ্চিঁলি=[চা]—বি. ছোট মাছ বিশেষ ॥ স্যাপচিঁলি মাস্ হগলতে খায় না।

স্যাপ্দান্=[ম]—বি. থুথু ফেলিবার পাত্র ॥ [দেখ স্যাপ্+দান دان ফা.]।

স্যাপ্লা=[নো]—বিণ. বুদ্ধিহীন ॥ লোক্টা একেবারে স্যাপ্লা। [< ছ্যাবলা]।

স্যাপ্লি=[নো]—বি. মাছ বিশেষ ॥ স্যাপ্লি মাস্ খাইতে খুব্ শাদ্।

স্যাফত্=[কুম]—বিণ. শুভ্র, সাদা ॥ তার্ দারি পাইক্কা স্যাফত্ ঐ গেসে। [<সফেদ سفید ফা.]।

২=[ম]—বি. গুণ ॥ মাইয়ার্ স্যাফত্ দেইক্খা বিয়া কৈরো ॥ [< সিফত صفت আং]।

স্যাফালা=[ফ]—বি. বয়স্ক ছেলে-মেয়ে ॥ [< ছাও (<শাবক সং)+ পোলা<পো (<পুত্র)+লা]।

স্যাফ্=[সি]—বি. থুথু ॥ গরে স্যাফ্ ফালাইওনা [দেখ স্যাপ্]।

স্যাফ্বোক্=[পা]—বিণ. নির্লজ্জ, আত্মসম্মান জ্ঞানহীন ॥

স্যাবল্=[খু]—বি. বেল, শ্রীফল ॥ হিন্দুর্ পুযায় স্যাবলের্ পাতা লাগে। [<শ্রীফল]।

স্যাবা=[সি]—বি. ছায়া ॥ গাসের্ স্যাবায় বও। [দেখ স্যাপা]।

স্যাব্=[চট]—বি. অধিক গালি ॥ এ্যাত স্যাব্ শয্য করিন্ ন পাইয়ুম্। [<সব্ব سب আং]।

স্যাব্উরা=[সি]—বিণ. যাহাতে থুথু ফেলা হইয়াছে ॥ স্যাবুউরা পান্ খাইসুনা। [দেখ স্যাপ+উড়া=ওলা প্র.]।

স্যাব্ডা=[নো]—বিণ. চাপা লাগা, চ্যাপটা ॥ আন্ডা স্যাব্ডা। [< ছোবড়া, ছিবড়া]।

স্যাব্রা=[চা]—বিণ. মিথ্যাবাদী, লোভী ॥ [<ছ্যাবলা]।

২=[ম]—বি. মুখের লালা ॥ পুলাডার্ মুক্ দিয়া স্যাব্রা পর্তাসে। [দেখ সেব্‌ড়ি]।

স্যাব্রা খাওয়া=[কুম, সি]—ক্রি. চমক্নো ॥ [দেখ স্যাব্লা+খাওয়া]।

স্যাব্লা=[চট]—ক্রি. বিণ. চমকিত, হতভম্ব ॥ চোঁর্ডা পুলিশ্ দেইক্কা স্যাব্লা খাইসে। [দেখ স্যাব্রা খাওয়া]।

২=[কুম, চা, ব, য, পা, ম]—বিণ. অল্পবুদ্ধি, কৃপণ, নির্লজ্জ, বাজে, লোভী ॥ [<ছ্যাবলা]।

স্যাব্লা মার্কা=[নো]—বিণ. বোকা, অকর্মণ্য ॥ তোয়ার্ মত স্যাব্লামার্কা আঁই দেহি ন। [দেখ স্যাব্লা₂+ মার্কা]।

স্যাব্লামি=[ম, য, চা, ফ,কুম]—বি. কৃপণতা, টাল বাহানা, লোভ, নীচতা ॥ এত স্যাব্লামি কর ক্যা তোমার কি কিস্সু নাই? [দেখ স্যাবল্₂+মি প্র.]।

স্যামা=[ম]—বি. দরজা ॥ আন্ দাইরে স্যামাডা খুইয়্যা পাইতাসিনা।

২=[খু, চা, ফ,]—বি. প্রদীপের ছায়া ॥ স্যামায় বৈ পরা যায়না (খু)। [দেখ স্যাপা]।

স্যামায়্=[চা]—ক্রি. বিণ. নিকটে ॥ স্যামায় আহ এক্টা কথা আসে। [< সমুখে বা সামনে আয়]।

স্যাম্ড়ি=[খু]—বি. ছোট বালিকা ॥ [দেখ স্যাম্রা+ই প্র]।

স্যাম্মাই রোযা=[চট]—বি. একপ্রকার রোযা (যাহা বুজর্গ লোকেরা করে) ॥

স্যাম্রা=[চট]—বি. মাতৃপিতৃহীন ॥ স্যামরার্ যতন কর। [<ছেমড়া (< ছমও সং]।

২=[চা, বা ফ,]—বি. ছেলে ॥ স্যাম্রাডা বর দুশ্‌ট (চা)। [পূর্বে দেখ]।

৩=[কুম]—বি. ছায়া ॥ সাম্রায় বও। [দেখ স্যামা+ড়া]।

স্যাম্রানো=[বা]—ক্রি. বুদ্ধি করা ॥

হেয়্ বহু যমাযমি স্যাম্‌রাইসে। [< সম্বরন]।

স্যাম্‌রাস্যাম্‌রি=[বা]—বি. ছেলে-মেয়ে॥ স্যাম্‌রা স্যাম্‌রি কোথায় ? [দেখ স্যাম্‌রা+স্যাম্‌ড়ি]।

স্যায়ত্‌খানা=[চট্ট]—বি. পায়খানা॥ [দেখ স্যাত্‌খানা]।

স্যায়ত্‌ হওয়া=[চট্ট]—ক্রি. গর্ব হওয়া॥ [<চেত্ (<চেতন)+হওয়া]।

স্যায়া=[য]—বিণ. ঘোলা॥ আশ্‌মান্ আইয়্ স্যায়া। [<ছায়া]।

২=[ঢা]—ক্রি. বিণ. ঝাপসা॥ বুরা কালে চোখে স্যায়া দ্যাহে। [< ছায়া]।

স্যায়াই=[চট্ট]—বি. কালি॥ দোয়াতে স্যায়াই নাই। [দেখ সিয়াই]।

স্যায়ানো=[খু, ফ, য]—ক্রি. কাটা॥ গাস্‌টা স্যায়াও। [<ছেদ+আনো প্র. ; নাম ধাতু]।

স্যায়্‌=[নো]—ক্রি. বিণ. খণ্ড॥ গাস্‌টা স্যায়্ করি হালাও। [দেখ সেউ]।

স্যারট্‌ম্যারট্=[পা]—বি. রুষ্ট ভাবে কথা বলা, দুর্ব্বহার॥ [অনু.]।

স্যারম্=[পা,বা]—বি. পরিশ্রম॥ স্যারম্ না কর্‌লে বাত্ মিলে না [<শ্রম]।

স্যারা=[সি]—বি. ধানের চারা॥ স্যারা গুইল্ কদ্দি আন্‌লায় ? [<চারা]।

২=[কুম]—বি. পাহাড়ের তলদেশ হইতে উৎসারিত ফোয়ারা॥ স্যারার্ পানি খাইলে পেডের ব্যারাম্ শারে। [<ছড়া]।

স্যারা ব্যারা=[ম,পা,কুম,ঢা]-ক্রি. বিণ. যাচ্ছে তাই, বিশৃঙ্খল॥ গ্যাদা হাইগ্যা স্যারা ব্যারা কৈর্‌চে'। [<ছেড়া বেড়া ; দেখ স্যাত্‌রা]।

স্যারাস্যারি=[কুম]-বি. ছেলে মেয়ে॥ স্যারাস্যারিরা কয়্‌যন্ ? [দেখ স্যাম্‌রা স্যাম্‌রি]।

স্যারেংব্যারেং=[সি]—ক্রি. বিণ. কুশ্রী, বিশৃঙ্খল॥ স্যারেংব্যারেং করি রাখস্ কেন্ ? [অনু.]।

স্যারেক্‌কাল্=[পা]—বিণ. কর্মী॥ কি স্যারেক্‌কাল্‌রে ?

স্যারেফ্‌=[খু]—অব্য. স্রেফ, কেবল॥ শে স্যারেফ্ চা' খাইয়া গেসে॥ [< সির্‌ফ্ صرف আং]।

স্যার্=[কুম]—বি. লগি, নৌ চালনার বংশ দণ্ড॥ [<চইড়]।

স্যার্‌কা=[ঢা]—বিণ. ছাকা ছাকা, খারাপ॥ পোলাডা স্যার্‌কা হাগে।

২=[নো]—বিণ. কড়া॥ স্যার্‌কা যাল্ না ঐলে হাতেড়া হোয়াদ্ লাগে না।

স্যার্‌কাল্=[পা]—বি. <শৃগাল॥

স্যার্‌তা=[নো]—দি. সুপারি কাটার যন্ত্র॥ [<সরোতা হিং]।

স্যার্ পারা=[ম]—ক্রি. পাতলা দাস্ত করা॥ [দেখ সেইর্+পাড়া]।

স্যার্‌পোল্=[খু]—বি. শ্রীফল, বেল॥ স্যার্‌পোল্ পাক্‌চে' নাকি ? [<শ্রীফল]।

স্যার্ ফরা=[কুম]—বি. সর্দারী, মাত-ব্বরী॥ [<সির্ ফরাযী سرفرازی ফা.]।

স্যার্‌মুত্তে=[পা]—বিণ. শ্রমিক॥ স্যার্‌মুত্তে লোকের্ বাত্তের্ অবাব্ অয় না। [<শ্রম+টে প্র.]।

স্যালট্=[সি]—বি. শ্লেট॥ পুয়ার্ লাই এ্যাক্‌খান্ স্যালট্ আনিও। [< শ্লেট slate ইং]।

স্যালা=[সি]—ক্রি. ভিটা বা কাঠ ঢালু করা॥ একটু বাইন স্যালিয়া নেও, শুন্দর্ ঐবো।

স্যালাংগি=[কুম,ম]—বি. আঙ্গুলের সমান ছোট মাছ বিশেষ॥ স্যালাংগি রুগীর্ পত্থ।

স্যালানো=[কুম]—ক্রি. ঘুম ভাঙ্গানো, জাগানো॥ পোয়াডারে স্যালাইশ্ না।

স্যালান্=[পা]—বিণ. নষ্ট চরিত্র, কুচরিত্রা॥ স্যালান্ ম্যায়া। [<ছিনাল ; বর্ণ বিপর্যয়]।

স্যালামাল্‌কি=[কুম]—বি. সালাম, 'আসসালামু আলায়কুম' বলা॥ মলি শাব্‌রে স্যালামাল্‌কি দে। [<আস্‌সলামু আলায়কুম السلام عليكم আং]।

স্যালামি=[কুম]-বি. উপহার॥ বিয়াত্ কি কি স্যালামি পাইস ? [<সেলামি <সলাম سلام আং+ই]।

২=[কুম]—বি. ঘরের সম্মুখস্থ ভেল্কি॥ স্যালামিডা বর নিচা' ঐসে।

স্যালেগা=[কুম]—বি. অবহেলা॥ টেয়া বেশি ঐসে বৈল্যাই অত স্যালেগা করন্ বালানা। [<শ্লাঘা ; অর্থ প্র.]।

স্যালো=[খু]—বি. ছাল, ত্বক॥ ক্যালার্ স্যালো। [<ছাল+ও]।

হাত্কা সেলেমেয়ে=[ব]—বিণ. পূর্ব স্বামীর সন্তান ।। [দেখ হাতুয়া$_{3}$ + ছেলে মেয়ে]।

হাত্কাঠি=[রা]—বি. পাতিল ধরিবার বাঁশের তৈরী সরঞ্জাম বিশেষ ।। [<হাত +কাঠি]।

হাত্কুলি=[ঢা]—বি. পিঠা বিশেষ ।।

হাত্ক্যাটা=[রা]—বিণ. খিট খিটে, মেজাজী ।। [<হট্‌কট্ (অনু.)+আ প্র.]।

হাত্খাট আশ্বড়=[খু]—বি. দুরাশা, অসম্ভব কল্পনা ।। [<হাত খাট আশা বড়]।

হাত্খাট্টা=[সি]—বি. হাতে তৈয়ারী টক ।। [<হাত+খাটা (<খট্টা হিং)]।

হাত্খানা=[ঢা]-ক্রি. বিণ. সাতখান ।। [<সাত খানা]।

হাত্খোরাখুরি করা=[পা]—ক্রি. পাড়াপাড়ি করা, হাতা হাতি করা ।। [<হাত+কাড়াকাড়ি+করা]।

হাত্গু=[সি]—বিণ. সাতটা ।। হাত্গু পুয়া । [<সাত+গো]।

হাত্ঘুরানি=[চট্ট]—বি. পাখা ।। [হাত+√ঘুর্ +আনি প্র.]।

হাত্চ'লা=[য]—বি. মাছ ধরিবার উপকরণ বিশেষ ।।

হাত্ঠারি=[রং]-বি. হাতের সংকেত ।। [<হাত+ঠার+ই]।

হাত্ড়ি=[দি]—বিণ. চালাক ।।

হাত্ড়েন্=[খু, য]-বি. হাত দিয়া খালে বিলে মাছধরা ।। [<হাতড়ানো]।

হাত্তা=[নো]—বিণ. মিথ্যাবাদী ।।

হাত্তাইল্=[কুম]—বি. কুয়াশার ন্যায় বৃষ্টি ।।

হাত্তানি=[চট্ট]—বিণ. সাতখানা ।। [<সাতখানা]।

২=[ঢা]—বি. নানারকমের জিনিস পত্র ।। [পূর্বে দেখ]।

হাত্তান্ পাচ্'চান্=[চট্ট]—বি. সাতখানা পাঁচখানা, নানা কথা ।। হাত্‌তান্ পাচ্'চান্ ভাইব্‌দে ভাইব্‌দে হিতার্ মাথা খারাপ্ হৈ গেল্ । [<সাতখান পাঁচ খান]।

হাত্তাল্লা=[ম]—বি. নির্দেশ ।। [< ইত্তিলা' اطلاع আঃ]।

হাত্তে=[খু]—বিণ. খুব বড় ।।

হাত্তে না গুত্তে=[সি]—অব্য. সাত গুষ্টিতে ও না (ব্যঙ্গার্থে) ।। [দেখ হাতে গোতে; সাতে না গোতে]।

হাত্তেলা পোত্=[পা]-বি. তসবীহ, জপমালা ।। [<হাত+তিলাব্বত تلاوت আঃ]।

হাত্তোয়া=[বা]—বি. পোষ্য পুত্র ।। [দেখ হাতুয়া$_{3}$]।

হাত্নাগাদ্=[ব]—বি. অধুনা, আজকাল ।। [<হাত+নগদ<নকদ نقد আঃ]।

হাত্না=[য,ফ,খু]—বি. বি. বারান্দা ।। [দেখ হাতিনা]।

হাত্নাড়ানি=[কুম]—বি. একপ্রকার পিঠা ।।

হাত্নে বাড়ানো=[খু]—বি. অনর্থক আত্মীয়তা বাড়ানো ।। [দেখ হাত্না + বাড়ানো; অর্থ প্র.]।

হাত্পাখি=[পা]—বি. মাছধরা জাল ।।

হাত্পায়্ধরা=[য]—ক্রি. অনুনয় বিনয় করা ।। [<হাত+পা+য় (বিভক্তি)+ধরা]।

হাত্পুতি=[নো]—বি. ছোট ঝিঙ্গা আকারের তরকারী ।।

হাত্বৌলি=[খু]—বি. হাঁড়ি পাতিল ইত্যাদি ধরিবার গোলাকার যন্ত্র ।। [< হাত্ +বলয়+ই]।

হাত্বুদ্দি=[ঢা]—বি. নানা রকম বুদ্ধি ।। [<সাত বুদ্ধি]।

হাত্বেটি=[ব]—বি. পূর্ব স্বামীর কন্যা সন্তান ।।

হাত্মুখ্ দোয়া=[ব]—ক্রি. পায়খানা প্রস্রাব করা করা ।। [<হাত মুখ ধোয়া; সুভাষণ]।

হাত্মুড়া=[রা]—বি. একপ্রকার আগাছা ।।

হাত্রথ্ খাইয়া বশা=[ম]—ক্রি. বলহীন অবস্থা হওয়া ।।

হাত্রা=[সি]—বি. সাঁতার ।। [< সাঁতার+আ]।

হাত্রা কাত্রা=[ফ]—বি. কলাগাছের ডাঁটা ।। [<পাতরা (<পত্র) কাতরা (অনুঃ)]।

হাত্রানো=[রং]—ক্রি. খোঁজ করা ।। [<হাতড়ানো]।

হাত্রাহাত্রি=[কুম]—বি. ছিন্ন বিচ্ছিন্ন ।। [দেখ হাত্‌রা কাত্‌রা; হাতরা+ই]।

হাত্রিয়া=[সি]—অস. ক্রি. সাঁতারিয়া ।। [<সাঁতরাইয়া]।

হাত্লরাই=[ঢা]-বি. পিঠা বিশেষ ।।

হাত্লা=[কুম]—বি. <মাথাল ।।

হাত্লাভুইর্‌গা=[কুম]—বিণ. কোন কিছু দেখিলেই লওয়ার ইচ্ছা হয় যাহার ।।

হাত্লানো=[খু]—ক্রি. খালি হাত দিয়া নাড়াচাড়া করা ।। [<হাত+ল+আনো]।

হাত্লান্=[কুম]—ক্রি. বি. হলুদ ও লবণ দিয়া জ্বাল করা ।। [<সাঁতলান]।

হাত্‌লারা=[ফ]—ক্রি. প্রহার করা ॥ [<হাত+নাড়া]।

হাত্‌লে=[ম]—বি, ছুতর বাঁট ॥ [<হাত+ল+এ]।

হাত্‌শিল্‌নি=[রং]-বি. জমির আবর্জনা একত্র করিবার যন্ত্র ॥

হাত্‌শুতি=[খু]—বি. ছিপবিহীন বড়শিযুক্ত লম্বা সুতা ॥ [<হাত+সূত্র+ই]।

হাত্‌হতোর্‌=[পা]—বি. বাজে কথা ॥ [<সাত+সতেরো]।

হাত্‌হুত্‌=[কুম]—বি. রাগারাগি ॥ [অনু.]।

হাথিনা=[রা]—বিণ. অতিবড় ॥ [<হাতী+না]।

হাদন্‌=[ঢা, কুম]—বি. সমাদর ॥ [<সাধন]।

হাদল্‌=[রা]—বি. খেলা বিশেষ ॥

হাদা=[ফ, সি, কুম]—ক্রি. অনুরোধ করা ॥ [দেখ হাদন্‌]।

২=[ফ, ঢা, ম]—বি. পানের সঙ্গে খাইবার তামাক পাতা ॥ [<সাদা]।

৩=[কুম, ঢা]—বি. সাদা ॥ [<সাদহ্‌ ساده ফা.]

৪=[সি]—বি. ইচ্ছা, মত, বাসনা ॥ [<সাধ+আ]।

৫=[খু]—বিণ. মোটা ॥

৬=[ব, রা]—বি. মাটির বড় গামলা ॥ [<খাদা]।

৭=[কুম]—বিণ. বোকা ॥ [<হাঁদা]।

হাদাইল্যা=[চট্ট]—বিণ. কোন দিন কোনকিছু দেখে নাই এমন ॥ [<আ<√দেখ্‌+লা]।

হাদাও=[পা]—বি. কাটারী, হাতদারা কাটার যন্ত্র ॥ [<হাত<দাও (<দাত্র সং)]।

হাদাদ্দারা=[রা, ব]—বিণ. হঠাৎ খাদ্যের নাগাল পাইয়া বেশী খায় যে ॥ [<হাত+ত (বিভক্তি)+ধরা]।

হাদানি=[রা]—বি. মালসা, মাটির পাত্র বিশেষ ॥ [দেখ হাদা৬+নি]।

হাদানে=[খু, য]—বিণ. লোভী, বখাটে ॥

হাদানো=[খু]—ক্রি. আক্ষেপ করা ॥

২=[কুম, নো]—ক্রি. প্রবেশ করানো ॥ [<সান্ধানো (সন্ধি)]।

হাদামাটা=[সি]—বিণ. বাজে রকম ॥ [<সাদা মাটা]।

হাদামাঠা=[ম]—বিণ. সাধাসিধা ॥ [দেখ হাদা মাটা]।

হাদারুটি=[ম]—বি. প্রলোভন ॥ [<দেখ হাদা৩+রুটি]।

হাদাল্‌=[নো]—বি. বাজপাখী ॥

হাদাহাদা=[সি]—বিণ. আরামদায়ক ॥ [<স্বাদ+আ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

হাদাহাদি=[ফ, কুম]—বি. সাধাসাধি ॥ [<সাধাসাধি]।

হাদাহিদা=[পা]—বিণ. সোজা ॥ [<সাদাসিধা]।

হাদি=[ঢা]—বি. গর্ভবতীকে আত্মীয়-স্বজন কর্তৃক মিষ্টি ভোজন করানোর উৎসব ॥ [<সাধ+ই]।

২=[বা চট্ট]—বি. ধর্ম প্রচারক ॥ [<হাদী هادى আং]।

৩=[চট্ট]—বি. সাধ ॥ [দেখ হাদি]।

হাদিখাওন্‌=[কুম]—ক্রি. সাধভক্ষন ॥ আমেনারে হাদি খাওয়াইতে ঐব। [<দেখ হাদি+খাওন]।

হাদিনা=[পা]—বি. পুদিনা পাতা ॥ [<পোদিনহ্‌ پودنه ফা.]।

হাদিয়া=[ম]—বি. মূল্য ॥ [<হদ্‌য়ঃ هديه আং]।

২=[চট্ট, ম]—বি. উপহার ॥ [পূর্বে দেখ]।

হাদিলোবা=[কুম, ঢা]—ক্রি. বিণ. কদাচিৎ ॥ [দেখ হাদি৩+লোভ+আ]।

হাদুকেন্‌=[খু, য]—ক্রি. বিণ. ওখানে ॥

হাদে=[ঢা, ম]—বিণ. অনর্থক ॥ [<দেখ হাদা৪]।

হাদেই=[খু, য]—অব্য. এই ॥

হাদেইল্যা=[চট্ট]—বিণ. আদেখলা, যে কোনও কিছু দেখে নাই। [দেখ হাদাইল্যা]।

হাদেবাদে=[ম]—ক্রি. বিণ. প্রথম প্রথম ॥

হাদেহাদে=[ঢা]—ক্রি. বিণ. সাধে-সাধে, আনন্দে ॥ [<সাধে সাধে]।

হাদে হোয়াদে=[সি]—ক্রি. বি. স্বাদে সোয়াদে ॥ [<স্বাদে+স্বাদে]।

হাদোই=[খু, য]—বি. নৌকার দাঁড় যাহার উপর রাখা হয় ॥

হাদোল্‌=[বা]—বি. ফাঁক ॥

হাদ্‌=[ঢা]—বি. সাধ, সখ ॥ [<সাধ]।

হাদ্‌ অওয়া=[ঢা]—ক্রি. লোভ হওয়া ॥ [দেখ হাদ্‌+হওয়া]।

হাদ্‌ করা, হাদ্‌ গরা=[ঢা]—ক্রি, খাইতে ইচ্ছা করা ॥ [দেখ হাদ্‌+করা]।

হাদ্‌গা=[কুম]—বি. সাধক ॥ [<সাধক]।

হাদ্‌দ=[রা]—বি. নাগাল ॥ [<হদ্দ্‌ حد আং]।

২=[চট্ট]—বি. সাধাসাধি ॥ দেখ হাদন্‌]।

হাদ্‌দ টাদ্‌দ=[কুম]—বি. তোষামদ ॥ [দেখ হাদ্দ+টাদ্দ অনু:]।

হাদ্‌ড়ুম্‌ মাদ্‌ড়ুম্‌=[খু]-বি. আলোড়ন ॥ [অনু.]।

হাদ্‌নি=[দি, রা]—বি. ভাঁড় ॥ এক্‌ হাদ্‌নি দৈ। [দেখ হাতো+নি]।

২=[রা]—বি. হাত ধোয়ার পাত্র ॥ [পূর্বে দেখ অথবা <হাত+ধোয়া+নি]।

হাধে=[চট্ট]—ক্রি. বিণ. সাধে ॥ [<সাধে]।

হানক্‌=[সি, নো, কুম]—বি. মাটির বাসন ॥ [<সহনক صحنك আং]।

২=[কুম]—বি. বিষাক্ত সাপ ॥

হানশ্‌=[চট্ট]—বি. বাতি ॥ [<ফানুস]।

হানা=[নো]—বি. ছড়া ॥ [<কান্দা]।

২=[কু, খু]—বি. অপরিসর নালা ॥ [<খানা]।

৩=[কুম, ঢা]—বি. যাহার মধ্যে তাঁতের সুতা গাঁথা হয় ॥

৪=[ব]—বি. বাহু ॥ [<শানঃ شانه আং]।

৫=[রা]—বি. কণ্ঠার হার ॥ [দেখ হানা৪]।

৬=[কুম, নো]—বি. স্যাণ্ডেল, চটি ॥

হানাবানা করা=[রা]—ক্রি. প্রায় ক্ষেপিয়া ওঠা ॥ কথা শুনে গা হানা বানা করে ওঠ্লো। [<হানাবানা (অনু.)+করা]।

হানাহুটা=[রা]—ক্রি. বিণ. হঠাৎ ॥

হানাহুট্যা=[রা]—ক্রি. বিণ. অনর্থক ॥ [দেখ হানা হুটা]।

হানি=[নো, ম, কুম,]—বি. পানি ॥ [<পানি]।

২=[রা]—অব্য. নাকি ॥ তুই ঢাকা জাবু হানি ? [তুঃ নাকি]।

হানি ফোশা=[কুম]—বি. পাঁজর ॥

হানুক্=[বা, ফ]—বি. মাটির থালা ॥ [দেখ হানক্]।

হানুনা=[চট্ট]—বিণ. লবন হীন ॥ [< আ (=না)+নুন (<লবন)+আ প্র.]।

হানে=[বা]—ক্রি.বিণ. নিকটে ॥ মোর্ বাপের্ হানে যাইয়া কও। [<খানে< স্থানে]।

২=[রং]—অব্য. হইতে ॥ কোন্টে হানে যাবি ?

হানে ধরা=[খু]—ক্রি. ব্যাথায় খিল ধরা ॥ [<খানে ধরা]।

হানের্=[খু]—বিণ. অতি ভোজী ॥

হানোক=[ফ]—বি. মাটির বাসন ॥ [দেখ হানুক্]।

হান্=[কুম, নো]—বি. পান, তাম্বুল ॥ [<পান]।

হান্কি=[ফ, ঢা, কুম, ম, বা]—বি. মাটির বাসন ॥ [দেখ হানোক্+ই]।

হান্কি মারা=[সি]—ক্রি. পেটুকের মত খাওয়া ॥ [দেখ হান্কি+মারা]।

হান্খি=[কুম]—বি. মাটীর তৈয়ারী বাসন ॥ [দেখ হান্কি]।

হান্চেরাগ=[নো]—বি. সন্ধ্যাবাতি ॥ [<সন্ধ্যা+চিরাগ چراغ ফা.]।

হান্জ=[রা]—বি. দল, পাল ॥ এক্ হান্জ বক্রিতে শব্ খেয়ে গেল্।

হান্জুর্=[রং]—বিণ. জোড়া বাঁধা ॥

হান্জুড়ানো=[রা]—ক্রি. আঁচড় কাটা ॥

হান্য=[কুম]—বি. <সন্ধ্যা ॥

হান্যবেল=[কম]—বি. বিকাল ॥ [দেখ হান্য+বেলা]।

হান্যরন্=[কুম]—ক্রি. বি. দুইটি একত্র করিয়া জুড়িয়া দেওয়া ॥ [< হান (<সম)+জোড়+অন]।

হান্যর্=[কুম]—বি. একপ্রকার জ্বর ॥ [<হামজ্বর]।

হান্যা=[কুম]—বিণ. টাটকা ॥ [< সাজো<সদ্য প্র.]।

২=[কুম]—বি. বড় ছিদ্র ॥

৩=[কু]—বি. সন্ধ্যা ॥ [দেখ হান্যা]।

হান্যাইল্=[ম]—বি. সাহায্য ॥ আমারে একটু হান্যাইল্ দে। [দেখ হান্যাইল্ দেওয়া ; অর্থ প্র.]।

হানযাইল্ দেওয়া=[ম]—ক্রি. তুষ ইত্যাদি দ্বারা আগুন জ্বালান ॥ [< সাঁজাল (<সন্ধ্যা+ল)+দেওয়া]।

হান্যাকাল্=[সি]—বি. সন্ধ্যাবেলা ॥ [দেখ হান্যা৩+কাল]।

হান্যাকৃত=[সি]—বি. সন্ধ্যাবেলা ॥ হান্যাকৃত কোপায় যাও ? [দেখ হান্যা৩ +রকত وقت আং]।

হান্যাল্=[সি,কুম]—বি. ইন্ধন ॥ [< সাঁজাল ; দেখ হান্যাইল দেওয়া]।

হান্যা হান্যি=[কুম]—ক্রি. বিণ. শোর করা ॥ [<সাঁজ <সাজ <সজ্জা+ সাজি]।

হান্যা হসা=[সি]—বি. ডোবা পুকুর হইতে পানি সেচন করিয়া মাছ ধরিবার প্রণালী ॥ [দেখ হানযা২+সেঁচ+আ]।

হান্যি=[কুম]—বি. গরুর অণ্ডকোষ সংলগ্ন মাংস ॥

হান্যিয়া=[নো]—বি. কোঁড়া ॥

হান্যু=[ম]—ক্রি. বিণ. সদ্য, সকাল ॥ [দেখ হান্যা]।

হান্যুয়া আঁধা=[চট্ট]—বি. সন্ধার অন্ধকারে দৃষ্টিহীনতা ॥ [দেখ হান্য+ উয়া+অন্ধ]।

হান্যুরন্=[ম]—ক্রি. বি. একত্র বাঁধা ॥ [দেখ হান্যরন্]।

হান্যো=[কুম,ম]—বিণ. টাটকা ॥ [দেখ হান্যা]।

হান্যোরন্=[কুম]—ক্রি. বি. একত্র বাঁধা ॥ [দেখ হান্যুরন্]।

হান্যোর্=[কুম, ম]—বি. দুই তিনটা গরু একত্র বাঁধিবার দড়ি ॥ [দেখ হান্যোরন্]।

হান্ঠু=[রা]—বি. গোঁয়ার ॥ [<ষণ্ড সং]।

হান্ডা গুল্লি=[নো]—বি. দুষ্টামি, বাজে কাজে সময় নষ্ট করা ॥ [<ডাণ্ডাগুলি =খেলা বিশেষ]।

হান্ডি=[চট্ট, ফ, পা]—বি. পাতিল, হাঁড়ী ॥ [<হণ্ডী সং]।

হান্তা=[বা]—বি. পান্তাভাত ॥ [< পান্তা]।

হান্তানো=[রা]—ক্রি. খোঁজা ॥ [< হাতানো]।

হান্তাবাড়ি=[য]—ক্রি. বিণ. গোঁজামিল ॥

হান্তারাশি=[রা]—ক্রি. বিণ. হয়রান, তাড়াতাড়ি ॥

হান্তি=[রা]—ক্রি. বিণ. হাঁড়ী ॥ হান্তি খায়ে এল ? [দেখ হান্ডি]।

হান্থা=[খু]—বি. বাধা ॥

হান্দকান্দ=[রা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ হান্দ কান্দ করয়া কাজ্ কর। [তুঃ হস্তদন্ত]।

হান্দা গুল্লি=[নো]—বি. আড্ডা ॥ [দেখ হান্ডা গুল্লি]।

হান্দানো=[কুম]—ক্রি. চীৎকার করা ॥ [<কান্দন<ক্রন্দন]।

হান্দি=[রং, ম]—বি. ঘরের নিভৃত কোন ॥ [<সন্ধি]।

হান্দিয়া যাওয়া=[ম]—বি. হারাইয়া যাওয়া ॥ [দেখ হান্দানো৪+হান্দাইয়া +যাওয়া]।

হান্দিহুন্দি= [ম]—বি. গলি গুঁজি ॥ [<অন্ধি (<অন্ধ+ই) +সন্ধি (অনুঃ)]।

হান্দে=[খু,য]—অব্য. ওহে ॥

হান্দেশ্=[কুম, সি]—বি. সন্দেশ, মিষ্টান্ন ॥ [<সন্দেশ]।

হান্দ্যাল্=[খু]—বি. রান্নাঘর ॥ [দেখ হান্শেল্]।

হান্দোন্=[ম]—ক্রি. বি. ভর্তি করা ॥ [দেখ হান্দানো$_2$]।

হান্দোশ্=[পা]—বি. সখের দ্রব্য ॥ [দেখ হান্দেশ্]।

হান্না=[রা]—বি. কপাটের পাল্লা ॥ [<পাল্লা]।

হান্ পারা=[ম]—ক্রি. ঘনঘন ডাকা ॥ [<সান্ (<সংজ্ঞা)+পাড়া]।

হান্ মান্ খেলা=[দি]—ক্রি. ঝগড়া করা ॥ [< সন্মান(+ নিয়া) + খেলা]।

হান্শেল্=[য, খু]—বি. হেঁশেল, রান্না ঘর ॥ [<হাঁড়ি+শালা]।

হান্সেঁসনি=[নো]—বি. যদ্বারা পান ছেঁচা হয় ॥ [<পান+√সেঁচ্+নি প্র.]।

হান্হট্যা=[রা]—ক্রি. বিণ. অযথা ॥ [দেখ হানা হট্যা]।

হাপট্=[পা]—বি. ঝড় ॥ [< ঝাপট]।

হাপর্পাট্=[ম]—বি. ধান স্তূপীকৃত করার জন্য ব্যবহৃত বাঁশের দণ্ডযুক্ত অর্দ্ধচন্দ্রাকৃতি কাষ্ঠদণ্ড ॥

হাপা=[কু]—বি. মশারীর জাল ॥ [< ক্ষেপ+আ]।

২=[রং]—বি. শৃগাল ॥

হাপান্=[চা]—বি. <সাবান ॥

হাপায়্=[খু]—ক্রি. বিণ. ফুৎকারে ॥

হাপাল্=[ম, বা]--বি. বালক বালিকা ॥ [<ছা(<শাবক)+পাল]।

২=[খু]—বি. ঘরের মাচা ॥

হাপাশ্কল্=[খু]—বি. হাপর ॥ [< হাপর+কল]।

হাপিগুপি=[চা, কুম, সি]—বি. সাপ-খোপ ॥ হাপিগুপির্ ডর্ আসে। [< সাপ+ই+গুপি (অনুঃ)]।

হাপুর্=[খু]—বি. হামাগুড়ি ॥ [< হামাগুড়<হামাগুড়ি]।

২=[ম]—বি. পাঁজর ॥

হাপুর্ হুপুর্=[পা, খু, য, চা, রা]-ক্রি. বিণ. অনর্গল, জলদি ॥ [অনু.]।

হাপুশ্ আপুশ্=[রং]—ক্রি. বিণ. শব্দ করিয়া ॥ [অনু.]।

হাপুশ্মনে=[রা]-ক্রি. বিণ. একমনে ॥ [<হাপুস নয়নে]।

হাপের্ মতি=[ম]—বি. আলেয়া ॥ রাইত্ না আইতেই হাপের্ মতি দেহা যায়। [<সাপের মোতি]।

হাপোর্=[খু]—বি. রবিশস্যের প্রাথমিক চারা উৎপাদন প্রক্রিয়া ॥

হাপ্=[ম, চা, নো, কুম, বা]—বি. সর্প ॥ [<সাপ]।

২=[রা]—বি. গেঞ্জী ॥

হাপ্টা=[রং]—ক্রি. বিণ. সকলকে ॥ [<সাপট+ইয়া]।

২=[পা, ম]-বি. ঝাঁটা ॥ [পূর্বে দেখ]।

৩=[কুম]—বি. মই ॥

হাপ্পুর্ হুপ্পুর্=[ফ]—অব্য. পিটানোর শব্দ ॥ [ধ্বন্যা.]।

হাপ্রা=[নো, কুম]—বি. একপ্রকার গাছ ॥

হাপ্লা=[নো, পা]—বি. শাপলা ॥ [<শাপলা]।

হাপ্লা খেতে পরা=[চা]—ক্রি. সুযোগে অধিক সংগ্রহ করা ॥ [দেখ হাপলা+খেত<ক্ষেত্র+এ+পড়া]।

হাপ্শানো=[রং, কু]—ক্রি. ক্লান্ত হওয়া ॥ [<হাপুস+আনো]।

হাপ্শি=[রং]—বি. ক্লান্তি ॥ দিন্রাত্ কাম্ করে, অর্ হাপ্শি নাই। [< হাপ্শি ; দেখ হাপ্শানো]।

হাপ্শি কাটা=[খু]-ক্রি. খাবি খাওয়া ॥ [দেখ হাপ্শি+কাটা]।

হাপ্শে যাওয়া=[রা]—ক্রি. ক্লান্ত হওয়া ॥ [দেখ হাপ্শানো ; হাপসাইয়া যাওয়া]।

হাফর্=[চা]—ক্রি. বিণ. নিশ্বাস বন্ধ ॥ [<ফাঁপর]।

২=[খু]—বিণ. রাক্ষুসে ॥

হাফা=[ম]—বি. বোরোধান বিশেষ ॥

হাফান্=[কুম]—ক্রি. পোষানো ॥

হাফার্=[পা]—বি. তুফান ॥ [দেখ হাপট্]।

হাফার্ খানা=[চা]--বি. নহবত খানা ॥

হাফল্=[খু]-বি. ঘরের ভিতরের মাচা ॥ [দেখ হাপাল্]।

২=[ম]—বি. তুফান ॥ [দেখ হাফার্]।

হাফিগুফি=[ম, কুম, চা]—বি. সাপ ইত্যাদি পূর্ণ স্থান ॥ [দেখ হাপিগুপি]।

হাফুন্নি=[ক]--বি. স্ত্রী সাপুড়ে ॥ [<সাপুড়িয়া+নি প্র.]।

হাফুর‍্যা=[ফ]—বি. সাপুড়ে ॥ [দেখ হাপুন্নি]।

হাফুর্ দেওয়া=[খু]—ক্রি. হামাগুড়ি দেওয়া ॥ [দেখ হাপুর+দেওয়া]।

হাফুর্ হুফুর্=[খু]—ক্রি. বিণ. পরপর, অবিরাম ॥ [দেখ হাপুর্ হুপুর্]।

হাফোয়াদ্=[চট্ট]—বিণ. স্বাদহীন ॥ [<আ (না)+সোয়াদ<স্বাদ]।

হাফোর্=[চা]-বি. মানসিক অশান্তি ॥ [দেখ হাফর্]।

২=[ম]—বি. বঙ্গদেশ ॥ [দেশ হাপুর$_2$]।

হাফ=[নো]—বি. <সাপ ॥

হাফ্টা=[নো]—বি. মই ॥ [দেখ হাপ্টা$_3$]।

হাফ্রিপিডা=[কুম, চা]—বি. কলাপাতার সাহায্যে তৈরী একপ্রকার পাতলা পিঠা ॥ [<পাপড়ি+পিঠা]।

হাফ্শানো=[খু]—ক্রি. পরিশ্রান্ত হওয়া ॥ [দেখ হাপ্শানো]।

হাফাহাফি=[রং]—বিণ. ক্লান্ত ॥ [< হাঁপাহাঁপি]।

হাবড়্=[খু, য]—বি. গভীর তরল কাদা ॥

হাবত্=[চা]—বি. কর্দম ॥ [দেখ হাবড়্]।

হাবন্=[নো]—বি. একপ্রকার পিঠা ।।
হাবরে=[নো]-ক্রি. বিণ. তাড়াতাড়ি ।। [<সবিরে হিং] ।
হাবরে যাবরে=[পা]—ক্রি. বিণ. কোন বিবেচনা বা সংস্কার বোধ না করিয়া ।। [অনু.] ।
হাবর্‌তাবর্=[চট্ট]—বিণ. বিশৃংখল ।। [অনু.] ।
হাবল্‌তাবল্=[কুম]—বিণ. কৃপণ ।। [অনু.] ।
হাবল্ দিয়া=[কুম]—ক্রি. বিণ. ছোঁ মারিয়া ।।
হাবা=[ব,রং]--অব্য. সম্বোধনে ব্যবহৃত, ওগো, ওহে ।। [<হা+বা] ।
২=[নে]—বি. বাতাস ।। [<হবা' هوا আং] ।
৩=[নো]—বি. <পোয়া ।।
হাবাইতা=[পা]—বিণ. হাভাতে । [<হা+ভত+ য়া] ।
হাবাইয়া মালা=[নো]--বি. এক পোয়া মাপিবার মালা ।। হাবাইয়া মালা কে নিসে ? [দেখ হাবা৩+ইয়া+মাল]
হাবা গাড়ে=[খু] —বিণ. নিরেট, অকাট মূর্খ, অকর্মণ্য ।। [<অভাগা+ড়ে প্র.]
হাবাতা=[বা]—বিণ. লক্ষ্মীছাড়া । [দেখ হাবাইতা] ।
হাবাতি পাড়া=[রং]—বি. খাদ্য সামগ্রী হীন স্থান ।। হাবাতি পাড়াত্ ন খাইয়া থাক্‌তি হবু বাহে ? [দেখ হাবাইতা ; পাড়া] ।
হাবাতিয়া=[কুম]—বিণ. হাভাতে ।। [দেখ হাবাইতা] ।
হাবান্=[নো]—বি. <সাবান ।।
২ =[কুম]—বিণ. মূল্যবান ।।
হাবাযোবা=[খু]—বি. আবর্জনা ।। [অনু.] ।
হাবার্‌সা=[খু]—বিণ. অসম্ভাব্য, যাহা হইতে পারে না ।।
হাবাল্=[ব, রা]—বি. পাটের গোছা ।।
হাবিগুত্=[সি]—বি. সব গোষ্ঠী ।। বৈডক হাবিগুত্রে মানুশ্ আইসে । [< সব+ই+গোত্র] ।
হাবিগুশ্‌টি=[সি]—বি. বংশ ।। [< সব+ই+গোষ্ঠী] ।
হাবিজ্ তাবিজ্=[রা]—বি. খুব সন্মান ।। [অনু.] ।
হাবিট্=[ফ]—ক্রি. বিণ. সমাধা, শেষ ।। [<সাবিত ثابت আং] ।
হাবিদ্=[কুম]—ক্রি. বিণ. শেষ, সমাপ্ত ।। দু অক্‌খরেই লেখা হাবিদ্ হবে। [দেখ হাবিট্] ।
হাবিযাবি=[ঢা,ম,কুম,নো,বা,ফ]—বি. আজেবাজে, আবর্জনা ।। [অনু.] ।
হাবিলাশ্=[রং]—বি. অভিলাষ, আকাঙ্খা ।। [<অভিলাষ] ।
হাবিল্=[কুম]—বি. পেঁপে ।। [দেখ হবুই+ল] ।
হাবুই=[কুম]—বি. পেঁপে ।। [< পেঁপে] ।
হাবুইতা=[সি]—বিণ. সবকিছু ।। [< স +ই+ত] ।
হাবুইল্=[কুম]—বি. পেঁপে ।। [দেখ হাবিল্] ।
হাবুগুলি=[সি]—বিণ. সবগুলি ।। [<সব+গুলি] ।
হাবুত্=[সি]—বি. গোছল, ডুব দেওয়া ।। [অনু] ।
হাবুত্ হাবুত্=[সি]—ক্রি. বিণ. হাপুস হাপুস ।। [অনু.] ।
হাবুদ্‌ধিয়া=[রং]—বিণ. অবোধ, অল্প-বুদ্ধিসম্পন্ন ।। [<আ (না)+বুদ্ধি+ অ] ।
হাবোড়্=[খু, য]—বি. ঘনকাদা ।। [দেখ হাবড়] ।
হাবোড়্‌যাবড়ে=[খু]—ক্রি. বিণ. ভ্রূক্ষেপ না করিয়া ।। [দেখ হাবরে যাবরে] ।
হাবোন্=[ঢা]—বি. ঝাড়ু ।।
হাবোল্=[কুম]—বিণ. পুরাতন ।।
হাবোল্‌মারা=[কু]—ক্রি. গ্রাস করা, কামড় দেওয়া ।। [<কবল সং+মারা] ।
হাবোশে গাবোশে=[পা]—ক্রি. বিণ. অপরিষ্কারভাবে, যত্ন ছাড়া ।। [অনু.] ।
হাব্=[সি]—বি. শালিক ।।
হাব্‌সাব্=[নো]—বি. গোলমাল ।। [অনু.] ।
হাব্‌ডা=[ফ]—বিণ. ভয়ানক, বাজে ।। [<সাপটা] ।
২=[কুম]—বিণ. সব, ভালমন্দ এক সাথে মিশ্রিত ।। [পূর্বে দেখ] ।
হাব্‌ডাইয়া=[কুম]—ক্রি. বিণ. সব একত্রে ।। [দেখ হাব্‌ডা২+ইয়া] ।
হাব্‌ডাযাব্‌ডা=[ঢা]--ক্রি. বিণ. কোন বাছবিচার না করিয়া ।। [দেখ হাবরে যাবরে] ।
হাব্‌ডানো=[বা, খু]—ক্রি. জড়ানো ।। [দেখ হাব্‌ডা +নো প্র.] ।
হাব্‌ডি=[ঢা]—অব্য. কিছুইনা ।।
হাব্‌ড়ি পচা'ন্=[রা]—বি. বাজে বকা ।। [দেখ হাব্‌ড়া +ই+ প্যাচাল] ।
হাব্‌তা=[খু]—বি. বরজের সাজ ।।
হাব্‌দা=[কুম]--বি. পাবদা মাছ ।। [<পাবদা] ।
২=[খু, য]—বি. খোলা জায়গা ।। [<অ+বাধা] ।
হাব্‌দা নাচ'ন্=[খু]—বিণ. অসতর্ক ।। অত হাব্‌দা নাচ'ন্ হলে চ'লে ? [দেখ হাব্‌দা২+নাচন (<নর্তন)] ।
হাব্‌বা যুব্‌বা=[খু]—বিণ. ঢিলা জামা গায়ে, উড়চণ্ডী ।। [<হাব্‌বা (অনু:)+জুব্বা: جبه আং] ।
হাব্‌বৈ=[সি]—বিণ. সকল ।। [< সব+ই] ।
হাব্‌রা=[কুম, চট্ট]—বিণ. টাল করা ।।
হাব্‌রি=[ম]—বি. বাজে বকবকানি ।।
হাব্‌রি জাব্‌রি=[রং]—বি. আবোল তাবোল । [দেখ হাব্‌রি+জাবড়া+ই] ।
হাব্‌লা=[য, খু, বা]—বিণ. বোকা ।। হাব্‌লা পেয়ে চ'তুর্ লোকেরা ঠকায় । [<হাবা+লা] ।
২=[ঢা, কুম]—বি. <শাপলা ।।
হাব্‌লা মিঠান্=[র]—ক্রি. বাসনা পূর্ণ করা ।। [<অভিলাষ+মেটান] ।
হাব্‌লেশ্ করা=[য]—ক্রি. পসতানো, লোভ করা ।। [<অভিলাষ+করা] ।
হাব্‌শি=[কুম]—বি. বাজে কথা ।।

হাব্‌শি কাটা=[খু]-ক্রি. খাবি খাওয়া ।। [দেখ হাপ্‌শি কাটা]।
হাভাতি=[রা]—বি. অতি ভোজনকারী ।। [<হা+ভাত+ই প্র.]
হাভ্‌ড়ানো=[রা]—ক্রি. ঘোলাটে করা ।। [দেখ হাবড়্ ; নামধাতু]।
হামন্=[পা]—বি. ঘাসের গুচ্ছ ।।
হামল্=[ম]—বি. চামচ ।।
২=[চট্ট]—বি. গর্ভ ।। [<হমল حمل আঃ]।
হামা=[নো]—বি. পুল (সুপারী বা অন্য গাছের তৈরী) ।।
হামাইরা থোয়া=[ঢা]--ক্রি. সামলাইয়া রাখা ।। [<হামার (<সম্বরণ)+ইয়া+থোওয়া]।
হামাইল্ গামসা=[পা]-বি. তোয়ালে ।।
হামাগোর্=[রা]—সর্ব. আমাদের ।। [<হামা (আমা)+গোর সম্বন্ধের বহুবচন]।
হামাতি=[পা]—বি. রাজমিস্ত্রীর অস্ত্র বা হাতিয়ার বিশেষ ।। হামাতিডা কনে আইন্‌চ'শ্ ?
হামানো=[সি, ম, কুম]--ক্রি. প্রবেশ করা ।। গরো চে'ার্ হামাইসে। [<
হামার্=[দি, রা রং, খু]--সর্ব. আমাদের, আমার ।। হামার বাড়ি এখান থেকে অনেক্ দুর্। [<হামা (আমা)+র সম্বন্ধ]।
হামালন্=[কুম, চট্ট]—ক্রি. হেপাজতে রাখা ।। [<সামাল+অন ; সম্ভালনা হিং]।
২=[কুম, নো]—বিণ. শেষ ।। [পূর্বে দেখ]।
হামাল্=[কু]—বি. ঢেউ ।।
২=[ম]—বি. ক্ষেতে পর পর দুইবার চাষ ।।
৩=[ঢা, চট্ট]—বি. রক্ষা ।। [দেখ হামালন্]।
হামাহাম্বি=[বা]—বি. দ্বন্দ, কোলাহল।। [অনু.]।
হামি=[সি]—বি. দা খন্তা ইত্যাদির বাটের মুখে দেওয়া গোলাকার লৌহ খণ্ড ।। [<সামী<সাম্বী ম. বাং]।
২=[রা, রং, দি]—সর্ব. আমি ।।
৩=[চট্ট]—বি. মুরব্বী ।। [<হামী حامی আঃ]।
৪ =[পা]—বি. ছিদ্র ।।
হামিল্=[সি, য]—বিণ. গর্ভবতী ।। [<হামিল حامل আঃ]।
হামিশা=[চট্ট]—ক্রি. বিণ. সর্বদা ।। [<হমেশহ্ همیشه ফা.]।
হামিশেগি=[চট্ট]—বি. নিত্যতা, চিরত্ব ।। [<হমেশগী همیشگی ফা.]।
হামুক্=[ঢা, ফ, বা, কুম]—বি. শামুক ।। [<শামুক],
হামু দেওয়া=[পা, কুম]—ক্রি. ঘাড় নিম্নাভিমুখী করা ।। [<হামা (হামাগুড়ি)+দেওয়া]।
হামুর্=[ম]—বি. একত্রে হাল চাষ ।।
হামুশ্=[ব, রা]—ক্রি. বিণ. হামেশা সর্বদা ।। [দেখ হামিশা]।
হামেরা=[দি]—সর্ব. আমরা ।।
হামেলা=[নো]—বিণ. গাভিনী ।। [দেখ হামিল্]।
হামেল্=[য]—বিণ. গর্ভবতী ।। [দেখ হামিল্]।
হামোক্ কাসা=[কুম]--বি. শামুকখোর, পাখী বিশেষ ।।
হাম্‌কুড়া=[ব, রা]—বি. হামাগুড়ি ।। [<হামাগুড়ি]।
হাম্‌কুয়া=[সি]—বি. নূতন ডাল কাণ্ডের যে জায়গা হইতে বহির্গত হয় ।। [<শামুক+উয়া ; শামুকের ন্যায় বলিয়া]।
হাম্‌কুরাপাড়ি=[রং]—ক্রি. বিণ. উপুর হইয়া ।। [দেখ হাম্‌কুড়া+পাড়িয়া]।
হাম্‌কি=[ঢা]—বি. ভয় প্রদর্শন ।। [<হুমকি]।
হাম্‌কি দাম্‌কি=[নো]—বি. ধমক ।। [দেখ হাম্‌কি+ধমক+ই প্র.]।
হাম্‌কিতুম্‌কি=[রা]--ক্রি. ধমক ।। [দেখ হাম্‌কি দম্‌কি]।
হাম্‌খুদি করা=[রা]—ক্রি. সর্বত্র অনুসন্ধান করা ।।
হাম্‌খুর্=[ম]—বি. হামাগুড়ি ।। দেখ হাম্‌কুড়া]।
হাম্‌চ'র্=[চট্ট]—বি. সহচর ।। [<হমসর همسر ফা.]।
হাম্‌চা=[রা]—বি. অঞ্জলী ।। [<খাম্‌চা]।
হাম্‌চ'াবুরি=[ঢা]—বিণ. কতকগুলি, অনেকগুলি (তুচ্ছার্থে) ।। [দেখ হাম্‌চা+ভরিয়া]।
হাম্‌চি'=[কুম]—বি. রাগ, ধমক ।।
হাম্‌চি'তুম্‌চি'=[কুম, চট্ট]—বি. রাগ, ধমক ।। [অনু.]।
হাম্‌চে'ইয়া=[কুম]—বি. যুবক শ্রেণী, সমাজ ।। [<হম্‌সায়হ همسایه ফা.]।
হাম্‌চে'া=[খু]—বি. 'ফাঁকি, মিথ্যা, অনাচার।
হাম্‌ড়ো=[খু, য]—বি. পুং কাঁকড়া ।।
হাম্‌তাম্=[কুম, নো]—বি. গণ্ডগোল ।। [অনু.]।
হাম্‌তাল্=[পা]—বিণ. প্রকাণ্ড।
হাম্‌দি=[কুম]—বি. স্ত্রীর বড় ভাই ।। [<সম্বন্ধী]।
হাম্ দেওয়া=[ঢা]—ক্রি. হাইতোলা ।। [< হাম্ভী ম. বাং < জৃম্ভণ সং+দেওয়া]।
হাম্‌নিম্=[রং]—ক্রি. বিণ. দোষ এড়াইয়া যাইবার চেষ্টা ।।
হাম্‌পুর্ পাড়া=[রং]—বিণ. হামাগুড়ি দেয় যে ।। [দেখ হাম্‌কুড়া+পাড়া=পাড়ে যে]।
হাম্‌পৈ=[রং]—বি. বড় দা, ছুরি ।।
হাম্‌পোটা=[রা]—বিণ. খুব বড় ।।
হাম্‌বা=[চট্ট, ঢা, কুম]—বি, ছোট বাছুর।। [<হাম্বা ; ধ্বন্যা. ; অর্থ প্র.]।
হাম্‌বিতারা=[ম]—বি. তর্জন গর্জন।। [<তনবীহ تنبیه আঃ+তাড়া]।।
হাম্‌বিতুম্‌বি=[রং]—বি. অমূলক শাসন, আস্ফালন ।। [দেখ হামবি তারা ; হাম্‌বি অনু:]।
হাম্‌বুক্=[য]--বিণ. বোকা ।। [<আহমক احمق আঃ]।

হাম্বুড়ো=[খু]—বি. অচল বৃদ্ধ, ছেলেদের ভয় দেখানো, জুজুর ভয়॥ [<হাম্ (ধ্বন্যা.)+বুড়া<বৃদ্ধ]।

হাম্ বুরন্=[চট্ট]—ক্রি. বি. হামাগুড়ি দেওয়া॥ পোয়া উয়া হাম্বুরতে পারে। [দেখ হামুখুর+অন প্র.]।

হাম্ বেলা=[কুম]—বিণ. অবিবেচক॥

হাম্বো=[ব]—বি. হাডুডু খেলার বিকৃতি॥

হাম্মামি=[সি]—অব. হামহাম শব্দ॥ [হমহাম্ (ধ্বন্যা.)+ই]।

হাম্মুয়া=[চট্ট]—বি. বেকুব, বেবুঝ, নীরব, বোকা॥ [দেখ হাম্বুক+আ]।

হাম্রা=[রং]—সর্ব. আমরা॥

হাম্রানো=[কুম]—ক্রি. ঢুকানো॥ [দেখ হামানো]।

২=[কু]—ক্রি. গরুর ডাকা॥ [< হাম্লানো<হাম্বা+ল+আনো]॥

৩=[খু]—ক্রি. স্বীকার করা, প্রকাশ করা॥

হাম্রা হাম্রি=[কুম]—বি. গণ্ডগোল, দাপাদাপি॥ [অনু.]।

হাম্রিচ্যা=[চট্ট]—বি. মরিচের অভাব॥ [<আ (না)+মরিচ+ইয়া প্র.]।

হাম্লাইয়া থোয়া=[ঢা]—ক্রি. গুছাইয়া রাখা॥ [<সামলাইয়া থোওয়া]।

হাম্লানো=[খু, রা, বং]—ক্রি. চিৎকার করা॥ [দেখ হাম্রানো$_2$]।

২=[কুম, ঢা, ম]—ক্রি. গোপন করা॥ [<সামলানো]।

হাম্লাবা দেওয়া=[রা]—ক্রি. সততা নির্ধারন করিতে দেওয়া, স্বীকার করা, দোষ দিতে দেওয়া॥

হাম্লে ওঠা=[ব]-ক্রি. আর্তনাদ করা॥ [দেখ হাম্লানো; ওঠা]।

হাম্সায়া=[ম,সি, চট্ট]-বি. প্রতিবেশী॥ [দেখ হাম্চে'ইয়া]।

২=[ম]—বি. অঞ্চল॥ [পূর্বে দেখ]।

হাম্সারা=[ম]--বি. পাড়া প্রতি বেশী॥ [দেখ হাম্সায়া]।

হাম্সিন্=[চট্ট]—বিণ. সমবয়স্ক॥ [<হমসন همسن ফা.]।

হাম্সিয়া=[য]—বি. নিকটবর্তী অঞ্চল॥ [দেখ হাম্সায়া$_1$]।

হায়ং=[কুম]—অদৃশ্য॥ [<হরা هوا আং]।

হায়ম্=[কুম]--বি. শ্রাবন॥ [<শাওন শ্রাবন]।

হায়রি=[ফ]—বি. <শ্বাশুড়ী॥

হায়াত=[সি]—বি. জীবন॥ [< হয়াত حيات আং]।

হায়ান্=[ঢা]—বিণ. বদমাইশ, পাজি, বদ॥ [<হয়রান حيوان আং=পশু]।

হায়ামায়া=[সি]—বি. মায়ামমতা॥ [<হয়া' حياء আং+মায়া (সহশব্দ)]।

হায়াশরম্=[সি]—বি. লজ্জা॥ [দেখ হায়া মায়া; হায়া+শরম সহশব্দ]।

হায়েযা=[কুম]—বি. কলেরা॥ [< হয়যঃ هيضه আং]।

হায়েয্=[ঢা, ম, কুম, নো, বা]—বি. মেয়েদের মাসিক স্রাব॥ [<হয়য حيض আং]।

হায়্যা=[নো]—বি. লজ্জা॥ [< দেখ হায়া মায়া]।

হায়্যোয়া=[নো]—বি. পেঁপে॥ [< পাপয়া papaya পোর্তু.]।

হায়্=[কুম, সি, ঢা]—বিণ. সস্তা॥ [<সহায়]।

হায়্কোর্ট=[ফ]—বি. উচ্চ আদালত॥ [<হাইকোর্ট High court ইং]।

হায়্দারি=[ঢা]—বি. খাদিমদারী॥

হায়্পেটা=[সি]—বি. হায় হায় করিয়া বুক চাপড়ানি॥ [<হায় (অব্য.)+(বুক)+পেটা]।

হায়্বত্=[ঢা]—বি. ভয়॥ [<হয়বত هيبت আং]।

হায়্যা=[ঢা]—বি. কলেরা॥ [দেখ হায়েযা]।

হায়্হানা=[কুম]—বি. <পায়খানা॥

হায়্হুই=[ম]—বি. চাটুবাক্য॥ [< ফাঁকিযুকি]।

হারকু=[ম]—বি. বাঁশের সাঁকো॥

হারন্ত=[ম]—বিণ. মোটাসোটা॥ [<বাড়ন্ত]।

হারল্=[কুম, চট্ট, নো]—বি. মৎস্য ধরিবার যন্ত্র বিশেষ॥

২=[ঢা]—বিণ. ফাঁপা, হালকা॥

হারা=[কুম]—বি. আদেশ॥ [< সাড়া]।

২=[নো]—বি. খড়ের স্তূপ॥

৩=[কুম]—বি. ধান একত্র করিবার যন্ত্র॥

৪=[সি, ঢা]—বিণ. সারা, সমস্ত, সম্পূর্ণ॥ [<সারা]।

৫=[সি]—বি. বড় কলসী বা হাঁড়ী॥ [<হাঁড়া; বৃহদার্থে]।

৬=[কুম]—বি. বাতাস॥ [<হরা' هوا আং]।

৭=[কুম]—বিণ. ফাঁড়া, ছিন্ন॥ [< দেখ হাড়া]।

৮=[নো]—বি. সংশোধন॥ [< সারা]।

৯=[কুম]—বিণ. পাঁচসেরী॥ [< পাঁচ+সের+আ]।

১০=[কুম]—বি. হালচাষ॥

১১=[সি]—বি. বিপদ॥ [< ফাঁড়া]।

১২=[কম]—বি. ষাঁড়॥ [<ষাঁড়+আ]।

হারাই=[সি]—অস. ক্রি. প্রবেশ করাইয়া॥

হারাইন্=[বা]-বি. মাসশেষ, সংক্রান্তি॥ মাশের হারাইন্ কবে? [<সংক্রান্তি]।

হারাইয়া=[কুম]—ক্রি. বিণ. বেশী করিয়া॥

২=[কুম]—বি. পাঁচড়া॥

হারাইশ্=[ফ, বা, কুম, ঢা]—বি. সাঁড়াশি॥ [<সাঁড়াশি <সন্দংশিকা সং]।

হারাংগি=[নো]—বি. শ্রাবন মাসের সাত দিন ব্যাপী অবিশ্রান্ত বৃষ্টি॥

হারাংগে=[খু]—বিণ. অতিলোভী॥

হারাকাল্=[ব, পা]—ক্রি. বিণ. চিরদিন॥ [<সারা+কাল]।

হারাগ্=[কুম, ফ,ঢা]-বি. দূর, ব্যবধান, তফাৎ ॥ [<ফর্‌ক্ فرق আং]।

হারাঘিনা=[নো]—বি. গোসাপ জাতীয় জীব ॥

হারাদিন্=[পা]—ক্রি. বিণ. সারাদিন ॥ [সারা দিন]।

হারাদিশ্=[ম]—বিণ. দিশাহারার মতন ॥ মাঽয়াডা হারাদিশ্ ঐয়া গেসেগা। [<হারা+দিশা=দিশাহারা]।

হারা দেওয়া=[ঢা]-ক্রি. সাড়া দেওয়া ॥ [<সাড়া+দেওয়া]।

হারানো=[ম]—ক্রি. ঠিক করা ॥ [<সারানো]।

২=[কুম]—ক্রি. ছেদন করা ॥ [<ফাঁড়া+নো]।

৩=[সি]—ক্রি. ঢুকানো ॥ অত্তো-বরো বেডা সুইর্ এতর্ শুতা হারাইতা পারেনা। [দেখ হারাই]।

৪=[সি]—ক্রি. ভুল করা ॥ [<পাসরা <অপস্মর সং+নো]।

৫=[কুম]—ক্রি. সহ্য হওয়া ॥

৬=[কুম]—ক্রি. মার দেওয়া ॥ [<পাড়ানো <√পাড় (<পাত সং)+আনো]।

হারান্=[ঢা, কুম]—বি. সাহস, শক্তি, তেজ ॥

হারাবদ্‌লি=[ঢা, কুম]—বি. ক্ষেতের কাজের জন্য বিনা মজুরিতে নিযুক্ত মজুর ॥ [<হার+আ+বদল بدل আং +ই প্র.]।

হারাব্=[কুম]—বিণ. মন্দ, নষ্ট ॥ পুগেরে পানিগুনা হারাব্ ঐয়া গেসে। [<খরাব خراب আং]।

হারামরিচ=[কুম]—বি. কাঁচা মরিচ ॥

হারামির্ আড্‌ডি=[ঢা]—বি. পাঁজি ॥ [<হরাম حرام আং+এর (সম্বন্ধে)+হাড্ডি <অস্থি]।

হারাম্ যাত=[চট্ট]—বিণ. হারামিতে জন্ম যাহার ॥ [<হরাম حرام আং+যাদ زاد ফা.]।

হারায়্=[রং]—অস. ক্রি. হারাইয়া ॥ [<হারাইয়া]।

হারাশে=[খু]—বিণ. লোভী ॥

হারাহারি=[নো]—বিণ. সাঁতার খেলা বিশেষ ॥

২=[নো]—বি. ধস্তাধস্তি ॥ [<√পাড় (<পাত সং)+আ+পাড়ি]।

৩=[ম]—বি. কানাকানি ॥

হারি=[ঢা]—বি. <শাড়ি ॥

২=[রং, রা, কু]—বি. চাঁদা ॥ [<হার+ই প্র.]।

৩=[কুম]—বি. পশুরি ॥ [<পাঁচ+সের+ই]।

৪=[না, সি]—বি. শালিক পাখী ॥ [<শালিক]।

হারিহুরি=[ম]—বি. কানাকানি ॥ [দেখ হারাহারি৩]।

হারিন্=[ম]—বিণ. বন্ধ্যা ॥ [<ষাঁড় (<ষণ্ড সং)+ইন স্ত্রী প্র.]।

হারিবক্তালি=[ঢা]—বি. অকথ্য গালি গালাজ ॥

হারিবা=[চট্ট]—বি. হাঁড়িটা ॥ [<হাঁড়ী+বা=টা]।

হারিবাদি=[ঢা]—বি. গালি গালাজ ॥

হারি যাওয়া=[কুম,নো]—ক্রি. ছিঁড়িয়া যাওয়া ॥ [<ফাঁড়িয়া যাওয়া]।

২=[কুম, নো]—ক্রি. ভুলিয়া যাওয়া ॥ [দেখ হারানো৪; পাসরিয়া+যাওয়া]।

হারিয়া=[ব, ফ]—বি. লম্বা চুলা বিশেষ ॥

হারিয়া বেল্=[ঢা]—বি. প্রকাণ্ড বেল ॥ [<হাঁড়ি+আ+বেল]।

হারিলমৈ=[সি]—বি. ধান বুনার এক সপ্তাহ পরে দেওয়া মৈ ॥ [<√+সার্+ইল প্র.+মই]।

হারুন্=[কুম]—বিণ. চালাক ॥

হারুম্‌দারুম্=[ম]—বি. উৎপাত ॥ [অনু.]।

হারুল্=[ম]—বি. টিকটিকি ॥

হারে=[সি]—বিণ. অর্দ্ধেক ॥ [<সাড়ে <সার্দ্ধ সং]।

হারেবাইশ্=[ঢা]—বিণ. কিছুই না, মূল্যহীন ॥ [সাড়ে+বাইশ (<দ্বাবিংশতি সং)]।

হারেবারে=[ঢা]—ক্রি. বিণ. বারবার ॥ [<বারেবারে]।

হারে বুরে=[কুম]—বি. অশ্লীল কথা ॥ [অনু]।

হারে হযাগে=[সি]—ক্রি. বিণ. সাবধান সতর্কতার সাথে ॥ [<সাড়ে+এ (বিভক্তি) সজাগ+এ]।

হারেহারে=[কুম]—ক্রি. বিণ. গিড়ায় গিড়ায় ॥ [<হাঁড়+এ (বিভক্তি) অভিপ্রেত্যে শব্দদ্বিত্ব]।

হারৈয়া=[কুম]—বি. মধ্যবর্তী স্থান ॥

হারৈল্=[রা]—বি. গাছের পাতার সজীবতা ॥ [<হারি<হরিৎ<ইল প্র.]।

হারোক্=[চট্ট]—বি. বাঁশ দ্বারা তৈরী লম্বা চটি (শনের ছাউনীর সময় ব্যবহৃত হয়) ॥ [<শলাকা]।

হারোয়া=[ব]—বি. আমন ধানের শ্রেণী বিশেষ ॥

হারোল্=[বা]—বি. মাছ ধরিবার যন্ত্র বিশেষ ॥

হার্=[রা]—বি. ষাঁড় ॥ [<ষাঁড় (<ষণ্ড সং)]।

২=[নো]—বি. ধান ভানিতে ঢেঁকির পিছনের মাথায় চাপ দেওয়া ॥ [<পাড় (<পাত সং)]।

৩=[সি]—বি. শালিক পাখী ॥

৪ =[নো, ঢা, কুম]—বি. পাড়, কূল, কিনারা ॥ [<পাড়]।

৫ =[সি]—বি. <সার ॥

৬ =[কুম]—বি. পালা ॥ [<সারি]।

হার্‌কাইল্=[ফ]—বি. সংক্রান্তি, মাঘ মাসের পয়লা তারিখ ॥ [<সংক্রান্তি]।

হার্‌গা=[ফ]—বি. মাছ ধরিবার হাতিয়ার (খাল বা পুকুরে পাতা হয়) ॥

হার্‌গিলার্ মতন্ অওয়া=[ম]—ক্রি. শীর্ণ দুর্বল হওয়া ॥ [<হাড় গিলার মতন হওয়া]।

হারচিনি=[রং]—বি. বিঁধা, ক্ষেতের আগাছা দূর করিবার জন্য বাঁশের তৈরী চিরুনীর ন্যায় যন্ত্র বিশেষ ।।

হারতার কৈরা=[চা]—ক্রি. বিণ. খুব ব্যস্ততার সহিত ।। [<হারতার (অনু.) +করিয়া] ।

হার্ দরা=[ম]—ক্রি. কোন কিছুর সমর্থন দেওয়া ।। [<সার<সারি+ধরা] ।

হারদিশ=[সি]—বিণ. দিশাহারা, আত্ম বিস্মৃত ।। [<হারা+দিশা=দিশা হারা] ।

হারপাটি=[ম]—বি. একত্র করিবার হাতিয়ার বিশেষ ।।

হারপাট্=[পা]—বি. ধান একত্র করিবার হাতিয়ার ।। [দেখ হারপাটি] ।

হারবাশ=[কুম]—বি. কাপড় শুকানোর বাঁশ ।। [<আড়+বাঁশ] ।

হারমচ=[ম]—বি. ঔষধি বিশেষ ।। [<হাড়+মচ্‌কা] ।

হারমাই=[ফ]—বি. একপ্রকার চাষ ।।

হারমাইদ=[চট, কুম]—বি. ডাকাত দুষ্ট ।। [<হার্মাদ<আর্মেডা (armada) পোর্তু. ও স্পেনীশ] ।

হারমাদি=[চা]—বি. শয়তানি ।। [দেখ হারমাইদ্+ই প্র.] ।

হারমাদ্যা=[পা]—বিণ. যে অতি মাত্রায় পরিশ্রম করে ।। [দেখ হারমাইদ্+ইয়া প্র.] ।

হারমার্=[কুম]—বি. হৈ চৈ ।। [অনু.] ।

হার মাহিদ্=[কুম]—বিণ. দস্যু, দুশ্চরিত্র ।। [দেখ হারমাইদ্] ।

হারশেল্=[খু]—বি. ঢেঁকিতে বিদ্ধ কাঠি ।। [<আড়+ শলাকা] ।

হালক্কা=[চা, রা, দি, কুম, ম]—বি. গোলাকার সারি ।। [<হলকাঃ حلقه আং] ।

হালয=[সি]—বিণ. জীর্ণ শীর্ণ ।। [< হলাক هلاك আং] ।

হালন্=[রং]—বিণ. যে ছাগলের বাচ্চা হয়নাই ।। [<হলুরান حلوان আং] ।

হলা=[নো]—বি. একপ্রকার পোকা, যে কাদায় পা খাইয়া ফেলে ।।

২=[বা, খু]—বি. গোছা ।।

৩=[ব, রা]—বি. যে চাষ করে ।। [<হাল<হল সং+আ] ।

৪=[নো]—বি. পালা, খুঁটি ।। [<পালা (<পল্লব সং)] ।

৫=[নো, চা, কুম, ম, ফ, বা]—বি. শ্যালক ।। [<শালা<শ্যালক] ।

হালাই=[রং]—বি. ময়রা, মিষ্টি তৈরী করে যাহারা ।। [হলুরাই حلوائی আং] ।

২=[নো]—অস. ক্রি. ফেলিয়া ।। [<ফালাইয়া] ।

হালাইয়া=[কুম]—অস. ক্রি. খুইয়া, রাখিয়া ।। [দেখ হালাই$_2$] ।

হালাক্=[কুম, রং, চট, ম]—বিণ. কাহিল ।। [দেখ হালয] ।

হালাই দেওয়া=[কুম]—ক্রি. তালাক দেওয়া ।। [দেখ হালাই$_2$+দেওয়া] ।

হালাগিলা=[রা]—বিণ. বোকার মত হা' করিয়া থাকে যে ।। [<হা+না +গিলা=গিলে যে] ।

হালাদ্=[বা]—বি. কুৎসা, অপযশ ।। [<হালত حالت আং=অবস্থা] ।

হালানো=[কুম]—ক্রি. ফেলা ।। [< ফালানো, ফেলা+নো] ।

হালান্=[ব, রা]—বি. মাদী, কুমারী ।। [দেখ হালন্] ।

হালাপ=[পা]—বি. <প্রলেপ ।।

হালা পিপড়ো=[ব]—বি. কালো রংয়ের এক প্রকার বড় পিঁপড়া ।। [<হালা <কালা+পিঁপড়া] ।

হালাপোস্‌তলা=[খু, য]—বি. আরম্ভ ও শেষ ।। [<আগা+পিছ+তলা] ।

হালাবুলা=[ম]—বি. ভালমন্দ ।। [< ভালা বুরা হিং] ।

হালা বৌনা=[কুম]—বি. শালা, ভগ্নিপতি ।। [<শালা+বোনাই (< ভগ্নিপতি)] ।

হালা সরা=[চা, কুম]—বি. প্রাচুর্য হেতু অনাদর, অযত্ন ।। [ফালা ছড়া= ফেলানো ছড়ানো] ।

হালি=[ম, সি]—বি. বীজ ধান ।।

২=[চট, য]—বিণ. চাষেরউপযুক্ত গরু ।। [<হল+ই প্র.] ।

৩=[য]—বিণ. নতুন ।। [<হাল حال আং+ই প্র] ।

৪=[কুম]—বি. পাল্লা ।। [<পাল্লা +ই] ।

৫=[সি]—বি. উদুখলের মধ্য ভাগস্থ কাঠ ।। [<শাল+ই] ।

৬=[রা]—বি. ঝাটার মধ্যে ব্যবহৃত বাঁশ ।। [দেখ হালি$_5$] ।

৭=[রা]—বি. মাছ রাখার দড়ি বিশেষ ।। [দেখ হালি$_5$] ।

হালিকুটা=[রা]—বিণ. নতুন ভাঙ্গা চাউল ।। [দেখ হালি$_3$+ কুটা] ।

হালিক=[চা, নো]—বি. <শালিক ।।

হালিট্=[কুম]—বি. ঝাড় তৈরী করিবার সময় মধ্যে দেওয়া কাঠের টুকরা ।। [দেখ হালি$_5$+কাঠ] ।

হালিদান্=[ম]—বি. <বীজধান ।।

হালিম্=[রা]—বিণ. শক্ত ।। [<হলীম حليم আং=ধীর] ।

২=[রা]—বিণ. কটুরস যুক্ত ।।

৩=[ফ]—বিণ. সমস্ত ।। [<সালিম سالم আং=আস্ত, অখণ্ড] ।

হালিয়া=[বা]—বি. চাষী । [<হাল +ইয়া প্র.] ।

হালিশ=[কু]—বি. পেটের নাড়ী ভুঁড়ি ।। [<হারিশ (অর্শ)] ।

হালুক্=[কুম, নো]—বি. শালুক, শাপলা ফুলের বীজ ।। [<শালুক] ।

হালুগ=[পা]—বি. শালুক । [দেখ হালুক্] ।

হালুটে=[বা, কুম]—বি. চাষাবাদের কাজ ।। [<হাল+উটি প্র.] ।

হালুটে=[খু]—বিণ. গালি বিশেষ ।

হালুবালু=[ব]—বিণ. আলুথালু ।। [অনু.] ।

২=[র]—ক্রি. বিণ. নির্দয় ভাবে ।। [পূর্বে দেখ] ।

হালুবালু করা=[রা]—ক্রি. অস্থির হওয়া ।। [দেখ হালবালু+করা] ।

হালুম্=[চা, নো]--বিণ. সমস্ত ॥ [দেখ হালিম্৩]।
হালুম্যায়্=[কম]—ক্রি. বিণ. মোটের উপর ॥ [দেখ হালুম্+জায়ে جا فا.]।
হালুয়া=[রং]—বি. যে হাল চাষ করে ॥ [<হাল+উয়া প্র.]।
২=[রং]-অস.ক্রি. হেলিয়া, ভাঙ্গিয়া ॥ [<হেলিয়া]।
হালুয়ান্=[কুম]--বি. যে ছাগলের বাচ্চা হয় নাই ॥ [দেখ হালন্]।
হালু হালু=[নো]--ক্রি. বিণ. ধীরে ধীরে ॥ [অনু.]।
হালে=[ম]--বি. বলদ ॥ [<হাল+এ প্র.]।
২=[ম]—বি. <আসলে ॥
৩=[খু]—বি. চাকর, যে হালচাষ করে ॥ [দেখ হালে২]।
হালেটি=[খু]—বি. চাষ আবাদ ॥ [দেখ হালুটি]।
হালেম্=[চা]—বি. এক প্রকার গাছ ॥
হাল্যা=[রা]—বি. কৃষক ॥ [হাল+ইয়া প্র.]।
হালো=[কুম]—অব্য. মেয়ে লোককে সম্বোধন ॥ [<হা+লো]।
২=[খু, য]—বি. হালচাষের জন্য বাড়ীর চাকর বা ঐ জাতীয় কেহ ॥ [<হাল+ও প্র.]।
হালোট্=[খু, ফ]—বি. গলি পথ, সংকীর্ণ রাস্তা ॥ [< আলি+বাট < বর্ত্ম সং]।
২=[ম]—বি. সরুখাল বিশেষ ॥ [পূর্বে দেখ]।
হালোন্=[খু]—বি. বকরী ॥ [দেখ হালন্]।
হাল্=[কুম]—বি. লাফ ॥ [<ফাল<(<লম্ফ)]।
২=[কম, নো]—বি. লাঙ্গলের ফাল ॥ [<ফাল]।
৩=[সি]—বি. মুখের ছোট ছোট ফোঁড়া ॥ [<খাল خال ফা.]।
৪=[খু]—বি. গরুর গাড়ীর চাকার উপর দেওয়া লোহার বেড়ী ॥

হাল্ওয়ারি=[রা]—বি. মিষ্টির দোকানওয়ালা ॥ [<হলরা حلوا আং+রি প্র.]।
হাল্ করা=[পা]—ক্রি. ব্যতিব্যস্ত করা, কষ্ট দেওয়া ॥
হাল্কা করা=[চট্ট]-ক্রি. জিকির করা ॥ [<হল্কঃ حلقه আং+করা]।
হাল্কাড্=[চ]—বি. শালকাঠ ॥ [<শাল+কাঠ]।
হাল্কাসি=[য]—বি. লাঙ্গল বাঁধিবার দড়ি ॥ [<হাল+কাছি]।
হাল্কুয়া=[সি]—বিণ. আকাঁড়া ॥
হাল্কোমতি=[খু]—বি. গরজের অভাব ॥ [<হালকা+মতি]।
হাল্গরা=[সি]—বি. শরীরের কোন অংশে কাঁটা কুটার ফলে জাত শক্ত পিণ্ড ॥ [<শাল+ঘর+আ]।
হাল্গর্=[চট্ট]—বি. আসল ঘর ॥ [<আসল اصل আং+ঘর]।
হাল্গারা=[চা]—বি. পায়ে বা হাতে কাঁটা ফুটিয়া শক্ত হইয়া যাওয়া ॥ [দেখ হাল্গরা]।
হাল্গোরা=[কুম]—বি. হাতে পায়ে কাঁটা বিঁধিয়া শক্ত হইয়া যাওয়া স্থান ॥ [দেখ হাল্গরা]।
হাল্চা=[রা, ব]—বি. চাবির গোছা ॥
২=[পা]—বি. মাছ ধরিয়া রাখার পাত্র ॥
হাল্চাঁই=[চট্ট]—বি. সূক্ষ্মদেহী পোকা বিশেষ (ইহা লোমকূপে প্রবেশ করিলে সুঁচের মত বিঁধে ও চুলকায়)।
হাল্টি=[নো]—বি. খিল ॥ [দেখ হালিট্]।
হাল্ডি=[ফ]—বি. কৃষিকার্য ॥ [দেখ হালেটি]।
২=[চা]—বি. ঝাড়ুর ভিতরে দেওয়া কাঠি ॥ [দেখ হাল্টি]।
৩—[ম]—বি. শাস্তি (দেওয়া) ॥ [পূর্বে দেখ]।
হাল্ডি দেওয়া=[চ]—ক্রি. ক্ষতি করা, অনিষ্ট করা ॥ [দেখ হাল্ডি+দেওয়া]।

হাল্ দেওয়া=[চা, বা]--ক্রি. হুল ফুটানো ॥ [<শাল (<শল্য সং)+দেওয়া]।
হাল্নাডি=[ফ]--বি. ঠিকা চাষ ॥ [<হাল+পাটি সং]
হাল্পেলানি=[নো]--বি. আষাঢ় মাসের পহেলা হইতে সাত তারিখ পর্যন্ত হাল চাষ না করা ॥
হাল্বাড়ি=[রং]—বি. চাষের জমি ॥ [<হাল+বাটী]।
হাল্বুকশে=[খু]--বিণ. আলসে ॥
হাল্মাল্=[সি]--বি. বিষয়বৃত্তান্ত ॥ [<হাল حال +'আমল عمل আং]।
হাল্লাক্=[কুম]--বিণ. বৈরাগী ॥ [<হলাক هلاك আং]।
হাল্লি=[কুম, চা]--বি. দাঁড়ি পাল্লা ॥ হাল্লিডা আইন্নো দান্ মাপুত। [<পাল্লা+ই]।
হাল্লুম্ বাল্লুম্=[নো]--ক্রি. বিণ. এদিক ওদিক ঘুরাফেরা ॥ [অনু.]।
হাল্শি=[য]—বি. দড়িতে মালার মত গাঁথিয়া নেওয়া মাছ ॥
হাল্সাই=[নো]--বি. খুজলি, ফুস্ফুড়ি ॥
হাল্হারা=[চা]—ক্রি. লাফানো ॥ [<ফাল<লাফ+পাড়া]।
হাশর্ নশর্=[চট্ট]—বি. রোজ কেয়ামত ॥ [<হশর নশর حشر نشر আং; সহশব্দদ্বয়]।
হাশা=[ব]—বিণ. সাদা ॥
হাশাল্=[বা]—বি চুল্লী ॥ [<হাঁড়ী-শাল]।
হাশি=[বা]—বি. ঝুড়ি ॥
২=[চা]—বি. <ফাঁসী ॥
হাশিয়া=[ম]—বি. ধার, প্রান্ত ॥ [<হাশিয়ঃ حاشيه আং]।
হাশুয়া=[দি]—বি. বড় ছুরি ॥ [<হাঁস+উয়া প্র.]।
হাশেল্=[খু]—বি. ঢেঁকির খিল ॥
হাশো=[খু]—বি. অস্ত্র বিশেষ ॥ [দেখ হাশুয়া]।
হাশ্=[কুম]—বি. সার ॥

হাশ্‌ করা=[রা]—ক্রি. অহংকার করা ॥

হাশ্‌কল্‌=[ফ]—বি. খিল, হুড়কা ॥ [<হাঁসকল]।

হাশ্‌কারা=[খু]—বি. তাচ্ছিল্য ॥ [<হাস্যকর]।

হাশ্‌কুল্‌=[সি]—বি. একপ্রকার প্রকাণ্ড লেবু (যাহা তরকারীতে ব্যবহৃত হয়) ॥

হাশ্‌কোইল্‌=[সি]—বি. জামির, বাতাবি লেবু ॥ [দেখ হাশ্‌কুল্‌]

হাশ্‌খেতি=[চট্ট]—বি. শাকসব্জীর বাগান ॥

হাশ্‌খোল্‌=[রং]—বিণ. স্ফূর্তিবাজ ॥ [<হাসি+খোলা]।

হাশ্‌পাশ্‌=[খু]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ [<অনু.]।

হাশ্‌টি বাশ্‌টি=[ঢা]—বি. মিছা, ফাঁকি, প্রবঞ্চনা ॥ [অনু. ; তুং ফষ্টি-নষ্টী]।

হাশ্‌মত্‌দব্‌দবি=[চট্ট]- বি. আড়ম্বর ॥ [<হশ্‌মত حشمت আং+দবদবহ دبدبه ফা.+ই]।

হাশ্‌রানো=[সি]—ক্রি. সংক্রামিত হওয়া ॥ [< সংরান(<সংক্রমন)+নো]।

হাশ্‌শ্যা=[ফ]—বি. কাস্তে ॥ [<হাঁস+ইয়া প্র. ; হংস গ্রীবার ন্যায় বলিয়া]।

হাসদ্‌=[চট্ট]—বি. হিংসা ॥ [<হসদ حسد আং]।

হাসর্‌=[কুম]—বি. সাঁতার ॥ [< [<সাঁতার]।

২=[সি]—বিণ. সত্যসত্য, প্রকৃত ॥ [<সাঁচা+র]।

হাসা=[সি, ম, ঢা, বা]—বিণ. সত্য ॥ [<সাচ<সত্য সং]।

হাসাদ্‌=[ম]—বি. হিংসা ॥ [দেখ হাসদ্‌]।

হাসামিসা=[সি, ঢা]—বি. সত্যমিথ্যা ॥ [<সাচা+মিছা(<সত্যমিথ্যা)]।

হাসামিসি =[ঢা]—বি. স্বল্প ॥ [< দেখ হাসামিসা+ই]।

হাসার্‌=[ম]—বি. গরুকে ঘাস খাওয়াইবার জন্য বাঁধা ॥

হাসারবুল্‌ হাসা=[সি]—ক্রি. বিণ. সত্য সত্যই ॥ [<সাঁচা+রে+বলিয়া+সাঁচা]।

হাসা হাসা=[নো]—বিণ. সত্যসত্য ॥ [<সাঁচাসাঁচা]।

হাসি=[কুম]—বি. ছোট কলসী ॥

হাসি আমন্‌=[ঢা]—বি. আমন ধান বিশেষ ॥

হাসিন্‌=[ম]—বিণ. সুন্দর ॥ [<হসীন حسین আং]।

হাসিল্‌=চট্ট]—বিণ. সুন্দর ॥ [দেখ হাসিন্‌]।

হাসুইন্‌=[কুম]—বি. ঝাড়ু, পিছা ॥ [<পিছা (<পিচ্ছ সং)+ইন]।

হাসুনাইয়া=[কুম]—বিণ. হতভাগা ॥ [দেখ হাসুইন্‌+ইয়া প্র.]।

হাসুন্‌=[কুম]—বি. ঝাঁটা ॥ [দেখ হাসুইন্‌]।

২=[ম]—বি. নিড়ানি ॥ [পূর্বে দেখ]।

হাসুর্‌=[নো,কুম]-বি. সাঁতার ॥ [দেখ হাসর্‌]।

হাসোর্‌=[কুম,চট্ট]—বি. সাঁতার ॥ [দেখ্‌ হাসুর]।

হাসোল্‌=[চট্ট]—বি. নাড়ু ॥

হাস্‌তর্‌=[ঢা]—বি. নিয়ম, প্রচলন ॥ [<শাস্ত্র]।

২=[কু.]—বিণ. সামান্য, একটু ॥

৩=[ম, পা]—বি. গল্প ॥ [দেখ হাস্‌তর্‌]।

হাস্‌তাখর্‌=[কুম]—বি. হাতের লেখা ॥ [<হস্তাক্ষর]।

হাস্‌তানো=[রা, রং]—ক্রি. খোঁজ করা ॥ [<হস্ত+আনো ; নামধাতু]।

হাস্‌তাল্‌=[কুম]—বি. হাসপাতাল ॥ [<হস্‌পিটাল Hospital ইং]।

হাস্‌তার্‌=[ফ]—বি. শাস্ত্র, কিচ্ছা ॥ [দেখ হাস্‌তর্‌]।

হাস্‌নাত্‌=[চট্ট]—বি. নেককাজ, পুন্য ॥ [<হস্‌নাত্‌ حسنات আং ; হসনঃ حسنه আং শব্দের বহুব.]।

হাস্‌রা=[সি]—বি. উৎপত্তি, জন্ম, বিস্তার, ছোঁয়াছ ॥ [দেখ হাশ্‌রানো]।

হাস্‌রান্‌=[কুম]—ক্রি. বি. গরু ধোয়ান ॥

হাহা=[কুম]—বি. শিশুর মুখের ঘা ॥ [<পোকা]।

২=[ম]—বি. পোকা ॥ [পূর্বে দেখ]।

৩=[নো]—বি. চুল্লী ॥ হাহাতে আগুন্‌ দে। [<আখা]।

হাহানি=[ঢা]—বি. হাহাকার, হায়-হায়রব ॥ <হা হা (অনু.)+নি প্র.]।

হাহান্‌=[ঢা]—ক্রি. বিণ. সেখানে ॥ [<সেই+খান]।

হাহাবেরি=[বা]—বি. যে কাঠের উপর ঢেঁকি থাকে ॥ [< াক+আ+বেড়ি (<বেষ্ট সং)]।

হাহাহুকি=[কুম]—বি. কানাকানি ॥ [অনু.]।

হি

হি=[ম]—সর্ব. সে ॥ হি কই গেসে ॥ [<সে]।

হিআলাফুল্‌=[চট্ট]—বি. শাপলাফুল ॥ [<শাপলা+ফুল]।

হিঅর্‌=[কুম]—বি. শিকড় ॥ [<শিকড়]।

হিআ=[চট্ট]—ক্রি. শিক্ষা করা ॥ [< শিখা <শিক্ষা]।

হিআনো=[চট্ট]—ক্রি. শিক্ষা দেওয়া ॥ [শিখানো]।

হিআন্‌=[কুম, চট্ট]—ক্রি. বিণ. সেইখান ॥ [<সে+ই+খান]।

হিইন্=[চট]—বিণ. সেই বস্তুগুলি ॥ [<সেই+গুলিন] ।

হিইন্দা=[না]—অস. ক্রি. (কাপড়) পরিয়া ॥ হবুর্ কর, কাবর্ হিইন্দা লৈ । [<পিন্ধিয়া <পিন্ধন (আপিনদ্ধ সং)] ।

হিউনি=[ম]—বি. সেলাই ॥ [< সীবন সং+ই] ।

হিইন্=[হট]-বিণ. সেইগুলি, তাহারা ॥ [দেখ হিইন্] ।

হিওর্=[না]-বি. শিকড় । [<শিকড়] ।

হিং=[সি]—বি. সিঁধ ॥ [<হিন্ <সিঁধ (<সন্ধি সং)] ।

২=[রং]—বি. তরকারী ॥

হিংগা—[খু, য]—ক্রি. কাঁটা ফুটা ॥ [<শিং (<শৃঙ্গ)+আ] ।

হিংগাইর্=[ফি]—বি. পানিফল ॥ [< শিঙ্গাড়া (<শৃঙ্গাটক সং)] ।

হিংগাইল্=[ন,চা,ফ,না]—বি. কফ, সর্দি ॥ [<শিঙ্ঘান সং] ।

হিংগাইশ্=[কুম]—বি. নাকের শ্লেষ্মা ॥ [দেখ হিংগাইল্] ।

হিংগানো=[খু]—ক্রি শিং মারা ॥ [দেখ হিংগা +নো] ।

হিংগা হিংগা=[চা]—বিণ. কাহিল । [অনু] ।

হিংগি=[ফি]—বি. শিং মাছ ॥ [< শিঙ্গি<শৃঙ্গী] ।

হিংগির্ কাটা=[সি] —বিণ. জীর্ণশীর্ণ ॥ [দেখ হিংগি+র(সম্ব.স্ক) + কাঁটা] ।

হিংগিল্=[কুম]—বি. শ্লেষ্মা ॥ [দেখ হিংগা ল্] ।

হিংগুল্=[ফ]—বি. শ্লেষ্মা ॥ [দেখ হিংগাইল্] ।

হিংগে=[খু, য]—বি. গাছ বিশেষ ॥

হিংগ্যাল্=[পা]—বিণ. ঠাণ্ডা ॥ [< হিম+গলা] ।

হিংগৈল্=[সি]—বি. সর্দি, কফ ॥ [দেখ হিংগাইল্] ।

হিংগো=[বং]—বি. তরকারীর পাত্র ॥

হিংচাঁইল=[সি]—বি. হট্টগোল, বিশৃ- [illegible]

হিংচোঁক্=[কুম]—বি. লণ্ঠন ॥

হিংটামুরি=[া]—বিণ. কাহারও সঙ্গে যে মিশেনা ॥

হিং দেওয়া=[চা]—ক্রি. সিঁদ কাটা ॥ [দেখ হিং+দেওয়া] ।

হিংনা=[চা]—বি. মাছ ধরার একপ্রকার ছোট চাঁই ॥

হিংমাস্=[কুম, ন, চা, সি, খু]—বি. শিংমাছ ॥ [দেখ হিংগি+মাছ] ।

হিংরা=[কুম, সি, ম]—বি. শিংগারা, একপ্রকার পানিফল ॥ ইয়ানের্ বিলে হিংরা পাওয়া যায়। [দেখ হিংগাইর্] ।

হিংরাই=[সি]—বি. পানিফল ॥ [দেখ হিংরা] ।

হিংরাইন্=[সি]—বি. নিনিন্দা, তিতা-পাতা ও ফলযুক্ত গাছ বিশেষ ॥

হিংরাইয়া=[কুম]-বিণ. পরশ্রীকাতর ॥

হিংলা=[ফ]—বি. শিংমাছ ধরার এক প্রকার হাতিয়ার ॥

হিঁকা=[রা,ব]—বি. ঘনঘন নিঃশ্বাস ॥ [<হিককা] ।

হিঁকুকা=[চট]—ক্রি. বিণ. সেইদিকে ॥ যিকুকাত্তুন আইসত্ হিঁকুকা চ'লি যা । [<সেই+মুখ+ইয়া] ।

হিঁকুকান্=চট]—ক্রি. বি. ফোঁপান ॥ [দেখ হিকা+আন] ।

হিঁজার্=[রা]—বিণ. পটু ॥ [< সিদ্ধ+আর(স্বার্থে)] ।

হিঁধা=[চট]-বিণ. সিদ্ধ ॥ [<সিদ্ধ] ॥

হিঁটা=[ব]—বি. হাঁটু ॥ [হাঁটু] ।

হিঁদা=[ব]—বিণ. এইটি ॥ হিঁদা মধিবরের্ আনি বিড়ি। [<এই+টা] ।

হিঁয়ত্=[চট]—ক্রি. বিণ. সেখানে ॥ [<সেখান+ত] ।

হিঁয়রি=[চট]—বি. পানিফল ॥ [দেখ হিংগাইর্] ।

হিঁয়া=[সি]—বি. অজস্র কাঁটাযুক্ত এক প্রকার মাছ ॥

হিঁয়াল্=[দি]—বিণ. ঠাণ্ডা ॥ [শিয়ল <শীতল ; ম. বাং (শ্রীকৃষ্ণকীর্তন)] ।

হিঁশে=[কু]—ক্রি. বিণ. লাগালাগি, গায়েগায়ে ॥ [<পাশে] ।

হিকা=[সি]—ক্রি. শিক্ষা করা ॥ [< শিখা] ।

২=[সি]—বি. লগির গুঁতা ॥

হিকির্=[সি]—বি. ব্যবস্থা, ফিকির ॥ [<ফিকর্ আং] ।

হিকে যাওয়া=[সি]—ক্রি. ক্লান্ত হওয়া ॥

হিক্=[কুম]—বি. সরু ও মিহি করিয়া বেত ফালি করিবার ইংরেজি 'A' এর মত কাঠের যন্ত্র বিশেষ ॥

হিক্কা=[ফ]—বি. গিরা ॥

হিক্টা=[সি]—সর্ব. সেইটা ॥ [< সেই+টা] ।

হিক্ড়া=[রা]—বি. হিংসা (করা) ॥ [<হিংসা] ।

হিক্রা=[সি, ম]—বিণ. জীর্ণশীর্ণ ॥ [<শিকড়+আ প্র.] ।

হিক্না হোক্না=[রা]—বি. এটাসেটা, চড় ঠোকনা ॥ [<এই + গুনা+সেই +গুনা] ।

হিখন্=[কুম, নো, চট, চা]—ক্রি. শিক্ষা করা ॥ [<√শিখ্+অন] ।

হিগা=[নো]-সর্ব. সে ॥ [<সেই+গা] ।

হিগিন্=[ফ]—বি. নাকের শ্লেষ্মা ॥ [দেখ হিংগাইল্] ।

হিগুয়ে=[সি]—সর্ব. সে ॥ [দেখ হিগা +এ] ।

হিগেদা=[ব, রা]—অব্য. ওহে, তুমি ॥

হিচ'ন্=[নো, চট, সি] - সিঞ্চন ॥ [<সেচন] ।

হিচাঁ=[বা, কুম, নো]—বি. ঝাড় ॥ তোমার্ কপালে হিচাঁ আসে। [< পিছা<পিচ্ছ সং] ।

হিচাঁনি=[কুম]—বিণ. পিশাচিনী ॥ মাইয়াডা একেবারে হিচাঁনি হৈ গেসে। [<পিশাচ+নি প্র.] ।

হিচিঁ=[খু, বা]—বি. মাছ ধরার উপকরণ বিশেষ ॥

হিচেন্=[রা]—ক্রি. দুর্বলতা অনুভব করা ॥

হিচৈ'ন্=[চট]—বি. <সিঞ্চনী। [দেখ হিচ'ন্] ।

হিচ্‌ʻ=[চা]—বি. বৃষ্টির ঝাপটা ॥ [দেখ হিচৈ'ন্]।
হিচ্‌ʻকা=[কুম, চা, চট্ট]—বি. হুক্কা বা বেড়া ছিদ্র করিবার কাঠি ॥
২=[কুম]—বিণ. কৃপণ ॥
হিচ্‌ʻকি=[নো]—বি. পানের রস ॥ [<পিচকি<পিচ+কি]।
২=[রা]-বি. ঢেঁকুর ॥ [<হেঁচকি]।
হিচ্‌ʻকি নেওয়া=[খু]—ক্রি. কাবু হওয়া ॥ [দেখ হিচ্'কি₂+দেওয়া]।
হিচ্‌ʻচ'া=[চট্ট]—বি. অংশ ॥ [< হিসসঃ حصه আং]।
হিচ্‌ʻকুল্‌=[কুম]—বি. পিছন দিক ॥
হিজল্ দাগা=[রা]—বিণ. পিছলা, স্যাৎসেঁতে ॥ [<পিছল+দাগা]।
হিজার্=[রং রা]—বি. সাধারণ বুদ্ধি ॥
হিযন্=[চা, সি, কুম]—বি. সিদ্ধ হওয়া ॥ [<√সিদ্ধ (<সিদ্ধ)+অন]।
হিযল্ দাগা=[ফ]—বিণ. অবাধ্য, বেয়াড়া ॥ [দেখ হিজল্‌দাগা]।
হিযা=[সি]—বিণ. ক্লীব, পুরুষত্বহীন ॥ [<হীয হিজ ফা.]।
২=[নো, কুম]—সর্ব. সে ॥
৩=[ম, সি, কুম]—বি. ছড়া, শীস ॥ [<শীস<শীর্ষ]।
হিযানো=[কুম, চট্ট, ফ, চা]—ক্রি. সিদ্ধ করা ॥ [<√হিয্ (<সিদ্ধ)+আনো]।
হিযার্=[বা]—বি. সাধারন বুদ্ধি ॥ [<বিচার]।
হিযালত্‌=[কুস]—বি. অপমান ॥ [<খজালত خجالت আং]।
হিযিলদাগা=[কু]—বিণ. ছ্যাঁচড় ॥ [দেখ হিযল্ দাগা]।
হিযিল্‌মিযিল্=[পা]—ক্রি. বিণ. গোছ গাছ ॥ কাপড়্ চে'াপড়্ হিযিল্ মিযিল্ কৈরা থো। [<সাজাইল<সাজ+আ+ইল+মিযিল (অনুঃ)]।
হিযুরি=[খু]—বি. ডাল ইত্যাদি বাটিবার যন্ত্র বিশেষ ॥
হিযুর্=[খু]—বি. বড়ি তৈরির কাজে পেষণ করিবার যন্ত্র ॥

হিযেল্ দাগা=[খু]—বিণ. মিটমিটে, বদমাশ, দুষ্ট ॥ [দেখ হিযিল্ দাগা]।
হিয্যার্=[চট্ট]—বি. বুদ্ধি, আন্দাজ ॥ [দেখ হিযার্]।
হিয্‌=[চট্ট]—বি. শয্যা ॥ [<সেজ <শয্যা]।
হিয্‌যা=[কুম]—বিণ. <সিদ্ধ ॥
হিয্‌না=[কুম]—বিণ. সিদ্ধ ॥ [দেখ হিয্‌যা]।
হিয্‌মে=[খু]—বি. একপ্রকার মাছ ॥
২=[খু]—বি. সন্ধ্যা ॥ [দেখ হিযা+এ প্র.]।
হিয্‌রা=[কুম]—বিণ. অপদার্থ ॥ [< হিজড়া]।
হিয্‌রান্=[ব]—বিণ. খোঁজা, নপুংশক। [দেখ হিয্‌রা+ন]।
হিয্‌লেত্‌=[খু]—বি. স্বভাব ॥ [< খসলত خصلت আং]।
হিটা=[সি]—বিণ. জীর্ণ শীর্ণ ॥ [< শিটা]।
২=[বা]—বি. হাঁটু ॥ [<হাঁটু]।
৩=[খু]—বি. সিলাই করা ॥ [<হি (<সীবন)+টা প্র.]।
৪=[সি]—সর্ব. সেইটা ॥ [<সেই +টা]।
হিটি=[সি]—বি. তামাকের ভস্ম ॥ [দেখ হিটা+ই]।
হিটেহোটে=[রা]—ক্রি. বিণ. এখানে সেখানে ॥ [<এঠাঁই ওঠাঁই]।
হিট্‌কানি=[ম, চা, বা,]—বি. হাসা ॥ [<সিটকানো]।
হিট্‌টা=[চা]—বিণ. রংহীন, শ্রীহীন, স্বাদহীন ॥ [দেখ হিটা]।
হিঠা=[সি]—বিণ. বিশ্রী ॥ [দেখ হিটা]।
হিডা=[চা, নো]—বি. <পিঠা ॥
২=[কুম]—সর্ব. সেইটা ॥ [দেখ হিটা₄]।
৩=[কুম]—বিণ. ম্লান ॥ [দেখ হিঠা]।
হিডানো=[কুম]—ক্রি. পিটানো, মারা ॥ [<পিটানো]।

হিডিয়াহিডি=[নো]—ক্রি. বিণ. পর পর, প্রায় সমবয়সী ॥ [<পিঠ (< পিষ্ঠ)+ইয়া+পিঠ+ই]।
হিড়োম্ ঠাংয়া=[রা]—বিণ. অতি দীর্ঘাকৃতির (পুরুষ) ॥ [<হিড়োক+ ঠাং+আ]।
হিড়্‌=[রা]—বিণ. শক্ত ॥ [<দৃঢ়]।
২=[রা]—বি. নৌকার মাচা ॥
হিতা=[চা, ম, ফ, বা, কুম, সি]—বি. সিঁথি ॥ [<সিঁথি]।
২=[সি]—সর্ব. তাহা ॥ [<সেই+ তা]।
৩=[চা]—বি. <ফিতা ॥
হিতাযিতা=[সি]—অব্য. সে যাহা হয় ॥ [দেখ হিতা₂+যেই+তা]।
হিতাত্‌তুন্=[চট্ট]—সর্ব. তাহার নিকট হইতে ॥ [দেখ হিতা₂+র (সম্বন্ধ)+ তুন (হইতে)]।
হিতা দাতি=[কুম]—বি. যাহার সম্মুখের দাঁত ফাঁক ॥
হিতারাদ্দি=[চট্ট]—সর্ব. তাহাদের কে দিয়া ॥ [দেখ হিতা₂+রা (বহুর) +রে (বিভক্তি)+দিয়া]।
হিতার্ মৈদ্দে=[চট্ট]— অব্য. তন্মধ্যে ॥ [দেখ হিতা₂+র (সম্বন্ধে) +লাগি]।
হিতাল্লাই=[চট্ট]—অব্য. সেইজন্য ॥ [দেখ হিতা₂+র (সম্বন্ধে)+লাগি]।
হিতি হুতি=[নো]—ক্রি. বিণ. এখানে সেখানে ॥ [দেখ হিটে হোটে]।
হিত্‌=[পা, ম]—বি. নাকের শ্লেষ্মা ॥ [<শ্বন্যা.]।
হিত্‌লা চো'ক্=[নো]—বিণ. যাহার লজ্জা নাই ॥ [<পিতল+আ+চোখ]।
হিথান্=[চট্ট]—বি. বিছানার মাথার দিক ॥ [<শিথান (<শিরস্থান)]।
হিদল্=[চা]—বি. শুটকি ॥
২=[চা]—বি. ময়লা, শেওলা। [< ছাতলা]।
হিদল্ চে'গা=[ম]—বি. শুটকী মাছ ॥ হিদল্ চে'গার্ বর্‌তা দিয়া বাত্‌ খাইসি। [দেখ হিদল্+চেপটা]।

হিদা=[রা]—বি. একপ্রকার ধান ॥

হিদানো=[নো]—ক্রি. পরানো (কাপড়) ॥ [<পিন্ধানো] ।

হিদাল্=[বা]—বি. গায়ের ময়লা ॥ [দেখ হিদল্২] ।

হিদি=[রা]—বি. ডান দিক ॥

হিদিক্=[রা]—বি. বোধ, জ্ঞান ॥ [এই +দিক] ।

হিদিক্ শিদিক্=[রা]–বি. সাধারণ জ্ঞান ॥ [দেখ হিদিক+সেই+দিক] ।

হিদ্যা=[পা]—বি. ধানের নাম ॥

হিদোফিদো=[রা]—ক্রি. বিণ. দিগ্বিদিক ॥ [দেখ হিদিক্ শিদিক্] ।

হিদ্দ=[রং]—বি. গর্ত, উদর ॥ [< হৃদয়] ।

হিদ্দ করা=[ম, চ, কুম]—ক্রি. সিদ্ধ করা ॥ [<সিদ্ধ+করা] ।

হিদ্দহাকুনা=[ম]—বি. আলুসিদ্ধ ডালসিদ্ধ বেগুনপোড়া ইত্যাদি ॥ [< সিদ্ধ+শুকনা] ।

হিদ্দাত্=[রা]-বি.কার্পেট, দামী গদি ॥

হিদ্লা=[বা]—বি. ময়লা ॥ [দেখ হিদল্২] ।

হিদ্লি=[সি]—বি. বর্ষার একপ্রকার তিতা শাক ॥

হিনা=[রং]—অব. এই যে ॥ [<এই +না] ।

হিনান্=[সি]—বি. স্নান, গোছল ॥ [<সিনান (<স্নান)] ।

হিনারি=[কুম]—বি. হিংসা ॥ [< হিংসা+আরি] ।

হিনাহিনি=[সি]—বি. রাগে ফুলিয়া উঠা ॥ [দেখ হিনারি ; হিংসা+আ +পিশুন+ই] ।

হিনি=[রা]—অব্য. পর্যন্ত ॥ [এই+ খানি] ।

২=[চট্]—ক্রি. বিণ. সেই স্থানেই (নিশ্চিতার্থে) ॥ [পূর্বে দেখ] ।

৩=[বা]—সর্ব. সে, তিনি ॥ [< ইনি] ।

হিনিক্—[কুম]—বি. নাকের ময়লা ॥ [দেখ হিংগাইল্] ।

হিনিত্=[ম]--বি. শ্লেষ্মা ॥ [দেখ হিনিক্] ।

হিনুয়া=[সি]—বিণ. হিংসুক ॥ [<হিন (<হিংসা)+উয়া প্র.] ।

হিনেধরা=[খু]—বিণ. অবশ ॥ [< [<হিমে ধরা] ।

হিনো=[সি]—ক্রি. বিণ. সেখানে ॥ [<সেই+খান+অ (বিভক্তি)] ।

হিন্=[কুম,চা]—বি. <সিঁথ ॥

২=[সি]—বি. হিংসা ॥

৩=[নো]—বি, নাকের ময়লা ॥ [দেখ হিনিক্] ।

হিন্ কৈর‍্যা=[ম]—অস. ক্রি. স্নান করিয়া ॥ [দেখ হিনান্+করিয়া] ।

হিন্জার্=[রং]—বি. আক্কেল ॥ [<হন্জার هنجار ফা.] ।

হিন্জালি=[রং]—বিণ. শীতল ॥ [< হিম+জল+ই প্র.] ।

২=[রং]—বি. সঙ্কেত ॥

হিন্জিলা=[দি]—বি. বাঁশের তৈরী মাচান ॥

হিন্যল্=[চা]—বি. পেন্সিল ॥ [< পেন্সিল pencil ইং] ।

হিন্যা=[ম]—বি. ধানের শিষ ॥ [দেখ হিষা৩] ।

হিন্যার্=[ব]—বি. বুদ্ধি ॥ [দেখ হিন্জার্] ।

হিন্যিল্=[নো]—বি. পেন্সিল ॥ [দেখ হিন্যল্] ।

হিন্তা=[খু]—বিণ. শক্ত ॥

হিন্তো=[সি]—ক্রি. বিণ. সেখান হইতে ॥ [<সেই+খান+তে= হইতে] ।

হিন্দন্=[নো]—ক্রি. বি. পরা ॥ হিন্দানের্ কাবর্ এক্কুরকম্ ঐলে চ'লে? [<পিন্ধন] ।

হিন্দল্=[ম]--বি. বড় মাছের শুটকি ॥

হিন্দাইর‍্যা=[চা]—বি. এক প্রকার লাল ক্ষুদ্র পোকা ॥ [<সিঁদুর+ইয়া প্র.]

হিন্দানো=[বা]—ক্রি. পরাইয়া দেওয়া ॥ [<পিন্ধানো] ।

হিন্দি=[চট্]—ক্রি. বিণ. সেই স্থান দিয়া ॥ [<সেই+স্থান+দিয়া] ।

হিন্দুইরা=[চা]—বিণ. সিঁদুরের মত সুন্দর ও লাল ॥ [<সিন্দুর+ইয়া] ।

হিন্দুরগা=[চট্]—বিণ. সিঁদুরের ন্যায় লাল ॥ [দেখ হিন্দুইরা+গা] ।

হিন্দুক্=[পা]—বি. <সিন্দুক ॥

হিন্দুরিয়া=[নো]—বি. এক প্রকার আমের নাম ॥ [দেখ হিন্দুইরা] ।

হিন্দুর্=[চা,কুম,ফ, বা]—বি. সিঁদুর ॥ [<সিন্দুর] ।

হিন্দেহিন্দে=[চা]—ক্রি. বিণ. তন্ন তন্ন করিয়া, খুঁজিয়া ॥ [<বিঁধ (< বিদ্ধ)+এ (বিভক্তি)] ।

হিন্দৈল্=[সি]—বি. কোলাহল ॥

হিন্দোন্=[ফ]—ক্রি. পরা ॥ [< পিন্ধন] ।

হিন্নরি, হিন্নারি=[চট্, নো]—বি. হিংসা ॥ [দেখ হিনারি] ।

হিন্না=[নো]--বি. পরণ ॥ [<পিন্ধা] ।

হিন্নারিয়া=[নো]--বিণ. হিংসুক ॥ [দেখ হিনারি+ইয়া] ।

হিন্নুয়া=[সি]—বিণ. হিংসুক ॥ [দেখ হিন্২+উয়া] ।

হিন্নে=[খু]--বি. দোলনা ॥ [< হিন্দোল+এ প্র.] ।

হিন্শার্=[রা]—বিণ. সহায় ॥ [< আন্সার انصار আং] ।

হিন্ হিনি=[সি]—বি. গায়ে কাঁটা দেওয়ার ভাব ॥ [অনু.] ।

হিপা=[দি, রা]—বি. ক্লান্ত হওয়া ॥

হিপৈল্=[ম]—বি. ছিপি ॥ [< ছিপি+আলি প্র.] ।

হিফ্‌রা=[কুম]—বি. শিহরণ ॥ [< শিহরা<শিহরণ] ।

হিবা=চট্]—সর্ব. সে (ব্যক্তি), তাহা ॥ [<সে+বা] ।

হিবায়দি=[সি]—ক্রি.বিণ. সেদিকে ॥ [দেখ হিবা+য় (বিভক্তি)+দিক্] ।

হিব্‌রা দেওয়া=[চা]—ক্রি. রাগ হওয়া ॥ তর্ কতা হোন্লে আমার্ শৈলড়া হিব্‌রা দেয় ।

হিব্‌রা দেওয়া বা যাওয়া=[বা]—বি. ভয় পাওয়া ॥ [দেখ হিব্‌রা দেওয়া]।

হিব্‌লা=[স, ফ]—বি. ছিপি ॥ [<ছিপি+লা]।

হিমক্‌হারান্=[চট্ট]—বিণ. অকৃতজ্ঞ ॥ [<নিমক হারাম نمک حرام ফা.]।

হিমানি=[চা]—বি. অত্যধিক শীতল বাতাস ॥ [<হিম+আনি প্র.]।

হিমানো=[খু]—ক্রি. স্পর্শ করা ॥

হিমাল্=[কুম]—বি. ঠাণ্ডা বাতাস ॥ [<হিম+আল প্র.]।

হিমুন্‌তান্=[চা]—বিণ. সেই রকম (লোক) ॥ যিমুন্ তানের্ পর হিমুন্ তানে অয়্। [<সে মন=তেমন+তান]।

২=[চা]—ক্রি. বিণ. সেই স্থানে, সেই পরিবেশে ॥ [<সেমন=তেমন+স্থান]।

হিমুল্=[চট্ট]—বি. <শিমুল ॥

হিমৈল্=[সি, চা]—বি. শিমুল গাছ ॥ [দেখ হিমুল্]।

হিম্‌টাইলা=[নো]—বিণ. স্বার্থপর ॥

হিম্‌রা=[কুম, চট্ট]—বি. <পিঁপড়া ॥

হিম্‌রা লেইত্=[নো]—বি. এক প্রকার ধান ॥

হিম্‌নি=[সি]—বি. হিংসুক ॥ [দেখ হিন্+ই$_2$]।

হিয়র্=[চট্ট, ফ]—বি. <শিকড় ॥

হিয়ল্=[চা]—বি. ঠাণ্ডা, শীত ॥ [<শিয়ল<শীতল সং]।

হিয়া=[ম]—বি. শিকড় ॥ [দেখ হিয়র্]।

২=[কুম]—বি. বসিবার আসন ॥ [<পিড়া(<পীঠিকা)]।

৩=[কুম, নো, চট্ট]—বি. আলগা বাঁশ দিয়া ঠেকান দেওয়া ॥ [<ঠিকা]।

হিয়াইল্যা=[চা]-বিণ. লাল এবং সাদা রং মিশ্রিত, শিয়ালের রং বিশিষ্ট ॥ [<শিয়াল+ইয়া প্র.],

হিয়াইল্‌লা=[চা, নো]—বিণ. ভীরু ॥ [<শিয়াল+ইয়া প্র.]।

হিয়াচা=[সি]—বিণ. ভীতু ॥

হিয়ানত্=[রা, য]—বি. অবহেলা ॥ [<ইহানত اهانت আং]।

হিয়ানি=[সি]—বি. হাঁপানি ॥

হিয়ানে=[কুম]—বিণ. সেখানে ॥ [<সেই+খানে]।

হিয়ানো=[নো]—ক্রি. বিণ. এখানে ॥ [<এই+খান+অ বিভক্তি]।

২=[কুম]—ক্রি. শিক্ষা দেওয়া ॥ [<শিখানো]।

৩=[কুম]—ক্রি. উঃ উঃ করা ॥ [<হিহি(অনু.)+আনো]।

৪=[চা, ম, কুম]—ক্রি. সেলাই করা ॥ [<সিআ(<সীবন)+নো]।

হিয়ান্=[বা]—বি. নাকের ময়লা ॥ [দেখ হিংগাইল্]।

২=[নো]—বিণ. সেইখান, তাহা ॥ [সেই+খান]।

হিয়ান্দি=[কুম]—ক্রি. বিণ. সেই স্থান দিয়া ॥ [দেখ হিয়ান্+দিয়া]।

হিয়ামুরা=[সি]—বিণ. শক্ত ॥ [দেখ হিয়ানো$_4$+মুড়া]।

হিয়ারা=[নো]—সর্ব. তাহারা (তুচ্ছার্থে) ॥ হিয়ারা আমার্ কথা হুনত্ না ॥ [<সেই+তাহারা]।

হিয়াল্=[চা, কুম, ম, বা, রং, রা]—বি. <শৃগাল ॥

২=[চা, রং রা]—বি. ঠাণ্ডা ॥ [দেখ হিয়ল্]।

হিয়ালমুদ্‌রা=[কুম, ম]—বি. শাক বিশেষ ॥ [<শিয়াল+মুত্র+আ]।

হিয়াল্লা=[নো]—বিণ. ভীত ॥ [দেখ হিয়াইলল্লা]।

হিয়্যানত্ করা=[রা]—ক্রি. তুচ্ছ-তাচ্ছিল্য করা, উপেক্ষা করা ॥ [দেখ হিয়ানত্+করা]।

হিয়্যাল্=[ম, ফ]--বিণ. শীতল, ঠাণ্ডা ॥ [দেখ হিয়াল্$_2$]।

হিরন্=[কুম]—বি. হিংসা ॥ [দেখ হিনারি]।

হিরা=[কুম, ফ]—বি. মস্তক, মাথা ॥ [<শির+আ]।

২=[নো]—বি. ভিক্ষা ॥ হারাদিন্ হিরা করিও হেট্ চ'লে না। [<ফিরা <√ফির্+আ]।

৩=[কুম]—বি. ভ্রমণ ॥ [দেখ হিরা]।

৪=[কুম, নো]—বি. পিঁড়ি ॥ [<পিঁড়া(<পীঠিকা)]।

৫=[নো]-বি. ঘরের ভিটার বহিরাংশ ॥ [দেখ হিরা$_4$]।

হিরাইল্যা=[কুম, চট্ট]-বিণ. কাহিল ॥ [<শিরা+ল+ইয়া]।

হিরা করা=[নো]—ক্রি. ভিক্ষা করা ॥ [দেখ হিরা$_2$+করা]।

হিরা খোয়ান্=[চা]—ক্রি. বি. মাথা ফাটান (গালি অর্থে) ॥ [দেখ হিরা+খোয়ান]।

হিরানি=[সি]--বি. রোমাঞ্চিত হওয়া ॥ [<শিহরন+ই প্র.]।

২=[নো]—বিণ. বিয়ের পর বরের পুনরায় শ্বশুর বাড়ীতে আসিবার দিন ॥ [<√ফির্+আনি প্র.]।

হিরাল্=[চা]—বি. নৌকার মূল কাঠ, দাঁড়া ॥ [<শিরা+ল প্র.]।

হ্যাটারোড্যাংগারো করা=[য]—ক্রি. মতের গড়মিল হইলে ঝগড়াঝাটি করা (সাধারণতঃ বউ শ্বাশুড়ীতে হইয়া থাকে) ।।

হ্যাটাহেটি করা=[সি]—ক্রি. অযথা বিরক্ত করা ।। তুই আর্‌ হ্যাটাহেটি করিস্‌ না বা । [<হ্যাটাহেটি (অনু.) +করা] ।

হ্যাটেংট্যাংরা=[রং]—বিণ. উঁচু-নীচু।। জমি কোনা বড় হ্যাটেংট্যাংর।। [দেখ হ্যাটাটেংরা]।

হ্যাটেনেটে=[সি]—বিণ. বাজে।। হ্যাটেনেটে মাত্ মাত্লে চ'ল্তো নায়্। [অনু.]।

হ্যাটো=[খু]—বি. হাঁটু।। হ্যাটো ডেকে বয়্। [<হাঁটু]।

হ্যাটোত্=[দি,রা]—ক্রি. বিণ. নীচে।। হ্যাটোত্ ছাইড়ে গাছের্ উপ্‌ড়ে পানি দিলে কি হবে? [< হেট + ত (বিভক্তি)]।

হ্যাট্=[চা]—বি. পেট।। হ্যাট্ বর্‌সে আর্ খামুনা। [<পেট]।

২ =[নো]—বি. গর্ভ।। মাইয়াডার্ হ্যাট্ ঐসে। [পূর্বে দেখ]।

হ্যাট্‌কানো=[চা, চট্ট, বা]—ক্রি. হাসা।। এ্যাত্ হ্যাট্‌কাইঅ না। [তুং ভেটকানো]।

হ্যাট্‌কাল্=[চা]—বিণ. বুদ্ধিহীন, বেকুফ।। এমুন্ হ্যাট্‌কাল্‌তো আর্ দেহি নাই।

হ্যাট্‌কিনাড়া=[খু]—বিণ. ক্লান্ত।।

হ্যাট্‌কে=[য]—বি. ঢেঁকুর।। হ্যাট্‌কে উঠ্‌তেসে নাকি?

২=[খু,য]—বি. এক প্রকার ছোট গাছ।।

হ্যাট্‌খাওয়া=[চা]—ক্রি. দমন হওয়া, ভয় পাওয়া।। হাদ্দে হাদ্দে হ্যাট্ খাইয়া গেলাম্। [<হেট+খাওয়া]।

হ্যাট্‌গর্‌কি=[র, রা]—বিণ. বন্ধুর, অসমান, উঁচুনীচু, এবরো থেবরো।। হ্যাট্‌গর্‌কিত্ যাস্ না, ডুবে মর্‌বু (ব)। [<হেট+গড়+কি]।

হ্যাট্‌টা=[কুম]—বি. চামচ।।

হ্যাট্‌টে=[চা,ফ]—ক্রি. বিণ. সেখানে।। [<সে+ঠাঁই]।

হ্যাট্‌মুন্ড=[রং]—বিণ. মাথা নীচু।। হ্যাটমুন্‌ড করি রৈছ ক্যা? [< হেটমুণ্ড]।

হ্যাট্‌ঘোয়ার্=[খু]—বিণ. বাঁকা। [<হেট + যেরবার زیربار ফা.]।

হ্যাট্‌হেটি মেট্‌মেটি=[সি]—বি. অসুখ বিসুখ।। তায়ার্ হ্যাট্‌হেটি মেট্-মেটি আর্ শারে না। [অনু.]।

হ্যাট্‌হ্যাটি=[সি]—বি. অসুখবিসুখ।। তার্‌বারমাশ্ হ্যাট্‌হ্যাটি সারে না। [অনু.]।

হ্যাঠাই=[ম]—ক্রি. বিণ. সেইস্থান।। [<হ্যাট্‌টে]।

হ্যাডম্=[নো]—বি. বাহাদুরি।। শেশ্‌কালে হ্যাডম্ দেয়াই লাব্ কি ঐব।

হ্যাডা=[রা]—বি. পেট।। মানুশের্ হ্যাডায়্ চর্‌বি আছে। [<পেট+আ]।

২ =[নো, কুম]—বি. স্ত্রীলিঙ্গ।।

৩=[বা]—বি. গালি বিশেষ।। হ্যাডাডা কোথাকার্।

৪=[ম]—সর্ব. সেইটা।। হ্যাডা কি তোমার্ মনে নাই? [<সেই+টা]।

হ্যাডাই=[ম]—ক্রি. বিণ. এখানে।। হ্যাডাই আন্। [<এ+ঠাঁই]।

২ =[চা]—বি. অকেজো।। তুই ব্যাডা বর হ্যাডাই।

হ্যাডান্=[কুম]—বি. সামর্থ, শক্তি।। হ্যাডান্ থাক্‌লে মানুশ্ গর্‌যামাই যায়্‌রে?

হ্যাডাম্=[নো, চা]—বি. সাহস, শক্তি, যোগ্যতা।। হেয়্ যে এক্‌টা হ্যাডাম্-আলা পুরুশ্ পোলা। [দেখ হ্যাডান্]।

হ্যাডে=[চট্ট]—ক্রি. বিণ. ঐ খানে।। আঁই হ্যাডে গেলাম। [দেখ হ্যাট্‌টে]।

হ্যাডেম্=[কুম]– বি. বল, শক্তি।। [দেখ হ্যাডাম্]।

হ্যাডের্ হ্যাডের্=[কুম]—ক্রি. বিণ. ঘন ঘন।। [অনু.]।

হ্যাড্=[চা]—বি. পেট।। মাসের্ হ্যাডের্ বিত্‌রে ত্যালে বর্‌া। [< পেট]।

হ্যাড্‌ডা=[কুম]—বি. খড়।। হ্যাড্‌ডা কিস্থ্ লৈয়া আইশ্।

হ্যাড্‌ডা বেড্‌ডা=[কুম, য]—বিণ. এলোমেলো।। [অনু.]।

হ্যাড়া=[রং]—বি. দাঁতের মাড়ি।। এক্‌রে হ্যাড়া বাইর্ করি হাসিশ্ ক্যান্?

২=[রা]—বি. শুকনো ইক্ষু।।

হ্যাড়াবাড়া=[রা]—বি. গোলমাল।। [অনু.]।

হ্যাড়ে=[খু]—বি. গরুর গাড়ীর চাকার মধ্যস্থল।।

হ্যাড়্=[নো]—বি. ছিদ্র।। তোমারে হ্যাড়্ দি দেখা যায়্। [<ফের]।

হ্যাতডা=[খু]—বিণ. এতটা।। হ্যাতডা ভাত্ খাবা যায়্? [< এত + টা]।

হ্যাতনে=[রা]—বি. বারান্দা।। [< হতে+নে]।

হ্যাতন্=[রা,কুম]—সর্ব. তিনি।। হ্যাতন্ এই কাযর্ মরদ্। [<সে+তিনি]।

হ্যাতর্‌হ্যাতর্=[ফ]—বি. বিড়বিড় (করা)।। এই যাগায়্ হ্যাতর্ হ্যাতর্ করিস্‌না বালা ঐবোনা। [অনু.]।

হ্যাতা=[দি]-ক্রি.বিণ. এখানে।। হ্যাতা ইটা কাম্‌কে কৈছল্‌রে? [<হেথা]।

হ্যাতাই=[কুম]—সর্ব. সেই (স্ত্রী লোক-টি)।। হ্যাতাইর্ কতাই কৈসি। [সে+তা+ই]।

হ্যাতাইন্=[চট্ট]-ক্রি. বিণ. ততখানি।। আঁই যেআইন্ চ'াএ, হ্যাতাইন্ দে। [<সে+ত=তত+খানি]।

হ্যাতাক্‌কান্=[চট্ট]-বিণ. ততখানি।। আঁই যেআইন্ চ'াই, হেতাক্‌কান্ দে। [দেখ হ্যাতাইন্]।

হ্যাতাখাতা=[খু]—বি. সর্বস্ব।। [< হ্যাতা (অনু.)+কাঁথা]।

হ্যাতাগো=[কুম]—সর্ব. তাহাদের।। [<সে+তাহা+গো]।

হ্যাতানি=[চা]—বি. রাত্রে চোখে দেখা যায় না এইরূপ রোগ বিশেষ।। হ্যাতানি ঐলে রাইতে চো'ক্‌কে দেহে না।

হ্যাতান্‌রা=[নো]—সর্ব. তাহারা।। [দেখ হ্যাতন্+রা বহুব]।

হ্যাতারা=[নো, কুম]—সর্ব. তাহারা।। [দেখ হ্যাতাই+রা বহুব.]।

হ্যাতার্=[দি]—বি. লোহার তৈরী অস্ত্র বিশেষ।। কি এত বড় কথা, হাতে হ্যাতার্ দেখিশ? [<হাতিয়ার]।

হ্যান্তে=[নো, কুম]—সর্ব হ্যাতে কৈ গেসে ?

২=[কুম,চট্ট]—ক্রি. বিণ. সেখানে, সেই সময় ।। অাঁই যেতে যাই, তুই হ্যাতে যাশ্ ক্যা ? [দেখ হ্যাতা] ।

হ্যাতেন্=[কুম]—সর্ব. তিনি ।। [দেখ হ্যাতন্] ।

হ্যাতোবেইল্=[বা]—ক্রি. বিণ. এত সময় ।। [<এত+বেলা] ।

হ্যাতোরি=[দি]—অব্য. তাচ্ছিল্য বোধক ।। হ্যাতোরি ছাই ! মরে গেলেও বাঁচি । [<ধেৎ+তোরি] ।

হ্যাত্=[রং]—অব্য. না, না (লজ্জাবশতঃ অস্বীকার জ্ঞাপক) ।। হ্যাত্, মানুশ্ দেইখ্লে কি কৈব ? [তুং ধেৎ] ।

২=[নো]—বি. সর্দি, শ্লেষ্মা ।। হ্যাত্ ফেলে আহ । [ধ্বন্যা.] ।

হ্যাত্কা=[নো]—বি. খাটো কাপড়, কৃষাণীদের অপ্রশস্ত কাপড় (যাহাকে কোন কোন অঞ্চলে ডোয়া বলে) ।। [<হাত+কা প্র.] ।

২=[রা]—বি. গামছা ।।

হ্যাত্কানি=[খু]—বিণ. এতটা ।। হ্যাতকানি ভাত্ খাবা যায় ? [<এত+খানি] ।

হ্যাত্কান্দুনি=[নে]—বিণ. যে সহজে কাঁদে ।। তোর্ মতন্ হ্যাত্কান্ দুনি আর্ দেহি না । [তুং ছিঁচ কাঁদুনে] ।

হ্যাত্কোন্=[খু]-ক্রি. বিণ. এতক্ষণ ।। [<এতক্ষণ] ।

হ্যাত্তর্=[চট্ট]—বিণ. ততবড় ।। ষ্যাত্তর্ আইল্লা হ্যাত্তর্ কাট্টল্ বিচি' । [<সে+ত=তত+বড়] ।

হ্যাত্তলাম্=[ঢা]—ক্রি. বিণ. সেই সময় হইতে ।। হ্যাত্তলাম্ আমি হেগবাইত্ যাই না । [<সেই+তলক হিং] ।

হ্যাত্তেনে=[ঢা]—ক্রি. বিণ. সেই সময় হইতে ।। হ্যাত্তেনে হেয়্ খালে আমার্ লগে কাইয্যা করে । [<সেই +তনে=হইতে] ।

হ্যাত্তেরিকা=[রা]—অব্য. বিরক্তি সূচক ।। হ্যাততেরিকা, এহান্থনে গর্ । [দেখ হ্যাতোরি+কা] ।

হ্যাত্মাসি=[ঢা]—বি. এক প্রকার বড় মাছি ।। তরে কি হ্যাত্মাসিয়ে খবর্ দিসে ?

হ্যাত্রা=[নো]—ক্রি. বিণ. অধিক মাত্রায় ।।

২=[কুম]—বিণ. মেয়েলি স্বভাবের পুরুষ ।। সেরাডা যবর্ হ্যাত্রা ।

হ্যাথাকে=[ম]—ক্রি. বিণ. এখানে ।। হ্যাথাকে কৈ আইসুইন্ ? [<হেথা+কে (বিভক্তি)] ।

হ্যাথার্=[রা]—বি. অস্ত্র ।। [দেখ হ্যাতার্] ।

হ্যাদা=[নো]—বি. পাটের পচা ময়লা ।। হ্যাদা দুই আয় । [স্বেদ+আ প্র.] ।

হ্যাদাত্=[সি]—বি. শাস্তি ।। [< হিদায়ত هدايت আং] ।

হ্যাদানো=[নো,কুম]—ক্রি. গালাগালি করা ।। হ্যাদাইস্না, চো'বা হামাল্ ।

২=[কুম]—ক্রি. বারবার জিজ্ঞাসা করা ।। [<শুধানো] ।

৩=[খু]—ক্রি. ব্যাকুল হওয়া ।।

হ্যাদাহুদা=[কুম]—বি. তরকারির তলানি ।। হ্যাদাহুদা দিয়া বাত্ খাইতে মযা ।

হ্যাদাহেচি'=[কুম,ম, চট্ট]—বি. গালাগালি ।।

২=[কু]-অব্য. গরু তাড়াইবার শব্দ ।।

হ্যাদ্তে হ্যাদ্তে=[সি]—ক্রি. বিণ. সেঁক দিতে দিতে ।। [<স্বেদ (তাপ)+তে প্র.] ।

হ্যাদ্দায়ালা=[কুম, ম]—বি. পুরুষ ।। হ্যাদ্দায়ালা রোয্গার করে ।

হ্যাদ্না=[ম]—ক্রি. বিণ. সেদিন ।। [<সে+দিন+আ (বিভক্তি)] ।

হ্যাদ্লা=[রা]—বি. বোকা ।। [< হাবলা কিংবা হাঁদা+লা প্র.] ।

হ্যান=[ঢা, কুম]—বি. সেখানে ।। হ্যান যাইয়া তোমার্ কাম্ কি ? [<সেই+খান+অ (বিভক্তি)] ।

হ্যানর্ হ্যানর্=[কুম]—ক্রি. বিণ. ঘ্যানঘ্যান ।। বুরা নাইনুশে হ্যানর্ হ্যানর্ করে । [অনু.] ।

হ্যানশ্=[সি]—বি. গলিত সর্দি (যাহা নাক দিয়া নির্গত হয়) ।। পোয়াটার্ নাক্তনে হ্যানশ্ বাইয়া পরের্ ।

হ্যানস্তা=[বা]—বি. হেস্তনেস্ত, এসপার ওসপার ।। এ ব্যাপারে এক্টা কিসু হ্যানস্তা করিয়া দ্যাও । [< হেস্তনেস্ত (<হস্তনীস্ত هست نیست ফা.)] ।

হ্যানা=[কুম,ফ]—বি. কচুরীর ন্যায় এক প্রকার ফেনা বা শেওলা ।। [<ফেনা] ।

হ্যানারত্=[কুম]—বি. লোকসান ।।

হ্যানার্=[বা]—সর্ব. তাহার ।। [< সেনার<তানার=তাঁহার] ।

হ্যানে=[নো, কুম, ঢা, ফ]—ক্রি. বিণ. এখানে ।। হ্যানে তোর্ কি ? [<সে +খানে] ।

হ্যানের্ ছোবা=[কুম]—বি. ফেন বা মাড় রাখার পাত্র বিশেষ ।। [<ফেনের +ছোবা] ।

হ্যানের্ হ্যানের্=[কুম]—অব্য. ঘ্যানর ঘ্যানর ।। অত হ্যানের্ হ্যানের্ করিবার্ মত মানুশ্ আমি আর্ দেখি নাই । [অনু.] ।

হ্যানোত্যানো=[খু]—বি. দুষ্টামি ।। [অনু.] ।

হ্যান্=[নো, কুম]—বি. ভাতের মাড় ।। [<ফেন] ।

হ্যান্কচু'=[কুম]—বি. মানকচু ।। হ্যান্কচু'র্ ডোগা কোরাইয়া রান্লে কি মযা ! [<ফেন+কচু] ।

হ্যান্কোল্=[রা]—বিণ. পাতলা, চিকন ।।

হ্যান্জা=[দি]—বি. লণ্ঠন ।।

হ্যান্যা=[কুম]—বি. আবর্জনা ।।

হ্যান্ঠা=[রা]—বিণ. দুর্দান্ত ।। লোক্টা খুব্ হ্যান্ঠা । [<ষণ্ড] ।

হ্যান্ডা=কুম—বি. স্ত্রী যোনি ।।

২=[রং]—বি. রেড়ী ।। হ্যান্ডার্ তৈল্ কামে লাগে । [<রেণ্ডা < ভেরেণ্ডা] ।

হ্যান্‌ডৌল্=[চট্ট]—বিণ. সেইরূপ ॥ [<সে+মন=তেমন+ডৌল]।

হ্যান্‌তালি—[য]—ক্রি. বিণ. এখন পর্যন্ত ॥ হ্যান্‌তালি কায্ হয়্‌নি। [< এখন+তলক হিং]।

হ্যান্‌তে=[খু]—ক্রি. বিণ. এই স্থান হইতে ॥ [<সেখান+তে=হইতে]।

হ্যান্‌তেলা ওঁচ্‌লা=[চট্ট]—বিণ. উঁচুনীচু, অসমতল ॥ [<হেট+লা উচল+আ]।

হ্যান্‌দল্=[ঢা]—বি. কাদামাটি ॥

হ্যান্‌দা=[কুম]—ক্রি. বিণ. ঐদিক দিয়া ॥ এ্যান্‌দা আইঅশ্ কেরে, হ্যান্‌দা যা। [<সেখান+দিয়া]।

হ্যান্‌সা=[খু]—ক্রি. বিণ. সেদিন ॥ [সে+দিন+আ]।

২=[খু]—বি. ভেরেণ্ডা ॥ [<ভেন্না <ভেরেণ্ডা]।

হ্যান্‌নে=[কুম]-ক্রি. বিণ. সে প্রকারে ॥ [<সেমন=তেমন+এ]।

হ্যান্‌রা=[বা]—বি. তাহারা ॥ হ্যান্‌রা আমাগো আপ্‌না। [দেখ হ্যানার্]।

হ্যান্‌শমে=[রা]—ক্রি. বিণ. এমন সময়ে ॥ [<এমন+সময়+এ]।

হ্যাপত্=[সি]—বি. জল সেঁচিবার পাত্র ॥ [<সেউতি]।

হ্যাপা=[রা]—বি. ধানের নাম ॥

হ্যাপাযা=[বা]—বি. উত্তম মধ্যম ॥

হ্যাপ্‌লা=[নো]—বি. শাপলা ॥ [< শাপলা]।

হ্যাফার্=[কুম]-বি. ঐ পার ॥ গাংগের্ হ্যাফারে যাইবি? [<সেই +পাড়]।

হ্যাফ্‌রা=[রং]—বিণ. জেদী ॥ [< ফেঁকড়া]।

হ্যাফ্‌রানো=[কুম]—ক্রি. ফোঁপানো ॥ [<ফোঁপানো]।

হ্যাফ্‌শা=[কুম]—বি. ফুস্‌ফুস ॥ গরুর্ হ্যাফ্‌শা হগ্‌লে খায়্ না। [<ফেপ্‌সা <ফুপ্‌পুস সং]।

হ্যাব=[সি]—ক্রি. বিণ. এইমাত্র ॥ হে হ্যাব আইসে আবার্ যাইবগি। [< সবে]।

হ্যাবত্=[বা, ঢা, কুম]—ক্রি. বিণ. ততক্ষণ ॥ আমি বাবির্ তোন্ আই, তুই হ্যাবত্ এক্‌টু খারো। [<সে+ বৎ=তাবৎ]।

হ্যাবা=[ম]—ক্রি. বিণ. সেই প্রকার ॥ হ্যাবায়্ কাম্‌টি করাই বালা। [<সে +ভাবে]।

হ্যাবাইয্=[ফ]—বি. পিঁয়াজ। [< পিঁয়াজ]।

হ্যাবাট্=[ফ]—বি. মারপিট (করা) ॥

হ্যাবা ফেলা=[ফ]—বিণ. বোকা ॥ [<হাবা+ফেলা]।

হ্যাবায়্=[য]—ক্রি. বিণ. এদিকে ॥ [দেখ হ্যাবা]।

হ্যাবায়্‌দি=[সি]—ক্রি.বিণ. সেদিকে ॥ আমি হ্যাবায়্‌দি যায়াম্‌না। [দেখ হ্যাবায়্+দিয়া]।

হ্যাবারে=[ম]—ক্রি.বিণ. একেবারে ॥ [<এক+বারে]।

হ্যাবার্=[খু]—ক্রি. বিণ. একেবারে ॥ হ্যাবার্ মরিচি' নাকি? [দেখ হ্যাবারে]।

হ্যাবালা=[ম]—ক্রি. বিণ. সেই সময় ॥ আমিত হ্যাবালাই হেতু গেসিলাম্। [<সে বেলা]।

হ্যাবাল্‌গা=[কুম]—ক্রি. বিণ. সেই সময় ॥ [দেখ হ্যাবালা+কা]।

হ্যাবোর্ ড্যাবোর্=[কু]—বিণ. উল্টা পাল্টা ॥ [অনু.]।

হ্যাবোল্‌তরি=[ঢা]—ক্রি. বিণ. যে পর্যন্ত ॥ আমি য্যাবোল্‌তরি না আ‌ই তুই হ্যাবোল তরি যাইস্‌না। [দেখ হ্যাবালা+তরি (পর্যন্ত)।

হ্যাব্‌লা=[রা, খু, বা]—বিণ. বোকা ॥ [হাবা+লা]।

২=[ঢা, ম, কুম]—ক্রি' বিণ. তখন ॥ [দেখ হ্যাবালা]।

হ্যামত্=[নো]—বি. সেঁউতি ॥ হ্যামত্ আন্ নাও হিচি'। [দেখ হ্যাপত্]।

হ্যামনই=[ম, ফ, ঢা]—ক্রি. বিণ. তৎক্ষণাৎ, সেই রকমই ॥ যেমনই আইসিল্ হ্যামনই চৈ'ল্যা গেল্। [< সেমন=তেমন+ই]।

হ্যামন্ শ্যামন্=[ব,রা,ঢা]—ক্রি. বিণ. যা তা ॥ [দেখ হ্যামনই+সেমন= তেমন]।

হ্যামা=[কুম]—বি. অহংকার, দেমাগ ॥ সেরাডার্ হ্যামা কত!

হ্যামা আলু=[নো]—বি. মিষ্টি আলু ॥

হ্যামাকত্=[চট্ট,বা]—বি. বোকামী ॥ [হিমাকত حماقت আং]।

হ্যামাতে=[খু, য]-বিণ. একগুঁয়ে, নিজ কথায় অটল ॥ তুমি হ্যামাতে কেন্ বলত?

হ্যামাবুত্, হিমান্=[সি]—বিণ. যে অগ্রপশ্চাৎ বিবেচনা না করিয়া কাজে ঝাপাইয়া পড়ে ॥

হ্যাম্=[কুম]—বি. স্নেহ ॥

হ্যাম্‌গ্যাম্=[রা]—বি. গণ্ডগোল ॥ কাজের হ্যাম্‌গ্যামে ঢাকা জাওয়া হয় না। [<হঙ্গাম هنگام ফা.]।

হ্যাম্‌টন্=[ম]—ক্রি. বিণ. সাবধান ॥ হ্যাম্‌টন্ হৈয়্যা কথা কৈস্। [< সম্পুট+অন প্র.]।

হ্যাম্‌ড়া কোম্‌ড়া=[খু]—বি. ছোট ছেলেমেয়ে ॥ [<ছেমড়া (<ছমণ্ড সং)+কোমড়া (অনুঃ)]।

হ্যাম্‌তাল্=[পা]—বি. চড়, লাথি ॥

হ্যাম্‌নে=[নো]—ক্রি. বিণ. অমনি, তৎক্ষনাৎ। হেইতে হ্যাম্‌নে এক্ খাবানি দিল্ ॥ [<সেমন+এ]।

২=[কুম]—ক্রি. বিণ. সেই রকম ॥ হ্যাম্‌নে কথা কও। [পূর্বে দেখ]।

৩=[বা]—ক্রি. বিণ. সেদিকে ॥ [পূর্বে দেখ]।

হ্যাম্‌ন্যা টেম্‌ন্যা=[রা]—বিণ. অনুষ্ঠ ॥ [অনু.]।

হ্যাম্‌বায়্=[কুম]—ক্রি. বিণ ঐভাবে ॥ হ্যাম্‌বায়্ কাম্ কর। [<সেমন= তেমন+ভাবে]।

হ্যাম্‌বে=[ফ]—ক্রি. বিণ. অমনি, তেমন করিয়া ॥ আমি যেম্‌বে কৈ হ্যাম্‌বে কর্। [দেখ হ্যাম্‌বায়্]।

২=[ঢা]—ক্রি. বিণ. সেখান দিয়া ॥ হ্যাম্‌বে যাস্ কৈ এ্যাম্‌বে আয়্। [পূর্বে দেখ]।

হ্যাম্‌মে=[ন]—ক্রি. বিণ. সেইদিকে ।। হ্যাম্‌মে যা । [দেখ হ্যামবে$_2$] ।

হ্যাম্‌লানো=[খু]—ক্রি. ডাকা ।। [<হামলানো] ।

হ্যায়ত্‌=[বা]—বি. শীতের ঝাপটা (বাতাস) ।। [<হিমবাত] ।

হ্যায়া=[বা, খু]—সর্ব. তাহা ।। হ্যায়া ঐলে আমি যামু । [<সে+হ] ।

হ্যায়াক্‌=[চট্ট]—বি. নিন্দা, হেলা, ঘৃণা ।। [ধ্বন্যা.] ।

হ্যায়াগ্‌ডৈল্‌লা=[চট্ট]—বিণ. অদ্ভুত রকমের,, কিম্ভুত কিমাকার ।।

হ্যায়াত্‌মরা=[সি]—বিণ. পরিশ্রান্ত ।।

হ্যায়ান্‌=[কুম]—বিণ. চতুর ।। লোক্‌টা বে$_2$. হ্যায়ান্‌ । [<সেয়ান (<সজ্ঞান)] ।

হ্যায়ানতি=[নো]—বি. ন্যাকামি ।। হ্যায়ানতি করস্‌ কিয়েল্‌লাই ?

হ্যায়ার্‌বাদে=[কুম]—অব্য. তারপর ।। হ্যায়ার্‌বাদে তারা মারামারি শুরু করলো । [সে+র (সম্বন্ধে)+বাদে] ।

হ্যায়ালে=[বা]—অব্য. তাহা হইলে ।। [<সে+হইলে] ।

হ্যায়েনে=[চট্ট]—ক্রি.বিণ. সেইরূপে ।। [<সেমন+এ] ।

হ্যায়ৈ=[ঢা]—বি. সেমাই ।। ইদের্‌ দিন্‌ হ্যায়ৈ খাইসি । [<সেমাই (<সেবিকা সং)] ।

হ্যায়্‌=[ঢা]—সর্ব. সে ।। হ্যায় মানুশ্‌টা বেশি বলা না । [<সে] ।

২=[ফ]—বি. স্বামী ।। আমাগ বাড়ির্‌ হ্যায়্‌ আয়্‌কে হাটে গেসে । [পূর্বে দেখ] ।

৩=[খু]—অব্য. হাঁ ।।

হ্যারং ম্যারং=[চট্ট]—বি. পাগলামী ।। হ্যারং ম্যারং ন গারিশ্‌ । [অনু.] ।

হ্যারই=[কুম]—বিণ. অকতকার্য ।। [<হার+চ প্র] ।

হ্যারর্‌উক্‌রা=[সি]-বিণ. অতিরিক্ত ।। ইগু হেরর্‌ উক্‌রা । [<ফের+এর (সম্বন্ধে)+উবরা(<উদ্বৃত্ত)] ।

হ্যারশ্‌মেরশ্‌=[ম]—বি. আলস্য ভাব ।। [অনু.] ।

হ্যারম্‌=[নো,ম]—বিণ. সেরূপ ।। হ্যারম্‌ নাম্‌ আমার্‌ যানা নাই । [সে+রকম] ।

হ্যারা=[কুম]—বি. ছিদ্র ।। হ্যারা দিয়া পানি পরেনা । [<ফের+আ] ।

২=[কুম,ঢা,ম,সি]—সর্ব. তাহারা ।। হ্যারা আইলেই তুই যাইস্‌ । [সে+রা বহুব.] ।

৩=[সি]—বি. হাম ।। হকল্‌ হরু তার্‌ হ্যারা ঐ গেসে ।

৪=[সি]—বি. বিশেষ ধরণের বেড়ার বাঁধন ।।

৫=[পা]—বি. মাংস ।।

হ্যারাগ্‌=[কুম]—ক্রি. বিণ. দূর ।। হ্যারাগ্‌ যা, কাম্‌ করি । [<ফিরাক فراق আং] ।

হ্যারানো=[কু, খু, ব, বা, রং]—ক্রি. কাছে আসা ।।

২=[কুম]—ক্রি. ফাঁক করা ।। [<ফাঁড়া+আনো] ।

হ্যারান্‌=[সি]—বিণ. হয়রান, পরিশ্রান্ত ।। অয়্‌ হ্যারান্‌ ঐসে ক্যানে ? [<হয়রান حیران আং] ।

হ্যারাশন্‌ প্যারাশন্‌=[রং]—বিণ. হয়রান ।। এ কাজ্‌টি কর্‌তে আমি হ্যারাশন্‌ প্যারাশন্‌ অয়েছি । [<হ্যারাশন (অনুঃ)+পেরেশান پریشان ফা.] ।

হ্যারে তারে=[সি]—বি. গোঁজামিল ।। [অনু.] ।

হ্যারেত্‌=[কুম]—অব্য. হঠাৎ ।। কাপর্‌টা হ্যারেত্‌ কৈরা হাইর‍্যা গেল । [ধ্বন্যা.] ।

হ্যারেদেরে=[কুম]—ক্রি. বিণ. মাঝে মাঝে ।। এই রাস্‌তা দিয়া হ্যারেদেরে গারি চ'লে । [<ফের+এ+দেরে (অনু.)] ।

হ্যারেহুরে=[কুম]—বি. আনাচে কানাচে ।। [<ফের+এ+হুরে(অনুঃ)] ।

হ্যারেহেরে=[সি]—বি. ফাঁকে ফাঁকে ।। [<ফেরে ফেরে] ।

হ্যার‍্যা=[ব]—অস. ক্রি. হারাইয়া ।। সাওয়াটা হ্যার‍্যা গেস্‌লো । [<হারাইয়া] !

হ্যারো=[রা]—ক্রি. বিণ. জলদি ।। হ্যারো আয়্‌ ।

২=[রা]—বিণ. সবুজ, সতেজ ।। গাছ্‌টা খুব্‌ হ্যারো দিয়্যা আছে । [<হরিৎ] ।

হ্যার্‌দিনত্‌=[ব]—বি. আজকাল, বর্তমান ।।

হ্যার্‌=[ঢা,ম,পা,খু]—সর্ব. তাহার ।। হের্‌ কথাডা হুন্‌তাম্‌ পারিনা । [<সে+র (সম্বন্ধে)] ।

২=[ঢা,সি]—বি. কোন কিছু মাপিবার জন্য এক সের ধরে এইরূপ বেতেরপাত্র ।। চা'উল্‌ হ্যার্‌ দিয়া মাপ্‌ । [<সের] ।

৩=[নো,কুম,চট্ট,সি]—বি. ছিদ্র ।। হ্যার্‌ মারি কথা বল্‌বে । [<ফের] ।

৪=[রা]—বি. পরাজয় ।। [<হার] ।

হ্যার্‌গো=[বা]—সর্ব. তাহাদের ।। হ্যার্‌গো বারিত্‌ যাইম্‌না । [দেখ হ্যার্‌+গো] ।

হ্যার্‌তে=[ঢা]—অব্য. তাহার কাছ হইতে ।। হ্যার্‌তে দুইডা ট্যাহা উধার্‌ আন্‌সি । [দেখ হ্যার্‌+তে=হইতে] ।

হ্যার্‌তেনে=[ঢা]—অব্য. তাহার কাছ হইতে ।। [দেখ হ্যার্‌তে] ।

হ্যার্‌ফ্যার্‌=[রা, ব]—ক্রি. বিণ. অদল বদল (করা) বিনিময় (করা) ।। [<হের ফের] ।

হ্যার্‌হর্‌=[কুম]—অব্য. তারপর ।। হ্যারহর্‌ কি ঐসে কও । [দেখ হ্যার+পর] ।

হ্যার্‌হেরা=[ফ,সি]—বিণ. ফিনফিনে পাতলা ।। ই দান্‌ হ্যার্‌ হেরা ঐ গেসে । [অনু.] ।

হ্যালক্‌গ্যান্‌=[রা]—ক্রি. বিণ. সাবধান ।। হ্যালক্‌গ্যান্‌ করে কাজ্‌ করা দর্‌কার্‌ ।

হ্যালচ্‌=[ফ]—বি. অবজ্ঞা ।। [<হেলা+চ] ।

হ্যালত্‌তি=[নে]-ক্রি.বিণ. অতিরিক্ত ।। [<আহলাদ+ই] ।

হ্যালন্‌ঠ্যালন্‌=[রা]—বি. অবহেলা ।। এত হ্যালন্‌ ঠ্যালন্‌ ভাল নয়্‌ । [<হেলন <হেলা+ন+ঠেলন<ঠেলা+ন] ।

হ্যালন্ ফ্যালন্=[রা]—বি. হেলা-ফেলা ।। হ্যালন্ ফ্যালন্ কাজ্ ভাল না । দেখ হ্যালন্ ঠ্যালন্ ; ফেলা+ন] ।

হ্যালশ্ চ্যালশ্=[রা]—বি. অবহেলা ।। [দেখ হ্যালচ্' + চ্যালশ্ (অনুঃ)] ।

হ্যালা=[রা]—ক্রি. সাঁতার কাটা ।। ছোট ছেলে হ্যাল্তে পারে না ।

হ্যালাই সেলাই=[চট্ট]—ক্রি. বিণ. ফেলিয়া ছড়াইয়া ।। হেইতারা ভালা ভালা চি'য়্অগল্ হ্যালাই সেলাই খায়্ । [<ফেলাইয়া ছড়াইয়া] ।

হ্যালানা ফ্যালানা=[রা]—বিণ. অপর ।। উনি কি আমাদের্ হ্যালানা ফ্যালানা কুটুম্ । [<হ্যালানা (অনু.) +ফ্যালানা (<ফলান فلان আঃ)] ।

হ্যালানি=[কু]—বি. হোগলার পাটী ।।

হ্যালানো=[পা]—ক্রি. ফিরাইয়া আনা ।। [<ফেরানো] ।

হ্যালান্ তেলান্=[বা]—অব্য. এদিক্ ওদিক ।। [অনু.] ।

হ্যালাপ্ বেলাপ্=[ম]—অব্য. বাপরে বাপ ।।

হ্যালাফ্যালা করা=[রা]—ক্রি. অবজ্ঞা করা ।। [< হেলা ফেলা + করা] ।।

হ্যালাম্=[কুম]—বি. সালাম ।। [< সলাম سلام আঃ] ।

হ্যালা হেলি=[সি]—বিণ. খুবই কষ্ট দায়ক ।। [অনু.] ।

হ্যালেগা=[ফ]—অব্য. সেইজন্য, তাই ।। হ্যালেগা তরে যাইতে কৈসিলাম্ । [সে+লাগিয়া] ।

হ্যালেন্=[রা]—বি. অল্পবয়স্ক ছাগী ।। [<হল্বান حلوان আঃ] ।

হ্যালেল্যা=[খু]—বিণ. হিসাবের বাহিরে, উপেক্ষিত ।। [<ফেলান + যায়] ।

হ্যালেম্=[ফ]—বি. সাহস, ক্ষমতা, বুদ্ধি, কৌশল ।। শতঙ যদি এলেম্ থাকে হ্যালেম্ না থাক্লে কোনু কামে লাগেনা । [<হিলম حلم আঃ] ।

হ্যালেহ্যানে=[রা]—ক্রি. বিণ. আস্তে আস্তে ।। হ্যালেহ্যানে হাট্যা জা ।।

হ্যাল্যা=[রা]—বি. ময়রা ।। হ্যালাওয়ারির্ দোকান্ থেকে শন্দেশ্ কিন্ । [<হালুই <হলরা حلوا আঃ+ ইয়া] ।

হ্যাল্যান্=[রা]—বি. মাদী বকরী বা ভেড়া ।। [দেখ হ্যালেন্] ।

হ্যালো=[রা]—বি. রাখাল ।। [< হাল<হল+ও] ।

হ্যালোন্=[খু]—বি. ছাগী ।। [দেখ হ্যাল্যান্] ।

হ্যাল্কুয়া=[সি]—ক্রি.বিণ. তখনি ।। [দেখ হেবুল্ক+আ.] ।

হ্যাল্কেল্=[রা]—বিণ. পর্যাপ্ত ।। [অনু.] ।

হ্যাল্গা=[ম]—ক্রি.বিণ. সেই সময় ।। হ্যাল্গা আইসশ্ ক্যা ? [দেখ হ্যাল্কুয়া] ।

হ্যাল্টা=[সি]—বিণ. ভিতরের রস বা বাতাস বাহির হইবার ফলে সংকুচিত ।।

হ্যাল্তে=[রা, য]—অস.ক্রি. সাঁতার কাটিতে ।।

হ্যাল্ ফেলে=[কু]—বিণ. লম্বা ও সরু ।। [অনু.] ।

হ্যাল্ ফ্যালা=[রা]—বিণ. পাতলা, লিকলিকে ।। হ্যালফ্যালা ডাল্তে চড় না । [অনু.] ।

হ্যাল্ ব্যাল্ করা=[খু, বা]—ক্রি. বোকার মত ভাব করা ।। [<হ্যাল্-ব্যাল্ (অনু.)+করা] ।

হ্যাল্ লগে=[কুম]—ক্রি. বিণ, তাহার সহিত ।। হ্যাল্লগে বাযারে যামু । [< সে+র(সম্বন্ধে)+লগ(<লগ্ন)+এ] ।

হ্যাল্লা=[ফ]—বি. আশ্রয় ।। [< হিল্লা হিং] ।

হ্যাল্ লাগি=[কুম]—অব্য. সেইজন্য ।। হ্যাল্লাগি তোর্ এত বিপদ্ । [<সে+র (সম্বন্ধে)+লাগি] ।

হ্যাল্ লাশ্=[ম]—বি. বিদ্রূপাত্মক অবিশ্বাস ।। [সোল্লাস<স+উল্লাস] ।

হ্যাল্লা হ্যাল্লা=[খু]—বিণ. একাকী ।। [<একলা একলা] ।

হ্যাল্ লোচ্'=[পা]—বি. অবহেলা (করা) ।। [দেখ হ্যালচ্'] ।

হ্যাল্ হিশাব্=[রা]—বি. কাণ্ডজ্ঞান ।। কাজ্ করার্ এক্টা হ্যাল্ হিশাব্ নেই ? [<হাল حال আঃ+ হিসাব حساب আঃ] ।

হ্যাল্ হেলানো=[সি]—ক্রি. সহজে অতিক্রম করা ।। বিল্টা হে হ্যাল্হ্যালাইয়া গেল্গি । [<হ্যাল্হ্যাল্ (অনু.) +আনো] ।

হ্যাশম্খা=[কম]—ক্রি.বিণ. তখন, সেই সময় ।। হ্যাশম্খা আমি বারিত্ আসিলাম্ না । [সে+সময়+কা] ।

হ্যাশা=[খু]—বি. স্পর্শ ।। [<ঘেঁষা] ।
২=[রা, ব]—বি. লৌহের তৈয়ারী একপ্রকার বাঁকা অস্ত্র ।। হ্যাশা দিয়া পাট্ কাট্ । [<হাঁস+ইয়া] ।

হ্যাশা মেশা=[ম]—ক্রি. বিণ. সব শেষে ।। হে হ্যাশামেশা আইল্ । [< শেষ+আ+মেশা (অনুঃ)] ।

হ্যাশাল্ ঘড়্=[দি]—বি. রান্না ঘর ।। [<হাঁড়ি+শালা+ঘর] ।

হ্যাশা হেশি=[কুম]—বি. কানে কানে কথা (বলা) ।। তারা হ্যাশাহেশি করি কি কয় বুঝি না । [<ফিসফিস্] ।

হ্যাশে=[ফ, চট]—ক্রি. বিণ. শেষে ।। আগে তিতা হ্যাশে মিডা । [<শেষে] ।
২=[ফ]—অস. ক্রি. ঘেঁষিয়া । [< ঘেঁষিয়া] ।

হ্যাশেন্ ঘর্=[কু,রা]—বি. রান্না ঘর ।। [দেখ হ্যাশাল্ ঘড়্] ।

হ্যাশেলা=[সি]—ক্রি. বিণ. শেষবেলা, শেষ ।। হ্যাশেলা আমারে কৈলা ট্যাহা দিতে । [<শেষ+আ+বেলা] ।

হ্যাশ্যা=[নো]—বি. পাটের অব্যবহৃত আঁশ ।। [<ফ্যাশা] ।

হ্যাশো=[রা]—বি. পাট কাটিবার জন্য ধারাল অস্ত্র বিশেষ ।। [দেখ হ্যাশা২] ।

হ্যাশোনে=[বা]—ক্রি. বিণ. সেই সময় ।। [<সে+সময়] ।

হ্যাশ্‌=[রং]—অব্য. এই তো ।। হামি হ্যাশ্‌ আশিচুঁ ।

হ্যাশ্‌ করা=[সি]—ক্রি. তুচ্ছ করা ।। [<হেচ ھیچ ফা.] ।

হ্যাশ্‌কারা=[রা]—বি. উপেক্ষা, অনাদর, হেয় জ্ঞান ।। হ্যাশ্‌কারা করিস্‌ না ধোন্‌, মোর্‌ কতা বাশি হলে ফলে । [দেখ হ্যাশ্‌ করা] ।

হ্যাশ্‌কারি=[রং]—বি. অবহেলা ।। এত হ্যাশ্‌কারি করিশ্‌ কেনরে, তাড়াতাড়ি জাতো । [দেখ হ্যাশ্‌কারা] ।

হ্যাশ্‌কাডালে=[ঢা,সি]—ক্রি. বিণ. শেষ পর্যন্ত ।। হ্যাশ্‌কাডালে তোমারে যাইতে ঐব ।। [<শেষ+কালে] ।

হ্যাশ্‌কালে=[সি,ম]—ক্রি. বিণ. বৃদ্ধ বয়সে, শেষ সময়ে ।। [দেখ হ্যাশ্‌কাডালে] ।

হ্যাশ্‌ট মুখি=[চট]—বিণ. হেটমুখ ।। ই কথা ফুনিয়ারে হিতে হ্যাশ্‌ট মুখি হৈ রৈল্‌ । [হেট+মুখ+ই] ।

হ্যাশ্‌না=[সি]—বি. কিনার ।। পুকরির্‌ হ্যাশ্‌না নাই পার্‌ বাংগি পর্‌বো ।

হ্যাশ্‌মারি=[রং]—বি. অবহেলা ।। হ্যাশ্‌মারি কর্‌লে কোনু কাম্‌ হয়্‌ না । [দেখ হ্যাশ্‌কারি] ।

হ্যাশ্‌মেশ্‌=[কুম,সি,চট]—ক্রি. বিণ. শেষ পর্যন্ত ।। হ্যাশ্‌মেশ্‌ আশন্‌ কথা কৈলম্‌ । [<শেষ+মেশ (অনুঃ)] ।

হ্যাশ্‌ হ্যাশানো=[কুম]—ক্রি. চুপি চুপি কথা বলা । [<ফিস্‌ফিস্‌ (ধ্বন্যা.) +আনো] ।

হ্যাসর্‌=[ম]—বি. হামাগুড়ি, বসিয়া বসিয়া যাওয়া ।। [<ছেঁচড়্‌ (< ছেঁচড়ান] ।

হ্যাসা=[কুম]—বিণ. সত্য ।। [< সাচা <সত্য সং] ।

হ্যাসামিসি=[কুম]—বিণ. কিঞ্চিৎ, একটু, সামান্য ।। আমারে হ্যাসামিসি তর্‌কারি দেও । [দেখ হ্যাসা+মিছা +ই] ।

হ্যাসাল্‌=[নো]—বি. জটিলতা ।। কতার্‌ হ্যাসাল্‌ বাড়াই লাব্‌ আসে কি? [<প্যাচাল্‌] ।

হ্যাসোল্‌=[ঢা]—বি. ঘরের মাচা ।।

হ্যাস্‌তার্‌=[খু]—ক্রি.বিণ. একত্রিত ।। [<একত্তর] ।

হ্যাস্‌তে=[চট]—ক্রি. বিণ. সেখানে ।। [<সে+স্থানে] ।

হ্যাস্‌রানো=[কুম, নো, বা]—ক্রি. মাটির উপর দিয়া টানিয়া লওয়া ।। [< ছেঁচড়ানো] ।

হ্যাস্‌লা=[য]—বি. রশি, দড়ি ।।

হ্যাহান্‌=[কুম,ঢা,ফ]-বিণ. সেইস্থানে ।। [<সে+খান] ।

হ্যাহো=[খু]—বি. ধলই পূজার গান ।।

হৈ

হৈ=[চট]—অব্য. গরুকে চালাইবার বা তাড়াইবার শব্দ বিশেষ ।।

২=[কুম,ম]—বি. সখী, সই ।। হৈগো কৈ যাও? [<সই <সখী] ।

৩=[ফ]—বি. ছেলের বন্ধুর পিতা ।। [দেখ হৈ২] ।

হৈংগেল্‌=[ফ]—বি. শ্লেষ্মা ।। [দেখ হিংগাইল্‌] ।

হৈক্‌=[নো]—বি. পক্ষী ।। [<পৈখ <পক্‌খী <পক্ষী সং] ।

হৈর্চা=[নো]—বি. কলস রাখিবার মাটির উচ্চ স্থান ।। [<পৈঠা] ।

হৈচ্‌'=[ম,ফ]--বি.জিজ্ঞাসা ।। কি শদায়্‌ আনন্‌ লাগ্‌বো হৈচ্‌' কৈর‍্যা আয়্‌ । [< পুছ্‌] ।

২=[কুম]--বি. সই ।। [দেখ হৈ২] ।

হৈচ্‌' করা=[ম]—ক্রি. জিজ্ঞাসা করা ।। [দেখ হৈচ্‌'+করা] ।

হৈযুত্‌=[নো]—বি. শাস্তি দিয়া সংশোধন ।। যেমনে কৈসি হেমনে চ'ল্‌নৈলে হৈযুত কৈরা সাইড়াম্‌ । [< ফযীহত فضيحت আং] ।

হৈয্‌=[কুম]—বি. জিজ্ঞাসা ।। [দেখ হৈচ্‌'] ।

হৈয্‌যত্‌ করা=[ঢা, নো, ফ]—ক্রি. গালি দিয়া ঠিক করা ।। [দেখ হৈযুত্‌] ।

হৈয্‌ বৈস্‌ করা=[ঢা]—ক্রি. হৈচৈ করা ।। এত হৈয্‌ বৈস্‌ করিস্‌ না । [< হৈয্‌ বৈস্‌ (অনু.)+করা] ।

হৈট্যা ধরা=[চট্ট]—ক্রি. পাইবার আশায় ধর্না দিয়া থাকা ।। [<আঁটিয়া +ধরা] ।

হৈট্টা=[রা]-অস. ক্রি. সরিয়া (যাওয়া) হৈট্টা জা । [<হঠিয়া] ।

২=[রা]—বিণ. শক্ত ।। [<হঠ+ ইয়া প্র.] ।

হৈডা=[নে]—বি. চুল্লীর কোণের উঁচু ঢেলা ।। [<পৈঠা] ।

২=[কুম, চট]—বি. পৈঠা, পিঁড়া ।। [পূর্বে দেখ] ।

হৈত্‌কাল্‌=[কুম]—বি. পূর্বকাল ।। [<সত্যকাল] ।

হৈত্‌ত শময়্‌=[নো]—ক্রি. বিণ. প্রত্যেক সময় ।। [<প্রত্যেক সময়] ।

হৈত্‌তরি=[পা]—বি. শ্বাশুড়ী ।।

হৈত্‌ত্যাছাড়া=[রা]—[রা]—বিণ. চরম অবস্থা প্রাপ্ত ।। [<হতচ্ছাড়া] ।

হৈদেইশ্যা=[চট]--বিণ. সেই দেশীয় ।। [<সে+দেশ+ইয়া] ।

হৈদ্দে=[নে]—ক্রি. বিণ. ভালভাবে, বিশেষভাবে ।।

হৈন্যা=[নো]—বি. বুক, সিনা ।। [< সীনহ্‌ سینه ফা.] ।

হৈন্যার্‌=[কুম]—বিণ. শয়তান, চালাক ।। [<শনি+আর] ।

হৈন্‌=[ম]—বি. এই স্থান ।। [< এই+খান] ।

২=[রং]—ক্রি. বিণ. এত দিন ।।

৩=[ফা]—বি. জোয়ালের বড় খাঁজ ।।

৪=[কুম]—বি. <শকুন ।।

হৈন্দা=[পা]—বি. সন্ধ্যা ।। হৈন্দা নাগ্‌চে' বাইত্‌ যাও। [<সন্ধ্যা]।

হৈন্দাল্‌=[চট্ট]—বিণ. দুষ্ট লোক, বদমায়েশ, চোর ।। [<সিঁধেল]।

২=[চট্ট]—বি. শ্যালক পুত্র (গালি অর্থেও ব্যবহৃত হয়) ।। [<সম্বন্ধী+আল]।

হৈন্ধা=[চট্ট]—বি. সন্ধ্যা কালীন ।। [দেখ হৈন্‌ধা+কাল+ইয়া]।

হৈন্না=[চা কুম]—বি. বুকের হাড় ।। [দেখ হৈন্যা]।

২ =[চা]-বি. গালি বিশেষ (বিরক্তি) ।। [দেখ হৈন্‌+ইয়া]।

হৈন্নি=[নো]—ক্রি. বি. ভিখারিনী ।। [<ফকীর فقیر আং+নি প্র.]।

হৈফত্‌=[সি]—বি. ভীতি।। আমার দিলের্‌ মাযে হৈফত্‌ হামাই গেসে। [<[illegible]বত هيبت আং]।

হৈয়্‌=[সি]—বি. ভীতি, সখীর স্বামী ।। [দেখ হে২+আ]।

হৈয়ানি=[চা]—বি. সই সম্বন্ধ ।। [<দেখ হৈ২+আনি]।

হৈয়ালি=[কুম]—বি. সই পাতান ।। [দেখ হৈয়ানি]।

হৈরঅ্‌=[চট্ট]—বি. সরিষা ।। [<সরিষা]।

হৈরা=[কুম]—বিণ. আলসে।। তার লাহান্‌ হৈরা মানু দিয়া ঐত না। [<কুঁড়ে]।

২ =[কুম]—বি. মন।

৩=[চা]—বি. <সরিষা ।।

হৈর‍্যা=[সি]—বিণ. অলস, ঠগ ।। [দেখ হৈরা১]।

হৈরো=[সি]-বি. সরিষা ।। [দেখ হৈরা]।

হৈর্‌=[চা, নো, কুম]—বি. মেরামত ।। [<সাইর্‌ (<সারানো)]।

২ =[চট্ট]—অব্য. ব্যঙ্গাত্মক ধ্বনি বিশেষ ।।

৩ =[চট্ট, কুম]—বি. ফকির। [<ফকীর فقیر আং]।

৪=[নো, সি]—বি সারিষা ।। [দেখ হৈরো]।

৫=[কুম]—বি. <পুকুর ।।

৬=[ফ]—ঠিক ।। [দেখ হৈর্‌]।

হৈর্‌কাল্‌=[ম]—বি. পক্ষী বিশেষ, হরিকালী পক্ষী ।।

হৈর্‌গান্‌=[কুম]—বি. বাটখারা বিশেষ ।।

হৈলা=[ম]--বি. শায়েস্তা ।। [দেখ হৈর্‌]।

২=[নো]—বি. বন্য গাছ বিশেষ ।।

৩=[কুম]—বিণ. প্রথম ।। [<পহেলা]।

৪=[ল] —ক্রি. বিণ. ঠিক, মেরামত ।। এইডা হৈলা কর্‌। [দেখ হৈলা]।

হৈলাকানি=[চা]—বি. চিতলের মত ক্ষুদ্র মাছ বিশেষ ।। [<ফলুই (<ফলকী সং)+কানি]।

হৈলা পোড়া=[চট্ট]—বি. দেখিতে শৈল মাছের মত মাছ বিশেষ ।।

হৈল্‌=[সি]—বি. ঝগড়া অস্থিরতা ।। হারাদিন্‌ হৈল্‌ করস্‌ কেন্‌ ?

২=[ম]—ক্রি. বিণ. ঠিক ।। ফলাডা নশ্‌ট ঐয়া গেসে হৈল্‌ কৈর‍্যা লও। দেখ হৈর্‌]।

হৈল্‌মাস্‌=[কুম,নো]—বি. শৈলমাছ ।।

হৈল্‌তা=[কুম]—বি. বাতির ফিতা ।। [<সলিতা]।

হৈল্‌গা=[বা]—বি. ছোট ইঁদুর ।। হৈল্‌গার্‌ তশ্‌নসে কাপর্‌ রাখা যায়্‌ না।

হৈল্‌লা গাস্‌=[কুম, ম]—বি. গাছ বিশেষ ।।

হৈল্‌হৈল্‌=[সি]—বি. রোগীর বেহুঁশ অবস্থা ।। [অনু.]।

হৈশা=[নো]—বি. <পয়সা ।।

হৈশ্‌=[নো]—বি. পৌষ মাষ ।। [<পৌষ]।

হৈস্‌=[ম]-বি. জিজ্ঞাসা ।। [দেখ হৈচ্‌']।

হৈস্‌মে=[কুম]—ক্রি.বিণ. পশ্চিমে ।। [<পশ্চিমে]।

হৈস্‌সা=[কুম]—বি. বেতের বুক দিয়া তৈরী গোল বিড়া ।। [দেখ হৈচ'া]।

হো

হোআনা=[নো]—বি. মাছের বাচ্চা ।। [<পোনা (<পোতাধান সং)]।

হোআন্‌=[চট্ট]—বিণ. সমান ।। হিতার্‌ কান্‌চা'বা হোআন্‌ দাড়ি। [<সমান]।

হোআলে=[কুম]—ক্রি.বিণ. সকালে, তাড়াতাড়ি ।। [সকালে]।

হোই=[চট্ট]—বি. নৌকা ।।

হোইতা=[নো]—বি. পৈতা ।।

হোইত্‌=[কুম,নো]—বি. পুকুর ।।

হোইডা—[নো]—বি. ভাতের ফেন গালিতে পাতিল রাখিবার জন্য উঁচু মাটির ঢিপি ।। [<পৈঠা]।

হোইসা=[কুম]—বি. জাল বুননের উপকরণ ।।

২=[নো]—বি. <পয়সা ।।

হোউন্‌=[কুম]--বি. শকুন ।। 'হোউনের্‌ দোয়ায়্‌' গরু মরে না'—প্রবাদ। [<শকুন]।

হোউরি=[পা, নো]—বি. <শ্বশুরী ।।

হোউর্‌=[নো]—বি. <শ্বশুর ।।

হোওয়া=[পা,ম]—ক্রি. <শোওয়া ।। দিন্‌রাত্‌ হোওয়া বালা না।

হোংগা=[বা,কুম]—ক্রি. ঘ্রান লওয়া ।। [<শোঁকা (শিজ্ঘ্‌ সং)]।

হোংগাইলে=[কুম]—অস. ক্রি. শ্বাস নেওয়াইলে ।। [<শুঁকাইলে]।

হোংগে=[চট্ট]—ক্রি. বিণ. <সংগে ।।

হোংডা=[কুম]—বিণ. হারামজাদা ।।

হোংবাদ্‌=[বা]—বি. সংবাদ ।। বাড়ির্‌ হোংবাদ্‌ কি ? [<সংবাদ]।

হোংমা=[বা]—বিণ. কাণ্ড জ্ঞানহীন ।। হোংমা কোথাকার্‌। [দেখ হোংডা]।

হোংরাচোংরা=[ফ]—বি. ছেলে ছোকরা ॥ [<হোংরা (অনু:)+ছেমড়া (<ছমণ্ড সং)]।

হোংরানো=[খু]-ক্রি. কুনজর দেওয়া ॥

হোঁআইশ্যা=[চট]--বিণ. সমবয়সী ॥ হ্যাতে আঁয়ার্ হোঁআইশ্যা। [< সমবয়স+ইয়া প্র.]।

হোঁআর্=[চট]---বি. মুরগীর বাসা ॥ [<খোয়াড়]।

হোঁইসা=[নো]--বি. গরুর পা ॥

হোঁওয়া=[চট]--ক্রি. গন্ধ লওয়া ॥ [<শোঁকা]।

হোঁকান্=[রা]--ক্রি. গালি দেওয়া ॥ [<হোঁক+আন]।

হোঁক্=[রা]--বি. বাঁশের কচি চারা ॥ হোঁক্ গোলা জেনে মৈর‍্যা গেল্।

হোঁক্কোঁক্=[রা]--বি. হুশ্জ্ঞান ॥ [অনু.]।

হোঁক্চোক্=[রা]-বি. উদ্যম উৎসাহ ॥ [অনু.]।

হোঁক্তা=[ব]-বিণ. কুঁড়ে, অকর্মন্য ॥ সেলেটি একেবারেই হোঁক্তা। [<সুখ +তা প্র.]।

হোঁক্দমাদমি=[রা]---বিণ. দয়ামায়া হীন ॥

হোঁক্ কোঁক্=[বা, ব]—বি. কাণ্ড-জ্ঞান ॥ তোর্ হোঁক্কোঁক্ নাইরে? [অনু.]।

হোঁক্রা=[ব, রা]—বিণ. জোয়ান ॥ [<ছোকরা]।

হোঁক্রামি=[রা]—বি. কাণ্ডজ্ঞান হীনতা ॥ [দেখ হোঁক্রা+মি]।

হোঁগে=[চট]—ক্রি.বিণ. সম্মুখে ॥ [<সম্মুখে]।

হোঁচা=[চট]--বি. মুছিয়া পরিস্কার করা ॥ হারিকেলের্ চিম্নিটা হোঁচ্। [<পোঁছা]।

হোঁচলা=[রা]—বিণ. মোটা বুদ্ধির লোক ॥

হোঁজে গোঁজে=[রা]—ক্রি. বিণ. পেট ভরিয়া ॥ [<হোঁজে (অনু:) -+গুঁজিয়া]।

হোঁযে গোঁযে=[ব]—ক্রি. বিণ. পেট ভরিয়া ॥ [দেখ হোঁজে গোঁজে]।

হোঁডে=[নো, চট]—বিণ. শুষ্ক, নরম ॥

হোঁত্=[চট]—বি. স্রোত ॥ [< সোঁত<স্রোত]।

হোঁদৈল্=[চট, নো]—বি. গর্ত, চুলা ॥ [<খোঁদল]।

হোঁদ্রা পেটি=[রা]—বিণ. পেট বড় এমন ॥

হোঁয়া=[নো]—বি. <শশা ॥

হোঁয়াইচাঁন্=[চট]—বিণ. হবুচাঁদ, বোকা ॥ [<হবুচন্দ্র; নাম বিশেষ]।

হোঁয়াইয্যা=[চট]—বিণ. সঙ্গী ॥ [দেখ হোঁআইশ্যা]।

হোঁয়াইর্=[চট]—বিণ. মাচা ॥ [< খোঁয়াড়]।

হোঁয়াইশ্যা=[চট]—বিণ. সম বয়স্ক ॥ [দেখ হোঁয়াইয্যা]।

হোঁয়ারে=[চট]—ক্রি. বিণ. সঙ্গে, সাথে, একত্রে ॥ [<সম+সারি+এ]।

হোঁয়ার্=[চট]—বি. বদনজর ॥

হোঁয়ালি=[চট]—বি. জোঁয়ালের বাঁশের কাঠি ॥

হোঁয়োরি=[নো]—ক্রি. বিণ. হেফাজত করিয়া ॥ [<সম্বরিয়া]।

হোঁরন্=[চট]—বি. <সম্মরণ ॥

২=[নো]—বি. হুশ, বুদ্ধিশুদ্ধি ॥ মাইয়া গার্ এক্সর্ হোঁরন্ নাই। [পূর্বে দেখ]।

হোঁরান্=[চট]—ক্রি. পায়ে মাড়ানো ॥

হোঁলৈ=[কুম]—অব্য. পিছনে পিছনে খুব উচ্চ স্বরে উপহাস করা ॥ [< ধ্বন্যা.]।

হোঁসানো=[নো]—ক্রি. শৌচকার্য করানো ॥ [<শৌচ+আনো প্র.]।

হোকা=[রং]—বি. অঙ্কুর ॥

২=[চা]—বি. স্ত্রী জনেন্দ্রিয়, পাছা ॥ [<পোঙ্গা (অশ্লীল)]।

হোকে করা কচু=[চট]—বি, কাল কচু, স্থলের লম্বা কচু ॥

হোক্=[চা, নো]—বি. <পোকা ॥

২=[কুম]—বি. গুহ্যদ্বার ॥ [দেখ [দেখ হোকা]।

৩=[কুম]—বি. সরু অগ্রভাগ বিশিষ্ট লোহার শলাকা ॥ [<হুক্ hook ইং]।

হোক্কনে=[চট]—বি. সামনে ॥ [<সম্মুখে; বর্ণ বিপর্যয়]।

হোক্কা=[রা]--বিণ. বোকা, সোজা ॥ [<বোকা]।

২ =[পা]—অব্য. ষাঁড়ের গর্জন ॥ [<ধ্বন্যা.]।

হোক্ড়া=[খ]—বি. দরজার খিল ॥ [<হুড়কা; বর্ণ বিপর্যয়]।

হোক্ড়ানো=[রা]--ক্রি. ধান ভানা ॥

হোক্তা মারা=[বা]—ক্রি. হঠাৎ উত্তজিত হওয়া ॥

হোক্দানি নড়ে যাওয়া=[রা]—ক্রি. শক্তি নিঃশেষ হওয়া ॥ [দেখ হোক্, +দান৩।১কা. + ই + নড়িয়া যাওয়া]।

হোক্না=[কুম]—বি. প্রস্রাবের থলিয়া ॥ [<ফোকনা]।

হোক্রম্=[রা]--বিণ. উচ্ছৃঙ্খল ॥

হোক্লা=[রং]—বিণ. উদার ॥ তুমি খুব হোক্লা ॥ [ফাঁকলা]।

২=[রং]---বি. বাঁশের চারা ॥

হোক্শানো=[রং]--ক্রি. খেলা ॥ [<ফস্কানো]।

হোক্শুনো=[খু]--ক্রি. ভাঙ্গিয়া যাওয়া ॥

হোগল্=[রা, ব]--বিণ. <সকল ॥

হোগা=[ফ]—বি. চাপিলা মাছ ॥

২=[কুম, নো]—বি. গুহ্যদ্বার ॥ [দেখ হোকা২]। ছে

৩=[কুম]—অব্য. তুচ্ছার্থে ব্যবহৃত শব্দ বিশেষ ॥

হোগাবোগা=[খু]—বি. ফাঁকি ॥ [অনু.]।

হোগা মারা যাওয়া=[চা]--ক্রি. সর্বনাশ হওয়া ॥ [দেখ হোগা +মারা যাওয়া; বাগ্ধারা]।

হোগামারান্ন্যা=[চা]-বিণ. সর্বনেশে ॥ [দেখ হোগা মারা যাওয়া; বাগ্ধারা]।

হোগ্=[কুম]—বি. গুহ্য দ্বার ॥ [দেখ হোক্২]।

হোগ্আত্=[কুম]—বি. শূন্য হস্ত, খালি হাত ॥ [দেখ হোগ্+হাত]।

হোগ্রা=[কুম,নো]—বি. শাঁস ॥

২=[কুম]—বিণ. মাছ ধরার সরঞ্জাম বিশেষ ॥

হোগ্লা=[খু]—বিণ. স্তূপাকারে পরিণত ॥ [<ফোঁক্লা]।

হোচন্=[ঢা]—ক্রি. ধোওয়া ॥ [< কাচ্ (<কাচ)+অন]।

২=[কুম]—ক্রি. শৌচ কার্য করা ॥ [শৌচ+অন প্র.]।

হোচর্=[খু]—বি. <হোঁচট ॥

হোচা=[কুম]—বি. কোল ॥

২=[কুম]—ক্রি. মোছা ॥ [< পোছা]।

হোচানো=[বা]—ক্রি. শৌচ করানো ॥ ওরে হোচ'ইয়া দ্যাও। [দেখ হোঁসানো]।

হোচালা=[ম]—ক্রি. বিণ. ক্রমাগত, অনবরত ॥ [<সচ্ছল+আ]।

হোচ্'=[সি]—বি. রুচি ॥ ফিডা খাইতে আঁর্ খুব্ হোচ্' লাগে। [হবস هوس আং]।

হাচলা=[খু]—বি. বোচকা, ঝুলি ॥ তোরা ধরে দ্যাখ্ দেখি ওই মাগির্ হোচ্'-লার্ ভিতর্ কি ?

হোজর্=[রং]-বিণ. বড়, মিয়া (ভাই) ॥ [<হুযুর حضور আং]।

হোযন্=[চট্ট]—ক্রি. শোধ করা ॥ [< শোধন]।

হোযা=[বা]—বি. তৃন বিশেষের সুগন্ধি মূল ॥

২=[পা,ম]-ক্রি. ঋণ পরিশোধ করা ॥ দায্ হোযাইয়া ফালাও। [দেখ হোযন্]।

৩=[কুম]—বি. বোঝা ॥ এক্ হোযা নারকেলির্ দাম্ দুই ট্যাহা। [< বোঝা]।

হোযাগ্=[চট্ট]—বিণ. জাগরিত ॥ [<সজাগ]।

হোযার্=[খু,ম]—বিণ. ঐ রূপ ॥ আমি তোমার্ মত হোযার্ না।

হোযি=[পা]—ক্রি. বিণ. ঠিক ঠাক ॥ [<সজ্জি <সজ্জিত সং]।

হোয্দারি=[নো]—ক্রি. বিণ. খুব তাড়াতাড়ি ॥ এত হোয্দারি কোনু কাম্ অয় না। [<ফওজ فوج আং+দারী دارى ফা.]।

হোটা=[কুম]—অব্য. ঐটা ॥

হোটালু=[রং]—বিণ. যে কথায় কথায় উত্তর দেয় ॥ লোক্টা হোটালু। [< হোঁট (<ওষ্ঠ সং)+আলু প্র.]।

হোট্কা=[পা]—বিণ. কুড়ে, কাবু, দুর্বল ॥ [<ফোটকা (<স্ফুট্+কা)]।

২=[ঢা]—বি. মাছের মত জলজ ক্ষুদ্র প্রাণী ॥ পোলাপানে হোট্কা পাইলে কট্কা কৈর‍্যা প্যাট্ ফুলায়। [পূর্বে দেখ]।

হোট্টিটি=[রা]—বি. পাখির নাম বিশেষ ॥

হোট্পান্=[নো]—বি. ট্রাঙ্ক ॥ বৌর্ হোট্পানে রং লাগাই দিস্। [<পোর্ট ম্যান্ট্ Port manteau ফ্রেন্স]।

হোট্রা=[খু]—বিণ. অসমৃণ ॥ পথ্ বড় হোট্রা।

হোডা=[ঢা, কুম, নো]—বিণ. শুষ্ক ॥ পান্ডি হোডা ঐয়া গেসে ॥ [<শুকা <শুষ্ক সং+টা প্র.]।

২=[নো, কুম]—বি. বিন্দু ॥ [< ফোটা]।

হোড়ং=[রং]—বি. বুনো ওল ॥

হোড়া পোড়া=[রা]—বি. কলাই-পোড়া ॥ [< হোড়া (অনু.)+ পোড়া]।

হোতন্=[নো, কুম]—বি. শয়ন ॥ [< সুত <সুপ্ত সং+অন প্র.; ম. বাং সুতে=শয়ন করে]।

হোতল্=[বা]—বিণ. একবরাবর ॥ [<সমতল]।

হোতা=[চট্ট]—বি. <সূতা ॥

২=[নো, কুম]—ক্রি. শোয়া ॥ দিনে হোতা বালানা। [দেখ হোতন্]।

৩=[পা]—বিণ. খরস্রোতা, চলতি ॥ [<স্রোত+আ]।

৪=[বা]—বি. ছোট খাল ॥ [দেখ হোতা৩]।

হোতাইয়া যাওয়া=[ঢা]-ক্রি. ভিজিয়া যাওয়া ॥ পিরন্ডা হোতাইয়া গেসে। [<হোত (<সিক্ত)+হইয়া+ যাওয়া]।

হোতানো=[ফ]—ক্রি. শোয়ান ॥ [দেখ হোতন্]।

হোতান্=[নো]—বি. শোয়ার সময় যে দিকে পা থাকে ॥ [<পয়থান <পদ স্থান]।

হোতায়্ মুখ্ থোতা=[দি]—ক্রি. বিণ. অপ্রস্তুত ॥ [<ছুতায় মুখ ভোঁতা ; বর্ণ বিপর্যয়]।

হোতার্=[কুম]—বি. কাঠমিস্ত্রী ॥ হোতার্ আইন্যা গর্ডা বাইন্দা ল। [<সুতার (<সূত্রধর)]।

হোতালা=[বা]—বিণ. ঢিলা ঢিলা ॥ হোতালা যামা।

হোতি=[পা]—বি. উঁকি (মারা) ॥ গোরের্ কোনে হোতি দ্যাও কেন্ ?

হোত্=[ঢা, কুম, ফ, বা, নো]—বি. স্রোত ॥ এই নদিতে হোত্ খুব্ বেশি। [<সোত<স্রোত]।

২=[কুম]—বি. শোথ রোগ ॥ হ্যার্ হোতের্ বিমার্ ঐসে। [<শোথ]।

৩=[কুম]—বি. বড়শী সংলগ্ন সূতা ॥ বরৈর্ হোত্ লম্বা ঐসে। [<সূত]।

হোত্ করা=[ঢা]—ক্রি. শোধ করা ॥ [<শোধ করা]।

হোত্কা=[য]—বিণ. গোঁয়ার ॥

হোত্কাই=[চট্ট]—ক্রি.বিণ. অত্যন্ত, প্রচুর ॥ 'খাইলে হোত্কাই খা, খাইলে দেশ্ সাড়ি খা'—ছড়া।

হোত্তে দেওয়া=[খু]—ক্রি. নাছোড় বান্দা হওয়া ॥ [<হত্যা+দেওয়া]।

হোত্না=[কু]—বি. ওছিলা, ওজর ॥ বাপ্গালি দিয়েসে বলে হোত্ না করে বশে থাকা উচিত্ নয়। [<ছুতা+না]।

হোত্রা=[কুম]—বিণ. যে শুইয়া পড়ে ॥ হোত্রা গরু। [<হোত্ (দেখ হোতন্)+রা]।

হোত্‌লাইন্‌না=[ঢা]—বিণ. ভিজা ॥ কাপরড়া এক্‌কেলে হোত্‌লাইন্‌ না।

হোত্‌লানো=[ঢা, বা]—ক্রি অর্দ্ধ সিদ্ধ, জ্বাল দিয়া রাখা ॥ [<সাঁত-লানো]।

হোত্‌হোতা=[নো]—বিণ. যাহা সহজে গেলা যায় এইরূপ নরম ॥ [অনু.]।

হোথ্‌=[কুম]—বি. <পথ ॥

হোদর্‌গা=[কুম]—বি. পনরটা ॥

হোদল্‌=[রং]—বিণ. বোকা।

২=[পা]—বি. গর্ত, সুরঙ্গ ॥ [< খোঁদল]।

হোদারুক্‌কা=[রা]—ক্রি.বিণ. শুধু-শুধু, সাদাসিদে ॥ হোদারুক্‌কা দুইটা খাইয়া নেন্‌। [<শুষ্ক রুক্ষ]।

হোদাল্‌=[পা]—বি. হিতাহিত জ্ঞান ॥ তোমার্‌ হোদাল্‌ নাই।

হোদা হোদি=[নো]—বি. ব্যভিচার ॥ [< √চুদ্‌ + অ + চুদি (অশ্লীল) ; চোদাচুদি]।

হোদ্‌=[ঢা]—বি. শোধ, পরিশোধ ॥ [<শোধ]।

হোদ্‌দোলা=[নো]—বি. পুরুষ ॥ হোদ্‌দোলার্‌ শরম্‌ নাইকা।

হোদ্‌বার্‌ শময়্‌=[কুম]—ক্রি. বিণ. শুইবার সময় ॥ [<শুতিবার সময় ; শুইবার সময় ; দেখ হোতন্‌]।

হোদ্‌মা=[ব,রা]—বিণ. অকর্মণ্য ॥

হোদ্‌মোদ্‌=[ঢা]—বিণ. উভয়ই সমান, পরিশোধ হইয়াছে এমন ॥ তোমাগ পাট্টি হোদ্‌মোদ্‌। [<শোধ +বোধ (অনুঃ)]।

হোনা=[ঢা]—বি. ব্যাঙের শ্রেণী বিশেষ ॥

২=[ফ]—বি. ডাব ॥ হোনাডায়্‌ অহন্‌তরি গেওয়া অয়্‌ নাই।

৩=[ফ]—বি. ধানের শীসের পরাগ (যাহা ধানের ভিতর গিয়া চাউলে পরিণত হয়) ॥ [<সোনা]।

৪=[ঢা]—বি. ছোট মাছ ॥ [< পোনা]।

৫=[পা, কুম]—ক্রি. শ্রবণ করা ॥ আমার্‌ কথা হোন। [<শোনা]।

৬=[নো, কুম]—বি. স্বর্ণ ॥ হোনার্‌ দর্‌ এহন্‌ কত? [<সোনা]।

হোনাইর‍্যা=[ফ]—বি. স্বর্ণকার ॥ আইয়ুক্‌ইল্‌ হোনাইর‍্যা গো পয়্‌শা কম্‌। [<সোনা+র+ইয়া]।

হোনাইলা লতা=[কুম]—বি. স্বর্ণ-লতা, আলোকলতা ॥ [<সোনালী +আ+লতা]।

হোনারি=[নো]—বি. স্বর্ণকার ॥ [<সোনা+রি প্র.]।

হোনার্‌=[ঢা]—বি. স্বর্ণকার ॥ হোনারের্‌ বাইত্‌ তাইক্‌কা আইসি। [<সোনার]।

হোনি=[কু]—বি. শুকনা মাছ ॥ [<শুকনা+ই]।

হোনে=[কু,রা]—ক্রি.বিণ. ওখানে ॥ [<সে খানে]।

হোন্‌=[কুম,নো]—বি. সুতা (ঘুড়ির) ॥ [<শন]।

২=[ঢা]—বি. পণ ॥ কয়্‌ গন্‌ডায়্‌ এক্‌ হোন্‌? [<পণ সং]।

হোন্‌কাইস্‌=[কুম]—বি. কুঁচ, একরতি ওজনের লাল কাল বিচি বিশেষ ॥ [< স্বর্ণ কুঁচ]।

হোন্‌কুচ্‌=[ফ]—বি. ছাতার শলাকা দিয়ে তৈরী মাছ ধরিবার যন্ত্র ॥

হোন্‌চোঁখ্‌=[বা]—বিণ. যে চোখের তারা পিঙ্গল বর্ণ ॥ [সোনা চোখ]।

হোন্দ=[নো]—বি. গুহ্যদ্বার ॥ [<পোঁদ]।

হোন্দর্‌=[পা]—বিণ. ফর্সা, সুন্দর ॥ নতুন্‌ বৌ খুব হোন্দর্‌। [< সুন্দর]।

হোন্দর্‌ গাদা=[ঢা]—বিণ. দেখিতে সুন্দর কিন্তু কাজে কিছুইনা ॥ লোক্‌টা দেখতে হোন্‌তে হোন্দর্‌ গাদা। [দেখ হোন্দর্‌+গাধা]।

হোন্‌দা=[য]—বিণ. ঐ রকম ॥ [< সেমন+ধারা]।

২=[পা]—বিণ. বেকুব ॥ হোন্দার্‌ লাগ্‌লা খাড়াইয়া থাকিস্‌ না। [< ভোঁতা]।

৩=[ঢা]—বিণ. ভিজা ॥

৪=[পা]—বি. মাদর ॥

হোন্‌দা কুলিন্‌=[ঢা]—বিণ. সম্মানী. কুলীন বংশের লোক ॥ তুমি কোন্‌ডে কার্‌ হোন্‌দা কুলিন্‌? [<শুদ্ধ+ কুলীন]।

হোন্‌দা পোরা=[ঢা]—বি. ভাজা-পোড়া ॥

হোন্‌দে মারগে=[নো]—ক্রি. বিণ. ষোলকলায় ॥ [<পোঁদে মার্গে]।

হোন্‌দোল্‌=[ঢা]—বি. ঘরের কোণ, নিরালা জায়গা ॥ হারাদিন্‌ হোন্‌দোলে বৈয়া কি করস্‌? [<খোঁদল]।

হোন্‌নে=[খু]—ক্রি. বিণ. সেদিন ॥ হোন্‌নে যাইয়া মোলবি শাহেব্‌কে দাওয়াত্‌ দিয়া আশিয়াসি। [<যে+দিন+এ]।

হোফ্‌=[সি]—বি. নিতম্ব ॥

হোবড়্‌=[খু]—বি. কাদার গর্ত ॥ [< হাবড়]।

হোবা=[ম,কুম]-বি. পাতিল ॥ বাযার্‌তুন্‌ আল্‌নাই এক্‌টা হোবা আইন্য। [< ছোবা]।

হোব্‌=[ব.]—বি. স্নেহ, রুচি ॥ ই চি'যে আমার্‌ কোন্‌ হোব্‌ নাই। [< হুব্ব্‌ ~ আং]।

হোমন্দি=[ফ]—বি. বড় শ্যালক, স্ত্রীর বড় ভাই। আমার্‌ হোমন্দি আইয়্যা বাড়িতে আইবো। [<সম্বন্ধী]।

হোমা=[ম, কুম]—বি. শশা ॥ হোমাডা পাক্‌সেনি?

হোমাইষা=[নো]—বিণ. সাথী ॥ [দেখ হোঁআইশ্যা]।

হোমানে=[রা]—ক্রি. বিণ. একেবারে, মাত্র ॥ [<সমানে]।

হোমান্‌=[পা,কুম]—বিণ. সমান ॥ [<সমান]।

হোমাশ্‌=[কুম]—বি. শ্বাস, নিঃশ্বাস ॥ খেতার্‌ নিচে' হোমাশ্‌ পাইনা। [<শ্বাস]।

হোম্‌কা হোম্‌কি=[ঢা]—ক্রি. বিণ. সামনা সামনি ॥ আমার্‌ লগে হোম্‌কা

হোম্‌কি দেহা অয়্‌ নাই। [<সম্মুখ+আ+সম্মুখ+ই]।

হোম্‌গুটি=[ম]—বি. ধাতু নির্ম্মিত বড় বল (উহা চীনা মাটি দ্বারা পূর্ণ থাকে)॥

হোম্‌রাইল্‌=[বা]—বি. পাটখড়ি॥

হোম্‌সানে=[বা]—ক্রি.বিণ. একেবারেই, মোটেই॥ আমাকে হোম্‌সানে দিবি না।

হোম্‌সানে যাওয়া=[ফ, কুম]—ক্রি. একত্রে যাওয়া॥

হোম্‌হোম্‌=[খু]-অব্য. হাঁসের ডাকের শব্দ বিশেষ॥

হোয়া=[বা, কুম]—বি. শশা॥ গাস্‌ থাইক্যা হোয়াডা পাইর‍্যা লা। [<শশা]।

২=[গি]—বি. ছেলে॥ তোমার্‌ কয়্‌টা হোয়া আসে। [<পুআ<পুত্র]।

৩=[চা]—বি. লোভনীয় বস্তু (তুচ্ছার্থে)॥ এই হানে কি হোয়া নাকি?

হোয়াইগ্যা=[কুম]—বি. আদরের॥ বাপের্‌ খুব্‌ হোয়াইগ্যা সেলে। [<সোহাগ+ইয়া]।

হোয়াইত্‌তা=[কুম]—ক্রি. বিণ. ভোরে॥ হোয়াইত্‌তা উঠিয়া আবার্‌ যাইতে ঐবে। [<প্রভাতে]।

হোয়াইদ্দা=[চা]—বিণ. অতি স্বাদের, অনায়াসে যাহা পাওয়া যায় (তুচ্ছার্থে)॥ হোয়াইদ্দা গাসের্‌ কাডোল্‌ পাইয়া, নিতৃতে আহে সালা লৈয়া'—প্রবাদ। [<স্বাদ+ইয়া]।

হোয়াইল্লা=[নো]—শেষরাত্রে॥ হোয়াইল্লার্‌ শময়্‌ নৌকা সাড়্‌বো। [<পোহা (<প্রভাত)+ল+ইয়া প্র.]।

হোয়াগি=[চা]—বিণ. মিষ্ট বচনের স্ত্রীলোক॥ হোয়াগির্‌ কথায়্‌ পানির্‌ তনে মিন্‌ বেশি। [<সোহাগী]।

হোয়াগ্‌=[কুম ,সি.] বি. আদর॥ তোমার অত হোয়াগ্‌ কেরে? [<সোহাগ]।

হোয়াগ্‌ বরনি=[চা]—বি. বিবাহের মধ্যে যে গরম মশলা এবং টাকা কনের বাড়ীতে দেওয়া হয়॥ হোয়াগ্‌ বরনির্‌ টাকা কৈ? [<সোহাগ+বরন+ই]।

হোয়াদ্‌=[চট্ট]—বি. স্বাদ॥ [<সোয়াদ+স্বাদ]।

হোয়াড্‌ডা=[কুম]—বিণ. আদুরে॥ [দেখ হোয়াইগা]।

হোয়াতি ভাত্‌=[চট্ট]—বি. চড়ুইভাতি॥ [<পৌষ+আতি+ভাত]।

হোয়াদ্‌=[কুম, রা, নো, চট্ট]—বি. স্বাদ, মজা॥ [স্বাদ]।

হোয়ান্‌=[চট্ট]—বিণ. সমান॥ কানা চোগত্‌ ঘুম্‌ চে'তন্‌ এক্‌ হোয়ান্‌। [<সমান]।

হোয়াম্‌=[গি]—বি. বুদ্ধি॥ হক্‌থা আমার্‌ হোয়ামে কিসু লয়্‌ না। [<ফহম্‌ فهم আং]।

হোয়ারন্‌=[নো]—বি. <সংরক্ষন॥

হোয়ারে=[কুন]-ক্রি বিণ. <সমানে॥

হোয়ার্‌=[চা,কুম]—বি.সিলিং, মাচান॥ হোয়ার্‌ থাইক্যা মুরির্‌ টিন্‌ডা নামাও।

২=[ম]—বি. ঘোষণা॥

৩=[কুম]—বিণ. <সোয়া সের॥

হোয়ালে=কুম]—ক্রি. বিণ. সকালে॥ [<সকালে]।

হোয়াহেইহেই=[রা,ব]—অব্য. পাখী ও পশুকে তাড়া করার শব্দ॥

হোয়ান্‌=[চা]-ক্রি.শোয়া, শয়ন করা॥ [√শো+আন প্র.]।

হোরন্‌=[চা]—ক্রি. ঝাড়ু দেওয়া॥

২=[কুম]—বি. <স্মরণ॥

হোরল্‌=[নো]—বি. ছিদ্র॥ কাপড়্‌টা হোরল্‌ ঐসে। [খোড়ল]।

হোরা=[নো,কুম,]—বি. আবর্জনা॥ হোরাডি গাড়াত্‌ ফালাইয়া আয়্‌। [দেখ হোরন্‌]।

২=[খু]—বি. আড্ডা॥ তুই ওরাম্‌ হোরা দিস্‌নে।

৩=[গি,নো,কুম]—বি. ঝাড়ু॥ গর্‌ডা হোরা দে। [দেখ হোরন্‌]।

৪=[কুম]—বি. ফোঁড়া॥ হোরাডার্‌ এমন্‌ বেদ্‌না যে আডা যায়্‌ না। [<ফোঁড়া]।

হোরা মাস্‌=[চা,নো]—বি. শুটকী মাছ॥

হোরাহাব্‌ডি=[কুম]—বি. আবর্জনা॥ গরের্‌ হোরাহাব্‌ডি হালাইচ্‌'না। [দেখ হোরা+সাপটি]।

হোরিং=[ফ]—বি. <ফড়িং॥

হোরৈল্যা=[নো]—বিণ. স্বল্প (ধান)॥

হোরৌয়া=[ফ]—বি. চর অঞ্চলের কাদা মাটি॥

হোর্‌=[কুম, সি]—বি. ছিদ্র॥ [<ফোড়]।

হোর্‌ করা=[বা]-ক্রি. পাতা, ঠিক করা॥ [দেখ হৈর্‌+করা]।

হোর্‌কা=[ফ]—বি. তালের আঁটি॥

হোর্‌খদ্দি=[রং]—ক্রি. বিণ. সমষ্টিগত ভাবে, এক চালা॥

হোর্‌গা=[নো, কুম]—বি. মাছ ধরিবার ফাঁদ॥

হোর্‌পাতা=[ফ]—বিণ. আমের শুকনা পাতা॥

হোর্‌মুল্‌=[নো]—বি. পাট কাঠি॥

হোর্‌ হোরৈয়া=[ফ]—বিণ. অত্যন্ত ঢিলা॥ বতলের্‌ ডিপাডা হোর্‌ হোরৈয়া ঐয়া গেসে। [<হোর্‌ হোর্‌ (অনু.)+ইয়া]।

হোল=[চট্ট]—বি. ষোল॥ হোল টেঁআ দি অর্‌ শাড়ি আন্‌সি।

হোলা=[রং, দি, রা]—বি. বড় ব্যাং॥ [<ফোলা]।

২=[পা]-বি. পাট খড়ি॥ [<শোলা]।

৩=[কুম]—বি. ছেলে॥ হোলা ডা দুশ্‌টু। [<পোলা]।

হোলাইন্‌=[সি]—বি. পুত্র সকল॥ [দেখ হোলা৩+ন (বহুব.)]।

হোলাকচু=[পা]—বিণ. সোলা কচু॥

হোলা খেলা=[চা]—বি. একপ্রকার খেলা॥

হোলাচো'র্‌=[নো]—বি. ছেলে ধরা॥ [দেখ হোলা৩+চোর]।

হোলান্‌=[কুম]—ক্রি. বি. রাগ করা॥ আমার্‌ লগে হোলান্‌ দিওনা। [<(মুখ) ফোলান]।

হোলুই=[খু]--বি. হল্লা ।।

হোল্=[নো]--বি. মৃত সন্তান প্রসব করা ।। তাগ সাগলডায় হোল্ হালাইসে । [<ফুল] ।

২=[নো]--বি. বাঁশের সদ্যজাত চারা ।। [পূর্ব্বে দেখ] ।

৩=[কুম]—বিণ. ফাঁপা ।। পাউপা গাস্ হোল্ ।

হোল্‌কা ডোবা=[রং]--ক্রি. বিণ. অপর্য্যাপ্ত ভাবে ।। এতো হোল্‌কা ডোবা করে দিচ্ছ কেন ? [<শোলা কাঠ +ডোবা] ।

হোল্ গাঁডা=[নো]--বিণ. ষোলকলা ।। হোল্‌গাঁডা ন ঐলে হেতে যাইত ন । [দেখ হোল+কাটা] ।

হোল্ গোগ্‌গা=[রং]—বিণ. কম বুদ্ধিমান ।। হোল্ গোগ্‌গাডাক আর্ কত বুঝাইম্ । [<কালা+গোংগা হিং] ।

হোল্‌গোল্‌জা=[রং]—বি. বাঁশের খাপরা ।।

হোল্‌দাম্‌রি=[কুম]—বিণ. বয়স্ক মেয়ে (তুচ্ছার্থে) ।।

হোল্‌মাস্=[চা]—বি. <শোল মাছ ।।

হোল্ হোলা=[চা]—বিণ. পরিমাণাপেক্ষা বেশী বা কম ।। এই যে এক্‌টা হোলহোলা খাল্ । [<হোল্‌হোল্ (অনু.)+আ] ।

হোশা=[কুম]—বি. শশা ।।

হোশানি=[কুম]—বি. বন্ধকী ।। [< <ফস্‌কানি ; অর্থ প্র.] ।

হোশেনে খানা=[ব]--বি. বর ।। [< খসম خانه আং+খানহ্ خصم ফা.] ।

হোশ্=[নো]--বি. বিড়ি খাইলে হোশে দাগ্ লাগি যায় । [ফুসফুস শব্দের সং. রূ.] ।

হোশ্‌কা=[রা, রং]--বিণ. খোলা, ঢিলা ।। [<ফস্‌কা] ।

হোশ্‌না মারা=[রা]--ক্রি. গালে টোকা মারা ।। তুই হোশ্‌না মার্‌লু ক্যা ?

হোশ্‌লোড় পোশ্‌লোড়=[রং]--ক্রি. বিণ. লোভ ।। মোর্ পাঁঠাটা দেখি তোর্ মনটা বুঝি হোশ্‌লোড় পোশ্‌লোড় করির্ নাইগ্‌ছে । [অনু.] ।

হোশ্ হোশ্=[খু, ব]--অব্য. হাঁস ডাকার শব্দ বিশেষ ।।

হোসানো=[কুম]--ক্রি. শৌচ করানো । [<শৌচ+আনো প্র. ; নামধাতু] ।

হোসায়্=[চট্ট]—বি. সংবাদ ।। [< দেখ হোসার্] ।

হোসার্=[কুম]--বি. সংবাদ ।। [< সমাচার] ।

হোস্তগ্=[নো]--বি. <পুস্তক ।।

হোস্তিক্=[পা]--অব্য. পর্যন্ত ।। [< ইসতক হিং] ।

হোস্‌লে=[রং]--ক্রি. বিণ. বুক দিয়া হাঁটিয়া ।। [<পিছলাইয়া] ।।

হোস্‌সানো=[নো]--ক্রি. বিণ. শীঘ্র, তাড়াতাড়ি ।।

হোহাপ্‌টা=[নো]--ক্রি. বিণ. এক দিক হইতে ।। পেয়দা আইয়া হোহাপ্‌টা ডাইকা গেল্ । [<সব+সাপটিয়া] ।

হৌ

হৌ=[সি]—সর্ব. সে ।। [<সে+অ] ।

হৌক্=[চট্ট]—বি. শামুক ।। [<শম্বুক সং] ।

হৌক্‌কাসা=[চট্ট]—বি. শামুকখোর পাখী বিশেষ ।।

হৌখ্, হৌগ্=[চট্ট]--ক্রি.বিণ. সম্মুখ ।। আতিক্কাতে অাঁর্ হৌগে পড়ি গেল্ গৈ । [<সম্মুখ] ।

হৌগ্‌দা=[সি]—বি. অনুগ্রহ, দয়া ।। [সদ্‌ক: صدقه আং] ।

হৌচ্ করা=[পা]—ক্রি. জিজ্ঞাসা ।। [<পুছ করা] ।

হৌতা=[সি]—সর্ব. সেগুলি ।। [দেখ হৌ+তা] ।

হৌত্যা=[কুম]--বি. পাপপুন্য বিচার ।। [<ফতরা فتوی আং] ।

হৌত্যা করা=[ফ]--ক্রি. খালি বা শূন্য করা ।। [<ফাতিহ: فاتحه আং+করা] ।

হৌতে=[চট্ট]--ক্রি. বিণ. নিঃশেষ ।। <ফওত فوت আং] ।

হৌনে=[ফ]-বিণ. অল্প ।। [<পৌনে] ।

হৌন্=[চা]--বি. শকুন ।। গরু মর্‌লেই হৌন্ আহে । [<শকুন] ।

হৌম্‌কে=[চা, নো]--ক্রি. বিণ. সম্মুখে ।। [<সম্মুখে] ।

হৌম্‌খে=[কুম]--ক্রি. বিণ. সম্মুখে ।। হৌমখে আগ্ গাও ।। [দেখ হৌম্‌কে] ।

হৌরা=[চা, কু]—বি. <সরিষা ।।

হৌরাফুল্ দেখা=[চা]--ক্রি. কিংকর্ত্তব্য বিমূঢ় হওয়া ।। কামের্ চো'ডে আমার্ চো'খেত্ অহন্ হৌরা ফুল দেখ্‌তাসি । [<সর্ষে ফুল দেখা ; বাগ্‌ধারা] ।

হৌরি=[কুম]--বি. <শ্বশুড়ি ।।

হৌরের্‌পো=[চা]—বি. শ্বশুরের ছেলে (গালি অর্থে) ।। [দেখ হৌর+এর (সম্বন্ধে)+পো] ।

হৌর্য্যা=[ফ, রা]--বি. সরিষা ।। [< সরিষা] ।

হৌর্=[কুম, ম, সি]—বি. <শ্বশুর ।।

হৌর্‌গা=[বা]---বি. <সরিষা ।।

হৌর্‌বারি=[রা, কুম, বা]--বি. শ্বশুর বাড়ী ।। [দেখ হৌর্+বাড়ী] ।

হৌর্‌রা=[কুম]--বি. <সরিষা ॥

হৌর্‌শুল্‌=[কুম, নো]--বি. পাটখড়ি ॥

হৌর্‌হৌরি=[চা]-বি. শ্বশুর শ্বাশুড়ী ॥ [দেখহৌর্‌+দেখ হৌ.রি]।

হৌ=[চা,কুম,বা,ফ]--বি. শোল মাছ ॥ [<শোল]।

হৌশা=[ম]--বি. শ্বশুর ॥

হৌশ্‌=[কুম]--বি. আমন ॥ [<পৌষ]।

২=[ম]--বি. সরিষা ॥ তুমি কয় মন্‌ হৌশ্‌ পাইলা ? [সরিষা]।

৩=[কুম]--বিণ. সজাগ ॥ [<হোশ ফা. هوس]।

৪=[চট্ট]--বি. আশা ॥ [হরস هوش আং]।

হৌসা=[কুম]--বি. ক্ষুদ্র অংশ ॥ [<হিস্‌সা حصه আং]।

'আঞ্চলিক ভাষার অভিধান' প্রথম প্রকাশিত হওয়ার পর অভিধানটি সম্পর্কে বিশিষ্ট শিক্ষাবিদ ও ভাষাবিজ্ঞানী ডক্টর সুনীতি কুমার চট্টোপাধ্যায় বলেন:

"I can say that it is a great work the Bangla Academy has undertaken and generations of Bengali speakers whether in India or in East Bengal will be grateful to Bangla Academy for having taken in hand what promises to be a monumental work. Nothing to this extent has so far appeared in the Bengali language, and the Bangla Academy has set an example not only to the Bengali speaking people as a whole but also to the rest of India."

o o o o

"When Bangla Academy has completed this work, it seem, all that will remain for us to do in West Bengal would be to supplement it by similar folk-words with illustrative sentences in the remaining districts of Bengal as a whole. The Bengali-speaking people in East Bengal and India would come upto near about 8 crores, if not more, and that is quite a big population; and all the 8 crores of people would benefit by the scientific project undertaken in the Bangla Academy in Dacca. I can only hope and pray that Dr. Shahidullah will be spared with his team of editors and fellow-workers to complete this great *magnum opus* and while waiting to write to him, I am sending to him and to his colleagues through you our best thanks."

SUNITI KUMAR CHATTERJI
Chairman
Legislative Council
West Bengal
Calcutta
December 23, 1964

বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান